উৎসর্গ।

বন্ধুবর

শ্রীযুক্ত হরিদাস গঙ্গোপাধ্যায়ের

অনুরোধে

বাঙ্গালার ইতিহাস রচনা আরব্ধ হইয়াছিল

তাঁহারই

করকমলে

এই গ্রন্থ

উৎসর্গ করিলাম।

ভূমিকা

যাঁহার অনুরোধে মুসলমান অধিকারকালের ইতিহাস রচনায় হস্তক্ষেপ করিয়াছিলাম, তিনি গ্রন্থ সমাপ্ত হইবার পূর্ব্বেই ইহলোক পরিত্যাগ করিয়াছেন; মালদহ-নিবাসী পূজ্যপাদ ৺রজনীকান্ত চক্রবর্ত্তী মহাশয় বাঙ্গালা দেশে, বাঙ্গালা ভাষায়, সর্ব্ব প্রথমে মুসলমান অধিকার-যুগের মৌলিক ইতিহাস রচনায় হস্তক্ষেপ করিয়াছিলেন, তদ্‌রচিত গৌড়ের ইতিহাস বাঙ্গালা সাহিতে অমূল্য গ্রন্থ। চক্রবর্ত্তী মহাশয় তাঁহার গ্রন্থে, বাঙ্গালাদেশের মুসলমান অধিকারকালের ইতিহাস সম্বন্ধে যে সমস্ত কথা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, তাহা বহু অনুসন্ধান করিয়াও অন্যান্য গ্রন্থে দেখিতে পাই নাই এবং এই সমস্ত কথা সত্য জানিয়া এই গ্রন্থে লিপিবদ্ধ করিতে বাধ্য হইয়াছি।

তবকাৎ-ই-নাসিরী, তাজ্-উল্-মাসির্, তারিখ্-ই-ফিরোজ্‌শাহী, রিয়াজ্-উস্-সালাতীন্, তারিখ্-ই-ফেরেশ্‌তা, তবকাৎ-ই-আক্‌বরী, তারিখ্-ই-শেরশাহী, তারিখ্-ই-দাউদী, তারিখ্-ই-সালাতীন-ই-আফাগনা, তারিখ্-ই-খাঁ-জহান্-লোদী, আক্‌বর-নামা, আইন্-ই-আক্‌বরী প্রভৃতি জনসমাজে সুপরিচিত পারস্য ভাষায় রচিত ঐতিহাসিক গ্রন্থ, ইংরাজি ভাষায় রচিত ব্লখ্‌ম্যানের (H. Blochmann) Contributions to the History & Geography of Bengal, শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্ত্তী মহাশয়ের History of Mithila during the Pre-Mughal period প্রভৃতি এসিয়াটিক্ সোসাইটির পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ, প্রাচীন

শিলালিপি ও প্রাচীন মুদ্রা অবলম্বনে এই গ্রন্থ রচিত হইয়াছে। আমার শিক্ষক মৌলবী শ্রীযুক্ত খয়ের্-উল্-আনাম্ পারসিক ভাষায় রচিত ঐতিহাসিক গ্রন্থসমূহ অধ্যয়ন কালে, গ্রন্থ রচনার সময়ে ও আর্বী ভাষায় রচিত শিলালিপি পাঠে বহুবার সাহায্য করিয়াছেন। মদীয় প্রত্নলিপিতত্ত্বের শিক্ষক, স্বর্গীয় ডাক্তার থিয়োডোর ব্লথ্ (Theodor Bloch) বাঙ্গালায় ও বিহারে যে সমস্ত অপ্রকাশিত শিলালিপি সংগ্রহ করিয়াছিলেন, তাহার পাঠ আমাকে জীবদ্দশায় প্রদান করিয়াছিলেন। গ্রন্থ রচনাকালে এই সমস্ত শিলালিপির উদ্ধৃত পাঠের সারাংশ ব্যবহৃত হইয়াছে। গ্রন্থের পাদটীকাসমূহে যে সমস্ত শিলালিপি অপ্রকাশিত বলিয়া লিপিবদ্ধ হইয়াছে, তৎসমুদয় স্বর্গীয় ডাক্তার ব্লথ্ কর্ত্তৃক পঠিত হইয়াছিল। প্রত্নতত্ত্ববিভাগের কর্ম্মচারী বন্ধুবর মৌলবী আবুল্ মহ্ম্মদ্ জমাল্-উদ্দীন্ কলিকাতার চিত্রশালায় রক্ষিত কতকগুলি অপ্রকাশিত আর্বী শিলালিপির পাঠোদ্ধার করিয়া দিয়াছেন।

পরম শ্রদ্ধাস্পদ শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় কবিরঞ্জন বিদ্বদ্বল্লভ মহাশয় গ্রন্থের দশম পরিচ্ছেদ রচনার সমস্ত উপাদান সংগ্রহ করিয়া দিয়াছেন, তাঁহার উপদেশ ব্যতীত চৈতন্যের জীবনী ও গৌড়ীয় সাহিত্য সম্বন্ধে গ্রন্থ রচনা আমার পক্ষে অসম্ভব ছিল। বিদ্বদ্বল্লভ মহাশয় অসুস্থ অবস্থায় গ্রন্থের সমস্ত পাণ্ডুলিপি পাঠ করিয়া সংশোধন করিয়াছেন। পরম কল্যাণ-ভাজন অধ্যাপক শ্রীমান্ কালিদাস নাগ, এম্-এ, শ্রীমান্ ননীগোপাল মজুমদার পাণ্ডুলিপির প্রথমাংশ পাঠ ও সংশোধন করিয়াছেন ও বন্ধুবর শ্রীযুক্ত ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় গ্রন্থ মুদ্রনকালে প্রুফ্ সংশোধনে সাহায্য করিয়াছেন। গ্রন্থে যে সমস্ত চিত্র প্রকাশিত হইয়াছে, তন্মধ্যে ফিরোজ্ শাহের মিনারের চিত্র, মাননীয় বিচারপতি সার শ্রীযুক্ত আশুতোষ মুখো-পাধ্যায় সরস্বতী মহাশয়ের গৃহে রক্ষিত ছিল এবং তাঁহার অনুমত্যনুসারে

প্রকাশিত হইল। Daniell কর্ত্তৃক চিত্রিত, গৌড়ের দখল দরওয়াজার চিত্র, বন্ধুবর শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুরের উদ্যান-বাটীকায় রক্ষিত আছে এবং তাঁহার অনুমত্যনুসারে প্রকাশিত হইল। আলা-উদ্দীন্ হোসেন্ শাহের সমাধি, গৌড়ের চাঁদ দরওয়াজা ও কোৎ-ওয়ালী দরওয়াজার চিত্র ক্রেটন (Creighton) রচিত গৌড়-বিবরণ হইতে গৃহীত হইয়াছে। কলিকাতার প্রসিদ্ধ চিত্রশিল্পী Messrs. Johnstone & Hoffmann গৌড়ের বারদুয়ারী বা বড়-সোণা-মস্‌জিদ্, কদম্-শরীফ্ বা কদম্-রসুল্, লোটন-মস্‌জিদ্ ও লুকোচুরি দরওয়াজার চিত্র প্রকাশের অনুমতি দিয়া বাধিত করিয়াছেন। Ravenshaw রচিত Gaur, its Ruins and inscriptions নামক গ্রন্থ হইতে একলাখী, জান্ জান্ মিয়াঁর মস্‌জিদ্ ও বাইশগজী প্রাচীরের চিত্র গৃহীত হইয়াছে। প্রত্নতত্ত্ববিভাগের পূর্ব্ববিভাগের অধ্যক্ষ, ডাক্তার শ্রীযুক্ত ডি, বি, স্পুনার (Dr. D. B. Spooner B. A. Ph. D.) প্রত্নতত্ত্ববিভাগ কর্ত্তৃক গৃহীত একাদশখানি চিত্র প্রকাশের অনুমতি দিয়া গ্রন্থকারকে বাধিত করিয়াছেন। চিত্র-সূচীতে প্রত্যেক চিত্রের স্বত্বাধিকারীর নাম প্রকাশিত হইল। যে চিত্রগুলিতে নাম নাই, সেগুলি বর্ত্তমান গ্রন্থের জন্য, কলিকাতা চিত্রশালার চিত্রশিল্পী শ্রীযুক্ত শিবচন্দ্র মণ্ডল কর্ত্তৃক গৃহীত হইয়াছে।

যে সমস্ত মুদ্রার চিত্র প্রকাশিত হইয়াছে তন্মধ্যে কলিকাতা চিত্রশালার প্রত্নতত্ত্ববিভাগের অধ্যক্ষ ডাক্তার শ্রীযুক্ত ডি, বি, স্পুনার চব্বিশটি, বন্ধুবর শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর বারটি, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ চারিটি ও পরম স্নেহাস্পদ শ্রীমান্ ননীগোপাল মজুমদার একটি মুদ্রার চিত্র প্রকাশের অনুমতি দিয়া গ্রন্থকারকে বাধিত করিয়াছেন। মুদ্রার চিত্র প্রকাশের জন্য, কলিকাতা চিত্রশালার চিত্রশিল্পী, শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ বাগ্‌চী মুদ্রা হইতে ছাঁচ (Plaster cast) প্রস্তুত করিয়াছেন ও শ্রীযুক্ত অভয়াচরণ চৌধুরী চিত্রে

সংখ্যাঙ্কন করিয়াছেন। গ্রন্থের পাণ্ডুলিপি, বন্ধুবর শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র ঘোষ, শ্রীযুক্ত হরিদাস সাহা ও শ্রীমান্ ভূদেবচন্দ্র মুখোপাধ্যায় কর্ত্তৃক লিপিবদ্ধ হইয়াছে এবং শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র ঘোষ বর্ণানুক্রমিক নামসূচী সঙ্কলন করিয়াছেন। চিত্রগুলি "ভারতবর্ষের" চিত্রশিল্পী শ্রীযুক্ত সুরেশচন্দ্র ঘোষাল কর্ত্তৃক প্রস্তুত হইয়াছে এবং গ্রন্থ ও চিত্র সমূহ এমারেল্ড্ প্রিন্টিং ওয়ার্কসের স্বত্বাধিকারী শ্রীযুক্ত গণদেব গঙ্গোপাধ্যায় ও তত্ত্বাবধায়ক শ্রীযুক্ত রামকৃষ্ণ ভট্টাচার্য্যের সাহায্যে অতি অল্প সময়ের মধ্যে সুচারুরূপে মুদ্রিত হইয়াছে। বন্ধুবর শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ কুমার, গ্রন্থ মুদ্রিত হইলে শুদ্ধিপত্র প্রস্তুত করিয়া দিয়াছেন।

বন্ধুবর শ্রীযুক্ত নরেন্দ্রনাথ বসু বাঙ্গালার ইতিহাস, প্রথম ভাগের সমস্ত ব্যয় নির্ব্বাহ করিয়াছিলেন। প্রথম ভাগ বিক্রয়-লব্ধ অর্থে ও অগ্রজপ্রতিম শ্রীযুক্ত হরিদাস চট্টোপাধ্যায়ের অনুগ্রহে দ্বিতীয় ভাগ মুদ্রিত ও প্রকাশিত হইল। Stewartএর ইতিহাস প্রকাশিত হইবার পরে, ইংরাজি অথবা অন্য কোন ভাষায়, বাঙ্গালার মুসলমান যুগের ইতিহাস লিপিবদ্ধ হয় নাই। গ্রন্থকার ও তাঁহার বন্ধুবর্গের বহু যত্ন, চেষ্টা ও পরিশ্রম সত্বেও গ্রন্থে বহু ভ্রম প্রমাদ রহিয়া গিয়াছে, ভরসা করি সুধীবর্গ তাঁহাদিগের অক্ষমতাজনিত দোষ মার্জ্জনা করিবেন।

৬৫নং সিমলা ষ্ট্রীট, কলিকাতা
৩১শে বৈশাখ ১৩২৪। } শ্রীরাখালদাস বন্দ্যোপাধ্যায়।

সূচী

বিবরণ | পৃষ্ঠা

অষ্টম পরিচ্ছেদ

নবম পরিচ্ছেদ

দশম পরিচ্ছেদ

একাদশ পরিচ্ছেদ

দ্বাদশ পরিচ্ছেদ

চিত্রসূচী

চিত্র | পত্রাঙ্ক

গ্রন্থকার প্রণীত

বাঙ্গালার ইতিহাস, প্রথমভাগ	২॥০
প্রাচীন মুদ্রা, প্রথম ভাগ	২৲
শশাঙ্ক (ঐতিহাসিক উপন্যাস)	২৲
পাষাণের কথা	১৲
ধর্ম্মপাল (ঐতিহাসিক উপন্যাস)	॥০
ময়ূখ ,,	॥০

প্রাপ্তিস্থান—গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্,
২০১, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

দখিল দরওয়াজা, গৌড়

বাঙ্গালার ইতিহাস

দ্বিতীয় ভাগ

প্রথম পরিচ্ছেদ

মুসলমান বিজয়ের বিস্তৃতি ও কাল নির্ণয়।

হূণ আক্রমণের পরে বিদেশীয় আক্রমণের অভাবে ভারতবর্ষের সুষুপ্তি—ভারতে প্রথম মুসলমান বিজয়ের সীমা—নবদ্বীপ হইতে বখ্‌তিয়ারের প্রত্যাবর্ত্তন—লক্ষ্মণাবতী বিজয়—সমসাময়িক মুসলমান রচিত ইতিহাস—তবকাৎ ই-নাসিরী—মিন্‌হাজের গৌড় আক্রমণ—মগধ লুণ্ঠন—উদণ্ডপুর অধিকার—গৌড়ীয় সেনরাজগণ—গৌড়মণ্ডলের পথ—জাপিলীয় মহানায়ক প্রতাপধবল—মণ্ডলার গিরিদুর্গ ও পথ—যুজ্‌বক্ কর্ত্তৃক নবদ্বীপ বিজয়—বখ্‌তিয়ার কর্ত্তৃক লক্ষ্মণাবতী অধিকার—বখ্‌তিয়ারের রাজ্য বিস্তৃতি—ইউয়জের রাজ্য বিস্তৃতি—গঙ্গবংশ কর্ত্তৃক দক্ষিণবঙ্গ অধিকার—গঙ্গবংশ কর্ত্তৃক লক্ষ্মণাবতী আক্রমণ—বর্দ্ধনকোট বিজয়—কান্যকুব্জ বিজয়ের মুদ্রা—কামরূপ বিজয়ের মুদ্রা—কামরূপ, কামতা, জাজনগর ও উড়িষ্যা বিজয়ের মুদ্রা—সপ্তগ্রাম বিজয়—সুবর্ণ গ্রামের অবস্থা—মুসলমান কর্ত্তৃক হিন্দুরাজ্য অধিকারের উপায়—আরাকানের মগজাতি—পূর্ব্ববঙ্গের সেনরাজগণ—তাঁহাদিগের অবস্থা—কামরূপ রাজ্য—আহম জাতির আক্রমণ—পূর্ব্ববঙ্গরাজের মগ জাতিকে কর প্রদান—নবদ্বীপ আক্রমণের তারিখ।

জগতের সমস্ত প্রাচীন সভ্যজাতির অধঃপতনের ইতিহাস তমসাচ্ছন্ন। অর্দ্ধাশনক্লিষ্ট বর্ব্বর, যখন বুভুক্ষাপীড়নের জন্য, সভ্যজগতের বিলাসব্যসন-মগ্ন মানবের রুদ্ধদ্বারে করাঘাত করে, তখন প্রথমবার সে প্রত্যাখ্যাত হয়—কিন্তু সে যখন ফিরিয়া আসে, যখন সে বুঝিতে পারে যে, সভ্য মানবের কোমলকরকমলে ধৃত আয়ুধ, দৃঢ়মুষ্টিতে ধৃত নহে, তখন সভ্যমানবের পক্ষে তাহার গতিরোধ অসম্ভব। প্রাচীন প্রাচ্য ও প্রতীচ্য জগতে ইহাই সভ্যমানবের সহিত বর্ব্বরের ঘাতপ্রতিঘাতের একমাত্র ইতিহাস। অধঃপতন আরব্ধ হইলে, সভ্যমানব স্তম্ভিত হইয়া থাকে, অনেক সময়ে আত্মরক্ষার জন্য হস্তোত্তোলন তাহার পক্ষে অসম্ভব হইয়া পড়ে, তখন আর ইতিহাস রচিত হয় না; বিশাল সাম্রাজ্যের ধ্বংসাবশিষ্ট, বহুক্লেশরক্ষিত মহানগরী, যখন বর্ব্বর সেনা কর্ত্তৃক আক্রান্ত হয়, সভ্যমানব, যখন আত্মরক্ষা অসম্ভব জানিয়া, স্তব্ধ হইয়া থাকে, যখন মহানগরীর উদ্যান, প্রাসাদ, মন্দির, সঙ্ঘারাম নগর-বাসিগণের সহিত একত্র বিনাশ প্রাপ্ত হয়, তখন আর ইতিহাস রচিত হয় না। এই জন্যই জগতের সর্ব্বত্র, প্রাচীন সভ্যজাতির অধঃপতনের ইতিহাস তমসাচ্ছন্ন। বহু আয়াসলব্ধ ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড প্রমাণ যোজনা করিয়া অধঃপতনের ইতিহাস লিখিত হইয়া থাকে। প্রাচীন প্রাচ্যে আসুর (Assyria) ও বভেরু (Babylon), আফ্রিকার মিস্রাইম (Egypt) এবং প্রাচীন প্রতীচ্যে রোমক ও যবন সাম্রাজ্যের অধঃপতনের ইতিহাস এই ভাবেই লিখিত হইয়াছিল।

প্রাচীন গুপ্ত সাম্রাজ্য ধ্বংস করিয়া হূণ জাতি যখন আর্য্যাবর্ত্তে উপনিবেশ স্থাপন করিল, হূণ বর্ব্বর যখন ম্লেচ্ছাচার ও ম্লেচ্ছভাষা পরিত্যাগ করিয়া, আর্য্যধর্ম্ম ও আর্য্যভাষা অবলম্বন করিল, তখন প্রাচীন প্রাচ্য কিছুকালের জন্য বিশ্রামলাভ করিল। আরবে নবধর্ম্মের উন্মেষে যখন

আজমে প্রাচীন পারসিক সাম্রাজ্যের ভিত্তি কম্পিত হইয়াছিল, তখন সে কম্পনের বেগ আর্য্যাবর্ত্তে বা দাক্ষিণাত্যে অনুভূত হয় নাই। শত বর্ষ পরে, মহম্মদ বিন্ কাসেম, যখন সিন্ধু জয় করিয়াছিলেন, উত্তরাপথে ও দক্ষিণাপথে, তখনও সে প্রলয় কালানলের উত্তাপ অনুভূত হয় নাই। যদি হইত, তাহা হইলে ভারতবর্ষে প্রাচীন আর্য্য সভ্যতা সহসা বিনাশ প্রাপ্ত হইত না।

দীর্ঘকাল মরুবাসী বর্ব্বরজাতি কর্ত্তৃক আক্রান্ত না হইয়া, আর্য্যাবর্ত্ত-বাসী, বুভুক্ষাপীড়িত বর্ব্বরের আক্রমণের তীব্র বেগ সহনে অনভ্যস্ত হইয়া পড়িয়াছিল, সেই জন্যই শতাব্দীদ্বয় পরিমিত সময়ে বাহ্লীক ও কপিশা হইতে কামরূপের সীমা পর্য্যন্ত সমগ্র আর্য্যভূমি ম্লেচ্ছ তুরুষ্কের পদানত হইয়াছিল। তখনও আর্য্যাবর্ত্তে প্রাণ ছিল, আরব যে প্রকারে পারসিকের শব পদদলিত করিয়াছিল, ছয়শতবর্ষ পরে তুরুষ্ক হিন্দুকে তেমন করিয়া দলন করিতে পারে নাই। খৃষ্টীয় দ্বাদশ শতাব্দীর শেষ দশকে আর্য্যাবর্ত্ত বিজিত হইয়াছিল বটে, কিন্তু কতদূর বিজিত হইয়াছিল? বিজিত প্রদেশে বিজেতার অধিকার কতদূর বিস্তৃত ছিল? ভরসা করি ভারতবর্ষের ইতিহাস লেখক এই সকল তথ্যের মীমাংসা করিবেন। তিরৌরীর যুদ্ধে চাহমানরাজ নিহত হইলে আজমীর ও দিল্লী কি অবনত মস্তকে মুসলমানশাসন গ্রহণ করিয়াছিল? চন্দোয়ারের যুদ্ধে গাহডবাল জয়চ্চন্দ্র নিহত হইলে, বিশাল গাহডবাল সাম্রাজ্য কি বিনা বাধায় বিজেতার করকবলিত হইয়াছিল? এই সকল তথ্য মীমাংসার জন্য কেবল সত্যানুসন্ধিৎসা আবশ্যক। তাজ্-উল্-মাসির্, তবকাৎ-ই-নাসিরী এবং কামিল্-উৎ-তওয়ারিখ্ এখনও ভারতবর্ষ হইতে বিলুপ্ত হয় নাই।

সপ্তদশ অশ্বারোহী লইয়া মহম্মদ বখ্তিয়ার খিল্জি নবদ্বীপ বিজয়

করিয়াছিলেন, ইহা ঐতিহাসিক সত্যরূপে প্রতিষ্ঠা করিতে হইলে নূতন প্রমাণের আবিষ্কার আবশ্যক। বিহার হইতে নবদ্বীপ বহু দূরে অবস্থিত। গৌড়, রামাবতী, লক্ষ্মণাবতী ও পৌণ্ড্রবর্দ্ধন পরিত্যাগ করিয়া, খল্‌জ মালিক নবদ্বীপ অভিমুখে ধাবিত হইয়াছিলেন কেন? নবদ্বীপ কি কখনও বাঙ্গালার রাজধানী হইয়াছিল? তাহার প্রমাণ কোথায়? "বল্লালচরিতে" অথবা "পবনদূতে" থাকিতে পারে, কিন্তু সে উক্তি ঐতিহাসিক প্রমাণরূপে গ্রাহ্য নহে। নবদ্বীপ বিজয়ের পরে লক্ষ্মণসেনের অথবা সেনবংশের অধিকার লুপ্ত হইয়া আসিলে, বখ্‌তিয়ার পশ্চাৎপদ হইয়া লক্ষ্মণাবতীতে রাজধানী স্থাপন করিয়াছিলেন কেন? নবদ্বীপ বিজয়ের পঞ্চপঞ্চাশৎ বর্ষ পরে, আবার নবদ্বীপ বিজয়ের প্রয়োজন হইয়াছিল কেন? এই গুলি ঐতিহাসিক সমস্যা,—ইহা পূরণের ক্ষমতা বর্ত্তমান যুগের ঐতিহাসিকের নাই। যাহা ভূগর্ভে অথবা ভবিষ্যদ্‌গর্ভে নিহিত আছে, তাহা যখন দিবালোক দর্শন করিবে, ভরসা করি, তখন বাঙ্গালী ঐতিহাসিক, বাঙ্গালার নূতন ইতিহাস রচনা করিয়া, ইতিহাসানুরাগী পাঠকবৃন্দের কৌতূহল নিবারণ করিবেন।

নবদ্বীপ লুণ্ঠন করিয়া, বখ্‌তিয়ার, স্বেচ্ছায় অথবা বাধ্য হইয়া, প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন[১]। তিনি কোন্ পথে নবদ্বীপে গিয়াছিলেন আমরা তাহা অবগত নহি, তিনি কোন্ পথে নবদ্বীপ হইতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন আমরা তাহাও অবগত নহি। কোন্ বৎসরে, কোন্ মাসে লক্ষ্মণাবতী অবরুদ্ধ ও বিজিত হইয়াছিল, সেনবংশীয় কোন্ রাজা তখন লক্ষ্মণাবতীর সিংহাসনে আরূঢ় ছিলেন আমরা তাহার কিছুই জানি না। এই মাত্র জানি যে, খৃষ্টীয় দ্বাদশ শতাব্দীর শেষ পাদে লক্ষ্মণাবতী বিজিত হইয়াছিল

---

(১) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৫৫৯।

নবদ্বীপ লুণ্ঠিত ও লক্ষ্মণাবতী বিজিত হইলেই কি গৌড়বঙ্গ মুসলমানগণের পদানত হইয়াছিল? মুসলমান বিজয়ের পরে উৎকীর্ণ শিলালিপি ও প্রদত্ত তাম্রশাসন অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই, হিন্দুর রচিত কোন ইতিহাস নাই; সেই রাষ্ট্র-বিপ্লবের যুগে কোনও বিদেশীয় পর্য্যাটক গৌড়-বঙ্গভ্রমণে আসেন নাই, সুতরাং মুসলমানরচিত মুসলমানবিজয়ের ইতিহাস হইলেই এই সমস্যা পূরণের চেষ্টা করিতে হইবে। তবকাৎ-ই-নাসিরী[২] ও তাজ্-উল্-মাসির[৩] মুসলমান বিজয়ের সমসাময়িক গ্রন্থ; তন্মধ্যে তাজ্-উল্-মাসিরে বখ্তিয়ারের গৌড়াভিযানের বিস্তৃত বিবরণ নাই। তবকাৎ-ই-নাসিরীতে তাহা আছে এবং এই বিবরণ অধিকাংশ স্থলেই সত্য।

গৌড় বিজয়ের চত্বারিংশদ্ বর্ষ পরে, তবকাৎ-ই-নাসিরী প্রণেতা মৌলানা-মিন্হাজ্-উস্-সিরাজ্ আবু-ওমর-ওসমান জুর্জ্জাণী, গৌড়-দেশে, লক্ষ্মণাবতী নগরে আসিয়া, সম্সাম্-উদ্দীন্ নামক বখ্তিয়ার খিল্জির অনেক প্রাচীন সৈনিকের সাক্ষাৎ পাইয়াছিলেন[৪]। মগধ এবং সম্ভবতঃ গৌড় বিজয়ের বিবরণ সম্সাম্-উদ্দীনের উক্তির উপরে নির্ভর করিয়া লিখিত। সেই বিবরণ দেখিলে স্পষ্ট উপলব্ধি হয় যে, মগধ তখন অরক্ষিত, অরাজক; প্রাচীন মগধে তখন মাৎস্যন্যায়ের সম্পূর্ণ প্রভাব। সেই জন্যই প্রাচীন চরণাদ্রিদুর্গের অধিকারী, তুরুষ্ক জাতীয় বখ্তিয়ার, সামান্য সেনা লইয়া মগধের নানাস্থান লুণ্ঠন করিতে ভরসা করিয়াছিলেন। পাল ও সেনবংশীয় রাজগণ মগধের অধিকারের জন্য দীর্ঘকাল যুদ্ধবিগ্রহে লিপ্ত ছিলেন, সেই সময়ে সীমান্ত অরক্ষিত দেখিয়া বখ্তিয়ার

(২) Elliot's History of India, Vol. II, p. 210.

(৩) Ibid, p. 259.

(৪) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৫৫২।

মগধের নানাস্থান লুণ্ঠন করিতেন। মগধ-লুণ্ঠন লব্ধ অর্থে, সেনা সংগ্রহ করিয়া, তিনি অবশেষে উদ্দণ্ডপুরের প্রাচীন সঙ্ঘারাম অধিকার করিয়াছিলেন। বিজেতা মুসলমানের নিকট, গিরিশীর্ষে অবস্থিত দেবমন্দির ও ভিক্ষুগণের আবাস, দুর্গবৎ প্রতীয়মান হইয়াছিল। সেন ও পালরাজবংশের তখন এমন শক্তি ছিল না যে, লুণ্ঠনলোলুপ দস্যুর অত্যাচারে বাধা প্রদান করেন। তবকাৎ-ই-নাসিরীতে দেখিতে পাওয়া যায় যে, কেহ কখনও লুণ্ঠনতৎপর তুরুষ্ক সেনাকে বাধা প্রদান করে নাই। উদ্দণ্ডপুরের সঙ্ঘারাম আক্রান্ত হইলে, মুষ্টিমেয় সেনার সাহায্যে, মগধরাজের পক্ষে আত্মরক্ষা অসম্ভব দেখিয়া, বৌদ্ধভিক্ষুগণ আত্মরক্ষার্থ অস্ত্র ধারণ করিয়াছিলেন[৫]।

উদ্দণ্ডপুর অধিকৃত হইল, বিক্রমশিলা অধিকৃত হইল,[৬] মগধ মুসলমানের করকবলিত হইল, গোবিন্দপালের রাজ্য বিনষ্ট হইল, তখন সেন রাজা কি করিতেছিলেন? ১১৭০ ও ১১৯৩[৭] খৃষ্টাব্দে গয়ানগরী সেনরাজগণের অধিকারভুক্ত ছিল। মগধরাজ্য বখ্‌তিয়ার খিল্‌জি কর্ত্তৃক অধিকৃত হইলে, সেনরাজবংশের অধিকারের কিয়দংশ পরহস্তগত হইয়াছিল। তখন সেনরাজবংশের কে লক্ষ্মণাবতীর সিংহাসনে আসীন ছিলেন? তাঁহার কি স্বাধিকাররক্ষার ক্ষমতা ছিল না? ১১৭০ খৃষ্টাব্দের পূর্ব্বে লক্ষ্মণসেনদেবের মৃত্যু হইয়াছিল,[৮] অদ্যাবধি তাঁহার তিন পুত্রের নাম আবিষ্কৃত হইয়াছে;—মাধবসেন, বিশ্বরূপসেন ও

---

(৫) বাঙ্গালার ইতিহাস, প্রথম ভাগ, পৃঃ ৩২০—২১।

(৬) Indian Antiquary, Vol. IV, pp. 366—67.

(৭) বাঙ্গালার ইতিহাস, প্রথম ভাগ, পৃঃ ৩১৫।

(৮) Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. IX, p. 290.

কেশবসেন[৯]। তাঁহারা একে একে পিতৃসিংহাসনে আরোহণ করিয়াছিলেন, কারণ তৎপ্রদত্ত তাম্রশাসন আবিষ্কৃত হইয়াছে। মুসলমান বিজয়ের সময়ে, ইহাদিগের মধ্যে কে, গৌড়মণ্ডলের অধিকারী ছিলেন এবং তিনি কি কারণে স্বাধিকার রক্ষার উদ্যম করেন নাই তাহা বলিতে পারা যায় না। তিরৌরীতে চাহমানবীর দ্বিতীয় পৃথ্বীরাজদেব একাধিকবার মুসলমান সেনার গতিরোধ করিবার চেষ্টা করিয়াছিলেন। তাঁহার মৃত্যুর পরে তাঁহার ভ্রাতা ও পুত্র বার বার চাহমান স্বাধীনতা রক্ষার জন্য মুসলমানের সহিত যুদ্ধ করিয়াছিলেন[১০]। চন্দোয়ারে গাহডবালরাজ স্বদেশরক্ষার জন্য আত্মোৎসর্গ করিয়াছিলেন। তাঁহার মৃত্যুর পরে, গঙ্গার দক্ষিণতীর অধিকৃত হইয়াছিল, কিন্তু উত্তরতীরে গাহডবালরাজ্য অক্ষুণ্ণ ছিল। জয়চন্দ্রের অষ্টাদশবর্ষীয় পুত্র পিতৃসিংহাসনে আরোহণ করিয়া দীর্ঘকাল গাহডবাল রাজলক্ষ্মী রক্ষার চেষ্টা করিয়াছিলেন[১১]। দিল্লী, আজমীর ও বারাণসী অধিকৃত হইলেও সমগ্র চাহমান বা গাহডবালরাজ্য মুসলমান করকবলিত হয় নাই, কিন্তু উদ্দণ্ডপুর অধিকৃত হইলে সমগ্র মগধ মুসলমানের অধিকারভুক্ত হইয়াছিল। মগধ অধিকৃত হইলেও গৌড়মণ্ডলে সেনরাজের চেতনা হয় নাই। মগধ হইতে মুসলমানসেনা গৌড়মণ্ডল লুণ্ঠন করিতে আরম্ভ করিয়াছিল। বখ্‌তিয়ারের নবদ্বীপবিজয়কাহিনী এইরূপ একটি লুণ্ঠনার্থ অভিযানের বিবরণ মাত্র। মুসলমানসেনা কোন্ পথে গৌড়মণ্ডলে প্রবেশ করিয়াছিল, মুসলমানের ইতিহাসে তাহার উল্লেখ

---

(৯) Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New Series; Vol. IX, p. 284.

(১০) বাঙ্গালার ইতিহাস, প্রথম ভাগ, পৃঃ ৩০৯।

(১১) ঐ, পৃঃ ৩১২—১৩।

নাই। তীরভুক্তি তখনও স্বাধীন[১২], বখ্‌তিয়ার গঙ্গার উত্তর তীরে সূচ্যগ্র পরিমিত ভূমিও অধিকার করিতে পারেন নাই। মগধের দক্ষিণ সীমান্তে, পার্ব্বত্যজাতি সমূহ, মগধ বিজয়ের বহু শতাব্দী পরেও স্বাধীনতা অক্ষুণ্ণ রাখিয়াছিল, মগধ বিজিত হইলেও মগধের দক্ষিণ তোরণ মুসলমানসেনার হস্তগত হয় নাই। জাপিলীয় মহানায়ক প্রসিদ্ধ ধবলবংশীয় প্রতাপধবল রোহিতাশ্বের অধিপতি ছিলেন[১৩], ত্রয়োদশ শতাব্দীর প্রথম পাদের শেষভাগেও রোহিতাশ্ব হিন্দুর অধিকারভুক্ত ছিল। ঝাড়খণ্ডে অসংখ্য দুর্দ্ধর্ষ পার্ব্বত্যজাতি কখনও মুসলমানের অধীনতা স্বীকার করে নাই। তবে কোন্ পথে বখ্‌তিয়ার গৌড়মণ্ডলে প্রবেশ করিয়াছিলেন? মণ্ডলার গিরিপথ, গৌড়মণ্ডলের পশ্চিম তোরণ, মুষ্টিমেয় সেনা, মণ্ডলার গিরিদুর্গ হইতে, গৌড়মণ্ডল শত্রুসেনামুক্ত রাখিতে পারে। লক্ষ্মণাবতীর সেন রাজা কি মণ্ডলার[১৪] কথা বিস্মৃত হইয়াছিলেন? তিরৌরীতে চাহমান ও চন্দোয়ারে গাহডবাল স্বাধিকার রক্ষার জন্য আত্মবিসর্জ্জন দিয়াছিল। অশ্বপতি-গজপতি-নরপতি-রাজত্রয়াধিপতিবিবিধবিদ্যাবিচারবাচস্পতি-সেনকুলকমলবিকাশভাস্কর-সোমবংশপ্রদীপ-প্রতিপন্নকর্ণ-সত্যব্রতগাঙ্গেয়-শরণাগতবজ্রপঞ্জর-পরমেশ্বর-পরমভট্টারক-মহারাজাধিরাজ[১৫]গৌড়েশ্বর কি তখন যুদ্ধব্যবসায় বিস্মৃত হইয়াছিলেন? বিনা যুদ্ধে অথবা অল্পায়াসে গৌড়মণ্ডলের একমাত্র তোরণপথ অধিকৃত

---

(১২) Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New Series; Vol. XI, p. 407.

(১৩) Epigraphia Indica, Vol. VI, p. 34.

(১৪) মণ্ডলা সাহেবগঞ্জের নিকটস্থিত গড়িয়া বা তেলিয়াগড়ি নামক পার্ব্বত্য পথের নাম।

(১৫) Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. X, pp. 102—18.

হইয়াছিল, মুসলমান সেনা গৌড়মণ্ডলে প্রবেশলাভ করিয়াছিল, লক্ষ্মণ সেনের কুলাঙ্গার পুত্রত্রয় বোধ হয় তখন আত্মদ্রোহে লিপ্ত থাকিয়া স্বদেশ, স্বধর্ম্ম ও স্বজনের সর্ব্বনাশের পথ প্রশস্ত করিয়া দিতেছিলেন।

নবদ্বীপ লুণ্ঠন করিয়া, বখ্‌তিয়ার স্বেচ্ছায় অথবা বাধ্য হইয়া প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন; তখন নবদ্বীপ বখ্‌তিয়ারের অধিকারভুক্ত হয় নাই, কারণ অর্দ্ধশতাব্দী পরে বাঙ্গালার স্বাধীন সুলতান মুগীস্-উদ্দীন য়ুজ্‌বক্, নবদ্বীপ বিজয়কাহিনী স্মরণার্থ নূতন মুদ্রা মুদ্রাঙ্কন করিয়াছিলেন[১৬]। নবদ্বীপ হইতে ফিরিয়া আসিয়া বখ্‌তিয়ার লক্ষ্মণাবতীতে রাজধানী স্থাপন করিয়াছিলেন। গঙ্গা-কালিন্দী-পুনর্ভবা-সঙ্গমে অবস্থিত প্রাচীন গৌড়নগরী কি অরক্ষিত ছিল? সেনরাজ কি লক্ষ্মণাবতীরক্ষা আবশ্যক বিবেচনা করেন নাই? ইতিহাস-প্রসিদ্ধ গৌড়-রামাবতী-লক্ষ্মণাবতী কি বিনাযুদ্ধে বিনায়াসে মুসলমানগণের পদানত হইয়াছিল? মুসলমানসেনা কি উপায়ে প্রশস্ত গঙ্গাবক্ষ উত্তীর্ণ হইয়াছিল? হিন্দুর ইতিহাস নাই, মুসলমানের ইতিহাস এই বিষয়ে নীরব।

সেনরাজ লক্ষ্মণাবতী রক্ষায় পরাঙ্মুখ হইলেও, বিনা যুদ্ধে সমগ্র গৌড়মণ্ডল মুসলমানগণ কর্ত্তৃক অধিকৃত হয় নাই। বখ্‌তিয়ার খিল্‌জি লক্ষ্মণাবতী নগর ও তাহার চতুষ্পার্শ্বস্থিত সামান্য ভূমি মাত্র অধিকার করিয়াছিলেন। বখ্‌তিয়ারের মৃত্যুকালে বরেন্দ্রভূমির কিয়দংশমাত্র তাঁহার পদানত হইয়াছিল। এই সময়ে গঙ্গাতীর হইতে দেবকোট পর্য্যন্ত পঞ্চাশৎ ক্রোশ পরিমিত ভূমি তাঁহার অধিকারভুক্ত ছিল। গঙ্গার দক্ষিণ তীরে মুসলমানাধিকার বহুদূর বিস্তৃত ছিল না,

(১৬) Catalogue of Coins, in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 146. No. 6.

কারণ, কামরূপ-অভিযানে যাত্রা করিবার পূর্ব্বে, বখ্‌তিয়ার, মহম্মদ শেরাণ নামধেয় জনৈক খল্‌জ আমীরকে, গৌড় হইতে দশ দিনের পথ, চত্বারিংশৎ ক্রোশ দূরে অবস্থিত, লক্ষ্মণোর নগর অধিকার করিতে প্রেরণ করিয়াছিলেন[১৭]। লক্ষ্মণাবতী বিজয়ের আট বৎসর পরে, বখ্‌তিয়ারের স্থলাভিষিক্ত হুসাম্‌-উদ্দীন বা গিয়াস্‌-উদ্দীন ইউয়জের অধিকারকালে, গঙ্গার উত্তরে দেঘকোট পর্য্যন্ত এবং দক্ষিণে লখনোর পর্য্যন্ত ভূমি, মুসলমানগণ কর্ত্তৃক অধিকৃত হইয়াছিল[১৮]। লক্ষ্মণসেনের বংশধরগণ তখনও পূর্ব্ব ও দক্ষিণ বঙ্গের অধিকারী ছিলেন[১৯]। সেনরাজবংশ হীনবল হইয়া পড়িলে দক্ষিণবঙ্গ কিয়ৎকাল কলিঙ্গের গঙ্গবংশীয় রাজগণের অধিকারভুক্ত হইয়াছিল। কলিঙ্গরাজ বার বার এই পথে অগ্রসর হইয়া লক্ষ্মণাবতীর ক্ষুদ্র মুসলমানরাজ্য আক্রমণ করিয়াছিলেন। তোগ্রল তোগানখাঁ[২০] ও ইখ্‌তিয়ার-উদ্দীন য়ুজ্‌বক্‌[২১] কলিঙ্গসেনা কর্ত্তৃক পরাজিত হইয়া, দিল্লীতে সম্রাটের নিকট, সাহায্য প্রার্থনা করিতে বাধ্য হইয়াছিলেন। ৬৫৩ হিজরায় (১২৫৫ খৃঃ), অথবা তাহার কিয়ৎকাল পূর্ব্বে, য়ুজ্‌বক্‌ দক্ষিণে নবদ্বীপ ও উত্তরে বর্দ্ধনকোট পর্য্যন্ত মুসলমান রাজ্যের সীমা বিস্তার করিয়াছিলেন। য়ুজ্‌বক্‌, নবদ্বীপ ও বর্দ্ধনকোট বিজয়ের স্মৃতিচিহ্নস্বরূপ, যে নূতন মুদ্রা মুদ্রাঙ্কিত করাইয়াছিলেন, তাহার দুই একটি আবিষ্কৃত হইয়াছে[২২]। মুসলমান

(১৭) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৪৭৩।
(১৮) ঐ, পৃঃ ৪৮৪—৮৬।
(১৯) ঐ, পৃঃ ৫৫৮।
(২০) ঐ, পৃঃ ৭৩৯।
(২১) ঐ, পৃঃ ৭৬৩।
(২২) Journal of the Asiatic Society of Bengal, old series, Vol. L, 1881, pt. I. p. 61.

অধিকারের প্রারম্ভে স্থলতানগণ কোন বিখ্যাত স্থান বিজিত হইলে নূতন মুদ্রা মুদ্রাঙ্কিত করাইতেন। কান্যকুব্জ বিজয় করিয়া অল্‌তমশ এইরূপ নূতন মুদ্রা মুদ্রিত করিয়াছিলেন২৩। ইলিয়াস্ শাহের পুত্র সিকন্দর শাহ্ কামরূপ-বিজয় করিয়া কামরূপ বা চাউলিস্তানের নামাঙ্কিত মুদ্রা মুদ্রিত করাইয়াছিলেন২৪। স্থলতান আলাউদ্দীন হোসেন শাহ কামরূপ, কামতা, জাজনগর এবং উড়িষ্যা বিজয় করিয়া স্মরণার্থ, বিজিত প্রদেশ সমূহের নাম, নিজনামে মুদ্রিত মুদ্রায় সন্নিবিষ্ট করিয়াছিলেন। মুগীস্-উদ্দীন য়ুজ্‌বকের শাসনকালের পরে, ষষ্টিবর্ষকাল, লক্ষ্মণাবতীর মুসলমান অধিকার বিস্তৃত হয় নাই। সম্রাট্ গিয়াস্-উদ্দীন্ বল্‌বনের মধ্যম পৌত্র, বাঙ্গালার স্বাধীন স্থলতান রুকন্-উদ্দীন্ কৈকাউস্ শাহের রাজ্যের শেষ ভাগে, দক্ষিণবঙ্গের প্রধান নগর সপ্তগ্রাম মুসলমানগণ কর্তৃক বিজিত হইয়াছিল২৫। ৬৯৮ হিজরায় (১২৯৮ খৃষ্টাব্দে), দেব-কোটের ভূতপূর্ব্ব শাসনকর্ত্তা, বহরাম ঈৎগীন জফর খাঁ, সপ্তগ্রাম বিজয় করিয়াছিলেন২৬। সপ্তগ্রাম বিজিত হইলেও সমুদ্রোপকূলবর্ত্তী দক্ষিণবঙ্গ মুসলমানগণের পদানত হয় নাই। ৮৭০ হিজরায় (১৪৬৫ খৃষ্টাব্দে), অথবা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে, স্থলতান রুকন্-উদ্দীন্ বারবক্ শাহের রাজ্য-

---

(২৩) Catalogue of Coins in the Indian Museum, Vol. II, pt. I. p. 21, No. 39; Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. IX, p. 288, Note, 3.

(২৪) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II. p. 152, No. 57.

(২৫) Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. V, p. 248.

(২৬) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLI, 1872, pt. I, p. 102—3.

কালে দক্ষিণবঙ্গও সম্পূর্ণরূপে বিজিত হইয়াছিল[২৭]। কৈকাউস্ শাহের কনিষ্ঠ ভ্রাতা সুলতান শমস্-উদ্দীন্ ফিরোজ শাহের রাজ্যকালে (৭০২—৭২২ হিজরা=১৩০২—১৩২২ খৃষ্টাব্দ), পূর্ব্ববঙ্গ মুসলমানগণ কর্ত্তৃক বিজিত হইয়াছিল। বঙ্গদেশে, বলবনের বংশের রাজ্যকাল, ইতিহাসের তমসাচ্ছন্ন যুগ, মুসলমান রচিত ইতিহাসে এই যুগের বিবরণ সঙ্কলিত হয় নাই। শিলালিপি, প্রাচীন মুদ্রা ও মিসরদেশীয় পর্য্যাটক ইবন্ বতুতার ভ্রমণ বৃত্তান্ত,[২৮] এই যুগের ইতিহাস রচনার উপাদান। সুলতান শমস্-উদ্দীন ফিরোজ শাহের একটি রজতমুদ্রায় সোণারগাঁও বা সুবর্ণগ্রামের নাম আছে, কিন্তু ইহাতে তারিখ নাই,[২৯] এইমাত্র বলিতে পারা যায় যে, ফিরোজ শাহের রাজ্যকালে, কোন সময়ে, পূর্ব্ববঙ্গের সেনরাজ বংশের অধিকার, মুসলমানগণের করকবলিত হইয়াছিল।

বখ্তিয়ার কর্ত্তৃক লক্ষ্মণাবতী অধিকৃত হইলে প্রায় সপাদ শতবর্ষকাল সেনবংশীয় রাজগণ পূর্ব্ববঙ্গে রাজ্যাধিকার ভোগ করিয়াছিলেন। পূর্ব্ব-দক্ষিণে আরাকাণের মগজাতির ও পশ্চিমে মুসলমানের অধিকার ছিল। উভয়দিক্ হইতে বার বার আক্রান্ত হইয়া, সেনরাজগণ ক্রমশঃ হীনবল হইয়া পড়িয়াছিলেন। মাধব সেন, বিশ্বরূপ সেন ও কেশব সেনের উত্তর পুরুষগণের নাম অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই[৩০]।

---

(২৭) Epigraphia Indo-Moslemica, 1909—10, p. 112, No. 1035.

(২৮) The Travels of Ibn Batuta, Oriental translation fund, by Samuel Lee, London, 1829.

(২৯) Thomas, Chronicles of the Pathan Sultans of Delhi, p. 194, No. 127.

(৩০) তোগ্রলের বিদ্রোহ দমন করিতে বল্বন যখন বাঙ্গালায় আসিয়াছিলেন তখন দনুজরায় নামক সুবর্ণগ্রামের একজন রাজা তাঁহার সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। Elliot's History of India, Vol. III. p. 116. তাঁহার পূর্ব্বে ১২১১ শকাব্দে,

মুসলমান বিজয়ের পরবর্ত্তীকালে সেনবংশীয় যে সমস্ত রাজা পূর্ব্ববঙ্গে রাজত্ব করিয়া গিয়াছেন, তাঁহাদিগের দুর্দ্দশার সীমা ছিল না। মুসলমান ও মগের সহিত যুদ্ধের বিরাম ছিল না। বিধর্ম্মীর সহিত যুদ্ধ মুসলমানের পক্ষে ধর্ম্মযুদ্ধ, মুসলমান সেনা অবসর পাইলেই হিন্দুরাজ্য আক্রমণ করিত। কখনও সন্ধি স্থাপিত হইত না, সুতরাং মুসলমান রাজ্যের সীমান্তস্থিত হিন্দুরাজ্যে শান্তি ছিল না। মুসলমানগণ হিন্দুরাজ্য লুণ্ঠন অন্যায় মনে করিতেন না, বিশেষতঃ তুরুষ্কজাতীয় মুসলমান ধ্বংসে ও লুণ্ঠনে বিশেষ পারদর্শী। মুসলমানরাজ্যের সীমান্তে অবস্থিত, হিন্দু-রাজ্যের গ্রাম ও নগরগুলি, অচিরে ধ্বংস হইত এবং অধিবাসিগণ পলায়ন করিয়া আত্মরক্ষা করিত। এইরূপে মুসলমানের রাজ্য বর্দ্ধিত হইত ও হিন্দুরাজ্য আয়তনে ক্ষুদ্রতর হইয়া যাইত। লক্ষ্মণাবতীর মুসলমান শাসনকর্ত্তৃগণ ও বাঙ্গালার স্বাধীন মুসলমানরাজগণ, এইরূপে ধীরে ধীরে, পূর্ব্ববঙ্গের সেনরাজগণকে হীনবল করিয়া, অবশেষে সুবর্ণগ্রাম অধিকার করিয়াছিলেন। আরাকাণের মগ জলদস্যুগণ, সমুদ্রপথে আসিয়া, নদী-তীরবর্ত্তী গ্রাম ও নগরসমূহ লুণ্ঠন ও ধ্বংস করিত, ক্রমে ক্রমে তাহা-দিগের অত্যাচারে দক্ষিণবঙ্গ ভীষণ অরণ্যে পরিণত হইয়াছিল। উভয় দিক হইতে আক্রান্ত হইয়া বিক্রমপুর ও সুবর্ণ গ্রামের স্বাধীনতা লুপ্ত হইয়াছিল। পূর্ব্ববঙ্গের সেনবংশীয় রাজগণের, কোন দিক্ হইতে, সাহায্য প্রাপ্তির ভরসা ছিল না; আর্য্যাবর্ত্ত তখন মুসলমানের করকবলিত, আর্য্যা-বর্ত্তের যে সমস্ত হিন্দুরাজা তখন পর্য্যন্ত স্বাধীন ছিলেন, তাঁহাদিগের অধিকার বহু দূরে অবস্থিত ছিল। চেদী, চন্দেল্ল ও পরমার রাজগণের

১২৭৯ খৃষ্টাব্দে মধুসেন নামক একজন নরপতি জীবিত ছিলেন। তিনি সম্ভবতঃ পূর্ব্ববঙ্গের সেনবংশীয় রাজা।—নারায়ণ, ২য় বর্ষ পৃঃ ১৬৫।

পক্ষে, পূর্ব্ববঙ্গের সেনরাজকে সহায়তা করা অসম্ভব ছিল, কারণ মুসলমান অধিকার অতিক্রম না করিলে তাঁহারা পূর্ব্ববঙ্গে আসিতে পারিতেন না। কলিঙ্গের গঙ্গবংশীয় রাজগণের সহিত সেনরাজবংশের বন্ধুত্ব ছিল না। সেনরাজগণ হীনবল হইয়া পড়িলে কলিঙ্গরাজগণ দক্ষিণবঙ্গের পশ্চিমাংশ আত্মসাৎ করিয়াছিলেন। উত্তরে কামরূপ রাজ্যের সীমা, পূর্ব্ববঙ্গের উত্তরসীমায় সংলগ্ন ছিল, কিন্তু পূর্ব্ববঙ্গে হিন্দুর অধিকার লুপ্ত হইবার বহু পূর্ব্বে প্রাচীন কামরূপরাজ্য বিনষ্ট হইয়াছিল। খৃষ্টীয় ত্রয়োদশ শতাব্দীর দ্বিতীয় পাদের প্রারম্ভে, বর্ব্বর আহম জাতি, আর্য্যাবর্ত্তের উত্তর পূর্ব্বসীমান্তের পর্ব্বতমালা ভেদ করিয়া কামরূপ রাজ্য আক্রমণ করিয়াছিল,[৩১] এবং শতবর্ষ মধ্যে কামরূপের হিন্দুরাজ্য বিনষ্ট হইয়াছিল[৩২]। পূর্ব্ববঙ্গের সেনরাজগণ হীনবল হইয়া পড়িলে, আরাকাণের মগগণ কেবল লুণ্ঠন করিয়াই সন্তুষ্ট হইত না, তাহারা পূর্ব্ববঙ্গরাজগণকে করপ্রদানে বাধ্য করিত। ১২৩৭[৩৩] ও ১২৯৪[৩৪] খৃষ্টাব্দে, পূর্ব্ব-বঙ্গরাজ, আরাকাণের মগগণকে কর প্রদান করিয়া স্বাধিকার রক্ষা করিয়াছিলেন। সুবর্ণগ্রাম মুসলমানগণ কর্ত্তৃক অধিকৃত হইলেও মগদস্যুর অত্যাচার নিবারিত হয় নাই। মগদিগের আক্রমণ নিবারণ করিবার জন্য, রাজা গণেশের পুত্র জলাল্-উদ্দীন মহম্মদ শাহ, ৮৩৪ হিজরায় (১৪৩০ খৃষ্টাব্দে), চট্টগ্রাম আক্রমণ করিতে বাধ্য হইয়াছিলেন,[৩৫] এবং ৯৬২ হিজরায় (১৫৫৪

(৩১) E. A. Gait's History of Assam, p. 74.

(৩২) Ibid, p. 77.

(৩৩) ৺রজনীকান্ত চক্রবর্ত্তী, বিরচিত গৌড়ের ইতিহাস, দ্বিতীয় খণ্ড, পৃঃ ২০।

(৩৪) ঐ, পৃঃ ৩৫।

(৩৫) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 163, No. 110.

খৃষ্টাব্দে), শমস্-উদ্দীন মহম্মদ শাহ, আরাকাণ অধিকার করিতে বাধ্য হইয়াছিলেন[৩৬]। মগ ও ফিরিঙ্গী দস্যুগণের অত্যাচার নিবারণের জন্য, মোগল শাসন কালে, বাঙ্গালার রাজধানী, রাজমহল এবং তাণ্ডা বা তাঁড়া হইতে, জহাঙ্গীরনগর-ঢাকায় স্থানান্তরিত হইয়াছিল। আওরঙ্গজেবের রাজ্যকালে বাঙ্গালার নাজিম, নবাব শায়েস্তা খাঁ কর্ত্তৃক চট্টগ্রাম অধিকৃত হইলে[৩৭] মগদস্যুগণের অত্যাচার নিবারিত হইয়াছিল।

বখ্তিয়ার কর্ত্তৃক বঙ্গ-বিজয়ের তারিখ সম্বন্ধে বহু মতভেদ আছে। তবকাৎ-ই-নাসিরী অনুবাদক মেজর র‍্যাভার্টির (H. G. Raverty) মতানুসারে ৫৯০ হিজরায় (১১৯৩ খৃষ্টাব্দে), বখ্তিয়ার নোদিয়া বা নবদ্বীপ আক্রমণ করিয়াছিলেন[৩৮]। ব্লখ্‌মানের (H. Blochmann) মতানুসারে, ৫৯৪ বা ৫৯৫ হিজরায় (১১৯৭—৯৮ খৃষ্টাব্দে), নবদ্বীপ আক্রান্ত হইয়াছিল[৩৯]। মুদ্রাতত্ত্ববিদ্ টমাসের (E. Thomas) মতানুসারে, ৫৯৯ হিজরায়[৪০] (১২০২ খৃষ্টাব্দে), ও ঐতিহাসিক ষ্টুয়ার্টের (Stewart) মতানুসারে, ৬০০ হিজরায় (১২০৩ খৃষ্টাব্দে[৪১]), বখ্তিয়ার নবদ্বীপ আক্রমণ করিয়াছিলেন। এই সকল ভিন্ন ভিন্ন মতের মধ্যে র‍্যাভার্টির

---

(৩৬) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, p. 180, No. 229.

(৩৭) Jadunath Sarkar's History of Aurangjib, Vol. III, pp. 229—41.

(৩৮) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৫৭৩, পাদটীকা ৯, ও পৃঃ xxiii—xxvi.

(৩৯) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIV, 1875, pt. I, pp, 134—35.

(৪০) Chronicles of the Pathan Sultans of Delhi, p. 110.

(৪১) Stewart's History of Bengal, London 1813, p. 43.

মত গ্রাহ্য হইতে পারে না। ৫৮৮ হিজরায় (১১৯২ খৃষ্টাব্দে), তিরৌরী বা তরাইনের যুদ্ধে, চাহমানরাজ দ্বিতীয় পৃথ্বীরাজ নিহত হইয়াছিলেন[৪২]। ৫৯০ হিজরায় (১১৯৩ খৃষ্টাব্দে), গাহডবালরাজ জয়চ্চন্দ্র পরাজিত ও নিহত হইয়াছিলেন[৪৩]। জয়চ্চন্দ্র জীবিত থাকিতে, কোন মুসলমান সেনাপতি, গাহডবালরাজ্যের কোন অংশে অধিকার প্রাপ্ত হন নাই। সুতরাং ৫৯০ হিজরায়, বখ্‌তিয়ার, ভগবৎ ও ভোইলি পরগণার অধিকার প্রাপ্ত হন নাই। অতএব, এই বৎসর, তাঁহার পক্ষে, বিহার এবং লক্ষ্মণাবতী অধিকার অসম্ভব। র‍্যাভার্টি বলেন যে, বখ্‌তিয়ার ৬০২ হিজরায় নিহত হইয়াছিলেন এবং তৎপূর্ব্বে দ্বাদশবর্ষ রাজ্যভোগ করিয়াছিলেন[৪৪]। ৬০২ হিজরায় (১২০৫ খৃষ্টাব্দে) হইতে, দ্বাদশ সৌর বৎসর গণনা করিলে ৫৯০ হিজরায় (১১৯৩ খৃষ্টাব্দে), উপনীত হওয়া যায়; এই বৎসর কুতব্‌-উদ্দীন কর্ত্তৃক কোল দুর্গ অধিকৃত হইয়াছিল এবং জয়চ্চন্দ্র তখনও জীবিত। ৬০২ হিজরা হইতে, দ্বাদশ চান্দ্রবৎসর গণনা করিলে ৫৯০ হিজরায় উপনীত হওয়া যায়, এই বৎসর চন্দওয়ারের যুদ্ধে জয়চ্চন্দ্র নিহত হইয়াছিলেন, সুতরাং এই বৎসরে নবদ্বীপ আক্রমণ অসম্ভব। ৫৯৯ ও ৬০০ হিজরায় নবদ্বীপ আক্রমণ অসম্ভব, কারণ ৬০২ হিজরায় বখ্‌তিয়ারের মৃত্যু হইয়াছিল এবং দুই অথবা তিন চান্দ্রবৎসরের মধ্যে নবদ্বীপ আক্রমণ, লক্ষ্মণাবতী বিজয়, দেবকোট অধিকার, কামরূপ অভিযান ও প্রত্যাগমন ঘটিয়া উঠা সম্ভবপর নহে! নবদ্বীপ আক্রমণের তারিখ সম্বন্ধে ব্লখ্‌মানের মত অপেক্ষাকৃত সমীচীন। তবকাৎ-ই-নাসিরীতে নবদ্বীপ আক্রমণের তারিখ প্রদত্ত

---

(৪২) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৪৬৯।

(৪৩) তবাকৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৪৭০

(৪৪) ঐ পৃঃ xxiii.

াছে, কিন্তু শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্ত্তী ব্যতীত, এ পর্য্যন্ত অন্য
হ, তাহা লক্ষ্য করেন নাই ৪৫। বখ্‌তিয়ার যখন বিহার আক্রমণ
রিয়াছিলেন, তখন রায় লথ্‌মনিয়া অশীতি বর্ষকাল রাজ্যভোগ
রিয়াছিলেন। মিন্‌হাজ্‌-উস্‌-সিরাজ্‌, লক্ষ্মণসম্বৎসরের অশীতি বর্ষ
তিক্রান্ত হইলে, মগধমণ্ডল মুসলমানগণ কর্ত্তৃক আক্রান্ত হইয়াছিল এই
থা শুনিয়া, গৌড়ীয় ভাষায় অজ্ঞতা বশতঃ, পূর্ব্বোক্ত কথা লিপিবদ্ধ
রিয়া গিয়াছেন ৪৬। লক্ষ্মণসম্বৎসরের অশীতি বর্ষ অতীত হইলে অর্থাৎ
লক্ষ্মণ সম্বৎসরে বখ্‌তিয়ার উদ্দণ্ডপুর অধিকার করিয়াছিলেন।
ক্ষ্মণ সম্বৎসর, ১১১৯ খৃষ্টাব্দ হইতে, গণিত হইতেছে ৪৭। সুতরাং ৮০—
লক্ষ্মন সম্বৎ, অর্থাৎ ১১১৯ খৃষ্টাব্দ বা ৫৯৫ হিজরীতে, উদ্দণ্ডপুর
খ্‌তিয়ার কর্ত্তৃক অধিকৃত হইয়াছিল। যে বৎসর উদ্দণ্ডপুর অধিকৃত
ইয়াছিল, তাহার পরবৎসর বখ্‌তিয়ার নবদ্বীপ আক্রমণ করিয়াছিলেন,
তরাং ৫৯৬ হিজরায় ৮১ লক্ষ্মণ সম্বৎসরে=১২০০ খৃষ্টাব্দে গৌড়মণ্ডল
সলমানগণ কর্ত্তৃক আক্রান্ত হইয়াছিল। ১১৯৯ খৃষ্টাব্দে যে বখ্‌তিয়ার
দ্দণ্ডপুর অধিকার করিয়াছিলেন, সে বিষয়ে কোনই সন্দেহ থাকিতে পারে
া, কারণ কেম্‌ব্রিজ বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে রক্ষিত, "পঞ্চাকার" নামক
গ্রন্থের পুষ্পিকা হইতে, অবগত হওয়া যায়, যে গোবিন্দপালদেবের অষ্ট-
ত্রিংশৎ রাজ্যাঙ্কে তাঁহার অধিকার বিনষ্ট হইয়াছিল ৪৮। গয়ার গদাধর

(৪৫) Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. V, p. 152.

(৪৬) Indian Antiquary, Vol. XIX, p. 2, Note 3.

(৪৭) Epigraphia Indica, Vol. VIII, App. I, p. 1.

(৪৮) Memoirs of the Asiatic Society of Bengal, Vol. V, p. 11. pl. XXXVIII; Bendall's Catalogue of Buddhist Sanskrit Manuscripts in the University Library, Cambridge, pp. iii, 188, No. Add. 1699, I.

মন্দিরের শিলালিপি হইতে অবগত হওয়া যায় যে, ১১৬১ খৃষ্টাব্দে গোবিন্দপাল দেব অভিষিক্ত হইয়াছিলেন[৪৯], সুতরাং তাঁহার ৩৮শ রাজ্যাঙ্কে অর্থাৎ ১১৯৯ খৃষ্টাব্দে, উদ্দণ্ডপুর বখ্‌তিয়ার কর্ত্তৃক অধিকৃত হইয়াছিল। ইহার পর বৎসর অর্থাৎ ১২০০ খৃষ্টাব্দে বখ্‌তিয়ার নবদ্বীপ আক্রমণ করিয়াছিলেন।

---

(৪৯) Memoirs of the Asiatic Society of Bengal, Vol. V. p, 109.

পরিশিষ্ট "ক"।

মুসলমান বিজয়ের পরবর্ত্তী যুগে সেনরাজবংশ।

মৌলানা মিনহাজ্-উস্-সিরাজ্ যখন তবকাৎ-ই-নাসিরী রচনা করিয়াছিলেন, তখনও বঙ্গে (পূর্ব্ববঙ্গে), লক্ষ্মণসেনের বংশধরগণের অধিকার লোপ হয় নাই। প্রাচ্যবিদ্যা-মহার্ণব সিদ্ধান্তবারিধি শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়ের মতানুসারে, লক্ষ্মণসেন, মুসলমান বিজয়ের পরে, অন্ততঃ ছয় বৎসর (১১৯৯-১২০৫ খৃষ্টাব্দ), পর্য্যন্ত রাজত্ব করিয়াছিলেন। তাঁহার মতানুসারে তৎপুত্র দনুজমাধব বা দনৌজামাধব পরে রাজ্যলাভ করিয়াছিলেন! "বিংশতিবর্ষ পূর্ব্বে বিশ্বকোষে ও তৎপরে এসিয়াটিক সোসাইটির পত্রিকায় প্রকাশ করি যে, লক্ষ্মণসেনের পরে তৎপুত্র বিশ্বরূপ সেন পূর্ব্ববঙ্গের অধিপতি হইয়াছিলেন। কিন্তু হরিমিশ্র ও এড়ুমিশ্রের কারিকা এবং রাঢ়ীয় ব্রাহ্মণ ও কায়স্থ সমাজের সমীকরণের ইতিহাস আলোচনা করিয়া এখন মনে হইতেছে যে, লক্ষ্মণসেনের পরে তৎপুত্র দনুজমাধব বা দনৌজামাধব বঙ্গাধিপত্য লাভ করিয়াছিলেন।" দনৌজা-মাধবকে লক্ষ্মণসেনের পুত্র বলিয়া, পরপত্রে, বসুজ মহাশয় প্রমাণ করিয়াছেন যে দনৌজামাধবের প্রকৃত নাম মাধবসেন। তাঁহার মতানুসারে দনৌজামাধব বা মাধব-সেনের পরে, তাঁহার কেশবসেন ও বিশ্বরূপসেন, নামক কনিষ্ঠ ভ্রাতৃদ্বয় পূর্ব্ববঙ্গের অধিকার লাভ করিয়াছিলেন। মাধবসেন, কেশবসেন ও বিশ্বরূপসেনের যে পরিচয় কুলশাস্ত্র ব্যতীত অন্য উপাদান হইতে সংগৃহীত হইতে পারে তাহা প্রথম ভাগের দ্বাদশ পরিচ্ছেদে সন্নিবিষ্ট হইয়াছে। লক্ষ্মণসেনের কোনও পুত্রের নাম যে দনৌজা-মাধব ছিল, তাহা বিজ্ঞানসম্মত প্রমাণাভাবে স্বীকার করা যায় না। বিশ্বরূপসেনের পরে, লক্ষ্মণনারায়ণ নামক এক পুত্রের নাম, বসুজ মহাশয় বৈদ্যকুল গ্রন্থ হইতে উদ্ধার করিয়াছেন, আইন-ই-আকবরীর কোন কোন পুঁথিতে ইহার নাম দেখিতে পাওয়া যায়। এতদ্ব্যতীত ইহার অস্তিত্বের অপর কোনও প্রমাণ অদ্যাবধি আবিষ্কৃত

হয় নাই। বসুজ মহাশয়ের মতানুসারে, লক্ষ্মণনারায়ণের পরে মধুসেন নামক একজন রাজা পূর্ব্ববঙ্গের আধিপত্য লাভ করিয়াছিলেন। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, সি, আই, ই, পঞ্চরক্ষা নামক একখানি বৌদ্ধগ্রন্থ আবিষ্কার করিয়াছেন, ইহার পাদটীকায় মধুসেনের নাম ও তারিখ প্রদত্ত আছে ঃ—

"মহারক্ষা মহামন্ত্রানুসারিণী মহাবিদ্যা সমাপ্তা যে ধর্ম্মা হেতু প্রভবা হেতুং তেষাং তথাগতো হ্যবদৎ তেষাং চ যো নিরোধো এবম্বাদী মহাশ্রমণঃ ॥ দেয় ধর্ম্মোঽয়ং প্রবর-মহাযানযায়িনঃ পরমোপ [।] সক সাধু বীয়োকস্য যদত্র—পুণ্যন্তদ্ভবত্বাচার্য্যোপাধ্যায়-মাতা-পিতৃ-পূর্ব্বঙ্গমং কৃত্ব [।] সকল

পরমেশ্বর পরমসৌগত পরমরাজাধিরাজ শ্রীমদ্ গৌড়েশ্বর মধুসেনদেবকানাং প্রবর্দ্ধ-মানবিজয়রাজ্যে যত্রাঙ্কেনাপি শকনরপতে শকাব্দাঃ ১২১১ ভাদ্র দি ৩॥

সুতরাং মধুসেন ১২৮৯ খৃষ্টাব্দে জীবিত ছিলেন। আইন্-ই-আকবরীতে ইহার নাম নাই, কারণ উক্ত গ্রন্থে কেশবসেনের পূর্ব্বে "মাধুসেনের" নাম দেখিতে পাওয়া যায়, তিনি সম্ভবতঃ মাধবসেন; কিন্তু কেশবসেনের পরে সদাসেন বা সুরসেন এবং নৌজা ব্যতীত অন্য কোন রাজার নাম নাই।

৬৮২ হিজরায়, সুলতান গিয়াস্-উদ্দীন বল্বন, বাঙ্গালার বিদ্রোহী শাসনকর্ত্তা, মুগীস্-উদ্দীন্ তোগ্রলকে পরাজিত ও নিহত করিয়াছিলেন, এই সময়ে দনুজরায় নামক এক ব্যক্তি সুবর্ণগ্রাম বা পূর্ব্ববঙ্গের অধীশ্বর ছিলেন। এই দনুজরায় সম্ভবতঃ গৌড়ীয় কুলশাস্ত্রের দনুজমাধব বা দনৌজামাধব এবং আইন ই-আকবরীর রাজা নৌজা। মধুসেন ও দনুজরায় বা দনুজমাধব ব্যতীত সুবর্ণগ্রাম বা পূর্ব্ববঙ্গের অপর কোনও হিন্দু রাজার অস্তিত্বের ঐতিহাসিক প্রমাণ অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই।

পঞ্জাবের উত্তর পূর্ব্ব সীমায়, হিমাচলের ক্রোড়দেশে অবস্থিত কতকগুলি পার্ব্বত্য রাজ্যের অধীশ্বর, এখনও সেনরাজবংশসম্ভূত বলিয়া পরিচয় দিয়া থাকেন। মণ্ডী ও সুকেত রাজ্যের কুলপঞ্জিকা অনুসারে, লক্ষ্মণসেনের বংশধর, সুরসেন ১২৫৯ বিক্রম সম্বৎসরে মুসলমানগণ কর্ত্তৃক গৌড়দেশ হইতে তাড়িত হইয়া, প্রয়াগে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। সুরসেনের পুত্র, রূপসেন, পিতার মৃত্যুর পরে, প্রয়াগ পরিত্যাগ করিয়া, পঞ্জাবে, রূপর নামক স্থানে, একটি নূতন রাজ্য স্থাপন করিয়াছিলেন। রূপসেন বাঙ্গালার সেনরাজবংশসম্ভূত কিনা এবং মুসলমান বিজিত গৌড়দেশ হইতে পলায়ন করিয়া,

সুলতান কুতব্-উদ্দীন ইবকের রাজ্যভুক্ত, প্রয়াগে, গৌড়রাজের আশ্রয় গ্রহণ সম্ভব কিনা তাহা বিবেচ্য, কিন্তু এই সকল তথ্যের সত্যানুসন্ধান এখনও সম্ভব নহে, কারণ এই বিষয় সম্বন্ধে ঐতিহাসিক প্রমাণাভাব। পঞ্জাব গেজেটীয়র ও শ্রীমতী সরলা দেবী সঙ্কলিত বিবরণ অনুসারে, কাশ্মীর, পুঞ্চ, সুকেত, মণ্ডী ও জুঙ্গার বর্ত্তমান অধীশ্বরগণ গৌড়রাজ রূপসেনের বংশজাত।

দ্বিতীয় পরিচ্ছেদ

মহম্মদ বখ্‌তিয়ার ও তাঁহার স্থলাভিষিক্তগণ।

হিজরা ৫৯৫—৬২৪, খৃষ্টাব্দ ১১৯৯—১২২৬।

বখ্‌তিয়ারের পূর্ব্বপরিচয়—ভারতে আগমন—লুণ্ঠনলব্ধঅর্থে সেনা সংগ্রহ—মনের ও বিহার অধিকার—নবদ্বীপ আক্রমণ—নবদ্বীপ হইতে প্রত্যাবর্ত্তন—লক্ষ্মণাবতী অধিকার—নবদ্বীপ অধিকারের প্রকৃত তারিখ—বখ্‌তিয়ারের তিব্বত অভিযান—আলীমেচ্—বর্দ্ধনকোট—কামরূপরাজের প্রস্তাব—করমসিন বা করারপত্তন দুর্গ—মুসলমান সেনার প্রত্যাবর্ত্তন—কামরূপবাসিগণের সহিত যুদ্ধ—মুসলমান সেনার বিনাশ—দেবকোটে প্রত্যাবর্ত্তন—বখ্‌তিয়ারের মৃত্যু—লক্ষ্মণাবতীর মালিকগণের সহিত দিল্লীর বাদশাহগণের সম্বন্ধ—মহম্মদ্ শেরাণ্—পূর্ব্বপরিচয়—রাজ্যলাভ—আলীমর্দ্দান—তাঁহার কারারোধ ও পলায়ন—কুতব্-উদ্দীনের আশ্রয়গ্রহণ—কাএমাজ্ রুমীর লক্ষ্মণাবতী আক্রমণ—মহম্মদ্-শেরাণের মৃত্যু—আলীমর্দ্দানের রাজ্যলাভ—তাঁহার অহঙ্কার—আলীমর্দ্দানের হত্যা—হসাম্‌উদ্দীন ইউয়জ্—রাজ্যলাভ—স্বাধীনতা ঘোষণা—নিজনামে মুদ্রাঙ্কণ—অল্‌তমশ কর্ত্তৃক লক্ষ্মণাবতী আক্রমণ—সন্ধি—অল্‌তমশ কর্ত্তৃক মগধ অধিকার—ইজ্জুদ্দীন জানী-ইউয়জ্ কর্ত্তৃক মগধ আক্রমণ—ইউয়জ্ কর্ত্তৃক কামরূপ ও বঙ্গদেশ আক্রমণ—সুলতান নাসির্-উদ্দীন মহ্‌মুদ্ কর্ত্তৃক লক্ষ্মণাবতী আক্রমণ ও অধিকার—গিয়াস্-উদ্দীন ইউয়জের মৃত্যু।

লক্ষ্মণাবতীর মালিকগণঃ—		হিজরা	খৃষ্টাব্দ
ইখ্‌তিয়ার-উদ্দীন মহম্মদ্ বখ্‌তিয়ার	...	৫৯৫—৬০২	১১৯৯—১২০৫
মহম্মদ্ শেরাণ	... ...	৬০২—৬০৫	১২০৫—১২০৮
আলীমর্দ্দান খিল্‌জি	... ...	৬০৫—৬০৮	১২০৮—১২১১
হসাম্-উদ্দীন বা গিয়াস্-উদ্দীন ইউয়জ্		৬০৮—৬২৪	১২১১—১২২৬

দিল্লীর সুলতানগণঃ—		হিজরা	খৃষ্টাব্দ
মহম্মদ-বিন্-সাম	..	... ৫৮৯—৬০২	১১৯৩—১২০৫
কুতব্-উদ্দীন্ ইবক্	...	... ৬০২—৬০৭	১২০৫—১২১০
আরাম্ শাহ্	...	... ৫০৭	১২১০
শমস্-উদ্দীন্ অল্তমশ ...		... ৬০৭—৬৫৩	১২১০—১২৩৫

উড়িষ্যার গঙ্গবংশীয় রাজাগণঃ—			
৩য় রাজরাজদেব	...	...	... ১১৯৮—১২১১
৩য় অনঙ্গভীমদেব	...	...	... ১২১১—১২৩৮

নেপালের রাজাগণঃ—			
অরিমল্লদেব	...	...	... ১২০৬—১২১৬
রণসুর	...	...	... ১২২১
অভয়মল্ল	...	...	... ১২২৩—১২৫২

চন্দেল্ল বংশীয় রাজগণঃ—			
ত্রৈলোক্যবর্ম্মা	...	...	... ১২১২—১২৪১

ইখ্‌তিয়ার-উদ্দীন মহম্মদ বখ্‌তিয়ার, গর্ম্মসীর দেশবাসী খল্‌জ জাতীয় আফ্‌গান। তিনি জন্মভূমি ত্যাগ করিয়া জীবিকা অর্জ্জনের চেষ্টায় গজ্‌নীতে সুলতান মুঈজ্জুদ্দীন মহম্মদ বিন্ সামের নিকটে আসিয়াছিলেন। গজনীর দেওয়ান্-ই-আরজ্ (Muster-master) তাঁহার দেহের খর্ব্বতার জন্য তাঁহাকে সৈন্যশ্রেণীভুক্ত করেন নাই। গজ্‌নীতে বখ্‌তিয়ার কোনও সামান্য পদ পাইয়াছিলেন, কিন্তু তিনি তাহা পরিত্যাগ করিয়া দিল্লীতে আসিলেন। দিল্লীর দেওয়ান্-ই-আরজ্, তাঁহার খর্ব্বতার জন্য, তাঁহাকে সৈন্যশ্রেণীভুক্ত না করায়, তিনি দিল্লী পরিত্যাগ করিয়া বদাওনে গমন করিলেন। বদাওনের সিপাহ্-সালার হজাবরুদ্দীন হসন্-ই-অদীব বখ্‌তিয়ারকে তাঁহার অধীনে কার্য্যে নিযুক্ত করিলেন। বখ্‌তিয়ারের

পিতৃব্য, মহম্মদ্-ই-মহ্মুদ, তিরৌরীর বা তরাইনের যুদ্ধের পরে, আলী নাগাওরীর সেনাদলে প্রবিষ্ট হইয়াছিলেন। আলি নাগাওরী, নাগাওরের শাসনকর্ত্তা নিযুক্ত হইলে, মহম্মদ্-ই-মহ্মুদ কষমণ্ডী বা কষ্টমণ্ডীর অধিকার প্রাপ্ত হইয়াছিলেন, এবং তাঁহার মৃত্যুর পরে বখ্তিয়ার সেই অধিকার প্রাপ্ত হইয়াছিলেন। কিয়ৎকাল পরে, তিনি, আউধে মালিক হুসামুদ্দীন আগুল্বকের নিকট গমন করিয়াছিলেন, এই সময়ে তিনি একটি অশ্ব ও উপযুক্ত অস্ত্র সংগ্রহ করিয়াছিলেন বলিয়া হুসামুদ্দীন তাঁহাকে ভগবৎ ও ভোইলির অধিকার প্রদান করিয়াছিলেন [১]। হুসামুদ্দীন বখ্তিয়ারকে যে গ্রামদ্বয় দান করিয়াছিলেন, তাহার নাম সম্বন্ধে, ভিন্ন ভিন্ন ইতিহাসে, ভিন্ন ভিন্ন বিবরণ দেখিতে পাওয়া যায়। তবকাৎ-ই-নাসিরীর মূলে সহলৎ বা সহলস্ত ও সহিলী বা সহওয়ালী মুদ্রিত আছে [২]। বথ্শী নিজামুদ্দীন আহ্মদের তবকাৎ-ই-আকবরীতে কম্পিলা ও পতিআলী নাম দেখিতে পাওয়া যায় [৩]। বদাওনীর মন্তখব্-উৎ-তওয়ারিখেও এই নাম দেখিতে পাওয়া যায় [৪]। গোলাম হোসেন সলিমের রিয়াজ-উস্ সালাতীনে কম্বালা ও বেতালী নাম দেখিতে পাওয়া যায় [৫]। তবকাৎ-ই-নাসিরী অনুবাদক মেজর র‍্যাভার্টি (Major H. G. Raverty) বলেন যে, তবকাৎ-ই-নাসিরীর প্রাচীনতম পুঁথিতে ভগবৎ ও ভোইলি নাম দেখিতে পাওয়া যায়। চুণারগড়ের নিকটে গঙ্গা ও কর্ম্মনাশার মধ্যবর্ত্তী ভূভাগে দুইটি পরগণা এখনও এই নামে পরিচিত। কম্পিলা (সম্ভবতঃ কুম্বিলা) ও পতিতা (ইহাই বোধ হয় পতিআলী বা বেতালীর শুদ্ধ

---

(১) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৫৫০।

(২) তবকাৎ-ই-নাসিরী, মূল, পৃঃ ১৪৭।

(৩) তবকাৎ-ই-আকবরী (Bibliotheca Indica) মূল, পৃঃ ৪৭।

(৪) মন্তখব্-উৎ-তওয়ারিখ, (Bib. Ind.) মূল, পৃঃ ৫৭।

(৫) রিয়াজ—উস্—সালাতীন (Bib. Ind.) মূল, পৃঃ ৬১।

নাম) ভগবৎ ও ভোইলির নিকটে অবস্থিত। বর্ত্তমান চুণারগড় দুর্গ সম্ভবতঃ ভগবৎ পরগণার মধ্যে অবস্থিত ছিল ৬। তাঁহার অধিকার হইতে বখ্‌তিয়ার মনের ও বিহার প্রদেশ লুণ্ঠন করিতেন ৭। মনের শোণ ও গঙ্গার বর্ত্তমান সঙ্গমস্থলে অবস্থিত। বিহার এখনও ঐ নামেই পরিচিত, ইহা পাটনা জেলার একটি মহকুমা।

মনের বিহার প্রদেশের প্রাচীন নাম মগধ, মগধ লুণ্ঠনে লব্ধ অর্থে বখ্‌তিয়ার অশ্ব ও অস্ত্র ক্রয় করিয়া, সেনা সংগ্রহ করিতে আরম্ভ করিলেন। এই সময়ে তাঁহার যশ চতুর্দ্দিকে ব্যাপ্ত হইয়া পড়িয়াছিল; ভারতবর্ষের ভিন্ন ভিন্ন স্থান হইতে আসিয়া, খলজ্ জাতীয় আফ্‌গানগণ, তাঁহার সেনাদলভুক্ত হইয়াছিল। মালিক কুতব্-উদ্দীন, তাঁহার বীরত্ব ও ধনসম্পদের সুখ্যাতি শ্রবণ করিয়া, তাঁহাকে একটি খিলাৎ প্রেরণ করিয়াছিলেন ৮। ইহার পরে, তিনি সসৈন্য বিহার প্রদেশ আক্রমণ করিয়া, অধিবাসিগণকে অত্যাচারে জর্জ্জরিত করিয়া তুলিয়াছিলেন। কিয়ৎকাল মগধরাজ্য লুণ্ঠন করিয়া, বখ্‌তিয়ার বিহারের দুর্গ আক্রমণের আয়োজন করিলেন। যে প্রকারে বিহারের দুর্গ আক্রান্ত রক্ষিত ও অধিকৃত হইয়াছিল, তাহা পূর্ব্বে বর্ণিত হইয়াছে ৯। বিহার অধিকার করিয়া, বখ্‌তিয়ার, সুলতান কুতব্-উদ্দীন ইবকের সহিত সাক্ষাৎ করিতে গমন করিয়াছিলেন ১০।

---

(৬) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৫৫০, পাদ টীকা ৫।

(৭) তবকাৎ ই-নাসিরী (Bib. Ind.) মূল, পৃঃ ১৪৭।

(৮) ঐ।

(৯) বাঙ্গালার ইতিহাস, প্রথমভাগ, পৃঃ ৩২০—২২।

(১০) রিয়াজ-উস্-সালাতীন, ইংরাজী অনুবাদ, পৃঃ ৬২; তবকাৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৫৫২; মন্তখব্-উৎ-তওয়ারিখ, ইংরাজী অনুবাদ, পৃঃ ৮২; তবকাৎ-ই-আকবরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৫০; Elliot's History of India, Vol. II, p. 233; Taj-ul-ma'sir.

কুতব্-উদ্দীন, মগধ বিজেতাকে, সাদরে অভ্যর্থনা করিয়া, যথোচিত সম্মান প্রদর্শন করিয়াছিলেন। যে বৎসর বিহারদুর্গ অধিকৃত হইয়াছিল, তাহার পর বৎসর, বখ্তিয়ার নোদিয়া আক্রমণ করিয়াছিলেন, নবদ্বীপ আক্রমণ কাহিনীও যথাস্থানে বিবৃত হইয়াছে[১১]।

নবদ্বীপ অধিকার করিয়া বখ্তিয়ার তাহা ধ্বংস করিয়াছিলেন এবং তৎপরিবর্ত্তে, লখ্নৌতী বা লক্ষ্মণাবতীতে অর্থাৎ গৌড়ে বাস করিয়াছিলেন। ইহাই মিন্হাজ্-উস্-সিরাজের প্রদত্ত বিবরণ[১২]। তবকাৎ-ই-নাসিরী ও তাজ্-উল্-মাসির্[১৩] ব্যতীত মুসলমান বিজয়ের আর কোনও সমসাময়িক ইতিহাস নাই। তন্মধ্যে তবকাৎ-ই-নাসিরীতেই গৌড় বিজয়ের বিবরণ আছে। পরবর্ত্তী সমস্ত মুসলমান ও হিন্দু ঐতিহাসিক তবকাৎ-ই-নাসিরী হইতেই বখ্তিয়ারের গৌড়বিজয় কাহিনী সঙ্কলন করিয়াছেন। তথাপি মুসলমান ঐতিহাসিকগণের গ্রন্থসমূহে বহু স্বকপোল কল্পিত কথা ও অলীক ঘটনার সমাবেশ দেখিতে পাওয়া যায়। বিখ্যাত মুসলমান ঐতিহাসিক মহম্মদ্ কাসিম্ হিন্দু শাহ্ আস্রাবাদী ওর্ফে ফেরেশ্তা, তাঁহার তারিখ্-ই-ফেরেশ্তা নামক, বিখ্যাত ইতিহাসে লিপিবদ্ধ করিয়া গিয়াছেন যে, বখ্তিয়ার লখ্নৌতী ও বঙ্গের মধ্যবর্ত্তী নোদিয়া বা নবদ্বীপ নগর ধ্বংস করিয়াছিলেন এবং নবদ্বীপের পরিবর্ত্তে বাঙ্গালাদেশে রঙ্গপুর নামে একটি নূতন রাজধানী নির্ম্মাণ করিয়াছিলেন[১৪]। তারিখ্-ই-ফেরেশ্তা ব্যতীত এই কথা আর কোন ইতিহাসে দেখিতে পাওয়া যায় না এবং এই উক্তির পক্ষে কোনও

(১১) বাঙ্গালার ইতিহাস, প্রথমভাগ পৃঃ ৯২৪—২৬।

(১২) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৫৫৯।

(১৩) Elliot's History of India, Vol. II, pp. 209-10, 259-60.

(১৪) তারিখ-ই-ফেরেশ্তা, নওল কিশোর প্রেস্, লখ্নৌ, পৃঃ ২৯৩।

প্রমাণ থাকিলে তাহা মহম্মদ্ কাসিম্ হিন্দু শাহ্ ব্যতীত অপর কোন ঐতিহাসিকের নয়নগোচর হয় নাই। তবকাৎ-ই-আকবরী প্রণেতা বথ্শী নিজামুদ্দীন আহমদ্ লিপিবদ্ধ করিয়া গিয়াছেন যে, নোদিয়া ধ্বংস করিয়া বখ্তিয়ার তৎপরিবর্ত্তে একটি নূতন নগর নির্ম্মাণ করিয়াছিলেন, লখ্নৌতী যে স্থানে অবস্থিত ছিল সেই স্থানেই নূতন নগর নির্ম্মিত হইয়াছিল ১৫। আব্দুল্কাদের বদাওনী লিপিবদ্ধ করিয়া গিয়াছেন যে, বখ্তিয়ার নিজনামে একটি নগর স্থাপন করিয়া তাহা রাজধানী করিয়াছিলেন, সেই নগর এখন গৌড় নামে পরিচিত ১৬। এই সকল উক্তির মধ্যে কেবল তবকাৎ-ই-নাসিরীর উক্তি উল্লেখযোগ্য, নোদিয়া বা নবদ্বীপ। আক্রান্ত হইলেও মুসলমানগণ কর্ত্তৃক অধিকৃত বা বিজিত হয় নাই, এই জন্যই পূর্ব্বে কথিত হইয়াছে যে বখ্তিয়ারের নদীয়া-বিজয়-কাহিনী সম্ভবতঃ অলীক ১৭। বখ্তিয়ার কর্ত্তৃক নবদ্বীপ-আক্রমণের পঞ্চপঞ্চাশদ্বর্ষ পরে নবদ্বীপ অধিকৃত হইয়াছিল এবং সেই ঘটনার স্মরণচিহ্ন-স্বরূপ, বাঙ্গালার তদানীন্তন সুলতান, মুগীস্-উদ্দীন যুজ্বক্, নোদিয়া ও গঢ়মর্দ্দন বা বর্দ্ধনকোটের রাজস্বে, নূতন মুদ্রা মুদ্রাঙ্কিত করাইয়াছিলেন ১৮। সম্ভবতঃ নবদ্বীপ আক্রমণ করিয়া, উহা রক্ষা করিতে না পারিয়া, বখ্তিয়ার পশ্চাৎপদ হইয়াছিলেন, এবং পরে লক্ষ্মণাবতী অধিকার করিয়া বাঙ্গালার প্রাচীন রাজধানীতে বাস করিয়াছিলেন।

কোন্ সময়ে, কিরূপে, লক্ষণাবতী অধিকৃত হইয়াছিল, তাহা অবগত হইবার কোন উপায়ই অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। মুসলমান ঐতি-

(১৫) তবকাৎ-ই- আকবরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৪১।

(১৬) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজী অনুবাদ, পৃঃ ৮৩।

(১৭) বাঙ্গালার ইতিহাস, প্রথম ভাগ, পৃঃ ৩২৫।

(১৮) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, p. 146, No. 6.

হাসিকগণ এ বিষয়ে নীরব, হিন্দুর রচিত ইতিহাস নাই এবং শিলালিপি বা তাম্রশাসনে এ বিষয়ের উল্লেখ নাই। তবকাৎ-ই-নাসিরীতে দেখিতে পাওয়া যায় যে, লক্ষ্মণাবতীকে রাজধানী করিয়া, বখ্‌তিয়ার সেই রাজ্যের, অর্থাৎ লক্ষ্মণসেনের রাজ্যের, ভিন্ন ভিন্ন অংশ অধিকার করিয়াছিলেন[১৯]। এই সকল প্রদেশ বিজয়কালে লব্ধ অর্থ ও দ্রব্যাদি সুল্‌তান কুতব্-উদ্দীন ইবকের নিকট প্রেরিত হইয়াছিল। লক্ষ্মণাবতী জয়ের কয়েক বৎসর পরে, বখ্‌তিয়ার, তিব্বত জয়ের ইচ্ছায়, সেনা সংগ্রহ করিলেন। লক্ষ্মণাবতী ও হিমালয়ের মধ্যবর্ত্তী প্রদেশে, কোচ, মেচ্ ও থারু নামক তিনটি জাতি বাস করে; মেচ্ জাতির একজন নায়ক, বখ্‌তিয়ারের হস্তে পতিত হইয়াছিলেন, বখ্‌তিয়ার তাঁহাকে মুসলমান ধর্ম্মে দীক্ষিত করিয়া, তাঁহার আলী নামকরণ করিয়াছিলেন। এই আলী মেচ্ বখ্‌তিয়ারের তিব্বত অভিযানে তাঁহার পথিপ্রদর্শক হইয়াছিল[২০]। তবকাৎ-ই-নাসিরী অনুসারে দশ সহস্র[২১], রিয়াজ উস্-সালাতীন অনুসারে দশ বা দ্বাদশ সহস্র[২২] তবকাৎ-ই-আকবরী[২৩], ফেরেশ্‌তা[২৪] ও বদাওনী[২৫] অনুসারে দ্বাদশ সহস্র অশ্বারোহী লইয়া, বখ্‌তিয়ার তিব্বত বিজয়ে যাত্রা করিয়াছিলেন। আলী মেচ্ তাঁহাকে বর্দ্ধনকোট[২৬] নগরে আনিয়া উপস্থিত করিয়াছিল। বর্দ্ধনকোটের সম্মুখে গঙ্গার তিন চারিগুণ প্রশস্ত একটি নদী আছে।

---

(১৯) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৫৫৯।

(২০) ঐ, ঐ, পৃঃ ৫৬০।

(২১) ঐ।

(২২) রিয়াজ-উস্-সালাতীন, ইংরাজী অনুবাদ, পৃঃ ৬৪।

(২৩) তবকাৎ-ই-আকবরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৫২।

(২৪) তারিখ-ই-ফেরেশ্‌তা, পৃঃ ২৯৪।

(২৫) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজী অনুবাদ, পৃঃ ৮০।

(২৬) শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ অনুমান করেন যে তবকাৎ-ই-নাসিরীতে যে বর্দ্ধনের নাম আছে, তাহা প্রাচীন পৌণ্ড্রবর্দ্ধন—সাহিত্য, ১৩২০, পৃঃ ৩১২।

তবকাৎ-ই-নাসিরী ও তবকাৎ-ই-আকবরী অনুসারে এই নদীর নাম বেগমতী[২৭] রিয়াজ-উস্-সালাতীন অনুসারে ইহার নাম নমকদি[২৮], বদাওনী অনুসারে ইহার নাম ব্রহ্মণপুত্র[২৯] অর্থাৎ ব্রহ্মপুত্র এবং ফেরেশ্তা অনুসারে ইহার নাম তিম্‌করি[৩০]। এই নদীর অবস্থিতি লইয়া বহু মতভেদ আছে। কেহ মনে করেন ইহা ব্রহ্মপুত্র, কেহ মনে করেন ইহা তিস্তা বা ত্রিস্রোতা, কারণ বর্দ্ধনকোট এখনও বগুড়া জিলায় বিদ্যমান আছে এবং বর্দ্ধনকোটের সম্মুখে করতোয়া ব্যতীত অপর কোনও বৃহৎ নদী নাই[৩১]। বখ্‌তিয়ার, এই নদীর কূল অবলম্বন করিয়া, দশদিন গমন করিবার পরে, বিংশতিটি খিলান যুক্ত একটি প্রাচীন পাষাণ নির্ম্মিত সেতু দেখিতে পাইয়াছিলেন[৩২]। মুসলমান সেনা, সেই সেতু অবলম্বন করিয়া নদী পার হইলে, বখ্‌তিয়ার একজন তুরকী ও একজন খিল্‌জি আমীরকে সেতু রক্ষার্থ নিযুক্ত করিলেন। বখ্‌তিয়ার তিব্বত আক্রমণ করিবেন শুনিয়া, কামরূপরাজ দূতমুখে জ্ঞাপন করিলেন যে, সে সময় তিব্বত আক্রমণ করিবার প্রশস্ত সময় নহে। আগামী বৎসরে তিনি, স্বয়ং, সমস্ত সেনা লইয়া, বখ্‌তিয়ারের সহিত তিব্বত আক্রমণে যোগদান করিবেন। বখ্‌তিয়ার, কামরূপরাজের উপদেশ গ্রহণ না করিয়া, তিব্বতের পথ অবলম্বন করিলেন এবং সেতু পার হইবার পরে, পঞ্চদশ দিবস পার্ব্বত্যপথে চলিয়া, যোড়শ দিবসে একটি উপত্যকায় উপস্থিত

---

(২৭) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৫৬১, তবকাৎ-ই-আকবরী, ইংরাজী অনুবাদ পৃঃ ৫২।

(২৮) রিয়াজ-উস্-সালাতীন, ইংরাজী অনুবাদ, পৃঃ ৬৫।

(২৯) মস্তখব্-উৎ-তওয়ারিখ, ইংরাজী অনুবাদ, পৃঃ ৮৪।

(৩০) তারিখ-ই-ফেরেশ্‌তা পৃঃ ২৯৪।

(৩১) সাহিত্য, ১৩২০, পৃঃ ৩১১-১২।

(৩২) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৫৬১।

হইলেন। এই স্থানে একটি সুদৃঢ় দুর্গ ছিল, মুসলমানগণ চতুর্দ্দিকস্থ ভূভাগ লুণ্ঠনে প্রবৃত্ত হইলে, দুর্গের ও অন্যান্য স্থানের সেনাগণ তাহাদিগকে আক্রমণ করিল। সেই যুদ্ধে যে সমস্ত শত্রুসেনা বন্দী হইয়াছিল, মুসলমানগণ তাহাদের নিকট হইতে জানিতে পারিলেন যে সেই সকল স্থান হইতে পাঁচ ফরসঙ্গ (প্রায় পঞ্চবিংশ ক্রোশ) দূরে করমপত্তন বা করারপত্তন নামে একটি নগর আছে। সেই স্থানে পঞ্চাশৎ সহস্র তুরস্ক অশ্বারোহী আছে। ইহা শুনিয়া, বখ্‌তিয়ার, আর অগ্রসর হইতে ভরসা করিলেন না[৩৩]। এই নগরের অবস্থান অদ্যাবধি নির্ণীত হয় নাই। ফেরেশ্‌তা অনুসারে ইহার নাম করম্‌সিন[৩৪]। মুসলমান সেনার প্রত্যাবর্ত্তনের পথে, অশ্ব বা মনুষ্যের, খাদ্য মিলিল না; কারণ শত্রুপক্ষ, সেই স্থানের অধিবাসিগণকে স্থানান্তরিত করিয়া শস্যাদি নষ্ট করিয়া দিয়াছিল। মুসলমান সেনা, নিজ অশ্বগুলি, আহার করিতে করিতে, কামরূপে ফিরিয়া আসিল। সে নগরে, তুরস্ক অশ্বারোহী সেনার ভয়ে, বখ্‌তিয়ার সসৈন্য পলায়ন করিয়াছিলেন, সেই নগরে বহু ব্রাহ্মণ ও নূনীদিগের (?) বাস ছিল এবং সেই স্থানে প্রতিদিন সার্দ্ধ সহস্র অশ্ব বিক্রীত হইত। লক্ষ্মণাবতীতে যে সমস্ত তঙ্গহন্ (টঙ্গন বা টাঙ্গন টাটু) অশ্ব আসে তাহা এই স্থান হইতে যায়[৩৫]। রিয়াজ-উস্‌-সালাতীন অনুবাদক মৌলবী আব্দ-উস্‌-সলাম বলেন যে, দিনাজপুরের বিংশতি ক্রোশ উত্তর পশ্চিমে অবস্থিত, নেকৃমর্দ্দন নামক স্থানে একটি মেলায় বহু টাঙ্গন অশ্ব বিক্রীত হইয়া থাকে[৩৬]। যে নগর হইতে বখ্‌তিয়ার তুর্কী অশ্বারোহিগণের ভয়ে পলায়ন করিয়াছিলেন, তাহা দিনাজপুর জেলায় অবস্থিত হইতে পারে না, কারণ, দিনাজপুর হইতে

(৩৩) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৫৬১-৫৬৮।

(৩৪) তারিখ-ই-ফেরেশ্‌তা, পৃঃ ২৯৪।

(৩৫) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৫৬৭।

(৩৬) রিয়াজ-উস্‌-সালাতীন, ইংরাজি অনুবাদ, পৃঃ ৬৬, পাদটীকা ৩।

গৌড়ে প্রত্যাবর্ত্তনের সময়ে, কামরূপের দিকে গমনের কোনও প্রয়োজন দেখিতে পাওয়া যায় না।

কামরূপে ফিরিয়া, মহম্মদ বখ্‌তিয়ার দেখিলেন যে, সেতুর দুইটি খিলান ভাঙ্গিয়া গিয়াছে; তিনি যে দুইজন আমীরকে সেতু রক্ষার জন্য নিযুক্ত করিয়াছিলেন, তাঁহারা বিবাদ করিয়া, সেতু পরিত্যাগ করিয়াছেন, সেই অবসরে কামরূপদেশের হিন্দুরা আসিয়া, সেতুর দুইটি খিলান ভাঙ্গিয়া দিয়াছে[৩৭]। ফেরেশ্‌তা বলেন যে, কামরূপবাসিগণ আমীরদ্বয়ের ব্যবহারে অসন্তুষ্ট হইয়া, সেতুর দুইটি খিলান ভাঙ্গিয়া দিয়াছিল[৩৮]। পার হইবার কোন উপায় নাই দেখিয়া, বখ্‌তিয়ার নদীতীরে স্কন্ধাবার স্থাপন করিয়া, নৌকা ও ভেলা নির্ম্মাণের চেষ্টা করিতে লাগিলেন। সেই স্থানে একখানিও নৌকা পাওয়া গেল না। তখন বখ্‌তিয়ার, নিকটস্থিত একটি উচ্চ দেবমন্দিরে, সসৈন্য আশ্রয় গ্রহণ করিলেন। কামরূপরাজ, মুসলমান সৈন্যের দুর্দ্দশার কথা অবগত হইয়া, সেনা প্রেরণ করিয়া মুসলমানগণকে সেই মন্দিরের মধ্যে অবরোধ করিলেন। কামরূপবাসিগণ, সেই মন্দিরের চারিদিকে, বহু বংশখণ্ডের দ্বারা, প্রাচীর নির্ম্মাণ করিয়াছিল; মুসলমান সেনা যখন দেখিল যে, তাহাদের প্রত্যাবর্ত্তনের পথ রুদ্ধ হইতেছে, তখন তাহারা, প্রাচীরের একস্থান আক্রমণ করিয়া, তাহা ভাঙ্গিয়া বাহির হইয়া পড়িল। দুই একজন অশ্বারোহী, অশ্ব সমেত, নদীর জলে নামিল। তাহারা কিয়দ্দূর গমন করিলে তীরের লোক চীৎকার করিয়া বলিল যে, পথ মিলিয়াছে। তখন সমস্ত মুসলমান সেনা জলে নামিল, সম্মুখে গভীর জল ছিল, বখ্‌তিয়ার ও কয়েকজন অশ্বারোহী ব্যতীত সমস্ত মুসলমান সেনা নদীর জলে প্রাণত্যাগ করিল। নদীর পরপারে, আলী

(৩৭) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৫৬৯।

(৩৮) তারিখ-ই-ফেরেশ্‌তা, পৃঃ ২৯৪।

মেচের আত্মীয় স্বজন, কোন স্থানে অপেক্ষা করিতেছিল, তাহারা অগ্রসর হইয়া আসিল। তাহাদিগের সাহায্যে, বখ্‌তিয়ার ও তাহার সঙ্গিগণ দেবকোটে পৌঁছিলেন। ইহাই মিন্‌হাজ্‌ কর্ত্তৃক লিপিবদ্ধ, বখ্‌তিয়ারের তিব্বতঅভিযানের বিবরণ৩৯। তবকাৎ-ই-নাসিরীর অন্যান্য স্থান যেমন সত্য তথ্যপূর্ণ, এই স্থান তাহা নহে। ইহাতে ইরাণী কল্পনাপ্রসূত অনেক অলীক কাহিনীর সমাবেশ আছে, শাহ গুষ্‌তাস্প, চীন দেশ হইতে প্রত্যা-বর্ত্তনের পথে, কামরূপে আসিয়াছিলেন সে কথা আছে৪০, নদীতীরে, দেবমন্দিরে, দুই তিন হাজার মণ ওজনের সুবর্ণ প্রতিমার কথা আছে৪১। এই সকল কারণে অনুমান হয় যে, মগধ ও গৌড় জয় করিয়া, গর্ব্বান্ধ বখ্‌তিয়ার, হিমালয়ের পাদদেশস্থিত কোনও পার্ব্বত্য জাতি কর্ত্তৃক পরাজিত হইয়াছিল। সেই পরাজয় সংবাদ গোপন করিবার জন্য যে সমস্ত অলীক কাহিনীর অবতারণা করিতে হইয়াছিল, মৌলানা মিন্‌-হাজ্‌-উস্‌-সিরাজ্‌, মাত্র তাহাই লিপিবদ্ধ করিয়া গিয়াছেন।

কেহ কেহ অনুমান করেন যে, আসামে "শিলহাকো" নামক যে সেতু আছে, বখ্‌তিয়ার, সেই সেতু পার হইয়া, তিব্বতে গমন করিয়া-ছিলেন। কিন্তু উহা অসম্ভব, কারণ "শিলহাকো" প্রাচীন কামরূপ দেশের উত্তর পশ্চিম ভাগে অবস্থিত৪২; কামরূপ বিজিত না হইলে, মুসলমান সেনার পক্ষে "শিলহাকো" পার হওয়া অসম্ভব।

দেবকোটে উপস্থিত হইয়া বখ্‌তিয়ার পীড়িত হইয়া পড়িলেন। তিব্বত অভিযানে নিহত, খলজসেনা ও সেনানীগণের পরিবারবর্গ

(৩৯) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজী অনুবাদ, পৃঃ ৫৬০-৭২।
(৪০) ঐ পৃঃ ৫৬১।
(৪১) ঐ পৃঃ ৫৬৯।
(৪২) Journal of the Asiatic Society of Bengal, Old Series Vol. XX, P. 291.

তাঁহাকে পথে দেখিতে পাইলেই অভিশাপ বর্ষণ করিত, সেই জন্য তিনি আর পথে বাহির হন নাই। এই অবস্থায়, কিয়ৎকাল পরে বখ্‌তিয়ারের মৃত্যু হইয়াছিল ৪৩। কেহ কেহ বলেন যে, বখ্‌তিয়ারের অধীন নারান্‌-কোই নামক স্থানের অধিপতি, আলীমর্দ্দান খিল্‌জি, তিব্বত অভিযানে মুসলমান সেনার বিপদ শুনিয়া, দেবকোটে আসিয়াছিলেন। তখন বখ্‌তিয়ার পীড়িত, তিন দিন যাবৎ কেহ তাঁহার দর্শন পায় নাই। সেই সময়ে, কোনও উপায়ে, আলীমর্দ্দান, বখ্‌তিয়ারের কক্ষে প্রবেশ করিয়া, ছুরিকাঘাতে তাহাকে হত্যা করিয়াছিলেন ৪৪। তবকাৎ-ই-নাসিরী অনুসারে ৬০২ হিজরায়, অর্থাৎ ১২০৫-৬ খৃষ্টাব্দে বখ্‌তিয়ারের মৃত্যু হইয়াছিল।

ইখ্‌তিয়ার-উদ্দীন্ মহম্মদ্ বখ্‌তিয়ার সামান্য অবস্থা হইতে বাঙ্গালার অধীশ্বর হইয়াছিলেন, তিনি কোনও সময়ে মহম্মদ্ বিন্ সাম অথবা কুতব্-উদ্দীন্ ইবকের বেতনভোগী ভৃত্য বা কর্ম্মচারী ছিলেন না। গজ্‌নীতে ও দিল্লীতে কার্য্যলাভে বিফল মনোরথ হইয়া, বখ্‌তিয়ার বদাওনে ও আউধে গমন করিয়াছিলেন, সুতরাং তিনি মহম্মদ্ বিন্ সামের সেনাভুক্ত ছিলেন না। তিনি, হুসাম্-উদ্দীন্ আগুল্‌বকের নিকট কার্য্য গ্রহণ করিয়া, যে দুইটি পরগণা প্রাপ্ত হইয়াছিলেন, তাহা হইতে, তিনি ক্রমশঃ মগধ ও লক্ষ্মণাবতী পর্য্যন্ত, স্বীয় আধিপত্য বিস্তার করিয়াছিলেন। তিনি, স্বেচ্ছায় মগধ ও গৌড় আক্রমণ করিয়াছিলেন, কখনও মহম্মদ্ বিন্ সাম অথবা কুতব্-উদ্দীন্ ইবক্ কর্ত্তৃক, উক্ত দেশদ্বয় আক্রমণ করিতে আদিষ্ট হন নাই। তবকাৎ-ই-নাসিরী ও তাজ্-উল্-মাসিরে, বখ্‌তিয়ারের সহিত মহম্মদ্ বিন্ সাম অথবা কুতব্-উদ্দীন্ ইবকের প্রভু ভৃত্য সম্বন্ধ সূচক কোন

(৪৩) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৫৭২।
(৪৪) ঐ, পৃঃ ৫৭২—৭৩।

কথা নাই। হুসাম্-উদ্দীন্ আগুল্বক্, কুতব্-উদ্দীন্ ইবকের, অধীন ছিলেন না [৪৫], সুতরাং বথ্তিয়ার কোন সময়েই তাহার অধীন ছিলেন না। ৫৯৯ হিজরায় বা ১২০২ খৃষ্টাব্দে কুতব্-উদ্দীন্ কালঞ্জর দুর্গ অধিকার করিয়াছিলেন [৪৬]। এই ঘটনার পরে, ৫৯৯ হইতে ৬০০ হিজরায় বা ১২০২ হইতে ১২০৩ খৃষ্টাব্দের মধ্যে, বথ্তিয়ার সুলতান কুতব্-উদ্দীন্ ইবকের সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন [৪৭]। কুতব্-উদ্দীন্, কালঞ্জর অধিকার করিয়া, বদাওনে গিয়াছিলেন; সম্ভবতঃ এই স্থানে বথ্তিয়ার সাক্ষাৎ করিতে আসিয়াছিলেন[৪৮], বথ্তিয়ার, সুলতানকে বিংশতিটি হস্তী এবং নানা প্রকারের রত্ন ও কিঞ্চিৎ অর্থ, উপঢৌকন দিয়াছিলেন [৪৯]। তিনি যখন বিদায় গ্রহণ করেন, তখন, কুতব্-উদ্দীন্, তাঁহাকে একটি তাম্বু, নৌবৎ, একটি নাকারা, একটি নিশান, একটি সুসজ্জিত অশ্ব, একটি কমরবন্দ, একখানি অসি ও একটি বহুমূল্য খিলাৎ প্রদান করিয়াছিলেন। এই স্থানে সুলতানের প্রতিনিধি, কুতব্-উদ্দীনের সম্মান রক্ষা করিবার জন্য, হসন্ নিজামী বলিয়াছিলেন যে, কুতব্-উদ্দীন্ বথ্তিয়ারের ক্ষমতা বৃদ্ধি করিয়াছিলেন[৫০]। ইহা সর্ব্বৈব মিথ্যা, কারণ, বথ্তিয়ার নিজ ভুজবলে ও ধনবলে, শক্তি সঞ্চয় করিয়া, মগধ ও গৌড় অধিকার করিয়াছিলেন। তিনি, স্বেচ্ছায় স্বীয় ক্ষমতা বৃদ্ধি করিয়াছিলেন, সুলতান অথবা তাঁহার প্রতিনিধির আদেশের অপেক্ষা করেন নাই। পরবর্ত্তী ঐতিহাসিকগণ এই ঘটনা বর্ণনকালে অত্যুক্তি করিয়া থাকেন। বদাওনী বলেন যে,

---

(৪৫) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৫৪৯, পাদটীকা ৪।
(৪৬) Elliot's History of India, Vol. II, p. 231.
(৪৭) Ibid, p. 232।
(৪৮) Ibid.
(৪৯) Ibid.
(৫০) Ibid.

সুলতান (অর্থাৎ কুতব্-উদ্দীন্, কিন্তু তিনি তখনও সুলতান হন নাই) তাঁহাকে বাঙ্গালাদেশে লখ্‌নৌতী প্রদেশের শাসনকর্ত্তা নিযুক্ত করিয়া পাঠাইয়াছিলেন [৫১]। রিয়াজ্-উস্-সালাতীনকার, গোলাম হোসেন সলিম বলেন যে, বাঙ্গালা রাজ্য দিল্লীর সাম্রাজ্যের অংশ স্বরূপ, কুতব্-উদ্দীনের হস্তে ন্যস্ত হইল এবং সুলতান কুতব্-উদ্দীন্, মালিক ইখ্‌তিয়ার্-উদ্দীন্ মহম্মদ্ বখ্‌তিয়ারকে, বিহার ও লখ্‌নৌতীর শাসনকর্ত্তৃপদে নিযুক্ত করিলেন [৫২]। তবকাৎ-ই-আকবরী প্রণেতা বখ্‌শী নিজাম্-উদ্দীন্ আহ্‌মদ বলেন যে, ইখ্‌তিয়ার-উদ্দীন্ সুলতান কুতব্-উদ্দীনের অধীনে কার্য্যগ্রহণ করিয়াছিলেন [৫৩]। তবকাৎ-ই-নাসিরী, [৫৪] বদাওনী,[৫৫] রিয়াজ্-উস্-সালাতীন্[৫৬] প্রভৃতি সমস্ত ঐতিহাসিক গ্রন্থেই দেখিতে পাওয়া যায় যে, বখ্‌তিয়ার নিজ নামে মুদ্রাঙ্কন করাইয়াছিলেন, কিন্তু তবকাৎ-ই-নাসিরী অনুবাদক মেজর র‍্যাভার্টি বলেন যে, বখ্‌তিয়ার্ সুলতান মহম্মদ্ বিন্ সামের নামে মুদ্রাঙ্কন করাইয়াছিলেন [৫৭]। বখ্‌তিয়ারের নিজ নামে, বা তাঁহার মৃত্যুর পূর্ব্বে, মগধে বা গৌড়ে দিল্লীর কোনও বাদশাহের নামে, মুদ্রাঙ্কিত কোন মুদ্রা অথবা তাঁহার সময়ের কোনও খোদিত লিপি অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই।

তিব্বত অভিযানে যাত্রা করিবার পূর্ব্বে, বখ্‌তিয়ার্ মহম্মদ্ শেরাণ এবং আহমদ্ শেরাণ নামক ভ্রাতৃদ্বয়কে লখ্‌নোর ও জাজ্‌নগর আক্রমণ

---

(৫১) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৮২।
(৫২) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৫৯।
(৫৩) তবকাৎ-ই-আকবরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৫০।
(৫৪) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৫৫৯।
(৫৫) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৮৩।
(৫৬) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৬৩।
(৫৭) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৫৫৯, পাদটীকা ৩।

করিতে প্রেরণ করিয়াছিলেন। তিব্বত অভিযানের কথা শ্রবণ করিয়া মহম্মদ্ শেরাণ, জাজ্‌নগর হইতে, দেবকোটে ফিরিয়া আসিয়াছিলেন। তিনি দেবকোট হইতে, আলীমর্দ্দানের অধিকার নারান্‌কোইতে গমন করিয়া, আলীমর্দ্দানকে বন্দী করিয়াছিলেন এবং ঐ স্থানের কোতোয়াল বাবা সফাহানীকে, তাহার রক্ষায় নিযুক্ত করিয়াছিলেন। মহম্মদ্ শেরাণ দেবকোটে প্রত্যাবর্ত্তন করিলে, সমস্ত খলজ্ আমীর তাঁহার অধীনতা স্বীকার করিয়াছিলেন। আলীমর্দ্দান কোনও উপায়ে, কোতোয়ালকে বশীভূত করিয়া, কারাগার হইতে পলায়ন করিলেন এবং দিল্লীতে সুলতান কুতব্-উদ্দীনের আশ্রয় গ্রহণ করিলেন। সুলতান তাঁহার অনুরোধে, আউধ হইতে, কাএমাজ্ রুমীকে, লক্ষ্মণাবতী আক্রমণ করিতে আদেশ করিলেন। কাএমাজ্ সুলতানের আদেশে (সম্ভবতঃ যুদ্ধে লিপ্ত না হইয়া) খলজ্ আমীরদিগকে শান্ত করিলেন। বখ্‌তিয়ারের সময়ে, হসাম্-উদ্দীন্ ইউয়জ্ গঙ্গুরীর অধিকারী (মোকত্তা Muqatta, feoffee) ছিলেন। তিনি অগ্রসর হইয়া কাএমাজ্ রুমীকে অভ্যর্থনা করিলেন এবং তাঁহার সহিত দেবকোটে গমন করিলেন। কাএমাজের মতানুসারে হসাম্-উদ্দীন্ ইউয়জ্, দেবকোটের অধিকারী হইলেন। ইহার পরে, কাএমাজ্ রুমী আউধে প্রত্যাবর্ত্তন করিলেন এবং মহম্মদ্ শেরাণ ও অন্যান্য খল্‌জ্ আমীর-গণ একত্র পরামর্শ করিয়া, দেবকোট আক্রমণ করিতে মনস্থ করিলেন। প্রত্যাবর্ত্তনের পথে, কাএমাজ্ এই সংবাদ শ্রবণ করিয়া, ফিরিয়া আসিলেন, তাঁহার সহিত খল্‌জ্ আমীরগণের যুদ্ধ হইল, সেই যুদ্ধে মহম্মদ্ শেরাণ অন্যান্য খল্‌জ্ আমীরগণ পরাজিত হইয়াছিলেন। পরাজিত হইয়া আমীরগণ মক্‌সদা ও সন্তোষের দিকে প্রত্যাবর্ত্তন করিতেছিলেন। এই সময়ে তাঁহারা পরস্পরের সহিত বিবাদ করিতে আরম্ভ করিয়াছিলেন এবং সেই বিবাদে মহম্মদ্ শেরাণ নিহত হইয়াছিলেন। কথিত

আছে যে, বখ্‌তিয়ার যখন নবদ্বীপ আক্রমণ করিয়াছিলেন, তখন মহম্মদ্ শেরাণ একাকী বনমধ্যে, অষ্টাদশটি হস্তীকে তিনদিন বাধা দিয়া রাখিয়াছিলেন এবং পরে অন্যান্য অশ্বারোহীর সাহায্যে সেইগুলি বখ্‌তিয়ারের নিকট লইয়া আসিয়াছিলেন[৫৮]।

সুলতান কুতব্-উদ্দীন্ ইবক্, আলীমর্দ্দান খিলজিকে, লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা নিযুক্ত করিয়াছিলেন। বাবা সফাহানীর সাহায্যে, কারাগার হইতে পলায়ন করিয়া, আলীমর্দ্দান, সুলতান কুতব্-উদ্দীনের নিকট গমন করিয়াছিলেন এবং তাহার সহিত গজ্‌নী গিয়াছিলেন। সেই স্থানে তিনি তুর্কীদিগের হস্তে বন্দী হইয়াছিলেন। গজ্‌নী হইতে ফিরিয়া আসিলে, তিনি কুতব্-উদ্দীনের আদেশে. লক্ষ্মণাবতীতে প্রেরিত হইয়াছিলেন। দেবকোটের অধিকারী, হসাম্-উদ্দীন্ ইউয়জ্, তাঁহাকে অভ্যর্থনা করিবার জন্য অগ্রসর হইয়া আসিয়াছিলেন। দেবকোটে উপস্থিত হইয়া, আলীমর্দ্দান, লক্ষ্মণাবতীর শাসন ভার লইয়াছিলেন। সুলতান কুতব্-উদ্দীন্ ইবকের মৃত্যুর পরে, আলীমর্দ্দান, স্বাধীনতা অবলম্বন করিয়া, সুলতান আলাউদ্দীন নাম গ্রহণ করিয়াছিলেন এবং চারিদিকে সৈন্য প্রেরণ করিয়া, বহু খলজ্ আমীরকে নিহত করিয়াছিলেন। রাজোপাধি গ্রহণ করিয়া, আলাউদ্দীন আলীমর্দ্দান, অহঙ্কারে উন্মত্তপ্রায় হইয়া উঠিয়াছিলেন। তিনি ক্ষুদ্র গৌড়ের অংশমাত্র, ক্ষুদ্রতর লক্ষ্মণাবতীর অধিকার লাভ করিয়া, তাঁহার অধিকার বহির্ভূত এবং অধিকার হইতে বহুদূরে অবস্থিত, খোরাসান, ইরাক্, গজ্‌নী, গোর ও ইস্‌ফাহানের অধিকার প্রত্যার্থিগণকে প্রদান করিতেন। যদি কেহ বলিত যে, এই সকল স্থান তাহার অধিকার বহির্ভূত, তাহা হইলে তিনি বলিতেন যে, শীঘ্রই উহা

(৫৮) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৫৭০—৭৬।

অধিকার করিয়া দিব। আলীমর্দ্দান অত্যন্ত অত্যাচারী ছিলেন, তাঁহার আদেশে বহু নরহত্যা হইয়াছিল এবং দরিদ্র ও দুর্ব্বল ব্যক্তি সমূহ দুর্দ্দশার চরম সীমায় উপনীত হইয়াছিল। অত্যাচার অসহ্য হইয়া উঠিলে, একদল খল্‌জ্ আমীর ষড়যন্ত্র করিয়া, আলীমর্দ্দানকে হত্যা করিল এবং হুসাম্-উদ্দীন্ ইউয়জ্‌কে লক্ষ্মণাবতীর শাসন ভার প্রদান করিল। আলীমর্দ্দান কিঞ্চিদধিক দুই বৎসর কাল লক্ষ্মণাবতী শাসন করিয়াছিলেন ৫৯।

বখ্‌তিয়ারের পরে, যে কয়জন খলজ্ আফ্‌গান, লক্ষ্মণাবতীর অধিকার প্রাপ্ত হইয়াছিলেন; তাঁহাদিগের মধ্যে কেবল আলীমর্দ্দান খিল্‌জিই দিল্লীর সুলতানের নিকট হইতে শাসনকর্ত্তৃপদ লাভ করিয়াছিলেন; কারণ মহম্মদ্ বখ্‌তিয়ার নিজ ভুজবলে লক্ষ্মণাবতী অধিকার করিয়াছিলেন এবং মহম্মদ্ শেরাণ ও হুসাম্-উদ্দীন ইউয়জ্, খলজ্ আমীরগণের সাহায্যে লক্ষ্মণাবতীর অধিকার লাভ করিয়াছিলেন। যে বৎসর আলীমর্দ্দান নিহত হইয়াছিলেন এবং হুসাম্-উদ্দীন ইউয়জ্ লক্ষ্মণাবতী লাভ করিয়াছিলেন, সেই বৎসর লাহোরে সুলতান কুতব্-উদ্দীন্ ইবকের মৃত্যু হইয়াছিল ৬০। সুলতানের মৃত্যু সংবাদ শ্রবণ করিয়া, হুসাম্-উদ্দীন রাজোপাধি গ্রহণ করিয়া গিয়াস্-উদ্দীন নাম গ্রহণ করিলেন। তাঁহার নামে মুদ্রা মুদ্রাঙ্কিত হইল এবং নমাজের সময়ে তাঁহার নাম উচ্চারণ (খোৎবা) আরব্ধ হইল ৬১। সুলতান কুতব্-উদ্দীন্ ইবকের মৃত্যুর পরে, ভারতবর্ষের মুসলমান সাম্রাজ্য বিশৃঙ্খল হইয়া পড়িয়াছিল, সেই অবসরে হুসাম্-উদ্দীন বা গিয়াস্-উদ্দীন স্বাধীনতা অবলম্বন করিয়াছিলেন। তাঁহার পূর্ব্ববর্ত্তী লক্ষ্মণাবতীর মালিকগণ, প্রকৃতপক্ষে স্বাধীন ছিলেন, তবে সকলে দিল্লীর পরাক্রান্ত

---

(৫৯) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৫৭৬—৮০।
(৬০) রিয়াজ্-উস্-সালাতীন, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭১।
(৬১) ঐ, পৃঃ ৭১—৭২; তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৫৮১।

সম্রাটের ভয়ে রাজোপাধি গ্রহণ করিতে ভরসা করিতেন না! কুতব্-উদ্দীনের মৃত্যুর পর হইতে, পঞ্চদশ বর্ষ কাল, সুলতান গিয়াস্-উদ্দীন্ নির্ব্বিবাদে রাজ্যভোগ করিয়াছিলেন। কুতব্-উদ্দীনের পরে, তৎপুত্র আরাম্-শাহ্ কয়েকমাসের জন্য দিল্লীর অধিকার লাভ করিয়াছিলেন। তাঁহার পরে কুতব্-উদ্দীনের জামাতা শমস্-উদ্দীন অল্তমশ বা অল্তংমশ দিল্লীর অধিকার লাভ করিয়াছিলেন। তাঁহার রাজ্যের প্রথম ভাগ, বিদ্রোহ দমনে ও ভারতবর্ষের অন্যান্য মুসলমান রাজগণের সহিত যুদ্ধে, অতিবাহিত হইয়াছিল। ৬২২ হিজ্রায় অর্থাৎ ১২২৫ খৃষ্টাব্দে, অল্তমশ সুলতান গিয়াস্-উদ্দীনকে আক্রমণ করিবার মানসে যাত্রা করেন ৬২। ইতঃপূর্ব্বে, অল্তমশের সেনাপতিগণ মগধ অধিকার করিয়াছিলেন। অল্তমশ্ বিহার হইতে লখ্নৌতীর দিকে অগ্রসর হইলে, গিয়াস্-উদ্দীন্, তাহাকে বাধা দিবার জন্য, তাঁহার নৌবাহিনী অগ্রবর্ত্তী করিয়াছিলেন ৬৩। গিয়াস্-উদ্দীনের সহিত অল্তমশের যুদ্ধ হইয়াছিল কিনা, তাহা জানিতে পারা যায় না। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে, গিয়াস্-উদ্দীন্, আপনাকে অল্তমশ অপেক্ষা সেনাবলে দুর্ব্বল দেখিয়া, সন্ধির প্রস্তাব করিয়াছিলেন ৬৪। এই সন্ধির সর্ত্ত অনুসারে, গিয়াস্-উদ্দীন্ অল্তমশ্‌কে আটত্রিশটি হস্তী ও আশীহাজার৬৫ অথবা অশীতি লক্ষ মুদ্রা৬৬ প্রদান করিয়াছিলেন, এবং অল্তমশের নামে মুদ্রাঙ্কন করাইতে ও খোৎবা পাঠ করাইতে স্বীকার করিয়াছিলেন। অল্তমশ্, দিল্লীতে প্রত্যাবর্ত্তন করিলে, গিয়াস্-উদ্দীন লখ্নৌতী হইতে বিহার আক্রমণ ও অধিকার

---

(৬২) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৬১০।
(৬৩) ঐ, পৃঃ ৫৯৩।
(৬৪) রিয়াজ-উস্-সালাতীন, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭২।
(৬৫) ঐ।
(৬৬) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৫৯৩।

করিয়াছিলেন। অল্‌তমশ প্রত্যাবর্ত্তন কালে ইজ্জুদ্দীন্ জানীকে বিহারের শাসনকর্ত্তা নিযুক্ত করিয়াছিলেন। গিয়াস্-উদ্দীন্ কর্ত্তৃক তাড়িত হইয়া ইজ্জুদ্দীন্ জানী, সম্ভবতঃ, আউধের শাসনকর্ত্তা, অল্‌তমশের পুত্র, নাসির্-উদ্দীন-মহ্‌মুদের আশ্রয়ে গমন করিয়াছিলেন। ইজ্জুদ্দীনের অনুরোধে মহ্‌মুদ, ৬২৪ হিজ্‌রায় অর্থাৎ ১২২৬ খৃষ্টাব্দে, লক্ষ্মণাবতী আক্রমণ করিয়াছিলেন। এই সময়ে, লক্ষ্মণাবতী অরক্ষিত রাখিয়া, সুলতান গিয়াস্-উদ্দীন্ কামরূপে ও বঙ্গদেশে (পূর্ব্ববঙ্গে) যুদ্ধযাত্রা করিয়াছিলেন, নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ অনায়াসে লক্ষ্মণাবতী অধিকার করিলেন। এই সংবাদ পাইয়া সুলতান গিয়াস্-উদ্দীন্ ইউয়জ্ কামরূপ ও বঙ্গদেশ হইতে ফিরিয়া আসিয়াছিলেন এবং নাসির্-উদ্দীন্ মহ্‌মুদের সহিত তাঁহার যুদ্ধ হইয়াছিল। সেই যুদ্ধে পরাজিত হইয়া গিয়াস্-উদ্দীন্ ইউয়জ্ ও সমস্ত খলজ্ আমীর নাসির্-উদ্দীনের হস্তে বন্দী হইয়াছিলেন এবং সুলতান গিয়াস্-উদ্দীন্ নিহত হইয়াছিলেন ৬৭।

সুলতান গিয়াস্-উদ্দীন্ ইউয়জ্, গৌড়দেশে মুসলমান অধিকার বিস্তৃত করিয়াছিলেন। তাঁহার সময়ে, গৌড়ীয় মুসলমান অধিকারের দুইটি অংশ ছিল। গঙ্গার পশ্চিমদিকের অংশ রাঢ় ও পূর্ব্বদিগের অংশ বরিন্দ বা বরেন্দ্র নামে পরিচিত ৬৮। সম্ভবতঃ গিয়াস্-উদ্দীনের সময়ে উত্তর রাঢ় সর্ব্বপ্রথমে মুসলমান কর্ত্তৃক অধিকৃত হইয়াছিল। গিয়াস্-উদ্দীন্ লক্ষ্মণাবতী হইতে পশ্চিমে রাঢ়দেশে, লখ্‌নোর নগরের দ্বার পর্য্যন্ত এবং পূর্ব্বে দেবকোট পর্য্যন্ত, দশদিনের পথ পরিমাণ একটি উচ্চ রাজপথ নির্ম্মাণ করাইয়াছিলেন। বর্ষাকালে এই সকল স্থান জলে ও কর্দ্দমে পরিপূর্ণ হইয়া যাইত এবং নৌকা ব্যতীত গমনাগমনের অপর কোন

(৬৭) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৫৯৫।
(৬৮) ঐ, ৫৮৪—৫৮৬।

উপায় থাকিত না ৬৯। গিয়াস্-উদ্দীনের রাজত্বকালে লক্ষ্মণাবতীর চতুর্দ্দিকস্থিত রাজ্যসমূহের অধিপতিগণ তাঁহার অধীনতা স্বীকার করিয়াছিলেন এবং সমস্ত গৌড়মণ্ডল তাঁহার অধিকারভুক্ত হইয়াছিল। জাজ্‌নগর (উড়িষ্যা), বঙ্গ (পূর্ব্ববঙ্গ, অর্থাৎ বিক্রমপুর বা সুবর্ণগ্রাম), কামরূপ এবং তিরহুতের (তীরভুক্তি বা মিথিলার) রাজগণ তাঁহাকে কর প্রদান করিতেন ৭০। তাঁহার রাজ্যচ্যুতির অব্যবহিত পূর্ব্বে, গিয়াস্-উদ্দীন্ কামরূপ ও বঙ্গ আক্রমণ করিয়াছিলেন। মিন্হাজ্-উস্-সিরাজ বলেন যে, তিনি প্রিয়দর্শন ও দয়ালু ছিলেন এবং বহু মস্‌জিদ নির্ম্মাণ করিয়াছিলেন। তিনি উলেমা, ফকীর ও সৈয়দ্‌দিগকে বৃত্তি দান করিয়াছিলেন। তাঁহার দানশীলতার কথা চতুর্দ্দিকে ব্যাপ্ত হইয়াছিল এবং বহুদূর হইতে, মুসলমানগণ অর্থলাভের আশায়, তাঁহার নিকটে আসিতেন।

সুলতান গিয়াস্-উদ্দীন্ ইউয়জের মৃত্যুর পরে লক্ষ্মণাবতী প্রকৃত প্রস্তাবে দিল্লীর সম্রাটের শাসনাধীন হইয়াছিল। সুলতান গিয়াস্-উদ্দীন, ৬১৭ হিজরা অর্থাৎ ১২২০ খৃষ্টাব্দের পূর্ব্বে, বোগদাদের আব্বাসী খলিফা অন্নাসিরোলেদ্দীন ইল্লাহের নিকট হইতে রাজপদবী স্বীকারসূচক পত্র পাইয়াছিলেন৭১। গিয়াস্-উদ্দীনের দুই প্রকার রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে, প্রথম প্রকারের মুদ্রায় খলিফার নাম আছে৭২। কিন্তু দ্বিতীয় প্রকারের মুদ্রায় খলিফার নাম নাই৭৩। এই

(৬৯) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৫৮৬।
(৭০) ঐ, পৃঃ ৫৮৭—৫৮৮।
(৭১) Thomas, The Initial coinage of Bengal, pt. II, p. 21.
(৭২) Ibid, pp. 19—21.
(৭৩) Ibid, pp. 16—19.

সকল মুদ্রায় টাঁকশালের নাম নাই। হিজরার ৬১৬ (১২১৯ খৃষ্টাব্দে), ৬১৭ (১২২০), ৬২০ (১২২৩)[১৪] ও ৬২১[১৫] অব্দে (১২২৪), গিয়াস্-উদ্দীনের নামে মুদ্রিত মুদ্রা আবিষ্কৃত হইয়াছে। তাঁহার শাসনকালের কোন শিলালিপি অথবা ইমারৎ আবিষ্কৃত হয় নাই। তবকাৎ-ই-নাসিরী অনুসারে সুলতান গিয়াস্-উদ্দীন্ ইউয়জ্ বস্‌কোট বা বসন্‌কোট নামক একটি দুর্গ নির্ম্মাণ করিয়াছিলেন[১৬], কিন্তু ইহার ধ্বংসাবশেষ অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই বা ইহার অবস্থান নির্ণীত হয় নাই।

---

(১৪) Ibid, pp. 16—21.

(১৫) Catalogue of Coins in the Indian Museum, Calcutta. Vol. II, pt. II, p. 145. No. 3.

(১৬) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৫৮৩।

তৃতীয় পরিচ্ছেদ

দিল্লীর অধীন শাসনকর্ত্তৃগণ।

হিজরা ৬২৪—৬৮১ খৃষ্টাব্দ ১২২৬-৮২

বোগদাদের খলিফা প্রেরিত খিলাৎলাভ—নাসির-উদ্দীন মহমুদের মৃত্যু—তাঁহার সমাধি—ইখ্‌তিয়ার-উদ্দীন্ দৌলৎশাহ-ই-বল্‌কা—স্বাধীনতা ঘোষণা—মুদ্রাঙ্কন—অল্‌তমশ কর্ত্তৃক দ্বিতীয়বার লক্ষ্মণাবতী আক্রমণ—আলাউদ্দীন্ জানী—সৈফ্-উদ্দীন ইবক্-ই-য়গানতৎ—তাঁহার-মৃত্যু—ইজ্জুদ্দীন তোগ্রল্-তোগান্ খাঁ—আওর খাঁর সহিত যুদ্ধ—সুলতানা রজিয়া কর্ত্তৃক চন্দ্রাতপ প্রেরণ—জাজ্‌নগরের রাজা কর্ত্তৃক লক্ষ্মণাবতী আক্রমণ তোগান্ খাঁ কর্ত্তৃক কটাসিন আক্রমণ—তোগান্ খাঁর পরাজয়—বাদসাহ আলাউদ্দীন মহম্মদশাহের নিকট সাহায্য প্রার্থনা—জাজ্‌নগররাজ কর্ত্তৃক লক্ষ্মণাবতী আক্রমণ—তমুর খাঁর বাঙ্গালা দেশে আগমন—প্রথম নরসিংহদেব—তোগান্ খাঁর সহিত তমুর খাঁর যুদ্ধ সন্ধি ও তোগান্ খাঁর লক্ষ্মণাবতী ত্যাগ—মিন্‌হাজ্-উস্-সিরাজের বাঙ্গালাদেশে আগমন—রামচন্দ্র কবিভারতী—ইখ্‌তিয়ার-উদ্দীন য়ুজ্‌বক্—জাজ্‌নগররাজের সহিত যুদ্ধ—স্বাধীনতা ঘোষণা—কামরূপ আক্রমণ—য়ুজ্‌বকের পরাজয় ও মৃত্যু—নবদ্বীপ ও বর্দ্ধনকোট অধিকার—জলাল্-উদ্দীন্ মহম্মদ্‌জানী—ইজ্জুদ্দীন বলবন্—তাজ্‌উদ্দীন্ আর্সলান্ খাঁ কর্ত্তৃক লক্ষ্মণাবতী আক্রমণ—বলবনের মৃত্যু—তাতার খাঁ—শের খাঁ—আমিন খাঁ—মুগীস্-উদ্দীন তোগ্রল্—কামরূপ আক্রমণ—জাজ্‌নগর আক্রমণ স্বাধীনতা ঘোষণা—বলবনের আদেশে আমীর খাঁ কর্ত্তৃক লক্ষ্মণাবতী আক্রমণ—বলবন কর্ত্তৃক লক্ষ্মণাবতী আক্রমণ—তোগ্রলের জাজ্‌নগরে পলায়ন—বলবনের সহিত সুবর্ণগ্রামের রাজা দনুজরায়ের সাক্ষাৎ—বলবন কর্ত্তৃক জাজনগর আক্রমণ—তোগ্রলের পরাজয় ও মৃত্যু।

লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তৃগণ :—

	হিজরা	খৃষ্টাব্দ
নাসির-উদ্দীন্ মহমুদ্	৬২৪—২৬	১২২৬—২৮
ইখ্‌তিয়ার্ উদ্দীন্ দৌলৎ শাহ-ই-বল্‌কা ...	৬২৬—২৭	১২২৮—২৯
আলাউদ্দীন্ জানী	৬২৮—২৯	১২৩০—৩১
সৈফ্-উদ্দীন্ ইবক্-ই-য়গানতৎ ...	৬২৯—৩১	১২৩১—৩৩
ইজ্জুদ্দীন তোগ্রল্ তোগান্ খাঁ ...	৬২১—৪২	১২৩৩—৪৪
কমর্-উদ্দীন্ তমুর খাঁ-ই-কিরাণ্ ...	৬৪২—৪৪	১২৪৪—৪৬
ইখ্‌তিয়ার্-উদ্দীন্ বা মুগীস্-উদ্দীন্ য়ুজ্‌বক্	৬৪৪—৫৫	১২৪৬—৫৭
জলাল্-উদ্দীন্ মস্থদ্‌জানী ...	৬৫৫—৫৭	১২৫৭—৫৮
ইজ্জুদ্দীন্ বলবন্	৬৫৭—৫৯	১২৫৮—৬০
তাজ্-উদ্দীন্ আর্সলান্ খাঁ ...	৬৫৯—৬২	১২৬০—৬৩
তাতার খাঁ	৬৬২—৬৫	১২৬৩—৬৬
শের খাঁ ... ... } আমিন্ খাঁ ...	৬৬৫—৭৭	১২৬৬—৭৮
মুগীস্-উদ্দীন্ তোগ্রল্	৬৭৭—৮১	১২৭৮—৮২

দিল্লীর স্থলতানগণ :—

	হিজরা	খৃষ্টাব্দ
শমস্-উদ্দীন্ অল্‌তমশ্	৬০৭—৩৩	১২১০—৩৫
রুকন্-উদ্দীন্ ফিরোজ	৬৩৩—৩৪	১২৩৫—৩৬
রজিয়া	৬৩৪—৩৭	১২৩৬—৩৯
মুঈজ্-উদ্দীন্ বহরাম	৬৩৭—৩৯	১২৩৯—৪১
আলাউদ্দীন্ মস্থদ	৬৩৯—৪৪	১২৪১—৪৬
নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্	৬৪৪—৬৪	১২৪৬—৬৫
গিয়াস্-উদ্দীন্ বলবন্	৬৬৪—৮৬	১২৬৫—৮৭

উড়িষ্যার গঙ্গবংশীয় রাজগণ :—	খৃষ্টাব্দ
৩য় অনঙ্গভীমদেব	১২১১—৩৮
১ম নরসিংহদেব	১২৩৮—৬৪
১ম ভানুদেব	১২৬৪—৭৮
২য় নরসিংহদেব	১২৭৮—১৩০৬

চন্দেল্ল বংশীয় রাজগণ :—	খৃষ্টাব্দ
ত্রৈলোক্যবর্ম্মা	১২১২—৪১
বীরবর্ম্মা	১২৬১—৮৬

নেপালরাজগণ :—	খৃষ্টাব্দ
অভয়মল্ল	১২২৩—৫২
জয়দেব	১২৫৫—৫৭
জয়ভীমদেব	১২৬০
জয় সাহমল্লদেব	১৩০৭
অনন্তমল্ল	১২৭৯

আসামের আহম্ রাজগণ :—	খৃষ্টাব্দ
সুকাফা	১২২৮—৬৮
সুতেউফা	১২৬৮—৮১
সুবিন্‌ফা	১২৮১—৯৩

সুলতান গিয়াস্-উদ্দীন ইউয়জ্ নিহত হইলে নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ তাঁহার হস্তী সমূহ ও কোষাগারে সঞ্চিত অর্থ, অধিকার করিয়াছিলেন এবং লক্ষ্মণাবতী হইতে দিল্লী ও অন্যান্য প্রধান নগরের উলেমা, সৈয়দ্, ভক্ত ও ধার্ম্মিক ব্যক্তিদিগকে বহু অর্থ প্রেরণ করিয়া

ছিলেন[১]। বোগদাদের আব্বাসী খলিফা কর্তৃক প্রেরিত বহুমূল্য খিলাৎ-গুলি দিল্লীতে আসিয়া পৌছিলে, অল্‌তমশ তাহা হইতে একটি খিলাৎ এবং একটি রক্তবর্ণ চন্দ্রাতপ লক্ষ্মণাবতীতে নাসির্‌-উদ্দীন্ মুহ্‌মুদ্‌কে প্রেরণ করিয়াছিলেন[২]। লক্ষ্মণাবতীতে আসিবার দেড় বৎসর পরে মালিক নাসির্‌-উদ্দীন মহ্‌মুদ্ পীড়িত হইয়া পড়েন এবং সেই রোগেই তাহার মৃত্যু হয়[৩]। মালিক-উস্‌-সৈয়দ্ নাসির্‌-উদ্দীন মহ্‌মুদ্ সুলতান শমস্‌-উদ্দীন অল্‌তমশের জ্যেষ্ঠ পুত্র, তিনি পিতার অত্যন্ত প্রিয়-পাত্র ছিলেন। তাঁহার মৃত্যুর পরে তাঁহার মৃতদেহ লক্ষ্মণাবতী হইতে দিল্লীতে নীত হইয়াছিল,[৪] অল্‌তমশ প্রিয় পুত্রের সমাধির উপরে একটি সুন্দর মন্দির নির্ম্মাণ করাইয়াছিলেন। ইহা এখন সুলতান গাজীর মক্‌বরা নামে প্রসিদ্ধ এবং ইহা কুতব্‌মিনারের দেড় ক্রোশ পশ্চিমে মল্লিকপুর গ্রামে অবস্থিত[৫]। নাসির্‌-উদ্দীন মহ্‌মুদ্ লক্ষ্মণাবতীতে স্বনামে মুদ্রা প্রচলন করাইয়াছিলেন, এই সকল মুদ্রায় তাঁহার নামের সহিত বোগদাদের খলিফা অল্ মুস্তন্‌সর্ বিল্লার নাম দেখিতে পাওয়া যায়[৬]। মুস্তন্‌সর্ বিল্লা ৬২৩ হিজরায় (১২২৬ খৃষ্টাব্দে) সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। মুদ্রাতত্ত্ববিদ্ এডওয়ার্ড টমাস (Edward Thomas) অর্দ্ধশতাব্দী পূর্ব্বে কোচ্‌বিহারে আবিষ্কৃত অল্‌তমশের কতকগুলি মুদ্রা

---

(১) তবকাৎ-ই নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৬২৯।

(২) ঐ, পৃঃ ৬৩০।

(৩) ঐ।

(৪) Thomas, Initial coinage of Bengal, pt. II, p. 27.

(৫) Ibid, p. 28, note.

(৬) Ibid p. 29. এই জাতীয় একটি সুবর্ণ মুদ্রা বঙ্গীয়-সাহিত্য পরিষদের চিত্র-শালায় রক্ষিত আছে।—Descriptive List of Sculptures and coins in the museum of The Bangiya-Sahitya Parishad, p. 22, No 14.

লক্ষ্মণাবতীর মুদ্রা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, কিন্তু এই সকল মুদ্রার লক্ষ্মণাবতী বা লখ্‌নৌতীর নাম নাই[৭]। ইহার একটি মুদ্রা ৬২২ হিজরায় মুদ্রিত হইয়াছিল, ইহাতে অন্নাসিরোলেদীন্ ইল্লাহের নাম আছে[৮]। ৬২৪ হিজরায় মুদ্রিত দুইটি মুদ্রায় অল্‌তমশের নামের সহিত খলিফা অজ্‌জাহির-বে-আম্‌রিল্লাহের নাম দেখিতে পাওয়া যায়[৯]। এই সকল মুদ্রা যদি লক্ষ্মণাবতীর মুদ্রা হয়, তাহা হইলে, প্রথমটি অল্‌তমশের প্রথম গৌড়াভিযানের পরে, সুলতান গিয়াস্‌-উদ্দীন ইউয়জের রাজ্য কালে মুদ্রাঙ্কিত হইয়াছিল। অপর মুদ্রাদ্বয় গিয়াস্‌-উদ্দীন ইউয়জের মৃত্যুর পর নাসির্‌-উদ্দীন-মহ্‌মুদ্ কর্ত্তৃক মুদ্রাঙ্কিত হইয়াছিল।

নাসির্‌-উদ্দীন-মহ্‌মুদের মৃত্যুর পরে, ইখ্‌তিয়ার-উদ্দীন বল্‌কা মালিক নামক এক ব্যক্তি বিদ্রোহী হইয়া লক্ষ্মণাবতী অধিকার করিয়াছিলেন[১০]। তবকাৎ-ই-নাসিরী অনুসারে বল্‌কা মালিক হুসাম্‌-উদ্দীন ইউয়জের পুত্র[১১], কিন্তু রিয়াজ-উস্-সালতীন অনুসারে, এই বিদ্রোহীর নাম হুসাম্‌-উদ্দীন খিল্‌জী[১২]। এই বিদ্রোহীর প্রকৃত নাম একটি মুদ্রায় দেখিতে পাওয়া যায়। এই মুদ্রাটির একদিকে শমস্‌-উদ্দীন অল্‌তমশের নাম ও অপরদিকে দৌলৎশাহ্‌বিন্ মৌদুদের নাম আছে[১৩]। তবকাৎ-ই-নাসিরীতে অল্‌তমশের রাজ্যের আমীরগণের তালিকায়, মালিক ইখ্‌তিয়ার-উদ্দীন দৌলৎ শাহ্-ই-বল্‌কা ইবনে হুসাম্‌-উদ্দীন-ইউয়জ্ খিল্‌জীর নাম আছে।

---

(৭) Initial coinage of Bengal, pp. 12, 14, 23—25.
(৮) Ibid, p. 23 no 9.
(৯) Ibid, pp. 24—25.
(১০) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৬১৭।
(১১) ঐ পৃঃ ৬২৩।
(১২) রিয়াজ-উস্-সালাতীন, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭২।
(১৩) Initial Coinage of Bengal, pt II, p. 31. no. 13.

ইহা হইতে অনুমান হয় যে, মুদ্রার দৌলৎশাহ্ বিন্ মৌদুদ্ ও তবকাৎ-ই-নাসিরীর ইখ্‌তিয়ার-উদ্দীন দৌলৎশাহ্-ই-বল্‌কা একই ব্যক্তি। দৌলৎ শাহের মুদ্রা ৬২৭ হিজরায় (১২২৯ খৃষ্টাব্দে) মুদ্রিত হইয়াছিল, এই জাতীয় একটি মাত্র মুদ্রা অদ্যাবধি আবিষ্কৃত হইয়াছে। ৬২৭ হিজরায় সুলতান শমস্ উদ্দীন অল্‌তমশ দ্বিতীয়বার লক্ষ্মণাবতী আক্রমণ করিয়াছিলেন[১৪]। ৬২৮ হিজরায় মালিক ইখ্‌তিয়ার-উদ্দীন দৌলৎশাহ্-ই-বল্‌কা পরাজিত হইয়াছিলেন। সেই বৎসরের (১২৩০ খৃষ্টাব্দে) রজব্ মাসে মালিক আলাউদ্দীন জানীকে লক্ষ্মণাবতীর অধিকার প্রদান করিয়া সুলতান দিল্লীতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন[১৫]।

তবকাৎ-ই-নাসিরীতে প্রদত্ত সুলতান শমস্-উদ্দীন অল্‌তমশের মালিক ও বংশধরগণের তালিকায় দেখিতে পাওয়া যায় যে, আলাউদ্দীন জানী তুর্কীস্তানের শাহ্‌জাদা বা রাজপুত্র ছিলেন[১৬]। রিয়াজ-উস্-সালাতীন অনুসারে, তিনি তিন বৎসর লক্ষ্মণাবতী শাসন করিয়াছিলেন[১৭]। তবকাৎ-ই-নাসিরী অনুসারে আলাউদ্দীন্ জানী পদচ্যুত হইয়াছিলেন এবং তৎপরিবর্ত্তে সৈফ্-উদ্দীন্ ইবক্ য়গান্‌তৎ লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিলেন[১৮]। কি অপরাধে কোন্ সময়ে আলাউদ্দীন্ জানী পদচ্যুত হইয়াছিলেন, তাহা জানিতে পারা যায় নাই। আলাউদ্দীন্ জানীর পরে সৈফ্-উদ্দীন্ লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিলেন এবং বলপূর্ব্বক বঙ্গদেশে কতকগুলি হস্তী অধিকার করিয়া তাহা দিল্লীতে প্রেরণ করিয়াছিলেন, এই জন্য অল্‌তমশ তাঁহাকে "য়গান্‌তৎ" উপাধি

(১৪) রিয়াজ্ উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৩।
(১৫) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৬১৮—১৯
(১৬) ঐ, পৃঃ ৬১৬।
(১৭) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৩।
(১৮) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৩২।

ইউয়জ্, অল্‌তমস, যুজ্‌বক, মহ্‌মুদ। ১ম ও ২য়,

এবং বলবনের মুদ্রা।

প্রদান করিয়াছিলেন[১৯]। ৬৩১ হিজরায় লক্ষ্মণাবতীতে তাঁহার মৃত্যু হইয়াছিল[২০]। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে সৈফ্-উদ্দীন্ ইবক্ তিন বৎসর লক্ষ্মণাবতী শাসন করিয়াছিলেন এবং বিষ-প্রয়োগে তাঁহার মৃত্যু হইয়াছিল[২১]। আলাউদ্দীন্ জানী ও সৈফ্-উদ্দীন্ ইবকের শাসনকাল সম্বন্ধে রিয়াজ্-উস্-সালাতীনের উক্তি বিশ্বাসযোগ্য নহে, কারণ, উক্ত গ্রন্থ অনুসারে, আলাউদ্দীন্ জানী ও সৈফ্-উদ্দীন্ ইবক্, উভয়ে তিন বৎসর করিয়া, ছয় বৎসর লক্ষ্মণাবতী শাসন করিয়াছিলেন; কিন্তু অল্তমশ, ৬২৮ হিজরার রজব মাসে, আলাউদ্দীন্ জানীকে লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা নিযুক্ত করিয়াছিলেন এবং ৬৩১ হিজরায় সৈফ্-উদ্দীন্ ইবকের মৃত্যু হইয়াছিল। এই বৎসরের মধ্যে যে দুই জন শাসনকর্ত্তার শাসনকাল আবদ্ধ, তাঁহারা কি প্রকারে প্রত্যেকে তিন বৎসর লক্ষ্মণাবতী শাসন করিতে পারেন তাহা বুঝিতে পারা যায় না। লেন-পুল (Lane-Poole) ও রাইট (Wright) অনুমান করেন যে, আলাউদ্দীন্ জানী ৬২৭ হিজরায় লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা নিযুক্ত হইয়া, সেই বৎসরই পদচ্যুত হইয়াছিলেন, এবং সৈফ্-উদ্দীন ইবক্ ৬২৭ হইতে ৬৩১ হিজরা পর্য্যন্ত লক্ষ্মণাবতী শাসন করিয়াছিলেন[২২]। ৬২৮ হিজরায় পূর্ব্বে যখন লক্ষ্মণাবতীতে বিদ্রোহ দমন হয় নাই তখন ৬২৭ হিজরায় আলাউদ্দীন জানীর লক্ষ্মণাবতীর শাসনকর্তৃপদে নিয়োগ কি প্রকারে সম্ভবপর হইতে পারে? সৈফ্-উদ্দীন ইবকের শাসনকালে ৬৩০ হিজরা (১২৩২ খৃষ্টাব্দে) লক্ষ্মণাবতীতে একটি কূপের উপরিস্থিত মন্দির সংস্কৃত

(১৯) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৭২।

(২০) ঐ।

(২১) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৭।

(২২) H. N. Wright Catalogue of Coins in the Indian Museum, Vol. II. pt. II. p. 130.

হইয়াছিল। গৌড়ে আবিষ্কৃত একখানি আরবী ভাষায় লিখিত শিলা-লিপি হইতে এই কথা অবগত হওয়া যায়[২০]। ইহাই বাঙ্গালাদেশের আবিষ্কৃত সর্ব্ব প্রাচীন আরবী শিলালিপি। ইহাতে সুলতান শমস্-উদ্দীন্ অল্তমশের নাম এবং কৎলগ্‌খাঁ ইবক্ নামক একজন ভূতপূর্ব্ব শাসনকর্ত্তার নাম পাওয়া যায়। ৬৩০ হিজরার পূর্ব্বে কৎলগ্‌খাঁ ইবক্ নামক ভারতবর্ষের কোনও প্রদেশের শাসনকর্ত্তার কথা কোনও ইতিহাসে দেখিতে পাওয়া যায় না।

সৈফ্-উদ্দীন্ ইবক্ য়গান্‌ততের মৃত্যুর পরে মলিক ইজ্জুদ্দীন্ তোগ্রল্ তোগান্ খাঁ লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিলেন। সৈফ্-উদ্দীন্ ইবক্ যখন জীবিত ছিলেন, তখন তোগ্রল্ তোগান্ খাঁ বিহার বা মগধের শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিলেন। সুলতান শমস্-উদ্দীন্ অল্-তমশের মৃত্যুর পরে, লখ্‌নৌতী-লখ্‌নোরের অধিকারী ইবক্ বা আওর খাঁ নামক জনৈক তুর্কীর সহিত, বসন্‌কোট নামক দুর্গের অধিকার লইয়া, তোগান্ খাঁর বিবাদ হইয়াছিল। লক্ষ্মণাবতী নগরের সীমামধ্যে আওর খাঁর সহিত তোগ্রল্ তোগান্ খাঁর যুদ্ধ হইয়াছিল, এবং সেই যুদ্ধে আওর খাঁ নিহত হইয়াছিল। ইহার পরে পশ্চিমে, রাঢ়দেশে লখ্‌নোর পর্য্যন্ত, এবং পূর্ব্বে, বরেন্দ্রদেশে বসন্‌কোট পর্য্যন্ত, লক্ষ্মণাবতী প্রদেশ তোগ্রল্ তোগান্ খাঁর অধিকারে আসিয়াছিল। অল্তমশের পুত্র রুকন্-উদ্দীন্ ফিরোজ শাহের মৃত্যুর পরে অল্তমশের কন্যা সুলতানা রজিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করিয়াছিলেন, এই সংবাদ পাইয়া, তোগ্রল্ তোগান্ খাঁ, কয়েকজন প্রধান ব্যক্তিকে, দিল্লীতে প্রেরণ করিয়াছিলেন।

(২০) Cunningham, Report of the Archaeological Survey of India, Vol. XV, p. 45, pl. XX; Epigraphia Indo-Moslemica, 1915—16, pp.

সুলতানা রজিয়া তাঁহাকে একটি চন্দ্রাতপ ও কয়েকটি ধ্বজ প্রেরণ করিয়াছিলেন[২৪]। সুলতানা রজিয়ার নামে অঙ্কিত মুদ্রায় সর্ব্বপ্রথমে লখ্‌নৌতী টাঁকশালের নাম দেখিতে পাওয়া যায়, এই মুদ্রা ৬৩৫ হিজরায় (১২৩৭ খৃষ্টাব্দে) মুদ্রিত হইয়াছিল[২৫]।

সুলতানা রজিয়ার সিংহাসনচ্যুতির পরে তাঁহার কনিষ্ঠ ভ্রাতা মুঈজ্-উদ্দীন্ বহরাম্ শাহ্[২৬] ও তৎপরে তাঁহার ভ্রাতুষ্পুত্র আলাউদ্দীন্ মস্ঊদ্ শাহ্[২৭] দিল্লীর সিংহাসন লাভ করিয়াছিলেন। এই সময়ে আর্য্যাবর্ত্তে মুসলমান রাজশক্তি অত্যন্ত দুর্ব্বল হইয়া পড়িয়াছিল। অবসর বুঝিয়া তোগ্রল্ তোগান্ খাঁর মন্ত্রী সিরিয়াবাসী বহা-উদ্দীন্ হিলাল্ তাঁহাকে আউধ, কড়া ও মাণিকপুর অধিকার করিতে পরামর্শ দিয়াছিলেন[২৮]। ৬৪০ হিজরায়, (১২৪২ খৃষ্টাব্দে) তবকাৎ-ই-নাসিরী প্রণেতা মৌলানা মিন্‌হাজ্-উস্-সিরাজ্, আউধে তোগ্রল্ তোগান্ খাঁর সাক্ষাৎ পাইয়াছিলেন, এবং তাঁহার সহিত লক্ষ্মণাবতীতে আসিয়াছিলেন[২৯]। প্রাচীন উদ্দণ্ডপুর বা বর্ত্তমান বিহার নগরে আবিষ্কৃত একখানি আরবী শিলালিপি হইতে অবগত হওয়া যায় যে, ৬৪০ হিজরায় (১২৪২ খৃষ্টাব্দে) তোগ্রল্ খাঁর শাসনকালে বিহারে একটি গৃহ নির্ম্মিত হইয়াছিল, এই শিলালিপিতে কোষাধ্যক্ষ (খল্‌খাজন্) মবারক্ খাঁর নাম আছে, এবং

---

(২৪) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৩৭।

(২৫) Initial Coinage of Bengal pt. II. p. 32, No. 14; Journal of the Asiatic Society of Bengal, Old Series Vol. L, 1881, pt. I, pp. 66-67.

(২৬) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৬৪৭—৪৯।

(২৭) ঐ, পৃঃ ৬৬০—৬১।

(২৮) ঐ, পৃঃ ৭৩৭।

(২৯) ঐ, পৃঃ ৬৬০।

ইহাতে তোগ্রল্, মুগীস্-উল্-মুলুক্-ওয়া-স্-সালাতীন্ আবুল্ ফতে তোগ্রল্ নামে অভিহিত হইয়াছেন[৩০]। স্বর্গীয় ডাক্তার থিয়োডোর ব্লক্ (Theodor Bloch) বলিতেন যে এই শিলালিপি ৬৪৬ হিজরায় উৎকীর্ণ হইয়াছিল। ইহা সম্ভব নহে, কারণ ৬৪৬ হিজরায় (১২৪৮ খৃষ্টাব্দে) তোগ্রল্ লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা ছিলেন না।

৬৪১ হিজরায় জাজ্‌নগরের রাজা লক্ষ্মণাবতী আক্রমণ করিয়াছিলেন। তাঁহার গতিরোধ করিবার জন্ম, তোগ্রল্ তোগান্ খাঁ, উক্ত বৎসরের (১২৪৩ খৃষ্টাব্দের) শওয়াল্ মাসে জাজ্‌নগর আক্রমণ করিবার উদ্দেশ্নে যাত্রা করিয়াছিলেন। এই অভিযানে মৌলানা মিনহাজ্-উস্-সিরাজ্ তোগ্রলের সহিত যাত্রা করিয়াছিলেন। জিল্‌কাদা মাসের ষষ্ঠ দিবসে শনিবারে, জাজ্‌নগর রাজ্যের সীমান্তে অবস্থিত কটাসিন দুর্গে উপস্থিত হইয়া, তোগ্রল্ দুর্গ আক্রমণ করিয়াছিলেন। মুসলমান সৈন্ত দুইটি পরিখা পার হইয়াছিল এবং স্বচ্ছন্দে জাজ্‌নগরের হিন্দুসেনার নিকট হইতে কটাসিন দুর্গ অধিকার করিয়াছিল। মুসলমান পদাতিকসেনা যুদ্ধ জয় করিয়া, যখন আহার করিতেছিল, সেই অবসরে জাজ্‌নগরের হিন্দু সেনা ফিরিয়া আসিয়া তাহাদিগকে আক্রমণ করিয়াছিল। কথিত আছে যে, জাজ্‌নগরের সৈন্তগণ বেত্রবনের আশ্রয়ে আত্মগোপন করিয়া প্রথমে পাঁচটি হস্তী অধিকার করিয়াছিল, এবং পরে তাহাদিগের দ্বিশত পদাতিক ও পঞ্চাশৎজন অশ্বারোহী পশ্চাৎ হইতে মুসলমান সেনা আক্রমণ করায়, মুসলমানসেনা ছত্রভঙ্গ হইয়া পলায়ন করিয়াছিল। জাজ্‌নগরে পরাজিত হইয়া তোগ্রল্ লক্ষ্মণাবতীতে ফিরিয়া আসিয়াছিলেন এবং তাঁহার মন্ত্রী শর্ফ-উল্-মুলুক আশারী ও কাজী জলাল্-উদ্দীন্

(৩০) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I. p. 245.

কাসানীকে বহু উপঢৌকনের সহিত দিল্লীতে প্রেরণ করিয়া, আলাউদ্দীন্ মসূদ্ শাহের নিকট সাহায্য প্রার্থনা করিয়াছিলেন। সম্রাটের আদেশে আউধের শাসনকর্ত্তা কমর্-উদ্দীন্ তমুরখাঁ-ই-কিরাণ্ হিন্দুস্থানের সেনা লইয়া, জাজ্‌নগরের সহিত যুদ্ধ করিতে লক্ষ্মণাবতীর দিকে অগ্রসর হইয়াছিলেন[৩১]। ৬৪২ হিজরায় (১২৪৪ খৃষ্টাব্দে) জাজ্‌নগরের রাজা কটাসিন আক্রমণের প্রতিশোধ লইবার জন্য গৌড় বা লক্ষ্মণাবতী আক্রমণ করিয়াছিলেন[৩২]। উক্ত বৎসরের ১৩ই শওয়াল তারিখে, জাজ্‌নগরের পদাতিক সেনা, লক্ষ্মণাবতীতে উপস্থিত হইয়াছিল। ইতঃপূর্ব্বে জাজ্‌নগরের সেনা লখ্‌নোর আক্রমণ করিয়া সেই স্থানের শাসনকর্ত্তা ফখ্‌র-উল্-মুলুক করীম্-উদ্দীন্ লাঘ্রীকে পরাজিত করিয়াছিল, এবং লখ্‌নোরের সমস্ত মুসলমান নিহত হইয়াছিল। জাজ্‌নগরের সেনা লক্ষ্মণাবতীর সম্মুখে উপস্থিত হইলে তোগ্রল্ তোগান্ খাঁ সৈন্য লইয়া শত্রুসেনার সম্মুখীন হইয়াছিলেন[৩৩]। তোগ্রল্ সম্ভবতঃ যুদ্ধে পরাজিত হইয়াছিলেন, কারণ তবকাৎ-ই-নাসিরীতে যুদ্ধের উল্লেখ নাই এবং জাজ্‌নগরের সেনা সম্ভবতঃ লক্ষ্মণাবতী অবরোধ করিয়াছিল। অবরোধের দ্বিতীয় দিনে কমর্-উদ্দীন্ তমুর খাঁর আগমনের সংবাদ পাইয়া, জাজ্‌নগরের সেনা অবরোধ পরিত্যাগ করিয়া, প্রত্যাবর্ত্তন করিয়াছিল[৩৪]। ৬৪২ হিজরায় (১২৪৪ খৃষ্টাব্দে) কলিঙ্গ নগরের গঙ্গবংশীয় প্রথম নরসিংহদেব জাজ্‌নগর বা উড়িষ্যার অধিপতি ছিলেন[৩৫]।

---

(৩১) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৩৮—৩৯।
(৩২) ঐ, পৃঃ ৬৬৫।
(৩৩) ঐ, পৃঃ ৭৩৯।
(৩৪) ঐ, পৃঃ ৭৪০
(৩৫) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. LXXII, pt. I. 1903, p. 120.

তাঁহার পৌত্র দ্বিতীয় নৃসিংহদেবের ১২১৭ শকাব্দে (১২৯৬ খৃষ্টাব্দে) প্রদত্ত তাম্রশাসন হইতে অবগত হওয়া যায় যে, শুভ্র গঙ্গাপ্রবাহ রোদনপরায়ণা রাঢ়া ও বরেন্দ্রীর যবনীগণের নয়নাঞ্জনধৌতকারী অশ্রু-জলের সহিত মিশ্রিত হইয়া এবং প্রথম নৃসিংহদেবের অদ্ভুত কার্য্য দর্শনে বিস্ময়ে নিস্তরঙ্গা হইয়া তৎকর্ত্তৃক যমুনায় পরিণত হইয়াছিল[৩৬]। ইহা হইতে অবগত হওয়া যায় যে কলিঙ্গরাজ নরসিংহ রাঢ়া ও বরেন্দ্রী আক্রমণ করিয়াছিলেন। গঙ্গবংশীয় রাজগণ খৃষ্টীয় ত্রয়োদশ শতাব্দীর প্রথমার্দ্ধে অত্যন্ত প্রবল হইয়া উঠিয়াছিলেন। প্রথম নরসিংহ দেবের পিতা দ্বিতীয় অনঙ্গভীমদেবের রাজ্যকালে মুসলমান সেনা, সম্ভবতঃ সুলতান গিয়াস্-উদ্দীন্ ইউয়জের অধীনে জাজ্‌নগর আক্রমণ করিয়া পরাজিত হইয়াছিল। চাটেশ্বরে আবিষ্কৃত অনঙ্গ-ভীমদেবের শিলালিপিতে কথিত আছে যে, অনঙ্গভীমদেবের মন্ত্রী বিষ্ণু বিন্ধ্যপর্ব্বতের পাদমূলে ভীমাতটে তুম্মাণ পৃথ্বীপতিকে পরাজিত করিয়াছিলেন এবং যবনসমরে অস্ত্রসঞ্চালন করিয়া অসংখ্য শত্রুসেনা বিনাশ করিয়াছিলেন[৩৭]। তবকাৎ-ই-নাসিরী অনুসারে জাজ্‌নগরের

---

(৩৬) রাঢ়া-বরেন্দ্র-যবনী-নয়নাঞ্জনাশ্রুপূরেণ দূরবিনিবেশিত-কালিমশ্রীঃ।
তদ্বিপ্রলব্ধ-করণাদ্ভুতনিস্তরঙ্গা-গঙ্গাপি নূনমমুনা যমুনাধুনাভূত্‌॥—শ্লোক ৮৪।
Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. LXV, pt. I. 1896, p. 232.

(৩৭) বিন্ধ্যাদ্রেরবিসীমভীমতটিনীকূলে তটোবোনিধে-
র্বিষ্ণুর্বিষ্ণুরসাবসাবিতি তদাচৈতন্ত্রশিনঃ পক্তকঃ।
সাম্রাজ্যং সপরিগ্রহেণ ন তথা বৈকাবসামাবিনং
বিবং বিষ্ণুমরং যথা পরিভবং তুম্মাণপৃথ্বীপতেঃ॥
কণ্ঠোত্তংসিতসায়কস্ত [illegible]কিনো বিয়তঃ
কিং ব্রুমো যবনাবনীপুরন্দরে তত্তস্ত বীরব্রতং।

সেনাপতির নাম "সাবন্তর"[৩৮], ইহা সংস্কৃত "সামন্তরাজ" এবং উড়িয়া অপভ্রংশ "সান্ত্রা" শব্দের পারসিক অক্ষরে লিখিত আকার[৩৯]। তবকাৎ-ই-নাসিরী অনুসারে এই "সাবন্তর" জাজ্‌নগররাজের জামাতা ছিলেন[৪০]। চাটেশ্বরের শিলালিপিতে রাজমন্ত্রী বিষ্ণুর প্রশংসাসূচক শ্লোকাবলী দেখিয়া শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু অনুমান করেন যে, তবকাৎ-ই-নাসিরীর "সাবন্তর" ও জাজ্‌নগরের রাজমন্ত্রী বিষ্ণু ভিন্ন বক্তি। কিন্তু কলিঙ্গের গঙ্গবংশীয় রাজগণ ক্ষত্রিয়, ক্ষত্রিয়ের কন্যার সহিত ব্রাহ্মণের বিবাহ সম্ভব নহে। এইজন্য বসুজ মহাশয়কে অনুমান করিতে হইয়াছে যে, রাঢ়া ও বরেন্দ্রে অভিযানের সময়ে অনঙ্গভীমদেবের পুত্র প্রথম নৃসিংহদেব বিষ্ণুর সহিত আসিয়াছিলেন এবং মিন্‌হাজ্‌ ভ্রমবশতঃ তাঁহাকে জামাতা আখ্যা প্রদান করিয়াছেন[৪২]। তোগ্রল্‌-তোগান্‌ খাঁ জাজ্‌নগর রাজ্যের সীমায় অবস্থিত যে কটাসিন দুর্গ আক্রমণ করিয়াছিলেন, তাহা এখন কটাসিংহ নামে পরিচিত, ইহা মহানদীতীরে অবস্থিত[৪৩]। শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় বলেন যে, কটাসিন এখন "রাইবণিয়াগড়" নামে পরিচিত এবং ইহা মেদিনীপুর জেলায় অবস্থিত[৪৪], কিন্তু তিনি এই উক্তির পক্ষে

যস্যালোকনকৌতুকবাসনিনাং ব্যোমাঙ্গনেবাকিনা
যথৈপ্রেরনিমেষবৃত্তিভিরভূন্নেত্রৈর্মহাসুৎসবঃ ॥—শ্লোক ১৪—১৫।

বঙ্গীয়-সাহিত্যপরিষদ্‌ পত্রিকা, ষোড়শ ভাগ, পৃঃ ১৩৫—৩৬।

(৩৮) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৬৩।

(৩৯) বঙ্গীয়-সাহিত্যপরিষদ্‌ পত্রিকা ষোড়শ ভাগ পৃঃ ১৩২।

(৪০) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৬৩।

(৪১) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. LXV, 1896, pt. I., p. 234.

(৪২) বঙ্গীয়-সাহিত্য-পরিষদ্‌ পত্রিকা, ষোড়শ ভাগ, পৃঃ ১৩২—৩৩।

(৪৩) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৫৮৮, পাদটীকা।

(৪৪) বঙ্গীয়-সাহিত্যপরিষদ্‌ পত্রিকা, ষোড়শ ভাগ, পৃঃ ১৩২ পাদটীকা ১।

কোনও যুক্তি বা প্রমাণ প্রদর্শন করেন নাই। হিন্দুস্থানের সেনা লক্ষ্মণাবতীতে উপস্থিত হইলে মালিক্ তোগ্রল্ তোগান্ খাঁর সহিত মালিক্ তমুর খাঁর বিবাদ হইয়াছিল। প্রভাত হইতে সন্ধ্যা পর্য্যন্ত উভয় দলে যুদ্ধ হইয়াছিল এবং অবশেষে কয়েকজন ব্যক্তির অনুরোধে উভয় দল নিরস্ত হইয়াছিল। যুদ্ধান্তে, তোগ্রল্ তোগান্ খাঁ, সেনা নগরপ্রান্তে, রাখিয়া একাকী নগরে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন। নগর-দ্বারের সম্মুখে তোগ্রল্ তোগান্ খাঁর আবাস ছিল। তিনি সেই স্থানে একাকী অবস্থান করিতেছেন ইহা জানিতে পারিয়া, তমুর্ খাঁ, তোগান্ খাঁর আবাস আক্রমণ করিয়া, তাঁহাকে পলায়ন করিতে বাধ্য করিয়াছিলেন। তোগ্রল্ তোগান্ খাঁ লক্ষ্মণাবতী নগরে আশ্রয় গ্রহণ করিয়া, মৌলানা মিনহাজ্-উস্-সিরাজ্কে তমুর খাঁর সহিত সন্ধিস্থাপন করিবার জন্য, দৌত্যকার্য্যে নিয়োগ করিয়াছিলেন। মিনহাজ্-কৃত সন্ধিতে স্থির হইয়াছিল যে তোগ্রল্ তোগান্ খাঁ লক্ষ্মণাবতীর অধিকার পরিত্যাগ করিবেন এবং তমুর খাঁ তাঁহাকে হস্তী, কোষাগার এবং অনুচরবর্গের সহিত বিনা বাধায় দিল্লীতে প্রত্যাবর্ত্তন করিতে দিবেন। লক্ষ্মণাবতী পরিত্যাগ করিয়া ৬৪৩ হিজরায় তোগ্রল্ তোগান্ খাঁ দিল্লীতে পৌঁছিয়াছিলেন[৫৫]। তখন দিল্লীর মুসলমানসাম্রাজ্য এতই দুর্ব্বল হইয়া পড়িয়াছিল যে, তোগ্রল্ তোগান্ খাঁর প্রতি তমুর খাঁর অত্যাচারের শাস্তিপ্রদান সম্রাট আলাউদ্দীন্ মসুদের ক্ষমতার অতীত ছিল। তোগান্ খাঁ লক্ষ্মণাবতী হইতে তাড়িত হইয়া আউধের অধিকার প্রাপ্ত হইয়াছিলেন[৫৬]।

---

(৫৫) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৮০—৮১।
(৫৬) ঐ, পৃঃ ৭০১।

তোগ্রল্ তোগান্ খাঁর সহিত কলিঙ্গরাজের যুদ্ধ এবং জাজ্‌নগর বা কলিঙ্গের সেনা কর্ত্তৃক লক্ষ্মণাবতী অবরোধের কথা এক তবকাৎ-ই-নাসিরী ব্যতীত মুসলমানরচিত অপর কোন ঐতিহাসিক গ্রন্থ নাই। বদাওনী, নিজাম্-উদ্দীন্ আহম্মদ্, গোলাম হোসেন সলিম প্রমুখ বিখ্যাত ঐতিহাসিকগণের গ্রন্থে তোগ্রল্ তোগান্ খাঁর শাসনকালে তিব্বত ও চীনদেশের পথে আগত মোগলসেনা কর্ত্তৃক লক্ষ্মণাবতী আক্রমণের কথা দেখিতে পাওয়া যায়। মিনহাজ্-উস্-সিরাজ্ তোগ্রল্ তোগান্ খাঁর সমসাময়িক ব্যক্তি, তিনি তোগান্ খাঁর সহিত জাজ্‌নগরের সীমান্তে গমন করিয়াছিলেন এবং তাঁহার লক্ষ্মণাবতী শাসনকালের শেষভাগে তাঁহার সহিত অবস্থান করিতেন এবং অবশেষে তাঁহার সহিত দিল্লীতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন, সুতরাং অন্যান্য ঐতিহাসিকের উক্তি অপেক্ষা তাঁহার উক্তিই অধিকতর বিশ্বাসযোগ্য। তবকাৎ-ই-নাসিরীতে তোগ্রল্ তোগান্ খাঁর শাসনকালে মোগলসেনা কর্ত্তৃক লক্ষ্মণাবতী আক্রমণের কথা নাই। তারিখ্-ই-মবারক্‌শাহী, রৌজৎ-উস্-সফা ও জবদৎ-উৎ-তওয়ারিখে এই মোগল আক্রমণের কথা দেখিতে পাওয়া যায় না[৪৭]। ষ্টুয়ার্ট (Stewart) প্রণীত বাঙ্গালার ইতিহাসে এই মোগল আক্রমণের কথা নাই[৪৮]। রিয়াজ্-উস্-সালাতীনে কথিত আছে যে, ৬৪২ হিজরায় চঙ্গীজ্ খাঁর ত্রিংশৎ সহস্র মোগল সেনা উত্তরের পর্ব্বতমালা ভেদ করিয়া লক্ষ্মণাবতী আক্রমণ করিয়াছিল। মালিক্ ইজ্জ্‌দীন্, সম্রাট আলাউদ্দীনের নিকট সাহায্য প্রার্থনা করায় তিনি করাবেগ তমর খাঁকে বহুসেনার সহিত লক্ষ্মণাবতীতে প্রেরণ করিয়াছিলেন,

---

(৪৭) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৬৬৫ পাদটিকা ৮।
(৪৮) Stewart's History of Bengal, pp. 61—62.

মোগলসেনা যুদ্ধ করিতে না পারিয়া পরাজিত হইয়া দেশে ফিরিয়া গিয়াছিল। তবকাৎ-ই-আকবরীতে কথিত আছে যে, ৬৪২ হিজরায়, যে পথে বখ্‌তিয়ার তিব্বত ও চীনদেশ আক্রমণ করিয়াছিলেন, মোগল সেনা সেই পথে লক্ষ্মণাবতীতে আসিয়াছিল[৪৯]। সুলতান আলাউদ্দীন্, তৈমুর খাঁ এবং করাবেগকে ইজ্জুদ্দীন্ তোগানের সাহায্যের জন্য লক্ষ্মণাবতীতে প্রেরণ করিয়াছিলেন মোগলসেনা পরাজিত হইয়া পলায়ন করিয়াছিল[৫০]। বদাওনীর মন্তখব্-উৎ-তওয়ারিখে এই কথাই দেখিতে পাওয়া যায়[৫১]। ফেরেশ্‌তা বলেন যে, ৬৪২ হিজরায় চঙ্গীজ্ খাঁ ৩০০০০ হাজার মোগল সেনা সহ হিমালয় পর্ব্বত পার হইয়া লক্ষ্মণাবতী আক্রমণ করিয়াছিলেন[৫২]। এলফিন্‌ষ্টোনের (Elphinstone) ভারতবর্ষের ইতিহাসেও এই কথা দেখিতে পাওয়া যায়[৫৩]। তবকাৎ-ই-নাসিরী অনুবাদক মেজর র‍্যাভার্টি, বদাওনী, নিজাম্-উদ্দীন্ আহমদ্, গোলাম হোসেন সলিম, ও ফেরেশ্‌তার ভুল স্পষ্ট দেখাইয়া দিয়া বলিয়াছেন যে, সম্ভবতঃ লিপিকরপ্রমাদে তবকাৎ-ই-নাসিরীর কোনও পুঁথিতে জাজ্‌নগর স্থানে হবকর খাঁ লিখিত হইয়াছিল এবং যে সমস্ত মুসলমান ঐতিহাসিক সমস্যা পূরণের চেষ্টা না করিয়া ইতিহাস রচনা করিয়াছিলেন, তাঁহারা "হবকর খাঁকে" শুদ্ধ করিয়া "চঙ্গীজ্ খাঁতে" পরিবর্ত্তন করিয়াছিলেন এবং তদনুসারে ৬৪২ হিজরায় মোগল সেনা কর্ত্তৃক লক্ষ্মণাবতী আক্রমণ লিপিবদ্ধ করিয়া গিয়াছেন[৫৪]। তবকাৎ-ই-নাসিরী অনুসারে মালিক্

---

(৪৯) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৬।
(৫০) তবকাৎ-ই আক্‌বরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৮৩।
(৫১) মন্তখব্ উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১২৫।
(৫২) তারিখ্-ই ফেরেশ্‌তা, পৃঃ।
(৫৩) Elphinstone's History of India p. 7th edition 377.
(৫৪) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ [illegible], পাদটীকা ৮।

কমর্-উদ্দীন্ তমুর্ খাঁ-ই-কিরাণ্ বিদ্রোহী ছিলেন। তোগ্রল্ তোগান্ খাঁ যখন দিল্লীতে, তখন তিনি একাকী মানিশ নামক স্থানে আসিয়া তাঁহার পরিবারবর্গকে লক্ষ্মণাবতীতে লইয়া গিয়াছিলেন। তমুর্ খাঁ মাত্র দুই বৎসর লক্ষ্মণাবতী শাসন করিয়াছিলেন। যে রাত্রিতে আউধে তোগ্রল্ তোগান্ খাঁর মৃত্যু হইয়াছিল, সেই রাত্রিতেই লক্ষ্মণাবতীতে কমর্-উদ্দীন্ তমুর্ খাঁর মৃত্যু হইয়াছিল[৫৫]। তমুর্ খাঁর পত্নী লক্ষ্মণাবতীর ভূতপূর্ব্ব শাসনকর্ত্তা সৈফ্-উদ্দীন্ ইবক্ য়গান্‌তভের কন্যা, তিনি তমুর্ খাঁর শব লক্ষ্মণাবতী হইতে আউধে লইয়া গিয়া তথায় সমাহিত করিয়াছিলেন[৫৫]। কথিত আছে যে, ১২৪৪ খৃষ্টাব্দে বীরভূমির পশ্চিম দিকস্থিত পার্ব্বত্যজাতি (সাঁওতাল জাতি) বীরভূমির রাজধানী নাগর নগর লুণ্ঠন করিয়াছিল[৫৬]। এই সময়ে রামচন্দ্র কবি ভারতীর আবির্ভাব হইয়াছিল। রামচন্দ্র বরেন্দ্রমণ্ডলের অন্তঃপাতী বীরাবতী নগরের অধিবাসী এবং কাত্যায়ন গোত্রীয় পাশ্চাত্য বৈদিক শ্রেণীয় ব্রাহ্মণ ছিলেন। বৌদ্ধধর্ম্ম অবলম্বন করায় আত্মীয়স্বজন কর্ত্তৃক উত্যক্ত হইয়া, রামচন্দ্র, সিংহলে গমন করিয়াছিলেন। সে সময়ে পরাক্রমবাহু সিংহলের রাজা ছিলেন। রামচন্দ্র "ভক্তিশতক" "বৃত্তমালা" ও কেদার ভট্ট প্রণীত "বৃত্তরত্নাকর" নামক গ্রন্থের "বৃত্তরত্নাকর পঞ্জিকা" নাম্নী টীকা প্রণয়ন করিয়াছিলেন[৫৭]। ৬৪৪ হিজরায় (১২৪৬ খৃষ্টাব্দে) মালিক কমর্-উদ্দীন্ তমুর্ খাঁ-ই-কিরাণের মৃত্যু হইয়াছিল, কিন্তু রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে তমুর্ খাঁ দশবৎসর লক্ষ্মণাবতী

(৫৫) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৪৫।
(৫৬) গৌড়ের ইতিহাস, দ্বিতীয় খণ্ড, পৃঃ ২০।
(৫৭)

শাসন করিয়াছিলেন[৫৮]। কিন্তু প্রকৃতপক্ষে তিনি দুই বৎসরের অধিক বা অনধিককাল লক্ষ্মণাবতীতে ছিলেন।

যে বৎসর তোগ্রল্ তোগান্ খাঁ ও কমর্-উদ্দীন্ তমুর্ খাঁর মৃত্যু হইয়াছিল, সেই বৎসরই সুলতান আলাউদ্দীন্ মস্‌উদ্ শাহ্ পদচ্যুত হইয়াছিলেন এবং তাঁহার খুল্লতাত, সুলতান শমস্-উদ্দীন্ অল্‌তমশের কনিষ্ঠ পুত্র নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ দিল্লীর সিংহাসনে আরোহণ করিয়াছিলেন[৫৯]। কমর্-উদ্দীন্ তমুর্ খাঁর মৃত্যুর পরে মালিক্ ইখ্‌-তিয়ার্-উদ্দীন্ য়ুজ্‌বক্ তোগ্রল্ খাঁ লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিলেন। য়ুজ্‌বক্, আলাউদ্দীন্ মস্‌উদ্‌শাহের রাজ্যকালে বিদ্রোহী হইয়াছিলেন এবং বন্দী হইয়াছিলেন[৬০]। লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা নিযুক্ত হইবার পূর্ব্বে য়ুজ্‌বক্ আউধের শাসনকর্ত্তা ছিলেন[৬১]। রিয়াজ্-উস্-সালাতীনে বাঙ্গালার শাসনকর্ত্তৃগণের মধ্যে ইখ্‌তিয়ার্-উদ্দীন্ য়ুজ্‌বকের নাম নাই[৬২]। য়ুজ্‌বকের শাসনকালে কলিঙ্গরাজের সহিত পুনরায় যুদ্ধ আরম্ভ হইয়াছিল। তোগ্রল্ তোগান্ খাঁর সময়ে কলিঙ্গরাজের যে সেনাপতি লক্ষ্মণাবতী আক্রমণ করিয়াছিলেন, তিনি য়ুজ্‌বকের সহিত যুদ্ধে বিশেষ বিক্রম প্রদর্শন করিয়াও পরাজিত হইলেন। দ্বিতীয়বারের যুদ্ধেও কলিঙ্গরাজের সেনা পরাজিত হইল। তৃতীয় বারের যুদ্ধে য়ুজ্‌বক্ পরাজিত হইলেন এবং তাঁহার একটি বহুমূল্য শ্বেতহস্তী কলিঙ্গরাজের সেনা কর্ত্তৃক অধিকৃত হইল। পরাজিত হইয়া তোগ্রল্ দিল্লীতে সম্রাটের সমীপে সাহায্যের জন্য আবেদন করিলেন।

(৫৮) রিয়াজ্-উস্ সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৭।
(৫৯) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৬৬৯ - ৬৭৫।
(৬০) ঐ, পৃঃ ৭৬২।
(৬১) ঐ।
(৬২) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৬—৭৭।

ইহার পরে (সম্ভবতঃ দিল্লীর সেনা সাহায্যার্থ উপস্থিত হইলে) যুজ্‌বক্‌ উমর্দ্দন (? জাজ্‌নগর) রাজ্য আক্রমণ করিলেন এবং গোপনে যুদ্ধযাত্রা করিয়া রাজধানীতে উপস্থিত হইলেন। রাজা (সম্ভবতঃ পরাজিত হইয়া) রাজধানী পরিত্যাগ করিলেন এবং তাঁহার পরিবার ও অনুচরবর্গ, সমস্ত হস্তী ও ধনরত্ন মুসল্‌মানগণের হস্তগত হইল[৬৩]।

জাজ্‌নগর হইতে ফিরিয়া আসিয়া যুজ্‌বক্‌ অত্যন্ত গর্ব্বিত হইয়া উঠিলেন এবং রক্ত, কৃষ্ণ ও শ্বেত এই তিন বর্ণের চন্দ্রাতপ ব্যবহার করিতে আরম্ভ করিলেন। ইহার পরে যুজ্‌বক্‌, লক্ষ্মণাবতী হইতে আউধ আক্রমণ করিয়া, উক্ত প্রদেশের রাজধানী অধিকার করিলেন এবং সুলতান মুগীস্‌-উদ্দীন্‌ উপাধি গ্রহণ করিলেন। আউধে একপক্ষ কাল বাস করিয়া সুলতান মুগীস্‌-উদ্দীন্‌ সম্রাটের সেনাদলভুক্ত জনৈক তুর্কী আমীরের নিকট শুনিতে পাইলেন যে, সম্রাটের সেনা নিকটবর্ত্তী হইয়াছে। মুগীস্‌-উদ্দীন্‌ ভীত হইয়া, নৌকারোহণে লক্ষ্মণাবতীতে পলায়ন করিলেন। যুজ্‌বক্‌ স্বাধীনতা অবলম্বন করায় ভারতবাসী হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ই তাঁহাকে অত্যন্ত নিন্দা করিতে আরম্ভ করিয়াছিল। লক্ষ্মণাবতীতে প্রত্যাবর্ত্তন করিয়া যুজ্‌বক্‌ কামরূপ আক্রমণ করিতে কৃতসঙ্কল্প হইলেন এবং সসৈন্যে বেগমতী বা করতোয়া নদী পার হইলেন। তদানীন্তন কামরূপ-রাজের তেমন সেনাবল ছিল না, তিনি মুসলমান সেনার গতিরোধ করিতে পারিবেন না, ইহা বুঝিতে পারিয়া পশ্চাৎপদ হইয়াছিলেন। যুজ্‌বক্‌ কামরূপ বিজয় করিয়া বহু ধনরত্নের অধিকারী হইয়াছিলেন। কামরূপ নগর অধিকৃত হইলে কামরূপরাজ দূতমুখে সন্ধির প্রস্তাব প্রেরণ করিয়াছিলেন।

---

(৬৩) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৬৩।

তিনি রাজ্য পুনঃপ্রাপ্তির মূল্যস্বরূপ প্রতি বৎসর সুবর্ণ ও হস্তী প্রদান করিতে, যুজ্‌বকের নামে খোৎবা পাঠ করাইতে এবং মুদ্রা মুদ্রাঙ্কন করাইতে প্রস্তুত হইয়াছিলেন। যুজ্‌বক্ কামরূপরাজের প্রস্তাব গ্রহণ করেন নাই। ইহার পরে কামরূপরাজের আদেশে তদ্দেশীয়গণ কামরূপ রাজ্যের সমস্ত খাদ্যদ্রব্য ক্রয় করিয়া লইল। কামরূপ প্রচুর শস্যশালী দেখিয়া যুজ্‌বক্ তাঁহার সেনার জন্য খাদ্যদ্রব্য সঞ্চয় করেন নাই। দেশের সমস্ত খাদ্যদ্রব্য ক্রীত হইলে, কামরূপরাজের আদেশে তাঁহার প্রজাবর্গ, পয়ঃপ্রণালীসমূহের মুখ খুলিয়া দিয়া, মুসলমানগণ কর্ত্তৃক অধিকৃত ভূমি জলমগ্ন করিয়া দিয়াছিল। মুসলমান সেনার দুর্দ্দশার অবধি ছিল না। পরস্পরের সহিত পরামর্শ করিয়া মুসলমান সেনানায়কগণ লক্ষ্মণাবতীতে প্রত্যাবর্ত্তন করা শ্রেয়ঃ বিবেচনা করিলেন, কারণ, কামরূপে অবস্থান করিলে অনশনে প্রাণত্যাগ ব্যতীত অপর কোন উপায় ছিল না। প্রত্যাবর্ত্তনের পথ জলমগ্ন হইয়াছিল এবং কামরূপের হিন্দুসেনা কর্ত্তৃক অধিকৃত ছিল। কয়েক দিনের পথ অগ্রসর হইয়া তাহারা সম্মুখে ও পশ্চাতে হিন্দুসেনা কর্ত্তৃক আক্রান্ত হইল। পর্ব্বতমালার মধ্যে একটি সঙ্কীর্ণ স্থানে যুদ্ধ হইয়াছিল, এই যুদ্ধে যুজ্‌বক্ শরাঘাতে আহত হইয়া বন্দী হইয়াছিলেন। কথিত আছে যে, যুজ্‌বক্ কামরূপরাজের নিকট নীত হইলে তিনি কামরূপরাজের নিকট পুত্র দর্শনের প্রার্থনা জ্ঞাপন করিয়াছিলেন এবং পুত্র আনীত হইলে, সুলতান মুগীস্-উদ্দীন্ যুজ্‌বক্, পুত্রের মুখের উপরে মুখ রাখিয়া দেহত্যাগ করিয়াছিলেন[৬৪]। যুজবক্ স্বাধীনতা অবলম্বন করিয়াও প্রথমে বাঙ্গালার মুদ্রায় সম্রাটের নামের সহিত নিজনাম উৎকীর্ণ

---

(৬৪) তবকাৎ ই-নাসরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৬৩—৬৬ ;

করাইয়াছিলেন[৬৫]। ইহার পরে কেবল তাঁহার নামই বাঙ্গালার মুদ্রায় দেখিতে পাওয়া যায়[৬৬]। যুজ্‌বক্, বাঙ্গালার মুসলমান রাজ্য দক্ষিণে নবদ্বীপ ও উত্তরে বর্দ্ধনকোট পর্য্যন্ত বিস্তার করিয়াছিলেন এবং এই বিজয়কাহিনী স্মরণার্থ, বিজিত স্থানদ্বয়ের নাম সম্বলিত নূতন মুদ্রা মুদ্রাঙ্কন করাইয়াছিলেন[৬৭]। ৬৪৭ হিজরায় (১২৪৯ খৃষ্টাব্দে) যুজ্‌বকের শাসনকালে উৎকীর্ণ একখানি আরবী শিলালিপি গৌড়ের নিকট পিছ্‌লি গঙ্গারামপুরে আবিষ্কৃত হইয়াছে। ইহার সম্পূর্ণ পাঠোদ্ধার হয় নাই, তবে ইহাতে সুলতান শমস্ উদ্দীন্ অল্‌তমশ, সুলতান নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ শাহ ও মহ্‌দ্ শাহ্ জানীর নাম এবং ৬৪৭ হিজরার তারিখ দেখিতে পাওয়া যায়[৬৮]।

যুজ্‌বক্ নিহত হইলে ৬৫৬ হিজরায় (১২৫৮ খৃষ্টাব্দে) জলাল্-উদ্দীন্ মহ্‌দ্ জানী লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিলেন[৬৯]। ৬৫৬ হিজরায় (১২৫৭ খৃষ্টাব্দে) লক্ষ্মণাবতীতে মুদ্রাঙ্কিত সুলতান নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ শাহের রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে[৭০]। সুতরাং যুজ্‌বকের মৃত্যুর পরে এবং জলাল্-উদ্দীন মহ্‌দ্ জানীর পূর্ব্বে সম্রাট্ নাসির্-উদ্দীন্

(৬৫) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. I, p. 33. No. 140.

(৬৬) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. L, 1881, pt. I, p. 61. No. 11—12.

(৬৭) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 146 No 6.

(৬৮) Cunningham, Reports of the Archæological Survey of India Vol. XV, p. 45, pt. XXI.

(৬৯) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭১২।

(৭০) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II. pt. I. p. 32. No, 138.

মহ্মুদের অধীন লক্ষ্মণাবতীর আর একজন শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিলেন এবং তিনিই ৬৫৫ হিজরায় সম্রাটের নামে লক্ষ্মণাবতীতে মুদ্রা মুদ্রাঙ্কিত করাইয়াছিলেন। জলাল্-উদ্দীন্ মস্থদ্ জানী একবৎসরের অধিক লক্ষ্মণাবতী শাসন করেন নাই। ৬৫৭ হিজরায় লক্ষ্মণাবতী হইতে দুইটি হস্তী ও কিঞ্চিৎ ধন দিল্লীতে প্রেরিত হইয়াছিল[৭১]। ৬৫৭ হিজরার পূর্ব্বে জলাল্-উদ্দীন্ মস্থদ্ জানী পদচ্যুত হইয়াছিলেন। কারণ, উক্তবর্ষে মালিক্ তাজ্-উদ্দীন্ আর্সলান্ খাঁ যখন লক্ষ্মণাবতী আক্রমণ করিয়াছিলেন তখন ইজ্জুদ্দীন্ বল্বন্ য়ুজ্বকী লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা[৭২]। ৬৫৬ হিজরায় (১২৫৮ খৃষ্টাব্দে) তাজ্-উদ্দীন্ আর্সলান্ খাঁ কড়ার শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিলেন। উক্তবর্ষে আর্সলান্ খাঁ মালব ও কালঞ্জর আক্রমণ করিবার ছলে লক্ষ্মণাবতী আক্রমণ করিয়াছিলেন। সেই সময়ে ইজ্জুদ্দীন্ বল্বন্ লক্ষ্মণাবতী নগর অরক্ষিত রাখিয়া পূর্ব্ববঙ্গ আক্রমণ করিয়াছিলেন। আর্সলান্ খাঁ লক্ষ্মণাবতী আক্রমণ করিলে নগরের অধিবাসিগণ তিনদিন নগররক্ষার্থ তাঁহার সহিত যুদ্ধ করিয়াছিল। তিনদিন পর আর্সলান্ খাঁ নগর অধিকার করিয়া লুণ্ঠন করিয়াছিলেন। আর্সলান্ খাঁ লক্ষ্মণাবতী আক্রমণ করিয়াছেন শুনিয়া ইজ্জুদ্দীন্ বল্বন্ ফিরিয়া আসিলেন। আর্সলান্ খাঁর সহিত যুদ্ধে বল্বন্ পরাজিত ও নিহত হইয়াছিলেন[৭৩]। আর্সলান্ খাঁ কিয়ৎকাল লক্ষ্মণাবতীর অধিকার ভোগ করিয়াছিলেন[৭৪]।

---

(৭১) তবকাৎ-ই-নাসিরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭১৩।

(৭২) ঐ, পৃঃ ৭৬৯।

(৭৩) ঐ, পৃঃ ৭৬৯—৭০।

(৭৪) কোনও গ্রন্থানুসারে আর্সলান্ খাঁ ৬৫৯ হিজরা=১২৬০ খৃষ্টাব্দ পর্য্যন্ত লক্ষ্মণাবতী শাসন করিয়াছিলেন।—Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 150.

এইস্থানে তবকাৎ-ই-নাসিরী শেষ হইয়াছে, মুগীস্-উদ্দীন্ তোগ্রলের পরে লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তৃগণের বিবরণ তবকাৎ-ই-নাসিরীতে বিশদ্‌ভাবে সঙ্কলিত হয় নাই। জামাল-উদ্দীন্ মসুদ্ জানী ইজ্জুদ্দীন্ বলবন্ ও তাজ্-উদ্দীন্ আর্সলান্ খাঁর নাম স্থানে স্থানে দেখিতে পাওয়া যায়। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে আর্সলান্ খাঁর পুত্র তাতার খাঁ লক্ষ্মণাবতীর অধিকার লাভ করিয়াছিলেন ৭৫। কথিত আছে যে তিনি সুলতান্ নাসির্-উদ্দীন্ মহমুদের অধীনতা স্বীকার করিতেন না। ৬৬৪ হিজরায় (১২৫১ খৃষ্টাব্দে), নাসির্-উদ্দীন্ মহমুদের মৃত্যুর পরে, সুলতান্ গিয়াস্-উদ্দীন্ বল্‌বন্ দিল্লীর সিংহাসনে আরোহণ করিলে, তাতার খাঁ তাঁহার অধীনতা স্বীকার করিয়া, ত্রিষষ্টিসংখ্যক হস্তী প্রেরণ করিয়াছিলেন। বল্‌বন্ হস্তী ও অন্যান্য উপঢৌকন পাইয়া প্রীত হইয়াছিলেন, ৭৬। কোন্ সময়ে কি প্রকারে তাতার খাঁর অধিকার লোপ হইয়াছিল তাহা বলিতে পারা যায় না। তাতার খাঁর পরে শের খাঁ ৭৭, ও আমিন্ খাঁ ৭৮ নামক লক্ষ্মণাবতীর দুইজন শাসনকর্ত্তার নাম পাওয়া যায়, কিন্তু ইঁহাদিগের শাসনকালের তারিখ বা কোনও ঘটনা অদ্যাবধি জানিতে পারা যায় নাই। ব্লখ্‌ম্যানের মতানুসারে, তোগ্রল্ নামক আমিন্ খাঁর জনৈক কর্ম্মচারী লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা ছিলেন। তোগ্রল্ সম্রাট্ গিয়াস্-উদ্দীন্ বল্‌বন্ পীড়িত হইয়াছেন শুনিয়া আমিন্ খাঁকে আক্রমণ করেন ও পরাজিত করেন ৭৯। পরে, তোগ্রল্ মুগীস্-উদ্দীন্ উপাধি গ্রহণ করিয়া, স্বাধীনতা

(৭৫) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৮।

(৭৬) Elliot's History of India, Vol. III. p. 103.

(৭৭) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ১৮৩।

(৭৮) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII, 1874, pt I. p. 287.

(৭৯) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ১৮৬।

অবলম্বন করিয়াছিলেন ৮০। তারিখ্-ই-ফিরোজ্‌শাহী প্রণেতা, জিয়া-উদ্দীন্ বার্ণীর পিতামহ, বল্‌বনের সহিত তোগ্রলের বিদ্রোহ দমনে, লক্ষ্মণাবতী গমন করিয়াছিলেন ৮১। বার্ণীর গ্রন্থে, তোগ্রল্ ও লক্ষ্মণাবতীতে তাঁহার বিদ্রোহ সম্বন্ধে যে বিবরণ সঙ্কলিত হইয়াছে, তাহা অধিকতর বিশ্বাসযোগ্য। বার্ণীর গ্রন্থে আমিন্ খাঁর অধীনে তোগ্রলের কার্য্য স্বীকার এবং তোগ্রল্ কর্ত্তৃক আমিন্ খাঁর পরাজয়ের কথা নাই।

বার্ণী প্রণীত তারিখ্-ই-ফিরোজ্‌শাহী গ্রন্থে দেখিতে পাওয়া যায় যে, তোগ্রল্ (সম্রাট গিয়াস্-উদ্দীন্ বল্‌বন্ কর্ত্তৃক) লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছেলেন ৮২। বার্ণীর গ্রন্থে কোন তারিখ নাই। রিয়াজ-উস্-সালাতীন্ অনুসারে ৬৭৮ হিজরায় (১২৭৯ খৃষ্টাব্দে) তোগ্রল্ জাজ্‌নগর আক্রমণ করিয়াছিলেন ৮৩, সুতরাং ৬৭৮ হিজরার পূর্ব্বে তোগ্রল্ লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিলেন। লক্ষ্মণাবতীর অধিকার প্রাপ্ত হইয়া তোগ্রল্ কামরূপ আক্রমণ করিয়াছিলেন এবং কামরূপের কিয়দংশ অধিকার করিয়াছিলেন। ৬৭৮ হিজরায় তোগ্রল্ লক্ষ্মণাবতী হইতে জাজ্‌নগর অভিমুখে অগ্রসর হইয়াছিলেন এবং উক্ত প্রদেশের রাজাকে পরাজিত করিয়া বহু হস্তীও ধনরত্ন অধিকার করিয়াছিলেন ৮৪। ইহার পরে কুমন্ত্রীগণের পরামর্শে তোগ্রল্ স্বাধীনতা অবলম্বন করিয়া মুগীস্-উদ্দীন্ উপাধিগ্রহণ করেন। বার্ণীর গ্রন্থানুসারে, বল্‌বনের পঞ্চদশ বা ষোড়শ রাজ্যাঙ্ক পর্য্যন্ত, লক্ষ্মণাবতী প্রদেশ শান্ত ছিল, সুতরাং ৬৭৯-৮০

(৮০) Elliot's History of India Vol. III. p 113.

(৮১) Ibid, p. 115.

(৮২) Ibid, p. 112.

(৮৩) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৭৯; তারিখ্-ই-ফেরেশ্‌তা, পৃঃ ৭৯।

(৮৪) Elliot's History of India, Vol. III, p. 113.

হিজরা অর্থাৎ ১২৮০-৮১ খৃষ্টাব্দের পরে তোগ্রল্ বিদ্রোহী হইয়াছিলেন ৮৫। এই সময়ে মধ্য-এসিয়ার মরুবাসী মোঙ্গোলগণ বার বার ভারতবর্ষ আক্রমণ করিয়া সম্রাট গিয়াস্-উদ্দীন্ বল্‌বন্‌কে ব্যস্ত করিয়া তুলিয়াছিলেন। সম্রাটের জ্যেষ্ঠপুত্র মুলতানে বাস করিতেন এবং তাঁহার কনিষ্ঠ পুত্রও মোগলদিগের ভারতবর্ষ আক্রমণে বাধা প্রদানের জন্ত পঞ্জাবে বাস করিতেন। সম্রাট্ গিয়াস্-উদ্দীন্ বল্‌বন্ তখন বৃদ্ধ হইয়া পড়িয়াছেন এবং মোগল আক্রমণ উপেক্ষা করিয়া তিনি অথবা তাঁহার পুত্রগণ কখনই লক্ষ্মণাবতীতে আসিতে পারিবেন না। তোগ্রল্‌কে এই সকল কথা জানাইয়া কুমন্ত্রিগণ তাঁহাকে স্বাধীনতা অবলম্বন করিবার পরামর্শ দিয়াছিল এবং তদনুসারে তোগ্রল্ বিদ্রোহী হইয়াছিলেন। তোগ্রল্ স্বনামে খোৎবা প্রচার ও মুদ্রা প্রচলন আরম্ভ করিলেন। তোগ্রলের বিদ্রোহ সংবাদ শুনিয়া সম্রাট্ গিয়াস্-উদ্দীন্ বল্‌বন্ অত্যন্ত বিচলিত হইয়াছিলেন, কারণ তাহার ক্রীতদাসগণের মধ্যে তোগ্রল্ অত্যন্ত প্রিয়পাত্র ছিলেন। জাজ্‌নগরের যুদ্ধে তোগ্রল্ যে সকল হস্তী বা ধনরত্ন পাইয়াছিলেন, তাহা তিনি দিল্লীতে প্রেরণ করেন নাই ৮৬। সেই অর্থের দ্বারা তিনি লক্ষ্মণাবতী নগরের অধিবাসিগণকে এবং সৈন্যগণকে বশীভূত করিয়াছিলেন। বল্‌বন্ তোগ্রলের বিরুদ্ধে আমীর খাঁ আব্-তগীন্ নামক তাহার একজন বৃদ্ধ ক্রীতদাসকে প্রেরণ করিয়াছিলেন ৮৭। আমীর খাঁর সহিত তমর খাঁ ও মালিক তাজ্-উদ্দীন্ নামক সেনানায়কদ্বয়ও লক্ষ্মণাবতীতে প্রেরিত হইয়াছিলেন ৮৮। ষিয়াজ্-উদ্-

(৮৫) Ibid, p. 112.
(৮৬) Ibid, p. 113.
(৮৭) Ibid, p. 114.
(৮৮) Ibid.

সালাতীন্ অনুসারে জমাল্-উদ্দীন্ কন্দাহারী নামধের অপর একজন সেনাপতিকেও ইঁহাদিগের সহিত পাঠাইয়াছিলেন ৮৯। আমীর খাঁ সসৈন্য সরযূ নদী পার হইলে, তোগ্রল্ বহু সেনা ও হস্তীর সহিত, তাঁহাকে বাধা দিবার জন্য অগ্রসর হইয়াছিলেন। তোগ্রল্ বহু অর্থ ব্যয় করিয়া দেশবাসিগণকে বশীভূত করিয়াছিলেন এবং উৎকোচ দ্বারা সম্রাটের সেনাদলের বহু ব্যক্তিকে স্বপক্ষে আনয়ন করিয়াছিলেন। যুদ্ধে আমীর খাঁ পরাজিত হইলে, দিল্লীর সম্রাটের সেনা পলায়ন করিল এবং হিন্দু-দিগের হস্তে নিগ্রহ ভোগ করিল। পরাজিত সেনাদলের মধ্যে অনেকে তোগ্রলের দলভুক্ত হইল। বল্বন্ পরাজয়বার্ত্তা শ্রবণ করিয়া ক্রোধে জ্ঞানশূন্য হইলেন এবং আউধের নগরদ্বারে আমীর খাঁকে উদ্বন্ধনে হত্যা করিতে আদেশ করিলেন৯০। পর বৎসর আর একজন সেনাপতি তোগ্রলের বিরুদ্ধে প্রেরিত হইলেন। তাঁহার সেনাদলের অনেকে অর্থলোভে তোগ্রলের পক্ষ অবলম্বন করিল এবং তিনি তোগ্রল্ কর্ত্তৃক পরাজিত হইলেন ৯১।

দ্বিতীয় সেনাদলের পরাজয়বার্ত্তা শ্রবণ করিয়া সম্রাট্ ক্রোধে অধীর হইলেন এবং তোগ্রল্‌কে দমন করিবার জন্য স্বয়ং লক্ষণাবতীতে যাত্রা করিতে মনস্থ করিলেন। সম্রাটের আদেশে গঙ্গায় ও যমুনায় বহু নৌকা সংগৃহীত হইল এবং তিনি তাঁহার পুত্র বগ্‌ড়া খাঁর অধিকারে মৃগয়ার জন্য গমন করিলেন ৯২। মালিক সুজ সরজান্দার বগ্‌ড়া খাঁর অধিকারের শাসনকর্ত্তা নিযুক্ত হইলেন ৯৩। বগ্‌ড়া খাঁ তাহার সেনার সহিত সম্রাটের

(৮৯) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৮০।
(৯০) Elliot's History of India Vol. III, p. 114.
(৯১) Ibid.
(৯২) Ibid, p. 115
(৯৩) Ibid.

পশ্চাতে লক্ষ্মণাবতী যাত্রা করিতে আদিষ্ট হইলেন। বল্‌বন্‌ দিল্লীর কোৎ-ওয়ালকে দিল্লীর শাসনকর্তা নিযুক্ত করিয়া লক্ষ্মণাবতী যাত্রা করিলেন। আউধে উপস্থিত হইয়া, সম্রাট্‌ দুইলক্ষ নূতন সেনা সংগ্রহ করিলেন এবং বহু লোক একত্র করিয়া, সরযূ পার হইলেন। বল্‌বন্‌ বর্ষাকালে যুদ্ধ-যাত্রা করিয়াছিলেন, সেইজন্য পথে বহু বিলম্ব হইয়াছিল। সম্রাটের আগমন-সংবাদ শ্রবণ করিয়া তোগ্রল্‌ আত্মীয় স্বজন ও ধনরত্নের সহিত লক্ষ্মণাবতী ত্যাগ করিয়াছিলেন। তাঁহার সহিত বহু হস্তী ও সেনা গমন করিয়াছিল। বল্‌বন্‌ যখন লক্ষ্মণাবতী হইতে ত্রিশ বা চল্লিশ ক্রোশ দূরে আছেন, তখন তোগ্রল্‌ জাজ্‌নগর অভিমুখে যাত্রা করিতেছেন। তোগ্রল্‌ তাঁহার সঙ্গীদিগকে বলিয়াছিলেন যে, সম্রাট্‌ অধিকদিন লক্ষ্মণা-বতীতে অবস্থান করিতে পারিবেন না। তিনি প্রত্যাবর্ত্তন করিলে তোগ্রল্‌ জাজ্‌নগর লুণ্ঠন করিয়া স্বচ্ছন্দে লক্ষ্মণাবতীতে ফিরিয়া যাইবেন, কারণ সম্রাটের কোনও সেনাপতি তাঁহার গতিরোধ করিতে সমর্থ হইবে না। লক্ষ্মণাবতীতে উপস্থিত হইয়া, বল্‌বন্‌ বার্ণীর মাতামহ, সিপাহ্‌শালার হসাম্‌-উদ্দীন্‌কে লক্ষ্মণাবতীর শাসনকর্তা নিযুক্ত করিয়াছিলেন এবং নগরে দুই একদিন অপেক্ষা করিয়া, জাজ্‌নগর অভিমুখে যাত্রা করিয়া-ছিলেন। লক্ষ্মণাবতী পরিত্যাগ করিয়া সম্রাট্‌ অল্প সময়ের মধ্যে সুবর্ণ-গ্রামে উপস্থিত হইয়াছিলেন[১৪]। তোগ্রল্‌ জাজ্‌নগর অভিমুখে যাত্রা করিয়াছিলেন, তাঁহার অনুসরণ করিতে গিয়া বল্‌বন্‌ কিরূপে সুবর্ণগ্রামে পৌঁছিলেন তাহা একটি ঐতিহাসিক সমস্যা। এই সমস্যার মীমাংসা করিতে অসমর্থ হইয়া বার্ণী-রচিত তারিখ্‌-ই-ফিরোজ্‌ শাহী অনুবাদক সার হেন্‌রী ইলিয়ট (Sir Henry Elliot) বলেন যে, জাজ্‌নগর

(১৪) Ibid, pp. 115—16.

ব্রহ্মপুত্র নদের পূর্ব্বদিকে অবস্থিত এবং ইহার বর্ত্তমান নাম ত্রিপুরা [২৫]। ত্রিপুরার প্রাচীন নাম যে জাজনগর, তাহা অপর কোন বিশ্বাসযোগ্য ঐতিহাসিক গ্রন্থে পাওয়া যায় না। বল্‌বন্‌, তোগ্রলের সন্ধানে জাজ্‌-নগরে না গিয়া সুবর্ণগ্রামে উপস্থিত হইয়াছিলেন বলিয়া, ব্রহ্মপুত্র নদের পূর্ব্বদিকে দ্বিতীয় জাজ্‌নগরের অস্তিত্ব কল্পনা করিবার প্রয়োজন নাই। যে উদ্দেশ্যে বল্‌বন্‌ সুবর্ণগ্রামে গিয়াছিলেন, তাহা বার্ণীর গ্রন্থে স্পষ্ট লিখিত আছে। পরাজিত হইয়া তোগ্রল্‌ যাহাতে জলপথে পলায়ন করিতে না পারেন, সেইজন্য দক্ষিণ ও পূর্ব্ববঙ্গের জলপথ সমূহের অধীশ্বরের সহিত বন্দোবস্ত করিতে, বল্‌বন্‌ সুবর্ণগ্রামে গমন করিয়াছিলেন। সুবর্ণগ্রামের রাজা তখনও স্বাধীন, দূত প্রেরণ করিলে, তিনি আদেশ গ্রাহ্য না করিতে পারেন, ইহা ভাবিয়া বল্‌বন্‌ সসৈন্য সুবর্ণগ্রামে উপস্থিত হইয়াছিলেন। সুবর্ণগ্রামের অধীশ্বর দনুজরায় জলপথে তোগ্রলের পলায়ন নিবারণ করিতে প্রতিশ্রুত হইয়াছিলেন [২৬]। বল্‌বন্‌ এই স্থান হইতে জাজ্‌নগর অভিমুখে যাত্রা করিলেন।

বার্ণীর গ্রন্থে লিখিত আছে যে, সম্রাটের সেনা সপ্তত্রিক্রোশ অতিক্রম করিয়া জাজ্‌নগরের নিকটে উপস্থিত হইয়াছিল [২৭]। সুবর্ণগ্রাম হইতে জাজ্‌নগরের সীমা বহুদূরে অবস্থিত, এইজন্য কোন কোন লেখক অনুমান করেন যে বল্‌বন্‌ সুবর্ণগ্রাম হইতে বর্ত্তমান ত্রিপুরায় গমন করিয়াছিলেন এবং জাজ্‌নগর ত্রিপুরার প্রাচীন নাম। সুবর্ণগ্রাম হইতে ত্রিপুরায় যাইতে হইলে বহু নদনদী অতিক্রম করিতে হয়। বার্ণীর গ্রন্থে এই নদীবহুল জলপথের উল্লেখ নাই। তখনও কীর্ত্তিনাশা বিক্রমপুর

(২৫) Ibid, pp. 112—13, Note 2.

(২৬) Ibid, p. 116.

(২৭) Ibid, p. 117.

ধ্বংস করে নাই। বল্‌বন্‌, সম্ভবতঃ গঙ্গা বা পদ্মার দক্ষিণ তীর অবলম্বন করিয়া, সুবর্ণগ্রামের নিকটে, অথবা পরপারে উপস্থিত হইয়াছিলেন এবং সেই স্থানেই সুবর্ণগ্রামের অধীশ্বর, দনুজরায়, সম্রাটের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। দনুজরায়কে অঙ্গীকারবদ্ধ করিয়া বল্‌বন্‌ পশ্চিমাভিমুখে যাত্রা করিয়া জাজ্‌নগরের নিকটে উপস্থিত হইয়াছিলেন। সম্রাটের সেনা কোন্‌ স্থান হইতে সপ্ততিক্রোশ চলিয়া জাজ্‌নগরের সান্নিধ্যে কোন্‌ স্থানে উপস্থিত হইয়াছিলেন, বার্ণীর গ্রন্থে তাহা স্পষ্ট লিখিত নাই সুতরাং বল্‌বন্‌ যে সুবর্ণগ্রাম হইতে পূর্ব্বদিকে যাত্রা করিয়া সপ্ততিক্রোশ দূরে অবস্থিত ত্রিপুরা রাজ্যে গমন করিয়াছিলেন, ইহা কল্পনা করিবার কোনই প্রয়োজন নাই। জাজ্‌নগরের সীমায় উপস্থিত হইয়া তোগ্রলের কোন সংবাদ পাওয়া গেল না, কারণ তিনি অন্য পথে যাত্রা করিয়াছিলেন। বল্‌বন্‌ মালিক্‌ বারবক্‌-বেক্‌তরস্‌কে সাত আট সহস্র অশ্বারোহী সেনার সহিত অগ্রে প্রেরণ করিলেন, বেক্‌তরসের সেনার চরগণ চতুর্দ্দিকে ধাবিত হইল[২৮]। একদিন কোলের অধিপতি মহম্মদ্‌ শেরান্দাজ্‌[২৯] ও তাঁহার ভ্রাতা মালিক্‌ মকদ্দর্‌ শিবির হইতে দশ বার ক্রোশ দূরে একদল বণিকের সাক্ষাৎ পাইলেন। ইহারা ভয়ে শেরান্দাজ্‌কে তোগ্রলের সন্ধান প্রদান করিল, তোগ্রল্‌ তখন দেড়ক্রোশ দূরে শিবির স্থাপন করিয়া আছেন এবং পরদিন জাজ্‌নগর রাজ্যে প্রবেশ করিবেন। শেরান্দাজ্‌ দুইজন বণিককে মালিক্‌ বার্‌বক্‌ বেক্‌তর্‌সের নিকট প্রেরণ করিয়া তাঁহাকে শীঘ্র অগ্রসর হইতে

(২৮) Ibid, p. 117; রিয়াজ্‌-উস্‌-সালাতীন্‌, অনুসারে ইঁহার নাম মালিক্‌ বারবক্‌ বরস্‌ ও ফেরেস্‌তা অনুসারে বারবক্‌ বরলস্‌।

(২৯) রিয়াজ্‌ উস্‌-সালাতীন্‌ অনুসারে ইঁহার নাম তীরন্দাজ্‌—রিয়াজ্‌-উস্‌-সালাতীন্‌, ইংরাজি অনুবাদ, পৃঃ ৮১।

অনুরোধ করিলেন এবং স্বয়ং তোগ্রলের শিবির আক্রমণ করিলেন। তোগ্রলের সেনা তখন বিশ্রাম করিতেছিল, তোগ্রল্ আক্রান্ত হইয়া নিহত হইলেন, তোগ্রলের সেনা শেরান্দাজের মুষ্টিমের অনুচরবর্গকে আক্রমণ করিলে মালিক্ বারবকের সেনা আসিয়া তাহাদিগকে রক্ষা করিল ১০০।

তোগ্রল্ নিহত হইলে সুলতান্ লক্ষ্মণাবতীতে প্রত্যাবর্তন করিলেন এবং তোগ্রলের পুত্র, জামাতা, আত্মীয় ও অনুচরবর্গকে প্রাণদণ্ডে দণ্ডিত করিলেন ১। বল্‌বন্, কনিষ্ঠ পুত্র নাসির্-উদ্দীন্ বগ্‌ড়া খাঁকে, লক্ষ্মণাবতীর শাসনকর্তা নিযুক্ত করিলেন এবং তাঁহাকে তোগ্রলের ধনসম্পত্তি প্রদান করিয়া, চন্দ্রাতপ প্রভৃতি রাজচিহ্ন ব্যবহার করিতে অনুমতি দিলেন ২। বল্‌বন্ স্বয়ং লক্ষ্মণাবতী রাজ্যের ভিন্ন ভিন্ন প্রদেশের অধিকারী বা একাদার নিযুক্ত করিয়া কিছুকাল পরে দিল্লীতে প্রত্যাবর্তন করিলেন ৩। দিল্লীতে দিল্লীর যে সমস্ত অধিবাসী তোগ্রল্‌কে সাহায্য করিয়াছিল, অথবা তাহার সহিত যোগদান করিয়াছিল, তাহাদিগকে প্রাণদণ্ডে দণ্ডিত করিলেন ৪। বিদ্রোহের এই ভীষণ দণ্ড দেখিয়া লক্ষ্মণাবতীতে বহুদিন কেহ বিদ্রোহী হয় নাই। তোগ্রলের মৃত্যুর পূর্ব্বে লক্ষ্মণাবতী বিদ্রোহী-পুরী "বল্‌গক্‌পুর" নামে অভিহিত হইত৫। ৬৮১ হিজরায় (১২৮২ খৃষ্টাব্দে) তোগ্রল্ নিহত হইয়াছিল৬।

---

(১০০) রিয়াজ্-উস্-সালাতীন্ পৃঃ ৮২—৮৩। Elliot's History of India, Vol. III, pp. 117—18.

(১) Ibid, p. 119.

(২) Ibid, p. 120.

(৩) Ibid, p. 121.

(৪) Ibid, p. 122. দিল্লীর কাজীর অনুরোধে ইহাদিগের অধিকাংশ মুক্তিলাভ করিয়াছিল।

(৫) Elliot's History of India Vol. IV. p. 112.

(৬) Journal of the Asiatic Society of Bengal. Old Series, Vol. XLIII, 1874, pt. I, p. 287.

পরিশিষ্ট "খ"।

তোগ্রল্ তোগান্ খাঁর সহিত জাজ্‌নগর রাজের যুদ্ধ।

চাটেশ্বরের শিলালিপি অনুসারে গঙ্গবংশীয় দ্বিতীয় অনঙ্গভীমদেবের সময়ে মুসলমানগণের সহিত রাজমন্ত্রী বিষ্ণুর যুদ্ধ হইয়াছিল, এবং কেন্দুয়াপাটনায় আবিষ্কৃত দ্বিতীয় নৃসিংহদেবের তাম্রশাসন অনুসারে অনঙ্গভীমের পুত্র প্রথম নরসিংহদেবের রাজ্যকালে উড়িষ্যার সৈন্য রাঢ়া ও বরেন্দ্রী আক্রমণ করিয়াছিল। দ্বিতীয় অনঙ্গভীমদেবের রাজ্যকালের শেষভাগে, বোধ হয় গঙ্গবংশীয় রাজগণের সহিত গৌড়ের মুসলমান শাসনকর্ত্তৃগণের যুদ্ধ আরম্ভ হইয়াছিল। শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্ত্তী মহাশয়ের গণনা অনুসারে ১১৬০ শকাব্দে অর্থাৎ ১২৩৮ খৃষ্টাব্দে অনঙ্গভীমদেবের মৃত্যু হইয়াছিল। প্রথম নরসিংহদেবের রাজ্যের ষষ্ঠবর্ষে (৬৪১ হিজরা, ১২৪৪ খৃষ্টাব্দ) মালিক্ তোগ্রল্ তোগান্ খাঁ জাজ্‌নগর আক্রমণ করিয়াছিলেন। পরবর্ষে জাজ্‌নগরের রাজা অর্থাৎ নরসিংহদেবের সামন্ত রাঢ় জয় করিয়া বরেন্দ্রভূমি আক্রমণ করিয়াছিলেন। প্রাচ্যবিদ্যামহার্ণব সিদ্ধান্তবারিধি শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু ১৮৯৬ খৃষ্টাব্দে কেন্দুয়াপাটনার তাম্রশাসন প্রকাশকালে বলিয়াছিলেন যে, চাটেশ্বরের শিলালিপিতে উল্লিখিত "তুম্‌বান্ পৃথ্বীপতি" মালিক্ তোগ্রল্ তোগান্ খাঁর নাম। ১৩১৩ বঙ্গাব্দে চাটেশ্বরের শিলালিপি প্রকাশকালে বসুজ মহাশয় দেখিয়াছিলেন যে, চাটেশ্বরের প্রস্তরফলকে "তুম্‌বান্" শব্দ নাই, চতুর্দ্দশ পংক্তিতে "তুম্মাণ" লিখিত আছে। তথাপি বসুজ মহাশয় বলিয়াছেন, "আলোচ্য শিলাফলকের ১৫শ শ্লোকে যে 'তুম্মাণ-পৃথ্বীপতি'র উল্লেখ আছে, ইনি গৌড়েতিহাস-প্রসিদ্ধ তুঘিল্-ই-তুঘান্ খান্।" বঙ্গীয়-সাহিত্যপরিষদে চাটেশ্বরের শিলালিপি প্রকাশ হইবার ছয় বৎসর পূর্ব্বে "তুম্মাণ" শব্দ সম্বন্ধে এবং তাহার উক্তি সম্বন্ধে শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্ত্তী মহাশয় যে বিস্তৃত আলোচনা করিয়াছেন, তাহা বোধ হয় অদ্যাবধি বসুজ মহাশয়ের নয়নগোচর হয় নাই। "তুম্মাণ" শব্দ মধ্যপ্রদেশের রত্নপুরের চেদিবংশীয় রাজগণের শিলালিপি সমূহে বহুবার ব্যবহৃত হইয়াছে :—

১। জাজল্লদেবের শিলালিপি—কলচুরিচেদী অব্দ ৮৬৬ (১১১৪ খৃষ্টাব্দ)

রাজধানী স তুম্মাণঃ পূর্ব্বজৈঃ কৃত ইত্যতঃ।
তত্রস্থোরিক্ষয়ং কুর্ব্ববর্দ্ধয়াবাস স শ্রিয়ম্‌॥

—৭ম শ্লোক। Epigraphia Indica, Vol. I, pp. 34-35

২। মল্লারে আবিষ্কৃত জাজল্লদেবের শিলালিপি—কলচুরিচেদী অব্দ ৯১৯ (১১৬৭—৬৮ খৃষ্টাব্দে)

তস্মাচ্চেদী কুলাবলম্বনযুধামগ্রেসরো ভূভুজাং
দোর্দ্দণ্ডদ্বয়দর্প খণ্ডিতরিপুর্জ্জাজল্লদেবোভবৎ।
তুম্মাণাধিপতির্দ্বিজামলকুলপ্রদ্যোতদীপোপমঃ
সৎকাব্যৈকনিধিঃ প্রতাপতরণিঃ সৌর্য্যার্জ্জিত শ্রীর্নৃপঃ॥

—৬ষ্ঠ শ্লোক। Ibid pp. 40--41.

৩। পৃথ্বীদেবের শিলালিপি—বিক্রমাব্দ ১২৪৭ (১১৯০ খৃষ্টাব্দ)

বাঃ...............গের্ত্রিবিন্মশ্চেদি মণ্ডলাৎ।
কৃত্বা কলাক্রমেণাসৌ দেশান্‌ তুম্মাণমাগতঃ॥

—৮ম শ্লোক। Ibid p. 47.

ভরসা করি ইহার পরে আর কোনও ঐতিহাসিক তুম্মান নগরী মালিক্‌ তোগ্রল্‌ তোগান্‌ খাঁর নাম মনে করিয়া ভ্রমে পতিত হইবেন না।

তোগ্রল্‌ তোগান্‌ খাঁর পূর্ব্বে গৌড়ের আর একজন শাসনকর্তা বা রাজা জাজ্‌নগর আক্রমণ করিয়াছিলেন। শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্ত্তী মহাশয়ের মতানুসারে সুলতান্‌ গিয়াস্‌-উদ্দীন্‌ ইউয়জ্‌ ৬০৮ হইতে ৬২২ হিজরার মধ্যে জাজ্‌নগর আক্রমণ করিয়াছিলেন। চক্রবর্ত্তী মহাশয়ের মতানুসারে প্রথম নৃসিংহদেবের পিতা তৃতীয় অনঙ্গভীমদেব ১২১১ খৃষ্টাব্দে সিংহাসন লাভ করিয়াছিলেন। এবং তাঁহার অভিষেকের অতি অল্পকাল পরে মুসলমানগণ জাজ্‌নগর আক্রমণ করিয়াছিল। সম্ভবতঃ রাজমন্ত্রী বিষ্ণুর সহিত গিয়াস্‌-উদ্দীন্‌ ইউয়জের যুদ্ধ হইয়াছিল।

মালিক্‌ ইখ্‌তিয়ার-উদ্দীন্‌ য়ুজ্‌বক্‌ তিনবার জাজ্‌নগরের সেনার সহিত যুদ্ধ করিয়াছিলেন, দুইবার পরাজিত হইয়া তৃতীয়বারের যুদ্ধে জাজ্‌নগরের সেনাপতি য়ুজ্‌বক্‌কে পরাজিত করিয়াছিলেন। চতুর্থবারে য়ুজ্‌বক্‌ জাজ্‌নগর আক্রমণ করিয়া রাজধানী

অধিকার করিয়াছিলেন। তবকাৎ-ই-নাসিরী অনুসারে এই রাজধানীর নাম, "উমর্দন," "উর্ম্মর্দ্দন," "অরমর্দন"। শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্ত্তীর মতানুসারে এই রাজধানী বর্ত্তমান মন্দারণ। কিন্তু মন্দারণ কোনও সময়ে উড়িষ্যার গঙ্গবংশীয় রাজগণের রাজধানী ছিল বলিয়া সম্ভব বোধ হয় না।

শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্ত্তী মহাশয়ের মতানুসারে তবকাৎ-ই-নাসিরীতে জাজনগর শব্দ উড়িষ্যার নামস্বরূপ ব্যবহৃত হইয়াছে। "প্রেমকলা" নাম্নী একখানি আধুনিক উড়িয়া কাব্যগ্রন্থে জাজনগর শব্দ বর্ত্তমান জাজপুরের নাম স্বরূপ ব্যবহৃত হইয়াছে। জিয়া-উদ্দীন্ বার্ণী রচিত তারিখ্-ই-ফিরোজ্শাহীতে যে জাজনগরের উল্লেখ আছে, তাহা যে ত্রিপুরা হইতে পারে না, ইহা পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে এবং শমস্-ই-সিরাজ্ আফিফ্ রচিত তারিখ্-ই-ফিরোজ্ শাহী গ্রন্থে সুলতান্ ফিরোজ্-শাহের জাজনগর অভিযানের বিবরণে তাহার যথেষ্ট প্রমাণ পাওয়া যায়। আফিফের তারিখ-ই-ফিরোজ্শাহী অনুসারে, ফিরোজ্শাহ কড়ার অভিযানের দ্রব্যাদি রাখিয়া বিহার প্রদেশের মধ্যদিয়া, জাজনগর অভিমুখে যাত্রা করিয়াছিলেন। আফিফের গ্রন্থ অনুসারে জাজনগরের প্রাচীন রাজধানীর নাম বনারসী এবং জাজনগরের তাৎকালীন রাজার নাম "অদায়।" "অদায়" নামে উড়িষ্যার গঙ্গবংশের কোন রাজা নাই। শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্ত্তীর মতানুসারে জাজনগর অধিকার করিয়া ফিরোজ্শাহ রাজা ভানুদেবের রাজ্যে উপস্থিত হইয়াছিলেন এবং এই ভানুদেব গঙ্গবংশীয় তৃতীয় নরসিংহদেবের পুত্র তৃতীয় ভানুদেব। বলা বাহুল্য যে, মাণিকপুর কড়া হইতে বিহারের মধ্য দিয়া বাঙ্গালা দেশ স্পর্শ না করিয়া ত্রিপুরায় যাওয়া যায় না সুতরাং মুসলমান রচিত ঐতিহাসিক গ্রন্থ সমূহে যে জাজনগরের উল্লেখ দেখিতে পাওয়া যায়, তাহা প্রাচীন মহাকোশল ও ওড্র (উড়িষ্যা ও মধ্যপ্রদেশের পূর্ব্বভাগ) ব্যতীত অপর কোনও প্রদেশ হইতে পারে না।

চতুর্থ পরিচ্ছেদ

বাঙ্গালার স্বাধীনতা—বল্‌বনের বংশ।

হিজরা ৬৮১—৭৩১, খৃষ্টাব্দ ১২৮২—১৩৩০।

নাসির্-উদ্দীন্ বগ্‌ড়া খাঁ—তোগ্রলের সম্পত্তি প্রাপ্তি—রাজচিহ্ন ব্যবহারের অনুমতি—খাঁ-ই শহীদের মৃত্যু—বল্‌বন্ কর্ত্তৃক বগ্‌ড়া খাঁকে দিল্লীতে আহ্বান—বগ্‌ড়া খাঁর দিল্লী হইতে পলায়ন—বল্‌বনের মৃত্যু—কৈকোবাদের সিংহাসন লাভ—বাঙ্গালার স্বাধীনতা—বগ্‌ড়া খাঁর নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ শাহ্ উপাধি গ্রহণ—কৈকোবাদের অধঃপতন—মহ্‌মুদ্‌শাহ ও কৈকোবাদের পত্র ব্যবহার—মহ্‌মুদ্‌শাহের দিল্লীযাত্রা—সরযূতীরে পিতাপুত্রের মিলন—কৈকোবাদের দিল্লীতে প্রত্যাবর্ত্তন—শম্‌স্-উদ্দীন্ কৈউমুর্স—নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ শাহের মৃত্যু—রুকন্-উদ্দীন্ কৈকাউস্—পিছ্‌লি গঙ্গারামপুরের শিলালিপি—সপ্তগ্রাম বিজয়—জফর খাঁ ইংগীদের শিলালিপি—শম্‌স্-উদ্দীন্ ফিরোজ্‌শাহ—সুবর্ণগ্রাম বিজয়—শাহাব্-উদ্দীন্ বগ্‌ড়া শাহের বিদ্রোহ—জফর খাঁ কর্ত্তৃক সপ্তগ্রামে বিদ্যালয় নির্ম্মাণ,—বিহারের শাসনকর্ত্তা রাজপুত্র হাতিম-খাঁর শিলালিপি—গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহ কর্ত্তৃক লক্ষ্মণাবতী আক্রমণ—নাসির্-উদ্দীন্ ইব্রাহিম শাহ—গিয়াস্-উদ্দীন্ তোগ্‌লক্ শাহের আশ্রয় গ্রহণ—তোগ্‌লক্ শাহ কর্ত্তৃক লক্ষ্মণাবতী আক্রমণ—তাতার খাঁ কর্ত্তৃক লক্ষ্মণাবতী অধিকার—নাসির্-উদ্দীন্ ইব্রাহিম শাহের লক্ষ্মণাবতী প্রাপ্তি—বহাদর শাহের পরাজয়—তোগলক্ শাহের দিল্লীতে প্রত্যাবর্ত্তন ও মৃত্যু—মহম্মদ্-বিন্-তোগ্‌লক্ শাহ—বহাদর শাহের সুবর্ণগ্রামে প্রত্যাবর্ত্তন—নাসির্-উদ্দীন্ ইব্রাহিম শাহের মৃত্যু—নাজির্ মোরাদ্ নিবৃত্তি—বহাদর-শাহের বিদ্রোহ ও মৃত্যু।

বাঙ্গালার সুলতানগণ		হিজরা	খৃষ্টাব্দ
নাসির্-উদ্দীন্ বগ্‌ড়া খাঁ (শাসনকর্ত্তারূপে)	...	৬৮১—৮৬	১২৮২—৮৭
নাসির্ উদ্দীন্ মহ্‌মুদ্ শাহ্ (স্বাধীন রাজা রূপে)	...	৬৮৬—৯১	১২৮৭—৯১
রুকন্-উদ্দীন্ কৈকাউস্ শাহ্	...	৬৯১—৭০২	১২৯১—১৩০২
শমস্-উদ্দীন্ ফিরোজ্ শাহ্	...	৭০২—৭২২	১৩০২—১৩২২
শাহাব্-উদ্দীন্ বগ্‌ড়া শাহ্	...	৭১৮	১৩১৮
নাসির্-উদ্দীন্ ইব্রাহিম্ শাহ্ (লক্ষ্মণাবতীর সুলতান)	...	৭২২—২৬	১৩১২—২৫
গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহ্	...	৭১০—৩১	১৩১০—৩০

দিল্লীর সুলতানগণ—		হিজরা	খৃষ্টাব্দ
গিয়াস্-উদ্দীন্ বল্‌বন্	...	৬৬৪—৮৬	১২৬৫—৮৭
মুঈজ্-উদ্দীন্ কৈকোবাদ	...	৬৮৬—৮৯	১২৮৭—৯০
শমস্-উদ্দীন্ কৈউমুর্স	...	৬৮৯	১২৯০
জলাল্-উদ্দীন্ ফিরোজ্ শাহ্	...	৬৮৯—৯৫	১২৯০—৯৫
রুকন্-উদ্দীন্ ইব্রাহিম্	...	৬৯৫	১২৯৫
আলাউদ্দীন্ মহম্মদ্	...	৬৯৫--৭১৫	১২৯৫—১৩১৫
শাহাব্-উদ্দীন্ উমর	...	৭১৫—১৬	১৩১৫—১৬
কুতব্-উদ্দীন্ মবারক্	...	৭১৬	১৩১৬
নাসির্-উদ্দীন্ খসরু	...	৭২০	১৩২০
গিয়াস্-উদ্দীন্ তোগ্‌লক্	...	৭২০—২৫	১৩২০—২৪
মহম্মদ্-বিন্-তোগ্‌লক্	...	৭২৫—৫২	১৩২৪—৫১

উড়িষ্যার গঙ্গবংশীয় রাজগণ—			খৃষ্টাব্দ
২য় ভানুদেব	...	...	১৩০৫—২৭
৩য় নরসিংহদেব	...	...	১৩২৭—৫২

নেপাল রাজগণ—			খৃষ্টাব্দ
অনন্তমল্ল	...	...	১২৭৯—১৩০৭
জয়ানন্দদেব	...	...	১৩১৮
জয়রুদ্রমল্ল এবং জয়ারিমল্ল		}	১৩২০—২৬

আসামের আহম্ রাজগণ—			খৃষ্টাব্দ
সুবিন্‌ফা	...	...	১২৮১—৯৩
সুখাঙ্গফা	...	...	১২৯৩—১৩৩২

চন্দেল্ল রাজ বংশ—			খৃষ্টাব্দ
বীরবর্ম্মা	...	...	১২৬১—৮৬
ভোজবর্ম্মা	...	...	১২৮৮

বল্‌বনের কনিষ্ঠ পুত্রের নাম নাসির্-উদ্দীন্ মহমুদ্ অথবা বগ্‌ড়া শাহ্। তোগ্রল্ নিহত হইবার পূর্ব্বে তিনি অযোধ্যায় শাসনকর্ত্তা ছিলেন এবং সম্রাট্ বল্‌বন্ যখন তোগ্রলের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন তখন নাসির্-উদ্দীন্ মহমুদ্ সসৈন্য সম্রাটের সেনার পশ্চাতে লক্ষণাবতী যাত্রা করিতে আদিষ্ট হইয়াছিলেন ১। তোগ্রলের মৃত্যুর পরে সম্রাট্ বল্‌বন্ তাঁহার হস্তীগুলি ও কোষাগারের সুবর্ণ গ্রহণ করিয়া অবশিষ্ট সম্পত্তি নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্‌কে প্রদান করিয়াছিলেন ২। বল্‌বন্ ৬৮৬ হিজরায়

(১) Elliot's History of India, Vol. III, p. 115.
(২) Ibid p. 120.

(১২৮২ খৃষ্টাব্দে) নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ অথবা বগ্‌ড়া শাহকে লক্ষ্মণাবতীর শাসনভার প্রদান করিয়া দিল্লীতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন ৩। অল্‌তমশের জ্যেষ্ঠপুত্র লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ ও লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা নিযুক্ত হইয়া রাজচিহ্ন ব্যবহারের অনুমতি প্রাপ্ত হইয়াছিলেন,৪ কিন্তু অল্‌তমশের পুত্রের ন্যায় বল্‌বনের পুত্র বোধ হয় স্বনামে মুদ্রাঙ্কনের অধিকার প্রাপ্ত হন নাই, হইয়া থাকিলেও তাঁহার কোন মুদ্রা অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই।

৬৮৪ হিজরায় (১২৮৫ খৃষ্টাব্দে) সুলতান্ গিয়াস্-উদ্দীন্ বল্‌বনের জ্যেষ্ঠপুত্র মোগলদিগের সহিত যুদ্ধে নিহত হইলে বল্‌বন্ শোকে হীনবল ও পীড়িত হইয়া লক্ষ্মণাবতী হইতে নাসির্-উদ্দীন্ মহ্মুদ্‌কে দিল্লীতে আনয়ন করিয়াছিলেন ৫। মহ্মুদ্ দিল্লীতে আসিলে, বৃদ্ধ সম্রাট্, তাহাকে লক্ষ্মণাবতী পরিত্যাগ করিয়া, দিল্লীতে থাকিতে অনুরোধ করিয়াছিলেন, কিন্তু বিলাসপ্রিয় মহ্মুদ্ পিতার অনুরোধ রক্ষা করেন নাই। দুই তিন মাস দিল্লীতে বাস করিয়া, তিনি বল্‌বনের অনুমতি না লইয়াই, দিল্লী পরিত্যাগ করিয়া, লক্ষ্মণাবতীতে ফিরিয়া আসিয়াছিলেন ৬। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে মহ্মুদ্ বল্‌বন্ আরোগ্যলাভ করিলে মৃগয়ার ছলে দিল্লী হইতে বাহির হইয়া, পিতার নিকট বিদায় না লইয়াই, লক্ষ্মণাবতীতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন ৭। মহ্মুদ্ লক্ষ্মণাবতীতে ফিরিয়া আসিবার অল্প সময় মধ্যে সম্রাট্ গিয়াস্-উদ্দীন্ বল্‌বনের মৃত্যু হইয়াছিল। বল্‌বন্

(৩) Journal of the Asiatic Society of Bengal, Old Series, 1874. pt. I, p. 287.

(৪) Elliot's History of India, Vol. III, p. 120.

(৫) Ibid, p. 122.

(৬) Ibid, p. 123.

(৭) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরেজি অনুবাদ, পৃঃ ৮৭।

মৃত্যুকালে, দিল্লীর কোৎওয়াল্ মালিক্-উল্-ওম্‌রা ও উজীর খাজা হোসেন বস্‌রীকে তাঁহার মৃত্যুর পরে, তাঁহার জ্যেষ্ঠ পুত্র খাঁ-ই-শহীদের পুত্র কৈখস্‌রুকে সিংহাসনে স্থাপন করিতে অনুরোধ করিয়াছিলেন। খাঁ-ই-শহীদের সহিত উজীর ও কোৎওয়ালের বিবাদ ছিল, সেইজন্য তাঁহারা, খাঁ-ই-শহীদের পুত্র কৈখস্‌রুকে সিংহাসন প্রদান না করিয়া, নাসির্-উদ্দীন্ মহমুদের জ্যেষ্ঠ পুত্র কৈকোবাদকে দিল্লীর সিংহাসনে স্থাপন করিয়াছিলেন ৮। কৈকোবাদ সপ্তদশ বা অষ্টাদশবর্ষ বয়সে, ৬৮৬ হিজরায় (১২৮৭ খৃষ্টাব্দে) দিল্লীর সিংহাসনে আরোহণ করিয়াছিলেন ৯। বল্‌বনের মৃত্যুর পরে নাসির্-উদ্দীন্ মহমুদ্ লক্ষ্মণাবতীতে স্বাধীনতা অবলম্বন করিয়া স্বনামে মুদ্রা মুদ্রাঙ্কন ও খোৎবা পাঠ আরম্ভ করিয়াছিলেন ১০। দিল্লীতে নগরের কোৎওয়াল্ মালিক্-উল্-ওম্‌রার ভ্রাতুষ্পুত্র ও জামাতা মালিক্ নিজাম্-উদ্দীন্ এবং খাস্ দবীর (Secretary) কিওয়াম্-উদ্দীন্, অত্যন্ত ক্ষমতাপন্ন হইয়া উঠিয়াছিলেন। মালিক্ নিজাম্-উদ্দীন্ প্রধান বিচারপতি (দাদ্‌বক্, Chief Administrator of Justice) এবং রাজপ্রতিনিধি (নায়েব-ই-মুলুক) নিযুক্ত হইয়াছিলেন। মালিক্ কিওয়াম্-উদ্দীন্ সহকারী রাজপ্রতিনিধি (নায়েব-ই-ওকীলদর্) নিযুক্ত হইয়াছিলেন ১১। মালিক্ নিজাম্-উদ্দীনের পরামর্শে সুলতান্ মুইজ্-উদ্দীন্ কৈকোবাদের আদেশে তাঁহার জ্যেষ্ঠতাতপুত্র কৈখস্‌রু রাহুটকে নিহত হইয়াছিলেন এবং সাম্রাজ্যের উজীর খাজা খতীর অবমানিত হইয়াছিলেন ১২। ইহার পরে বল্‌বনের পুরাতন ভৃত্যগণ একে একে

(৮) Elliot's History of India, Vol. III, p. 123.
(৯) Ibid, p. 125. note 2.
(১০) Ibid, p. 129.
(১১) Ibid, p. 126.
(১২) Ibid, p. 12[illegible]

পদচ্যুত অথবা নিহত হইয়াছিলেন। সুলতান্ কৈকোবাদ পুরাতন দিল্লীর নিকটে কীলোখারী ১৩ নামক স্থানে একটি নূতন প্রাসাদ নির্ম্মাণ করাইয়া বিলাসে নিমগ্ন হইয়াছিলেন। মালিক্ নিজাম্-উদ্দীন্ যখন বল্‌বনের বংশের ধ্বংসের পথ প্রশস্ত করিতেছিলেন, তখন পুত্রের অবস্থা শুনিয়া নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ লক্ষ্মণাবতী হইতে তাঁহাকে পত্র প্রেরণ করিয়াছিলেন, ১৪ কিন্তু, বিলাসসাগরে নিমগ্ন কৈকোবাদ পিতার পত্র পাইয়াও চেতনালাভ করেন নাই। নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্, পত্রদ্বারা পুত্রের চৈতন্যসম্পাদন অসম্ভব দেখিয়া, লক্ষ্মণাবতী হইতে দিল্লীযাত্রা করিতে প্রস্তুত হইলেন এবং সেই অভিপ্রায় জ্ঞাপন করিবার জন্য পুত্রকে পত্র প্রেরণ করিলেন। বহুদিন পরে কৈকোবাদের মনে পিতৃভক্তি জাগরিত হইল এবং পত্রব্যবহারের পরে স্থির হইল যে, কৈকোবাদ দিল্লী হইতে আউধে গমন করিবেন এবং তাঁহার পিতা লক্ষ্মণাবতী হইতে সরযূতীরে আসিবেন ১৫। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে, নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্, বল্‌বনের মৃত্যুর দুই বৎসর পরে, ৬৮৭ হিজরায় (১২৮৮ খৃষ্টাব্দে), দিল্লী জয় করিবার জন্য লক্ষ্মণাবতী হইতে যাত্রা করিয়াছিলেন ১৬। বার্ণীর গ্রন্থে দিল্লী-জয়ের উদ্দেশ্যের কথা দেখিতে পাওয়া যায় না। জিয়া-উদ্দীন্ বার্ণীরচিত তারিখ্-ই-ফিরোজ্ শাহীতে দেখিতে পাওয়া যায় যে, কৈকোবাদ প্রথমে সামান্যভাবে পিতৃদর্শনে যাত্রা করিতে প্রস্তুত হইয়াছিলেন, কিন্তু মালিক্ নিজাম্-উদ্দীনের কুপরামর্শে ও প্ররোচনায় অবশেষে সম্রাটের উপযুক্ত সমারোহের সহিত বহু সৈন্যসমভিব্যাহারে যাত্রা করিয়া-

---

(১৩) Ibid, pp. 620—21.

(১৪) Ibid, p. 129.

(১৫) Ibid, p. 130.

(১৬) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৮৮।

ছিলেন এবং সরযূতীরে শিবির স্থাপন করিয়াছিলেন। নাসির্-উদ্দীন্ও সসৈন্য লক্ষ্মণাবতী হইতে আসিয়া সরযূর অপর পারে শিবির স্থাপন করিয়াছিলেন। দুই তিন দিন, রাজকর্ম্মচারিগণ, সংবাদ লইয়া শিবির হইতে গমনাগমন করিবার পরে স্থির হইল যে, নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ বা বগ্ড়া খাঁ দিল্লীর সম্রাট্‌কে যথোচিত সম্মান প্রদর্শন করিবেন। তিনি নদী পার হইয়া প্রকাশ্য দরবারে উপস্থিত হইয়া সিংহাসনে আসীন পুত্রের হস্তচুম্বন করিবেন। নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ এইরূপে পুত্রের দর্শন লাভ করিতে স্বীকার করিয়াছিলেন ১৭। বদাওনী বলেন যে, নাসির্-উদ্দীন্ সসৈন্য দিল্লী আক্রমণ করিতে উদ্যত হইলে, কৈকোবাদ তাহার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়া আউধে উপস্থিত হইয়াছিলেন। সরযূর উভয় তীরে উভয় পক্ষের সেনা সন্নিবিষ্ট হইলে, গিয়াস্-উদ্দীন্ বল্বনের সমসাময়িক আমীরগণের চেষ্টায়, সন্ধি স্থাপিত হইয়াছিল ১৮। ইহার পরে নাসির্-উদ্দীন্ পুত্র দর্শন মানসে কৈকোবাদের দরবারে গমন করিয়াছিলেন। দিল্লীর প্রসিদ্ধ কবি আমীর খস্রুর "কিরাণ্-উস্-সাদাইন্" নামক কাব্যে ও তবকাৎ-ই-আক্বরীতে দেখিতে পাওয়া যায় যে, নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ বা বগ্ড়া খাঁ দিল্লীজয়ের মানসে লক্ষ্মণাবতী পরিত্যাগ করিয়াছিলেন ১৯।

নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ সরযূনদী পার হইয়া পুত্রের শিবিরে প্রবেশ করিলেন এবং দিল্লীর দরবারের নীতি অনুসারে তিনবার মস্তক ভূমিতে স্পর্শ করাইয়া পুত্রের সিংহাসনের দিকে অগ্রসর হইলেন।

---

(১৭) Elliot's History of India, Vol. III, p. 131.

(১৮) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, প্রথম ভাগ; পৃঃ ১৫৯, ইংরাজি অনুবাদ, পৃঃ ২২২—২৩।

(১৯) ঐ পৃঃ ২২২, পাদটীকা ১; তবকাৎ-ই-আক্বরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ১২৩।

কৈকোবাদ আর স্থির থাকিতে না পারিয়া সিংহাসন হইতে অবতরণ করিলেন এবং পিতার পদতলে পতিত হইলেন। পিতাপুত্রের মিলন দর্শনে দর্শকগণ অশ্রুরোধ করিতে পারে নাই। কৈকোবাদ নাসির্-উদ্দীন্‌কে সিংহাসনে উপবেশন করাইয়াছিলেন, বহু সুবর্ণ ও রজতমুদ্রা বিতরিত হইয়াছিল, কবিগণ কবিতা ও প্রশস্তি পাঠ করিয়াছিলেন এবং দিল্লীর ও বাঙ্গালার বাদশাহদ্বয়ের মিলনে, সরযূতীরস্থিত শিবিরে মহা-সমারোহ উপস্থিত হইয়াছিল। ইহার পরে নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ নিজ শিবিরে ফিরিয়া আসিয়াছিলেন। তিনি কয়েক দিবস নদী পার হইয়া পুত্রের শিবিরে গমন করিয়াছিলেন এবং পিতাপুত্রে বহু উপহার বিনিময় করিয়াছিলেন। মালিক্ নিজাম্-উদ্দীন্ ও মালিক্ কিওয়াম্-উদ্দীনের সম্মুখে তিনি সুলতান্ কৈকোবাদকে বহু সদুপদেশ প্রদান করিয়াছিলেন এবং পুত্রের নিকট বিদায়গ্রহণ কালে নাসির্-উদ্দীন্ কৈকোবাদকে অনুচ্চৈঃস্বরে যত শীঘ্র সম্ভব নিজাম্-উদ্দীন্‌কে পদচ্যুত করিতে অনুরোধ করিয়াছিলেন। নাসির্-উদ্দীন্ কৈকোবাদের নিকট বিদায়গ্রহণ করিয়া নিজ শিবিরে আসিয়া বন্ধুগণকে বলিয়াছিলেন যে, তাঁহার পুত্র অথবা দিল্লীর সাম্রাজ্য অধিক দিন স্থায়ী হইবে না ২০। মালিক্ নিজাম্-উদ্দীন্, পিতাপুত্রের মিলনে কৈকোবাদের চৈতন্ত উদয় হইবার ভয়ে, বগ্‌রা খাঁকে অপমান করিতে পরামর্শ দিয়াছিলেন। তাঁহারই পরামর্শে, বাঙ্গালার পুত্রবৎসল স্বাধীন বাদ্‌শাহ্, সামান্ত ইক্তাদারের স্তায় কৈকোবাদের দরবারে উপস্থিত হইয়া, পুত্রকে অভিবাদন করিতে বাধ্য হইয়াছিলেন। কৈকোবাদ সরযূতীর হইতে দিল্লীতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন এবং পিতার উপদেশ অনুসারে পথে দুই

(২০) Elliot's History of India, Vol. III, pp. 131—32.

চারি দিন মাত্র আত্মসংযম অভ্যাস করিয়াছিলেন। ইহার পরে একটি সুন্দরী যুবতী দর্শন করিয়া কৈকোবাদ মোহিত হইয়া পড়েন এবং সুরাপানে ও ব্যভিচারে সমস্ত পথ অতিবাহিত করেন ২১। অস্বাভাবিক অত্যাচারের ফলে দিল্লীতে আসিয়া কৈকোবাদ অত্যন্ত পীড়িত হইয়া পড়েন এবং রাজকার্য্য পরিচালনে অক্ষম হইয়া দীর্ঘকাল প্রাসাদে আবদ্ধ থাকেন। এই সময়ে পিতার উপদেশানুসারে কৈকোবাদ নিজাম্-উদ্দীন্কে পদচ্যুত করিবার চেষ্টা করিয়াছিলেন এবং তাঁহাকে মুলতানের শাসনকর্ত্তা নিযুক্ত করিয়াছিলেন। নিজাম্-উদ্দীন্ মুলতান যাত্রা করিতে বিলম্ব করায়, সুলতানের অনুচরবর্গ বিষপ্রয়োগে তাঁহাকে হত্যা করিয়াছিল ২২। ইহার পরে সামানার ইক্তাদার মালিক্ জলাল্-উদ্দীন্ ফিরোজ্ খিল্‌জি প্রধান সেনাপতি নিযুক্ত হইয়াছিলেন ২৩। কৈকোবাদ পক্ষাঘাত রোগে আক্রান্ত হওয়ায়, তাঁহার শিশুপুত্র শমস্-উদ্দীন্ কৈউমুর্স দিল্লীর সিংহাসনে স্থাপিত হইয়াছিলেন এবং কিলোখারীর প্রাসাদ হইতে চবুতরা-ই-নাসিরী নামক প্রাচীন প্রাসাদে নীত হইয়াছিলেন২৪। বল্‌বনের পুরাতন ভৃত্যগণ, দিল্লীর সাম্রাজ্য, তুরুষ্কবংশীয় রাজগণের শাসনাধীন রাখিবার জন্য, কৈকোবাদের শিশুপুত্রের সাহায্যার্থ প্রস্তুত হইয়াছিলেন। প্রধান সেনাপতি, আরজ্-ই-মমালেক্, জলাল্-উদ্দীন্ ফিরোজ্ খিল্‌জি ক্রমশঃ ক্ষমতাশালী হইয়া সিংহাসন অধিকার করিয়াছিলেন এবং ৬৮৯ হিজরায় (১২৯০ খৃষ্টাব্দে) সুলতান্ মুইজ্-উদ্দীন্ কৈকোবাদ ও তাহার শিশুপুত্র শমস্-

---

(২১) Ibid, p. 132.
(২২) Ibid, p. 133.
(২৩) Ibid, p. 133.
(২৪) Ibid, p. 134.

উদ্দীন্ কৈউমুর্স নিহত হইয়াছিলেন[২৫]। পুত্র ও পৌত্র নিহত হইলেও বাঙ্গালার সুলতান্ নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ তাহাদিগকে রক্ষা করিবার উদ্যম করিয়াছিলেন বলিয়া বোধ হয় না।

বল্বনের মৃত্যুর পরে লক্ষ্মণাবতীর অধিকারী বল্বন্‌বংশীয় রাজগণের বিবরণ রিয়াজ্-উস্ সালাতীন্ ব্যতীত মুসলমান-রচিত অন্য কোন গ্রন্থে লিপিবদ্ধ হয় নাই। দুঃখের বিষয় রিয়াজ্-উস্-সালাতীন্‌কার, গোলাম-হোসেন সলীম, নাসির্-উদ্দীন্ মহ্মুদের সহিত তাঁহার পৌত্র নাসির্-উদ্দীন্ ইব্রাহিমের কার্য্যকালের ঘটনা মিশাইয়া ফেলিয়াছেন[২৬]। উক্ত গ্রন্থে দেখিতে পাওয়া যায় যে, নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ বাঁবগ্‌ড়া খাঁ কৈকোবাদের মৃত্যুকাল (৬৮৯ হিজরা ১২৯০ খৃষ্টাব্দ) হইতে কুতব্-উদ্দীন্ মবারকের রাজ্যপ্রাপ্তিপর্য্যন্ত (৭১৬ হিজরা—১৩১৬ খৃষ্টাব্দ) লক্ষ্মণাবতী শাসন করিয়াছিলেন[২৭]। অথচ নাসির্-উদ্দীন্ মহ্মুদের রাজ্যকালের ঘটনাসমূহের বিবরণের শেষভাগে দেখিতে পাওয়া যায় যে, তিনি ছয় বৎসর কাল মাত্র লক্ষ্মণাবতী রাজ্য ভোগ করিয়াছিলেন[২৮]। যিনি কৈকোবাদের মৃত্যুর পরে বড়্‌বিংশবর্ষ জীবিত ছিলেন বলিয়া বর্ণিত হইয়াছেন, তিনি কি প্রকারে মাত্র ছয় বৎসর লক্ষ্মণাবতী শাসন করিতে পারেন? প্রাচীন মুদ্রা ও প্রাচীন শিলালিপি অবলম্বনে এই সময়ের ইতিহাস রচিত হইয়াছে। নাসির্-উদ্দীন্ মহ্মুদের মৃত্যুর পরে তাঁহার দুই পুত্র ও দুই পৌত্র লক্ষ্মণাবতীতে স্বাধীনভাবে রাজত্ব করিয়াছিলেন। নাসির্-উদ্দীন্ নামধারী দ্বিতীয় পৌত্রের রাজ্যকালে, দিল্লীর সুলতান্ গিয়াস্-

(২৫) Ibid, pp. 134—35; মজ্‌মব্‌-উৎ-তওয়ারিখ্‌, প্রথম ভাগ পৃঃ ১০৪।
(২৬) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৯০।
(২৭) Ibid.
(২৮) Ibid.

উদ্দীন্ তোগ্‌লক্ শাহের শাসন সময়ে, বাঙ্গালা দেশ পুনর্ব্বার দিল্লীর সম্রাট্‌গণ কর্ত্তৃক অধিকৃত হইয়াছিল। গোলাম হোসেন সলীম নামের সাদৃশ্য দেখিয়া পিতামহের রাজ্যকাল পৌত্রের রাজ্যকাল পর্য্যন্ত বিস্তৃত করিয়াছেন, কিন্তু তৎপ্রদত্ত নাসির্-উদ্দীন্ মহ্‌মুদের রাজ্যকাল সত্য। নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ ছয় বৎসর কাল স্বাধীনভাবে লক্ষ্মণাবতী শাসন করিয়াছিলেন, ৬৮৫ হিজরায় (১২৮৬ খৃষ্টাব্দে) সুলতান্ গিয়াস্-উদ্দীন্ বলবনের মৃত্যু হইয়াছিল, সেই সময় হইতে ছয় বৎসর কাল তিনি লক্ষ্মণাবতীর স্বাধীন রাজা ছিলেন। ৬৯১ হিজরায় (১২৯১ খৃষ্টাব্দে) তাঁহার মৃত্যু হইয়াছিল কারণ উক্ত বর্ষে তাঁহার মধ্যম পুত্র রুকন্-উদ্দীন্ কৈকাউস্ শাহ্ লক্ষ্মণাবতীর সিংহাসনে আরোহণ করিয়া স্বনামে মুদ্রা মুদ্রাঙ্কন করাইয়াছিলেন[২৯]।

রুকন্-উদ্দীন্ কৈকাউস্ শাহ্ যে মহ্‌মুদের পুত্র সে বিষয় সন্দেহ নাই, কারণ গঙ্গারামপুরে আবিষ্কৃত একখানি আরবী শিলালিপিতে স্পষ্ট লিখিত আছে যে, রুকন্-উদ্দীন্ কৈকাউস্ শাহ্ মহ্‌মুদের পুত্র[৩০]। প্রসিদ্ধ পারসিক কবি আমীর খসরু বিরচিত "কিরাণ্-উস্-সাদাইন্" নামক গ্রন্থে কৈকাউস্ নামক মহ্‌মুদের এক পুত্রের উল্লেখ আছে[৩১]। নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ লক্ষ্মণাবতীতে স্বাধীনতা অবলম্বন করিয়া নিজ নামে নূতন মুদ্রা মুদ্রাঙ্কিত করাইলেও তাহা অদ্যাপি আবিষ্কৃত হয় নাই। ফেরেশ্‌তা বলেন যে, নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ স্বনামে মুদ্রা মুদ্রাঙ্কন করাইয়াছিলেন[৩২]। রুকন্-

---

(২৯) Thomas, Initial Coinage of Bengal, p. 46.

(৩০) Journal of the Asiatic Society of Bengal, Old Series, 1872, pt. I, p. 103.

(৩১) কিরান্ উস্-সাদাইন্, পারস্য মূল, নওলকিশোর প্রেস, পৃঃ ১০২।

(৩২) তারিখ্-ই-ফেরেশ্‌তা, পারস্য মূল, নওলকিশোর প্রেস, লক্ষ্ণৌ, পৃঃ ৮০।

উদ্দীন্ কৈকাউসের কতকগুলি রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে, এই সকল মুদ্রা লক্ষণাবতীতে ৬৯১, ৬৯৩, ৬৯৪, ও ৬৯৫ হিজরায় (১২৯১, ১২৯৩, ১২৯৪, ও ১২৯৫ খৃষ্টাব্দে) মুদ্রিত হইয়াছিল[৩৩]। ৬৯৭ হিজরায় মহরম মাসের প্রথম দিনে (১৯শে অক্টোবর ১২৯৭ খৃষ্টাব্দে) সুলতান্ রুকন্-উদ্দীন্ কৈকাউস্ শাহের রাজ্যকালে গৌড়ের উত্তরে গঙ্গারামপুর নামক স্থানে মুলতানবাসী মালিক্ জীওন্দের কর্তৃত্বে উলুগ্-ই-আজম্ হুমায়ুন জফর্ খাঁ বহ্রাম্ ইৎগীনের আদেশে একটি মস্জিদ্ নির্ম্মিত হইয়াছিল। এই মস্জিদ্‌টি বহু পূর্ব্বে ধ্বংসপ্রাপ্ত হইয়াছে কিন্তু ইহার শিলালিপি গঙ্গারামপুরে দেখিতে পাওয়া যায়[৩৪]। উক্তবর্ষে লক্ষী-সরাইয়ের নিকট আর একটি মস্জিদ্ নির্ম্মিত হইয়াছিল। ইহার শিলালিপি মাত্র আবিষ্কৃত হইয়াছে, তাহা হইতে অবগত হওয়া যায় যে, উক্তবর্ষে ইখ্তিয়ার্-উদ্দীন্ ফিরোজ্-ইৎগীন্ বিহারে বা মগধে রুকন্-উদ্দীন্ কৈকাউসের রাজ্যকালে শাসনকর্ত্তা ছিলেন[৩৫]। রুকন্-উদ্দীন্ কৈকা-উসের রাজ্যকালের শেষভাগে গঙ্গারামপুরের মস্জিদ্ নির্ম্মাতা উলুগ্ ই-আজম্ জফর্ খাঁ বহ্রাম্ ইৎগীন্ দক্ষিণ-বঙ্গের প্রধান নগর সপ্তগ্রাম অধিকার করিয়াছিলেন[৩৬]। গঙ্গা ও সরস্বতীর সঙ্গমস্থলে একটি প্রাচীন পাষাণ-নির্ম্মিত দেব-মন্দির ছিল, সেই দেব-মন্দির মধ্যে জফর্ খাঁ সমাহিত আছেন[৩৭]। সমাধির নিকটে বহু হিন্দু ও বৌদ্ধ দেবমন্দিরের ধ্বংসাব-

---

(৩৩) Initial Coinage of Bengal, p. 46.

(৩৪) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. LXI, 1872, pt. I, p. 103.

(৩৫) Ibid, Vol. LXII, 1873, p. I, p. 247.

(৩৬) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series Vol. V, p. 248.

(৩৭) Ibid, pp. 245—46.

শেষ লইয়া নির্ম্মিত একটি বৃহৎ মস্‌জিদ্ আছে। এই মস্‌জিদের একটি খিলান মস্‌জিদ্ অপেক্ষাও প্রাচীন। এই খিলানটি সপ্তগ্রাম-বিজেতা জফর্ খাঁ কর্ত্তৃক নির্ম্মিত একটি মস্‌জিদের মিহরাব। অনুমান হয় যে, সপ্তগ্রাম বিজয় করিয়া জফর্ খাঁ একটি মস্‌জিদ্ নির্ম্মাণ করিয়াছিলেন[৩৮]। কালে সে মস্‌জিদ্ বিনষ্ট হইয়াছিল, কিন্তু তাহার একটি খিলান বা মিহরাব ধ্বংস হয় নাই। পরবর্ত্তীকালে যখন বর্ত্তমান মস্‌জিদ্‌টি নির্ম্মিত হইয়াছিল, তখন মস্‌জিদ্-নির্ম্মাতা প্রাচীন মস্‌জিদের এই মিহরাবটি নূতন মস্‌জিদের মিহরাবে পরিণত করিয়াছিলেন। এই মিহরাবের গঠনপ্রণালী বর্ত্তমান মস্‌জিদের অন্যান্য মিহরাবের ন্যায় নহে এবং ইহাই বাঙ্গালা বিহার উড়িষ্যায় মুসলমান রাজত্বকালের সর্ব্বপ্রাচীন স্থাপত্য নিদর্শন। এই মিহরাব বা খিলানের গাত্রে একটি প্রাচীন আরবী শিলালিপি আছে। তাহা হইতে অবগত হওয়া যায় যে, ৬৯৮ হিজরায় (১২৯৮ খৃষ্টাব্দে) একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল এবং মস্‌জিদ্-নির্ম্মাতা জফর্ খাঁ হিন্দুদিগকে পরাজিত করিয়া মুসলমানদিগকে ধনরত্ন প্রদান করিয়াছিলেন[৩৯]। এই শিলালিপি এখন অত্যন্ত অস্পষ্ট হইয়া পড়িয়াছে এবং ইহার অনেকস্থানের পাঠোদ্ধার অসম্ভব। ইহাতে রাজার নাম ছিল,. কিন্তু সেই স্থান ভাঙ্গিয়া গিয়াছে সুতরাং সপ্তগ্রাম রুকন্-উদ্দীন্ কৈকাউস্ শাহের রাজ্যকালে বিজিত হইয়াছিল, কি শমস্-উদ্দীন্ ফিরোজ্ শাহের রাজ্যকালে বিজিত হইয়াছিল, তাহা স্থির বলা যায় না।

১২৯৭ খৃষ্টাব্দ হইতে ১৩০২ খৃষ্টাব্দের মধ্যে কৈকাউস্ শাহের কনিষ্ঠ ভ্রাতা শমস্-উদ্দীন্ ফিরোজ্ শাহ্, লক্ষ্মণাবতীর অধিকার প্রাপ্ত

---

(৩৮) Ibid, p. 246.

(৩৯) Journal of the Asiatic Society of Bengal, Vol. XXXIX, 1870, pt. I, pp. 285—86.

হইয়াছিলেন, কারণ ৭০২ হিজরায় তাঁহার নামে নূতন মুদ্রা মুদ্রিত হইয়াছিল[৪০]। শমস্-উদ্দীন্ ফিরোজের পাঁচ পুত্রের নাম অদ্যাবধি আবিষ্কৃত হইয়াছে। তাঁহাদিগের মধ্যে জ্যেষ্ঠ শাহাব্-উদ্দীন্ বগ্ড়া শাহ্ তাঁহার পিতার রাজ্যের শেষভাগে বিদ্রোহী হইয়াছিলেন এবং ৭১৮ হিজরায় (১৩১৮ খৃষ্টাব্দে) লক্ষ্মণাবতীতে নিজনামে মুদ্রাঙ্কন করাইয়াছিলেন[৪১]। দ্বিতীয় পুত্র গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহ্ সম্ভবতঃ সুবর্ণগ্রাম জয় করিয়াছিলেন। ইনিও পিতার জীবদ্দশায় বিদ্রোহী হইয়াছিলেন এবং লক্ষ্মণাবতীতে ৭১১-১২ হিজরায় (১৩১১—১২ খৃষ্টাব্দে) নিজ নামে মুদ্রা মুদ্রিত করাইয়াছিলেন[৪২]। তৃতীয় পুত্র নাসির্-উদ্দীন্ ইব্রাহিম্ পিতার মৃত্যুর পরে লক্ষ্মণাবতীর অধিকার লাভ করিয়াছিলেন। চতুর্থ পুত্র হাতিম্ খাঁ ৭০৯ ও ৭১৫ হিজরায় (১৩০৯ ও ১৩১৫ খৃষ্টাব্দে) বিহার বা মগধের শাসনকর্ত্তা ছিলেন[৪৩]। পঞ্চম পুত্র কৎলুখাঁর নাম মাত্র জানিতে পারা গিয়াছে[৪৪]। সুলতান্ শমস্-উদ্দীন্ ফিরোজ্ শাহের রাজ্যকালে বিহার নগরে ৭০৯ হিজরায় (১৩০৯ খৃষ্টাব্দে) একটি মস্জিদ্ (?) নির্ম্মিত হইয়াছিল[৪৫]। উক্ত রাজ্যে, ৭১৩ হিজরায় (১৩১৩ খৃষ্টাব্দে), জফর্ খাঁ, সপ্তগ্রাম নগরে, ত্রিবেণীর নিকটে একটি বিদ্যালয় নির্ম্মাণ করাইয়া

---

(৪০) Initial Coinage of Bengal, p. 49.

(৪১) Catalogue of Coins in the Indian Museum, Calcutta. Vol. II, pt. II, p. 148. No. 13.

(৪২) Initial Coinage of Bengal, p. 55.

(৪৩) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873. pt. I, pp. 249—50.

(৪৪) Sanguinetti's Ibn Batoutah, Vol. III, p. 210.

(৪৫) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt I p. 249.

ছিলেন[৪৬], এবং উক্তবর্ষে ত্রিবেণীর প্রাচীন পাষাণ-নির্ম্মিত হিন্দু-দেবালয়ের মধ্যে জফর্ খাঁর সমাধি নির্ম্মিত হইয়াছিল[৪৭]। উক্ত রাজ্যে, ৭১৫ হিজরায়, বিহার নগরে, হাতিম্ খাঁর শাসনকালে, হাজীর পুত্র বহ্রাম্ নামক জনৈক ব্যক্তি একটি মস্জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন[৪৮]। ব্লথ্‌-ম্যানের মতানুসারে ৭১৭ অথবা ৭১৮ হিজরায় (১৩১৭ বা ১৩১৮ খৃষ্টাব্দে) বল্বনের কনিষ্ঠ পৌত্র সুলতান্ শমস্-উদ্দীন্ ফিরোজ্ শাহের মৃত্যু হইয়াছিল[৪৯]। সম্ভবতঃ ৭২২ হিজরায় ফিরোজ্ শাহের মৃত্যু হইয়াছিল, কারণ উক্ত বর্ষে মুদ্রিত একটি রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে[৫০]। রুকন্-উদ্দীন্ কৈকাউস্ শাহ্ ও শমস্-উদ্দীন্ ফিরোজ্ শাহের রাজ্যকালে দিল্লীর সাম্রাজ্য দক্ষিণাপথ পর্য্যন্ত বিস্তৃত হইয়াছিল। ফিরোজ্ শাহের মৃত্যুর সময়ে, খিল্‌জিবংশীয় শেষ সম্রাট্ কুতব্-উদ্দীন্ মবারক্ শাহের উজীর নাসির্-উদ্দীন্ খস্রু শাহ্‌কে বিনষ্ট করিয়া পঞ্জাবের শাসনকর্ত্তা গিয়াস্-উদ্দীন্ তোগ্‌লক্ শাহ্ দিল্লীর সিংহাসন অধিকার করিয়াছিলেন। সম্রাট্ জলাল্-উদ্দীন্ ফিরোজ্ শাহ্ খিল্‌জি বন্দীদিগকে প্রাণদণ্ডে দণ্ডিত না করিয়া তাহাদিগকে লক্ষ্মণাবতী রাজ্যে মুক্তি দিতে আদেশ করিতেন, একবার প্রায় সহস্র দণ্ডনীয় বন্দী লক্ষ্মণাবতী রাজ্যের সীমায় প্রেরিত হইয়াছিল[৫১]। জলাল্-উদ্দীনের জামাতা ও ভ্রাতুষ্পুত্র

(৪৬) Ibid, Vol. XXXIX, 1870, pt. I, p. 287.
(৪৭) Ibid, p. 289.
(৪৮) Idid, Vol. XLII, 1873, pt. I, p. 250.
(৪৯) Ibid, Vol. XLIII, 1874, pt. I, p. 291.
(৫০) Initial Coinage of Bengal, p. 49.
(৫১) জিয়া-উদ্দীন্ বর্ণী রচিত তারিখ্-ই-ফিরোজশাহী, পারস্য মূল (Bibliotheca Indica) p. 189.

আলা-উদ্দীন্ মহম্মদ্ শাহ্ দক্ষিণাপথ আক্রমণ করিবার পূর্ব্বে লক্ষ্মণাবতী আক্রমণ করিবার ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন[৫২]।

মুসলমান ঐতিহাসিকগণের এই দুইটি উক্তি হইতে পাশ্চাত্য মুসলমানগণের গৌড়ীয় প্রাচ্য-মুসলমানরাজ্যের প্রতি সুগভীর ঘৃণা ও অবজ্ঞা বুঝিতে পারা যায়। শমস্-উদ্দীন্ ফিরোজ্ শাহের জ্যেষ্ঠ পুত্র শাহাব্-উদ্দীন্ বগ্‌ড়া শাহ্ ফিরোজ্ শাহের মৃত্যুর পরে সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন কি না, তাহা স্থির করিবার কোন উপায় অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। সুলতান্ শমস্-উদ্দীন্ ফিরোজ্ শাহের মৃত্যুর অব্যবহিত পরে অথবা শাহাব্-উদ্দীন্ বগ্‌ড়া শাহের রাজ্যাভিষেকের অতি অল্পকাল মধ্যে তাঁহার কনিষ্ঠ ভ্রাতা গিয়াস্-উদ্দীন্ বহাদর লক্ষ্মণাবতী আক্রমণ করিয়াছিলেন। লক্ষ্মণাবতী অধিকৃত হইলে শাহাব্-উদ্দীন্ বগ্‌ড়া শাহ্ ও তাঁহার কনিষ্ঠভ্রাতা নাসির্-উদ্দীন্ ইব্রাহিম্ পলায়ন করিয়া গিয়াস্-উদ্দীন্ তোগ্‌লকের আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। ১৩২১ খৃষ্টাব্দে লক্ষ্মণাবতী গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহের অধিকারভুক্ত ছিল[৫৩], ইহার পরে নাসির্-উদ্দীন্ বোধ হয় লক্ষ্মণাবতী পুনরধিকার করিয়াছিলেন, কারণ ৭২৪ হিজরায় (১৩২৪ খৃষ্টাব্দে) সম্রাট্ গিয়াস্-উদ্দীন্ তোগ্‌লক্ যখন লক্ষ্মণাবতী আক্রমণ করিতে যাত্রা করিয়াছিলেন, তখন নাসির্-উদ্দীন্ লক্ষ্মণাবতী হইতে তিরহুত বা তীরভুক্তিতে আসিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিয়াছিলেন[৫৪]। বার্ণীর গ্রন্থানুসারে লক্ষ্মণাবতীর কতিপয় সম্ভ্রান্ত ব্যক্তির অনুরোধে গিয়াস্-উদ্দীন্ তোগ্‌লক্ লক্ষ্মণাবতী আক্রমণ

---

(৫২) Elliot's History of India, Vol. III. p. 152.

(৫৩) Catalogue of Coins in the Indian Museum Calcutta, Vol. II pt. II. 148, No. 15.

(৫৪) Elliot's History of India, Vol. III, p. 234.

করিয়াছিলেন[৫৫]। ব্লথ্ম্যান বলেন যে, ইবন্ বতুতার মতানুসারে শাহাব্-উদ্দীন্ বগ্ড়া শাহ্ ও নাসির্-উদ্দীন্ ইব্রাহিম্ শাহের অনুরোধে গিয়াস্-উদ্দীন তোগ্লক্ লক্ষ্ণাবতী আক্রমণ করিয়াছিলেন[৫৬]। ৭২৪ হিজরায় গিয়াস্-উদ্দীন্ তোগ্লক্ শাহ্ স্বীয় পুত্র উলুগ্ খাঁকে দিল্লীতে প্রতিনিধি নিযুক্ত করিয়া লক্ষ্ণাবতী আক্রমণ করিয়াছিলেন[৫৭]। তিরহুতে লক্ষ্ণাবতীর শাসনকর্ত্তা বা অধিপতি তাহার সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছিলেন। গিয়াস্-উদ্দীন্ তোগ্লক্ শাহের ধাত্রীপুত্র তাতার খাঁ লক্ষ্ণাবতী অধিকার করিয়াছিলেন। নাসির্-উদ্দীন্ লক্ষ্ণাবতীর শাসন-কর্ত্তা নিযুক্ত হইয়া রাজচ্ছত্র ও দণ্ড ব্যবহারের অনুমতি প্রাপ্ত হইয়া-ছিলেন। সুবর্ণগ্রামে গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহ্, তোগ্লক্ শাহের সেনাপতিকে বাধা দিতে চেষ্টা করিয়াছিলেন, কিন্তু তিনি তাতার খাঁ কর্ত্তৃক পরাজিত হইয়া বন্দিরূপে দিল্লীতে প্রেরিত হইয়াছিলেন। লক্ষ্ণাবতী রাজ্যের সমস্ত হস্তী গ্রহণ করিয়া গিয়াস্-উদ্দীন্ তোগ্লক্, বহাদরের সহিত দিল্লীতে প্রত্যাবর্ত্তন করিলেন[৫৮]। দিল্লীতে, তাঁহার হত্যার পরে, উলুগ্ খাঁ মহম্মদ্ আদেল্ শাহ্ উপাধি গ্রহণ করিয়া সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। গিয়াস্-উদ্দীন্ তোগ্লকের আক্রমণের পরে শাহাব্-উদ্দীন্ বগ্ড়া শাহের নাম আর কোন ইতিহাসে দেখিতে পাওয়া যায় না। গিয়াস্-উদ্দীন্ তোগ্লকের আদেশে তাঁহার পালিত পুত্র তাতার খাঁ সুবর্ণগ্রাম আক্রমণ করিয়া গিয়াস্-উদ্দীন্

(৫৫) Ibid,

(৫৬) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol XLIII 1874, pt. I, p. 289.

(৫৭) Elliot's History of India, Vol. III, p. 234

(৫৮) Ibid, p. 235.

বহাদর শাহ্‌কে পরাজিত করেন। বহাদর বন্দী হইয়া দিল্লীতে প্রেরিত হইয়াছিলেন[৫৯]।

এই সময়ে বাঙ্গালারাজ্য তিনভাগে বিভক্ত হইয়াছিল। সুলতান্‌ নাসির্‌-উদ্দীন্‌ ইব্রাহিম্‌ লক্ষ্মণাবতী বা পশ্চিম-বঙ্গের শাসনাধিকার প্রাপ্ত হইয়াছিলেন[৬০]। নাসির্‌-উদ্দীন্‌ ইব্রাহিমের কোন মুদ্রা বা শিলালিপি অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। সুবর্ণগ্রাম বা পূর্ব্ব-বঙ্গে তাতার খাঁ শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিলেন[৬১]। সপ্তগ্রাম বা দক্ষিণ-বঙ্গের প্রথম শাসনকর্ত্তার নাম অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। বাঙ্গালা হইতে দিল্লীতে প্রত্যাবর্ত্তনকালে তোগ্‌লকাবাদ হইতে তিন ক্রোশ দূরে আফ্‌গানপুর নামক স্থানে বজ্রাঘাতে ৭২৫ হিজরায় (১৩২৪ খৃষ্টাব্দে) সুলতান্‌ গিয়াস্‌-উদ্দীন্‌ তোগ্‌লকের মৃত্যু হইয়াছিল[৬২]। তাঁহার পুত্র মহম্মদ্‌-বিন্‌-তোগ্‌লক্‌ সিংহাসনে আরোহণ করিয়া গিয়াস্‌-উদ্দীন্‌ বহাদর শাহ্‌কে মুক্তি দিয়াছিলেন। বহাদর শাহ্‌ প্রচুর অর্থ লইয়া আসিয়া সুবর্ণগ্রামে বাস করিয়াছিলেন[৬৩]। অনুমান হয় যে, এই সময় হইতে বহাদর শাহের মৃত্যুকালপর্য্যন্ত সুবর্ণগ্রাম বা পূর্ব্ববঙ্গ দুইজন শাসনকর্ত্তার অধীন ছিল, প্রথম শাসনকর্ত্তা বল্‌বনের প্রপৌত্র গিয়াস্‌-উদ্দীন্‌ বহাদর শাহ্‌, ও দ্বিতীয় শাসনকর্ত্তা সুলতান্‌ গিয়াস্‌-উদ্দীন্‌ তোগ্‌লকের পালিতপুত্র তাতার খাঁ। সুলতান্‌ মহম্মদ্‌-বিন্‌-তোগলকের অভিষেককালে তাতার

---

(৫৯) তবকাৎ-ই-নাসিরী ইংরাজি অনুবাদ, পৃঃ ২১৩।

(৬০) Elliot's History of India, Vol. III. 1874, p. 235.

(৬১) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII p. 290.

(৬২) Elliot's History of India, Vol. III, p. 235.

(৬৩) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII 1874, pt. I. 290.

খাঁ, বহ্‌রাম্ খাঁ উপাধি পাইয়াছিলেন[৬৪]। ইজ্জুদ্দীন্ য়াহিয়া খাঁ, আজম্-উল্-মুলুক্ উপাধি পাইয়া সপ্তগ্রাম বা দক্ষিণ-বঙ্গের শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিলেন[৬৫]। নাসির্ উদ্দীন্ ইব্রাহিম্ শাহ্ লক্ষ্মণাবতীর শাসনাধিকার হইতে তাড়িত হন নাই। মহ্‌ম্মদ্-বিন্-তোগ্‌লকের অভিষেকের পর বৎসর নাসির্-উদ্দীন্ ইব্রাহিম্ শাহের মৃত্যু হইয়াছিল—এবং মালিক্ পিণ্ডার বা বেদার্ খিল্‌জি পশ্চিম-বঙ্গের শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিলেন[৬৬]। মহ্‌ম্মদ্-বিন্-তোগ্‌লক্ কর্ত্তৃক মুক্ত হইয়া নিজ নামের সহিত মহ্‌ম্মদ্-বিন্-তোগ্‌লকের নাম খোৎবা ও মুদ্রায় প্রচার করিতে এবং স্বীয় পুত্র মহ্‌ম্মদ্ বরবাটকে দিল্লীতে প্রতিনিধি রাখিতে অঙ্গীকার করিয়া গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহ্ পূর্ব্ববঙ্গের অধিকার পুনঃপ্রাপ্ত হইয়াছিলেন[৬৭], এই সময় নিজ নামে ও মহ্‌ম্মদ্-বিন্-তোগলকের নামে বহাদর শাহ্ যে মুদ্রা মুদ্রাঙ্কিত করাইলেন, তাহার একটি মাত্র আবিষ্কৃত হইয়াছে, ইহা সুবর্ণগ্রামে ৭২৮ হিজরায় (১৩২৭ খৃষ্টাব্দে) মুদ্রিত হইয়াছিল[৬৮]। বহাদর শাহের অন্যান্য মুদ্রা লক্ষ্মণাবতী হইতে মুদ্রিত হইয়াছিল। ইহার পরে বহাদর শাহ্ পুনরায় বিদ্রোহী হইয়াছিলেন। ইবন্ বতুতা বলেন যে, পুত্রকে প্রতিভূস্বরূপ দিল্লীতে প্রেরণ না করায় সুলতান্ মহ্‌ম্মদ্-বিন্-তোগ্‌লক্ শাহ্ বহাদর শাহের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিয়াছিলেন[৬৯]।

(৬৪) Ibid.

(৬৫) মন্তু্খব্ উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথমভাগ, পৃঃ ৩০২।

(৬৬) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII 1874, pt. I, p. 290.

(৬৭) Ibid.

(৬৮) Initial Coinage of Bengal, p. 55.

(৬৯) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII 1874, pt. I. p, 290.

দিল্লী হইতে প্রেরিত সেনার সাহায্যে, বহ্‌রাম খাঁ সুলতান্ গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহ্‌কে পরাজিত ও নিহত করিয়াছিলেন, বহাদর শাহের দেহ দিল্লীর পথে পথে প্রদর্শিত হইয়াছিল[৭০]। এইরূপে তোগ্‌লক্‌বংশের অভ্যুদয়ে বাঙ্গালার বল্‌বন্‌বংশীয় স্বাধীন সুলতান্‌গণের রাজত্বের অবসান হইয়াছিল। অনুমান হয় ৭৩১ হিজরায় (১৩৩০ খৃষ্টাব্দে) গিয়াস্-উদ্দীন্ বহাদর পরাজিত ও নিহত হইয়াছিলেন। গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহের রাজ্যকালের কোন শিলালিপি অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই।

---

(৭০) Ibid.

পরিশিষ্ট "গ"।

বল্‌বনের বংশ।

মহম্মদ-বিন্-তোগ্‌লক্ শাহ্ কর্ত্তৃক বাঙ্গালাদেশ আক্রমণ বদাওনী, নিজাম্-উদ্দীন্ আহ্‌মদ্ প্রভৃতি মুসলমান ঐতিহাসিকগণের উক্তি অনুসারে ৭৪১ হিজরায় (১৩৪০ খৃষ্টাব্দে) মহম্মদ-বিন্-তোগ্‌লক্ শাহ্ সুবর্ণগ্রামের দিকে যুদ্ধযাত্রা করিয়াছিলেন। মন্তখব্-উৎ-তওয়ারিখ্ অনুসারে মহম্মদ-বিন্-তোগ্‌লক্ শাহ্ সুবর্ণগ্রামের যুদ্ধে জয়লাভ করিয়া ফখর্-উদ্দীন্কে নিহত করিয়াছিলেন। কিন্তু মুদ্রাতত্ত্বের প্রমাণানুসারে ফখর্-উদ্দীন্ অন্ততঃ ৭৫০ হিজরা পর্য্যন্ত এবং শমস্-ই-সিরাজ আফিফের তারিখ্-ই-ফিরোজ্

---

* দিল্লীর বাদশাহ্ বা বেগম্।

† বাঙ্গালার স্বাধীন সুলতান্।

শাহী অনুসারে অন্ততঃ ৭২৩ হিজরা পর্য্যন্ত সুলতান্ কখর-উদ্দীন্ মবারক্ শাহ্ জীবিত ছিলেন। সুতরাং ৭৪১ হিজরায় মহম্মদ-বিন্-তোগ্লক্ শাহ্ বাঙ্গালা দেশ আক্রমণ করিয়াছিলেন কি না এবং করিয়া থাকিলেও কতদূর সফলকাম হইয়াছিলেন, তাহা বলিতে পারা যায় না।

অনুমান হয় ৭২২ হিজরায় (১৩২৪ খৃষ্টাব্দে) যুবরাজ উলুগ্ খাঁ জাজনগর আক্রমণ করিয়াছিলেন। গঙ্গবংশীয় দ্বিতীয় ভানুদেব তখন উড়িষ্যার অধিপতি। পূর্ব্বে কথিত হইয়াছে যে, ৭৩১ হিজরায় বল্বনের পৌত্র গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহ্ পরাজিত ও নিহত হইয়াছিলেন। উক্তবর্ষে প্রাচীন তীরভুক্তি মহম্মদ-বিন্-তোগ্লক্ শাহের অধিকারভুক্ত হইয়াছিল, এবং তীরভুক্তি বা তোগ্লক্-পুরে মহম্মদ্ শাহের নামাঙ্কিত তাম্রমুদ্রা মুদ্রিত হইয়াছিল। এই সময়ে মহম্মদ-বিন্-তোগ্লক্ শাহ্ স্বয়ং তীরভুক্তি ও সুবর্ণগ্রাম আক্রমণ করিয়াছিলেন কি না তাহা নিশ্চিতরূপে বলিতে পারা যায় না, কারণ মুসলমান-রচিত ইতিহাসে ৭৩১ হিজরায় মহম্মদ-বিন্ তোগ্লক্ শাহ্ কর্ত্তৃক সাম্রাজ্যের পূর্ব্ববিভাগের অভিযানের উল্লেখ নাই।

পঞ্চম পরিচ্ছেদ

তোগ্‌লক্‌ বংশের শাসনকাল ও বঙ্গে বিদ্রোহ।

হিজরা ৭৩৭—৫৯, খৃষ্টাব্দ ১৩৩৬—৫৮।

ফখর্‌-উদ্দীনের পূর্ব্বপরিচয়—বহ্‌রাম্‌ খাঁর মৃত্যু—ফখর্‌-উদ্দীনের বিদ্রোহ—পরাজয়—কাদর খাঁর মৃত্যু—মুখ্‌লিস্‌-আলী মবারক্‌—মালিক্‌ ইউসফ্‌—মহ্‌ম্মদ্‌-বিন্‌-তোগ্‌লক শাহ্‌ কর্ত্তৃক বাঙ্গালা আক্রমণ—শমস্‌-উদ্দীন্‌ ইলিয়াস্‌ শাহ্‌ কর্ত্তৃক পূর্ব্ববঙ্গ আক্রমণ—ফখর-উদ্দীন্‌ মবারক্‌ শাহের মৃত্যু—ইবন্‌-বতুতা—আলা-উদ্দীন্‌ আলী শাহের সহিত ফখর-উদ্দীন্‌ মবারক্‌ শাহের যুদ্ধ—খৃষ্টীয় চতুর্দ্দশ শতাব্দীতে বাঙ্গালাদেশের দ্রব্যমূল্য—আলী শাহের পূর্ব্বপরিচয়—স্বাধীনতা ঘোষণা—শমস্‌-উদ্দীন্‌ ইলিয়াস্‌ শাহের পূর্ব্বপরিচয়—ইলিয়াস্‌ শাহ্‌ কর্ত্তৃক আলা-উদ্দীন্‌ আলী শাহের হত্যা—পূর্ব্ববঙ্গ বিজয়—জাজনগর আক্রমণ—ফিরোজ্‌ শাহ্‌ কর্ত্তৃক বাঙ্গালা দেশ আক্রমণ—বিহার প্রদেশের অবস্থা—বাঙ্গালা আক্রমণের কারণ—বাঙ্গালাদেশে ফিরোজ্‌ শাহের প্রথম অভিযান—একডালার অবস্থান—একডালা অবরোধ—ফিরোজ্‌ শাহের সহিত ইলিয়াস্‌ শাহের যুদ্ধ—ইলিয়াস্‌ শাহের পরাজয়—দ্বিতীয়বার একডালা অবরোধ—ফিরোজ্‌ শাহের প্রত্যাবর্ত্তন—ইলিয়াস্‌ শাহের মৃত্যু।

বাঙ্গালার শাসনকর্ত্তৃ ও সুলতান্‌গণ।

শাসনকর্ত্তৃগণ—		**হিজরা**	**খৃষ্টাব্দ**
তাতার খাঁ বা বহ্‌রাম্‌ খাঁ			
(পূর্ব্ববঙ্গ—সুবর্ণগ্রাম)	...	৭৩১—৩৯	১৩৩০—৩৮

মালিক্ বেদার্ খিল্‌জি বা কাদর্ খাঁ

(পশ্চিমবঙ্গ—লক্ষ্মণাবতী)	...	৭২৬—৪০	১৩২৫—৩৯

ইজ্জুদ্দীন্ য়াহিয়া খাঁ, আজম্-উল্-মুলুক্

(দক্ষিণবঙ্গ—সপ্তগ্রাম)	...	৭২৪—৪০	১৩২৩—৩৯

বাঙ্গালার স্বাধীন সুলতান্‌গণ—

		হিজরা	খৃষ্টাব্দ
ফখর্-উদ্দীন্ মবারক্ শাহ্ (পূর্ব্ববঙ্গ—সুবর্ণগ্রাম)	...	৭৩৭—৫৩	১৩৩৬—৫২
ইখ্‌তিয়ার্-উদ্দীন্ গাজী শাহ্ (পূর্ব্ববঙ্গ—সুবর্ণগ্রাম)	...	৭৫০—৫৩	১৩৪৯—৫২
আলা-উদ্দীন্ আলী শাহ্ (পশ্চিমবঙ্গ—লক্ষ্মণাবতী)	...	৭৪০—৪৬	১৩৩৯—৪৫
শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ (সমগ্র বঙ্গ)		৭৪০—৫৯	১৩৩৯—৫৮

দিল্লীর সুলতান্‌গণ—

মহম্মদ-বিন্-তোগ্‌লক্ শাহ্	...	৭২৫—৫২	১৩২৪—৫১
ফিরোজ্ শাহ্	... ..	৭৫২—৯০	১৩৫১—৮৮

উড়িষ্যার গঙ্গবংশীয় রাজগণ—

	খৃষ্টাব্দ
৩য় নৃসিংহদেব	১৩২৭—৫২
৩য় ভানুদেব	১৩৫২—৭৮

আসামের রাজগণ—

	খৃষ্টাব্দ
সুক্রাঙ্গফা	১৩৩২—৬৪

নেপাল রাজগণ—

	খৃষ্টাব্দ
জয়রাজমল্ল	১৩৪৭—৫৬
জয়ার্জ্জুনমল্ল	১৩৬৩—৭৬

গিয়াস্‌-উদ্দীন্‌ বহাদর শাহ্‌ নিহত হইলে বহ্‌রাম্‌ খাঁ উপাধিধারী তাতার খাঁ সুবর্ণগ্রামের শাসনকর্ত্তা হইয়াছিলেন ১। এই সময়ে ইজ্জুদ্দীন্‌ য়াহিয়া খাঁ, আজম্‌-উল্‌-মুলুক, সপ্তগ্রামের, ২ এবং কাদর্‌ খাঁ লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা ছিলেন ৩। বহ্‌রাম্‌ খাঁর মৃত্যু হইলে তাঁহার বর্ম্মরক্ষক ফখর্‌-উদ্দীন্‌ বিদ্রোহী হইয়া স্বয়ং সুবর্ণগ্রামের শাসনকর্ত্তা হইয়াছিলেন ৪। বদাওনী অনুসারে ফখর্‌-উদ্দীন্‌ বা ফখ্‌রা সুবর্ণগ্রামের শাসনকর্ত্তা, তাতার খাঁ অথবা বহ্‌রাম্‌ খাঁর শিলাদার বা বর্ম্মরক্ষক ৫। জিয়া-বার্ণীর তারিখ্‌-ই-ফিরোজ্‌ শাহী অনুসারে ফখ্‌রা বহ্‌রাম্‌ খাঁর মৃত্যুর পরে বিদ্রোহী হইয়াছিলেন,৬ কিন্তু রিয়াজ্‌-উস্‌-সালাতীন্‌কার বলেন যে ফখ্‌রা বা ফখর্‌-উদ্দীন্‌ কাদর্‌ খাঁর শিলাদার ছিলেন ৭। এই ক্ষেত্রে সমসাময়িকতা অনুসারে জিয়া-বার্ণীর গ্রন্থ অধিকতর বিশ্বাসযোগ্য। রিয়াজ্‌-উস্‌-সালাতীন্‌ অনুসারে ফখর্‌-উদ্দীন্‌ তাঁহার প্রভু কাদর্‌ খাঁকে হত্যা করিয়া পূর্ব্ব-বঙ্গের অধিকার লাভ করিয়াছিলেন। প্রকৃতপক্ষে কাদর্‌ খাঁ ফখর্‌-উদ্দীনের প্রভু ছিলেন না। জিয়া-বার্ণীর অথবা বদাওনীর গ্রন্থে ফখর্‌-উদ্দীন্‌ কর্ত্তৃক প্রভুহত্যার কথা দেখিতে পাওয়া যায় না। বদাওনী অনুসারে ৭৩৯ হিজরায় (১৩৩৮ খৃষ্টাব্দে) বহ্‌রাম্‌ খাঁর মৃত্যু হইয়াছিল৮। তাঁহার মৃত্যুর পরে ফখর্‌-উদ্দীন্‌, সুবর্ণগ্রাম বা পূর্ব্ববঙ্গ অধিকার করিয়া,

---

(১) রিয়াজ্‌-উস্‌-সালাতীন্‌, ইংরাজি অনুবাদ, পৃঃ ৮৫, পাদটীকা।

(২) মন্তখব্‌-উৎ-তওয়ারিখ্‌, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৩০২।

(৩) ঐ।

(৪) Elliot's History of India, Vol. III, pp. 242—43.

(৫) মন্তখব্‌-উৎ-তওয়ারিখ্‌, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৩০৮।

(৬) Elliot's History of India, Vol. III, p. 242.

(৭) রিয়াজ্‌-উস্‌-সালাতীন্‌, ইংরাজি অনুবাদ, পৃঃ ৯৪।

(৮) মন্তখব্‌-উৎ-তওয়ারিখ্‌, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৩০৮।

সপ্তগ্রাম বা দক্ষিণবঙ্গ এবং লক্ষ্মণাবতী বা পশ্চিমবঙ্গ আক্রমণ করিয়াছিলেন। লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা কাদর্ খাঁ, মুস্তৌফী হুসাম্-উদ্দীন্ আবুরিজা ও সপ্তগ্রামের শাসনকর্ত্তা ইজ্জুদ্দীন্ য়াহিয়া খাঁ তাঁহাকে পরাজিত করিয়াছিলেন। কাদর্ খাঁ তাঁহার সৈন্যগণকে বন্দী করিয়া তাঁহার কোষাগার লুণ্ঠন করিয়াছিলেন। কাদর্ খাঁ বহু অর্থ সঞ্চয় করিয়াছিলেন, সেই অর্থের জন্য অবশেষে তাঁহার মৃত্যু হইয়াছিল। ইহার পরে ফখর্-উদ্দীন্ যখন দ্বিতীয়বার লক্ষ্মণাবতী আক্রমণ করিতে আসিয়াছিলেন, তখন অর্থলোভে মুস্তৌফী হুসাম্-উদ্দীনের সৈন্যগণ, তাহাদের প্রভুকে হত্যা করিয়া ফখর্-উদ্দীনের সেনাদলে যোগ দিয়াছিল, ফখর্-উদ্দীন্ লক্ষ্মণাবতী অধিকার করিয়া কাদর্ খাঁর সঞ্চিত ধনরাশি প্রাপ্ত হইয়াছিলেন [৯]। বদাওনী অনুসারে, ফখর্-উদ্দীন্, মুখ্‌লিস্ নামক একজন অনুচরকে লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা নিযুক্ত করিয়াছিলেন এবং আলী মবারক্‌কে তাঁহার সেনদালের আরিজ্ (Inspector) নিযুক্ত করিয়াছিলেন [১০]। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে ফখর্-উদ্দীন্ লক্ষ্মণাবতীর সিংহাসনে আরোহণ করিয়া মুখ্‌লিস্ নামক তাঁহার একজন সেনাপতিকে বাঙ্গালার অন্যান্য দেশ জয় করিতে প্রেরণ করিয়াছিলেন। কাদর্ খাঁর সেনাপতি আলী মবারক্ মুখ্‌লিস্‌কে পরাজিত ও নিহত করিয়াছিলেন। আলী মবারক্ স্বাধীনতা ঘোষণা করিয়া সুলতান্ আলা-উদ্দীন্ নাম গ্রহণ করিয়াছিলেন এবং ফখর্-উদ্দীনের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়া তাঁহাকে ৭৪১ হিজরায় পরাজিত ও নিহত করিয়াছিলেন [১১]। সুলতান্ ফখর্-উদ্দীন্ সম্বন্ধে রিয়াজ্-উস্-সালাতীনের উক্তি বিশ্বাসযোগ্য নহে কারণ, প্রথমতঃ

---

(৯) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৩০৮।

(১০) ঐ।

(১১) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৯৬।

ফখর্-উদ্দীনের যত মুদ্রা এ পর্য্যন্ত আবিষ্কৃত হইয়াছে, তাহার সমস্তই সুবর্ণগ্রামে মুদ্রাঙ্কিত হইয়াছিল ১২। দ্বিতীয়তঃ আলা-উদ্দীন্ আলী শাহের যতগুলি মুদ্রা অদ্যাবধি আবিষ্কৃত হইয়াছে, তৎসমুদয় ফিরোজাবাদে মুদ্রাঙ্কিত হইয়াছিল ১৩। সুলতান্ ফখর্-উদ্দীন্, কাদর্ খাঁর শিলাদার হইলে, এবং সর্ব্বপ্রথমে লক্ষ্মণাবতীর অধিকার প্রাপ্ত হইলে, তাঁহার কোন না কোন মুদ্রায় লক্ষ্মণাবতীর নাম দেখিতে পাওয়া যাইত। জিয়া-বার্ণীর তারিখ্-ই-ফিরোজ্ শাহীতে দেখিতে পাওয়া যায় যে, বহ্‌রাম্ খাঁর মৃত্যুর পরে ফখর্-উদ্দীন্ কাদর্ খাঁকে নিহত করিয়া সপ্তগ্রাম, সুবর্ণগ্রাম ও লক্ষ্মণাবতীর অধীশ্বর হইয়াছিলেন ১৪, এই সমস্ত প্রদেশ আর কখনও তোগ্‌লক্‌বংশীয় রাজগণ কর্ত্তৃক অধিকৃত হয় নাই।

বদাওনীর গ্রন্থে ফখর্-উদ্দীনের বিদ্রোহ ও তাঁহার রাজ্যকালের ঘটনার সর্ব্বাপেক্ষা বিশ্বাসযোগ্য বিবরণ দেখিতে পাওয়া যায়। উক্ত গ্রন্থে কথিত আছে যে, লক্ষ্মণাবতী অধিকৃত হইলেও কাদর্ খাঁ মুখ্‌লিস্‌কে হত্যা করিয়া স্বাধীন হইবার চেষ্টা করিতেছিলেন। সুলতান্ মহম্মদ্-বিন্-তোগ্‌লক্ শাহ্ মালিক্ ইউসফ্ নামক এক ব্যক্তিকে বাঙ্গালার শাসনকর্ত্তা নিযুক্ত করিয়াছিলেন, কিন্তু মালিক্ ইউসফ্ লক্ষ্মণাবতী পৌঁছিবার পূর্ব্বেই মৃত্যুমুখে পতিত হইয়াছিলেন ১৫। সুলতান্ মহম্মদ্-বিন্-তোগ্‌লক্ শাহ্ ভারতবর্ষের নানাস্থানে বিদ্রোহদমনে ব্যস্ত থাকায় ইউসফের পরে লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তার নিয়োগ করিতে পারেন নাই। ৭৪১ হিজরায় সুলতান্ বাঙ্গালাদেশে আসিয়া সুবর্ণগ্রাম অধিকার করিয়াছিলেন এবং

(১২) H. N. Wright's Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, part II, p. 149.

(১৩) Ibid, p. 150.

(১৪) Elliot's History of India, Vol. III, p. 243.

(১৫) মন্তখব-উৎ-তওয়ারিখ, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৩০৮।

ফখর-উদ্দীনকে দিল্লীতে লইয়া গিয়া তাঁহাকে হত্যা করিয়াছিলেন। বদাওনীর গ্রন্থের এই অংশ বিশ্বাসযোগ্য নহে। ৭৪১ হিজরায় মহম্মদ-বিন-তোগলক্ শাহ্ কর্ত্তৃক বাঙ্গালা আক্রমণ সত্য হইতে পারে, কিন্তু উক্তবর্ষে ফখর-উদ্দীন্ পরাজিত হইয়া বন্দী হন নাই। তাঁহার মুদ্রা-সমূহ হইতে স্পষ্ট প্রমাণ হয় যে, ৭৩৭ হইতে ৭৫০ হিজরা পর্য্যন্ত ১৩৩৬—১৩৪৯ খৃষ্টাব্দ) সুবর্ণগ্রামে সুলতান্ ফখর-উদ্দীনের অধিকার অক্ষুণ্ণ ছিল। শমস্-ই-সিরাজ্ আফিফের তারিখ্-ই-ফিরোজ্ শাহী গ্রন্থে সুলতান্ ফখর-উদ্দীনের মৃত্যুর অন্যবিধ বৃত্তান্ত লিপিবদ্ধ আছে। ইহাতে দেখিতে পাওয়া যায় যে, দিল্লীর সুলতান্ ফিরোজ্ শাহের দ্বিতীয়বার লক্ষ্মণাবতী আক্রমণের পূর্ব্বে সুলতান্ ফখর-উদ্দীন্ সহসা শমস্-উদ্দীন্ ইলিয়াস শাহ্ কর্ত্তৃক আক্রান্ত হইয়া নিহত হইয়াছিলেন। ৭৫৪ হিজরায় (১৩৫৩ খৃষ্টাব্দে) ফিরোজ্ শাহ্ প্রথমবার লক্ষ্মণাবতী আক্রমণ করিয়াছিলেন, ইহার অব্যবহিত পরে সুলতান্ ফখর-উদ্দীন্ শমস্-উদ্দীন্ কর্ত্তৃক আক্রান্ত ও নিহত হইয়াছিলেন। ফখর্-উদ্দীনের জামাতা জফর্ খাঁ পলায়ন করিয়া দিল্লীতে ফিরোজ্ শাহের আশ্রয় গ্রহণ করিয়াছিলেন এবং তাঁহারই অনুরোধে ফিরোজ্ শাহ্ দ্বিতীয়বার বাঙ্গালাদেশ আক্রমণ করিয়াছিলেন [১৬]। সুলতান্ ফখর-উদ্দীনের রাজত্বকালের শেষভাগে ইখ্তিয়ার্-উদ্দীন্ গাজী শাহ্ নামক এক ব্যক্তি সুবর্ণগ্রামের এক অংশে স্বাধীনরাজ্য স্থাপন করিয়াছিলেন। তাঁহার কতকগুলি রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে, এই সকল মুদ্রা সুবর্ণগ্রাম হইতে ৭৫১, বা ৭৫২ ও ৭৫৩ হিজরায় (১৩৫০—৫২ খৃষ্টাব্দে) মুদ্রাঙ্কিত হইয়াছিল [১৭]। এতদ্ব্যতীত

(১৬) Elliot's History of India, Vol. III, pp. 303—4

(১৭) H. N. Wright's Catalogue of Coins, Indian Museum, Calcutta, Vol. II, part II, p. 149, No. 21.

ইখ্‌তিয়ার্‌-উদ্দীন্ গাজী শাহের অস্তিত্বের অপর কোন নিদর্শন অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। তাঁহার সহিত সুলতান্ ফখর্‌ উদ্দীনের কোন সম্বন্ধ ছিল কি না তাহা নির্ণয় করিবার উপায় নাই।

ফখর-উদ্দীন্ দিল্লীর সুলতান্ মহম্মদ-বিন্-তোগ্‌লক্ শাহের অধীন সুবর্ণগ্রামের শাসনকর্ত্তা তাতার খাঁ বা বহ্‌রাম্ খাঁর ভৃত্য। মহম্মদ-বিন্-তোগ্‌লক্ শাহের অত্যাচারে যখন ভারতবর্ষের মুসলমান সাম্রাজ্য ধ্বংসোন্মুখ, তখন অবসর বুঝিয়া ফখর-উদ্দীন্ স্বাধীনতা অবলম্বন করিয়াছিলেন। মন্তখব্‌-উৎ-তওয়ারিখ্ অনুসারে লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা কাদর্‌ খাঁ ও সপ্তগ্রামের শাসনকর্ত্তা ইজ্জুদ্দীন্ য়াহিয়া খাঁ প্রথমে সুলতান্ ফখর-উদ্দীন্ খাঁকে পরাজিত করিয়াছিলেন। পরে অর্থলোভে কাদর্‌ খাঁর সেনাদল তাঁহাকে পরিত্যাগ করিলে কাদর্‌ খাঁ পরাজিত হইয়াছিলেন। সুলতান্ ফখর-উদ্দীনের ক্রীতদাস মুখ্‌লিস্ পশ্চিমবঙ্গ আক্রমণ করিয়া, কাদর্‌ খাঁর সেনাপতি আলী খাঁ কর্ত্তৃক পরাজিত ও নিহত হইয়াছিলেন। আলী খাঁ পরে আলা-উদ্দীন্ আলী শাহ্ উপাধি গ্রহণ করিয়া লক্ষ্মণাবতী বা পশ্চিমবঙ্গে স্বাধীনতা অবলম্বন করিয়াছিলেন। জিয়া-বার্ণী রচিত তারিখ্‌-ই-ফিরোজ্‌ শাহী অনুসারে ফখর-উদ্দীন্ সপ্তগ্রাম এবং লক্ষ্মণাবতী অধিকার করিয়াছিলেন, এই উক্তি সত্য হইলেও উক্ত অধিকার স্থায়ী হয় নাই। বদাওনীর গ্রন্থ অনুসারে ৭৪১ হিজরায় (১৩৪০ খৃষ্টাব্দে) সুলতান্ মহম্মদ-বিন্-তোগ্‌লক্ শাহ্ দ্বিতীয়বার বাঙ্গালাদেশ ও সুবর্ণগ্রাম আক্রমণ করিয়াছিলেন [১৮]। এই আক্রমণে বিশেষ কোন ফল হইয়াছিল বলিয়া বোধ হয় না, কারণ ফখর-উদ্দীন্ নির্ব্বিবাদে ৭৫৪ হিজরা পর্য্যন্ত সুবর্ণগ্রামের অধিকার ভোগ করিয়াছিলেন। গিয়াস্‌ উদ্দীন্ বহাদর

(১৮) মন্তখব্‌-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৩০৯।

শাহের মৃত্যুর পরে সুবর্ণগ্রাম সুলতান্ মহম্মদ্-বিন্-তোগ্লক্ শাহের কোন মুদ্রা মুদ্রাঙ্কিত হইয়া থাকিলেও তাহা অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। সুলতান্ ফখর-উদ্দীনের সম্পূর্ণ নাম ফখ্র-উদ্দীন্ আবুল্ মজঃফর্ মবারক্ শাহ্। এই নামে সুবর্ণগ্রাম হইতে ৭৩৭, ৭৪১—৫০ হিজরায় মুদ্রাঙ্কিত রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে [১৯]। সুলতান্ ফখর-উদ্দীন্ মবারক্ শাহের মুদ্রা অবিমিশ্ররজতে নির্ম্মিত এবং ইহার গঠন অতি সুন্দর।

ফখর-উদ্দীন্ মবারক্ শাহের রাজত্বকালে মিশর দেশীয় পর্য্যটক ইবন্-বতুতা সপ্তগ্রামে আসিয়াছিলেন। তখন কাদর্ খাঁর সেনাপতি আলী খাঁ, আলা-উদ্দীন্ আলী শাহ্ নাম গ্রহণ করিয়া লক্ষ্মণাবতী বা পশ্চিম-বঙ্গের অধিপতি হইয়াছিল। ফখর-উদ্দীন্ মবারক্ শাহ্ ও আলা-উদ্দীন্ আলী শাহ্ দীর্ঘকাল যুদ্ধে ব্যাপৃত ছিলেন। বর্ষাকালে ফখর-উদ্দীন্ প্রবল হইয়া উঠিতেন কারণ, পূর্ব্ববঙ্গে আধিপত্য থাকায় তাঁহার নৌবল ও নৌসেনা পরাক্রান্ত ও সুশিক্ষিত ছিল, কিন্তু শীতকালে ও গ্রীষ্মকালে আলা-উদ্দীন্ আলী শাহ্ প্রবল হইয়া উঠিতেন কারণ, নদীর জল শুষ্ক হইলে ফখর-উদ্দীনের নৌসেনা পশ্চিমবঙ্গের অশ্বারোহী পদাতিকগণের সহিত যুদ্ধে পরাস্ত হইত। এইরূপে পূর্ব্ববঙ্গে ও দক্ষিণবঙ্গে ফখর-উদ্দীন্ এবং পশ্চিমবঙ্গে আলা-উদ্দীন্ আলী শাহ্ দীর্ঘকাল স্বাতন্ত্র্য রক্ষা করিতে সমর্থ হইয়াছিলেন। ইবন্-বতুতা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন যে, সুলতান্ নাসির-উদ্দীন্ বল্বনের বংশের শেষরাজা নিহত হইলে তাঁহার জামাতা লক্ষ্মণাবতীর অধিকার লাভ করিয়াছিলেন। তিনি স্বীয় সৈন্যগণ কর্ত্তৃক নিহত হইলে আলা-উদ্দীন্ আলী শাহ্ লক্ষ্মণাবতীর অধিপতি হইয়াছিলেন।

(১৯) E. Thomas, Initial Coinage of Bengal, part II, p. 57. H. N. Wright's Catalogue of Coins, Indian Museum, Calcutta, Vol. II, part II, p. 149, Nos. 17—20.

ফখর উদ্দীন্ বল্বন্‌বংশীয় রাজগণের ভৃত্য ছিলেন, তাঁহাদিগের অধিকার লোপ হইলে তিনি পূর্ব্ব ও দক্ষিণবঙ্গের অধিকার লাভ করিয়াছিলেন। ফখর-উদ্দীন্ মবারক্ শাহ্ ফকীর ও সাধুদিগকে ভক্তি করিতেন এবং তাঁহাদিগকে বহু অর্থ দান করিয়াছিলেন। ১৩৫০ খৃষ্টাব্দে ইবন্ বতুতা সপ্তগ্রামে আসিয়াছিলেন[২০]। লি (Lee)[২১] ও সাঙ্গুইনেত্তি[২২] (Sanguinetti) প্রভৃতি ইবন্ বতুতা ভ্রমণবৃত্তান্তের অনুবাদকগণ "সোদ্‌কাওয়ান" শব্দ চট্টগ্রামের নামান্তর মনে করিয়াছেন, কিন্তু তাঁহারা লক্ষ্য করিয়া দেখেন নাই যে, এই নগর গঙ্গা ও যমুনার সম্মেলনস্থলে অবস্থিত ছিল এবং ইহা সাতগাঁও বা সপ্তগ্রাম ব্যতীত অন্য কোনও স্থান হইতে পারে না। আরবী ভাষায় চট্টগ্রাম লিখিতে হইলে উহা "জংকানো" লিখিতে হইবে।

ইবন্ বতুতা বাঙ্গালাদেশের খৃষ্টীয় চতুর্দ্দশ শতাব্দীর দ্রব্য-মূল্য লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। ভারতবর্ষের এক রৎল, পশ্চিমের অর্থাৎ মিশর দেশের বিশ রৎলের সমান। তখন একটি রজতমুদ্রায় (নাম দীনার) পঁচিশ রৎল চাউল পাওয়া যাইত, এবং অশীতি রৎল ধান্য পাওয়া যাইত। দুই দিরহমে (সিকি দীনারে) এক রৎল তিলের তৈল মিলিত, এবং চারি দির্হমে বা অর্দ্ধ দীনারে এক রৎল গব্যঘৃত (অথবা নবনীত) মিলিত। একটি দুগ্ধবতী গাভীর মূল্য ছিল তিন দীনার এবং এক দির্হমে আটটি হৃষ্টপুষ্ট কুক্কুট পাওয়া যাইত। এক দির্হমে পনেরটি পুষ্ট পারাবত পাওয়া যাইত, একটি বৃহদাকার মেষের

(২০) Sanguinetti's Ibn Batoutah, Tome quatrieme, pp. 212—216.

(২১) Lee's Ibn Batoutah :

(২২) Sanguinetti's Ibn Batoutah, Tome quatrieme, p. 212.

মূল্য দুই দিরহম। আট দিরহমে এক রৎল সিরাপ (Syrup, গুড় ?) পাওয়া যাইত। চারি দিরহমে এক রৎল চিনি পাওয়া যাইত এবং দুই দীনারে ত্রিশ গজ (অথবা হাত) লম্বা এক থান সূক্ষ্ম মসলিন মিলিত। একটি স্বর্ণ দীনারে একটি পরমাসুন্দরী যুবতী ক্রীতদাসী পাওয়া যাইত। ভারতবর্ষের একটি স্বর্ণ দীনার মিশর দেশের সার্দ্ধ দুইটি স্বর্ণ দীনারের সমান। ইবন্ বতুতা আসুরা নাম্নী এক রূপবতী যুবতীকে ক্রয় করিয়াছিলেন এবং তাহার এক বন্ধু, লুলু নামক রূপলাবণ্যসম্পন্ন একটি কিশোরবয়স্ক ক্রীতদাস দুই স্বর্ণ দীনার মূল্যে ক্রয় করিয়াছিলেন[২৩]।

রিয়াজ-উস্-সালাতীন্ অনুসারে, আলী মবারক্ প্রথমে মালিক্ ফিরোজ্ রজবের একজন বিশ্বস্ত অনুচর ছিলেন। মালিক্ ফিরোজ্ রজব্ সুলতান্ গিয়াস্-উদ্দীন্ তোগলক্ শাহের ভ্রাতুষ্পুত্র ও সুলতান্ মহম্মদ্-বিন্-তোগলক্ শাহের খুল্লতাত পুত্র। মহম্মদ্-বিন্-তোগলক্ শাহ্ দিল্লীর সিংহাসনে আরোহণ করিলে মালিক্ ফিরোজ্ তাহার খাস্ দবীর (Private secretary) নিযুক্ত হইয়াছিলেন। এই সময়ে আলী মবারকের ধাত্রীপুত্র হাজী ইলিয়াস্, কোন অপরাধ করিয়া দিল্লী হইতে পলায়ন করেন। আলী মবারক্ মালিক্ ফিরোজ্ কর্তৃক আদিষ্ট হইয়াও হাজী ইলিয়াসের সন্ধান করিতে পারেন নাই এবং সেই অপরাধে তিনি দিল্লী হইতে নির্ব্বাসিত হন। আলী মবারক্ বাঙ্গালাদেশে আসিয়া কাদর্ খাঁর অধীনে কর্ম্ম গ্রহণ করিয়াছিলেন এবং কালে তিনি তাহার প্রধান সেনাপতি নিযুক্ত হইয়াছিলেন। মালিক্ ফখর-উদ্দীন্ বিদ্রোহী হইয়া কাদর্ খাঁকে নিহত করিলে আলী মবারক্ স্বাধীনতা

(২৩) Ibid, pp. 210–12.

অবলম্বন করিয়া আলা-উদ্দীন্ আলী শাহ্ উপাধি গ্রহণ করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে ৭৪১ হিজরায় সুলতান্ ফখর্-উদ্দীন্ মবারক্ শাহ্ আলা-উদ্দীন্ আলী শাহ্ কর্ত্তৃক নিহত হইয়াছিলেন[২৪]। গোলাম হোসেনের এই উক্তি বিশ্বাসযোগ্য নহে, কারণ ফখর্-উদ্দীন্ মবারক্ শাহ্ ৭৫০ হিজরায় জীবিত ছিলেন। আলা-উদ্দীন্ আলী শাহের রাজত্বকালে হাজী ইলিয়াস্ পাণ্ডুয়ায় আসিয়াছিলেন। আলা-উদ্দীন্ আলী শাহ্ প্রথমে তাহাকে কারারুদ্ধ করেন, কিন্তু পরে তাঁহার ধাত্রী অর্থাৎ ইলিয়াস্ শাহের গর্ভধারিণীর অনুরোধে তাঁহাকে মুক্তিপ্রদান করিয়াছিলেন। হাজী ইলিয়াস্ আলা-উদ্দীন্ আলী শাহের রাজ্যে উচ্চ-পদ লাভ করিয়া অল্পদিন মধ্যে আলা-উদ্দীন্ আলী শাহের সেনাদল বশীভূত করিয়াছিলেন এবং খোজাগণের সাহায্যে আলী শাহ্কে হত্যা-করিয়া শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ নামে বাঙ্গালার সিংহাসনে আরোহণ করিয়াছিলেন[২৫]। আলা-উদ্দীন্ আলী শাহের যে সমস্ত মুদ্রা আবিষ্কৃত হইয়াছে, তাহা ফিরোজাবাদে মুদ্রাঙ্কিত হইয়াছিল এবং তাহা হইতে অবগত হওয়া যায় যে, তিনি ৭৪০ হইতে ৭৪৬ হিজরা পর্য্যন্ত, লক্ষ্মণাবতীর অধিকার ভোগ করিয়াছিলেন[২৬]। আলী শাহের রাজ্যকালের কোন শিলালিপি বা ইমারৎ আবিষ্কৃত হয় নাই। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে আলা-উদ্দীন্ আলী শাহ্ স্বপ্নে হজরৎ শাহ্ মখ্দুম্ জলাল্-উদ্দীন্ তব্রীজীর সাক্ষাৎ পাইয়া তাঁহার আদেশে পাণ্ডুয়ায় একটি মন্দির নির্ম্মাণ

---

(২৪) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৯৬—৯৭।

(২৫) ঐ, পৃঃ ৯৮।

(২৬) H. N. Wright's Catalogue of Coins, Indian Museum, Calcutta, Vol II, part II, p. 130.

করিয়াছিলেন। পাণ্ডুয়া নগরে ইহার ধ্বংসাবশেষ অদ্যাবধি বর্ত্তমান আছে[২৭]।

শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ সুলতান্ আলা-উদ্দীন্ আলী শাহের ধাত্রী-পুত্র, এতদ্ব্যতীত তাঁহার অন্য কোনও পরিচয় অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। ৭৬৬ হিজরার পরে ইলিয়াস্ শাহ্ লক্ষ্মণাবতীর অধিকার লাভ করিয়াছিলেন। ৭৫৩ বা ৭৫৪ হিজরায় তৎকর্ত্তৃক সহসা আক্রান্ত হইয়া ফখর-উদ্দীন্ মবারক্ শাহ্ পরাজিত ও নিহত হইয়াছিলেন। এই সময় হইতে সুবর্ণগ্রাম বা পূর্ব্ববঙ্গ শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের অধিকারভুক্ত হইয়াছিল। সুবর্ণগ্রাম জয়ের পূর্ব্বে বা পরে ইলিয়াস্ শাহ্ জাজ্‌নগর আক্রমণ করিয়া, উক্তরাজ্য হইতে বহু ধনরত্ন ও হস্তী লুণ্ঠন করিয়া আনিয়াছিলেন। ইলিয়াস্ শাহ্ ধীরে ধীরে বারাণসী পর্য্যন্ত স্বীয় অধিকার বিস্তার করিয়াছিলেন[২৮]।

সুলতান্ মহম্মদ্-বিন্-তোগ্‌লক্ শাহ্ দিল্লীর সিংহাসনে আরোহণ করিয়া প্রথমে বাঙ্গালা-রাজ্যশাসনে মনঃসংযোগ করেন, এই সময়ে গৌড়ে ও বঙ্গে গিয়াস্-উদ্দীন্ বল্‌বনের রাজ্য লুপ্ত হইয়াছিল। মহম্মদ্-বিন্-তোগ্‌লক্ শাহের সুদীর্ঘ রাজত্বকালে তাঁহাকে অধিকবার বাঙ্গালা-দেশের রাষ্ট্রীয় ব্যাপারে হস্তক্ষেপ করিতে হয় নাই। রাজধানী দিল্লী হইতে বহুদূরে অবস্থান হেতু এবং সাম্রাজ্যের ভিন্ন ভিন্ন সীমান্তে বহু দুর্ঘটনার জন্য মহম্মদ্-বিন্-তোগ্‌লক্ শাহ্ তাঁহার রাজ্যকালের শেষভাগে বঙ্গে বিদ্রোহ দমনের উদ্যোগ করিতে পারেন নাই। সুবর্ণগ্রামে বহ্‌রাম্ খাঁর মৃত্যুর পরে ফখ্‌র-উদ্দীনের বিদ্রোহ, বিদ্রোহীর হস্তে সপ্তগ্রামের শাসনকর্ত্তা ইজ্জুদ্দীন্-য়াহিয়া খাঁ ও লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা

---

(২৭) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৯৭—৯৮।
(২৮) ঐ, পৃঃ ৯৯।

কাদর্ খাঁর পরাজয়, কাদর্ খাঁর মৃত্যু, আলী শাহের স্বাধীনতা ঘোষণা এবং ইলিয়াস্ শাহের হস্তে ফখর্-উদ্দীন্ মবারক্ ও আলা-উদ্দীন্ আলী-শাহের মৃত্যু, এই সমস্ত ঘটনাই মহম্মদ-বিন্-তোগ্লক্ শাহের রাজত্বকালে ঘটিয়াছিল। নর্ম্মা শিরিন্ প্রমুখ মোগল সেনাপতিগণের আক্রমণ রোধে ব্যস্ত থাকিয়া[২৯] তিনি যখন দিল্লী হইতে দেবগিরিতে রাজধানী লইয়া যাইবার ব্যবস্থা করিতেছেন, তোগ্লক্ সাম্রাজ্যের সেনা যখন তুষার-সমাচ্ছন্ন হিমালয়ের শিখরদেশে দলে দলে বিনাশপ্রাপ্ত হইতেছে, তখন দণ্ডধরাভাবে গৌড়বঙ্গের অবস্থা অতি শোচনীয়। মহম্মদ-বিন্-তোগ্লক্ শাহ্ যখন সুবর্ণাভাবে সুবর্ণমুদ্রার পরিবর্ত্তে তাম্র নির্ম্মিত মুদ্রা প্রচলন করিতে বাধ্য হইয়াছিলেন[৩০], তখন সম্ভবতঃ অর্থাভাবে গৌড়বঙ্গে বিদ্রোহ দমনের উদ্যোগ হইতে পারে নাই। মহম্মদ-তোগ্-লকের মৃত্যুর পরে তাঁহার খুল্লতাতপুত্র ফিরোজ্ শাহ্ দিল্লীর সিংহাসনে আরোহণ করিলে, সুবর্ণগ্রামের শাসনকর্ত্তা বহ্রাম্ খাঁর মৃত্যুর ত্রয়োদশ বর্ষ পরে দিল্লী হইতে গৌড়বঙ্গে বিদ্রোহ দমনার্থ প্রথম অভিযান আরব্ধ হইয়াছিল[৩১]। এই ত্রয়োদশ বর্ষের মধ্যে সাত বৎসর লক্ষ্মণাবতী শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের অধিকারভুক্ত ছিল এবং এই সময়ের মধ্যে ইলিয়াস্ শাহ্ তাঁহার সিংহাসন, সুদৃঢ় ভিত্তির উপরে স্থাপন করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্কার বলেন যে, ইলিয়াস্ শাহ্ এই সময়ের মধ্যে প্রজাবৃন্দের সন্তোষবিধান করিয়া সৈন্যগণকে বশীভূত করিয়াছিলেন। কথিত আছে যে, সুলতান্ শমস্ উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ শমস্-উদ্দীন্ অল্তমশ্ নির্ম্মিত দিল্লীর প্রসিদ্ধ স্নানাগারের ন্যায় বাঙ্গালাদেশে একটি স্নানাগার

(২৯) মস্লক্-উল্-অবসার, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৩০৫।

(৩০) E. Thomas, Chronicles of the Pathan Kings of Delhi, p. 239—53.

(৩১) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৯৯—১০০।

নির্ম্মাণ করিয়াছিলেন[৩২]। এই সংবাদ শ্রবণে অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সুলতান্ ফিরোজ্-তোগ্‌লক্ বাঙ্গালা আক্রমণের উদ্যোগ করিয়াছিলেন।

সুলতান্ ফিরোজ্ শাহ্ ৭৫২ হিজরায় অর্থাৎ ১৩৫১ খৃষ্টাব্দে দিল্লীর সিংহাসনে আরোহণ করিয়াছিলেন[৩৩]। তাঁহার রাজত্বের দ্বিতীয় বর্ষে তিনি গৌড়াভিমুখে যুদ্ধযাত্রা করিয়াছিলেন। ৭৫৪ হিজরায় অর্থাৎ ১৩৫৩ খৃষ্টাব্দের শওয়াল মাসে, ফিরোজ্ শাহ্ খাঁন্‌জহানকে দিল্লীতে প্রতিনিধিস্বরূপ রাখিয়া, গৌড়াভিমুখে যাত্রা করিয়াছিলেন[৩৪]। গৌড় ও বঙ্গ প্রকৃতপক্ষে গত ত্রয়োদশবর্ষ যাবৎ বিদ্রোহী ছিল, এই সময়ের মধ্যে গৌড়ে ফিরোজা-বাদের, অথবা বঙ্গে সুবর্ণগ্রামের, কোনও শাসনকর্ত্তা বা স্বাধীন রাজা দিল্লীর বাদ্‌শাহের অধীনতা স্বীকার করেন নাই। ৭৪১ খৃষ্টাব্দে মহম্মদ-বিন্-তোগ্‌লক্ শাহ্ বঙ্গদেশ আক্রমণ করিয়া সফলকাম হইতে পারেন নাই। মুসলমান ঐতিহাসিকগণ কর্ত্তৃক লিপিবদ্ধ ফখর্-উদ্দীন্ মবারক্ শাহের পরাজয় ও মৃত্যু ঐতিহাসিক সত্যরূপে গৃহীত হইতে পারে না, কারণ মুদ্রাতত্ত্বের প্রমাণ অনুসারে ফখর্-উদ্দীন্ ৭৪১ হিজরার নয় বৎসর পরেও জীবিত ছিলেন। সুবর্ণগ্রামের শাসনকর্ত্তৃগণের মধ্যে তাতার খাঁ অর্থাৎ বহ্‌রাম্ খাঁর মৃত্যুর পরে অপর কোনও শাসনকর্ত্তা বা স্বাধীন রাজা দিল্লীর বাদ্‌শাহের অধীনতা স্বীকার করেন নাই। ফখর্-উদ্দীন্ মবারক্ শাহ্, ইখ্‌তিয়ার্-উদ্দীন্ গাজী শাহ্, আলা-উদ্দীন্ আলী শাহ্ ও শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ নিজনামে মুদ্রাঙ্কন করাইয়া মহম্মদ বিন্-তোগ্‌লক্ শাহের রাজ্যকালের শেষভাগে গৌড় ও বঙ্গের স্বাধীনতার সুদৃঢ় প্রমাণ রাখিয়া গিয়াছেন। এমন কি মহম্মদ-বিন্-তোগ্‌লক্ শাহ্ কর্ত্তৃক

(৩২) রিয়াজ-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১০০।

(৩৩) তবকাৎ-ই-আক্‌বরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ২৪৩।

(৩৪) ঐ পৃঃ ২৪৪; মস্ত্‌খব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৩২৪; রিয়াজ-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১০০।

নিযুক্ত লক্ষ্মণাবতীর শাসনকর্ত্তা মালিক্ বেদার্ খিল্জি বা কাদর্ খাঁ এক সময়ে স্বাধীনতা অবলম্বন করিবার চেষ্টা করিয়াছিলেন[৩৫]। গৌড় ও বঙ্গ যখন স্বাধীন, তখন মগধ বা বিহার দিল্লীর বাদ্শাহ্গণের অধীন ছিল। ৭৩২ হিজরায় রমজান মাসের প্রথমে অর্থাৎ ১৩৩২ খৃষ্টাব্দে ২৭শে মে তারিখে, মগধ বা বিহার প্রদেশে বিহার নগরে বাদ্শাহী শাসনকর্ত্তার প্রাসাদে একটি তোরণ নির্ম্মিত হইয়াছিল, তাহাতে আবুল্ মজাহিদ্ মহম্মদ্-বিন্-তোগ্লক্ শাহের নাম আছে[৩৬]। এই তোরণের শিলালিপি মাত্র আবিষ্কৃত হইয়াছে এবং ইহা এক্ষণে কলিকাতার চিত্রশালায় রক্ষিত আছে, কিন্তু তোরণের ধ্বংসাবশেষ পর্য্যন্ত বিলুপ্ত হইয়াছে। ৭৩৭ হিজরায় অর্থাৎ ১৩৩৭ খৃষ্টাব্দে মবারক্ মহ্মুদ্ নামক একব্যক্তি বিহার নগরে একটি গৃহ নির্ম্মাণ করাইয়াছিলেন। এই গৃহেরও শিলালিপি মাত্র আবিষ্কৃত হইয়াছে এবং এই শিলালিপিতে মহম্মদ্-বিন্-তোগ্লক্ শাহের নাম আছে[৩৭]। ৭৫৩ হিজরায় জিল্হিজ্জা মাসের ত্রয়োদশ দিবসে রবিবারে মালিক্ বয়া ইব্রাহিমের মৃত্যু হইয়াছিল, বিহার নগরে তাঁহার সমাধির উপরে যে শিলালিপি আবিষ্কৃত হইয়াছে, তাহাতে স্থলতান্ ফিরোজ্ শাহের নাম আছে[৩৮]। এই শিলালিপি-ত্রয় হইতে প্রমাণ হয় যে, মহম্মদ্-বিন্-তোগ্লক্ শাহের রাজ্যকালের প্রথমভাগে বিহার তাঁহার অধিকারভুক্ত ছিল। ৭৩১ হিজরায় ১৩৩০ খৃষ্টাব্দে তোগ্লকপুর বা তীরহুতে মহম্মদ্-বিন্-তোগ্লক্ শাহের মুদ্রা মুদ্রাঙ্কিত হইয়াছিল[৩৯], সুতরাং উক্তবর্ষে তীরহুত্তি

(৩৫) মহ্বব-উৎ-তওয়ারিখ, ইংরাজি অনুবাদ, [illegible] পৃঃ ৩০৮।

(৩৬) Epigraphia Indica, Vol. II, pp. 291—292.

(৩৭) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, pp. 299—300.

(৩৮) Ibid, pp. 301—2; Epigraphia Indica, Vol. II, pp. 292.

(৩৯) H. N. Wright's Catalogue of Coins in the Indian Museum, Vol. II, pt. I, p. 60, No. 384.

দিল্লীর বাদ্শাহ্গণের অধীনতা স্বীকার করিয়াছিল। ৭৩২ ও ৭৩৭ হিজরায় শিলালিপির প্রমাণ অনুসারে মগধ বা বিহার তোগ্লক্বংশের অধিকারভুক্ত ছিল। ৭৩৭ হিজরা হইতে ৭৫৩ হিজরা পর্য্যন্ত (১৩৩৭-১৩৫২ খৃষ্টাব্দ) বিহার প্রদেশের কি অবস্থা ছিল তাহা অবগত হইবার কোন উপায় অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। বিহার প্রদেশ মহম্মদ্-বিন্-তোগ্লক্ শাহের রাজ্যকালের শেষভাগে সম্ভবতঃ সুলতান্ শমস্-উদ্দীন ইলিয়াস্ শাহ্ কর্ত্তৃক অধিকৃত হইয়াছিল, কারণ রিয়াজ্-উস্-সালাতীন্[৪০] ও তবকাৎ-ই-আক্বরীতে[৪১] দেখিতে পাওয়া যায় যে, শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ বারাণসী পর্য্যন্ত স্বীয় অধিকার বিস্তৃত করিয়াছিলেন। ৭৫৩ হিজরায় বিহার প্রদেশ পুনরায় দিল্লীর অধীনতা স্বীকার করিয়াছিল, ইহার প্রমাণ পূর্ব্বে প্রদত্ত হইয়াছে। এই সময় হইতে ৭৯৯ হিজরা পর্য্যন্ত বিহার বা মগধ দিল্লীর তোগ্লক্বংশীয় বাদ্শাহ্গণের অধিকারভুক্ত ছিল। পরবর্ত্তীকালে দিল্লীর তোগ্লক্বংশীয় বাদ্শাহ্গণের অবনতির চরমসীমাতেও মগধ বা বিহারপ্রদেশ বিদ্রোহী হয় নাই।

জিয়া-উদ্দীন্ বার্ণীরচিত তারিখ্-ই-ফিরোজ্ শাহী অনুসারে ফিরোজ্ শাহ্ শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ কর্ত্তৃক গৌড়ে মুসলমান ও জিম্মিগণের[৪২] প্রতি অত্যাচারের কথা এবং তীরভুক্তি আক্রমণ ও লুণ্ঠনের কথা শুনিয়া গৌড় আক্রমণ করিয়াছিলেন। ফিরোজ্ শাহ্ দিল্লী হইতে যাত্রা করিয়া গঙ্গার উত্তর তীরের পথ অবলম্বনে গোরক্ষপুরের নিকট আসিয়া উপস্থিত হইয়াছিলেন। এইস্থানের হিন্দুরাজগণ নিয়মিতভাবে কর প্রদান করিতেন না, বাদ্শাহের সেনা গোরক্ষপুর ও খারাসা নামক স্থানদ্বয়ের

(৪০) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৯৯।
(৪১) তবকাৎ-ই-আক্বরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ২৪৪।
(৪২) জিম্মি—মুসলমানরাজের আশ্রিত বিধর্ম্মী অর্থাৎ হিন্দু।

সান্নিধ্যে উপস্থিত হইলে, তাঁহারা একে একে বাদ্‌শাহের শরণাপন্ন হইয়া আপনাদের দেয় রাজস্ব প্রদান করিয়াছিলেন এবং ভবিষ্যতে রাজস্ব প্রদানের ব্যবস্থা করিয়াছিলেন[৪৩]। তারিখ্-ই-ফেরেশ্‌তা[৪৪] ও তবকাৎ-ই-নাসিরীতে[৪৫], এই সকল হিন্দুরাজগণের মধ্যে উদয়সিংহের নাম দেখিতে পাওয়া যায়। উদয়সিংহ প্রমুখ হিন্দুরাজগণ বাদ্‌শাহের অধীনতা স্বীকার করিয়া তাঁহার সহিত যুদ্ধযাত্রা করিয়াছিলেন। শমস্-ই-সিরাজ্ আফিফ্ রচিত তারিখ্-ই-ফিরোজ্ শাহী গ্রন্থে সুলতান্ ফিরোজ্ শাহের প্রথম গৌড়াভিযানের বিস্তৃত বিবরণ লিপিবদ্ধ আছে। ফিরোজ্ শাহ্ সপ্ততি সহস্র সেনা সমভিব্যাহারে গৌড়াভিমুখে যাত্রা করিয়াছিলেন। বাদ্‌শাহী সেনা কৌশিকী নদীতীরে আসিয়া উপস্থিত হইলে, বাদ্‌শাহের গতিরোধ হইয়াছিল। গঙ্গা ও কৌশিকীর মিলনস্থলে নদীর পূর্ব্ব-তীরে সুলতান্ শমস্-উদ্দীন্ ইলিয়াসের সেনা যুদ্ধার্থ সজ্জিত আছে দেখিয়া, ফিরোজ্ শাহ্ সেইস্থানে নদী পার হইতে চেষ্টা করেন নাই। তিনি কৌশিকীতীর অবলম্বন করিয়া শত ক্রোশ উত্তরাভিমুখে যাত্রা করিয়াছিলেন এবং চম্পারণ বা চম্পকারণ্যের নিকটে কৌশিকী নদী উত্তীর্ণ হইয়াছিলেন। কৌশিকী এইস্থানে হিমবানের পাদমূল হইতে নির্গত হইতেছে। শিলাসঙ্কুল স্রোতস্বিনী-গর্ভে স্রোতোবেগ অসহনীয় দেখিয়া বাদ্‌শাহের আদেশে হস্তিযূথ দুই দলে বিভক্ত হইয়া নদীগর্ভে দণ্ডায়মান হইয়াছিল এবং হস্তিপৃষ্ঠে-নির্ম্মিত সেতু অবলম্বনে বাদ্‌শাহের সেনা কৌশিকী উত্তীর্ণ হইয়াছিল। ফিরোজ্ শাহ্ কৌশিকী উত্তীর্ণ

---

(৪৩) জিয়া-উদ্দীন্ বার্ণী রচিত তারিখ্-ই-ফিরোজ্ শাহী, পারস্য মূল, Bibliotheca Indica, পৃঃ ৫৮৬—৮৮।

(৪৪) তারিখ্-ই-ফেরেশ্‌তা, নওলকিশোর ছাপাখানা লক্ষ্নৌ, পৃঃ ২৯৬।

(৪৫) তবকাৎ-ই-আকবরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ২৪৪।

হইয়াছেন শুনিয়া শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ সসৈন্য গৌড়ে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন। বাদ্‌শাহ্ চম্পারণ ও রাচাবের পথে গৌড়াভিমুখে যাত্রা করিয়াছিলেন[৪৬]। ইলিয়াস্ শাহ্ গৌড়ে ফিরিয়া আসিয়া পাণ্ডুয়া-দুর্গে স্বীয় পুত্রকে রাখিয়া স্বয়ং পাণ্ডুয়ার নিকটবর্ত্তী একডালা নামক দুর্ভেদ্য-দুর্গে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। ইলিয়াস্ শাহের পুত্রের হস্তে পাণ্ডুয়া-দুর্গ রক্ষার ভারার্পণের কথা, কেবল রিয়াজ্-উস্-সালাতীনে দেখিতে পাওয়া যায়[৪৭]। আফিফের মতানুসারে ইলিয়াস্ শাহ্ পাণ্ডুয়া-রক্ষার চেষ্টা না করিয়া একডালা-দুর্গে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন[৪৮]। একডালা-দুর্গের অবস্থান লইয়া বহু মতভেদ আছে। রেনেল (Rennell) [৪৯] ও বেভারিজের (Beveridge) [৫০] মতানুসারে একডালা ঢাকার নিকট অবস্থিত। রেনেলের হিন্দুস্থানের মানচিত্রে একডালার অবস্থান ঢাকার উত্তরে প্রদর্শিত হইয়াছে। ওয়েষ্টমেকট্ (Westmacott) বলেন যে, একডালা বর্ত্তমান মালদহ জেলায় অবস্থিত[৫১]। প্রবীণ ঐতিহাসিক শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় মহাশয়ের মুখে শুনিয়াছি যে, মালদহ জেলার দমদমা নামক স্থানই প্রাচীন একডালা দুর্গ। মালদহ নিবাসী পণ্ডিত ৺রজনীকান্ত চক্রবর্ত্তী মহাশয় মৈত্রেয় মহাশয়ের উক্তি সমর্থন করিতেন। ঢাকা নিবাসী শ্রীযুক্ত বীরেন্দ্রনাথ বসু ঠাকুর কিছুদিন পূর্ব্বে একডালার

---

(৪৬) Elliot's History of India, Vol. III, pp. 293-294.

(৪৭) রিয়াজ্-উস্ সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১০০।

(৪৮) Elliot's History of India, Vol. III, p. 294.

(৪৯) Memoirs of the Asiatic Society of Bengal, Vol. III, no. 3, Map.

(৫০) Journal of the Asiatic Society of Bengal, Vol. LXIV, 1895, part I, p. 213.

(৫১) Ibid, Vol. XLIII, 1874, pt. I, pp. 244—45.

অবস্থান সম্বন্ধে কলিকাতা এসিয়াটিক সোসাইটিতে একটি প্রবন্ধ প্রেরণ করিয়াছিলেন, তাহাতে তিনি লিপিবদ্ধ করিয়াছিলেন যে, ঢাকা জেলায় আবিষ্কৃত একটি আরবী শিলালিপিতে একডালার নাম আছে। এসিয়াটিক সোসাইটির কর্ত্তৃপক্ষগণ তাঁহার নিকট হইতে এই শিলালিপির প্রতিলিপি চাহিয়া পাঠাইয়াছিলেন। সম্ভবতঃ প্রতিলিপি প্রেরিত হয় নাই বলিয়া প্রবন্ধটি এসিয়াটিক সোসাইটির পত্রিকায় মুদ্রিত হয় নাই। ব্লখ্ম্যান (Blochmann) অনুমান করেন যে, একডালার বাঙ্গালা নাম একদলা[৫২]। মুসলমান ঐতিহাসিকগণ "একডালা লিখিয়া থাকেন। সম্ভবতঃ একডালা বা একদলা নামে একাধিক দুর্গ ছিল, কিন্তু ফিরোজ্ শাহের আক্রমণের ভয়ে শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ যে একডালা দুর্গে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন, তাহা পূর্ব্ববঙ্গে অবস্থিত হইতে পারে না, কারণ প্রথমতঃ সমসাময়িক মুসলমান ঐতিহাসিক জিয়া-উদ্দীন্ বার্ণী লিপিবদ্ধ করিয়া গিয়াছেন যে, এই একডালা পাণ্ডুয়ার নিকটে অবস্থিত একটি গ্রাম এবং ইহার একদিকে জঙ্গল ও অপরদিকে নদী আছে[৫৩]। দ্বিতীয়তঃ পূর্ব্ববঙ্গ তখনও শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ কর্ত্তৃক অধিকৃত হয় নাই, কারণ ফখর্-উদ্দীন্ মবারক্ শাহ্ তখনও জীবিত ছিলেন। যাঁহারা বলেন যে, একডালা পূর্ব্ববঙ্গে অবস্থিত, তাঁহারা সম্ভবতঃ অন্যতম সমসাময়িক মুসলমান ঐতিহাসিক শমস্-ই-সিরাজ্ আফিফের উক্তিতে অধিকতর আস্থা স্থাপন করেন। আফিফের তারিখ্-ই-ফিরোজ্ শাহীতে একডালার দ্বীপ বা দ্বীপমালা (জজাঈর) বলিয়া বর্ণিত হইয়াছে[৫৪]। পূর্ব্ববঙ্গের নদীবেষ্টিত ভূখণ্ডকে যদি

(৫২) Ibid, Vol. XLII, 1873, pt. I, p. 212, note

(৫৩) জিয়া-উদ্দীন্ বার্ণী রচিত তারিখ্-ই-ফিরোজ্ শাহী পারস্য মূল, পৃঃ ৫৮৮।

(৫৪) Elliot's History of India, Vol. III, p. 294.

দ্বীপমালা বলা যাইতে পারে, তাহা হইলে গঙ্গা-মহানন্দা-কালিন্দী-বেষ্টিত গৌড়নগরের উপকণ্ঠকে যে, কোন দ্বীপমালা বলা যাইতে পারিবে না তাহা বুঝিতে পারা যায় না। রাভেনশ (Ravenshaw) প্রদত্ত মানচিত্রে গৌড়ের পূর্ব্বে বহু জলাভূমি ও হ্রদ দৃষ্ট হয়[৫৫], বর্ষাকালে এই সমস্ত হ্রদ ও জলাভূমি কালিন্দী, গঙ্গা ও মহানন্দার সহিত মিলিত হইয়া সমুদ্রবৎ বিস্তৃত জলাশয়ে পরিণত হয়, তখন উচ্চ ভূখণ্ডগুলি পশ্চিমাঞ্চলবাসী ব্যক্তিগণের নিকট দ্বীপের ন্যায় প্রতীয়মান হয়। সম্ভবতঃ এইরূপ দৃশ্যই আফিফের গ্রন্থে একডালা-দুর্গকে দ্বীপরূপে বর্ণনার কারণ।

শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ একডালা-দুর্গে আশ্রয় গ্রহণ করিলে, সুলতান্ ফিরোজ্ শাহ্ দুর্গের চতুর্দ্দিকে পরিখা খনন করিয়া তোপের মঞ্চা নির্ম্মাণ করাইয়াছিলেন। ইলিয়াস্ সাহের সেনা নিত্য একডালা-দুর্গ হইতে বাহির হইয়া আসিয়া বাদশাহের সেনা আক্রমণ করিত কিন্তু তাহারা বাদশাহের সেনা কর্ত্তৃক পরাজিত হইয়া একডালার দ্বীপসমূহের মধ্যে আশ্রয় লইতে বাধ্য হইয়াছিল। শমস্-উদ্দীন্ ইলিয়াস শাহ পাণ্ডুয়া পরিত্যাগ করিলে সুলতান্ ফিরোজ্ শাহ্ পাণ্ডুয়ার নিরীহ অধিবাসিদিগের উপর অত্যাচার করেন নাই এবং শমস্ উদ্দীন্ ইলিয়াস্ শাহের প্রাসাদ ও উদ্যান নষ্ট করেন নাই[৫৫ক]। এই সময়ে বাদশাহী-সেনা সমগ্র গৌড়দেশ অধিকার করিয়া হিন্দুরাজা ও ভূস্বামিগণকে বশীভূত করিল[৫৬]। ফিরোজ্ শাহ্ পাণ্ডুয়া নগর অধিকার করিয়া

---

(৫৫) Ravenshaw's Gour its ruins and Inscriptions, Map.

(৫৫ক) জিয়া-উদ্দীন্ বার্ণী রচিত তারিখ্-ই-ফিরোজ্ শাহী, পারস্য মূল, (Bibliotheca Indica) পৃঃ ৫৮৯।

(৫৬) Elliot's History of India, Vol. III, p. 294.

ইলিয়াস্ শাহের পুত্রকে বন্দী করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে বাদ্শাহ্ যে স্থানে শিবির স্থাপন করিয়াছিলেন, তাহার নাম ফিরোজ্পুরাবাদ বা ফিরোজাবাদপুর[৫৭]। এই স্থান হইতে ফিরোজ্ শাহ্ পাণ্ডুয়া-দুর্গ আক্রমণ করিয়া ইলিয়াস্ শাহের পুত্রকে পরাজিত ও বন্দী করিয়াছিলেন। প্রথম দিন বাদ্শাহের সেনার সহিত ইলিয়াস্ শাহের সেনার যুদ্ধ হইয়াছিল, তাহার পরে বাদ্শাহ্ দ্বাবিংশ দিবস একডালা-দুর্গ অবরোধ করিয়াছিলেন[৫৮]। দ্বাবিংশ দিবস একডালা দুর্গ অবরোধ করিয়াও সুলতান্ ফিরোজ্ শাহ্ নদী ও অরণ্য-বেষ্টিত দুর্গ অধিকার করিতে পারেন নাই। শমস্ই-সিরাজ্ আফিফ্ লিপিবদ্ধ করিয়া গিয়াছেন যে, কিছুকাল যুদ্ধ করিবার পরে বর্ষা আগতপ্রায় দেখিয়া সুলতান্ ফিরোজ্ শাহ্ মন্ত্রণাসভা আহ্বান করিয়াছিলেন। মন্ত্রিগণ দেখিলেন যে, বর্ষাকালে দেশ জলে প্লাবিত হইবে এবং তখন সুলতান্ ফিরোজ্ শাহ্ দিল্লীতে প্রত্যাবর্ত্তন করিতে বাধ্য হইবেন, ইহা ভাবিয়া বর্ষাকালের প্রতীক্ষায় ইলিয়াস্ শাহ্ একডালা দুর্গে আশ্রয় গ্রহণ করিয়াছেন। তাঁহারা স্থির করিলেন যে, কৌশলে ইলিয়াস্ শাহ্‌কে সসৈন্য একডালা দুর্গ হইতে বাহির করিবার জন্য দিল্লীর পথে কিয়দ্দূর প্রত্যাবর্ত্তন করা আবশ্যক। এই পরামর্শ অবলম্বন করিয়া সুলতান্ ফিরোজ্ শাহ্ পরদিন একডালা হইতে যাত্রা করিয়া সাত ক্রোশ দূরে শিবির স্থাপন করিলেন। বাদ্শাহের আদেশে দুই চারিজন কলন্দর (ফকীর) শিবির হইতে একডালা দুর্গাভিমুখে যাত্রা করিল। তাহারা যথাসময়ে গৌড়ের সেনা কর্ত্তৃক ধৃত হইয়া শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের সম্মুখে নীত হইল, এবং তাঁহাকে জ্ঞাপন

(৫৭) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১০০।

(৫৮) ঐ।

করিল যে সুলতান্ ফিরোজ্ শাহ্ সসৈন্য দিল্লী অভিমুখে যাত্রা করিয়াছেন[৫৯]। কোন কোন ঐতিহাসিক লিপিবদ্ধ করিয়াছেন যে, একডালা হইতে প্রত্যাবর্ত্তনকালে সুলতান্ ফিরোজ্ শাহ্ শিবিরের সমস্ত সম্পত্তিতে অগ্নি-সংযোগ করিয়া আসিয়াছিলেন[৬০]। ফিরোজ্ শাহ্ কর্তৃক প্রেরিত গুপ্তচরগণের মিথ্যাবাক্যে আস্থা স্থাপন করিয়া শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ একডালা দুর্গ হইতে নির্গত হইয়া প্রত্যাবর্ত্তনপর বাদ্শাহী সেনাকে পশ্চাৎ হইতে আক্রমণ করিতে মনস্থ করিলেন।

ইলিয়াস্ শাহ্ দশসহস্র অশ্বারোহী, দুই লক্ষ পদাতিক ও পঞ্চাশটি হস্তী লইয়া বাদ্শাহী সেনার পশ্চাদ্ধাবন করিলেন[৬১]। ফিরোজ্ শাহ্ যে স্থানে শিবির স্থাপন করিয়াছিলেন, সেই স্থানে একটি নদী তীর্থ ছিল। বাদ্শাহী সেনার সম্পত্তি যখন নদী পার হইতেছিল, তখন বাঙ্গালার সুলতান্ বাদ্শাহী-সেনা আক্রমণ করিলেন। বাদ্শাহের আদেশে মালিক্ দীলান্ ত্রিংশৎ সহস্র অশ্বারোহী লইয়া দক্ষিণ-পক্ষে মালিক্ হাসামনবা ত্রিংশৎ সহস্র অশ্বারোহী লইয়া বামপক্ষে ও খান্-ই-আজম্ তাতার খাঁ ত্রিংশৎ সহস্র অশ্বারোহী লইয়া মধ্যদেশে স্থান গ্রহণ করিলেন। বাদ্শাহী সেনার হস্তিদল তিনভাগে বিভক্ত হইয়া অশ্বারোহী সেনার সম্মুখে স্থাপিত হইল। প্রথমে বামপক্ষে হসাম্-উদ্দীন্ নবাব্ সেনাদলের সহিত গৌড়ীয় সেনার যুদ্ধ আরম্ভ হইল। বাদ্শাহী সেনার শ্রেণীবিন্যাস দেখিয়া ইলিয়াস্ শাহ্ বুঝিতে পারিলেন যে, তিনি ফকীরগণ কর্তৃক প্রতারিত হইয়াছেন। কিয়ৎক্ষণ যুদ্ধের পরে বাঙ্গালার সুলতান্ শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ পরাজিত হইয়া

(৫৯) Elliot's History of India, Vol. III, pp. 294—95.

(৬০) শমস্-ই-সিরাজ্ রচিত তারিখ্-ই-ফিরোজ্শাহী, পারস্য মূল, Bibliotheca Indica, পৃঃ ১১৩।

(৬১) Elliot's History of India, Vol. III, p. 295.

রণে ভঙ্গ দিয়া পলায়ন করিলেন। বাদ্‌শাহী সেনা লইয়া সেনাপতি তাতার খাঁ একডালা পর্য্যন্ত তাঁহার পশ্চাদ্ধাবন করিলেন। সম্মুখযুদ্ধে পরাজিত হইয়া ইলিয়াস্ শাহ্ পুনরায় একডালা দুর্গে আশ্রয় গ্রহণ করিলেন। ফিরোজ্ শাহ্ শিবির হইতে ফিরিয়া আসিয়া দ্বিতীয়বার পাণ্ডুয়ায় প্রবেশ করিলেন এবং একডালা দুর্গ অবরোধ করিলেন। এই যুদ্ধে ইলিয়াস শাহের ৪৮টি হস্তী বাদ্‌শাহী সেনা কর্ত্তৃক ধৃত হইয়াছিল ৬২। রিয়াজ্-উস্ সালাতীন্ অনুসারে ৪৪টি হস্তী ধৃত হইয়াছিল ৬৩।

দ্বিতীয়বার একডালা দুর্গ অবরোধ করিয়াও দিল্লীশ্বর ফিরোজ্ শাহ্ গৌড়েশ্বরের দুর্ভেদ্য আশ্রয়স্থল অধিকার করিতে পারেন নাই। তিনি এইবারে কতদিন একডালা অবরোধ করিয়াছিলেন, তাহা কোনও মুসলমান ঐতিহাসিক কর্ত্তৃক লিপিবদ্ধ হয় নাই। আফিফের মতানুসারে ফিরোজ শাহ্ দ্বিতীয়বার একডালা অবরোধ করিলে, একডালার অবরোধবাসিনী মুসলমান রমণীগণ অট্টালিকার ছাদে উঠিয়া, তাঁহার সম্মুখে অবগুণ্ঠন মোচন করিয়াছিলেন। মুসলমান সমাজে ইহা গভীর শোক ও দুঃখের চিহ্ন। এই দৃশ্য দেখিয়া বাদ্‌শাহ্ অত্যন্ত বিচলিত হইয়াছিলেন। তিনি মনে করিলেন যে, নগর অধিকার করিবার জন্য তাঁহাকে বহু মুসলমান হত্যা করিতে হইয়াছে এবং দুর্গ অধিকার করিতে হইলে বহু মুসলমান হত্যা করিতে হইবে, তাঁহার সৈন্যগণের হস্তে বহু অবরোধবাসিনী সম্ভ্রান্ত বংশীয়া রমণী লাঞ্ছিতা হইবেন। সুলতান্ ফিরোজ্ শাহের সমসাময়িক ঐতিহাসিক শমস্-ই-সিরাজ্ আফিফ্ লিপিবদ্ধ করিয়া গিয়াছেন যে, গৌড়ীয় অবরোধবাসিনীগণের রোদনধ্বনিতে বিচলিত হইয়া বাদ্‌শাহ্

---

(৬২) Ibid, pp. 295—97.

(৬৩) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১০২।

দিল্লীতে প্রত্যাবর্ত্তন করিতে কৃতসঙ্কল্প হইয়াছিলেন ৬৪। আফিফের এই উক্তি ফিরোজ্ শাহের গৌড়াভিযানের বিফলতা গোপন করিবার জন্য লিপিবদ্ধ হইয়াছিল। বাদ্‌শাহ্ যখন গৌড়াভিযানে যাত্রা করিয়াছিলেন, তখন কি জানিতেন না যে, গৌড়-যুদ্ধে বহু মুসলমান নিহত হইবে এবং তাহাদিগের পুত্র কলত্রের আর্ত্তনাদ সতত তাহার কর্ণে প্রবেশ করিবে? সম্মুখযুদ্ধে পরাজিত হইলেও ইলিয়াস্ শাহের সেনা তখনও যুদ্ধ পরিত্যাগ করে নাই, গৌড়-দেশ অধিকৃত হইলেও রাজধানীর প্রধান দুর্গ তখনও অনধিকৃত ছিল, এই অবস্থায় যুদ্ধ পরিত্যাগ করিয়া প্রত্যাবর্ত্তন করা যদি বিজয় হয়, তাহা হইলে মুসলমান ঐতিহাসিকগণের উক্তি সত্য। বর্ষাকালে গৌড়দেশে অবস্থান অসম্ভব দেখিয়া এবং সুরক্ষিত দুর্ভেদ্য একডালা দুর্গ অধিকার অসম্ভব জানিয়া, গৌড়াভিযানে ব্যর্থ-মনোরথ হইয়া দিল্লীর বাদ্‌শাহ্ ফিরোজ্ শাহ্ প্রত্যাবর্ত্তন করিতে বাধ্য হইয়াছিলেন। জিয়া-উদ্দীন্ বার্ণী বঙ্গদেশীয় রাজা ও পদাতিক সেনার কাপুরুষতার কথা লিপিবদ্ধ করিয়াছেন। তিনি বলিয়াছেন যে, যুদ্ধের প্রারম্ভে বাঙ্গালী রাজগণ ও তাঁহাদিগের পদাতিক সেনা আস্ফালন করিতেছিল, কিন্তু যুদ্ধ আরম্ভ হইলে তাহারা ভয়ে অস্ত্রশস্ত্র পরিত্যাগ করিয়া ভূমি চুম্বন করিয়াছিল ৬৫। শমস্-ই-সিরাজ্ আফিফ্ সুলতান শমস্-উদ্দীন্ ফিরোজ্ শাহের কাপুরুষতার কথা লিপিবদ্ধ করিয়াছেন, তিনি বলেন যে, যুদ্ধে পরাজিত হইয়া ইলিয়াস্ শাহ্ যখন পলায়ন করিতেছিলেন, তখন ফিরোজ্ শাহের সেনাপতি খান্-ই-আজম্ তাতার খাঁ তাহাকে সম্মুখযুদ্ধে আহ্বান করিয়াছিলেন, কিন্তু ইলিয়াস্ শাহ্ যুদ্ধ না

(৬৪) Elliot's History of India, Vol. III, p. 297.

(৬৫) Journal of the Asiatic Society of Bengal, Vol. XLII, 1873, pt. I. p. 255.

করিয়া পলায়ন করিয়াছিলেন ৬৬। ইহা সত্য হইলেও হইতে পারে কিন্তু এই কাপুরুষ সুলতান্, তাঁহার অধীন কাপুরুষ বাঙ্গালী রাজগণ এবং তাঁহাদিগের অধীন কাপুরুষ পদাতিক সেনার জন্য ভারতেশ্বর ফিরোজ্ শাহ্‌কে একডালার অবরোধ পরিত্যাগ করিয়া দিল্লীতে প্রত্যাবর্ত্তন করিতে হইয়াছিল। জিয়া-উদ্দীন্ বার্ণী স্পষ্ট স্বীকার করিয়া গিয়াছেন যে, গৌড়াভিযানে ফিরোজ্ শাহের দুর্ব্বলতাই প্রকাশ পাইয়াছিল এবং সৌভাগ্যক্রমে বর্ষাকাল আসিয়া পড়ায়, পরাজয়ের পরিবর্ত্তে উহাই প্রত্যাবর্ত্তনের কারণ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছিল ৬৭। শমস্-ই-সিরাজ্ আফিফ্‌ও স্বীকার করিতে বাধ্য হইয়াছেন যে, সুলতান্ ফিরোজ্ শাহ্ প্রত্যাবর্ত্তনের আদেশ প্রদান করিলে, তাঁহার অনুচরবর্গ অত্যন্ত প্রীত হইয়াছিল। কেবল বীরাগ্রগণ্য তাতার খাঁ বার বার দিল্লীশ্বরকে গৌড়রাজ্য অধিকার করিয়া শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্‌কে সম্পূর্ণরূপে শাসন করিতে পরামর্শ দিয়াছিলেন ৬৮।

গোলাম হোসেন সলিম রিয়াজ্-উস-সালাতীনে ইলিয়াস্ শাহ্ ও ফিরোজ্ শাহ্ সম্বন্ধে একটি কাহিনী লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। একডালা অবরোধের সময়ে মুসলমান সাধু শেখ্ রাজা বিয়াবানির মৃত্যু হইয়াছিল। সুলতান্ শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ তাঁহাকে অত্যন্ত ভক্তি করিতেন এবং তিনি ছদ্মবেশে উক্ত সাধুর শবের সহিত গোরস্থানে গিয়াছিলেন। সাধুর শব সমাধিস্থ হইলে তিনি বাদ্‌শাহ্ ফিরোজ্ শাহের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। ফিরোজ্ শাহ্ তাঁহাকে চিনিতে পারেন

---

(৬৬) Elliot's History of India, Vol. III, p. 296.
(৬৭) Ibid, p. 254.
(৬৮) Ibid, p. 297.

নাই, কিন্তু পরে এই কথা শুনিয়া দুঃখ প্রকাশ করিয়াছিলেন ৬৯। ফিরোজ্ শাহ্ একাদশ মাস গৌড়াভিযানে ব্যাপৃত ছিলেন এবং এই যুদ্ধে এক লক্ষ অশীতি সহস্র বাঙ্গালী সৈন্য নিহত হইয়াছিল ৭০। রিয়াজ-উস্-সালাতীন্‌কার বলেন যে, বর্ষাকালের আশঙ্কায় ফিরোজ্ শাহ্ ইলিয়াস্ শাহের নিকটে সন্ধির প্রস্তাব করিয়াছিলেন। ইলিয়াস্ শাহ্‌ও একডালায় অবরুদ্ধ থাকিয়া নানা প্রকার অসুবিধা বোধ করিতেছিলেন, এইজন্য তিনিও কিয়ৎপরিমাণে অধীনতা স্বীকার করিয়া সন্ধির প্রস্তাবে সম্মত হইয়াছিলেন। ফিরোজ্ শাহের আদেশে শমস্-উদ্দীনের পুত্র ও গৌড়-রাজ্যের অন্যান্য বন্দী মুক্ত হইয়াছিলেন। পরে একডালার অবরোধ পরিত্যাগ করিয়া তিনি দিল্লীতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন ৭১। বদাওনীর গ্রন্থেও সন্ধির কথা দেখিতে পাওয়া যায় ৭২, কিন্তু সমসাময়িক ঐতিহাসিক শমস্-ই-সিরাজ্ আফিফ্-রচিত তারিখ্-ই-ফিরোজ্ শাহীতে সন্ধির কথা নাই, পরন্তু আফিফ্ বলিয়াছেন যে, ফিরোজ্ শাহ্ প্রত্যাবর্ত্তন করিলে শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ একডালায় (সম্ভবতঃ পাণ্ডুয়ায়, কারণ একডালায় সর্ব্বদা ইলিয়াস্ শাহের অধিকারভুক্ত ছিল) প্রবেশ করিয়া (ফিরোজ্ শাহ্ কর্ত্তৃক নিযুক্ত) শাসনকর্ত্তাকে বধ করিয়াছিলেন ৭৩। তবকাৎ-ই-আক্‌বরীতেও সন্ধির কথা আছে ৭৪। নিজাম্-উদ্দীন্ আহ্মদ্ অনুসারে ফিরোজ্ শাহ্ রবিউল-আউয়ল মাসের সপ্তম দিবসে একডালায় উপস্থিত হইয়াছিলেন। উক্তমাসের উনত্রিংশ দিবসে ফিরোজ্ শাহ্

---

(৬৯) রিয়াজ-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১০২।
(৭০) Elliot's History of India, Vol. III, p. 297.
(৭১) রিয়াজ-উস্-সালাতীন্, ইংরাজি, অনুবাদ, পৃঃ ১০২।
(৭২) মস্তখব-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৩২৫।
(৭৩) Elliot's History of India, Vol. III, p. 298.
(৭৪) তবকাৎ-ই-আকবরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ২৪৫।

প্রত্যাবর্ত্তনের ছলে একডালা হইতে সপ্তক্রোশ দূরে গঙ্গাতীরে আসিয়া শিবির স্থাপন করিয়াছিলেন। রবিউল-আখের মাসের পঞ্চম দিবসে শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ একডালা হইতে বহির্গত হইয়া ফিরোজ্ শাহের সেনা আক্রমণ করিয়াছিলেন। উক্ত মাসের সপ্তম দিবসে ফিরোজ্ শাহ্ গৌড়রাজ্যের বন্দিদিগকে মুক্তিপ্রদান করিয়াছিলেন। উক্তমাসের সপ্তবিংশ দিবসে তিনি সন্ধিস্থাপন করিয়া দিল্লী অভিমুখে যাত্রা করিয়াছিলেন, এবং শাবান মাসের দ্বাদশ দিবসে দিল্লীতে উপস্থিত হইয়াছিলেন [৭৫]।

ফিরোজ্ শাহের প্রত্যাবর্ত্তনের অল্পদিন পরে শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ নৌকাযোগে সুবর্ণগ্রাম অভিমুখে যাত্রা করিয়া সহসা সুলতান্ ফখর-উদ্দীন্ মবারক্ শাহ্‌কে আক্রমণ করিয়া সুবর্ণগ্রাম অধিকার করিয়াছিলেন [৭৬]। রিয়াজ্ উস্ সালাতীন্ অনুসারে ৭৫৫ হিজরায় সুলতান্ শমস্ উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ বহুমূল্য উপঢৌকনের সহিত দিল্লীতে সুলতান্ ফিরোজ্ শাহের নিকট দূত প্রেরণ করিয়াছিলেন। ইলিয়াস্ শাহ্ সর্ব্বদা ফিরোজ্ শাহের ভয়ে ভীত থাকিতেন এবং সেইজন্য ৭৫৭ হিজরায় (১৩৫৬ খৃষ্টাব্দে) সন্ধির প্রস্তাব করিয়া পুনর্ব্বার দূত প্রেরণ করিয়াছিলেন। এই সময়ে সন্ধি স্থাপিত হইয়াছিল এবং দিল্লীর সাম্রাজ্য ও গৌড়রাজ্যের সীমা নির্দ্দিষ্ট হইয়াছিল। এই সময় হইতে বাঙ্গালায় গৌড়রাজ্যের স্বাধীনতা দিল্লীর বাদশাহ্‌গণ কর্ত্তৃক স্বীকৃত হইয়াছিল। ৭৫৮ হিজরায় (১৩৫৮ খৃষ্টাব্দে) সুলতান্ শমস্ উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ গৌড় হইতে মালিক্ তাজ্-উদ্দীন্ ও অন্যান্য ওমরাহ্‌গণকে বহুমূল্য উপঢৌকন সহ দিল্লীতে প্রেরণ করিয়াছিলেন। সুলতান্ ফিরোজ্ শাহ্ মালিক্

(৭৫) তবকাৎ-ই-আকবরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ২৪৫।

(৭৬) Elliot's History of India, Vol. p. 304.

সৈফ্-উদ্দীন্ শাহ্ নফীলের সহিত বহুমূল্য আরব ও তুরস্কদেশীয় অশ্ব ও অন্যান্য বহু মহার্ঘ উপঢৌকন গৌড়ে প্রেরণ করিয়াছিলেন। মালিক্ সৈফ্-উদ্দীন্ ও মালিক তাজ্-উদ্দীন্ বিহারে আসিয়া শুনিলেন যে, সুলতান্ শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ দেহত্যাগ করিয়াছেন। ইহা শুনিয়া মালিক্ সৈফ্-উদ্দীন্ উপহারের দ্রব্যাদি বিহার প্রদেশের বাদ্‌শাহী সেনার মধ্যে বেতনের পরিবর্ত্তে বিতরণ করিয়াছিলেন ৭৭। কথিত আছে যে, সুলতান্ ফিরোজ্ শাহ্ পাণ্ডুয়াকে ফিরোজাবাদ এবং একডালাকে আজাদপুর আখ্যা প্রদান করিয়াছিলেন। পাণ্ডুয়ায় তাঁহার নামে খোৎবা পঠিত হইয়াছিল ৭৮। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ ষোড়শ বৎসর কতিপয় মাস রাজত্ব করিয়াছিলেন ৭৯। ৭৫৮ হিজরার পরে এবং ৭৬১ হিজরার পূর্ব্বে কোনও সময়ে সুলতান্ শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের মৃত্যু হইয়াছিল, কারণ শেষোক্তবর্ষে ইলিয়াস্ শাহের পুত্র সিকন্দর শাহ্ বাঙ্গালার সিংহাসনে উপবিষ্ট ছিলেন।

সুলতান্ শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের রাজ্যকালের কোন শিলালিপি বা প্রাচীন কীর্ত্তি অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। আলা-উদ্দীন্ আলী শাহ্ যখন জীবিত, তখন হইতেই ইলিয়াস্ শাহ্ স্বাধীন হইবার চেষ্টা করিতেছিলেন। আলা-উদ্দীন্ আলী শাহ্ তাঁহাকে কারাগারে আবদ্ধ রাখিতে বাধ্য হইয়াছিলেন ৮০। ফিরোজাবাদে আলা-উদ্দীন্ আলী শাহের জীবদ্দশায়, শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ ৭৪০ ও ৭৪৪ হিজরায় নিজ নামে মুদ্রাঙ্কন করাইয়াছিলেন ৮১। ৭৪৬ হিজরার পরে মুদ্রিত আলা-উদ্দীন্

(৭৭) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৩০১।
(৭৮) Elliot's History of India, Vol. III, p. 298.
(৭৯) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১০৩।
(৮০) ঐ, পৃঃ ৯৮।
(৮১) Thomas Initial Coinage of Bengal, p. 62.

আলী শাহের নামাঙ্কিত মুদ্রা অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই, সম্ভবতঃ এই বর্ষে (১৩৪৫ খৃষ্টাব্দে) ইলিয়াস্ শাহ্ আলী শাহ্‌কে হত্যা করিয়া গৌড়-রাজ্য অধিকার করিয়াছিলেন। পাণ্ডুয়া বা ফিরোজাবাদে মুদ্রিত হিজরাব্দের ৭৪০, ৭৪৪, ৭৪৬—৫১ ও ৭৫৩—৫৮ [৮২] বর্ষের মুদ্রা আবিষ্কৃত হইয়াছে। সুলতান্ ফিরোজ্ শাহ্ একডালা দুর্গ-অবরোধ পরিত্যাগ করিয়া দিল্লী অভিমুখে যাত্রা করিলে, সুলতান্ শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ ফখর-উদ্দীন্ মবারক্ শাহ্‌কে পরাজিত করিয়া সুবর্ণগ্রাম অধিকার করিয়াছিলেন। ৭৫৪—৫৫ হিজরায় (১৩৫৩—৫৪ খৃষ্টাব্দে) গৌড়েশ্বর কর্তৃক সুবর্ণগ্রাম বিজিত হইয়াছিল। ইহার পূর্ব্বে বোধ হয় শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ কিছুদিনের জন্য সুবর্ণগ্রাম অধিকার করিয়াছিলেন, কারণ তাঁহার নামে ৭৫৩ ও ৭৫৪ হিজরায় সুবর্ণগ্রামে মুদ্রাঙ্কিত রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে [৮৩]। ফিরোজাবাদ ও সুবর্ণগ্রাম ব্যতীত শহর্-ই-নৌ নামক একটি অধুনা অজ্ঞাতস্থানে ইলিয়াস্ শাহ্ একটি টাঁকশাল স্থাপন করিয়াছিলেন [৮৪]। দিল্লীশ্বর ফিরোজ্ শাহ্ কর্তৃক পাণ্ডুয়ার ফিরোজাবাদ নামকরণ সম্ভবতঃ অলীক, কারণ আলা-উদ্দীন্ আলী শাহের সময় হইতেই গৌড় বা লক্ষ্মণাবতী মুদ্রায় ফিরোজাবাদ নামে পরিচিত হইয়া আসিতেছে [৮৫]। শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের সুবর্ণ ও রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে [৮৬]।

---

(৮২) Ibid; H. N. Wright, Catalogue of Coins, Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 151, No. 28.

(৮৩) এতদ্ব্যতীত সুবর্ণগ্রামে ইলিয়াস্ শাহের নামে মুদ্রিত ৭৫৫—৫৮ হিজরায় রজতমুদ্রাও আবিষ্কৃত হইয়াছে। Thomas Initial Coinage of Bengal, p. 63.

(৮৪) H. N. Wright, Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 152, Nos. 35—36.

(৮৫) Ibid, p. 150, Nos. 22—23.

(৮৬) Ibid, No. 23 (*a*).

পরিশিষ্ট "ঘ"।

শহর্-ই-নৌ।

শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ ও তৎপুত্র সিকন্দর শাহের তিনটি মুদ্রা শহর্-ই-নৌ নামক টাঁকশালে মুদ্রিত হইয়াছিল। স্যর্ জেমস্ বোর্ডিলনের (Sir James Bourdillon) মতানুসারে এই নগর গঙ্গাতীরে অবস্থিত এবং সম্ভবতঃ গৌড়ের একটি উপনগর ছিল। নিকোলা ডি কনটি নামক ভিনিস্ দেশীয় জনৈক পর্য্যটক খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীর প্রাক্কালে বঙ্গদেশে ভ্রমণ করিতে আসিয়াছিলেন, তাঁহার ভ্রমণবৃত্তান্তে "শেরনোব" নামক নগরের উল্লেখ আছে, সম্ভবতঃ ইহাই শহর্-ই-নৌ নগর।

ষষ্ঠ পরিচ্ছেদ।

বাঙ্গালার স্বাধীনতা—ইলিয়াস্ শাহের বংশ।

হিজরা ৭৫৯—৮১২, খৃষ্টাব্দ ১৩৫৮—১৪০৯।

নান্যদেবের বংশ—জয়প্রতাপমল্লের শিলালিপি—কর্ণাটক রাজবংশের তালিকা—হরসিংহদেব—প্রথম মুসলমান আক্রমণ—গিয়াস্-উদ্দীন্ তোগ্‌লক্ শাহ্—মহম্মদ্-বিন্-তোগ্‌লক শাহ্—ফিরোজ্ শাহ্—নরসিংহদেব—রামসিংহদেব—কর্ণাটকবংশের রাজ্যকালে মিথিলায় বিদ্যাচর্চ্চা—মিথিলার ব্রাহ্মণ রাজবংশ—কামেশ্বর রাজপণ্ডিত—ভোগীশ্বর—সিকন্দর শাহ্—জফর্ খাঁ—ফিরোজ্ শাহের আশ্রয় গ্রহণ—বাঙ্গালাদেশে ফিরোজ্ শাহের দ্বিতীয় অভিযান—সিকন্দর শাহের একডালায় আশ্রয় গ্রহণ—তৃতীয় বার একডালা দুর্গ অবরোধ—সিকন্দরীয়া দুর্গের পতন—ফিরোজ্ শাহের দুর্ব্বলতা—সিকন্দর শাহের সহিত সন্ধি—ফিরোজ্ শাহের জাজ্‌নগর আক্রমণ—আদিনা মস্‌জিদ্—গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহের বিদ্রোহ—পিতাপুত্রে যুদ্ধ—সিকন্দর শাহের মৃত্যু—সিকন্দর শাহের মুদ্রা—সিকন্দর শাহ্ কর্ত্তৃক কামরূপ আক্রমণ—গঙ্গারামপুরের মস্‌জিদ্—মোল্লা সিমলার মস্‌জিদ্—ইলিয়াস্ শাহের বংশের রাজ্যকালে বিহারের অবস্থা—গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্—হাফেজের সহিত পত্র ব্যবহার—আজম্ শাহের মৃত্যু—রাজা গণেশ—আজম্ শাহের মুদ্রা—সৈফ্-উদ্দীন্ হম্‌জা শাহ্—দ্বিতীয় শমস্-উদ্দীন্—হিন্দু স্বাধীনতা—শাহাব্-উদ্দীন্-বায়াজিদ্ শাহ্।

বাঙ্গালার সুলতান্‌গণ		হিজরা	খৃষ্টাব্দ
সিকন্দর শাহ্ (১ম)	... ...	৭৫৯—৯২	১৩৫৮—৮৯
গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্	...	৭৯২—৯৯	১৩৮৯—৯৬

সৈফ্-উদ্দীন্ হমজা শাহ্	...	৭৯৯—৮০৯	১৩৯৬—১৪০৬
শমস্-উদ্দীন্ (২য়)	... ...	৮০৯—১২	১৪০৬—৯

দিল্লীর সুলতান্‌গণ

		হিজরা	খৃষ্টাব্দ
ফিরোজ্ শাহ্	... ...	৭৫২—৯০	১৩৫১—৮৮
গিয়াস-উদ্দীন্ তোগ্‌লক্ শাহ্ (২য়)		৭৯০—৯১	১৩৮৮
আবুবক্‌র্ শাহ্	... ...	৭৯১—৯২	১৩৮৮—৮৯
মহম্মদ্ শাহ্	... ...	৭৯২—৯৫	১৩৮৯—৯২
সিকন্দর শাহ্ (১ম)	... ...	৭৯৫	১৩৯২
মহমুদ্ শাহ্	... ...	৭৯৫—৮১৫	১৩৯২—১৪১২
নস্‌রৎ শাহ্	... ...	৭৯৭—৮০২	১৩৯৪—৯৯

উড়িষ্যার গঙ্গবংশীয় রাজগণ

	খৃষ্টাব্দ
৩য় ভানুদেব	১৩৫২—৭৯
৪র্থ নরসিংহদেব	১৩৭৯—১৪০২

আসামের রাজগণ

	খৃষ্টাব্দ
সুক্রাঙ্গফা	১৩৩২—৬৪
সুতুফা	১৩৬৪—৭৬
ত্যাওখামৃতি	১৩৮০—৮৯
সুদাঙ্গফা	১৩৯৭—১৪০৭
সুজাঙ্গফা	১৪০৭—২২

নেপালরাজগণ

	খৃষ্টাব্দ
জয়ার্জ্জুনমল্ল	১৩৬৩—৭৬
জয়স্থিতিমল্ল	১৩৮০—৯৪

জয়সিংহরাম	...	...	...	...	১৩৯৫—৯৬
জয়ধর্ম্মমল্ল	...	...	...	...	১৪০১

পুরুষপুর হইতে কামরূপ পর্য্যন্ত বিস্তৃত বিশাল আর্য্যাবর্ত্ত যখন মুসলমানের পদানত, তখনও গঙ্গা-কৌশিকী-গণ্ডকী-রেখায় সীমাবদ্ধ ক্ষুদ্র তীরভুক্তি-রাজ্য স্বীয় স্বাধীনতা রক্ষা করিয়াছিল, ইহা মিথিলা-বাসীর পক্ষে সামান্য গৌরবের কথা নহে। গন্ধার, পঞ্চনদ, দিল্লী, আজমীর, কান্যকুব্জ, বারাণসী, পাটলীপুত্র, লক্ষ্মণাবতী, সুবর্ণগ্রাম যখন মুসলমান বাদ্‌শাহ্‌গণের অধিকারভুক্ত, তখনও তীরভুক্তিতে কর্ণাট্‌দেশীয় ক্ষত্রিয়বীরগণ স্বধর্ম্ম, মাতৃভাষা ও স্বাধীনতা অক্ষুণ্ণ রাখিয়াছিলেন এবং সেইজন্যই নান্যদেবের বংশ ইতিহাসে বিখ্যাত ও ভারতে পূজনীয়। দক্ষিণে মগধ, পূর্ব্বে গৌড় ও বঙ্গ, এবং পশ্চিমে কান্যকুব্জ রাজ্য বিধর্ম্মীর পদানত দেখিয়া, দলে দলে শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ ও শ্রমণ, বিশাল আর্য্যাবর্ত্ত পরিত্যাগ করিয়া একমাত্র স্বাধীন হিন্দুরাজ্যে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। তাঁহাদিগের যশোপ্রভায় ও তদ্রচিত সংস্কৃত সাহিত্যের কীর্ত্তিরত্ন-মালায় ক্ষুদ্র তীরভুক্তির ক্ষুদ্র রাজার ক্ষুদ্র মুকুট উজ্জ্বল হইয়া উঠিয়াছিল। গৌড়েশ্বর বিজয়সেনের সমসাময়িক নরপতি, কর্ণাট্‌বংশীয় নান্যদেব, মিথিলায় যে রাজ্য স্থাপন করিয়াছিলেন, তাহা বার বার মুসলমান সেনা-কর্ত্তৃক আক্রান্ত হইয়াও, খৃষ্টীয় চতুর্দ্দশ শতাব্দীর তৃতীয় পাদ পর্য্যন্ত অক্ষুণ্ণ ছিল। মহম্মদ-বিন্ তোগ্‌লক্ শাহের রাজ্যকালে তীরভুক্তি সর্ব্বপ্রথমে দিল্লীর বাদ্‌শাহ্‌কে কর প্রদান করিয়াছিলেন, ফিরোজ্ শাহের রাজ্যকালে তীরভুক্তিতে সর্ব্বপ্রথমে রাজস্ব সংগ্রহের জন্য বাদ্‌শাহী কর্ম্মচারী নিযুক্ত হইয়াছিল। এই সময়ে বাঙ্গালার স্বাধীন সুলতান্ শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ তীরভুক্তি আক্রমণ করিয়া লুণ্ঠন করিয়াছিলেন। ইহার পরে ক্রমে ক্রমে তীরভুক্তি মুসলমানগণ কর্ত্তৃক অধিকৃত হইয়াছিল। বাঙ্গালার

স্বাধীন সুলতান্‌গণের রাজ্যকালে ঐতিহাসিক ঘটনাবলী আলোচনা করিবার পূর্ব্বে, মুসলমান বিজয়ের পরবর্ত্তীযুগে প্রাচীন তীরভুক্তি ও মিথিলার ইতিহাস আলোচনা করা আবশ্যক।

মিথিলার কর্ণাট্ রাজবংশের ইতিহাস অদ্যাবধি কোন ভাষায় লিপিবদ্ধ হয় নাই। ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড-প্রমাণ সংগ্রহ করিয়া অসাধারণ অধ্যবসায় সহকারে বিখ্যাত প্রত্নতত্ত্ববিদ্ শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্ত্তী প্রাচীন মৈথিল ইতিহাসের যে কঙ্কাল যোজনা করিয়াছেন, তাহাই ঐতিহাসিকের একমাত্র অবলম্বন ১। পূর্ব্বভাগে একাদশ পরিচ্ছেদে বিজয়সেনের রাজ্যকালীন ঘটনা-প্রসঙ্গে নান্যদেবের নাম উল্লিখিত হইয়াছে। নেপাল-রাজ জয়প্রতাপমল্লের শিলালিপিতে নান্যদেব কার্ণাটক-রাজবংশের প্রথম রাজা বলিয়া উল্লিখিত হইয়াছেন ২। নেপালরাজ বংশাবলীতে কার্ণাটক রাজবংশের তালিকায় সর্ব্বপ্রথমে নান্যদেবের নাম দেখিতে পাওয়া যায় ৩। হিন্দু বা মুসলমান রচিত ঐতিহাসিক গ্রন্থ, শিলালেখ, তাম্রশাসন ও প্রাচীন মুদ্রার অভাব বশতঃ, প্রাচীন মৈথিল-ইতিহাসরচনার পথ সুগম নহে। তীরভুক্তিতে রচিত প্রাচীন সংস্কৃত গ্রন্থমালার পুষ্পিকা, ও নেপালে আবিষ্কৃত নেপালের রাজবংশাবলী অবলম্বনে চক্রবর্ত্তী মহাশয় তীরভুক্তি ও মিথিলার প্রাচীন ইতিহাস সঙ্কলন করিয়াছেন। কার্ণাটক বংশীয় রাজগণের যথার্থ বংশপরিচয় ও বংশলতিকা অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। নেপালরাজ জয়প্রতাপমল্লের শিলালিপিতে কার্ণাটক রাজবংশের নিম্নলিখিত বংশলতিকা প্রদত্ত আছে :—

---

(১) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, pp. 407—433.

(২) Indian Antiquary, Vol. IX, 1880, p. 188.

(৩) Ibid, Vol. XIII, 1884, p. 414.

নান্যদেব (রাজ্যকাল ৫০ বর্ষ)
|
গঙ্গদেব („ ৪১ বর্ষ)
|
নৃসিংহ („ ৩৯ বর্ষ)
|
রামসিংহ („ ৫৮ বর্ষ)
|
শক্তিসিংহ
|
ভূপালসিংহ
|
হরসিংহ („ ২৮ বর্ষ) ৪

চক্রবর্ত্তী মহাশয়ের মতানুসারে এই বংশলতিকা সত্য নহে, কারণ ইহাতে বংশক্রমের ব্যতিক্রম হইয়াছে। নান্যদেবের বংশধরের মধ্যে হরসিংহ, রামসিংহ ও নৃসিংহ ব্যতীত অন্য কোন রাজার অস্তিত্বের ঐতিহাসিক প্রমাণ অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। চণ্ডেশ্বর প্রণীত "কৃত্যরত্নাকর" "দানরত্নাকর" ও "বিবাদরত্নাকর" নামক গ্রন্থত্রয় হইতে চক্রবর্ত্তী মহাশয় হরসিংহদেবের রাজ্যকালের ঘটনাবলীর বিবরণ সংগ্রহ করিয়াছেন। "কৃত্যরত্নাকর" অনুসারে হরসিংহদেব মিথিলার রাজা। চণ্ডেশ্বর, তাঁহার পিতা বীরেশ্বর ও পিতামহ দেবাদিত্য পুরুষানুক্রমে হরসিংহদেবের মহাসান্ধিবিগ্রহিক ছিলেন ৫। দেবাদিত্যের অপর পুত্র

(৪) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, p. 410.

(৫) অস্তি শ্রীহরসিংহদেবঃ নৃপতির্ন্নিঃশেষবিদ্বেষিণাং
নির্মাথী মিথিলাং প্রসাসদখিলাং কার্ণাটবংশোদ্ভবঃ।
আশাঃ সিঞ্চতি যো যশোক্তি রমণৈঃ পীযুষধারাস্রবৈ—
র্দেবঃ শারদশার্ব্বরী পতিরিবাশেষপ্রিয়ম্ভাবুকঃ॥

—কৃত্যরত্নাকর, এসিয়াটিক সোসাইটির পুঁথি, পৃঃ ১ক; গবর্ণমেণ্টের পুঁথি নং ৩৬০৪, পৃঃ ১ক; ইণ্ডিয়া আফিসের পুঁথি, নং ১৩৮৭।

গণেশ্বর স্বরচিত "সুগতি সোপান" নামক গ্রন্থে লিপিবদ্ধ করিয়া গিয়াছেন যে, তিনি হরসিংহদেবের মন্ত্রী ছিলেন[৬]। বিদ্যাপতি রচিত "পুরুষ-পরীক্ষা" নামক গ্রন্থেও দেখিতে পাওয়া যায় যে, গণেশ্বর হরসিংহদেবের মন্ত্রী ছিলেন[৭]। কৃত্যরত্নাকর, দানরত্নাকর ও বিবাদরত্নাকর অনুসারে চণ্ডেশ্বর প্রভুর জন্য নেপালরাজ্য জয় করিয়াছিলেন[৮]। নেপাল জয়ের পরে হরসিংহদেবের মহাসান্ধিবিগ্রহিক চণ্ডেশ্বর ১২৩৬ শকাব্দের (১৩১৪ খৃষ্টাব্দে) অগ্রহায়ণ মাসে বাগ্বতী নদীতীরে তুলাপুরুষ দান করিয়াছিলেন[৯]।

হরসিংহদেবের রাজ্যকালে মিথিলা মুসলমানগণ কর্ত্তৃক আক্রান্ত হইয়াছিল। দানরত্নাকরে লিপিবদ্ধ আছে যে, চণ্ডেশ্বর ম্লেচ্ছমহার্ণবে মগ্না ধরিত্রীকে উদ্ধার করিয়াছিলেন[১০]। কবিশেখরাচার্য্য জ্যোতিরীশ্বর প্রণীত ধূর্ত্তসমাগম নামক নাটিকায় দেখিতে পাওয়া যায় যে, কর্ণাট চূড়ামণি রাজা হরসিংহদেব সুরত্রাণকে জয় করিয়াছিলেন[১১]। আরবী "সুলতান্" শব্দ সংস্কৃত ভাষায় "সুরত্রাণ" আকার ধারণ করিয়াছে, আর্য্যাবর্ত্তের বহু

---

(৬) বেদস্মৃতি পুরাণাদি দৃষ্ট্বা লোকহিতৈষিণঃ।
কৃতং সুগতিসোপানং শ্রীগণেশ্বরমন্ত্রিণা ॥
—সুগতিসোপান—১ম শ্লোক।

(৭) আসীন্মিথিলায়াং কর্ণাটকুলসম্ভবো হরিসিংহদেবো নাম রাজা। তস্য সাংখ্যসিদ্ধান্তপারগামী—দণ্ডনীতিকুশলো গণেশ্বরনামধেয়ো মন্ত্রী বভূব।—পুরুষ-পরীক্ষা, ২য় অধ্যায়।

(৮) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, p. 411, note 3.

(৯) Ibid, p. 411.

(১০) Rajendra Lal Mitra, Notices of Sanskrit Manuscripts, Vol. VI, p. 135, No. 2069.

(১১) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI. p. 411.

শিলালিপিতে ইহার প্রমাণ পাওয়া যায়[১২]। চক্রবর্ত্তী মহাশয় অনুমান করেন যে, হরসিংহদেবের সহিত যে সুলতানের যুদ্ধ হইয়াছিল, তিনি দিল্লীর সুলতান্ গিয়াস্-উদ্দীন্ তোগ্‌লক্ শাহ্[১৩]। জিয়া-উদ্দীন বার্ণী রচিত তারিখ্-ই-ফিরোজ্‌শাহীতে দেখিতে পাওয়া যায় যে, বল্‌বন্‌বংশীয় বাঙ্গালার সুলতান্ গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহের বিরুদ্ধে যখন গিয়াস্-উদ্দীন্ তোগ্‌লক্ শাহ্ যুদ্ধযাত্রা করিয়াছিলেন, তখন লক্ষ্মণাবতীর অধীশ্বর সুলতান্ নাসির্-উদ্দীন্ তীরভুক্তিতে আসিয়া সুলতান্ গিয়াস্-উদ্দীনের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। এই সময় তীরভুক্তি দেশের রায় ও রাণাগণ বাদ্‌শাহের অধীনতা স্বীকার করিয়াছিলেন[১৪]। ধূর্ত্তসমাগম নাটিকায় দেখিতে পাওয়া যায় যে, মুসলমান সেনার সহিত হরসিংহদেবের ঘোরতর যুদ্ধ হইয়াছিল[১৫] ? গিয়াস্-উদ্দীন তোগ্‌লক্ শাহ্ ৭৩৪ হিজরায় (১৩২৪ খৃষ্টাব্দে) গৌড় ও সুবর্ণগ্রাম আক্রমণ করিয়াছিলেন[১৬] সুতরাং উক্ত-বর্ষের পরে ধূর্ত্তসমাগম নাটিকা রচিত হইয়াছিল[১৭]। এই নাটিকা হরসিংহদেবের সম্মুখে অভিনীত হইয়াছিল, সুতরাং তিনি অন্ততঃ ১৩২৫ অথবা ১৩২৬ খৃষ্টাব্দ পর্য্যন্ত জীবিত ছিলেন।

জয়প্রতাপমল্লের শিলালিপি ও বালিনে রক্ষিত বংশাবলী অনুসারে

---

(১২) Cunningham Reports of the Archæological Survey of India, Vol. III, pp. 127-28; Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII, p. 108.

(১৩) Ibid, New Series, Vol. XI, p. 412.

(১৪) Elliot's History of India, Vol. III, p. 234.

(১৫) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, p. 412.

(১৬) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ২৯৯।

(১৭) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. III, p. 207.

নৃসিংহ বা নরসিংহ, হরসিংহদেবের পূর্ব্বপুরুষ কিন্তু বিদ্যাপতির ভূপরিক্রমণ অনুসারে তাঁহাকে হরসিংহদেবের উত্তর পুরুষ বলিয়াই বোধ হয়। ভূপরিক্রমণ অনুসারে হস্তিনাপুরে যবন রাজা মহম্মদ্, কাফর রাজার সহিত যুদ্ধে পরাজিত হইয়া পশ্চাদ্‌পদ হইলে তিনি কার্ণাটক কুলসম্ভব নৃসিংহদেব ও চৌহান্‌বংশীয় চার্চ্চিকদেবের নিকট সাহায্য প্রার্থনা করিয়াছিলেন[১৮]। হস্তিনাপুরের যবন রাজা মহম্মদ্ দিল্লীর সুলতান্ মহম্মদ্-বিন্-তোগ্‌লক্ শাহ্ ব্যতীত অপর কেহ হইতে পারে না। গিয়াস্-উদ্দীন্ তোগ্‌লক্ শাহের মৃত্যুর পরে মহম্মদ্ পিতৃ-সিংহাসন লাভ করিয়াছিলেন, সুতরাং নৃসিংহ বা নরসিংহ হরসিংহদেবের পরবর্ত্তী এবং সম্ভবতঃ উত্তর পুরুষ ছিলেন। দানপদ্ধতিপ্রণেতা রামদত্ত নরসিংহদেবের মন্ত্রী ছিলেন,[১৯] রামদত্ত চণ্ডেশ্বর ঠাকুরের পিতৃব্য-পুত্র[২০]। মহম্মদ্-বিন্-তোগ্‌লকের রাজ্যবিবরণে ত্রয়োবিংশতি প্রদেশের মধ্যে তীরভুক্তি বা তীরহুতের নাম নাই, কিন্তু দুইবার তেলিঙ্গদেশের নাম আছে। চক্রবর্ত্তী মহাশয় অনুমান করেন যে, লিপিকর প্রমাদ বশতঃ তীরহুত স্থানে তেলিঙ্গ লিখিত

---

(১৮) Catalogue of Manuscripts in the Sanskrit College, Calcutta, Vol. VI, p. 79, Fol. 27*a*—*b*.

(১৯) আনম্রক্ষিতিপালমৌলিবলভীপ্রত্যুপ্তরত্নাংকুর—
জ্যোতিঃ ক্ষালিতপাদপদ্মযুগলঃ শ্রীমান্নৃসিংহো নৃপঃ।
সৌধ্যশ্রীনিকষঃ প্রশাস্তি মিথিলাভূমংডলং রংজয়ন্
কর্ণাটান্বয়ভূষণঃকৃতধিয়াং নির্ব্যাজ কল্পদ্রুমঃ॥
মন্ত্রী তস্য মরুত্বতো গুরুরিব শ্রীরামদত্তঃ সতাম্
আধারঃ সুকৃতী সমস্তভুবনপ্রখ্যাতদানোৎসবঃ।
—দান পদ্ধতি, ইণ্ডিয়া আফিসের পুঁথি, নং ১৭১৪, পৃঃ ৫৫০।

(২০) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, p. 413.

(২১) Thomas, Chronicles of the Pathan Kings of Delhi, p. 203, note 1.

হইয়া থাকিবে[২২]। মহম্মদ্-বিন্ তোগ্লক্ শাহ্ তীরহুতে মুদ্রা মুদ্রাঙ্কন করাইয়া ছিলেন[২৩]।

ফিরোজ্ শাহ্ যখন বাঙ্গালার সুলতান্ শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়াছিলেন, তখন তিনি গঙ্গার দক্ষিণতীরবর্ত্তী প্রাচীনপথ অবলম্বন না করিয়া উত্তরতীর ধরিয়া দিল্লী হইতে গোরক্ষপুরে উপনীত হইয়াছিলেন। মহম্মদ্-বিন্-তোগ্লক্ শাহ্ যখন গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়াছিলেন, তখন তিনিও সম্ভবতঃ গঙ্গার উত্তরতীরের পথ অবলম্বন করিয়াছিলেন। ফিরোজ্ শাহ্ গোরক্ষপুর, খরোসা ও তীরহুতের রাজগণকে কর প্রদান করিতে বাধ্য করিয়াছিলেন এবং তাঁহার সময়ে সর্ব্বপ্রথমে তীরহুতে রাজস্ব সংগ্রহের জন্য বাদ্শাহী কর্ম্মচারী নিযুক্ত হইয়াছিল[২৪]। জিয়া-উদ্দীন্ বার্ণী রচিত ফিরোজ্ শাহী অনুসারে সুলতান্ ফিরোজ্ শাহ্ ৭৫৪ হিজরায় শওয়াল মাসের দশম দিবসে (৮ই নভেম্বর ১৩৫৪ খৃষ্টাব্দ) দিল্লী হইতে শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়া, ৭৫৫ হিজরায় শাবান মাসের দ্বাদশ দিবসে (১লা সেপ্টেম্বর ১৩৫৫ খৃষ্টাব্দ) দিল্লীতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন[২৫]। সুতরাং ১৩৫৪-৫৫ খৃষ্টাব্দের শীতকালে ফিরোজ্ শাহ্ তীরভুক্তির মধ্য দিয়া কৌশিকী পার হইয়াছিলেন। ফিরোজ্ শাহ্ কখন তীরভুক্তিতে আসিয়াছিলেন, তখন কার্ণাটক বংশের কোন্ রাজা তীর-

(২২) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, p. 412.

(২৩) H. N. Wright's Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. I, p. 60, No. 384.

(২৪) জিয়া-উদ্দীন্ বার্ণী রচিত তারিখ্-ই—ফিরোজ্ শাহী (Bibliotheca Indica) পারস্য মূল, পৃঃ ৫৮৯।

(২৫) ঐ পৃঃ ৫৮৭, ৫৯৬।

ভুক্তির অধিপতি ছিলেন, তাহা বলিতে পারা যায় না, নরসিংহদেব তখনও পর্য্যন্ত জীবিত ছিলেন কি না তাহাও জানিতে পারা যায় নাই।

কার্ণাটক বংশের শেষ রাজা রামসিংহদেব। জয়প্রতাপমল্লের শিলালিপি অনুসারে রামসিংহ নরসিংহদেবের পুত্র ২৬। তিনি ১৪৪৬ বিক্রম সম্বৎসরে অর্থাৎ ১৩৯০ খৃষ্টাব্দে জীবিত ছিলেন, কারণ তাঁহার রাজ্যকালে উক্তবর্ষে পৌষমাসের চতুর্দ্দশ দিবসে শুক্লপক্ষে শুদ্ধিকল্পতরুর একখানি পুঁথি লিখিত হইয়াছিল ২৭। রামসিংহদেব মিথিলায় বিদ্যা-চর্চ্চার উৎসাহ প্রদান করিতেন। তাঁহার সদস্য শ্রীকর আচার্য্য অমর-কোষের ব্যাখ্যামৃত নামক এক টীকা রচনা করিয়াছিলেন। তাঁহার রাজ্যকালে রত্নেশ্বর মিশ্র, সরস্বতীকণ্ঠাভরণ নামক অলঙ্কার গ্রন্থের রত্নদর্পণ নামক একখানি টীকা প্রণয়ন করিয়াছিলেন, এবং পৃথ্বীধর আচার্য্য মৃচ্ছকটিকের একখানি টীকা রচনা করিয়াছিলেন ২৮।

কার্ণাটক রাজবংশের অধিকারকাল মিথিলায় বিদ্যাচর্চ্চার গৌরবময় যুগ। চণ্ডেশ্বর ঠাকুর ও তাঁহার জ্ঞাতিবর্গ, এবং শ্রীদত্তোপাধ্যায়, ভবশর্ম্মা, হরিনাথোপাধ্যায়, ইন্দ্রপতি, লক্ষ্মীপতি প্রমুখ পণ্ডিতগণ নব্যস্মৃতির চর্চ্চা আরম্ভ করিয়াছিলেন। সুপদ্মরচয়িতা পদ্মনাভদত্ত ২৯ ও তাঁহার ছাত্র-বৃন্দ ব্যাকরণ শাস্ত্রে নবরীতি আরম্ভ করিয়াছিলেন। ভানুদত্ত মিশ্র, কামশাস্ত্র ও অলঙ্কারশাস্ত্র সম্বন্ধে কতকগুলি গ্রন্থ রচনা করিয়াছিলেন।

(২৬) Indian Antiquary, Vol. IX, p. 189.

(২৭) গভর্ণমেণ্টের পুঁথি, নং ৪৭৪১, পৃঃ ৬২ খ।

(২৮) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, p. 414.

(২৯) Ibid, Vol. III, p. 207.

কবি শেখরাচার্য্য জ্যোতিরীশ্বর মৈথিলি ভাষা সম্বন্ধে বর্ণরত্নাকর নামক একখানি গ্রন্থ রচনা করিয়াছিলেন এবং ভবদত্ত নৈষধচরিতের একখানি টীকা প্রণয়ন করিয়াছিলেন ৩০। বার্লিনে রক্ষিত নেপাল রাজবংশাবলীতে কর্ম্মসিংহ, ভবসিংহ, বল্লারসিংহ এবং রাইটের (Wright) নেপালের ইতিহাসে মতিসিংহ, শ্যামসিংহ প্রভৃতি কার্ণাটক রাজবংশের রাজগণের নাম আবিষ্কৃত হইয়াছে ৩১, কিন্তু ইঁহাদিগের রাজ্যকাল বা পরিচয় অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। কার্ণাটকবংশীয় ক্ষত্রিয়রাজগণের অধঃপতনের পরে শ্রোত্রিয় ব্রাহ্মণবংশীয় রাজপণ্ডিত কামেশ বা কামেশ্বর মিথিলার অধিকার লাভ করিয়াছিলেন। কি প্রকারে কার্ণাটক রাজবংশের অধিকার লোপ হইয়াছিল, এবং তীরভুক্তি ও মিথিলা রাজপণ্ডিত কামেশ্বরের হস্তগত হইয়াছিল, তাহা অদ্যাবধি জানিতে পারা যায় নাই। বিদ্যাপতি কামেশ্বরের সম্পূর্ণ নাম কামেশ্বর ও রায় এবং রাজপণ্ডিত উপাধি লিপিবদ্ধ করিয়া গিয়াছেন ৩২। কামেশ্বরের অন্ততঃ দুই পুত্র ছিল, তন্মধ্যে জ্যেষ্ঠপুত্র ভোগীশ্বর, তাঁহার মৃত্যুর পরে মিথিলার অধিকার লাভ করিয়াছিলেন। পদাবলীতে বিদ্যাপতি তাঁহার রায় উপাধি এবং পদ্মাবতী নাম্নী পত্নীর নাম লিপিবদ্ধ করিয়াছেন ৩৩। বিদ্যাপতি রচিত কীর্ত্তিলতা অনুসারে দিল্লীশ্বর সুলতান্ ফিরোজ্ শাহ্ ভোগীশ্বরের বন্ধু

(৩০) Ibid, Catalogue of Sanskrit Manuscripts in the India office Library, nos. 3830—31.

(৩১) Bendall's Catalogue of Buddhist Sanskrit Manuscripts in the University Library, Cambridge, p. xv.

(৩২) Rajendra Lal Mitra, Notices of Sanskrit Manuscripts, Vol. V p. 137, No 1830; R. G. Bhandarkar, Report on the search of Sanskrit Manuscripts in the Bombay Presidency, 1883—84, p 352.

(৩৩) পদাবলী—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত সম্পাদিত, সংখ্যা ৮০১।

ছিলেন ৩৪। এতদ্ব্যতীত কামেশ্বর বা ভোগীশ্বর সম্বন্ধে অন্য কোন পরিচয় অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই।

সুলতান্ শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের মৃত্যুর পরে তাঁহার জ্যেষ্ঠপুত্র পিতার মৃত্যুর তৃতীয় দিবসে সিকন্দর শাহ্ উপাধি গ্রহণ করিয়া গৌড়ের সিংহাসনে আরোহণ করিয়াছিলেন ৩৫। সম্ভবতঃ ৭৫৯ হিজরায় (১৩৫৮ খৃষ্টাব্দে) সিকন্দর শাহ্ অভিষিক্ত হইয়াছিলেন। সিকন্দর শাহের অভিষেকের অব্যবহিত পরে দিল্লীর সুলতান্ ফিরোজ্ শাহ্ দ্বিতীয়বার গৌড়দেশ আক্রমণ করিয়াছিলেন। পূর্ব্বে কথিত হইয়াছে যে, ফিরোজ্ শাহ্ প্রথম গৌড়াভিযান হইতে দিল্লীতে প্রত্যাবর্ত্তন করিলে, সুলতান্ শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ সহসা সুবর্ণগ্রাম আক্রমণ করিয়া ফখর্-উদ্দীন্ মবারক্ শাহ্কে পরাজিত ও নিহত করিয়াছিলেন। ইলিয়াস্ শাহ্ কর্ত্তৃক সুবর্ণগ্রাম আক্রমণের সময়ে তাহার জামাতা জফর্ খাঁ রাজস্ব-সংগ্রহ ও সংগ্রহকারী কর্ম্মচারিগণের হিসাব পরীক্ষা করিবার জন্য রাজ্যের নানা স্থানে ভ্রমণ করিয়া বেড়াইতেছিলেন। সুলতান্ ফখর্-উদ্দীন্ মবারক্ শাহের মৃত্যুর পরে তাঁহার আত্মীয় ও অনুচরবর্গ ছত্রভঙ্গ হইয়া পড়িয়াছিল। এই সংবাদ শ্রবণ করিয়া জফর্ খাঁ পূর্ব্ববঙ্গ পরিত্যাগ করিয়া পলায়ন করিয়াছিলেন। তিনি সমুদ্রপথে সুবর্ণগ্রাম পরিত্যাগ করিয়া সমগ্র ভারতবর্ষ প্রদক্ষিণ করিয়া সিন্ধুদেশে তত্তা বন্দরে উপনীত হইয়াছিলেন ৩৬। তবকাৎ-ই-আক্‌বরী অনুসারে ৭৫৮ হিজরায় (১৩৫৭ খৃষ্টাব্দে) জফর্ খাঁ তত্তা বন্দর হইতে হিসার ফিরোজায় উপস্থিত

---

(৩৪) গভর্ণমেণ্টের পুঁথি, দ্বিতীয় পল্লব, পৃঃ ৪।

(৩৫) রিয়াজ্-উস্-সালাতীন্ ইংরাজি অনুবাদ, পৃঃ ১০৩—৪।

(৩৬) Elliot's History of India Vol. III. pp. 303—4.

হইয়াছিলেন ৩৭। জফর্ খাঁ যখন বাদ্‌শাহের দরবারে উপস্থিত হইয়াছিলেন, তখন শমস্-ই সিরাজ্ আফিফের পিতা ফিরোজ্ শাহের খাওয়াস্ ছিলেন। জফর্ খাঁ বাদ্‌শাহী দরবারে ঐশ্বর্য্য দেখিয়া অত্যন্ত বিস্মিত হইয়াছিলেন। জফর্ খাঁ বাদ্‌শাহ্‌কে একটি হস্তী উপহার দিয়াছিলেন, বাদ্‌শাহ্ তাহাকে খেলাত দিয়া সাদরে অভ্যর্থনা করিয়াছিলেন। তিনি ও তাঁহার অনুচরবর্গ পরিচ্ছদ প্রাপ্ত হইয়াছিলেন, এবং প্রথম দিন বস্ত্রাদি ধৌত করণের জন্য তিনি ত্রিংশৎ সহস্র তাম্রমুদ্রা প্রাপ্ত হইয়াছিলেন। ইহার পরে জফর্ খাঁ ও তাঁহার অনুচরবর্গ ভরণপোষণের জন্য চারিলক্ষ তাম্রমুদ্রা প্রাপ্ত হইয়াছিলেন। তিনি প্রথমে নায়েব উজীর ও পরে উজীর নিযুক্ত হইয়াছিলেন। কিছুকাল পরে সুলতান্ ফিরোজ্ শাহ্ জফর্ খাঁকে বিষণ্ণ দেখিয়া কারণ জিজ্ঞাসা করায়, জফর্ খাঁ তাঁহাকে তাঁহার আবেদনের কথা স্মরণ করাইয়া দিয়াছিলেন। সুলতানের আদেশে জফর্ খাঁ দিল্লীতে খাঁ-ই-জহাঁর নিকটে গমন করিয়াছিলেন। খাঁ-ই-জহাঁ তাঁহাকে বাদ্‌শাহের কসর্ সবজ্ (হরিদ্বর্ণ প্রাসাদ) নামক প্রাসাদে অবস্থান করিতে দিয়াছিলেন। সুলতান্ ফিরোজ্ শাহ্ দিল্লীতে আসিয়া উপস্থিত হইলে তাঁহার আদেশে দ্বিতীয় গৌড়াভিযানের উদ্যোগ আরব্ধ হইয়াছিল। লক্ষ্মণাবতীতে শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ যখন শুনিলেন যে, ফিরোজ্ শাহ্ দ্বিতীয়বার গৌড় আক্রমণের উদ্যোগ করিতেছেন, তখন তিনি একডালায় অবস্থান নিরাপদ নহে মনে করিয়া সুবর্ণগ্রামে পলায়ন করিলেন। ফিরোজ্ শাহ্ ৭৬০ হিজরায় খাঁ-ই-জহাঁকে প্রতিনিধি স্বরূপ দিল্লীতে রাখিয়া দ্বিতীয় গৌড়াভিযানে যাত্রা করিয়াছিলেন। তাঁহার সহিত সপ্ততি সহস্র অশ্বারোহী, চারিশত

(৩৭) তবকাৎ-ই-আক্‌বরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ২৪৬।

সত্তরটি হস্তী এবং অসংখ্য পদাতিক যাত্রা করিয়াছিল [৩৮]। খাঁ-ই-আজম্ তাতার খাঁ মুলতানে প্রেরিত হইয়াছিলেন। ফিরোজ্ শাহ্ কনৌজ ও অযোধ্যার পথে জৌনপুরে আসিয়া ছয়মাস অবস্থান করিয়াছিলেন [৩৯]। ছয়মাস পরে ফিরোজ্ শাহ্ যখন গৌড়াভিমুখে যাত্রা করিলেন, তখন শমস্উদ্দীন্ ইলিয়াস্ শাহের মৃত্যু হইয়াছে এবং সিকন্দর শাহ্ গৌড় ও বঙ্গের অধিকার লাভ করিয়াছেন। ফিরোজ্ শাহের যাত্রার সংবাদ পাইয়া সিকন্দর শাহ্ও তাঁহার পিতার ন্যায় জলবেষ্টিত একডালা দুর্গ-মধ্যে আশ্রয় গ্রহণ করিলেন। বাদ্শাহের সেনা তৃতীয়বার একডালা-দুর্গ অবরোধ করিল [৪০]।

রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে সিকন্দর শাহ্ সিংহাসনে আরোহণ করিয়া সুলতান্ ফিরোজ্ শাহের প্রীত্যর্থে পঞ্চাশটি হস্তী দিল্লীতে প্রেরণ করিয়াছিলেন [৪১]। মস্তুখব্-উৎ-তওয়ারিখ্ [৪২] ও তবকাৎ-ই আক্বরী [৪৩] অনুসারে ফিরোজ্ শাহ্ জফরাবাদ হইতে সৈয়দ্ রসুলদারকে দূত স্বরূপ লক্ষ্ণাবাদে প্রেরণ করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীনে জফরাবাদ হইতে দূত প্রেরণের কথা দেখিতে পাওয়া যায়, কিন্তু দূতের নাম লিপিবদ্ধ হয় নাই [৪৪]।

সুলতান্ ফিরোজ্ শাহ্ একডালা-দুর্গ অবরোধ করিয়া চতুর্দ্দিকে আরাদা (শূল ক্ষেপণের যন্ত্র) ও মঞ্জানিক (শর ক্ষেপণের যন্ত্র) স্থাপন

(৩৮) Elliot's History of India Vol. III, pp. 304—5.
(৩৯) Ibid, pp. 306—7.
(৪০) Ibid, p. 308.
(৪১) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১০৪।
(৪২) মস্তুখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৩২৮।
(৪৩) তবকাৎ-ই আক্বরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ২৪৬।
(৪৪) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১০৫।

করিয়াছিলেন। অবরোধের পরে সিকন্দর শাহের সেনা দুর্গের বাহিরে আসিতে পারিত না। কিছুকাল পরে সিকন্দরীয়া দুর্গের একটি প্রাকার গুরুভারের জন্য পতিত হয়, এবং সেই পথে প্রবেশ করিবার জন্য বাদ্‌শাহের সেনা প্রস্তুত হয়। বাদ্‌শাহের পুত্র ফতে খাঁ এবং মালিক্ হিসাম্-উদ্দীন্ বিনষ্ট প্রাকারের পথে অগ্রসর হইতে বাদ্‌শাহ্‌কে পরামর্শ দিয়াছিলেন, কিন্তু অবরোধবাসিনী সম্ভ্রান্ত রমণীগণ দুর্ব্বৃত্ত সৈন্যগণের হস্তে লাঞ্ছিতা হইবেন বলিয়া, ফিরোজ্ শাহ্ দুর্গ-আক্রমণের অনুমতি দেন নাই। সন্ধ্যার পরে সিকন্দর শাহ্ বিনষ্ট প্রাকার পুনর্নির্ম্মাণ আরম্ভ করিয়াছিলেন এবং সূর্য্যোদয়ের পূর্ব্বে দুর্গপ্রাকার পুনর্নির্ম্মিত হইয়াছিল। শমস্-ই-সিরাজ আফিফ্ রচিত তারিখ্-ই ফিরোজ্ শাহীতে সুলতান্ ফিরোজ্ শাহ্ কর্ত্তৃক তৃতীয়বার একডালা-দুর্গ অবরোধের উপরিলিখিত বিবরণ লিপিবদ্ধ আছে [৪১]। সিকন্দরীয়া দুর্গ সম্ভবতঃ একডালা দুর্গের অংশ বিশেষ। বিনষ্ট প্রাকারপথে একডালা দুর্গ আক্রমণ না করা ফিরোজ্ শাহের সেনার দুর্ব্বলতার পরিচয় মাত্র। কিছুকাল পরে একডালা দুর্গ হইতে সিকন্দর শাহের মন্ত্রিগণ সুলতান্ ফিরোজ্ শাহের মন্ত্রিগণের নিকটে সন্ধির প্রস্তাব করিয়া দূত প্রেরণ করিয়াছিলেন। ফিরোজ্ শাহের মন্ত্রিগণ সন্ধির প্রস্তাবে সম্মত হইয়া বলিয়া পাঠাইয়াছিলেন যে, খাঁ-ই-আজম্ জফর্ খাঁ সুবর্ণগ্রামের সিংহাসনে পুনঃ প্রতিষ্ঠিত হইলে তিনি সন্ধিস্থাপন করিবেন। বাদ্‌শাহের আদেশে মন্ত্রিগণ হয়বৎ খাঁকে দূত স্বরূপ সিকন্দর শাহের নিকট প্রেরণ করিয়াছিলেন। সিকন্দর শাহের মন্ত্রিগণ অগ্রবর্ত্তী হইয়া দূতকে অভ্যর্থনা করিলেন এবং তাঁহাকে গৌড়ের বাদ্‌শাহের সম্মুখে উপস্থিত করিলেন। সিকন্দর শাহ্ সমস্ত

(৪৫) Ibid, pp. 308–9.

জানিয়াও দূতের নিকট অজ্ঞতার ভাণ করিয়াছিলেন। হয়বৎ খাঁ বাঙ্গালী ছিলেন এবং তাহার তুইটি পুত্র সিকন্দর শাহের অধীনে কর্ম্মে নিযুক্ত ছিল। রাষ্ট্রনীতি-কুশল হয়বৎ খাঁ গৌড়ের বাদ্শাহের সহিত কিয়ংক্ষণ বাগ্‌যুদ্ধ করিয়া তাহাকে সন্ধির প্রস্তাবে সম্মত করাইয়াছিলেন। সুলতান্ ফিরোজ্ শাহের প্রস্তাব অনুসারে গৌড়ের সুলতান্ সিকন্দর শাহ্ খাঁ-ই-আজম্ জফর্ খাঁকে সুবর্ণগ্রামের রাজ্য প্রদান করিতে স্বীকৃত হইয়াছিলেন।

হয়বৎ খাঁ বাদ্শাহের শিবিরে প্রত্যাবর্ত্তন করিয়া সিকন্দর শাহের সম্মতি জ্ঞাপন করিলেন এবং তাহার অনুরোধে ফিরোজ্ শাহ্ তোরাবন্দ অপর নামধেয় মালিক্ কবুলকে অশীতি সহস্র তাম্রমুদ্রা মূল্যের একটি মুকুট এবং পঞ্চশত আরব ও তুরক্ষদেশীয় অশ্ব প্রেরণ করিয়াছিলেন। সুলতান্ ফিরোজ্ শাহ্ দিল্লী অভিমুখে যাত্রা করিলে সুলতান্ সিকন্দর শাহ্ তাঁহাকে চল্লিশটি হস্তী ও অন্যান্য বহুমূল্য উপঢৌকন প্রদান করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে সিকন্দর শাহ্ সন্ধির প্রস্তাব করিয়া পাঠাইবার সময়ে প্রতিবর্ষে দিল্লীতে রাজস্ব প্রেরণ করিতে প্রতিশ্রুত হইয়াছিলেন। গৌড়ের বাদ্শাহের প্রেরিত উপঢৌকন যখন ফিরোজ্ শাহের নিকট উপস্থিত হইল, তখন তিনি জফর্ খাঁকে আহ্বান করিয়া, তাহাকে সুবর্ণগ্রামে যাত্রা করিতে আদেশ করিলেন এবং কহিলেন যে, তাহার সাহায্যের জন্য আবশ্যক হইলে তিনি সেই স্থানে দিল্লীর সমস্ত সেনা লইয়া অবস্থান করিতে পারেন। জফর্ খাঁ, পূর্ব্ববঙ্গে তাঁহার সমস্ত অনুচর ও বন্ধুবর্গ নিহত হইয়াছেন বলিয়া, সুবর্ণগ্রামের রাজ্য গ্রহণ করিতে অস্বীকার করিলেন। তদবধি সিকন্দর শাহ্ ও তাহার পুত্র পৌত্রগণ নির্ব্বিবাদে বিস্তৃত গৌড় ও বঙ্গ রাজ্যের অধিকার

ভোগ করিতে লাগিলেন[৪৬]। ৭৬০ হিজরার জমাদি-উল্-আউয়ল্ মাসের বিংশতিতম দিবসে ফিরোজ্ শাহ্ গৌড় হইতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন এবং বর্ষার পূর্ব্বে জৌনপুরে উপস্থিত হইয়াছিলেন[৪৭]। বর্ষাকাল জৌনপুরে অতিবাহিত করিয়া ফিরোজ্ শাহ্ উক্তবর্ষের জিলহিজ্জা মাসে বিহারের পথে জাজ্নগরের হিন্দুরাজ্যের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়াছিলেন। শমস্-ই-সিরাজ আফিফের তারিখ-ই-ফিরোজ্ শাহীতে[৪৮], বখ্শী নিজাম্-উদ্দীন্ আহ্মদ্ রচিত তবকাৎ-ই-আক্বরীতে[৪৯] এবং বদাওনীর মন্তখব্-উৎ-তওয়ারিখে[৫০] সুলতান্ ফিরোজ্ শাহের জাজ্নগর অভিযানের বিবরণ আছে। ফিরোজ্ শাহ্ প্রথমে গড়াকটঙ্কার সীমায় অবস্থিত জাজ্নগর রাজ্য আক্রমণ করিয়াছিলেন। বদাওনী অনুসারে ফিরোজ্ শাহ্ প্রথমে সাতগড় দুর্গে উপস্থিত হইয়াছিলেন এবং পরে জাজ্নগরের রাজধানী বানারস বা বারাণসীতে উপস্থিত হইয়াছিলেন। বারাণসীতে উপস্থিত হইবার পূর্ব্বে বা পরে তিনি মহানদী পার হইয়াছিলেন। জাজ্নগরের রাজা তেলিঙ্গ দেশের দিকে পলায়ন করিয়াছিলেন। কিয়ৎকাল জাজ্নগরের বনে হস্তী শীকার করিয়া ফিরোজ্-শাহ্ জাজ্নগরের রাজধানী হইতে জগন্নাথ নামক দেবমূর্ত্তি লইয়া আসিয়াছিলেন। এই মূর্ত্তি পরে হিসার ফিরোজায় লইয়া গিয়া নানারূপে লাঞ্ছিত করিয়াছিলেন। জাজ্নগরের রাজা পাত্র পাঠাইয়া সন্ধির প্রস্তাব করিয়াছিলেন এবং বিংশতিটি বৃহৎকায় হস্তী উপঢৌকন প্রেরণ করিয়া

---

(৪৬) Ibid, pp. 309—12.
(৪৭) তবকাৎ-ই-আক্বরী, ইংরাজি অনুবাদ পৃঃ ২৪৭।
(৪৮) Elliot's History of India, Vol. III. pp. 312—16.
(৪৯) তবকাৎ-ই-আক্বরী, ইংরাজি অনুবাদ পৃঃ ২০৭।
(৫০) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ পৃঃ ৩২৯।

প্রতিবর্ষে রাজস্বের পরিবর্ত্তে কয়েকটি হস্তী প্রেরণ করিতে প্রতিশ্রুত হইয়াছিলেন। ফিরোজ্ শাহ্ তাঁহার সহিত এই সর্ত্তে সন্ধিস্থাপন করিয়া ৭৬২ হিজরার (১৩৬০ খৃষ্টাব্দে) রজব মাসে কড়ায় প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন[৫১]। ফিরোজ্ শাহের জাজ্‌নগর অভিযানের বিবরণ প্রাচীন জাজ্‌নগর রাজ্যের অবস্থান নির্ণয়ের জন্য অত্যাবশ্যক। শমস্-ই-সিরাজ আফিফ্, নিজাম্-উদ্দীন্ আহ্মদ্, আবদুল্‌কাদর-বদাওনী ও ফেরেশ্‌তা প্রভৃতি প্রসিদ্ধ মুসলমান ঐতিহাসিকগণের উক্তি অনুসারে জাজ্‌নগর-রাজ্য বিহার বা মগধের নিকটে এবং গড়াকটঙ্কার সীমায় অবস্থিত ছিল, সুতরাং এই রাজ্য কখনই বর্ত্তমান ত্রিপুরা হইতে পারে না। প্রবীণ ঐতিহাসিক শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্ত্তী মহাশয়ের মতানুসারে গঙ্গ-বংশীয় তৃতীয় ভানুদেব সুলতান্ ফিরোজ্ শাহের জাজ্‌নগরে অভিযানের সময়ে মহাকোশল ও ওড্র বিষয়ের অধিপতি ছিলেন। তৃতীয় ভানুদেব ১২৭৪ শকাব্দা হইতে ১৩০১ শকাব্দা পর্য্যন্ত (১৩৫২-১৩৭৯ খৃষ্টাব্দ) মহাকোশলের সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন[৫২]। ফিরোজ্ শাহের আক্রমণের দুই তিন বৎসর পূর্ব্বে তৃতীয় ভানুদেব বিজয়নগর-রাজ প্রথম বুক্কের ভ্রাতুষ্পুত্র সঙ্গম কর্ত্তৃক পরাজিত হইয়াছিলেন[৫৩]।

ফিরোজ্ শাহের দ্বিতীয় গৌড়াভিযান শেষ হইলে বাঙ্গালার স্বাধীন সুলতান্‌গণ প্রায় দ্বিশতবর্ষ কাল দিল্লীর সুলতান্‌গণের সংস্পর্শে আসেন নাই। ফিরোজ্ শাহের পরে মোঙ্গোল চাগাটাইবংশীয় বাবর্ বাদ্‌শাহের পুত্র হুমায়ুন্ বাদ্‌শাহ্ ফরীদ্-উদ্দীন্ শের শাহ্‌কে দমন করিবার জন্য

(৫১) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ পৃঃ ৩৩০।

(৫২) Journal of the Asiatic Society of Bengal. Old Series, Vol. LXXII, 1903, p. 135.

(৫৩) Ibid, p. 136.

৯৪৫ হিজরায় (১৫৩৭ খৃষ্টাব্দে) গৌড়দেশ আক্রমণ করিয়াছিলেন[৫৪]। ৭৬৬ হিজরায় সিকন্দর শাহের আদেশে পাণ্ডুয়ার প্রসিদ্ধ আদিনা মস্‌জিদ্ নির্ম্মাণ আরম্ভ হইয়াছিল। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে সিকন্দর শাহ্ নির্ম্মাণ-কার্য্য শেষ করিয়া যাইতে পারেন নাই[৫৫]। আদিনা মস্‌জিদে আবিষ্কৃত শিলালিপি অনুসারে, উহা ৭৭০ হিজরার রজব মাসের ষষ্ঠ দিবসে সিকন্দর শাহ্ কর্ত্তৃক লিখিত হইয়াছিল[৫৬]।

আদিনা মস্‌জিদের ন্যায় বিশাল মস্‌জিদ্ ভারতবর্ষে অন্য কোন স্থলে কথন নির্ম্মিত হয় নাই। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে এই মস্‌জিদ্-নির্ম্মাণ শেষ হয় নাই। ৺রজনীকান্ত চক্রবর্ত্তী মহাশয়ের মতানুসারে একটি বৌদ্ধ স্তূপ ধ্বংস করিয়া ইহা নির্ম্মিত হইয়াছিল [৫৭]। আদিনার ধ্বংসাবশেষ মধ্যে পাষাণ-নির্ম্মিত বহু হিন্দু দেব-দেবী ও হিন্দু মন্দিরের উপকরণ আবিষ্কৃত হইয়াছে। আদিনা মস্‌জিদে বেদীর (মিম্বর) নিম্নে ভগ্ন সোপনাবলী মধ্যে অল্প দিন পূর্ব্বে একটি ভগ্ন দশভুজা মূর্ত্তি দেখিতে পাওয়া যাইত [৫৮]। আদিনা মস্‌জিদ্ দৈর্ঘ্যে পাঁচশত ফুট ও প্রস্থে তিনশত ফুট। মস্‌জিদের মধ্যস্থলের প্রশস্ত অঙ্গন এবং অঙ্গনের তিন দিকে দুই শ্রেণীর স্তম্ভ ও দুইটি প্রাচীরবাহিত তিন শ্রেণীর গুম্বজ ছিল। চতুর্থদিকে চারি শ্রেণীর স্তম্ভ ও দুইটি প্রাচীরবাহিত পাঁচ শ্রেণীর গুম্বজ ছিল। এই দিকের মধ্যদেশে বিশাল তোরণের নিম্নে অপরূপ কারুকার্য্য-শোভিত ব্রহ্মশিলা (কষ্টি পাথর) নিম্মিত একটি বেদী ও দুইটি মিহরাব

(৫৪) মস্তখব্-উৎ-তওয়ারিখ্ : ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ পৃঃ ৪৫৬—৫৮।

(৫৫) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১০৫।

(৫৬) Journal of the Asiatic Society of Bengal, Old Series 1873, Vol. XLII, p. 257.

(৫৭) গৌড়ের ইতিহাস দ্বিতীয় খণ্ড পৃঃ ৫৮।

(৫৮) Ravenshaw's Gaur, its ruins and Inscriptions, plate 40.

বা খিলান আছে। এই দিকের কিয়দংশ দ্বিতল, ইহা বাদ্‌শাহ্‌-কা-তখ্‌ৎ নামে পরিচিত। মস্‌জিদের বহির্দ্দেশে সিকন্দর শাহের পাষাণ-নির্ম্মিত সমাধি আছে ৫৯। ক্ষুদ্র ছায়াচিত্রে এই বিশালকায় মসজিদের আকৃতি অঙ্কন অসম্ভব, সেই জন্য ইহার একটি মিহ্‌রাবের চিত্র প্রদত্ত হইল।

রিয়াজ্‌-উস্‌-সালাতীন্‌ অনুসারে সিকন্দর শাহের প্রথমা পত্নীর গর্ভজাত সপ্তদশটি ও দ্বিতীয়া পত্নীর গর্ভজাত একটি পুত্র ছিল। দ্বিতীয়া পত্নীর গর্ভজাত পুত্রের নাম গিয়াস্‌-উদ্দীন্‌, তিনি সর্ব্বগুণসম্পন্ন ছিলেন। কথিত আছে যে, গিয়াস্‌-উদ্দীনের বিমাতা ঈর্ষা পরবশ হইয়া সিকন্দর শাহ্‌কে বলিয়াছিলেন যে, গিয়াস্‌-উদ্দীন্‌ তাঁহার পুত্রগণকে বধ করিয়া সিংহাসন অধিকার করিতে চাহে। সিকন্দর শাহ্‌ পত্নীর কথায় কর্ণপাত না করিয়া গিয়াস্‌-উদ্দীনের হস্তে রাজাশাসনভার প্রদান করিয়াছিলেন। গিয়াস্‌-উদ্দীন্‌ বিমাতার ভয়ে মৃগয়ার ছলে সুবর্ণগ্রামে পলায়ন করিয়াছিলেন এবং সৈন্য সংগ্রহ করিয়া পিতার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়াছিলেন। তাঁহার সৈন্য প্রথমে সোনারগড়ী নামক স্থানে শিবির স্থাপন করিয়াছিলেন। সিকন্দর শাহ্‌ পাণ্ডুয়া হইতে পুত্রের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়াছিলেন এবং পরদিন পাণ্ডুয়ার নিকটবর্ত্তী গোয়ালপাড়া গ্রামে সিকন্দর শাহ্‌ পরাজিত ও নিহত হইয়াছিলেন। রিয়াজ্‌-উস্‌-সালাতীন্‌ অনুসারে সিকন্দর শাহ্‌ নয় বৎসর কয়েক মাস রাজ্য ভোগ করিয়াছিলেন৬০। তদনুসারে ষ্টুয়ার্ট তাঁহার ইতিহাসে ৭৬৯ হিজরায় (১৩৬৭ খৃষ্টাব্দে) তাঁহার মৃত্যুকাল নির্দ্দেশ করিয়াছেন৬১, কিন্তু মুদ্রাতত্ত্বের

---

(৫৯) Ibid, plate 36.

(৬০) রিয়াজ্‌-উস্‌-সালাতীন্‌, ইংরাজি অনুবাদ, পৃঃ ১০৮।

(৬১) Stewart's History of Bengal, p. 89.

প্রমাণ অনুসারে তিনি ৭৯২ হিজরা [৬২] (১৩৮৯ খৃষ্টাব্দ) পর্য্যন্ত জীবিত ছিলেন।

সিকন্দর শাহের সময় হইতে বাঙ্গালা ইতিহাসে মুদ্রাতত্ত্বের প্রমাণ অতীব জটিল। ফিরোজাবাদ হইতে সিকন্দর শাহ্ ৭৫০—৫৪, ৭৫৮—৬০ হিজরায় নিজনামে মুদ্রাঙ্কন করাইয়াছিলেন, [৬৩] ইহার মধ্যে ৭৫০ হইতে ৭৫৯ হিজরা পর্য্যন্ত তাঁহার পিতা শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্ জীবিত ছিলেন, সুতরাং সিকন্দর শাহ্ তাঁহার পিতার জীবদ্দশাতেই স্বাধীনতার চিহ্নস্বরূপ স্বনামে মুদ্রাঙ্কন আরম্ভ করিয়াছিলেন। ৭৫৯ হিজরায় শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের মৃত্যু হইয়াছিল, এই সময় হইতে সিকন্দর শাহের মৃত্যুকাল পর্য্যন্ত ফিরোজাবাদে তাঁহার নামে মুদ্রাঙ্কন হইয়াছিল; সিকন্দর শাহের নামে ফিরোজাবাদে মুদ্রিত ৭৬০, [৬৪] ৭৬৪, [৬৫] ৭৬৭, [৬৬] ৭৬৯, [৬৭] ৭৬৫—৬৬, [৬৮] ৭৭০—৭৩, [৬৯] ৭৭৬ [৭০] —৭৭, [৭১] ও ৭৭৯—৯২ [৭২] হিজরার রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে। সুবর্ণগ্রামে সিকন্দর শাহ্ পিতার জীবদ্দশায় ৭৫৬—৬০ হিজরায় নিজনামে মুদ্রাঙ্কন

(৬২) Thomas, Initial Coinage of Bengal, p. 71.

(৬৩) Ibid, p. 67.

(৬৪) Ibid.

(৬৫) Catalogue of Coins in the Indian Museum, Vol. II, pt. II, p, 153, No. 47.

(৬৬) Ibid, p. 155, No. 59.

(৬৭) Initial Coinage of Bengal, p. 69, No. 23.

(৬৮) Ibid, No. 22.

(৬৯) Ibid.

(৭০) Ibid.

(৭১) Catalogue of Coins in the Indian Museum, Vol. II, pt. II, p. 154.

(৭২) Initial Coinage of Bengal, pp. 69, 71.

করাইয়াছিলেন [৭৩]। ইলিয়াস্ শাহের মৃত্যুর পরবর্ত্তী সময়ে সুবর্ণগ্রামে সিকন্দর শাহের নামে মুদ্রিত ৭৬৩ [৭৪] ও ৭৮৪ [৭৫] হিজরার রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে। দক্ষিণবঙ্গে, সপ্তগ্রামে তাঁহার নামে ৭৮০—৮৪ ও ৭৮৮ [৭৬] হিজরায় মুদ্রিত রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে। পূর্ব্ববঙ্গে মুয়জ্জমাবাদে ৭৬০—৬৪ [৭৭] ও ৭৭৭ [৭৮] হিজরায় এবং পশ্চিমবঙ্গে শহর-ই-নৌতে ৭৮১—৮৬ [৭৯] হিজরায় সিকন্দর শাহের নামে রজতমুদ্রা মুদ্রিত হইয়াছিল। ৭৫৯ হিজরায় সিকন্দর শাহ্ কামরূপ আক্রমণ করিয়াছিলেন। যৌবরাজ্যে বা সিংহাসন লাভের পরে সিকন্দর শাহ্ কর্ত্তৃক কামরূপ আক্রমণের কথা মুসলমান বা হিন্দুরচিত কোন ইতিহাসে নাই, কিন্তু সিকন্দর শাহ্ ৭৫৯ হিজরায় (১৩৫৭ খৃষ্টাব্দে) কামরূপ জয় করিয়া, নিজনামে কামরূপে রজতমুদ্রা মুদ্রাঙ্কন করাইয়াছিলেন। এই মুদ্রায় কামরূপের অপর নাম চাউলিস্তান (তণ্ডুলের দেশ) লিখিত আছে [৮০]। ৭৬৫ হিজরায় (১৩৬৩ খৃষ্টাব্দে) মৌলানা আতা কর্ত্তৃক একটি মস্জিদ্ নির্ম্মিত হইয়াছিল, এই মস্জিদের শিলালিপি মাত্র

(৭৩) Ibid p. 68, No. 18.

(৭৪) Ibid.

(৭৫) Catalogue of Coins in the Indian Museum, Vol. II, pt. II, p. 153, No. 41.

(৭৬) Initial Coinage of Bengal, p. 70, No. 24.

(৭৭) Ibid, p. 68, No. 19.

(৭৮) Catalogue of Coins in the Indian Museum, Vol. II, pt. II, p. 154, No. 50

(৭৯) Initial Coinage of Bengal, p. 71, No. 25.

(৮০) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 152, 38.

দিনাজপুর জেলায় গঙ্গারামপুরে আবিষ্কৃত হইয়াছে ৮১। ৭৭৭ হিজরায় (১৩৭৫ খৃষ্টাব্দে), হুগলি জেলায় বৈস্তবাটীর নিকটে মোল্লা সিম্‌লা গ্রামে, একটি মস্‌জিদ্‌ নির্ম্মিত হইয়াছিল, এই মস্‌জিদের শিলালিপি মাত্র আবিষ্কৃত হইয়াছে, কিন্তু ইহাতে সিকন্দর শাহের নাম নাই ৮২। স্বর্গীয় ডাক্তার ব্লথ্‌ম্যান অনুমান করেন যে, সম্ভবতঃ তৎকালে সিকন্দর শাহের সহিত তাঁহার পুত্র গিয়াস্‌-উদ্দীন্‌ আজম্‌ শাহের যুদ্ধ চলিতেছিল, সেই জন্য প্রকৃত রাজা কে তাহা স্থির করিতে না পারিয়া, লেখক শিলালিপিতে রাজার নাম লিপিবদ্ধ করেন নাই ৮৩।

গৌড় ও বঙ্গ স্বাধীনতা অবলম্বন করিলেও, মগধ বা বিহার বহুদিন দিল্লীর তোগ্‌লক্‌বংশীয় বাদ্‌শাহ্‌গণের অধিকারভুক্ত ছিল। বিহার প্রদেশে বিহার নগরে পীর-বদর্‌-উদ্দীন্‌ বদর্‌-ই-আলমের সমাধিস্থানে একটি প্রাচীন শিলালিপি আছে। ইহা হইতে অবগত হওয়া যায় যে, ৭৬১ হিজরায় (১৩৫৯ খৃষ্টাব্দে), ফিরোজ্‌ শাহের রাজ্যকালে, একটি মস্‌জিদ পুনঃসংস্কৃত হইয়াছিল ৮৪। বিহারে আবিষ্কৃত আর একখানি অস্পষ্ট শিলালিপিতে ৭৬৭ হিজরা (১৩৬৫ খৃষ্টাব্দ) তারিখ আছে ৮৫। বিহার নগরে কবীর-উদ্দীন্‌গঞ্জ মহল্লায় একটি প্রাচীন মস্‌জিদ্‌ আছে, ইহার শিলালিপিতে সুলতান্‌ ফিরোজ্‌ শাহের পুত্র মহম্মদ্‌ শাহের নাম আছে। এই শিলালিপি অনুসারে, মস্‌জিদ্‌টি ৭৯২ হিজরায়, আলার পুত্র খাজা জিয়া

(৮১) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLI 1872, pt. I, pp. 104—5.

(৮২) Ibid, Vol. XXXIX, 1870, pt I, p. 292.

(৮৩) Ibid, Vol. XLII, 1873, pt. I, p. 258, note,

(৮৪) Ibid, p. 303.

(৮৫) Epigraphia Indica, Vol. II, p. 294.

কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল ৮৬। মুনের বা মনেরে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, ৭৯৮ হিজরায় (১৩৯৫ খৃষ্টাব্দে), ফিরোজ্ শাহের পৌত্র, মহম্মদ্ শাহের পুত্র, মহমুদ্ শাহের রাজ্যকালে, জলীল্-উল্ হক্ কর্ত্তৃক নির্ম্মিত একটি পুরাতন মস্জিদ্ হম্মাদ্ খাতীর কর্ত্তৃক পুনঃসংস্কৃত হইয়াছিল৮৭। জিয়া-উল্-হক্, মহম্মদ্ শাহ্ এবং মহমুদ্ শাহের রাজ্যকালে, বিহার প্রদেশের শাসনকর্ত্তা ছিলেন। এই সময়ে জৌনপুরের মালিক্ সরওর প্রকৃতপক্ষে বিহারের অধীশ্বর ছিলেন। ৭৯৯ হিজরায় (১৩৯৭ খৃষ্টাব্দে) বিহার নগরে একটি উপাসনা-কক্ষ নির্ম্মিত হইয়াছিল। এই কক্ষের শিলালিপিতে নস্রৎ শাহের পরিবর্ত্তে মহমুদ্ শাহের নাম নাম আছে৮৮, কারণ মালিক্ সরওর নস্রৎ শাহের অধীনতা স্বীকার করিতেন না। খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীর প্রারম্ভ হইতে তৃতীয়পাদ পর্য্যন্ত বিহারপ্রদেশ জৌনপুরের সুলতান্গণের অধিকারভুক্ত ছিল।

সিকন্দর শাহের মৃত্যুর পরে তাঁহার পুত্র গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্ গৌড় ও বঙ্গের অধিকার লাভ করিয়াছিলেন। এই সময় হইতে রিয়াজ্-উস্-সালাতীন্, তবকাৎ ই-আক্বরী এবং তারিখ্-ই-ফেরেশ্‌তা ব্যতীত মুসলমানরচিত অপর কোন ইতিহাসে বাঙ্গালাদেশের ঐতিহাসিক ঘটনাবলীর বিবরণ দেখিতে পাওয়া যায় না। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্ সিংহাসনপ্রাপ্তির পরে বৈমাত্রেয় ভ্রাতৃগণের দৃষ্টিশক্তি নষ্ট করিয়া দিয়াছিলেন৮৯। তাঁহার রাজ্যকালের অন্য কোন

---

(৮৬) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 303.

(৮৭) Epigraphia Indica, Vol. II, p. 294.

(৮৮) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 304.

(৮৯) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১০৮।

ঘটনা জানিতে পারা যায় নাই। গিয়াস্-উদ্দীন্ একবার অত্যন্ত পীড়িত হইয়া পড়িয়া সর্ব্ব, গুল ও লালা নাম্নী অবরোধবাসিনীত্রয়কে তাঁহার মৃত্যুর পরে শব ধৌতকরণের ভার দিয়াছিলেন, এই জন্য অপরা অবরোধবাসিনীগণ এই তিনজনকে বিদ্রূপ করিতেন। ইহা শ্রবণ করিয়া গিয়াস্-উদ্দীন্ একটি শ্লোকের প্রথমাংশ রচনা করিয়াছিলেন, কিন্তু বাঙ্গালা দেশে অথবা হিন্দুস্থানে কেহ এই কবিতার দ্বিতীয়াংশ রচনা করিতে পারেন নাই। গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্ এই কবিতাটি লিখিয়া পারস্যদেশে সিরাজনগরে প্রসিদ্ধ পারসিক কবি হাফেজের নিকটে প্রেরণ করিয়াছিলেন। হাফেজ্ তৎক্ষণাৎ দ্বিতীয়াংশ রচনা করিয়া বাদ্শাহের নামে একটি নবরচিত গজলের সহিত ফিরিয়া পাঠাইয়াছিলেন[২০]। কথিত আছে, গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্ হাফেজ্‌কে গৌড়দেশে আহ্বান করিয়াছিলেন, কিন্তু হাফেজ্ আসিতে স্বীকার করেন নাই। ৭৯১ হিজরায় (১৩৮৮ খৃষ্টাব্দে) হাফেজের মৃত্যু হইয়াছিল[২১], সুতরাং সিকন্দর্ শাহের জীবদ্দশাতেই গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্ যখন পূর্ব্ববঙ্গে স্বাধীনতা অবলম্বন করিয়াছিলেন, তখনই বাঙ্গালাদেশ হইতে পারস্যদেশে সিরাজনগরে শমস্-উদ্দীন্ হাফেজের নিকট দূত প্রেরিত হইয়াছিল। গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্ ধর্ম্মভীরু রাজা ছিলেন। গোলাম হোসেন তাঁহার ধর্ম্মনিষ্ঠার পরিচায়ক একটি কাহিনী লিপিবদ্ধ করিয়াছেন। গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্ একদিন মৃগয়াকালে এক বিধবার (একমাত্র) পুত্রকে শর দ্বারা দৈবাৎ আহত বা নিহত করিয়াছিলেন। বিধবা, কাজী সিরাজ্-উদ্দীনের নিকট বাদ্শাহের বিরুদ্ধে অভিযোগ করিয়াছিল। কাজী অনেক বিবেচনা

(২০) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১০৯।

(২১) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 258.

করিয়া বাদ্‌শাহ্‌কে ধরিয়া আনিবার জন্য একজন হরকরা পাঠাইয়াছিলেন। হরকরা বাদ্‌শাহের নিকট উপস্থিত হইতে না পারিয়া অসময়ে আজান্‌ দিতে আরম্ভ করিল। অসময়ে আজান্‌ শুনিয়া বাদ্‌শাহ্‌ মুয়জ্জিনকে সন্ধান করিতে পাঠাইলেন, মুয়জ্জিন হরকরাকে লইয়া বাদ্‌শাহের নিকটে গেল। অসময়ে আজান্‌ দিবার কারণ জিজ্ঞাসিত হইলে হরকরা কহিল যে, কাজী সিরাজ্‌-উদ্দীন্‌ অপরাধীস্বরূপ বাদ্‌শাহ্‌কে বিচারালয়ে ধরিয়া লইয়া যাইতে আদেশ করিয়াছেন, কিন্তু বাদ্‌শাহের সকাশে উপস্থিত হইতে না পারায়, তাঁহার মনোযোগ আকর্ষণ করিবার জন্য অসময়ে আজান্‌ দিয়াছিল। বাদ্‌শাহ্‌ বস্ত্রমধ্যে একটি ক্ষুদ্র তরবারি লুকাইয়া বিচারালয়ে গিয়াছিলেন। তথায় কাজী সিরাজ্‌-উদ্দীন্‌ মস্‌নদের নিম্নে একটি চাবুক লুকাইয়া বাদ্‌শাহের জন্য অপেক্ষা করিতেছিলেন। বাদ্‌শাহ্‌ উপস্থিত হইলে কাজী তাঁহাকে উক্ত বিধবাকে সান্ত্বনা করিতে আদেশ করিলেন; বিধবা শান্ত হইলে কাজী সিরাজ্‌-উদ্দীন্‌ মস্‌নদ্‌ হইতে উঠিয়া বাদ্‌শাহ্‌কে রাজোচিত অভ্যর্থনা করিলেন এবং তাঁহাকে মস্‌নদের উপরে বসাইলেন। বাদ্‌শাহ্‌ মস্‌নদে উপবেশন করিয়া কাজীকে কহিলেন, "কাজী, আইনের বিধান অনুসারে আমি অদ্য বিচারালয়ে উপস্থিত হইয়াছি, কিন্তু অদ্য তোমাকে আইনের বিধান হইতে বিচলিত হইতে দেখিলে, এই তরবারীর দ্বারা তোমার মস্তক ছেদন করিতাম।" প্রত্যুত্তরে কাজী মস্‌নদের নিম্ন হইতে চাবুক লইয়া বাদ্‌শাহ্‌কে দেখাইলেন এবং কহিলেন, "অদ্য আপনাকে আইনের বিধান হইতে বিচলিত হইতে দেখিলে আমি এই কশাঘাতে আপনার পৃষ্ঠদেশ দীর্ণ করিতাম"[২২]। গিয়াস্‌-উদ্দীন্‌ আজম্‌ শাহ্‌ যোধপুররাজ্যে নগোর নগরবাসী

---

(২২) রিয়াজ্‌-উস্‌-সালাতীন্‌, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১০—১১।

শেখ্ হামিদ্-উদ্দীন্ কুঞ্জনশীনের ছাত্র ও প্রসিদ্ধ মুসলমান সাধু শেখ্ নূর কুতব্-উল্-আলমের সতীর্থ ছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে ৭৭৫ হিজরায় (১৩৭৩ খৃষ্টাব্দে) স্থলতান্ গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহের মৃত্যু হইয়াছিল[৯৩], কিন্তু মুদ্রাতত্ত্বের প্রমাণ অনুসারে সিকন্দর শাহ্ ৭৯২ হিজরায় (১৩৮৯ খৃষ্টাব্দ) ও গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্ ৭৯৯ হিজরা (১৩৯৬ খৃষ্টাব্দ) পর্য্যন্ত জীবিত ছিলেন[৯৪]। সম্ভবতঃ সুবর্ণগ্রামে গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহের মৃত্যু হইয়াছিল, কারণ নারায়ণ-গঞ্জের নিকটে মগরাপাড়া গ্রামে তাঁহার সুন্দর ব্রহ্মশিলা-নির্ম্মিত সমাধি অদ্যাবধি বিদ্যমান আছে। পাণ্ডুয়ায় আদিনা-মস্জিদের পার্শ্বে তাঁহার পিতা সিকন্দর শাহের সমাধি আছে; এই সমাধি, সম্ভবতঃ গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্ কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল। পূর্ব্ববঙ্গে কিছুদিন পূর্ব্বে সিকন্দর শাহের যে সমাধি প্রদর্শিত হইত[৯৫] তাহা সম্ভবতঃ দ্বিতীয় সিকন্দর শাহের সমাধি[৯৬]। এতদ্ব্যতীত গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহের রাজ্যকালে নির্ম্মিত কোন সৌধের ধ্বংসাবশেষ বা শিলালিপি অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে হিন্দু জমিদার গণেশের বিশ্বাসঘাতকতা বা চক্রান্তে গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্ নিহত হইয়াছিলেন[৯৭]। ফিরোজাবাদে ৭৯১—৯৯ হিজরায় গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহের নামে রজতমুদ্রা মুদ্রাঙ্কিত হইয়াছিল[৯৮]। সপ্তগ্রামে ৭৯০, ৭৯৫, ৭৯৬

(৯৩) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১১।

(৯৪) Initial Coinage of Bengal, p. 75, No. 33.

(৯৫) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII, 1874, pt. I, p. 85.

(৯৬) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ পৃঃ ১২১।

(৯৭) ঐ পৃঃ ১১১।

(৯৮) Initial Coinage of Bengal, p. 75.

ও ৭৯৮ হিজরায় তাহার নামে মুদ্রিত রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছিল[৯৯]। পূর্ব্ববঙ্গে মুয়জ্জমাবাদে ৭৭২, ৭৭৫, ৭৭৬[১০০], ৭৯৩ ও ৭৯৯[১] হিজরায় তাঁহার নামে মুদ্রিত রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে। সপ্তগ্রাম ও মুয়জ্জমাবাদের মুদ্রা হইতে প্রমাণ হয় যে, গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্ সিকন্দর শাহের মৃত্যুর অন্ততঃ সপ্তদশবর্ষ পূর্ব্বে স্বাধীনতা অবলম্বন করিয়াছিলেন। ৭৯০ হিজরায় জন্নতাবাদ নামক স্থানে তাহার নামে রজতমুদ্রা মুদ্রিত হইয়াছিল[২], কিন্তু এই টাঁকশালের অবস্থান অদ্যাবধি নির্ণীত হয় নাই। কনিংহাম গৌড়ে একটি মস্‌জিদের ইষ্টকলিপি আবিষ্কার করিয়াছিলেন, তাঁহার মতানুসারে ইহাতে গিয়াস্-উদ্দীন্ আজম্-শাহের নাম আছে[৩], কিন্তু প্রকৃতপক্ষে এই মস্‌জিদ্‌টি আলা-উদ্দীন্ হোসেন শাহের পুত্র গিয়াস্-উদ্দীন্ মহ্‌মুদ্ শাহের রাজ্যকালে নির্ম্মিত হইয়াছিল[৪]।

গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহের মৃত্যুর পরে তাঁহার পুত্র সৈফ্-উদ্দীন্ হম্‌জা শাহ্ গৌড় বঙ্গের অধিকার লাভ করিয়াছিলেন। ইনি তারিখ্-ই-ফেরেশ্‌তা, রিয়াজ্-উস্-সালাতীন্ ও তবকাৎ-ই-আক্‌বরী অনুসারে সুলতান্-উস্-সালাতীন্ (রাজাধিরাজ) নামে অভিহিত হইতেন। তাঁহার রাজ্যকালের কোন ঘটনা অদ্যাবধি জানিতে পারা যায় নাই। রিয়াজ্-

(৯৯) Ibid, p. 76.

(১০০) Ibid, p. 74.

(১) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 158, No. 74 and p. 159, No. 82.

(২) Ibid, p. 158, Nos. 76—77.

(৩) Archæological Survey Reports, Vol. XV.

(৪) Epigraphia Indo-Moslemica.

উস্-সালাতীন্[৫] এবং তবকাৎ-ই-আক্‌বরী[৬] অনুসারে সৈফ্-উদ্দীন্ হম্‌জা শাহ্ দশবৎসর রাজ্যভোগ করিয়াছিলেন। গোলাম হোসেন কর্ত্তৃক লিপিবদ্ধ মতান্তর অনুসারে হম্‌জা শাহ্ তিনবৎসর সাতমাস রাজ্যভোগ করিয়াছিলেন। তাঁহার রাজ্যকালের কোন প্রাচীনকীর্ত্তি অথবা শিলালিপি আবিষ্কৃত হয় নাই। ফিরোজাবাদে মুদ্রিত তাঁহার নামাঙ্কিত রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে[৭]।

সৈফ্-উদ্দীন্ হম্‌জা শাহের মৃত্যুর পর তাঁহার পুত্র দ্বিতীয় শমস্-উদ্দীন্ গৌড়ের অধিকার লাভ করিয়াছিলেন। তিনি তিন বৎসরমাত্র রাজ্যভোগ করিয়া দেহত্যাগ করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ ও তারিখ্-ই-ফেরেশ্‌তা ব্যতীত তাঁহার অস্তিত্বের অপর কোন প্রমাণ নাই[৮]। রিয়াজ্-উস্-সালাতীনের মতানুসারে ৭৮৫ হিজরায় (১৩৮৩ খৃষ্টাব্দে) সৈফ্-উদ্দীন্ হম্‌জা শাহের মৃত্যু হইয়াছিল[৯]। কিন্তু লেন-পুল (Lane-poole) ও রাইটের (H. N. Wright) মতানুসারে ৮০৯ হিজরায় (১৪০৬ খৃষ্টাব্দে) হম্‌জা শাহের মৃত্যু হইয়াছিল[১০]। ৮০৯ হইতে ৮১২ হিজরায় (১৪০৬-৯ খৃষ্টাব্দে) মধ্যে শমস্-উদ্দীন্ গৌড়ের সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে, পীড়ায় অথবা রাজা গণেশের চক্রান্তে, সুলতান্ শমস্-উদ্দীনের মৃত্যু

---

(৫) রিয়াজ্-উস্ সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১২।

(৬) তবকাৎ-ই-আক্‌বরী, পারস্য মূল, পৃঃ।

(৭) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 160. Nos. 87—88.

(৮) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১২।

(৯) ঐ।

(১০) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, p. 131.

হইয়াছিল এবং তাঁহার অপর নাম শাহাব্-উদ্দীন্ এবং তিনি সৈফ্-উদ্দীন্ হম্জা শাহের দত্তক পুত্র[১১]। সুলতান্ শমস্-উদ্দীনের রাজ্যকালের কোন ধ্বংসাবশেষ, শিলালিপি অথবা মুদ্রা অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহের রাজ্যের শেষভাগে ভাতুরিয়া পরগণার হিন্দু জমিদার রাজা গণেশ বা কংসনারায়ণ অত্যন্ত পরাক্রান্ত হইয়া উঠিয়াছিলেন, আজম্ শাহ্ ও শমস্-উদ্দীন্ তাঁহার আদেশে নিহত হইয়াছিলেন এবং পরে তিনি স্বয়ং গৌড়বঙ্গে স্বাধীনতা ঘোষণা করিয়াছিলেন।

---

(১১) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১২।

পরিশিষ্ট "ঙ"।

ইলিয়াস্ শাহের বংশ

শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্
|
সিকন্দর শাহ্
|
গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্
|
সৈফ্-উদ্দীন্ হম্‌জা শাহ্
|
শমস্-উদ্দীন্ — শাহাব্-উদ্দীন্ বায়াজিদ্ শাহ্

পরিশিষ্ট "চ"।

মা-হুয়ানের বঙ্গ বিবরণ।

১৪০৫ খৃষ্টাব্দের ষষ্ঠ মাসে চীনদেশীয় সম্রাট্ য়ুঙ্গ-লো চেঙ্গ-হো-নামক দূতকে দক্ষিণ এসিয়ার রাজ্যসমূহে প্রেরণ করিয়াছিলেন। মা-হুয়ান, চেঙ্গ-হোর সহিত দ্বিভাষীরূপে আসিয়াছিলেন। ৬২খানি জাহাজে ৩০০০০ সৈন্য লইয়া চেঙ্গ-হো, লিউ-কিয়া-কিয়াঙ্গ বন্দর হইতে যাত্রা করিয়াছিলেন। "য়িঙ্গ-য়াই-শেঙ্গ-লান্" গ্রন্থে মা-হুয়ান কর্ত্তৃক সঙ্কলিত বঙ্গ-বিবরণ লিপিবদ্ধ আছে, বিংশতি বর্ষ পূর্ব্বে শ্রীযুক্ত ফিলিপস্ (George Phillips) এই অংশ ইংরাজিতে অনুবাদ করিয়াছিলেন।

"য়িঙ্গ-য়াই-শেঙ্গ-লান্" অনুসারে বাঙ্গালা রাজ্যে পৌঁছিতে হইলে সু-মেন-তালা (সুমাত্রা) হইতে সমুদ্রপথে যাত্রা করিতে হয় এবং একবিংশ দিবসে বায়ু

অনুকূল থাকিলে চেহ্-টি-গান (চট্টগ্রাম) বন্দরে উপস্থিত হওয়া যায়। এই স্থান হইতে ক্ষুদ্র নৌকায় ৫০০ লি (৮৩⅓ ক্রোশ) গমন করিলে সোনা-উরহ্-কোঙ্গ (সোনার গাঁ বা সুবর্ণগ্রাম) নামক স্থানে উপস্থিত হওয়া যায়। এই স্থান হইতে স্থলপথে ৫২২ ক্রোশ গমন করিলে বাঙ্গালা রাজ্যে উপস্থিত হওয়া যায়। এই দেশে নগরসমূহ প্রাচীরবেষ্টিত, অধিবাসিগণ মুসলমান এবং কৃষ্ণবর্ণ। তাহারা মস্তক মুণ্ডন করিয়া থাকে। রাজা ও রাজকর্ম্মচারিগণ মুসলমানের পরিচ্ছদ পরিধান করিয়া থাকেন। এই দেশের ভাষার নাম বাঙ্গালা, তবে পারস্য ভাষাও ব্যবহৃত হয়। এই দেশের মুদ্রার নাম টঙ্গ-কা, সামান্য মূল্যের জন্য কড়ি ব্যবহৃত হইয়া থাকে। সমস্ত বৎসর চীন-দেশের গ্রীষ্মকালের ন্যায় গরম। দেশে বহুবিধ ধান্য, গোধুম, যব, সর্ষপ প্রভৃতি শস্য উৎপন্ন হইয়া থাকে। নারিকেল, ধান্য, তাল ও কাজঙ্গ (?) হইতে মদ্য উৎপন্ন হয় এবং প্রকাশ্যভাবে মদ্য বিক্রীত হইয়া থাকে। এই দেশে কদলী, পনস, আম্র, দাড়িম্ব, ইক্ষু প্রভৃতি ফল উৎপন্ন হইয়া থাকে।

এইদেশে ছয় প্রকার কার্পাস নির্ম্মিত সূক্ষ্মবস্ত্র বয়ন করা হয়, এই সমস্ত বস্ত্র প্রস্থে দুই হস্ত দৈর্ঘে উনবিংশ হস্ত। এই দেশে রেশমের কীট পালিত হয় ও রেশম-নির্ম্মিত বস্ত্র বয়ন করা হয়। চিকিৎসা ব্যবসায়ী, জ্যোতিষী, শিল্পী ও পণ্ডিতগণের বাস আছে। দেশে কোনও নির্দ্দিষ্ট পঞ্জিকা নাই, দ্বাদশ মাসে বৎসর গণিত হয় কিন্তু মলমাস গণনার ব্যবস্থা নাই। রাজা বাণিজ্যের জন্য বিদেশে জাহাজ পাঠাইয়া থাকে। মুক্তা ও বহুমূল্য মণিসমূহ কর-স্বরূপ চীনদেশে প্রেরিত হইয়া থাকে—Journal of the Royal Asiatic Society, 1895, pp. 529—33.

চেঙ্গ-হো যখন বাঙ্গালাদেশে আসিয়াছিলেন, তখন সৈফ্-উদ্দীন্ হম্জা-শাহ্ গৌড়ের সিংহাসনে উপবিষ্ট ছিলেন। চীনদেশের মিঙ্গ-রাজবংশের ইতিহাসানুসারে ১৪০৯ খৃষ্টাব্দে বাঙ্গালার রাজা গৈ-য়া-সুজু-টিঙ্গ (গিয়াস্-উদ্দীন্) বহু উপঢৌকনের সহিত চীনদেশে দূত প্রেরণ করিয়াছিলেন। ১৪০৯ খৃষ্টাব্দে বাঙ্গালা দেশে গিয়াস্-উদ্দীন্ উপাধিধারী কোন রাজার অস্তিত্বের প্রমাণ অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই।

সপ্তম পরিচ্ছেদ।

হিন্দুজাতির পুনরুত্থান—গণেশ ও দনুজমর্দ্দনের বংশ।

হিজরা ৮১২—৪৬, খৃষ্টাব্দ ১৪০৯—৪২

রাজা কানস্—গণেশ—আজম্ শাহের রাজস্ববিভাগের কর্ম্মচারী—শাহাব্-উদ্দীন্ বায়াজিদ্ শাহ্-গণেশের সহিত সম্বন্ধ—বায়াজিদ্ শাহের বংশ পরিচয়—বায়াজিদ্ শাহের মুদ্রা—রাজাগণেশ কর্ত্তৃক মুসলমান ধর্ম্ম দূরীকরণের চেষ্টা—মুসলমান সাধুগণের উৎপীড়ন—নূর কুতব-উল্-আলম্—সুলতান্ ইব্রাহিম্ শাহ্ শার্কী কর্ত্তৃক বাঙ্গালা দেশ-আক্রমণ—যদুর মুসলমান ধর্ম্ম অবলম্বন—ইব্রাহিম্ শাহের প্রত্যাবর্ত্তন—যদুর প্রায়শ্চিত্ত—মুসলমানগণের উৎপীড়ন—শেখ্ বদর্-উল্-ইসলাম্—ঈশান নাগরের অদ্বৈত প্রকাশ—উত্তরাপথের মুসলমান রাজগণের অবস্থা—যদুর মুসলমান পত্নীগ্রহণ—গণেশের মৃত্যু—মুসলমানপ্রীতি—গৌড়ে সংস্কৃত চর্চ্চা—জলাল্-উদ্দীন্, মহ্‌ম্মদ্ শাহ্—হিন্দু উৎপীড়ন—দনুজমর্দ্দনদেব—মালদহ, খুলনা ও পূর্ব্ববঙ্গের মুদ্রা—পাণ্ডু[illegible] ফিরোজাবাদ অধিকার—চন্দ্রদ্বীপ—মহেন্দ্রদেব—পশ্চিম ও দক্ষিণবঙ্গ অধি[illegible]—[illegible] রাজ্য প্রতিষ্ঠা—মহ্‌ম্মদ্ শাহ্ কর্ত্তৃক ফিরোজাবাদ অধিকার—দক্ষিণবঙ্গ অধিকার—চট্টগ্রাম আক্রমণ—মহ্‌ম্মদ্ শাহের মৃত্যু—একলাখী—শমস্-উদ্দীন আহ্‌মদ্ শাহ্—মুদ্রা—অত্যাচার—আহ্‌ম্মদ্ শাহের মৃত্যু।

বাঙ্গালার সুলতান্‌গণ	হিজরা।	খৃষ্টাব্দ।
শাহাব্-উদ্দীন্ বায়াজিদ্ শাহ্ ... ... ও রাজা গণেশ।	৮১২—১৭	১৪০৯—১৪
জলাল্-উদ্দীন্ মহ্‌ম্মদ্ শাহ্	৮১৭—৩৫	১৪১৪—৩১
শমস্-উদ্দীন্ আহ্‌ম্মদ্ শাহ্	৮৩৫—৪৬	১৪৩১—৪২

ফখর-উদ্দীন্ মুবারক্ শাহ্, ইখ্‌তিয়ার-উদ্দীন গাজী শাহ্, আলা-উদ্দীন্ আলী শাহ্ এবং শমস্-উদ্দীন ইলিয়াস্ শাহের বংশের মুদ্রা।

বাঙ্গালার স্বাধীন হিন্দুরাজগণ

	শকাব্দ	খৃষ্টাব্দ
দনুজমর্দ্দনদেব	১৩৩৯—৪০	১৪১৭—১৮
মহেন্দ্রদেব	১৩৪০—?	১৪১৮—?

দিল্লীর সুলতান্‌গণ

	হিজরা	
মহমুদ্ তোগ্‌লক্ (২য়)	৭৯৫—৮১৫	১৩৯২—১৪১২
দৌলৎ খাঁ লোদী	৮১৫—১৭	১৪১২—১৪
সৈয়দ খিজর্ খাঁ	৮১৭—২৪	১৪১৪—২১
মবারক্ শাহ্	৮২৪—৩৭	১৪২১—৩৩
মহম্মদ্ শাহ্	৮৩৭—৪৯	১৪৩৩—৪৫

জৌনপুরের সুলতান্‌গণ

খোজা-ই-জহান্	৭৯৬—৮০২	১৩৯৪—৯৯
মবারক্ শাহ্	৮০২—৮০৩	১৩৯৯—১৪০০
ইব্রাহিম্ শাহ্	৮০৩—৪৪	১৪০০—১৪৪০
মহমুদ্ শাহ্	৮৪৪—৬১	১৪৪০—৫৬

উড়িষ্যার রাজগণ

গঙ্গবংশীয়

৪র্থ ভানুদেব	১৪২৪—৩৪

সূর্য্যবংশীয়

কপিলেন্দ্র বা কপিলেশ্বরদেব	১৪৩৪—৭০

আসামের রাজগণ

সুজাঙ্গফা	১৪০৭—২২
সুফাকফা	১৪২২—৩৯
সুসেনফা	১৪৩৯—৮৮

নেপালরাজগণ				খৃষ্টাব্দ
জয়জ্যোতির্মল্ল	...	...	...	১৪১১—২৯
যক্ষমল্ল	...	...	...	১৪২৯—৭৪

মুসলমান ঐতিহাসিকগণের মতানুসারে খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীর প্রারম্ভে বাঙ্গালায় একজন হিন্দু জমিদার প্রবল হইয়া উঠিয়াছিলেন এবং সুলতান্ শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের প্রপৌত্র অথবা বৃদ্ধ প্রপৌত্রকে সিংহাসনচ্যুত করিয়া স্বয়ং গৌড় ও বঙ্গদেশ অধিকৃত করিয়াছিলেন। পারসিক ভাষায় লিপিবদ্ধ ইতিহাসে ইহার নাম "কানস্"[১]। "কানস্" সংস্কৃত বা বাঙ্গালা ভাষায় গণেশ অথবা কংস হইতে পারে। ওয়েষ্ট-মেকট্ (E. V. Westmacott) বলেন যে, "কানসের" সংস্কৃত মূল গণেশ[২]। ব্লথ্ম্যান (Blochmann) বলেন যে, "কানস্" "গণেশ" হইতে পারে না, কারণ পারসিক মূলে "গাফের" পরিবর্ত্তে সর্ব্বত্র "কাফ্" ব্যবহৃত হইয়াছে[৩]। বেভারিজের (Beveridge) মতানুসারে "কানস্" "গণেশ" হওয়াই সম্ভব, কারণ পারসিক হস্তলিখিত গ্রন্থে সাধারণতঃ "গাফের" পরিবর্ত্তে "কাফ্" লিখিত হয়[৪]। ডাক্তার বুকানন্ হ্যামিল্টন্ (Buchanan Hamilton) তাঁহার "প্রাচ্যভারত" নামক গ্রন্থে দিনাজপুর জেলার বিবরণে গণেশ নামই ব্যবহার করিয়াছেন[৫]। "কাফের" পরে "আলিফ্" সংযুক্ত থাকায় নামটি সংস্কৃত ও বাঙ্গালা ভাষায় গণেশ হওয়াই অধিকতর সম্ভবপর। রিয়াজ্-উস্-সালাতীন্

---

(১) রিয়াজ-উস্-সালাতীন্, পারস্য মূল, (Bibliotheca Indica) পৃঃ ১১০।

(২) Calcutta Review, Vol. LV, p. 208.

(৩) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol XLIV, 1875, pt. I, p. 287.

(৪) Ibid, Vol. LXI, 1892, pt. I, p. 118.

(৫) Eastern India, Vol. II, p. 618.

অনুসারে গণেশ ভাতুরিয়ার রাজা বা জমিদার[৬]। হ্যামিল্‌টনের মতানুসারে গণেশ দিনাজের (দিনাজপুরের?) হাকিম[৭]। আইন্-ই-আক্‌বরীতে ভাতুরিয়ার নাম নাই, কিন্তু রেনেলের (Rennell) মানচিত্র অনুসারে ইহা একটি বিস্তৃত পরগণা, ইহার পশ্চিমে মহানন্দা এবং পুনর্ভবা নদী, দক্ষিণে গঙ্গা এবং পূর্ব্বে করতোয়া ইহার সীমা[৮]। গ্লাড্‌উইন্ (Gladwin) সঙ্কলিত রাজস্ব-বিবরণ অনুসারে ভাতুরিয়ার সের একপ্রকার ওজন[৯]। গ্রাণ্টের (Grant) বিবরণ অনুসারে ভাতুরিয়া একটি প্রাচীন পরগণা এবং এক সময়ে ইহা নবাব মুয়জ্জম খাঁ, খান্-ই-খানানের (মীর্‌জুম্‌লার) জায়গীর ছিল[১০]। এককালে নাটোর ভাতুরিয়া পরগণার অন্তর্গত ছিল[১১]। গণেশ কি জাতি ছিলেন, তাহা নির্ণয় করিবার কোন উপায় আবিষ্কৃত হয় নাই, বারেন্দ্রকুলশাস্ত্র অনুসারে গণেশ ব্রাহ্মণ ছিলেন[১২] এবং কায়স্থকুলপঞ্জিকা অনুসারে তিনি কায়স্থ ছিলেন ও দিনাজপুরের রাজবংশের কুটুম্ব ছিলেন[১৩]। কিন্তু এই সকল কুলগ্রন্থের প্রমাণ কতদূর ঐতিহাসিক তাহা নির্ণীত হয় নাই।

কথিত আছে যে, গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহের রাজ্যকালে রাজা

---

(৬) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১৩, পাদটীকা।

(৭) Eastern India, Vol. II, p. 618.

(৮) Rennell's Atlas, 1778.

(৯) Revenue Accounts, 1790, p. 13.

(১০) Grant's Fifth report, p. 347.

(১১) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. LXI, 1892, pt. I, p. 120.

(১২) শ্রীযুক্ত দুর্গাচন্দ্র সান্যাল প্রণীত বাঙ্গালার সামাজিক ইতিহাস, পৃঃ ৬৯—৭৪।

(১৩) বঙ্গের জাতীয় ইতিহাস, রাজন্যকাণ্ড, পৃঃ ৩৬৮।

গণেশ রাজস্ব ও শাসনবিভাগের কর্ত্তা হইয়া উঠিয়াছিলেন[১৪]। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে রাজা গণেশের চক্রান্তে গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্ নিহত হইয়াছিলেন এবং এই ঘটনার অন্ততঃ ত্রয়োদশবর্ষ পরে আজম্ শাহের পৌত্র সুলতান্ শমস্-উদ্দীন্ও তৎকর্ত্তৃক নিহত হইয়াছিলেন। শমস্-উদ্দীনের মৃত্যুর পরে রাজা গণেশ গৌড় ও বঙ্গের সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। ব্লখ্ম্যানের (Blochmann) মতানুসারে গণেশ রাজপদবী গ্রহণ অথবা সিংহাসনে আরোহণ করেন নাই। তিনি ক্রীড়াপুত্তলিকা স্বরূপ শাহাব্-উদ্দীন্ বায়াজিদ্-শাহ্ নামক একজন মুসলমানকে সিংহাসনে উপবিষ্ট রাখিয়া স্বয়ং রাজদণ্ড পরিচালনা করিতেন[১৫]। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে, শাহাব্-উদ্দীন্, সুলতান্ শমস্-উদ্দীনের নামান্তর মাত্র[১৬]। সৈফ্-উদ্দীন্ হম্জা শাহের পুত্র সুলতান্ শমস্-উদ্দীনের নামাঙ্কিত কোনও মুদ্রা অথবা তাঁহার রাজ্যকালের কোনও শিলালিপি অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই, সুতরাং তাঁহার মৃত্যুকাল নির্ণীত হওয়া কঠিন। শাহাব্-উদ্দীন্ বায়াজিদ্ শাহ্ ৮১২ হইতে ৮১৭ হিজরা পর্য্যন্ত জীবিত ছিলেন, কারণ ৮১২,[১৭] ৮১৬,[১৮] ও ৮১৭[১৯] হিজরায় তাঁহার নামে মুদ্রিত রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে। রাজা গণেশ বাধ্য হইয়া শেখ্ নূর কুতব্-উল্-

---

(১৪) গৌড়ের ইতিহাস, দ্বিতীয় খণ্ড, পৃঃ ৩৫।

(১৫) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 263.

(১৬) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১২।

(১৭) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 160, No. 89.

(১৮) Ibid, p. 161, No. 91.

(১৯) Ibid, pp. 160—61, No. 90, 92.

আলমের নিকট মুসলমানধর্ম্ম গ্রহণ করিতে স্বীকার করিয়াছিলেন, কিন্তু তাহার পত্নী তাহাকে স্বধর্ম্ম পরিত্যাগ করিতে দেন নাই। গণেশ মুসলমানগণের প্রীত্যর্থে হিন্দু থাকিয়াও হয়ত শাহাব্-উদ্দীন্ বায়াজিদ্ শাহ্ উপাধি গ্রহণ করিয়াছিলেন। ৮১৭ হিজরায় অথবা কিঞ্চিৎ পূর্ব্বে সুলতান্ শাহাব্-উদ্দীন্ বায়াজিদ্ শাহ্ উপাধিধারী রাজা গণেশের, অথবা ক্রীড়াপুত্তলিকা বায়াজিদ্ শাহের এবং তাঁহার প্রকৃত প্রভু রাজা গণেশের মৃত্যু হইয়াছিল, কারণ ৮১৮ হিজরা হইতে রাজা গণেশের পুত্র যদু, সুলতান্ জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্ উপাধি গ্রহণ করিয়া, ফিরোজাবাদ হইতে নিজ নামে মুদ্রাঙ্কন আরম্ভ করিয়াছিলেন[২০]।

রিয়াজ্-উস্-সালাতীন্-প্রণেতা গোলাম হোসেন মুসলমান, তিনি মাত্র মুসলমানরচিত ইতিহাস অবলম্বনে গ্রন্থরচনা করিয়াছিলেন, সুতরাং তাঁহার গ্রন্থে গণেশের নিন্দা ব্যতীত প্রশংসা নাই। ব্লথ্ম্যান সত্যই বলিয়াছেন যে, রিয়াজ্-উস্-সালাতীনে গণেশের শত্রুপক্ষের উক্তিই লিপিবদ্ধ আছে[২১]। রিয়াজ্-উস্-সালাতীন্, তারিখ্-ই-ফেরেশ্‌তা ও তবকাৎ-ই-আক্‌বরীতে রাজা গণেশের বিবরণ আছে, তন্মধ্যে রিয়াজ্-উস্-সালাতীনেই সর্ব্বাপেক্ষা বিশদ্ বিবরণ দেখিতে পাওয়া যায়। গোলাম হোসেনের মতানুসারে রাজা গণেশ বাঙ্গালাদেশ হইতে মুসলমানধর্ম্ম দূর করিবার চেষ্টা করিয়াছিলেন, তিনি সমস্ত মুসলমান বিনাশের উদ্যোগ করিয়াছিলেন এবং তাঁহার আদেশে বহু শিক্ষিত মুসলমান নিহত হইয়াছিলেন। শেখ্ মুঈন্-উদ্দীন্ আব্বাসের পুত্র শেখ্ বদর্-উল্-ইস্‌লাম্ রাজা গণেশকে অভিবাদন না করায় তাঁহার আদেশে নিহত

(২০) Ibid, p. 161, No. 93.

(২১) Journal of the Asiatic Society of Bengal, Vol. XLII, 1873, . I, p. 264.

হইয়াছিলেন। সেইদিনই অবশিষ্ট শিক্ষিত মুসলমানগণকে নৌকায় আরোহণ করাইয়া নদীর মধ্যস্থলে লইয়া গিয়া জলমগ্ন করা হইয়াছিল। মুসলমানগণের প্রতি অত্যাচারে বিচলিত হইয়া, শেখ্ নূর কুতব্-উল্-আলম্, জৌনপুরের সুলতান্ ইব্রাহিম্ শাহ্ শার্কীকে একখানি পত্র লিখিয়াছিলেন এবং সেই পত্রে ইব্রাহিম্ শাহ্কে গৌড়রাজ্য আক্রমণ করিতে অনুরোধ করিয়াছিলেন। কাজী শাহাব্-উদ্দীন্ জৌনপুরী, ইব্রাহিম্ শাহ্কে নূর কুতব্-উল্-আলমের অনুরোধ রক্ষা করিতে পরামর্শ দিয়াছিলেন। সুলতান্ ইব্রাহিম্ শাহ্ শার্কী গণেশের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়া ফিরোজপুরে শিবির স্থাপন করিলে রাজা গণেশ শেখ্ নূর কুতব্-উল্-আলমের শরণাগত হইয়াছিলেন। রাজা শেখের চরণতলে মস্তক স্থাপন করিলে তিনি প্রসন্ন হইয়া কহিয়াছিলেন যে, গণেশ মুসলমান-ধর্ম্ম অবলম্বন করিলে তিনি তাঁহার রাজ্যরক্ষার জন্য ইব্রাহিম্ শাহ্কে অনুরোধ করিতে পারেন। গণেশ স্বধর্ম্ম ত্যাগ করিতে প্রস্তুত হইয়াছিলেন, কিন্তু তাহার পত্নী তাঁহাকে মুসলমানধর্ম্ম গ্রহণ করিতে দেন নাই। তাঁহার অনুরোধে নূর কুতব্-উল্-আলম্ গণেশের পুত্র যত্নকে মুসলমানধর্ম্মে দীক্ষিত করিয়া তাঁহাকে জলাল্-উদ্দীন্ নাম দিয়াছিলেন। ইহার পরে জলাল্-উদ্দীন্ গৌড়ের অধিকার লাভ করিয়াছিলেন, এবং রাজ্যে নমাজের সময়ে তাঁহার নামে খোৎবা পঠিত হইয়াছিল। তখন নূর কুতব্-উল্-আলম্ ইব্রাহিম্ শাহের শিবিরে গিয়া তাঁহাকে নিবৃত্ত হইতে অনুরোধ করিয়াছিলেন। তৎক্ষণাৎ তাঁহার আদেশ পালিত হয় নাই বলিয়া, শেখ্ নূর কুতব্-উল্-আলম্, ইব্রাহিম্-শাহ্কে ও কাজী শাহাব্-উদ্দীন্কে অভিশাপ দিয়াছিলেন। ইব্রাহিম্-শাহ্ ব্যর্থমনোরথ হইয়া জৌনপুরে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন এবং অতি অল্পকাল মধ্যে মৃত্যুমুখে পতিত হইয়াছিলেন। রাজা গণেশ

সম্বন্ধে ইহাই গোলাম-হোসেনের উক্তির সারাংশ[২২]। ইহা সর্ব্বথা সত্য নহে, কারণ তারিখ্-ই-ফেরেশ্‌তা, অথবা মখ্‌জন্-উৎ-তওয়ারিখে ইব্রাহিম্ শাহ্ কর্ত্তৃক গৌড়রাজ্য আক্রমণের কথা নাই এবং গৌড় হইতে প্রত্যাবর্ত্তনের বহুকাল পরে, এবং রাজা গণেশের মৃত্যুর অন্ততঃ ষড়্‌বিংশতিবর্ষ পরে জৌনপুরের সুলতান্ ইব্রাহিম্ শাহের মৃত্যু হইয়াছিল[২৩]। রিয়াজ্-উস্-সালাতীন্‌কারের উক্তির অবশিষ্টাংশ সত্য কি না তাহা নির্ণয় করিবার উপায় অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। কারণ রিয়াজ্-উস্-সালাতীন্ ব্যতীত গণেশের সমসাময়িক ইতিহাস সঙ্কলনের অন্য কোনও উপাদান অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। গণেশের পুত্র মুসলমান হইয়াছিলেন, তাহার নাম যদু এবং তিনি জলাল্-উদ্দীন্ মহম্মদ-শাহ্ উপাধি গ্রহণ করিয়াছিলেন ইহাও সত্য, কিন্তু গণেশ মুসলমানধর্ম্ম অবলম্বন করিতে প্রস্তুত হইয়াছিলেন কি না এবং পরে পত্নীর অনুরোধে নিরস্ত হইয়াছিলেন কি না তাহা নির্ণয় করিতে পারা যায় না।

গোলাম হোসেন বলেন যে, ইব্রাহিম্ শাহের মৃত্যুর সংবাদ পাইয়া, রাজা গণেশ জলাল্-উদ্দীন্‌কে সিংহাসনচ্যুত করিয়াছিলেন এবং স্বয়ং পুনর্ব্বার সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। তাঁহার আদেশে যদু বা জলাল্-উদ্দীন্, সুবর্ণনির্ম্মিত গাভীর মুখে প্রবিষ্ট হইয়া, পশ্চাৎদেশ দিয়া নির্গত হইয়াছিলেন। পরে সেই গাভীর সুবর্ণ ব্রাহ্মণগণের মধ্যে বিতরিত হইয়াছিল। যদু বা জলাল্-উদ্দীন্ বিখ্যাত মুসলমান সাধু শেখ্ নূর কুতব্-উল্-আলম্ কর্ত্তৃক দীক্ষিত হইয়াছিলেন, সেইজন্য মুসলমানধর্ম্মে তাঁহার আস্থা হ্রাস হয় নাই। গণেশ ইহার পরেও মুসল-

(২২) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১৩—১১৭।

(২৩) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 208.

মানগণের উপর অনেক অত্যাচার করিয়াছিলেন। তাঁহার আদেশে শেখ্ নূর কুতব্-উল্-আলমের পুত্র শেখ্ আনোয়র ও শেখ্ জাহিদ্ কারাগারে আবদ্ধ হইয়াছিলেন এবং শেখ্ নূর কুতব্-উল্-আলমের পরিচারক ও অনুচরবর্গের সম্পত্তি লুণ্ঠিত হইয়াছিল। শেখ্ আনোয়র ও শেখ্ জাহিদ্ পরে সুবর্ণগ্রামে নির্ব্বাসিত হইয়াছিলেন এবং তথায় শেখ্ আনোয়র গণেশের অনুচরবর্গ কর্ত্তৃক নিহত হইয়াছিলেন[২৪]।

৭৯৯ হিজরায় (১৩৯৬ খৃষ্টাব্দে) অথবা তাহার কিঞ্চিৎ পরে গিয়াস্-উদ্দীন্-আজম্ শাহের মৃত্যু হইয়াছিল। ইহার পূর্ব্বে ভাতুরিয়া পরগণার রাজা গণেশ পরাক্রান্ত হইয়া উঠিয়াছিলেন, কারণ তাঁহার চক্রান্তে আজম্ শাহ্ নিহত হইয়াছিলেন[২৫]। গিয়াস্-উদ্দীন্-আজম্ শাহের পুত্র সৈফ্-উদ্দীন্ হম্জা শাহ্ তিন বৎসর অথবা দশবৎসর রাজ্যভোগ করিয়াছিলেন, সুতরাং ৮০২ অথবা ৮০৯ হিজরায় (১৩৯৯ অথবা ১৪০৮ খৃষ্টাব্দে) তাঁহার মৃত্যু হইয়াছিল। রাইট ও লেনপুল, ৮০৯ হিজরা সৈফ্-উদ্দীন্ হম্জা শাহের মৃত্যুকাল ধরিয়া লইয়াছেন[২৬]। হম্জা শাহের পুত্র সুলতান্ শমস্-উদ্দীন্ তিন বৎসরের কিঞ্চিদধিককাল সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন[২৭]। তিনি সম্ভবতঃ ৮০৯ হিজরা হইতে ৮১২ হিজরা পর্য্যন্ত (১৪০৬—৯ খৃষ্টাব্দ) গৌড়ের অধীশ্বর ছিলেন[২৮]। মুদ্রাতত্ত্বের প্রমাণ অনুসারে শাহাব্-উদ্দীন্ বায়াজিদ্-শাহ্ ৮১২ হইতে

(২৪) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১৬—১৭।

(২৫) ঐ, পৃঃ ১১১।

(২৬) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 131.

(২৭) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১২।

(২৮) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 131.

৮১৭ হিজরা পর্য্যন্ত ফিরোজাবাদে রাজত্ব করিয়াছিলেন এবং ৮১৮ হিজরায় (১৪১৫ খৃষ্টাব্দে) গণেশের পুত্র যদু সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। ইহা হইতে স্পষ্ট প্রমাণ হইতেছে যে, গণেশ ৭৯৯ হিজরা হইতে ৮১৭ হিজরা পর্য্যন্ত (১৩৯৬—১৪১৫ খৃষ্টাব্দ) কোনও সময়ে স্বাধীনতা অবলম্বন করিয়া গৌড়ের রাজসিংহাসনে উপবেশন করেন নাই। মুসলমান ঐতিহাসিকগণের উক্তি হইতে বুঝিতে পারা যায় যে, গণেশ অত্যন্ত পরাক্রান্ত হইয়া উঠিয়াছিলেন এবং গিয়াস্-উদ্দীন্ আজম্-শাহের মৃত্যুকাল হইতে জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহের অভিষেককাল পর্য্যন্ত তাঁহারই আদেশে, গৌড়ে বাদ্‌শাহ্‌গণের অভিষেক-ক্রিয়া সম্পাদিত হইত, কিন্তু তিনি কথনও স্বাধীনতার চিহ্নস্বরূপ নিজনামে মুদ্রাঙ্কন করেন নাই। মুসলমান-সমাজে নিজনামে মুদ্রাঙ্কন ও প্রকাশ্য নমাজের সময়ে নামোল্লেথ কেবল স্বাধীন রাজারই সম্ভব। গণেশের নামাঙ্কিত কোন মুদ্রা আবিষ্কৃত হয় নাই ; তিনি হিন্দু, সুতরাং নমাজের সময় তাঁহার নামোল্লেথ অসম্ভব এবং সুলতান্ শমস্-উদ্দীনের মৃত্যুকাল হইতে গণেশের পুত্র যদু বা জলাল্-উদ্দীনের অভিষেককাল পর্য্যন্ত, শাহাব্-উদ্দীন্ বায়াজিদ্ শাহের নামে ফিরোজাবাদে মুদ্রাঙ্কন হইয়াছিল। সুতরাং রাজা গণেশের গৌড়ীয় সিংহাসনে আরোহণ ও স্বাধীনতা-ঘোষণার স্বপক্ষে প্রমাণাভাব। গণেশ হিন্দু, কিন্তু তিনি মুসলমানরাজ্যে এত অধিক পরাক্রান্ত হইয়া উঠিয়াছিলেন যে, তাঁহার আদেশে, শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের বংশধরগণ গৌড়বঙ্গের সিংহাসন লাভ করিতেন অথবা সিংহাসনচ্যুত হইতেন। রিয়াজ্-উস্-সালাতীন্-প্রণেতা মুসলমান, তিনি মুসলমান-রচিত গ্রন্থ অবলম্বনে ইতিহাস রচনা করিয়াছিলেন। তাঁহার গ্রন্থে গণেশের প্রশংসা দেখিতে পাওয়া যায় না ; তাহার কারণ গণেশ বিধর্ম্মী হিন্দু হইয়াও গৌড়রাজ্যে বাদ্‌শাহ্ অপেক্ষা

পরাক্রান্ত হইয়া উঠিয়াছিলেন। গোলাম হোসেন গণেশের চরিত্রে কালিমা লেপনের জন্য যে কয়টি কাহিনী লিপিবদ্ধ করিয়াছেন, সে কয়টিই গণেশের চরিত্রের দৃঢ়তা-পরিচায়ক। কথিত আছে, শেখ্ বদর্-উল্-ইস্লাম্ রাজাকে অভিবাদন না করিয়া তাঁহার সম্মুখে উপবেশন করিয়াছিলেন। ইহার কারণ জিজ্ঞাসিত হইলে, শেখ্ যে উত্তর দিয়াছিলেন, তাহার জন্য জগতের ইতিহাসে, যে কোনও যুগে, সভ্য বা অসভ্য দেশে, তিনি কঠিন রাজদণ্ডে দণ্ডিত হইতেন। গণেশ তাহাকে দণ্ড দিয়াছিলেন কি না গোলাম হোসেন তাহা লিপিবদ্ধ করেন নাই। তিনি লিখিয়াছেন যে, দ্বিতীয়দিন গণেশের গৃহে প্রবেশকালে শেখ্ বদর্-উল্-ইস্লাম্ মস্তক অবনত করেন নাই বলিয়া গণেশ তাহার প্রাণদণ্ড করিয়াছিলেন ২৯। খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীর প্রারম্ভে, প্রাচ্যে বা প্রতীচ্যে, পৃথিবীর যে কোনও দেশে, কোনও রাজ্যে, কোন ধর্ম্মযাজক, রাজাকে এইরূপভাবে অবমানিত করিলে, তাঁহাকে প্রাণদণ্ডাপেক্ষা ভীষণতর দণ্ডে দণ্ডিত হইতে হইত। যদি কোন হিন্দু কোনও মুসলমান রাজাকে এইরূপভাবে অবমানিত করিত, তাহা হইলে মুসলমান রাজা কি তাহাকে পুরস্কৃত করিতেন? গোলাম হোসেন মুসলমান ধর্ম্মযাজক ও শিক্ষিত সম্প্রদায়ের প্রতি গণেশের অত্যাচারের যে সমস্ত কথা লিপিবদ্ধ করিয়াছেন, তাহা সত্য হওয়াই সম্ভব, কারণ রিয়াজ্-উস্-সালাতীন্ হইতে স্পষ্ট বুঝিতে পারা যায় যে, মুসলমান-বিজিত ভারতে, বহুকাল পরে, একজন হিন্দুরাজা পরাক্রান্ত হইয়া উঠায়, গৌড়দেশের মুসলমান-সম্প্রদায় অত্যন্ত বিচলিত হইয়া উঠিয়াছিল। গৌড় ও বঙ্গে নিম্নশ্রেণীর জনসমাজ মুসলমান পীর ও ফকীরগণের অত্যাচারের ভয়ে, মুসলমান ধর্ম্মে হিন্দুধর্ম্মের

---

(২৯) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১৩—১৪।

কঠোরতার অভাব দেখিয়া এবং মুসলমান-শাসিত রাজ্যে উচ্চজাতীয় হিন্দু অপেক্ষা মুসলমান ধর্ম্মাবলম্বী ইতরশ্রেণীর ব্যক্তিগণের অধিকতর সমাদর দেখিয়া মুসমলান ধর্ম্ম অবলম্বন করিয়াছিল। এই সকল নিম্নশ্রেণীর মুসলমান সমাজে, রাজা অপেক্ষা, পীর, ফকীর, মুরশিদ্ প্রভৃতি উপাধিধারী ধর্ম্মযাজকগণের প্রভাব অত্যন্ত অধিক ছিল। শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের বংশধরগণ হীনবল হইয়া পড়িলে এবং বিধর্ম্মী হিন্দুরাজা গণেশ পরাক্রান্ত হইয়া উঠিলে, এই সকল ধর্ম্মযাজকগণ সম্ভবতঃ তাঁহাদিগের শিষ্যসেবকগণকে উত্তেজিত করিয়া গণেশের প্রাধান্য স্থাপনে বাধা দিয়াছিলেন, সেইজন্যই গণেশ মুসলমান ধর্ম্মযাজকদিগকে হত্যা করিতে বাধ্য হইয়াছিলেন। গণেশ কর্ত্তৃক গৌড়ের একজন মুসলমান বাদশাহ্-হত্যার কথা ঈশান নাগরের অদ্বৈত প্রকাশে দেখিতে পাওয়া যায় [৩০]।

শেখ্ নূর্ কুতব্-উল্-আলম্ ও রাজা গণেশ সম্বন্ধে গোলাম হোসেন যে সকল কথা লিপিবদ্ধ করিয়াছেন, তাহা সত্য না হইলেও না হইতে পারে। জৌনপুরের সুলতান্ ইব্রাহিম্ শাহ্ শার্কী কোনও সময়ে গৌড় বা লক্ষ্মণাবতী আক্রমণ করেন নাই, কারণ তারিখ্-ই-ফেরেশ্‌তা বা মুস্তখব্-উৎ-তওয়ারিখে ইব্রাহিম্ শাহের গৌড়াভিযানের উল্লেখ নাই। গোলাম হোসেন বলিয়াছেন যে, তখন ইব্রাহিম্ শাহের রাজ্য

---

(৩০) "যেই নরসিংহ নাড়িয়াল বলি খ্যাত।
সিদ্ধশ্রোত্রিয়াখ্য আর ওঝার বংশজাত॥
যেই নরসিংহ যশঃ ঘোষে ত্রিভুবন।
সর্ব্বশাস্ত্রে সুপণ্ডিত অতি বিচক্ষণ॥
যাহার মন্ত্রণা-বলে শ্রীগণেশ রাজা।
গৌড়িয়া বাদশাহে মারি' গৌড়ে হৈল রাজা॥"
—১৪৯০ শকে রচিত অদ্বৈত প্রকাশ, অধ্যায়, ১ পৃঃ ৩।

বিহারের সীমা পর্য্যন্ত বিস্তৃত ছিল ৩১, ইহা সত্য, কারণ ইব্রাহিম্ শাহের অধিকার প্রাচীন দিল্লীর নগরপ্রাচীর হইতে মগধের কিয়দংশ পর্য্যন্ত বিস্তৃত ছিল। নূর কুতব্-উল্-আলম্ গৌড়ীয় মুসলমানগণের প্রতিনিধি-স্বরূপ, হয়ত ইব্রাহিম্ শাহ্কে বিধর্ম্মী রাজার বিনাশসাধনের জন্য, তাঁহাকে গৌড়রাজ্যে আক্রমণ করিতে অনুরোধ করিয়াছিলেন; কিন্তু ইব্রাহিম্ শাহ্ সে অনুরোধ রক্ষা করিতে পারিয়াছিলেন বলিয়া বোধ হয় না। তখন তিনি, ফিরোজ্ শাহের বংশধর, মহ্মুদ শাহ্ তোগ্-লকের নিকট হইতে তোগ্লক্ বংশের অধিকারের ধ্বংসাবশেষ গ্রাস করিতে সমুৎসুক। বস্তুতঃ ইব্রাহিম্ শাহ্ শার্কী ব্যতীত উত্তরাপথে বিপন্ন মুসলমান-ধর্ম্মযাজকগণের আশ্রয়স্থল হইতে পারেন এইরূপ পরাক্রান্ত মুসলমান নরপতি কেহ ছিলেন না। ফিরোজ্ শাহের মৃত্যুর পরে তাঁহার পৌত্র দ্বিতীয় গিয়াস্-উদ্দীন্ তোগ্লক্ শাহ্ ৭৯০ হিজরায় (১৩৮৮ খৃষ্টাব্দে) দিল্লীর সিংহাসনে আরোহণ করিয়াছিলেন ৩২, কিন্তু তাঁহার রাজ্যের প্রথম বর্ষ পূর্ণ হইবার পূর্ব্বেই তিনি নিহত হইয়াছিলেন এবং ফিরোজ্ শাহের অপর পৌত্র আবুবকর্ সিংহাসন লাভ করিয়া-ছিলেন ৩৩। ৭৯২ হিজরায় (১৩৮৯ খৃষ্টাব্দে) ফিরোজ্ শাহের প্রধান মন্ত্রী খান্-ই-জহান্কে পরাজিত করিয়া ফিরোজ্ শাহের তৃতীয় পুত্র মহ্মদ্ পিতৃসিংহাসনে আরোহণ করিয়াছিলেন ৩৪। ৭৯৫ বা ৭৯৬ হিজরায় (১৩৯২ খৃষ্টাব্দে) তাঁহার মৃত্যু হইলে, তৎপুত্র শাহ্জাদা হুমায়ূন

(৩১) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১৪।

(৩২) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. I, pt. I, p. 2.

(৩৩) Ibid.

(৩৪) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৩৪৩।

সিকন্দর শাহ্ উপাধি গ্রহণ করিয়া পঞ্চচত্বারিংশ দিবসমাত্র দিল্লীর সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন[৩৫]। তাঁহার পরে, মহম্মদ্ শাহের অপর পুত্র মহ্মুদ্ শাহ্, সিংহাসনে আরোহণ করিয়াছিলেন[৩৬]। তাঁহার রাজ্যকালে ফিরোজ্ শাহের অপর পৌত্র নস্রৎ শাহ্ পুরাতন দিল্লীর অনতিদূরে ফিরোজাবাদে স্বাধীনতা অবলম্বন করিয়াছিলেন[৩৭]। মহ্মুদ্ শাহ্ ও নস্রৎ শাহ্ নিয়ত দিল্লীর অধিকারের জন্য যুদ্ধবিগ্রহে লিপ্ত ছিলেন, এই অবসরে ইব্রাহিম্ শাহ্ শার্কী দিল্লীর নগর-প্রাচীর পর্য্যন্ত স্বীয় রাজ্যসীমা বিস্তার করিয়াছিলেন। ৮০১ হিজরায় (১৩৯৮ খৃষ্টাব্দে) প্রসিদ্ধ দিগ্বিজয়ী বীর মোঙ্গোলরাজ তৈমুর ভারতবর্ষ আক্রমণ করিয়া পঞ্জাব ও দিল্লী অধিকার করিয়াছিলেন[৩৮]। তৈমুর প্রস্থান করিলে, দিল্লীতে অরাজকতা উপস্থিত হইয়াছিল এবং ভারতবর্ষের সাম্রাজ্য ভিন্ন ভিন্ন ক্ষুদ্র খণ্ডরাজ্যে বিভক্ত হইয়াছিল। তৈমুরের আক্রমণের সময়ে মহ্মুদ্ শাহ্ গুজরাটে পলায়ন করিয়াছিলেন, তিনি ৮০৪ হিজরায় (১৪০১ খৃষ্টাব্দে) দিল্লীতে ফিরিয়া আসিয়া ৮১৫ হিজরা (১৪১২ খৃষ্টাব্দ) পর্য্যন্ত জীবিত ছিলেন[৩৯]। ইহার পরে ৮৫৫ হিজরায় (১৪৫১ খৃষ্টাব্দে) বহ্লোল্ লোদীর রাজ্যলাভ পর্য্যন্ত দিল্লীর অধীশ্বরগণ সামান্য ভূস্বামী মাত্র ছিলেন। সুতরাং জৌনপুরের সুলতান্ ইব্রাহিমের আশ্রয়গ্রহণ ব্যতীত বাঙ্গালার মুসলমানগণের গত্যন্তর ছিল না।

রাজা গণেশের পুত্র যদু মুসলমানধর্ম্ম গ্রহণ করিয়াছিলেন ইহা সত্য।

---

(৩৫) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৩৪৭—৪৮।
(৩৬) ঐ, পৃঃ ৩৪৮।
(৩৭) ঐ, পৃঃ ৩৫০।
(৩৮) ঐ, পৃঃ ৩৫৬।
(৩৯) ঐ, পৃঃ ৩৬১, ৩৬৬।

তবকাৎ-ই-আক্‌বরী অনুসারে যদু রাজ্যলোভে মুসলমান ধর্ম্ম অবলম্বন করিয়াছিলেন [৪০], কিন্তু রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে শেখ্ নূর কুতব-উল্-ইস্‌লামের ন্যায় বিখ্যাত সাধু কর্ত্তৃক দীক্ষিত হইয়াছিলেন বলিয়া যদু মুসলমানধর্ম্ম পরিত্যাগ করিতে পারেন নাই [৪১]। গণেশের পুত্রের মুসলমান ধর্ম্মাবলম্বনের প্রকৃত কারণ অদ্যাবধি নির্ণীত হয় নাই। বারেন্দ্রভূমিতে প্রচলিত প্রবাদ অনুসারে যদু ইলিয়াস্ শাহের বংশজাতা কোন সম্ভ্রান্তা মুসলমান রমণীর রূপে মোহিত হইয়া স্বধর্ম্ম বিসর্জ্জন দিয়াছিলেন। কোনও মতে যদু আজম্ শাহের কন্যা আসমান্ তারার পাণিগ্রহণ করিয়াছিলেন [৪২], মতান্তরে যদুর মুসলমান পত্নীর নাম ফুলজানি বেগম [৪৩]।

যে কোনও কারণে হউক, যদু মুসলমান ধর্ম্ম গ্রহণ করিলে রাজা গণেশ সুবর্ণধেনু ব্রত [৪৪] করাইয়া তাঁহার প্রায়শ্চিত্তের ব্যবস্থা করিয়াছিলেন। এই সুবর্ণধেনু-ব্রতের হাস্যোদ্দীপক বিবরণ গোলাম হোসেন লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। রিয়াজ্-উস্-সালাতীনে গণেশের নিন্দা ব্যতীত প্রশংসা দেখিতে পাওয়া যায় না, কিন্তু তারিখ্-ই-ফেরেশ্‌তায় তাঁহার যথেষ্ট প্রশংসা আছে। ফেরেশ্‌তা বলিয়াছেন যে, গণেশ মুসলমান হন নাই, কিন্তু তিনি মুসলমানদিগকে অত্যন্ত সমাদর

---

(৪০) তবকাৎ-ই-আক্‌বরী, পারস্য মূল, নওলকিশোর প্রেস, পৃঃ ৫২৪।

(৪১) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১৬।

(৪২) শ্রীযুক্ত দুর্গাচন্দ্র সান্ন্যাল প্রণীত বাঙ্গালার সামাজিক ইতিহাস, পৃঃ ৭৬।

(৪৩) ৺শ্রীশচন্দ্র মজুমদার প্রণীত ফুলজানি।

(৪৪) রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে সুবর্ণনির্ম্মিত গাভীর মুখ দিয়া যদুকে প্রবিষ্ট করাইয়া পশ্চাদ্দেশ দিয়া বাহির করা হইয়াছিল, সম্ভবতঃ এই ব্রতের নাম সুবর্ণধেনু; কিন্তু হেমাদ্রিরচিত চতুর্ব্বর্গচিন্তামণির ব্রতখণ্ডে বা প্রায়শ্চিত্ত খণ্ডে এই জাতীয় ব্রতের উল্লেখ দেখিতে পাওয়া যায় না।

করিতেন [৪৫]। তাঁহার মৃত্যুর পরে, গৌড়ীয় কোন কোন মুসলমান, প্রকৃত মুসলমানের ন্যায় তাঁহার শব সমাধিস্থ করিবার ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্, তবকাৎ-ই-আক্‌বরী ও তারিখ্-ই-ফেরেশ্‌তা অনুসারে রাজা গণেশ সাত বৎসর রাজ্যভোগ করিয়াছিলেন।

মুসলমান-অধিকৃত উত্তরাপথে যিনি সর্ব্বপ্রথমে হিন্দুর আধিপত্য বিস্তার করিয়াছিলেন, তিনি যে অসাধারণ ব্যক্তি ছিলেন, সে বিষয়ে সন্দেহ নাই। তিনি যে সর্ব্ববিষয়ে গৌড়দেশে মুসলমানগণের ক্ষমতা খর্ব্ব করিয়াছিলেন, মুসলমান ঐতিহাসিকগণের নিন্দার পরিমাণই তাহার যথেষ্ট প্রমাণ। গণেশ মুসলমানগণের প্রতি অন্যায় অত্যাচার করিতেন বলিয়া বোধ হয় না, কিন্তু সম্ভবতঃ অযথা-প্রশ্রয়-প্রয়াসী হইলে, তিনি মুসলমান ধর্ম্মযাজক ও ওমরাহ্‌গণকে কঠোর রাজদণ্ডে দণ্ডিত করিতেন। গণেশ নবপ্রতিষ্ঠিত রাজ্যে হিন্দুধর্ম্মের প্রাধান্য স্থাপনের চেষ্টা করিয়াছিলেন, সুবর্ণধেনুব্রত দ্বারা বহুর প্রায়শ্চিত্ত ব্যবস্থা তাহার কিঞ্চিৎ প্রমাণাভাস মাত্র। রাজা গণেশের সময় হইতে গৌড়ে ও বঙ্গে পুনরায় সংস্কৃতচর্চ্চা আরব্ধ হইয়াছিল,—সংস্কৃতভাষায় গ্রন্থরচনা আরব্ধ হইয়াছিল [৪৬] এবং বাঙ্গালাভাষার উন্নতির সূচনা হইয়াছিল। এই সকল

(৪৫) তারিখ্-ই-ফেরেশ্‌তা, পারস্য মূল, নওলকিশোর প্রেস, সপ্তম ভাগ, পৃঃ ২৯৭।

(৪৬) মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের মতানুসারে গণেশের অভ্যুদয় কাল হইতে বাঙ্গালাদেশে সংস্কৃত গ্রন্থ রচনা আরব্ধ হইয়াছিল। "এই (পঞ্চদশ) শতকে রাঢ়ীশ্রেণী বৃহস্পতি নামে একজন বড় পণ্ডিত গৌড়ের সুলতান্, রাজা গণেশ ও তাঁহার মুসলমান উত্তরাধিকারিগণের নিকট "রায় মুকুট" এই উপাধি পাইয়াছিলেন এবং তিনি একখানি স্মৃতি, অনেকগুলি কাব্যের টীকা ও অমরকোষের একখানি টীকা লিখিয়া বাঙ্গালাদেশে সংস্কৃত শিক্ষার বিশেষ উপকার করিয়া যান। তাঁহার অমরকোষের টীকা একখানি প্রামাণিক গ্রন্থ। তিনি ঐ টীকায়

চিত্র ৮

(ক)

মুসলমানযুগের গৌড়ীয় ভাস্কর্য্য নিদর্শন, কলিকাতা চিত্রশালা।

(খ)

বোধিচর্য্যাবতার বিক্রমাব্দ ১৪৯২, এসিয়াটিক সোসাইটির পুঁথি।

গণেশ অথবা যদু যাহা করিতে পারেন নাই অথবা করিতে ভরসা করেন নাই, আর একজন বাঙ্গালী হিন্দুরাজা কর্তৃক তাহা স্বচ্ছন্দে সম্পাদিত হইয়াছিল। তাঁহার নাম দনুজমর্দ্দনদেব। মুসলমান-রচিত ইতিহাসে অথবা হিন্দুর পুরাণে তাঁহার পরিচয় লিপিবদ্ধ হয় নাই। রিয়াজ্-উস্-সালাতীনে, তারিখ্-ই-ফেরেশ্তায় অথবা তবকাৎ-ই-আক্‌বরীতে তাঁহার নাম নাই। কায়স্থজাতির কুলপঞ্জিকায় তাঁহার নামমাত্র আছে, তদনুসারে তিনি জাতিতে কায়স্থ এবং চন্দ্রদ্বীপের কায়স্থ রাজবংশের প্রতিষ্ঠাতা। চন্দ্রদ্বীপের রাজবংশ সম্বন্ধে ইদিলপুরের ঘটকগণের কারিকা ও কতিপয় রজতমুদ্রা ব্যতীত দনুজমর্দ্দনদেবের অস্তিত্বের অপর কোনও নিদর্শন অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। কায়স্থজাতির কুলপঞ্জিকা হইতে ডাক্তার ওয়াইজ্ (Dr. Wise) ৫১ ও প্রাচ্যবিদ্যামহার্ণব সিদ্ধান্তবারিধি শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু ৫২ দনুজমর্দ্দনদেবের পরিচয় ও কালনির্ণয় করিতে চেষ্টা করিয়াছিলেন, কিন্তু উভয়েই তাঁহাকে সুলতান্ গিয়াস্-উদ্দীন্ বল্‌বনের সমসাময়িক সুবর্ণগ্রামের অধিপতি দনুজরায় মনে করিয়াছিলেন। এই দনুজরায় ১২৮১ খৃষ্টাব্দে বিদ্যমান ছিলেন ৫৩। দনুজমর্দ্দনদেবের মুদ্রা আবিষ্কৃত হইলে তাঁহার প্রকৃতকালনির্ণয় সম্ভবপর হইয়াছে। বহুপূর্ব্বে, গৌড়ে দনুজমর্দ্দনদেবের নামাঙ্কিত একটি রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছিল, ইহাতে তারিখ ছিল না, অথবা তখন তাহা পড়িতে পারা যায় নাই। ১৮০৭ খৃষ্টাব্দে গৌড়ের বিবরণ-রচয়িতা ক্রেইটনের (Creighton) মৃত্যু হইয়াছিল, তৎপূর্ব্বে এই মুদ্রাটি আবিষ্কৃত

(৫১) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII, 1874, pt. I, p. 206.

(৫২) Ibid Vol. LXV, 1896, pt. I, pp. 32—33.

(৫৩) Elliot's History of India, Vol. III, p. 116.

হইয়াছিল। ১৮১৭ খৃষ্টাব্দে মুদ্রিত ক্রেইটনের গৌড় বিবরণে এই মুদ্রাটির বিবরণ প্রদত্ত হইয়াছে [৫৪]। এই মুদ্রাটি এখন কোথায় রক্ষিত আছে, তাহা বলিতে পারা যায় না। ১৩১৭ বঙ্গাব্দের পূর্ব্বে মালদহ জেলায় পাণ্ডুয়ায়, আদিনা মসজিদের উত্তর পূর্ব্বাংশে, ন্যূনাধিক দুই ক্রোশ মধ্যে একজন সাঁওতাল কৃষক দনুজমর্দ্দনদেবের একটি রজতমুদ্রা হলকর্ষণ-কালে, আবিষ্কার করিয়াছিল। এই মুদ্রাটি পাণ্ডুনগর হইতে মুদ্রিত হইয়াছিল এবং ইহাতে অসম্পূর্ণ তারিখ ছিল [৫৫]। এই মুদ্রার তারিখ "শকাব্দা ৩৩৬" দেখিয়া স্বর্গীয় রাধেশচন্দ্র শেঠ অনুমান করিয়াছিলেন যে, মুদ্রাটি ৪১৭ খৃষ্টাব্দে মুদ্রিত হইয়াছিল [৫৬]। ১৯১১ খৃষ্টাব্দের পূর্ব্বে, খুলনা জেলার বাসুদেবপুর-নিবাসী জনৈক মুসলমান, সমাধিখনন-কালে, দনুজমর্দ্দনদেবের আর একটি রজতমুদ্রা আবিষ্কার করিয়াছিল। ইহা ১৩৩৯ শকাব্দে (১৪১৭ খৃষ্টাব্দে) মুদ্রিত হইয়াছিল [৫৭]। এই মুদ্রাটি সংগ্রহ করিয়া আনিয়া অধ্যাপক শ্রীযুক্ত সতীশচন্দ্র মিত্র বঙ্গীয় সাহিত্য পরিষদে প্রদান করিয়াছেন। খুলনা জেলার মুদ্রাটি আবিষ্কৃত হইলে প্রমাণ হইয়াছিল যে, মালদহ জেলায় আবিষ্কৃত মুদ্রাটিও ১৩৩৯ শকাব্দে মুদ্রিত হইয়াছিল। পাণ্ডুনগর, পাড়ুয়া বা পাণ্ডুয়ার সংশোধিত অথবা প্রাচীন নাম। ১৩৩৯ শকাব্দে (১৪১৭ খৃষ্টাব্দে, ৮১৯-২০ হিজরায়) পাণ্ডুয়া দনুজমর্দ্দনদেবের অধিকারভুক্ত ছিল। ফিরোজাবাদ পাণ্ডুয়ার নামান্তর, এই ফিরোজাবাদ হইতে ৮১৮, ৮১৯, ৮২২, ৮২৩, ৮২৮, [৫৮] ও

(৫৪) Creighton's Ruins of Gaur, p. 11.

(৫৫) প্রবাসী, প্রথম খণ্ড, ১৩১৯, পৃঃ ৩৮৫—৮৬।

(৫৬) রঙ্গপুর সাহিত্য পরিষদ পত্রিকা, ৫ম ভাগ, পৃঃ ৭০—৭৪।

(৫৭) প্রবাসী, ১৩১৯, প্রথম খণ্ড, পৃঃ ৩৮৬।

(৫৮) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. I, p. 161, Nos. 93—98.

৮৩৪ ৫৯ হিজরায় জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহের নামে রজতমুদ্রা মুদ্রিত হইয়াছিল। তাঁহার নামে ৮২০ বা ৮২১ হিজরায় (১৪১৭-১৮ খৃষ্টাব্দে) মুদ্রিত কোনও মুদ্রা অদ্যাবধি আবিষ্কৃত হইয়াছে বলিয়া বোধ হয় না। সম্ভবতঃ ১৪১৭ খৃষ্টাব্দ হইতে ১৪১৮ খৃষ্টাব্দ পর্য্যন্ত পাণ্ডুয়া জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহের অধিকারভুক্ত ছিল না। এই সময়ে সম্ভবতঃ কায়স্থ-জাতীয় দনুজমর্দ্দনদেব, পাণ্ডুয়ায় স্বাধীনতা ঘোষণা করিয়াছিলেন। রাজা গণেশ অথবা তৎপুত্র জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহের সহিত দনুজমর্দ্দন-দেবের কি সম্পর্ক ছিল তাহা জানিতে পারা যায় নাই। যদু মুসলমান ধর্ম্ম গ্রহণ করিলে, বোধ হয় যে, শক্তি-উপাসক, কায়স্থকুলতিলক, দনুজমর্দ্দনদেব, নবদীক্ষিত মুসলমান রাজার অত্যাচারে, প্রাচীন আর্য্যধর্ম্ম বিলোপের সম্ভাবনা দেখিয়া, স্বয়ং স্বাধীনতা ঘোষণা করিয়াছিলেন। ৮১৭ হিজরার শেষভাগে অথবা ৮১৮ হিজরার প্রারম্ভে (১৪১৪-১৫ খৃষ্টাব্দে) রাজা গণেশের মৃত্যু হইয়াছিল, এবং যদু, জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্ উপাধি গ্রহণ করিয়া, সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। যদুর দ্বিতীয় অথবা তৃতীয় রাজ্যাঙ্কে দনুজমর্দ্দনদেব তাঁহাকে পাণ্ডুয়া নগর হইতে তাড়িত করিয়া স্বাধীনতার চিহ্নস্বরূপ নিজনামে মুদ্রাঙ্কন করিয়াছিলেন। দনুজমর্দ্দনদেবের যতগুলি মুদ্রা আবিষ্কৃত হইয়াছে, তৎসমুদয় ১৩৩৯ ৬০ ও ১৩৪০ ৬১ শকাব্দে (১৪১৭-১৮ খৃষ্টাব্দে) মুদ্রিত হইয়াছিল, সুতরাং তিনি সম্ভবতঃ প্রথম স্বাধীনতা ঘোষণা করিয়াছিলেন। যদু অথবা জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহের পরাজয় এবং পাণ্ডুয়া হইতে নিষ্কাশনের কথা রিয়াজ্-উস্-সালাতীনেও নাই। দনুজমর্দ্দনদেবের অধিকার উত্তর-

(৫৯) Ibid, p. 163, No. 108.

(৬০) প্রবাসী, প্রথম খণ্ড, ১৩১৯, পৃঃ ৩৮৫—৮৬।

(৬১) Dacca Review, 1915, Vol. V, p. 26.

বঙ্গে পাণ্ডুয়া হইতে দক্ষিণ অথবা পূর্ব্ববঙ্গ পর্য্যন্ত বিস্তৃত ছিল; কারণ পাণ্ডুয়ায় আবিষ্কৃত মুদ্রায় পাণ্ডুনগরের নাম ও খুলনার আবিষ্কৃত মুদ্রায় চন্দ্রদ্বীপের (?) নাম আছে, এবং পূর্ব্ব ও দক্ষিণবঙ্গে ঢাকা বিভাগের শিক্ষাবিভাগের কর্ম্মচারী শ্রীযুক্ত ষ্টেপলটন (N. E. Stapleton) কর্ত্তৃক দনুজমর্দ্দনদেবের বহু রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে। দনুজমর্দ্দনদেবের মুদ্রার একদিকে বঙ্গাক্ষরে ও সংস্কৃত ভাষায় তাহার নাম ও অপর দিকে "চণ্ডীচরণ পরায়ণস্য" লিখিত আছে। খৃষ্টীয় দ্বাদশ শতাব্দীর পরে, পুরুষপুর হইতে কামরূপ পর্য্যন্ত বিস্তৃত বিশাল আর্য্যাবর্ত্তে, মুসলমানগণ কর্ত্তৃক বিজিত কোনও জনপদে বা দেশে, কোনও হিন্দুরাজা নিজনামে ভারতীয় অক্ষরে বা ভাষায় ইহার পূর্ব্বে মুদ্রাঙ্কন করিতে ভরসা করেন নাই। ১৩১০ শকাব্দেই সম্ভবতঃ দনুজমর্দ্দনদেবের মৃত্যু হইয়াছিল। গণেশ অথবা যদু যাহা করিতে পারেন নাই, আর্য্যাবর্ত্তে কোনও হিন্দুরাজা যাহা করিতে পারেন নাই, তাহাই সাধন করিয়াছিলেন বলিয়া দনুজমর্দ্দনদেব ও মহেন্দ্রদেবের নাম ইতিহাসে চিরস্মরণীয় থাকিবে।

দনুজমর্দ্দনদেবের পরে মহেন্দ্রদেব পাণ্ডুনগরের এবং সম্ভবতঃ উত্তরবঙ্গের অধিকার লাভ করিয়াছিলেন। মালদহ জিলায়, পাণ্ডুয়ায় আদিনামস্‌জিদের নিকটে দনুজমর্দ্দনদেবের মুদ্রার সহিত মহেন্দ্রদেবের একটি রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছিল, ইহাও ১৩৩৯ শকাব্দে পাণ্ডুনগরে মুদ্রিত হইয়াছিল [৩২]। মহেন্দ্রদেবের রাজ্যাভিষেকের এক বা দুই বৎসর পরে পাণ্ডুয়া বা ফিরোজাবাদ তাঁহার হস্তচ্যুত হইয়াছিল, কারণ ৮২২ হইতে ৮২৪ হিজরা (১৪১৯-২১ খৃষ্টাব্দ) পর্য্যন্ত ফিরোজাবাদে মুদ্রিত জলাল্‌-উদ্দীন মহম্মদ্‌ শাহের নামাঙ্কিত মুদ্রা আবিষ্কৃত হইয়াছে। পূর্ব্ব ও দক্ষিণবঙ্গে শ্রীযুক্ত

(৩২) প্রবাসী, ১৩১৯, প্রথম খণ্ড, পৃঃ ৩৮৫। শ্রীযুক্ত ষ্টেপলটন মহেন্দ্রদেবের ১৩৪০ শকাব্দে মুদ্রিত অনেকগুলি রজতমুদ্রা আবিষ্কার করিয়াছেন।

ষ্টেপলটনের চেষ্টায় মহেন্দ্রদেবের বহু মুদ্রা আবিষ্কৃত হইয়াছে, এইগুলি শকাব্দের চতুর্দ্দশ শতাব্দীর চতুর্থ দশকের শেষবর্ষে অথবা পঞ্চম দশকে (শকাব্দ ১৩৪০-৪৫, ১৪১৮-১৭ খৃষ্টাব্দ) মুদ্রিত হইয়াছিল। এই সকল মুদ্রার আবিষ্কর্ত্তা শ্রীযুক্ত ষ্টেপলটন মুদ্রা সমূহের বিস্তৃত বিবরণ প্রকাশ করেন নাই, সুতরাং মহেন্দ্রদেবের রাজ্যকাল ও রাজ্য-বিস্তৃতি সম্বন্ধে কোন কথাই বলিতে পারা যায় না। ইদিলপুরের ঘটকগণের কারিকা অনুসারে দনুজমর্দ্দনদেব চন্দ্রদ্বীপ রাজবংশের প্রতিষ্ঠাতা এবং তাঁহার মৃত্যুর পরে তৎপুত্র রমাবল্লভদেব রায় চন্দ্রদ্বীপের অধিকার লাভ করিয়াছিল ৬৩। ডাক্তার ওয়াইজ্ ও প্রাচ্যবিদ্যামহার্ণব সিদ্ধান্তবারিধি শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু ৬৪ক চন্দ্রদ্বীপ রাজবংশের যে পরিচয় সঙ্কলন করিয়াছেন, তাহাতে মহেন্দ্রদেবের নাম পাওয়া যায় না। মহেন্দ্রদেব জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহের সহিত যুদ্ধে নিহত হইলে অথবা মৃত্যুমুখে পতিত হইলে, তাঁহার কনিষ্ঠ ভ্রাতা রমাবল্লভ পিতৃরাজ্য লাভ করিয়াছিলেন। মহেন্দ্রদেবের মৃত্যুর পরে সম্ভবতঃ দনুজমর্দ্দনদেবের বংশের অধিকার চন্দ্রদ্বীপেই সীমাবদ্ধ ছিল।

জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্ ধীরে ধীরে সমগ্র গৌড় ও বঙ্গ আয়ত্ত করিয়াছিলেন। ফিরোজাবাদে মুদ্রিত তাঁহার নামাঙ্কিত ৮২৮ ও ৮৩৪ হিজরার মুদ্রা আবিষ্কৃত হইয়াছে। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্ ৮২২ হিজরায় রাজধানী ফিরোজাবাদে বা পাণ্ডুয়া হইতে গৌড়ে স্থানান্তরিত করিয়াছিলেন ৬৪খ। ৮২১ হিজরায়

(৬৩) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1874, pt. I, p. 207.

(৬৪ক) Ibid, Vol. LXV, 1896, pt. I, p.

(৬৪খ) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১৮। মূলে ৮১২

(১৪১৮ খৃষ্টাব্দে) সপ্তগ্রামে মুদ্রিত তাঁহার নামাঙ্কিত রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে ৬৫। পূর্ব্ববঙ্গে মুয়জ্জমাবাদ তাঁহার অধিকারভুক্ত ছিল, কারণ ৮১৮ হিজরায় (১৪১৫ খৃষ্টাব্দে) উক্তস্থানে মুদ্রিত তাঁহার নামাঙ্কিত মুদ্রা আবিষ্কৃত হইয়াছে ৬৬। দক্ষিণবঙ্গে বর্ত্তমান ফরিদপুর তাঁহার অধিকারভুক্ত ছিল ; কারণ ফতেহাবাদে মুদ্রিত তাঁহার নামাঙ্কিত ৮২১, ৮৩৪ ও ৮৪০ হিজরার রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে ৬৭। ইহার মধ্যে শেষোক্তবর্ষের মুদ্রাটি সম্ভবতঃ জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহের মৃত্যুর পরে মুদ্রিত হইয়াছিল। ৮৩৪ হিজরায় (১৪৩০ খৃষ্টাব্দে) তিনি চট্টগ্রাম জয় করিয়াছিলেন। তাঁহার চট্টগ্রাম-অভিযানের কথা রিয়াজ্-উস্-সালাতীন্ প্রমুখ মুসলমান-রচিত ইতিহাসে দেখিতে পাওয়া যায় না। উক্তবর্ষে চট্টগ্রামে মুদ্রিত জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহের নামাঙ্কিত একটি-মাত্র রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে, ইহাই তাঁহার চট্টগ্রাম-বিজয়ের একমাত্র প্রমাণ ৬৮।

জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহের রাজ্যকালের কোনও শিলালিপি অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে তিনি গৌড়ে একটি মস্জিদ্, দুইটি জলাশয় ও একটি পান্থশালা নির্ম্মাণ করাইয়াছিলেন। ইহার মধ্যে একটিও অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। কথিত আছে যে, তাঁহার রাজ্যকালে পাণ্ডুয়া জনপরিপূর্ণ বিস্তৃত জনপদে পরিণত হইয়াছিল এবং

হিজরা তারিখ আছে, ইহা সম্ভবতঃ ৮২২ হিজরা হইবে, কারণ ৮১২ হিজরায় জলাল্-উদ্দীন্ সিংহাসন লাভ করেন নাই।

(৬৫) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol II, pt. II, p. 162, No. 99.

(৬৬) Ibid, No. 102.

(৬৭) Ibid, p. 163, Nos. 104—7.

(৬৮) Ibid, No. 110.

বাঙ্গালা দেশের প্রাচীন রাজধানী গৌড় পুনরায় জনসঙ্কুল হইয়া উঠিতেছিল ৬৯। গোলাম হোসেন বলেন যে, পাণ্ডুয়ার একলাখী নামক হর্ম্ম্য জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্, তাঁহার পুত্র ও পত্নীর সমাধি। রাভেনশ (Ravenshaw) বলিয়াছেন যে, একলাখী সুলতান্ গিয়াস্-উদ্দীন্, তাঁহার পত্নী ও পুত্রবধূর সমাধি ৭০। বাঙ্গালাদেশে গিয়াস্-উদ্দীন্ উপাধিধারী তিনজন মুসলমান রাজা ছিলেন; বল্‌বনের প্রপৌত্র গিয়াস্-উদ্দীন বহাদর শাহ্ বন্দীরূপে দিল্লীতে প্রেরিত হইয়াছিলেন, সিকন্দর শাহের পুত্র গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্ ঢাকা জিলায় মগ্‌রাপাড়া গ্রামে সমাহিত আছেন এবং হুসেন্ শাহের অপর পুত্র গিয়াস্-উদ্দীন মহ্মুদ্ শাহ্ ভাগলপুরের নিকটে কহলগাঁওয়ে দেহত্যাগ করিয়াছিলেন। সুতরাং একলাখী জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহের সমাধি হওয়াই অধিকতর সম্ভব। কনিংহামের মতানুসারে একলাখী বাঙ্গালাদেশে পাঠান রাজ্যকালের স্থাপত্যের অতি সুন্দর নিদর্শন ৭১। একলাখী সমভুজ চতুষ্কোণ, ইহাতে একটিমাত্র খিলান আছে এবং ইহা দৈর্ঘ্যে ও প্রস্থে সার্দ্ধ সপ্তপঞ্চাশৎ হস্ত। কোনও হিন্দু বা বৌদ্ধমন্দির ধ্বংস করিয়া একলাখী নির্ম্মিত হইয়াছিল, কারণ ইহাতে হিন্দু বা বৌদ্ধ-স্থাপত্য-নিদর্শনযুক্ত বহু প্রস্তরখণ্ড দেখিতে পাওয়া যায় ৭২। একলাখীর তোরণ এককালে কোন হিন্দু বা বৌদ্ধমন্দিরের দ্বার ছিল, কারণ এই ব্রহ্মশিলানির্ম্মিত তোরণের নিম্নদেশে এখনও খর্ব্বকায়গণ ও দুই একটি দেবমূর্ত্তি দেখিতে পাওয়া যায়। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্ সপ্তদশ বর্ষ রাজ্যভোগ করিয়াছিলেন ৭৩।

(৬৯) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১৮।

(৭০) Ravenshaw's Gaur, its ruins and Inscriptions, p. 58.

(৭১) Cunningham's Report of the Archaeological Survey of India, Vol. XV, pp. 88-90.

(৭২) Ravenshaw's Gaur, its ruins and Inscriptions, p. 58.

(৭৩) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১৮।

জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহের মৃত্যুর পরে তাঁহার পুত্র শমস্-উদ্দীন্ আহ্মদ্ শাহ্ পিতৃসিংহাসন লাভ করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে আহ্মদ্ শাহ্ অত্যন্ত অত্যাচারী ছিলেন। অত্যাচার-প্রপীড়িত প্রধানগণ শাদী খাঁ ও নাসির্ খাঁ নামক ক্রীতদাসদ্বয়ের সাহায্যে অবশেষে তাঁহাকে হত্যা করিয়াছিলেন ৭৪। শমস্-উদ্দীন্ আহ্মদ্ শাহের একটিমাত্র রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে, ইহা ৮৩৬ হিজরায় (১৪৩২ খৃষ্টাব্দে) মুদ্রিত হইয়াছিল ৭৫। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে আহ্মদ্ শাহ্ ৮৩০ হিজরায় নিহত হইয়াছিলেন, কিন্তু মুদ্রাতত্ত্বের প্রমাণ অনুসারে তিনি ৮৩৬ হিজরায় জীবিত ছিলেন, সুতরাং গোলাম হোসেনের মত সত্য হইতে পারে না। শমস্-উদ্দীন আহ্মদ্ শাহ্ ৮৩৪ অথবা ৮৩৫ হিজরায় সিংহাসন লাভ করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে তিনি ষোড়শ অথবা অষ্টাদশ বর্ষ কাল পর্য্যন্ত রাজত্ব করিয়াছিলেন ৭৬, সুতরাং ৮৫১ বা ৮৫৩ হিজরায় (১৪৪৭ বা ১৪৪৯ খৃষ্টাব্দে) আহ্মদ্ শাহের মৃত্যু হইয়াছিল। তাঁহার রাজ্যকালের শেষভাগে ইলিয়াস্ শাহের বংশজাত নাসির্-উদ্দীন্ অত্যন্ত প্রবল হইয়া উঠিয়াছিলেন এবং অন্ততঃ ৮৪৬ হিজরা (১৪৪২ খৃষ্টাব্দ) হইতে নিজনামে মুদ্রাঙ্কন আরম্ভ করিয়াছিলেন ৭৭। শমস্-উদ্দীন্ আহ্মদ্ শাহের রাজ্যকালের কোনও শিলালিপি বা প্রাচীন কীর্ত্তি অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই।

---

(৭৪) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১৯।

(৭৫) Marsden's Numismata Orientalia, pt. XXXVII, No. DCCLXXIV.

(৭৬) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১৯।

(৭৭) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 26).

পরিশিষ্ট "চ"

গণেশ ও দনুজমর্দ্দনের বংশ।

(ক) গণেশের বংশ :—

রাজা গণেশ
|
যদু বা জলাল্‌-উদ্দীন্‌ মহ্‌ম্মদ্‌ শাহ্‌
|
শমস্‌-উদ্দীন্‌ আহ্‌মদ্‌ শাহ্‌

(খ) দনুজমর্দ্দনদেবের বংশ :—

দনুজমর্দ্দনদেব (বাঙ্গালার রাজা)
|
- মহেন্দ্রদেব (বাঙ্গালার রাজা)
- রমাবল্লভদেব (চন্দ্রদ্বীপের রাজা)
  |
  কৃষ্ণবল্লভদেব রায় (চন্দ্রদ্বীপের রাজা)
  |
  হরিবল্লভদেব রায়
  |
  জয়দেব রায়

পরিশিষ্ট "ছ"

গণেশের বংশ-পরিচয়।

শ্রীযুক্ত দুর্গাচন্দ্র সান্যাল প্রণীত, বাঙ্গালার সামাজিক ইতিহাস অনুসারে খৃষ্টীয় চতুর্দ্দশ ও পঞ্চদশ শতাব্দীতে, বারেন্দ্র ব্রাহ্মণবংশীয় দুইজন রাজা গৌড়ে পরাক্রান্ত হইয়া উঠিয়াছিলেন; তাঁহাদিগের একজনের নাম কংসরাম ও গণেশনারায়ণ। সান্যাল মহাশয়ের বিজ্ঞাপন অনুসারে "প্রচলিত ইংরাজি ও পারসী ইতিহাস, পুরাতন জমিদার-দিগের সনন্দ, বংশানুক্রমিক কিংবদন্তী, শেখ শুভোদয়া নামক গ্রন্থ, রাঢ়ীয় বারেন্দ্র ব্রাহ্মণদের কুলশাস্ত্র, বল্লালচরিত এবং ভট্টকবিতা এই সমস্ত মিলাইয়া যথাসাধ্য সত্য-নির্ণয়পূর্ব্বক এই গ্রন্থে সন্নিবেশিত করিয়াছি[৭৮]।" সান্যাল মহাশয় কর্ত্তৃক রচিত গ্রন্থ পাঠ করিয়া স্পষ্ট বুঝিতে পারা যায় যে, মূল পারসিক গ্রন্থসমূহ তিনি কখনও অধ্যয়ন করেন নাই এবং বারেন্দ্র কুলশাস্ত্র ব্যতীত রাঢ়ীয় কুলশাস্ত্র কখনও তাঁহার নয়নগোচর হয় নাই। বারেন্দ্র কুলশাস্ত্র সম্বন্ধে তিনি যে সমস্ত ঘটনার উল্লেখ করিয়াছেন, তাহার কিয়দংশ সত্য হইলেও হইতে পারে, কারণ সাঁতোড়, একটাকিয়া প্রভৃতি নামগুলি প্রাচীন ও ঐতিহাসিক। বারেন্দ্র কুলশাস্ত্রের ঐতিহাসিক প্রমাণ সম্বন্ধে অপর কোন গ্রন্থ না থাকায়, গণেশের বংশপরিচয় সম্বন্ধে সান্যাল মহাশয়ের উক্তি আলোচনা করিতে বাধ্য হইলাম।

এই গ্রন্থানুসারে, কংসরাম নামক সান্যালবংশীয় জনৈক বারেন্দ্র ব্রাহ্মণ জমিদার, শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের মৃত্যুর পর পরাক্রান্ত হইয়া উঠিয়াছিলেন। তাঁহার সাহায্যে ইলিয়াস্ শাহের মুসলমান-পত্নীর গর্ভজাত পুত্র নিহত হইলে, তাঁহার হিন্দু-পত্নীর গর্ভজাত পুত্র গৌড়ের সিংহাসন লাভ করিয়াছিলেন। কংসরাম অবশেষে এই সুলতানের আদেশে নিহত হইয়াছিলেন। সান্যাল মহাশয়ের মতানুসারে ইলিয়াস্ শাহের হিন্দুপত্নীর গর্ভজাত পুত্রের নাম ময়জুদ্দীন্। ময়জুদ্দীন্ বা মুইজ্-উদ্দীন্ উপাধিধারী ইলিয়াস্ শাহের বংশের কোনও রাজার অস্তিত্বের সন্তোষজনক প্রমাণ

---

(৭৮) বাঙ্গালার সামাজিক ইতিহাস, পৃঃ ৷/০।

অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। সান্ন্যাল মহাশয়ের মতানুসারে এই ময়জুদ্দীনের পুত্রের নাম গয়সুদ্দীন্ এবং তাঁহার পুত্রের নাম সৈফুদ্দীন্। সান্ন্যাল মহাশয় বোধ হয় ইংরাজি বা পারস্য ভাষায় রচিত ঐতিহাসিক গ্রন্থাদি অধ্যয়ন না করিয়াই বাঙ্গালার সামাজিক ইতিহাস রচনায় প্রবৃত্ত হইয়াছিলেন, সেই জন্যই ইলিয়াস্ শাহের বংশপরিচয় নির্ণয় করিতে পারেন নাই। তাঁহার মতানুসারে সৈফুদ্দীনের দুই পুত্র নসেরিৎ ও আজিম্। সৈফুদ্দীনের মৃত্যুর পরে একটাকিয়ার রাজা গণেশনারায়ণ, উভয় ভ্রাতাকে পরাজিত করিয়া স্বয়ং গৌড়রাজ্য অধিকার করিয়াছিলেন। তাঁহার পুত্র যদুনারায়ণ খাঁ তাঁহার মৃত্যুর পরে আজিম্ শাহের কন্যা আসমান্ তারাকে বিবাহ করিয়া মুসলমানধর্ম্ম অবলম্বন করিয়াছিলেন।

মূল পারসিক ইতিহাস, শিলালিপি ও মুদ্রাতত্ত্বের প্রমাণানুসারে শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের পুত্রের নাম সিকন্দর শাহ্, পৌত্রের নাম গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহ্, প্রপৌত্রের নাম সৈফ্-উদ্দীন্ হমজা শাহ্ এবং বৃদ্ধ প্রপৌত্রের নাম শমস্-উদ্দীন্। সৈফ্-উদ্দীন্ হমজা শাহের নসেরিৎ (নসরৎ) ও আজিম্ (আজম্) নামক পুত্রদ্বয়ের অস্তিত্বের প্রমাণ আবিষ্কৃত হয় নাই। কংসরাম নামক কোনও দুশ্চরিত্র বারেন্দ্রব্রাহ্মণ-কর্ম্মচারী, ইলিয়াস্ শাহের বংশের উত্থান ও পতনের সহিত জড়িত ছিলেন কি না বলিতে পারা যায় না, থাকিলেও বাঙ্গালার ইতিহাসের সহিত তাঁহার কোন সম্পর্ক নাই। যিনি গৌড়দেশে হিন্দু-প্রাধান্য পুনঃস্থাপন করিয়াছিলেন, সান্ন্যাল মহাশয়ের মতানুসারে তিনি একটাকিয়ার ভাদুড়ী বংশজাত বারেন্দ্র ব্রাহ্মণ গণেশনারায়ণ খাঁ। তাঁহার পুত্র যদুনারায়ণ মুসলমানধর্ম্ম অবলম্বন করিলে, যদুর পুত্র অনুপনারায়ণ একটাকিয়া রাজ্য-লাভ করিয়াছিলেন। সান্ন্যাল মহাশয়ের এই সকল উক্তির মূল্য নির্দ্ধারণের কোনও উপায় অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। তাঁহার মতানুসারে তাহিরপুরের জমিদারবংশে কংসনারায়ণ নামক আক্‌বরের সমসাময়িক একজন রাজা ছিলেন।

পক্ষান্তরে প্রাচ্যবিদ্যামহার্ণব সিদ্ধান্তবারিধি শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় কর্ত্তৃক প্রকাশিত কায়স্থ-কুলশাস্ত্রানুসারে রাজা গণেশ দত্তখান্ নামে পরিচিত। বসুজ মহাশয়ের মতানুসারে গণেশ উত্তররাঢ়ীয় কায়স্থ[১৯]।

---

(১৯) বঙ্গের জাতীয় ইতিহাস, রাজন্যকাণ্ড, পৃঃ ৩৬৮—৬৯।

পরিশিষ্ট "জ"

দনুজমর্দ্দনের বংশ-পরিচয়।

প্রাচ্যবিদ্যামহার্ণব সিদ্ধান্তবারিধি শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয় কায়স্থ কুলশাস্ত্র সম্বন্ধে যে কয়টি প্রবন্ধ প্রকাশ করিয়াছেন, সে কয়টিতেই বাঙ্গালার সেনরাজবংশের সহিত কায়স্থ সমাজের সম্বন্ধ স্থাপনের চেষ্টা করিয়াছেন। সেনরাজগণ তাঁহাদিগের লেখসমূহ অনুসারে চন্দ্রবংশীয় ক্ষত্রিয় বিশ্বাসযোগ্য। ঐতিহাসিক প্রমাণ অবলম্বন করিয়া আলোচনা করিলে তাঁহাদিগকে কায়স্থ অথবা বৈদ্যজাতীয় বলা যায় না। বসুজ মহাশয় সন্দেহজনক প্রমাণের উপর নির্ভর করিয়া দুইবার সেনরাজবংশকে জাতিতে কায়স্থ প্রতিপন্ন করিবার চেষ্টা করিয়াছিলেন, সেইজন্য প্রতিবারেই তাঁহার চেষ্টা ব্যর্থ হইয়াছে। ১৮৯৬ খৃষ্টাব্দে বসুজ মহাশয় চন্দ্রদ্বীপের ঘটকগণের কারিকা অনুসারে চন্দ্রদ্বীপ রাজবংশের প্রতিষ্ঠাতা দনৌজামাধবদেবকে লক্ষ্মণসেনের পৌত্র প্রতিপন্ন করিবার চেষ্টা করিয়াছিলেন৮০। কিন্তু দনুজমর্দ্দনদেবের মুদ্রা আবিষ্কৃত হইলে প্রমাণ হইয়াছিল যে, চন্দ্রদ্বীপ রাজবংশপ্রতিষ্ঠাতা লক্ষ্মণসেনের পৌত্র হইতে পারেন না, কারণ তিনি ১৩৩৯ শকাব্দে (১৪১৭ খৃষ্টাব্দে) জীবিত ছিলেন৮১। ইহার পরে দনুজমর্দ্দন ও মহেন্দ্রদেবের মুদ্রা প্রকাশিত হইলে সেনবংশের সহিত কায়স্থ সমাজের নূতন সম্বন্ধ আবিষ্কারের প্রয়োজন হইয়াছিল। তদনুসারে বটুভট্টের দেববংশ নামক কুলগ্রন্থ আবিষ্কৃত হইয়াছিল। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, সি, আই, ই, মহাশয়ের প্রবল আনুকূল্য সত্ত্বেও শ্রীযুক্ত ষ্টেপলটন কর্ত্তৃক আবিষ্কৃত মুদ্রাসমূহ দ্বারা স্পষ্ট প্রমাণ হইয়াছে যে, বটুভট্টের "দেব বংশ" নামক গ্রন্থের উক্তি বিশ্বাসযোগ্য

---

(৮০) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. LXV, 1896, pt. I, p. 35.

(৮১) প্রবাসী, প্রথম খণ্ড, ১৩১৯, পৃঃ ৩৮৬।

(৮২) বাঙ্গালার ইতিহাস, প্রথম ভাগ, পরিশিষ্ট (ঙ), পৃঃ ১২৮—১৩২।

নহে৮২। দেব বংশ অনুসারে "দেবেন্দ্রদেবের ঔরসে মহেন্দ্রদেব জন্মগ্রহণ করেন। তিনি মুসলমানদিগকে দূরীভূত করিয়া এবং কংসকুল নিহত করিয়া পাণ্ডুনগরের আধিপত্য লাভ করিয়াছিলেন। তৎপুত্র মহাশক্ত মহাবীর দনুজমর্দ্দনদেব গৌড়রাজ্য পরিত্যাগ করিয়া ভাষ্যাপুত্রসহ গুরুর আদেশে সমুদ্রকূলে চন্দ্রদ্বীপে আসিয়া রাজধানী করেন৮৩।"

শ্রীযুক্ত ষ্টেপলটন সম্প্রতি তৎকর্তৃক আবিষ্কৃত দনুজমর্দ্দন ও মহেন্দ্রদেবের মুদ্রা সমূহের সংক্ষিপ্ত বিবরণ প্রকাশ করিয়াছেন। তদনুসারে মহেন্দ্রদেবের সমস্ত মুদ্রাই ১৩৪০ শকাব্দে মুদ্রিত হইয়াছিল, সুতরাং তিনি কখনই দনুজমর্দ্দনের পূর্ব্ববর্ত্তী রাজা হইতে পারেন না।

মালদহ জেলায় আবিষ্কৃত মহেন্দ্রদেবের মুদ্রায় তারিখের এককের অঙ্ক অস্পষ্ট হইয়া গিয়াছে। স্বর্গীয় রাধেশচন্দ্র শেঠ ও আমি প্রথমে ঐ তারিখটি ১৩৩৬ পাঠ করিয়াছিলাম। মহেন্দ্রদেবের অন্যান্য মুদ্রায় ১৩৪০ শকাব্দ তারিখ দেখিয়া স্পষ্ট বুঝিতে পারা যায় যে, উহা ১৩৩৯ শকাব্দ ব্যতীত অপর কিছুই হইতে পারে না৮৫। শ্রীযুক্ত ষ্টেপলটন কর্তৃক প্রকাশিত দনুজমর্দ্দনদেবের একটি মুদ্রার তারিখ ১৩৪০ শকাব্দ, সুতরাং দনুজমর্দ্দন-দেবের জীবদ্দশায়, তাঁহার মৃত্যুর অন্ততঃ এক বৎসর পূর্ব্বে মহেন্দ্রদেব নিজনামে মুদ্রাঙ্কন আরম্ভ করিয়াছিলেন, সম্ভবতঃ ১৩৩৯ শকাব্দে বিদ্রোহী হইয়া মহেন্দ্রদেব স্বাধীনতা ঘোষণা করিয়াছিলেন।

---

(৮৩) বঙ্গের জাতীয় ইতিহাস, রাজন্যকাণ্ড, পৃঃ ৩৫৭।

(৮৪) Dacca Review, 1915, Vol. V. p. 26.

(৮৫) Annual Report of the Archæological Survey of India, 1913—14.

অষ্টম পরিচ্ছেদ।

ইলিয়াস্ শাহের বংশের পুনরুত্থান।

হিজরা ৮৪৬—৮৯৩, খৃষ্টাব্দ ১৪৪২—৮৭।

তীরভুক্তির অবস্থা—মগধের অবস্থা—ভোগীশ্বর—সুলতান্ ফিরোজ্ তোগ্‌লকের সহিত সম্বন্ধ—গণেশ্বর—আস্‌লান্ খাঁর সহিত যুদ্ধ—বীরসিংহ—কীর্ত্তিসিংহ—ভবসিংহ বা ভবেশ্বর—দেবসিংহ—তুলাপুরুষ মহাদান—শিবসিংহ—পত্নীগণ—মুসলমানগণের সহিত যুদ্ধ—সাহিত্যচর্চ্চা—স্বর্ণমুদ্রা—পদ্মসিংহ—হরসিংহ—তীরভুক্তিতে স্বতন্ত্র রাজ্য—পৃথ্বীসিংহ—শক্তিসিংহ—চম্পকারণ্য—মদনসিংহ—মদনরত্ন-প্রদীপ—মিথিলারাজ্য—নরসিংহ—বীরসিংহ—গৌড়েশ্বরের সহিত যুদ্ধ—বীরসিংহ—ভৈরবেন্দ্র বা ভৈরবসিংহ—বাচস্পতিমিশ্র—রামভদ্রদেব—লক্ষ্মীনাথ—সিকন্দর লোদীর আক্রমণ—তীরভুক্তি ও মিথিলার স্বাধীনতা-বিনাশ—সাদী খাঁ ও নাসির্ খাঁ—নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ শাহ্—পূর্ব্বাবস্থা—গৌড়ের দুর্গ নির্ম্মাণ—কোৎওয়ালী দরওয়াজা—রাজ্য-বিস্তৃতি—জৌনপুরের শার্কী বংশীয় সুলতান্‌গণ কর্ত্তৃক মগধ-অধিকার—মহ্‌মুদ্ শাহের মুদ্রা—রুকন্-উদ্দীন্ বারবক্ শাহ্—সপ্তগ্রামের শাসনকর্ত্তা—ইস্‌মাইল গাজী—কামরূপ ও জাজ্‌নগর আক্রমণ—রিসালৎ-উশ্-শুহাদা—রাজ্য বিস্তৃতি—বারবক্ শাহের মুদ্রা—শমস্-উদ্দীন্ ইউসফ্ শাহ্—শ্রীহট্টবিজয়—সুহৈল্ ই-য়মন্—গৌরগোবিন্দ—শাহ্ জলাল্ সম্বন্ধে জন-প্রবাদ—তাঁতিপাড়া মস্‌জিদ্—পাণ্ডুয়ার মিনার—পাণ্ডুয়ার হিন্দুরাজ্য ধ্বংস—ইউসফ্ শাহের মুদ্রা—দ্বিতীয় সিকন্দর শাহ্—জলাল্-উদ্দীন্ ফতে শাহ্—রাজ্যবিস্তৃতি—মুদ্রা—হাব্‌শী ক্রীতদাসদিগের প্রভাব—ফতে শাহের হত্যা।

বাঙ্গালার সুলতান্‌গণ	হিজরা	খৃষ্টাব্দ
নাসির্‌-উদ্দীন্ মহ্‌মুদ্ শাহ্	৮৪৬-৬৪	১৪৪২-৫৯
রুকন্‌-উদ্দীন্ বারবক্ শাহ্	৮৬৪-৭৯	১৪৫৯-৭৪
শমস্‌-উদ্দীন্ ইউসফ্ শাহ্	৮৭৯-৮৭	১৪৭৪-৮২
দ্বিতীয় সিকন্দর শাহ্	৮৮৭	১৪৮২
জলাল্‌-উদ্দীন্ ফতে শাহ্	৮৮৭-৯৩	১৪৮২-৮৭
দিল্লীর সুলতান্‌গণ		
মহ্‌ম্মদ্‌-বিন্‌-ফরিদ্	৮৩৭ ৪৯	১৪৩৩-৪৫
আলম্ শাহ্	৮৪৯-৫৫	১৪৪৫-৫১
বহ্‌লোল্ লোদী	৮৫৫-৯৪	১৪৫১-৮৮
জৌনপুরের সুলতান্‌গণ		
মহ্‌মুদ শাহ্	৮৪৪-৬১	১৪৪০-৫৮
মহ্‌ম্মদ্ শাহ্	৮৬১-৬২	১৪৫৬-৫৮
হোসেন্ শাহ্	৮৬৩-৮১	১৪৫৮-৭৬
আসামের আহম্ রাজগণ		
সুসেন ফা		১৪৩৯-৮৮
উড়িষ্যার সূর্য্যবংশীয় রাজগণ		
কপিলেন্দ্র বা কপিলেশ্বরদেব		১৪৩৪-৭০
পুরুষোত্তমদেব		১৪৭০-৯৭
নেপাল রাজগণ		
যক্ষমল্ল		১৪৭১-৭৪
ত্রিপুর রাজগণ	শকাব্দ	
ধর্ম্মমাণিক্য	১৩২৯-১৪০০ (?)	১৪০৭-৭৮
প্রতাপমাণিক্য	—	—

সুলতান্ ফিরোজ্ শাহ্ জাজ্‌নগর হইতে দিল্লীতে প্রত্যাবর্ত্তন করিলে মিথিলার হিন্দুরাজগণ পুনর্ব্বার স্বাধীনতা লাভ করিয়াছিলেন। ফিরোজ্-শাহের আদেশে নিযুক্ত রাজস্বসংগ্রাহক কর্ম্মচারিগণ অধিকদিন তীরভুক্তিতে তিষ্ঠিতে পারিয়াছিলেন বলিয়া বোধ হয় না। দিল্লীর আমিলগণের নিষ্কাশনের পরে তীরভুক্তি বা মিথিলার ব্রাহ্মণবংশীয় রাজগণ দীর্ঘকাল স্বাধীনতা অক্ষুণ্ণ রাখিয়াছিলেন। পূর্ব্বে গৌড়ে সিকন্দর শাহের পুত্র, পৌত্র ও প্রপৌত্র কখনও শক্তিসঞ্চয় করিয়া তীরভুক্তি আক্রমণ বা অধিকার করিতে পারেন নাই। পশ্চিমে জৌনপুরে, দিল্লীর শাসনকর্ত্তৃগণ ধীরে ধীরে প্রবল হইয়া উঠিতেছিলেন বটে, কিন্তু তাঁহারা দীর্ঘকাল তীরভুক্তিতে পদার্পণ করিতে সাহস করেন নাই। দক্ষিণে, প্রাচীন মগধে মুসলমান শাসনকর্ত্তৃগণ ও সেনাপতিগণ বহুদিন তোগ্‌লক্ বংশের অধীনতা স্বীকার করিয়াছিলেন, কিন্তু তাঁহারা জৌনপুরের সুলতান্‌গণের ভয়ে সর্ব্বদা শঙ্কিত থাকিতেন এবং কখনও ভাগীরথী পার হইবার উদ্যম করেন নাই।

বিদ্যাপতি-রচিত কীর্ত্তিলতা অনুসারে রাজপণ্ডিত কামেশ্বরের পুত্র ভোগীশ্বর সুরতান 'পিঅরোজ্ শাহে'র (সুলতান্ ফিরোজ্ শাহের) প্রিয়সখা ছিলেন এবং তিনি ফিরোজ্ শাহের সহিত সাক্ষাৎ করিয়া তৎকর্ত্তৃক সম্মানিত হইয়াছিলেন[১]। শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্ত্তী মহাশয়ের মতানুসারে ফিরোজ্ শাহের প্রথম গৌড়াভিযান হইতে প্রত্যাগমনের সময় হইতে তাঁহার মৃত্যুকাল পর্য্যন্ত (১৩৫৫—৮৮ খৃষ্টাব্দ) কোনও সময়ে ভোগীশ্বরের সহিত ফিরোজ্ শাহের সাক্ষাৎ হইয়াছিল[২]। জনপ্রবাদ

(১) গভর্ণমেণ্টের পুঁথি, দ্বিতীয় পল্লব, পৃঃ ৪।

(২) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, p. 416.

অনুসারে গণেশ্বর ভোগীশ্বরের পুত্র[৩]। কীৰ্ত্তিলতা অনুসারে তিনি কীৰ্ত্তিসিংহের পিতা[৪] এবং তিনি ২৫২ লক্ষ্মণ সম্বৎসরে, অগ্রহায়ণ মাসের কৃষ্ণা পঞ্চমীতে (১৩৭০ খৃষ্টাব্দে) আস্লান নামক মুসলমানের সহিত যুদ্ধে নিহত হইয়াছিলেন[৫]। এই আস্লানের নাম সম্ভবতঃ আর্সলান্ খাঁ, কিন্তু মুসলমান-রচিত কোনও ইতিহাসে তাঁহার পরিচয় লিপিবদ্ধ হয় নাই। কীৰ্ত্তিলতা অনুসারে, বীরসিংহ গণেশ্বরের পুত্র[৬] এবং কীৰ্ত্তিসিংহের জ্যেষ্ঠভ্রাতা। উক্ত গ্রন্থ অনুসারে তাঁহার উপাধি "মহারাজাধিরাজ",[৭] কিন্তু চক্রবর্ত্তী মহাশয়ের মতানুসারে তাঁহার সিংহাসনলাভ সন্দেহের বিষয়, কারণ চণ্ডেশ্বর, রামদত্ত প্রমুখ মন্ত্রিগণ স্বরচিত গ্রন্থে স্বয়ং এই উপাধি ব্যবহার করিয়াছেন[৮]। গণেশ্বরের অপর পুত্র কীৰ্ত্তিসিংহদেব পিতৃবৈরীর হস্তগত পৈত্রারাজ্য উদ্ধার করিয়াছিলেন[৯]। বিদ্যাপতি তাঁহার নামানুসারে কীৰ্ত্তিলতা নাম্নী গ্রন্থ রচনা করিয়াছিলেন[১০]। তদনুসারে কীৰ্ত্তিসিংহের উপাধি রাজগুরু। কামেশ্বরের জ্যেষ্ঠপুত্র ভোগীশ্বরের বংশলোপ হইলে তাঁহার কনিষ্ঠ পুত্র ভবসিংহ বা ভবেশ মিথিলার সিংহাসন লাভ করিয়াছিলেন। বিদ্যাপতির গ্রন্থমালায় সাধারণতঃ ভবসিংহদেবের পূর্ণ নাম লিপিবদ্ধ হইয়াছে, কিন্তু বৰ্দ্ধমান-রচিত গঙ্গাকৃত্যবিবেকে, বাচস্পতিমিশ্র-রচিত কৃত্যমহার্ণবে এবং মহাদাননির্ণয়ে, মিসরুমিশ্রের বিবাদচন্দ্রে এবং বিদ্যাপতি-রচিত

(৩) Ibid.

(৪) Ibid.

(৫) গবর্ণমেণ্টের পুঁথি, দ্বিতীয় পল্লব, পৃঃ ৪।

(৬) ঐ।

(৭) ঐ।

(৮) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XL, p. 416.

(৯) গবর্ণমেণ্টের পুঁথি, প্রথম পল্লব, পৃঃ ২।

(১০) ঐ, প্রথম পল্লব, পৃঃ ১, শ্লোক ৩।

বিভাগসারে, ভবসিংহদেব ভবেশ নামে উল্লিখিত হইয়াছেন[১১]। মুরারি-রচিত শুদ্ধিনিবন্ধ অনুসারে মুরারির প্রপিতামহ জয়ধরলাট ভবসিংহের প্রধান বিচারপতি ছিলেন[১২]। বিদ্যাপতির পুরুষপরীক্ষা অনুসারে বাগ্মতী নদীতীরে, ভবসিংহদেবের তুই পত্নী তাঁহার সহিত চিতারোহণ করিয়া-ছিলেন[১৩]। ভবসিংহদেবের জ্যেষ্ঠ পুত্র দেবসিংহদেব পিতার মৃত্যুর পরে মিথিলার সিংহাসন লাভ করিয়াছিলেন। তাঁহার অপর নাম "গরুড় নারায়ণ" এবং পদাবলী অনুসারে তাঁহার পত্নীর নাম হাসিনীদেবী[১৪]। তাঁহার আদেশে বিদ্যাপতি ভূপরিক্রমণ রচনা করিয়াছিলেন, ইহাতে নৈমিষারণ্য হইতে জনকভূমি পর্য্যন্ত বলদেবের ভ্রমণকাহিনী লিপিবদ্ধ আছে[১৫]। দেবসিংহের আদেশে, শ্রীদত্ত, একাগ্নিদানপদ্ধতি নামক স্মৃতি-গ্রন্থ রচনা করিয়াছিলেন[১৬]। মুরারির পিতামহ হরিহর ইঁহার প্রধান বিচারপতি ছিলেন[১৭]। দেবসিংহদেব ব্রাহ্মণগণকে বহু দান করিয়াছিলেন, তন্মধ্যে রথ ও স্বর্ণনির্ম্মিত হস্তী উল্লেখযোগ্য। তিনি তুলাপুরুষ মহাদান করিয়াছিলেন এবং শঙ্করপুর নামক ব্রাহ্মণশাসনে একটি দীর্ঘিকা খনন করাইয়াছিলেন[১৮]। একটি শ্লোক অনুসারে ১৩২৪ শকাব্দে, ২৯৩

(১১) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, p. 417.

(১২) Ibid.

(১৩) পুরুষপরীক্ষা, শেষ শ্লোক।

(১৪) পদাবলী, নং ২৬৯; পরিষদ্ গ্রন্থাবলী, ২৪ পৃঃ ১৭০।

(১৫) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, p. 417.

(১৬) ভূপরিক্রমণ, সংস্কৃত কলেজের পুঁথি, নং, VI, 79, পৃঃ ১ক, শ্লোক ২৩।

(১৭) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, p. 417.

(১৮) পুরুষপরীক্ষা, শ্লোক, নং ২; শৈবসর্ব্বস্বসার, প্রথম শ্লোক, নং ৪।

লক্ষ্মণ সম্বৎসরে বৃহস্পতিবারে চৈত্রমাসের কৃষ্ণা ষষ্ঠীতে দেবসিংহদেবের মৃত্যু হইয়াছিল। এই শ্লোকটি বিদ্যাপতি রচিত বলিয়া প্রবাদ আছে[১৯]। শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্ত্তী মহাশয়ের গণনা অনুসারে ১৩৩৪ শকাব্দে (১৪১৩ খৃষ্টাব্দে) দেবসিংহদেবের মৃত্যু হইয়াছিল[২০]।

দেবসিংহদেবের পুত্র, শিবসিংহ, পিতার মৃত্যুর পরে, মিথিলার সিংহাসন লাভ করিয়াছিলেন, বিদ্যাপতি রচিত ভূপ্রদক্ষিণ অনুসারে শিবসিংহদেবের পিতার নাম দেবসিংহ[২১], এবং পুরুষপরীক্ষা অনুসারে, শিবসিংহদেবের অপর নাম "রূপনারায়ণ"[২২]। তাঁহার প্রধানা মহিষীর নাম লখিমা দেবী বা লছিমা দেবী[২৩]। এতদ্ব্যতীত সুখমা দেবী[২৪], মধুমতী দেবী[২৫], সুরমা দেবী[২৬], রূপিণী দেবী[২৭], মেধা দেবী[২৮], এবং মোদবতী দেবী[২৯] নাম্নী তাঁহার অপর ছয় পত্নীর নাম আবিষ্কৃত হইয়াছে। মধুমতী নাম্নী, কাব্য প্রকাশের টীকা-রচয়িতা, রবির পিতামহ, অচ্যুত, শিবসিংহদেবের মন্ত্রী

(১৯) অনলরংধ্রকর লক্খন নরবই
সক সমুদ্দ কর (পুর ?) অগিনি সসী।
চৈতকারি ছঠি জেঠা মিলিও
বার বেহপ্পই জাউলসী॥

— পরিষৎ গ্রন্থাবলী, ২৪, পৃঃ ৫৩১।

(২০) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, p. 419.

(২১) Ibid.

(২২) পুরুষপরীক্ষা, দ্বিতীয় পরিচ্ছেদ; পদাবলী, নং ২১, পৃঃ ১৫।

(২৩) পদাবলী, নং ২৩, পৃঃ ১৬, নং ১৯ পৃঃ ১৪, নং ১৭, পৃঃ ১২।

(২৪) ঐ, নং ১২৭, পৃঃ ৮১, নং ৪৬৭, পৃঃ ২৮৩।

(২৫) ঐ, নং ১৮৬, পৃঃ ১১৪।

(২৬) ঐ, নং ৩০৯, পৃঃ ১৮৮, নং ৫২৩, পৃঃ ৫২১।

(২৭) ঐ, নং ৬৭৮, পৃঃ ৪০৬।

(২৮) ঐ, নং ৬০, পৃঃ ৩৯।

(২৯) ঐ, নং ৬৯৩, পৃঃ ৪১৫।

ছিলেন[৩০]। পদাবলীতে মহেশ্বরদেব[৩১] ও রতিধরদেব[৩২] নামক দুই-জন মন্ত্রী এবং শঙ্কর নামক[৩৩] উচ্চপদস্থ রাজকর্ম্মচারীর নাম পাওয়া যায়। বিদ্যাপতির পুরুষপরীক্ষা অনুসারে তিনি গৌড়েশ্বর ও গজ্জনেশ্বরের সহিত যুদ্ধে যশোলাভ করিয়াছিলেন[৩৪]। শিবসিংহদেবের রাজ্যকালে রাজা গণেশের পুত্র জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্ গৌড়ের সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। গজ্জনেশ্বর শব্দে, বিদ্যাপতি, বোধ হয় গজ্‌নী-রাজের উল্লেখ করিয়াছেন। খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীতে মিথিলার কোনও রাজার সহিত গজ্‌নী-রাজের যুদ্ধ অসম্ভব এবং দিল্লীশ্বরের সহিত যুদ্ধও অসম্ভব। অনুমান হয়, জৌনপুরের শার্কীবংশীয় সুলতান্ ইব্রাহিম্ শাহের সহিত শিবসিংহের যুদ্ধ হইয়াছিল। শিবসিংহ কর্ত্তৃক প্রদত্ত একখানি তাম্রশাসন আবিষ্কৃত হইয়াছে, ইহা সন ৮০৭, বিক্রম সম্বৎসর ১৪৫৫, শকাব্দ ১৩২১ ও ২৯২ লক্ষ্মণ সম্বৎসরে প্রদত্ত হইয়াছিল, কিন্তু অধিকাংশ প্রত্নলিপিতত্ত্ব-বিদ্‌গণের মতানুসারে ইহা কৃত্রিম[৩৫]। এই তাম্রশাসন দ্বারা শিবসিংহ-দেব কবি বিদ্যাপতিকে বিসপী গ্রাম দান করিয়াছিলেন। ২৯১ লক্ষ্মণ সম্বৎসরে, শিবসিংহদেবের রাজ্যকালে, বিদ্যাপতির আদেশে, শ্রীধরের

(৩০) Peterson's Third Report on the search of Sanskrit Manuscripts in the Bombay Presidency, p. 332.

(৩১) পদাবলী, পরিষদ্ গ্রন্থাবলী, নং ৭৬, পৃঃ ৪৯, নং ৬০৯, পৃঃ ৩৫৮, নং ৮০৩, পৃঃ ৪৭৯।

(৩২) ঐ, নং ৩৩৩, পৃঃ ২০৫।

(৩৩) ঐ, নং ৩৫৭, পৃঃ ২২৯।

(৩৪) পুরুষপরীক্ষা, শেষ শ্লোক, নং ৩, শৈবসর্ব্বস্বসার, ৫ম শ্লোক।

(৩৫) Proceedings of the Asiatic Society of Bengal, 1895, pt. III; Indian Antiquary, Vol. XIV, 1885, p. 190; Epigraphia Indica, Vol. V, Appendix, p. 79, No. 578.

কাব্যপ্রকাশবিবেক নকল করা হইয়াছিল[৩৬]। বিদ্যাপতি রচিত যে শ্লোকটিতে দেবসিংহদেবের মৃত্যুর তারিখ আছে, তদনুসারে শিবসিংহদেব মুসলমানগণ কর্ত্তৃক আক্রান্ত হইয়াছিলেন[৩৭]। বিদ্যাপতি রচিত পদাবলীতে ত্রিপুরসিংহ এবং তৎপুত্র অর্জ্জুনরায়ের উল্লেখ আছে[৩৮]। প্রবাদ অনুসারে ত্রিপুরসিংহ শিবসিংহের ভ্রাতা এবং অমরসিংহের পিতা[৩৯]। পদাবলীতে অমরসিংহ ও তৎপত্নী জ্ঞানদেবীর উল্লেখ আছে[৪০]। বিদ্যাপতির লিখনাবলী অনুসারে তাঁহার পৃষ্ঠপোষক পুরাদিত্য অর্জ্জুনরায়কে হত্যা করিয়াছিলেন[৪১]। শিবসিংহদেব স্বাধীনতার চিহ্নস্বরূপ নিজনামে সুবর্ণমুদ্রা মুদ্রাঙ্কন করিয়াছিলেন। তীরভুক্তি ও মিথিলার নানা স্থানে শিবসিংহদেবের সুবর্ণমুদ্রা আবিষ্কৃত হইয়াছে[৪২]। কোন্ সময়ে শিবসিংহদেবের মৃত্যু হইয়াছিল, তাহা অদ্যাপি নির্ণীত হয় নাই। শিবসিংহের পরে তাঁহার কনিষ্ঠ ভ্রাতা পদ্মসিংহ মিথিলার সিংহাসন লাভ করিয়াছিলেন[৪৩]। বিদ্যাপতি রচিত শৈবসর্ব্বস্বসার অনুসারে পদ্মসিংহদেবের পত্নীর নাম বিশ্বাসদেবী[৪৪]।

---

(৩৬) গভর্ণমেণ্টের পুঁথি, পৃঃ ১১৭ ক।

(৩৭) পদাবলী, পরিষদ গ্রন্থাবলী ২৮, পৃঃ ৫৩১।

(৩৮) ঐ, নং ২৯, পৃঃ ৬৬, নং ৩০০, পৃঃ ১৮৩, নং ৭২১, পৃঃ ৪৩১, নং ৭২৫, পৃঃ ৪৩৩।

(৩৯) Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI. p. 422.

(৪০) পদাবলী, পরিষদ্ গ্রন্থাবলী, নং ৭২৩ পৃঃ ৪৩২।

(৪১) লিখনাবলী, শ্লোক ১।

(৪২) Annual Report of the Archæological Survey of India, 1913-14.

(৪৩) Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, p. 423.

(৪৪) শৈবসর্ব্বস্বসার, শ্লোক, ৬-৮।

পদ্মসিংহ সম্ভবতঃ অপুত্রক অবস্থায় পরলোকে গমন করিয়াছিলেন, কারণ তাঁহার পরে ভবসিংহের কনিষ্ঠপুত্র হরসিংহদেব মিথিলার অধিকার লাভ করিয়াছিলেন।

সম্ভবতঃ এই সময় হইতে তীরভুক্তি ও মিথিলা স্বতন্ত্র রাজ্যে পরিণত হইয়াছিল। তীরভুক্তিতে নবপ্রতিষ্ঠিত রাজ্যে আর একটি শ্রোত্রিয় ব্রাহ্মণবংশ রাজপদবী লাভ করিয়াছিলেন। চম্পারণে অথবা চম্পকারণ্যে এই রাজ্যের রাজধানী ছিল। এই ব্রাহ্মণ-রাজবংশে মাত্র তিনজনের নাম অদ্যাবধি আবিষ্কৃত হইয়াছে। ইহাদিগের মধ্যে পৃথ্বীসিংহ ১৪৯২ বিক্রম সম্বৎসরে জীবিত ছিলেন, কারণ উক্তবর্ষে (১৪৩৪-৩৫ খৃষ্টাব্দে) দেবীমাহাত্ম্যের একখানি গ্রন্থ নকল করা হইয়াছিল এবং এই গ্রন্থের পুষ্পিকায়, পৃথ্বীসিংহদেবের নাম ও তাঁহার রাজধানী চম্পকারণ্যের উল্লেখ আছে[৮৫]। সম্ভবতঃ শক্তিসিংহদেব তাঁহার উত্তরাধিকারী ছিলেন। শক্তিসিংহের পরে মদনসিংহদেব তীরভুক্তির অধিকার লাভ করিয়াছিলেন। মদনসিংহদেবের রাজ্যকালে ১৫১১ বিক্রম সম্বৎসরে (১৪৫৩-৫৪ খৃষ্টাব্দে) চম্পকারণ্য নগরে অমরকোষের একখানি পুঁথি নকল করা হইয়াছিল। এই গ্রন্থের পুষ্পিকায় মদনসিংহদেবের ব্রাহ্মণবংশের উৎপত্তির এবং তাঁহার বিরুদ "দৈত্যনারায়ণের" উল্লেখ দেখিতে পাওয়া যায়[৮৬]। ৩৩৯ লক্ষ্মণ সম্বৎসরে (১৪৫৭ খৃষ্টাব্দে) গোরক্ষপুরে সিপাহকটক নামক স্থানে মদনসিংহদেবের রাজ্যকালে নারসিংহপুরাণের একখানি পুঁথি নকল করা হইয়াছিল[৮৭]। মদনসিংহ

(৮৫) Catalogue of Palmleaf & Selected paper Manuscripts, Durbar Library Nepal, Vol. I, p 61. (ঙ)

(৮৬) Ibid, pp. 50-51 (ড)।

(৮৭) Ibid, p. 29 (ঝ)।

দেবের আদেশে, মদনরত্নপ্রদীপ নামক একখানি গ্রন্থ, কাশীতীর্থ নিবাসী, বিশ্বনাথ নামক একব্যক্তি কর্তৃক প্রণীত হইয়াছিল। এই গ্রন্থের কিয়দংশ মাত্র আবিষ্কৃত হইয়াছে এবং ইহার পুষ্পিকা হইতে অবগত হওয়া যায় যে, মদনসিংহের পিতার নাম শক্তিসিংহ, শক্তিসিংহের বিরুদ "কোদণ্ডপরশুরাম" এবং মদনসিংহ সম্ভবতঃ মদনরত্নপ্রদীপ রচনায় সাহায্য করিয়াছিলেন৪৮। মিথিলায় শিবসিংহের ন্যায়, তীর-ভুক্তিতে মদনসিংহদেব, স্বাধীনতার চিহ্নস্বরূপ, নিজনামে তাম্রমুদ্রা মুদ্রাঙ্কন করাইয়াছিলেন। এই সকল মুদ্রা গোরক্ষপুরে, উত্তর পশ্চিম প্রদেশে ও পঞ্জাবে আবিষ্কৃত হইয়াছে৪৯। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, সি, আই, ই, মহাশয়ের মতানুসারে, মদনসিংহদেব খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীতে দিল্লীপ্রদেশে প্রবল হইয়া উঠিয়াছিলেন, কারণ লণ্ডনে ইণ্ডিয়া আপিসে রক্ষিত মদনরত্নপ্রদীপের সময় নির্ণয়োদ্দ্যোত নামক প্রথম উদ্দ্যোতে গ্রন্থারম্ভে দুইটি শ্লোকে দিল্লীর নাম আছে৫০। এই পুঁথিখানি খণ্ডিত এবং ইহার ষষ্ঠ ও সপ্তম শ্লোকে দিল্লীর নাম আছে। ইহার পরে চতুর্দ্দশটি শ্লোক নাই। দ্বাবিংশ শ্লোকে মদন-সিংহের নাম আছে। ইণ্ডিয়া আফিসে যে সমস্ত সংস্কৃত গ্রন্থ রক্ষিত আছে, তৎসমুদায়ের তালিকায় এগ্‌লিং (Julius Eggeling) মদনরত্ন-প্রদীপের প্রথম উদ্দ্যোতের যে কয়টি শ্লোক তালিকায় মুদ্রিত করিয়াছেন, তাহার কোনটিতে মদনসিংহদেবের সহিত দিল্লীর কোন সম্বন্ধের উল্লেখ

(৪৮) মদনরত্নপ্রদীপে প্রায়শ্চিত্তোদ্দ্যোতঃ—Ibid, p. 223, No. 1236.

(৪৯) V. A. Smith's Catalogue of Coins in the Indian Museum Calcutta, Vol. I, p. 293, Nos. 1-3; Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. LXVI, 1897, pt. I, p. 310.

(৫০) Catalogue of Palmleaf & Selected Paper Manuscripts, Durbar Library, Nepal, p. XVIII.

নাই৫১। ষষ্ঠ ও সপ্তম শ্লোকে দিল্লীর নাম ও দ্বাবিংশ শ্লোকে মদনসিংহের নাম দেখিয়া পূজ্যপাদ শাস্ত্রী মহাশয় অনুমান করিয়াছেন যে, তিনি দিল্লীর রাজা ছিলেন। এগ্‌লিং-রচিত ইণ্ডিয়া আফিসের পুঁথির তালিকায় কোনও স্থানে মদনসিংহ দিল্লীশ্বর রূপে উল্লিখিত হন নাই। শাস্ত্রী মহাশয়ের মতানুসারে মহম্মদ্ তোগ্‌লকের মৃত্যুর পরে দিল্লী নগর ও দিল্লী প্রদেশ রাজপুত ও আফ্‌গান্‌গণের লীলাক্ষেত্র হইয়াছিল এবং মদনসিংহ এই সময়ে দিল্লী প্রদেশে একজন পরাক্রান্ত সামন্ত ছিলেন। মদনসিংহের সহিত দিল্লীর সম্পর্ক কি, এবং কি কারণে ১৪১২ খৃষ্টাব্দে, মহম্মদ্ তোগ্‌লকের মৃত্যুর পরে, তাঁহার আবির্ভাবকাল নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা এগ্‌লিংএর তালিকায় ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী সি, আই, ই, মহোদয়-বিরচিত নেপালরাজের গ্রন্থাগারের তালিকাদ্বয়ে দেখিতে পাওয়া যায় না। প্রমাণাভাবে শক্তিসিংহের পুত্র মদনসিংহকে দিল্লী প্রদেশের রাজপুত জাতীয় রাজা বলিয়া স্বীকার করা যায় না। মদনসিংহের পরে তীরভুক্তি বা পশ্চিম মিথিলা-রাজ্যের কি অবস্থা হইয়াছিল তাহা জানা যায় না।

পদ্মসিংহের মৃত্যুর পরে ভবসিংহের অপর পুত্র হরসিংহদেব মিথিলার সিংহাসন লাভ করিয়াছিলেন। বিদ্যাপতি-রচিত বিভাগসারে৫২ বাচস্পতিমিশ্র-রচিত কৃত্যমহার্ণবে৫৩ ও মহাদাননির্ণয়ে,৫৪ মিসরু-

(৫১) Julius Eggeling's Catalogue of the Sanskrit Manuscripts in the Library of the India office, London, 1891, pt. III p. 537 A, No. 1681-416 B.

(৫২) Rajendralala Mitra, Notices of Sanskrit Manuscripts, Vol. VI, p. 68. No 2037.

(৫৩) Ibid, Vol. V. p. 202, No. 1886.

(৫৪) Buddhist Sanskrit Manuscripts from Nepal, p. 122 শ্লোক ২।

মিশ্রের বিবাদচন্দ্রে ৫৫ এবং বর্দ্ধমানের গঙ্গাকৃত্যবিবেকে ৫৬ হরসিংহ-দেবের নাম আছে, কিন্তু তাঁহার কোনও বিরুদ বা তাঁহার কোনও পত্নীর নাম অথবা তাঁহার রাজ্যকালের কোনও ঘটনা অদ্যাবধি জানিতে পারা যায় নাই। হরসিংহদেবের মৃত্যুর পরে তাঁহার পুত্র নৃসিংহ বা নরসিংহ-দেব মিথিলার অধিকার লাভ করিয়াছিলেন ৫৭। বিদ্যাপতি-রচিত দানবাক্যাবলীতে বাচস্পতিমিশ্র-রচিত কৃত্যমহার্ণবে, ব্যবহার-চিন্তামণিতে ও মহাদাননির্ণয়ে, মিসরুমিশ্রের বিবাদচন্দ্রে, রুচিপতির অনর্ঘরাঘবটীকায়, বর্দ্ধমানের গঙ্গাকৃত্যবিবেকে ও গদাধর-রচিত তত্বপ্রদীপে নৃসিংহ বা নরসিংহদেবের নাম এবং তাহার বিরুদ "দর্পনারায়ণ" দেখিতে পাওয়া যায় ৫৮। বিদ্যাপতি-রচিত দানবাক্যাবলীতে নরসিংহ-দেবের পত্নী ধীরমতীর উল্লেখ আছে ৫৯। তাঁহার অপরা পত্নী হীরা-দেবীর আদেশে মিসরুমিশ্র বিবাদচন্দ্র রচনা করিয়াছিলেন ৬০। নরসিংহদেবের অনেকগুলি পুত্র ছিল, তাঁহার মৃত্যুর পরে তন্মধ্যে ধীরসিংহদেব মিথিলার সিংহাসন লাভ করিয়াছিলেন। তাঁহার অপর নাম "হৃদয়নারায়ণ"। বিদ্যাপতি-রচিত শেষ গ্রন্থ দুর্গাভক্তিতরঙ্গিনীতে, বাচস্পতিমিশ্র-রচিত ব্যবহারচিন্তামণিতে, মধুসূদনমিশ্র-রচিত জ্যোতিঃ-

(৫৫) Catalogue of Manuscripts in the Sanskrit College Library, Calcutta, pt. II, p. 116, শ্লোক ৩।

(৫৬) Catalogue of Sanskrit Manuscripts in the British Museum, London, p. 75, শ্লোক ৩।

(৫৭) Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, p. 424

(৫৮) Ibid,

(৫৯) দানবাক্যাবলী, শ্লোক ৪।

৬০) বিবাদচন্দ্র, শ্লোক ৪।

প্রদীপাঙ্কুরে এবং গদাধর-রচিত তন্ত্রপ্রদীপে ধীরসিংহদেবের নাম আছে ৬১। ধীরসিংহদেব জ্যোতিঃপ্রদীপাঙ্কুর অনুসারে ব্রাহ্মণগণকে শতাধিক গাভী ও সুবর্ণ কঙ্কণ দান করিয়াছিলেন এবং একটি সরোবর খনন করাইয়াছিলেন ৬২। তিনি ৩২১ লক্ষ্মণ সম্বৎসরে (১৪৩৮ খৃষ্টাব্দে) জীবিত ছিলেন, কারণ উক্তবর্ষে তাঁহার রাজ্যকালে শ্রীনিবাস-রচিত সেতুদর্পণী নামক, সেতুবন্ধ নামধেয় একখানি প্রাকৃত কাব্যের টীকা নকল করা হইয়াছিল ৬৩। তাঁহার রাজ্যকালে তাঁহার কনিষ্ঠ ভ্রাতা ভৈরবেন্দ্র বা ভৈরবসিংহ গৌড়েশ্বরকে পরাজিত করিয়াছিলেন ৬৪। কথিত আছে যে, ভৈরবেন্দ্রের পরামর্শে গৌড়েশ্বরের প্রতিনিধি কেদার রায় মিথিলারাজের পক্ষ অবলম্বন করিয়াছিলেন ৬৫। ধীরসিংহের অন্ততঃ একটি পুত্র ছিল, তাঁহার নাম রাঘবেন্দ্র। রাঘবেন্দ্রের পুত্র গদাধর তন্ত্রপ্রদীপ রচনা করিয়াছিলেন ৬৬। ধীরসিংহের মৃত্যুর পরে তাঁহার কনিষ্ঠ ভ্রাতা ভৈরবেন্দ্র বা ভৈরব সিংহ মিথিলার সিংহাসন লাভ করিয়াছিলেন ৬৭। বিদ্যাপতি-রচিত দুর্গাভক্তিতরঙ্গিণীতে ভৈরবেন্দ্র প্রশংসিত হইয়াছেন। তাঁহার "রূপনারায়ণ" ও "হরিনারায়ণ" এই দুইটি বিরুদ ছিল। রুচিপতি-

(৬১) গভর্ণমেণ্টের পুঁথি, নং ৪৭৬০, পৃঃ ৯৯ ক-খ; তন্ত্রপ্রদীপ—Notices of Sanskrit Manuscripts Vol. VI, p. 233, No. 2172.

(৬২) Catalogue of Sanskrit Manuscripts in the India office Library, p. 1006, No. 3904.

(৬৩) Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, p. 426, Note 1.

(৬৪) অনর্ঘরাঘব টীকা (নির্ণয় সাগর প্রেস, বোম্বাই) পৃঃ ২ শ্লোক ৩।

(৬৫) দণ্ডবিবেক (এসিয়াটিক সোসাইটির পুঁথি) পৃঃ ১ শ্লোক ৪।

(৬৬) Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, pp. 424-425.

(৬৭) Ibid, p. 426.

রচিত অনর্ঘরাঘবটীকায়, বাচস্পতি মিশ্র-রচিত দ্বৈতনির্ণয়ে, কৃত্য-মহার্ণবে, মহাদাননির্ণয়ে, শূদ্রাচারচিন্তামণিতে ও পিতৃভক্তিতরঙ্গিণীতে এবং বর্দ্ধমান-রচিত দণ্ডবিবেকে ও গঙ্গাকৃত্যবিবেকে ভৈরবসিংহের নাম দেখিতে পাওয়া যায়, তাঁহার এক পত্নীর নাম জয়া বা জয়াত্মা দেবী, ইঁহার পুত্রের নাম রাজাধিরাজ পুরুষোত্তমদেব, এবং ইঁহার আদেশে বাচস্পতি মিশ্র দ্বৈতনির্ণয় নামক স্মৃতিগ্রন্থ রচনা করিয়াছিলেন [৬৮]। বাচস্পতি মিশ্র তাঁহার পারিষদ (কর্ম্মচারী) [৬৯] ও বর্দ্ধমান উপাধ্যায় তাঁহার ধর্ম্মাধিকরণিক বা বিচারপতি ছিলেন [৭০]। তাহার রাজ্যকালে রুচিপতি অনর্ঘরাঘব টীকা, বাচস্পতি মিশ্র ব্যবহার চিন্তামণি, কৃত্যমহার্ণব ও মহাদাননির্ণয় এবং বর্দ্ধমান উপাধ্যায় দণ্ডবিবেক রচনা করিয়াছিলেন। ভৈরবসিংহদেব তুলাপুরুষ মহাদান করিয়াছিলেন, শত শত পুষ্করিণী খনন করাইয়াছিলেন এবং ব্রাহ্মণগণকে বহু নগর ও পত্তন দান করিয়াছিলেন [৭১]। ভৈরবেন্দ্রের কনিষ্ঠ ভ্রাতার নাম চন্দ্রসিংহ। বিদ্যাপতি-রচিত দুর্গাভক্তিতরঙ্গিণীতে [৭২] এবং মিসরুমিশ্র-রচিত বিবাদচন্দ্রে [৭৩] ও পদার্থচন্দ্রে [৭৪] চন্দ্রসিংহের নাম আছে। চন্দ্রসিংহের পত্নীর নাম লখিমা দেবী বা লছিমা দেবী, তাঁহার আদেশে মিসরুমিশ্র বিবাদচন্দ্র

(৬৮) Notices of Sanskrit Manuscripts Vol. I, p. 149. No. 275.

(৬৯) Ibid, Vol. VI, p. 22, No. 2015.

(৭০) দণ্ডবিবেক (এসিয়াটিক সোসাইটির পুঁথি) পৃঃ ৪৮, ৫৯, ৬৬, ৮০ ও ১০৮।

(৭১) মহাদাননির্ণয়, শ্লোক ৭।

(৭২) গবর্ণমেন্টের পুঁথি, নং ৪৭৬০ পৃঃ ৯৯ ক।

(৭৩) Catalogue of Sanskrit Manuscripts in the Sanskrit College Library, Calcutta, pt. II, p. 107.

(৭৪) Notices of Sanskrit Manuscripts, Vol. IX, p. 12, No. 290.

ও পদার্থচন্দ্র রচনা করিয়াছিলেন ৭৫। ভৈরবসিংহদেবের মৃত্যুর পরে তাঁহার পুত্র রামভদ্রদেব মিথিলার সিংহাসন লাভ করিয়াছিলেন। রামভদ্রদেবের অপর নাম রূপনারায়ণ। তাঁহার রাজ্যকালে বাচস্পতি মিশ্র পিতৃভক্তিতরঙ্গিণী এবং বৰ্দ্ধমান উপাধ্যায় গঙ্গাকৃত্যবিবেক ও তত্ত্বামৃতসারোদ্ধার রচনা করিয়াছিলেন ৭৬। গয়া নিবাসী শ্রীরামভট্ট তীর্থযাত্রা কালে তীরভুক্তিতে গমন করিয়াছিলেন, এই কথা তিনি তদ্রচিত বিদ্বৎপ্রবোধিনী নাম্নী সারস্বত ব্যাকরণের টীকায় লিপিবদ্ধ করিয়াছেন ৭৭। রামভদ্রদেবের রাজ্যকালে রাজবংশীয় গদাধর-তন্ত্রপ্রদীপ রচনা করিয়াছিলেন। গদাধরের আদেশে ৩৭২ লক্ষ্মণ সম্বৎসরে (১৪[illegible] খৃষ্টাব্দে) ভোজদেব-রচিত বিবিধবিদ্যাবিচারচতুর, ৭৮ ১৪২৬ শকাব্দে (১৫০৪ খৃষ্টাব্দে) ৩৭৪ লক্ষ্মণ সম্বৎসরে কৃত্যকল্পতরুর দানকাণ্ড নকল করা হইয়াছিল। ৩৭৬ লক্ষ্মণ সম্বৎসরে (১৪৯৬ খৃষ্টাব্দে) গঙ্গাকৃত্যবিবেক ৭৯ নকল শেষ হইয়াছিল।

প্রবাদ অনুসারে লক্ষ্মীনাথদেব রামভদ্রের পুত্র এবং তাঁহার মৃত্যুর পরে মিথিলার সিংহাসন লাভ করিয়াছিলেন ৮০। লক্ষ্মীনাথদেবের অপর

(৭৫) Catalogue of Sanskrit Manuscripts in the Sanskrit College Library, Calcutta, p. 117.

(৭৬) গভর্ণমেণ্টের পুঁথি, নং ৮৯৭ পৃঃ ৮৪ ক; Catalogue of Sanskrit Manuscripts in the British Museum, London, pp. 75-76; Notices of Sanskrit Manuscripts, Vol VI, p. 57, No. 2030.

(৭৭) Catalogue of Sanskrit Manuscripts in the India Office Library, London, p. 214, No. 804.

(৭৮) Notices of Sanskrit Manuscripts in the Durbar Library, Nepal, p. 65.

(৭৯) গভর্ণমেণ্টের পুঁথি, নং ৪০২৬ পৃঃ ১৩১ ক।

(৮০) Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XI, p. 430.

নাম কংসনারায়ণ। তাঁহার রাজ্যকালে রুচিপতির পুত্র হরপতি আগমাচার্য্য মন্ত্রপ্রদীপ রচনা করিয়াছিলেন ৮১। লক্ষ্মীনাথদেবের রাজ্যকালে ৩৯২ লক্ষ্মণ সম্বৎসরে (১৫১০ খৃষ্টাব্দে) দেবীমাহাত্ম্যের একখানি পুঁথি নকল করা হইয়াছিল ৮২। এই সময়ে পূর্ব্বদিক্ হইতে বাঙ্গালার সুলতান্ আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ ও পশ্চিমদিক্ হইতে দিল্লীর সুলতান্ সিকন্দর লোদী তীরভুক্তি ও মিথিলা আক্রমণ করিয়া মৈথিল স্বাধীনতা লোপ করিয়াছিলেন। ৯০১ হিজরায় (১৪৯৬ খৃষ্টাব্দে) দিল্লীর সুলতান্ সিকন্দর লোদী বাঙ্গালার সুলতান্ আলা-উদ্দীন্ হোসেন্ শাহের সহিত যে সন্ধিস্থাপন করিয়াছিলেন তদনুসারে মগধ ও তীরভুক্তি সিকন্দর শাহের অধিকারভুক্ত হইয়াছিল ৮৩। এই দুইটি প্রদেশ লাভ করিয়া সিকন্দর শাহ্ বাঙ্গালা আক্রমণ করিবেন না অঙ্গীকার করিয়াছিলেন এবং তীরভুক্তি আক্রমণ করিয়া মৈথিলরাজকে অধীনতা স্বীকার করিতে বাধ্য করিয়াছিলেন।

জলাল্-উদ্দীন্ মহম্মদ্ শাহের পুত্র, শমস্-উদ্দীন্ আহ্মদ্ শাহ্, শাদী খাঁ ও নাসির্ খাঁ নামক, ক্রীতদাসদ্বয় কর্তৃক নিহত হইয়াছিলেন। আহ্মদ্ শাহের মৃত্যুর পরে, শাদি খাঁ নাসির্ খাঁকে হত্যা করিয়া, স্বয়ং সমস্ত ক্ষমতা গ্রাস করিবার চেষ্টা করিয়াছিল; কিন্তু পরিণামে শাদি খাঁ নিহত হইল এবং নাসির খাঁ গৌড়রাজ্যের অধিকার লাভ করিল। আহ্মদ্ শাহের ওম্রাহ্গণ ক্রীতদাসের অধীনতা স্বীকার না করিয়া সাত দিন অথবা অর্দ্ধ দিন পরে তাহাকে হত্যা করিয়াছিল। সুলতান্ শমস্-উদ্দীন্

---

(৮১) Notices of Sanskrit Manuscripts Vol. VI, pp. 34-35.

(৮২) Notices of Sanskrit Manuscripts in the Durbar Library, Nepal, p. 63.

(৮৩) মন্থখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৪১৭।

ইলিয়াস্ শাহের, নাসির্-উদ্দীন্ নামক একজন বংশধর, ওম্‌রাহ্‌গণ কর্ত্তৃক গৌড়ের সিংহাসনে স্থাপিত হইয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে নাসির-উদ্দীন্ সুলতান্ শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহের পৌত্র ৮৪। তারিখ্-ই-ফেরেশ্‌তা অনুসারে নাসির্-উদ্দীন্ সিংহাসন লাভের পূর্ব্বে কৃষিকার্য্যে নিযুক্ত ছিলেন ৮৫। এতদ্ব্যতীত রিয়াজ্-উস্-সালাতীনে, তাঁহার রাজ্যকালের অপর কোনও ঘটনার উল্লেখ নাই। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে গৌড়ের দুর্গ এবং গৌড়ের কতকগুলি ইমারৎ সুলতান্ নাসির-উদ্দীন্ মহ্‌মুদ্ কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল ৮৬। ৺রজনীকান্ত চক্রবর্ত্তী মহাশয়ের মতানুসারে গৌড় নগরের দক্ষিণদিকের প্রাকারে, বর্ত্তমান মহদীপুর গ্রামের নিকটে অবস্থিত সেলামী দরওয়াজা বা কোৎওয়ালী দরওয়াজা, নাসির-উদ্দীন্ মহ্‌মুদ্ শাহ্ কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল ৮৭। এই তোরণের ধ্বংসাবশেষ মাত্র বিদ্যমান আছে। ইহার নিম্নের পথ প্রায় দ্বাদশ হস্ত প্রশস্ত। ক্রেটন (Creighton) যখন গৌড়ে ছিলেন, তখনও এই বিশাল তোরণের খিলান বিদ্যমান ছিল। ক্রেটনের গ্রন্থে ইহার চিত্র প্রদত্ত হইয়াছে ৮৮। ৮৪৭ হিজরায় (১৪৪৩ খৃষ্টাব্দে) রমজান মাসে উলুগ্ সরফ্‌রাজ খাঁ কর্ত্তৃক মুর্শিদাবাদ জেলায় দুইটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল। বন্ধুবর শ্রীযুক্ত গুরুদাস সরকার এম্-এ, মুর্শিদাবাদ জেলায় জঙ্গীপুর মহকুমায় এই মস্‌জিদদ্বয়ের শিলালিপি আবিষ্কার করিয়াছেন। উভয় শিলালিপিতেই নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্

---

(৮৪) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১১৯।

(৮৫) তারিখ্-ই-ফেরেশ্‌তা, পারস্য মূল, ২য় ভাগ, পৃঃ ২৯৮।

(৮৬) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১২০।

(৮৭) গৌড়ের ইতিহাস, দ্বিতীয় খণ্ড, পৃঃ ৮৩।

(৮৮) Creighton's Ruins of Gour, pl. IV.

শাহের নাম আছে ৮৯। ওয়েষ্টমেকট্ গৌড়ের দুর্গের নিকটে একটি সমাধির উপরে একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন, তদনুসারে হিলাল্ নামক একব্যক্তি ৮৫৯ হিজরার শাবান মাসে, উনবিংশ দিবসে (৪ঠা আগষ্ট ১৪৫৫ খৃষ্টাব্দে) একটি মস্জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন ৯০। ৮৬১ হিজরায় (১৪৫৭ খৃষ্টাব্দে) মুসম্মৎ বখৎ বিনৎ নাম্নী এক মহিলা ঢাকা নগরে একটি মস্জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন ৯১। এই মস্জিদের শিলালিপি বর্ত্তমান সময়ে একটি আধুনিক গৃহের প্রাচীরে সংলগ্ন আছে। নাসির-উদ্দীন্ মহ্মুদ্ শাহের রাজ্যকালে ৮৬১ হিজরায় (১৪৫৭ খৃষ্টাব্দে) তর্বিয়ৎ খাঁ কর্ত্তৃক সপ্তগ্রামে একটি গৃহ নির্ম্মিত হইয়াছিল, এই শিলালিপিটি বর্ত্তমান সময়ে ত্রিশবিঘা গ্রামে শেখ্ জমাল্-উদ্দীনের সমাধির পার্শ্বে পতিত আছে ৯২। গৌড়ের ধ্বংসাবশেষ মধ্যে কোৎওয়ালী দরওয়াজায় একখানি শিলালিপি সংলগ্ন আছে, তদনুসারে ৮৬২ হিজরায়, সফর মাসের পঞ্চম দিবসে (২৩শে ডিসেম্বর ১৪৫৭ খৃষ্টাব্দে) নাসির-

---

(৮৯) বন্ধুবর শ্রীযুক্ত গুরুদাস সরকার মুর্শিদাবাদ জেলায় জঙ্গীপুর মহকুমায় কতগুলি পারসী ও আরবী শিলালিপি আবিষ্কার করিয়াছেন, সেগুলি প্রবন্ধাকারে Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New Series নামক পত্রিকায় প্রকাশিত হইতেছে। এই প্রবন্ধটির নাম "Some Traditions about Sultan Alauddin Husain Shah & notes on some Arabic Inscriptions from Murshidabad.

(৯০) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII, 1874, pt. I, p. 294; Ravenshaw's Gaur, its Ruins and Inscriptions, p. 72.

(৯১) Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New series, Vol. VII, p. 145.

(৯২) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XXXIX, 1870, pt. I, pp. 292—293; Ibid, Vol. XLII, 1873, pt. I, pp. 270—71.

উদ্দীন্ মহ্‌মুদ্ শাহের রাজ্যকালে একটি সেতু নির্ম্মিত হইয়াছিল। ব্রথ্‌ম্যান অনুমান করেন যে, কোৎওয়ালী দরওয়াজার নিকটে যে পাঁচ খিলানের সেতু আছে, এই শিলালিপিখানি তাহাতে সংলগ্ন ছিল ৯৩। ৮৬৩ হিজরার শাবান মাসের বিংশতি দিবসে (১৪৫৮ খৃষ্টাব্দে) মবারকাবাদ নামক সীমান্তস্থিত প্রদেশে খোজা জহান্ কর্ত্তৃক একটি তোরণ নির্ম্মিত হইয়াছিল। এই তোরণের শিলালিপি মাত্র আবিষ্কৃত হইয়াছে এবং উহা ঢাকার চিত্রশালায় রক্ষিত আছে ৯৪। পাণ্ডুয়ার ছোটি দরগায় একখানি শিলালিপি রক্ষিত আছে, তদনুসারে জিলহিজ্জা মাসের অষ্ট-বিংশতি দিবসে, ৮৬৩ হিজরায় সোমবারে (২৬শে অক্টোবর ১৪৫৯ খৃষ্টাব্দে) লতীফ্ খাঁ কর্ত্তৃক জনৈক মুসলমান সাধুর সমাধি নির্ম্মিত হইয়াছিল ৯৫। এই সকল শিলালিপির প্রমাণের উপর নির্ভর করিয়া বলা যাইতে পারে যে, উত্তর, পূর্ব্ব, পশ্চিম এবং দক্ষিণবঙ্গের কিয়দংশ নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ শাহের অধিকারভুক্ত ছিল। এই সময়ে মগধ জৌনপুরের সুলতান্‌গণের অধিকারভুক্ত হইয়াছিল। বিহার নগরে পাহাড়পুরের জামী মস্‌জিদে আবিষ্কৃত শিলালিপি অনুসারে, উহা ৮৪৭ হিজরায় রজব মাসের প্রথম দিবসে (২৫শে অক্টোবর ১৪৪৩ খৃষ্টাব্দে) জৌনপুরের সুলতান্ মহ্‌মুদ্ শাহের রাজ্যকালে নির্ম্মিত হইয়াছিল ৯৬। [illegible]

(৯৩) Ibid, Vol. XLIV, 1875, pt. I, p. 289.

(৯৪) Ibid, Vol. XLI, 1872, pt. I, pp. 107-8; Journal & Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. VI, pp. 145.

(৯৫) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 271; Ravenshaw's Gaur, its Ruins and Inscriptions, p. 52.

(৯৬) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 295.

মিনার, পাণ্ডুয়া, হুগলী

মহল্লায় আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, ৮৫০ হিজরার জমাদি-উল-আউয়ল মাসের দশম দিবসে (৩রা আগষ্ট ১৪৪৬ খৃষ্টাব্দে) প্রাসাদের কর্ম্মচারী খুরশেদ্ খাঁ কর্ত্তৃক একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৯৭]। বিহার নগরে পাহাড়পুরে জামী মস্‌জিদে আবিষ্কৃত আর একখানি শিলালিপি অনুসারে, মুসলমান সাধু শেখ্ শর্ফ্-উদ্-দীন্-হকের স্মৃতিচিহ্নস্বরূপ, রমজান মাসের সপ্তবিংশ দিবসে, বুধবারে, ৮৫৯ হিজরায় (১০ই সেপ্টেম্বর ১৪৫৫ খৃষ্টাব্দে), একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৯৮]। উক্তস্থানে পূর্ব্বোক্ত তারিখে উক্ত মস্‌জিদের আর একখানি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে[৯৯]। নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ শাহের বহু রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে। এই সকল মুদ্রায় মহ্‌মুদাবাদ[১০০]; নস্‌রতাবাদ[১] ও ফতেহাবাদের[২] নাম দেখিতে পাওয়া যায়, তন্মধ্যে ফতেহাবাদ বর্ত্তমান ফরিদপুরের প্রাচীন নাম। মহ্‌মুদাবাদ ও নস্‌রতাবাদের অবস্থান অদ্যাবধি নির্ণীত হয় নাই। আইন্-ই-আক্‌বরীতে সরকার মহ্‌মুদাবাদের নাম দেখিতে পাওয়া যায়[৩], কিন্তু নাসির্-উদ্দীন্ মহ্‌মুদের মুদ্রায় যে মহ্‌মুদাবাদের নাম আছে, তাহা এই মহ্‌মুদাবাদ কি না বলিতে পারা যায় না। এই সময় হইতে বাঙ্গালা দেশের মুদ্রায় ফিরোজাবাদ অথবা সুবর্ণগ্রামের নাম দেখিতে পাওয়া যায় না। রিয়াজ্-উস্-সালাতীন্

(৯৭) Epigraphia Indica, Vol. II, p. 280.

(৯৮) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 306-7.

(৯৯) Ibid, pp. 306.

(১০০) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. [illegible], No. 116.

(১) Ibid, p. [illegible], No. 125.

(২) Ibid, p. [illegible], No. 116.

(৩) Ain-i-[illegible] Trans., [illegible] Bib. Ind., Vol. II, pp. 132-33.

অনুসারে নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ শাহ্ দ্বাত্রিংশ বর্ষ গৌড়ের সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন ৪। ৮৬৩ হিজরার পরে, সম্ভবতঃ ৮৬৪ হিজরার প্রারম্ভে নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ শাহের মৃত্যু হইয়াছিল এবং তাঁহার পুত্র রুকন্-উদ্দীন্ বারবক্ শাহ্ গৌড়ের সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ শাহের রাজ্যকাল-সম্বন্ধে গোলাম হোসেনের উক্তি গ্রহণ করিলে স্বীকার করিতে হয় যে, তিনি অন্ততঃ ৮৩৭ হিজরায় অর্থাৎ শম্স্-উদ্দীন্ আহ্মদ্ শাহের জীবদ্দশায় স্বাধীনতা ঘোষণা করিয়াছিলেন এবং কিয়ৎকাল তাঁহার প্রতিদ্বন্দ্বিস্বরূপ গৌড়রাজ্যের অধিকার লইয়া বিবাদে প্রবৃত্ত হইয়াছিলেন। তাঁহার রাজ্যের শেষভাগে খাঁ জহান্ নামক একব্যক্তি দক্ষিণবঙ্গের বনময় প্রদেশ জয় করিয়াছিলেন। খুলনা জেলায় বাগেরহাটে তাঁহার সমাধি আছে। জিলহিজ্জা মাসে, সপ্তদশ দিবসে, বৃহস্পতিবারে, ৮৬৩ হিজরায় (২৪শে অক্টোবর ১৪৫৯ খৃষ্টাব্দে) খাঁ জহানের দেহ সমাহিত হইয়াছিল ৫।

রুকন্-উদ্দীন্ বারবক্ শাহ্ পিতার জীবদ্দশায় দক্ষিণবঙ্গের, সম্ভবতঃ সপ্তগ্রামের শাসনকর্ত্তা ছিলেন। ৮৬০ হিজরায় মহ্মুদ্ শাহের পুত্র বারবক্ শাহের রাজ্যকালে রাজান্তঃপুর-রক্ষক সাজ্লা মনখাবাদ প্রদেশের এবং লাউবলা নগরের সর্লস্কর (সেনাপতি) ও উজীর ইক্রার খাঁর সেনাপতি উলুগ্ আজ্মল্ খাঁ কর্ত্তৃক একটি মস্জিদ্ নির্ম্মিত হইয়াছিল ৬। লাউবলা নগর বর্ত্তমান সময়ে লাউপালা নামে পরিচিত, ইহা চব্বিশ পরগণা জেলার হাবিলি সহর পরগণায় অবস্থিত ৭। চতুর্ব্বিং-

(৪) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১২০।

(৫) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XXXVI, 1867, pt. I, p. 135.

(৬) Ibid, Vol. XXXIX, 1870, pt. I, p. 290.

(৭) Ibid, p. 294, note.

-শ্চিমতম তীর্থঙ্কর মহাবীর বর্দ্ধমানের পাষাণ-প্রতিমার পশ্চাদ্দেশে এই শিলালিপি উৎকীর্ণ হইয়াছিল ৮ এবং ইহাতে বারবক্ শাহের মালিক্ উপাধি দেখিতে পাওয়া যায়। তারিখ্-ই-ফেরেশ্‌তা অনুসারে বারবক্ শাহ্ সুবিচারক ও সুপণ্ডিত ছিলেন। তাঁহার রাজ্যকালে কাজিগণ কোনও বিষয়ে বিচার করিতে অক্ষম হইলে, তিনি স্বয়ং বিচারের ভার গ্রহণ করিতেন এবং কেহ প্রকাশ্যে মদ্যপান করিতে সাহস করিত না। রুকন্-উদ্দীন্ বারবক্ শাহের রাজ্যকালে ইসমাইল্ গাজী নামক তাঁহার একজন সেনাপতি উড়িষ্যা ও কামরূপ রাজ্য আক্রমণ করিয়াছিলেন। রঙ্গপুর জেলায় কাটাদুয়ার নামক স্থানে, ইসমাইল্ গাজীর সমাধিস্থানে, একজন ফকীরের নিকটে রিসালৎ-উশ্-শুহাদা নামক একখানি পারস্যভাষায় লিখিত গ্রন্থ আছে; এই গ্রন্থ অনুসারে ইসমাইল্ গাজী কোরেশ জাতীয় আরব ছিলেন এবং মক্কায় তাঁহার জন্ম হইয়াছিল। তিনি বারবক্ শাহের রাজ্যকালে লক্ষ্মণাবতীতে আসিয়াছিলেন। গৌড়নগরের উত্তরদিকে ছুটিয়াপটিয়া নামক একটি নদী বা জলাভূমি ছিল, ইহা বর্ষাকালে জলপূর্ণ হইয়া গৌড় প্রদেশের অধিবাসিগণকে ক্ষতিগ্রস্ত করিত। বারবক্ শাহের রাজ্যকালে এই নদী বা জলাভূমির চারিদিকে বহুবার আলি বন্ধনের চেষ্টা হইয়াছিল, কিন্তু কোনও বার উদ্যম সফল হয় নাই। ইসমাইল্ ছুটিয়াপটিয়ার উপরে সেতু নির্ম্মাণ করিয়া যশোলাভ করিয়াছিলেন। রিসালৎ-উশ্-শুহাদা অনুসারে, মন্দারণের রাজা গজপতি বিদ্রোহী হইলে, ইসমাইল্

(৮) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. V, p. 249.

(৯) তারিখ্-ই-ফেরেশ্‌তা, পারস্য মূল, নওলকিশোর প্রেস, লক্ষ্ণৌ, ২য় ভাগ,

তাঁহার বিরুদ্ধে প্রেরিত হইয়াছিলেন এবং গজপতিকে পরাজিত ও বন্দী করিয়াছিলেন। এই সময়ে সম্ভবতঃ মন্দারণ উড়িষ্যার গঙ্গবংশীয় রাজগণের অধিকারভুক্ত ছিল। কিয়ৎকাল পরে, ইস্মাইল্, কামরূপরাজ কামেশ্বরের রাজ্য আক্রমণ করিতে প্রেরিত হইয়াছিলেন। তিনি প্রথমবার যুদ্ধে পরাজিত হইয়াছিলেন, কিন্তু কামেশ্বর ইস্মাইলের গুণে মুগ্ধ হইয়া আত্মসমর্পণ করিয়াছিলেন ও মুসলমানধর্ম্ম অবলম্বন করিয়াছিলেন ১০। আসামের আহমবংশের ইতিহাসে কামেশ্বর নামক কোনও রাজার নাম পাওয়া যায় না। আহমবংশীয় সুফাক্ফার পুত্র সুসেনফা ১৪৩৯ হইতে ১৪৮৮ খৃষ্টাব্দ পর্য্যন্ত কামরূপের অধীশ্বর ছিলেন ১১। ইস্মাইল্ কর্ত্তৃক পরাজিত কামেশ্বর সম্ভবতঃ কামতাপুরের রাজা। কামেশ্বর দিনাজপুর জেলায় অবস্থিত সন্তোষের নিকটে ইস্মাইলকে পরাজিত করিয়াছিলেন। রিসালৎ-উশ্-শুহাদা অনুসারে, ইসমাইল্, ঘোড়াঘাটের হিন্দু সেনাপতি ভান্দসী রায়ের চক্রান্তে, বারবক্ শাহের আদেশে, ৮৭৮ হিজরায়, শাবান মাসের চতুর্দ্দশ দিবসে নিহত হইয়াছিলেন ১২। তাঁহার দেহ হুগলী জেলার মন্দারণ পরগণায়, ও তাঁহার মস্তক রঙ্গপুর জেলার পীরগঞ্জ থানায়, কাটাদুয়ার গ্রামে সমাহিত আছে ১৩।

শ্রীরামপুরের বিখ্যাত পাদ্রী মার্শম্যান (Marshman) গৌড়

(১০) Journal of the Asiatic Society of Bengal, Old Series Vol. XLIII, pp. 215-20.

(১১) Gait's History of Assam, p. 82.

(১২) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol XLIII, 1874, pt. I, p. 221.

(১৩) মৌলবী শ্রীযুক্ত আব্দুল ওয়ালী মন্দারণে শেখ্ ইস্মাইল্ গাজীর সমাধি সম্বন্ধে এসিয়াটিক সোসাইটির পত্রিকায় একটি প্রবন্ধ প্রকাশ করিতেছেন।

হইতে রুকন্-উদ্দীন্ বারবক্ শাহের রাজ্যকালের একখানি শিলালিপি লইয়া আসিয়াছিলেন, ইহা অর্দ্ধ শতাব্দীর অধিক কাল শ্রীরামপুরের কলেজের প্রাঙ্গণে পতিত ছিল। ১৮৭৪ খৃষ্টাব্দে স্বর্গীয় ডাক্তার ব্লখ্ম্যানের অনুরোধে ইহা কলিকাতার চিত্রশালায় প্রদত্ত হইয়াছিল। এই শিলালিপি অনুসারে রুকন্-উদ্দীন্ বারবক্ শাহের রাজ্যকালে জমাদি-উল্-আউয়ল মাসের দশম দিবসে ৮৬৫ হিজরায় (২৪শে ডিসেম্বর ১৪৬০ খৃষ্টাব্দে) একটি মসজিদ্ নির্ম্মিত হইয়াছিল [১৪]। দিনাজপুরে চিহিলগাজীর সমাধির উপরে, ওয়েষ্টমেকট্, বারবক্ শাহের আর একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন, এই শিলালিপি অনুসারে বারবক শাহের রাজ্যকালে ৮৬৫ হিজরায় সফর মাসের ষোড়শ দিবসে (১লা ডিসেম্বর ১৪৬০ খৃষ্টাব্দে) জোর, বরুর ও অন্যান্য মহলের শিকদার ও জঙ্গদার উলুগ্ নসরৎ খাঁ একটি মস্জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন [১৫]। ওয়েষ্টমেকটের মতানুসারে, বরুর পূর্ণিয়া জেলার একটি পরগণা। ওয়েষ্টমেকট্ দিনাজপুর জেলায় মহিসন্তোষ নামক স্থানে বারবক্ শাহের রাজ্যকালের আর একটি শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন। তদনুসারে ৮৬৫ হিজরায় উলুগ্ ইকরার খাঁ একটি মস্জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন [১৭]। এই ইক্রার খাঁ দিনাজপুরের চিহিলগাজীর সমাধির শিলালিপিতে [১৮] এবং সপ্তগ্রামের শিলালিপিতে [১৯] উল্লিখিত হইয়াছেন। ওয়েষ্টমেকট্ পুরাতন মান্দক

(১৪) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII, 1874, pt. I, p. 295.

(১৫) Ibid, Vol. XLII, 1873, pt. I, pp. 272-73.

(১৬) Ibid, p. 273.

(১৭) Ibid, Vol. XLIV, 1875, pt. I, p. 290.

(১৮) Ibid, Vol. XLII, 1873, pt. I, p. 273.

(১৯) Ibid, Vol. XXXIX 1870, p. 290.

হইতে একাদশ ক্রোশ উত্তরে দেওতলাও গ্রামে একটি মস্‌জিদের উপরে বারবক্ শাহের রাজ্যকালের আর একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন। এই শিলালিপি অনুসারে তিরুয়াবাদে অর্থাৎ দেওতলাওতে উলুগ্ মরাবৎ খাঁ কর্ত্তৃক ৮৬৮ হিজরার রজব মাসের পঞ্চম দিবসে (১৪ই মার্চ্চ ১৪৬৪ খৃষ্টাব্দে) একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল ২০। এই মস্‌জিদে উলুগ্ মরাবৎ খাঁ কর্ত্তৃক নির্ম্মিত আর একটি মস্‌জিদের শিলালিপি রক্ষিত আছে ২১। বারবক্ শাহের রাজ্যকালে দক্ষিণবঙ্গের বনময় প্রদেশে হিন্দুরাজগণের স্বাধীনতা লুপ্ত হইয়াছিল। বারবক্ শাহের রাজ্যকালে ৮৭০ হিজরায় (১৪৬৫-৬৬ খৃষ্টাব্দে) আজিয়াল্ খাঁ কর্ত্তৃক বাখরগঞ্জ জিলায় মির্জাগঞ্জ নামক স্থানে একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল ২২; ইহাই দক্ষিণবঙ্গের মুসলমান শাসনকালের প্রাচীনতম নিদর্শন। মালদহ জেলায় গুয়ামালতীতে একটি দীর্ঘ আরবী শিলালিপি আবিষ্কৃত হইয়াছিল, তদনুসারে ৮৭১ হিজরায় (১৪৬৬ খৃষ্টাব্দে), বারবক্ শাহ্ কর্ত্তৃক গৌড়ের প্রাসাদ-সীমায় একটি দীর্ঘিকা খনিত হইয়াছিল এবং একটি তোরণ নির্ম্মিত হইয়াছিল ২৩। দিনাজপুর জেলায় মহিসন্তোষে আবিষ্কৃত একখানি ভগ্ন-শিলালিপি অনুসারে ৮৭৬ হিজরায়, (১৪৭১-৭২ খৃষ্টাব্দে) বারবকাবাদ মকানের উজীর কর্ত্তৃক একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল ২৪। চট্টগ্রাম বারবক্ শাহের অধিকারভুক্ত ছিল, কারণ বিখ্যাত কবি আলাওল্ খাঁর দরগায় আবিষ্কৃত একখানি

(২০) Ibid, Vol. XLIII, 1874, pt. I, p. 296.

(২১) Ibid, p. 297.

(২২) Ibid, Vol. XXIX, 1860, p. 407.

(২৩) Ravenshaw's Gaur, its Ruins and Inscriptions, p. 18.

(২৪) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIV, 1875, pt. I, p. 291.

শিলালিপি অনুসারে, ৮৭৮ হিজরায় (১৪৭৩-৭৪ খৃষ্টাব্দে) রমজান মাসের পঞ্চবিংশ দিবসে রুকন্-উদ্দীন্ বারবক্ শাহের রাজ্যকালে মজ্‌লিস্-ই-আলীর আদেশে রাস্তি খাঁ কর্ত্তৃক চট্টগ্রামে একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল ২৫। এই শিলালিপিখানি একটি আধুনিক মস্‌জিদের প্রাচীরে সংলগ্ন আছে। রিয়াজ্-উস্-সালাতীন্, তবকাৎ-ই-আক্‌বরী ও তারিখ্-ই-ফেরেশ্‌তা অনুসারে বারবক্ শাহ্ সপ্তদশ বর্ষ রাজ্যভোগ করিয়া ৮৭৯ হিজরায় (১৪৭৪-৭৫ খৃষ্টাব্দে) পরলোকে গমন করিয়াছিলেন ২৬। রুকন্-উদ্দীন্ বারবক্ শাহের বহু রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে; কিন্তু এই সকল মুদ্রায় কোনও স্থানের নাম পাওয়া যায় না, সমস্ত মুদ্রাই "দার্-উজ্-জরব্" ২৭ (টাঁকশাল) ও "খজানা" ২৮ (কোষাগার) হইতে মুদ্রিত হইয়াছিল।

রুকন্-উদ্দীন্ বারবক্ শাহের পুত্র শমস্-উদ্দীন্ ইউসফ্ শাহ্ পিতার মৃত্যুর পরে গৌড়ের সিংহাসন লাভ করিয়াছিলেন। তাঁহার রাজ্যকালে শ্রীহট্ট মুসলমানগণ কর্ত্তৃক বিজিত হইয়াছিল। নাসির্-উদ্দীন্ নামক সিলহটের জনৈক মুনসেফ্ সুহৈল-ই-য়মন নামক একখানি গ্রন্থ রচনা করিয়াছিলেন ২৯। তাহাতে মুসলমানগণ কর্ত্তৃক শ্রীহট্ট-বিজয়ের জনপ্রবাদমূলক কাহিনী সঙ্কলিত হইয়াছে। এই গ্রন্থে মুসলমানবিজয়ের যেরূপ

---

(২৫) স্বর্গীয় ডাক্তার থিয়োডোর ব্লখ্ কর্ত্তৃক এই শিলালিপি পঠিত হইয়াছিল, ইহার উদ্ধৃত পাঠ অদ্যাবধি প্রকাশিত হয় নাই।

(২৬) রিয়াজ-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১২০।

(২৭) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, pp. 167-68, Nos. 133, 140-141, 146.

(২৮) Ibid, p. 168, No. 148.

(২৯) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 275.

বিবরণ পাওয়া যায়, বাঙ্গালার নানাস্থানে সেইরূপ বিবরণ শুনিতে পাওয়া যায়। শ্রীহট্টে বা সিলহটে, টোলটকর নামক মহল্লায় শেখ্ বুর্হান্-উদ্দীন্ নামক জনৈক মুসলমান বাস করিতেন, তিনি পুত্রলাভেচ্ছায় মানস করিয়াছিলেন যে, পুত্রসন্তান লাভ করিলে তিনি একটি গোহত্যা করিবেন। বুর্হান্-উদ্দীন্ পুত্রসন্তান লাভ করিয়া গোহত্যা করিলে, একটি চিল একখণ্ড গোমাংস লইয়া এক ব্রাহ্মণের গৃহে নিক্ষেপ করিয়াছিল। ব্রাহ্মণ শ্রীহট্টের রাজা গৌরগোবিন্দের নিকট অভিযোগ করিলে তাঁহার আদেশে বুর্হান্-উদ্দীনের পুত্র নিহত হইয়াছিল এবং বুর্হান্-উদ্দীনের দক্ষিণহস্ত কর্ত্তিত হইয়াছিল। বুর্হান্-উদ্দীন্ শ্রীহট্ট পরিত্যাগ করিয়া গৌড়ে গমন করিয়াছিলেন এবং তাঁহার অভিযোগ অনুসারে গৌড়ের সুলতান্, তাঁহার ভ্রাতুষ্পুত্র সুলতান্ সিকন্দরকে ব্রহ্মপুত্র ও সুবর্ণগ্রামের দিকে প্রেরণ করিয়াছিলেন। শ্রীহট্টের জনপ্রবাদ অনুসারে গৌড়ের সুলতান্ শমস্-উদ্দীনের রাজ্যকালে ৭৮৬ হিজরায় (১৩৮৪ খৃষ্টাব্দে) শেষ হিন্দুরাজা গৌরগোবিন্দ পরাজিত হইয়াছিলেন[৩০]; কিন্তু ১৩৮৪ খৃষ্টাব্দে বাঙ্গালায় শমস্-উদ্দীন্ নামক কোন সুলতান্ ছিলেন না, তখন সিকন্দর শাহ্ গৌড়ের সিংহাসনে অধিষ্ঠিত[৩১]। অনুমান হয় যে, জনপ্রবাদমূলক তারিখের শতবর্ষ পরে, শমস্-উদ্দীন্ ইউসফ্ শাহের রাজ্যকালে শ্রীহট্টে হিন্দু-স্বাধীনতা লুপ্ত হইয়াছিল, কারণ শমস্-উদ্দীন্ ইউসফ্ শাহের শিলালিপি শ্রীহট্টে আবিষ্কৃত সর্ব্বাপেক্ষা প্রাচীন আরবী শিলালিপি। সুহৈল-ই-য়মন্ অনুসারে, ইন্দ্রজালবলে, গৌরগোবিন্দ সুলতান্ সিকন্দরকে পরাজিত করিয়াছিলেন। গৌড়ের সুলতান্ পরাজয়বার্ত্তা শ্রবণ করিয়া সিপাহ্শালার নাসির্-

(৩০) Ibid, p. 279.
(৩১) ১২৮ পৃঃ দ্রষ্টব্য।

উদ্দীন্‌কে সুলতান্‌ সিকন্দর শাহের সাহায্যার্থে প্রেরণ করিয়াছিলেন। শাহ্‌ জলাল নামক জনৈক মুসলমান সাধু ৩৬০জন দরবেশ লইয়া হিন্দুদিগের সহিত যুদ্ধ করিতেছিলেন, তিনি এই সময়ে সুলতান্‌ সিকন্দর ও সিপাহ্‌শালার নাসির-উদ্দীনের সহিত যোগদান করিয়াছিলেন। শাহ্‌ জলালের পুণ্যবলে, গৌরগোবিন্দের ইন্দ্রজাল পরাজিত হইয়াছিল এবং গৌরগোবিন্দ নানাস্থানে পরাজিত হইয়া অবশেষে শ্রীহট্টে এক সপ্ততল-মন্দিরে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। নিষ্কৃতিলাভের আশা নাই দেখিয়া গৌরগোবিন্দ অবশেষে আত্মসমর্পণ করিয়াছিলেন এবং সসৈন্যে পার্ব্বত্যপ্রদেশে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন[৩২]। সুহৈল-ই-যমন্‌ গ্রন্থে বহু অলীক কথা সন্নিবিষ্ট হইয়াছে। এই গ্রন্থানুসারে ৫৯১ হিজরায় শাহ্‌ জলালের মৃত্যু হইয়াছিল, কিন্তু তিনি দিল্লীতে নিজাম্‌-উদ্দীন্‌ আউলিয়ার সহিত সাক্ষাৎ করিয়াছিলেন এবং ৭২৫ হিজরায় শেখ্‌ নিজাম্‌-উদ্দীনের মৃত্যু হইয়াছিল[৩৩]। সুতরাং ৫৯১ হিজরায় সুলতান্‌ মহম্মদ-বিন্‌-সাম্‌ কর্ত্তৃক চাহ্‌মান্‌ বংশীয় দ্বিতীয় পৃথ্বীরাজদেবের পরাজয়ের দুই বৎসর পরে শাহ্‌ জলালের মৃত্যু সম্ভব নহে। ইবন্‌ বতুতা, সপ্তগ্রাম হইতে, শেখ্‌ জলাল্‌-উদ্দীন্‌ তব্রীজী নামক মুসলমান সাধুর দর্শন মানসে কামরূপের পার্ব্বত্য-প্রদেশে গমন করিয়াছিলেন[৩৪]। মুসলমানসেনা কর্ত্তৃক শ্রীহট্টবিজয়ের সময়ে শাহ্‌ জলাল্‌ জীবিত ছিলেন কি না, এবং শ্রীহট্টের শাহ্‌ জলাল্‌ ও শেখ্‌ জলাল্‌-উদ্দীন্‌ তব্রীজী একই ব্যক্তি কি না সে বিষয়ে সন্দেহ আছে।

---

(৩২) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 280.

(৩৩) Ibid, p. 281.

(৩৪) Lee's Ibn Batutah, p. 195.

৮৭০ অথবা ৮৭৮ হিজরায় ইউসফ্ শাহের রাজ্যকালে একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল। মালদহে শাঁকমোহন মহল্লায় এই মস্‌জিদের শিলালিপি আবিষ্কৃত হইয়াছে[৩৫]। কনিংহামের মতানুসারে এই শিলালিপির তারিখ ৮৭৮ হিজরা[৩৬], কিন্তু মালদহ নিবাসী শেখ্ ইলাহি বখশ্[৩৭] ও ব্লথ্‌ম্যানের[৩৮] মতানুসারে ইহার তারিখ ৮৭০ হিজরা। ৮৭০ হিজরায় রুকন্-উদ্দীন্ বারবক্ শাহ্ জীবিত ছিলেন, কারণ উক্ত বর্ষে বাখরগঞ্জ জিলায় মির্জাগঞ্জের শিলালিপি উৎকীর্ণ হইয়াছিল, ৮৭১ হিজরায় গৌড়ের শিলালিপি উৎকীর্ণ হইয়াছিল এবং ৮৭৩ ও ৮৭৪ হিজরায় রুকন্-উদ্দীন্ বারবক্ শাহের নামে রজতমুদ্রা মুদ্রাঙ্কিত হইয়াছিল, সুতরাং এই শিলালিপি সম্ভবতঃ ৮৭৮ অথবা ৮৭৯ হিজরায় উৎকীর্ণ হইয়াছিল। ৮৮০ হিজরায়, (১৪৭৫ খৃষ্টাব্দে) সুলতান্ শমস্-উদ্দীন্ ইউসফ্ শাহ্ কর্ত্তৃক গৌড়ে একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৩৯]। এই মস্‌জিদের শিলালিপি মাত্র আবিষ্কৃত হইয়াছে, কেহ কেহ অনুমান করেন যে, গৌড়ের তাঁতিপাড়া মস্‌জিদে এই শিলালিপি সংলগ্ন ছিল[৪০]। ইউসফ্ শাহের রাজ্যকালে, রাঢ়ে পাণ্ডুয়ার হিন্দুরাজা বিজিত হইয়াছিল এবং সূর্য্য ও নারায়ণের মন্দির, মস্‌জিদ্

(৩৫) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII, 1874, pt. I, p. 298; Vol. LXIV, 1895, pt. I, p. 199.

(৩৬) Cunningham's Archæological Survey Report, Vol. XV, p. 78.

(৩৭) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. LXIV, 1895, pt. I, p. 199.

(৩৮) Ibid, Vol. XLIII, p. 298.

(৩৯) Cunningham's Archæological Survey Report, Vol. XV, pp. 60-61; Ravenshaw's Gaur, its Ruins and Inscriptions, p. 30, note.

(৪০) Creighton's Ruins of Gour, pl. XII.

ও মিনারে পরিণত হইয়াছিল। ব্রহ্মশিলা-নির্ম্মিত প্রকাণ্ড সূর্য্যমূর্ত্তির পশ্চাদ্দেশে উৎকীর্ণ আরবী শিলালিপি অনুসারে, ইউসফ্ শাহের রাজ্য-কালে, বুধবারে, মহরম মাসের প্রথম দিবসে, ৮৮২ হিজরায় (১৫ই এপ্রিল ১৪৭৭ খৃষ্টাব্দে), একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৪১]। এই মস্‌জিদের ধ্বংসাবশেষ বর্ত্তমান সময়ে বাইশ দরওয়াজা নামে পরিচিত এবং ইহাতে হিন্দুমন্দিরের বহু শিলাস্তম্ভ ও অন্যান্য ধ্বংসাবশেষ দেখিতে পাওয়া যায়[৪২]। এই মস্‌জিদের বেদী বা মিম্বর্ একটি হিন্দুমন্দিরের গর্ভগৃহ। পাণ্ডুয়ার বিখ্যাত মুসলমান সাধু নূর কুতব্-উল্-আলমের সমাধির নিকটে একটি মস্‌জিদ্ আছে, ইহার শিলালিপি অনুসারে এই মস্‌জিদটি শুক্রবারে, ৮৮৪ হিজরার রজব মাসের বিংশতি দিবসে (৮ই অক্টোবর ১৪৭৯ খৃষ্টাব্দে), শমস্-উদ্দীন্ ইউসফ্ শাহের রাজ্যকালে মজলিস্-উল্-মজালিস্ উপাধিধারী জনৈক মুসলমান ওমরাহ্ কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল[৪৩]। উক্তবর্ষে ইউসফ্ শাহ্ কর্ত্তৃক গৌড়ে মহদীপুর এবং ফিরোজপুর গ্রামদ্বয়ের মধ্যে দরাসবাড়ী বা বিদ্যালয় নামক স্থানে একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল। এই মস্‌জিদের বৃহদাকার শিলালিপি, ১৮৭৬ খৃষ্টাব্দে মস্‌জিদের ধ্বংসাবশেষ খননকালে আবিষ্কৃত হইয়াছিল এবং ইহা সৈয়দ্ ইলাহি বখশ্ আঙ্গরেজাবাদী কর্ত্তৃক পঠিত হইয়াছিল[৪৪]। কনিংহাম এই শিলালিপির প্রতিলিপি প্রকাশ করিয়া-

---

(৪১) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 275.

(৪২) Ibid, Vol. XXXIX, 1870, pt. I, pl. VIII, X.

(৪৩) Ibid, Vol. XLII, 1873, p. 276; Ravenshaw's Gaur its Ruins and Inscriptions, p. 50.

(৪৪) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. LXIV, 1895, pt. I, pp. 222-23.

ছিলেন এবং ইহা বর্ত্তমান সময়ে কলিকাতার চিত্রশালায় রক্ষিত আছে। ঢাকা হইতে সার্দ্ধ তিন ক্রোশ দূরে, মীরপুরে, শাহ্ আলী-বোগদাদীর দরগাহে একখানি শিলালিপি আছে, তদনুসারে ইউসফ্-শাহের রাজ্যকালে ৮৮৫ হিজরায় একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৪৫]। উক্তবর্ষে, রমজান মাসের দশম দিবসে, (১৩ নভেম্বর ১৪৮০ খৃষ্টাব্দে), গৌড়ে, খাকান উপাধিধারী জনৈক মুসলমান ওম্‌রাহ্ কর্ত্তৃক একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৪৬]। মেজর ফ্রাঙ্কলিন্ (Major Francklin) পাণ্ডুয়ার সোনা মস্‌জিদে একখানি শিলালিপি দেখিয়াছিলেন, তদনুসারে ৮৮৫ হিজরায় মহরম মাসের চতুর্দ্দশ দিবসে ইউসফ্ শাহ কর্ত্তৃক এই মস্‌জিদটি নির্ম্মিত হইয়াছিল[৪৭]। শ্রীহট্টে শাহ্ জলালের সমাধির চারিদিকে চারিটি মস্‌জিদ্ আছে, তন্মধ্যে একটিতে ইউসফ্ শাহের রাজ্যকালের শিলালিপি প্রোথিত আছে। ইহার অধিকাংশ প্রাচীর-গাত্রে প্রোথিত থাকায়, ইমারতের প্রকার অথবা তারিখ পঠিত হইতে পারে নাই। এই শিলালিপিতে, নির্ম্মাতা, উজীর মজলিস্-ই-আলা উপাধিধারী জনৈক মুসলমান ওম্‌রাহের নাম দেখিতে পাওয়া যায়[৪৮]। রিয়াজ্-উস্-সালাতীন্, তবকাৎ-ই-আক্‌বরী ও তারিখ্-ই-ফেরেশ্‌তা অনুসারে শমস্-উদ্দীন্ ইউসফ্ শাহ্ সাত বৎসর ছয় মাস রাজ্যভোগ করিয়া, ৮৮৭ হিজরায় দেহত্যাগ করিয়াছিলেন[৪৯]। শমস্-উদ্দীন্

---

(৪৫) Ibid, Vol. XLIV, 1875, pt. I, p. 293.

(৪৬) Ibid, Vol. XLII, 1873, pt. I, p. 277; Vol. LXIV, 1895, pt. I, p. 218.

(৪৭) Ravenshaw's Gaur, its Ruins and Inscriptions, p. 55, note.

(৪৮) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I. p. 277.

(৪৯) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১২০।

ইউসফ্ শাহের অনেকগুলি রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে, এইগুলি "খজানা" (কোষাগার) হইতে মুদ্রিত হইয়াছিল[৫০]। কুলীনগ্রাম-বাসী মালাধর বসু ১৩৯৫ শকে (১৪৭৩ খৃষ্টাব্দে) শ্রীমদ্ভাগবতের দশম ও একাদশ স্কন্ধের বঙ্গানুবাদ আরম্ভ করেন এবং ১৪০২ শকে (১৪৮০ খৃষ্টাব্দে) উহা সমাধা করেন। এই গ্রন্থের নাম "শ্রীকৃষ্ণ বিজয়"[৫১]। বিজয় পণ্ডিত ১৪৮০ খৃষ্টাব্দের পূর্ব্বে মহাভারতের আদি হইতে অভিষেকপর্ব্ব পর্য্যন্ত বঙ্গানুবাদ করিয়াছিলেন। ১৪৮৫ খৃষ্টাব্দে রচিত ধ্রুবানন্দমিশ্রের "মহাবংশাবলী" নামক কুলগ্রন্থে বিজয় পণ্ডিতের পুত্রের কুলক্রিয়ার পরিচয় লিপিবদ্ধ আছে। সুতরাং বিজয় পণ্ডিত সম্ভবতঃ এই সময়ের কিয়ংকাল পূর্ব্বে গ্রন্থ-রচনা করিয়াছিলেন।

শমস্-উদ্দীন্ ইউসফ্ শাহের পরে দ্বিতীয় সিকন্দর শাহ্ নামক ইলিয়াস্ শাহের বংশজাত এক ব্যক্তি গৌড়ের সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে তিনি ইউসফ্ শাহের পুত্র[৫২]; কিন্তু ষ্টুয়ার্টের মতানুসারে তিনি রাজবংশজাত মাত্র[৫৩]। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে দ্বিতীয় সিকন্দর শাহ্ যে দিন সিংহাসনে আরোহণ করিয়াছিলেন, সেই দিনই পদচ্যুত হইয়াছিলেন। আইন-ই-আক্‌বরী অনুসারে তাঁহার রাজ্যকাল অর্দ্ধদিবস[৫৪] এবং তবকাৎ-ই-

(৫০) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 169, No. 149.

(৫১) তেরশ পঁচানই শকে গ্রন্থ আরম্ভন।
চতুর্দ্দশ দুই শকে হৈল সমাপন॥

(৫২) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১২১।

(৫৩) Stewart's History of Bengal, London, 1813, p. 101.

(৫৪) আইন-ই-আক্‌বরী, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৪৭।

আক্‌বরী অনুসারে সার্দ্ধ দুই দিবস[৫৫]। ষ্টুয়ার্টের মতানুসারে দ্বিতীয় সিকন্দর শাহ্ ছই মাস কাল রাজ্যভোগ করিয়াছিলেন[৫৬]। তাঁহার রাজ্যকালের কোনও শিলালিপি অথবা তাঁহার নামাঙ্কিত কোনও মুদ্রা অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। দ্বিতীয় সিকন্দর শাহের পরে নাসির্-উদ্দীন্ মহ্‌মূদ্ শাহের অপর পুত্র জলাল্-উদ্দীন্ ফতে শাহ্ গৌড়ের সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে উন্মাদরোগের জন্য এবং রাজকার্য্য পরিচালনে অক্ষমতার জন্য, দ্বিতীয় সিকন্দর শাহ্ পদচ্যুত হইয়াছিলেন[৫৭]। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে ফতে শাহ্ ইউসফ্ শাহের পুত্র, কিন্তু সমসাময়িক আরবী শিলালিপি সমূহের প্রমাণানুসারে তিনি মহ্‌মূদ্ শাহের পুত্র। ফতে শাহ্ শমস্-উদ্দীন্ ইউসফ্ শাহের জীবদ্দশায় বিদ্রোহী হইয়াছিলেন, কারণ ৮৮৬ হিজরায়, তাঁহার নামে মুদ্রাঙ্কিত রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে[৫৮]। ঢাকায় খিজিরপুরের অপরপারে ত্রিবেণী-খালের উপরে অবস্থিত—বন্দর নামক স্থানে একটি পুরাতন মস্‌জিদে জলাল্-উদ্দীন্ ফতে শাহের রাজ্যকালের একটি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে। তদনুসারে ৮৮৬ হিজরায় জিলকাদা মাসের প্রথম দিবসে (২রা জানুয়ারী ১৪৮২ খৃষ্টাব্দে) বাবা সালেহ্ কর্ত্তৃক এই মস্‌জিদটি নির্ম্মিত হইয়াছিল[৫৯]। ঢাকার ধামরাই গ্রামে একখানি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে, তদনুসারে

(৫৫) তবকাৎ-ই-আকবরী, পারস্য মূল, নওলকিশোর প্রেস, লক্ষ্ণৌ, পৃঃ ৫২৫।

(৫৬) Stewart's History of Bengal, London, 1813, p. 101.

(৫৭) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১২১।

(৫৮) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, pp. 169-70, Nos. 153-54.

(৫৯) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, pp. 282-13.

জলাল-উদ্দীন্ ফতে শাহের রাজ্যকালে, জমাদি-উল্-আউয়ল্ মাসের দশম দিবসে, ৮৮৭ হিজরায় (২৭শে জুন ১৪৮২ খৃষ্টাব্দে), মীর-বহর্ (Admiral) মালিক্-উল্-মুলুক্ আখুন্দ্ শের কর্তৃক একটি মসজিদ্ নির্ম্মিত হইয়াছিল৬০। ঢাকায় বিক্রমপুরে কাজীকসবা গ্রামে আদম্ শহীদের মসজিদে একখানি শিলালিপি আছে। তদনুসারে ৮৮৮ হিজরার রজব মাসের মধ্যভাগে (আগষ্ট মাস ১৪৮৩ খৃষ্টাব্দে) মালিক্ কাফুর কর্তৃক জলাল্-উদ্দীন্ ফতে শাহের রাজ্যকালে এই মসজিদটি নির্ম্মিত হইয়াছিল৬১। সুবর্ণগ্রামে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে জলাল্-উদ্দীন্ ফতে শাহের রাজ্যকালে ৮৮৯ হিজরার মহরম মাসে (১৪৮৪ খৃষ্টাব্দে) রাজার পরিচ্ছদ-রক্ষক, মুয়জ্জমাবাদ বা মহমুদাবাদের উজীর ও সরলস্কর এবং লাউড় বা শ্রীহট্ট থানার সরলস্কর কর্তৃক একটি মসজিদ নির্ম্মিত হইয়াছিল৬২। গৌড়ে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে উক্তবর্ষে গৌড়ে একটি মসজিদ নির্ম্মিত হইয়াছিল৬৩। গৌড়ের নিকট একটি আধুনিক মসজিদে সংলগ্ন একখানি শিলালিপি অনুসারে, জলাল্-উদ্দীন্ ফতে শাহের রাজ্যকালে, ৮৯১ হিজরার রমজান মাসে, (সেপ্টেম্বর ১৪৮৬ খৃষ্টাব্দে), তাজ্ খাঁর পুত্র মৌলানা বরখুরদারের সমাধি-পার্শ্বে সৈয়দ্ রাহাতের পুত্র সৈয়দ্ দস্তুর কর্তৃক একটি মসজিদ্ নির্ম্মিত হইয়াছিল৬৪। জলাল্-উদ্দীন্ ফতে শাহের রাজ্যকালে, সপ্তগ্রামে, ৮৯২ হিজরায়, মহরম্ মাসের ৪র্থ দিবসে, (১লা জানুয়ারি ১৪৮৭ খৃষ্টাব্দে), সাজ্লা মনখাবাদের

(৬০) Ibid, Vol. XLI, 1872, pt. I, p. 109.
(৬১) Ibid, Vol. XLII, 1873, pt. I, p. 284.
(৬২) Ibid, pp. 285-86.
(৬৩) Cunningham's Archaeological Survey Reports, Vol. XV, pl. XXIII.
(৬৪) Epigraphia Indica, Vol. II, p. 287.

উজীর ও সর্‌লস্কর, সিমলাবাদ নগর, লাওবলা ও মিহিরবক্ থানার এবং হাদিগড় মহলের সর্‌লস্কর উলুঘ্ মজ্‌লিস্ নূর কর্তৃক একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল। এই মস্‌জিদের শিলালিপি মাত্র আবিষ্কৃত হইয়াছে, ইহা সপ্তগ্রামে জলাল্‌-উদ্দীনের সমাধিপার্শ্বে পতিত আছে৬৫। ৮৮৬ হিজরায় ফতেহাবাদে মুদ্রিত জলাল্‌-উদ্দীন্ ফতে শাহের নামাঙ্কিত রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে৬৬। ফতে শাহের আর একটি মুদ্রায় মহম্মদাবাদ টাঁকশালের নাম দেখিতে পাওয়া যায়৬৭। ফতে শাহের অন্যান্য মুদ্রায় কোয়ামাবাদ৬৮ ও টাঁকশালের৬৯ নাম দেখিতে পাওয়া যায়। বারবক্ নামক একজন হাব্‌শী ক্রীতদাস পদাতিক সেনাদলের সহিত ষড়্‌যন্ত্র করিয়া ফতে শাহকে হত্যা করিয়াছিল। রিয়াজ্-উস্‌-সালাতীনে দেখিতে পাওয়া যায় যে, ৮৯৬ হিজরায় (১৪৯০ খৃষ্টাব্দে) জলাল্‌-উদ্দীন্ ফতে শাহ্ নিহত হইয়াছিলেন,৭০ কিন্তু রিয়াজ্-উস্‌-সালাতীন্, তবকাৎ-ই-আকবরী৭১ ও তারিখ্-ই-ফেরেশ্‌তা৭২ অনুসারে ফতে শাহ্ সাত বৎসর পাঁচ মাস কাল রাজ্যভোগ করিয়াছিলেন। সুতরাং ৮৯২ অথবা ৮৯৩ হিজরায় (১৪৮৬-৮৭ খৃষ্টাব্দে) তাঁহার মৃত্যু হইয়াছিল।

---

(৬৫) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XXXIX, 1870, pt. I, pp. 293-94.

(৬৬) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, pp. 169-70, Nos. 153-54.

(৬৭) Ibid, p. 170, No. 156.

(৬৮) Ibid, No. 155.

(৬৯) Ibid, No. 157.

(৭০) রিয়াজ-উস্‌-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১২১।

(৭১) তবকাৎ-ই-আকবরী, পারস্য মূল, নওলকিশোর প্রেস, পৃঃ ৩২৫।

(৭২) তারিখ-ই-ফেরেশ্‌তা, পারস্য মূল, নওলকিশোর প্রেস, লক্ষ্ণৌ, পৃঃ ২৯৯।

পরিশিষ্ট "ঝ"।

কামেশ্বরের বংশ।

নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ শাহের বংশ

শমস্-উদ্দীন্ ইলিয়াস্ শাহ্

(১) নাসির্-উদ্দীন্ মহ্মুদ্-শাহ্

(২) রুকন্-উদ্দীন্ বারবক্ শাহ্

(৩) শমস্-উদ্দীন্ ইউসফ্ শাহ্

(৪) সিকন্দর শাহ্ (দ্বিতীয়)

(৫) জলাল্-উদ্দীন্ ফতে শাহ্

(৮) নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ শাহ্ (দ্বিতীয়)

নবম পরিচ্ছেদ

অরাজকতা ও হোসেন্ শাহের বংশ।

হিজরা ৮৯২—৯৪৫, খৃষ্টাব্দ ১৪৮৬—১৫৩৮।

হাব্শী ক্রীতদাসগণের প্রাধান্য—অভিজাত সম্প্রদায়ের বিরক্তি—সুলতান্ শাহ্জাদা বার্বক্—মালিক্ আন্দিল্—বার্বকের মৃত্যু—মালিক্ আন্দিলের সিংহাসন লাভ—সুলতান্ সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহ্—গৌড়ের ফিরোজ্ মিনার—শিলালিপি—মুদ্রা—মৃত্যুকাল—নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ শাহ্—বংশ-পরিচয়—শিলালিপি—হত্যা—সিদী বদর্ দেওয়ানা—শমস্-উদ্দীন্ মজঃফর্ শাহ্—অত্যাচার—সৈয়দ্ হোসেন্—বিদ্রোহ—মজঃফর্ শাহের পরাজয় ও মৃত্যু—শিলালিপি—মুদ্রা—হোসেন্ শাহের বাঙ্গালা দেশে আগমন—বংশ-পরিচয়—পূর্ব্ব-পরিচয়—আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্—পুরন্দর্ খাঁ—রূপ ও সনাতন—উড়িষ্যা আক্রমণ—কামরূপবিজয়—শাহ্জাদা দানিয়াল—সিকন্দর লোদীর সহিত যুদ্ধ—আহম্রাজ্য আক্রমণ—মৃত্যু—ত্রিপুরা আক্রমণ—হোসেন্ শাহের মৃত্যু—শিলালিপি—মুদ্রা—বাঙ্গালা সাহিত্যে হোসেন্ শাহের উল্লেখ—নাসির্-উদ্দীন্ নস্রৎ শাহ্—ইব্রাহিম্ লোদীর পরাজয়—মহ্মুদ্ লোদীর আশ্রয় গ্রহণ—বাবরের সহিত সন্ধি—গুজরাটে দূত প্রেরণ—আহম্রাজ্য আক্রমণ—মৃত্যু—প্রাচীন কীর্ত্তি—শিলালিপি—মুদ্রা—বাঙ্গালা সাহিত্যে নস্রৎ শাহের উল্লেখ—আলা-উদ্দীন্ ফিরোজ্ শাহ্—হত্যা—শিলালিপি—মুদ্রা—গিয়াস্-উদ্দীন্ মহ্মুদ্ শাহ্—মখ্দুম্ আলমের বিদ্রোহ—শের খাঁর সহিত যুদ্ধ—কুতব্ খাঁর পরাজয় ও মৃত্যু—মখ্দুম্ আলমের পরাজয় ও মৃত্যু—ইব্রাহিম্ খাঁর পরাজয় ও মৃত্যু—বাঙ্গালা দেশে পর্ত্তুগীজগণের আগমন—শের খাঁ কর্ত্তৃক গৌড় অবরোধ—গৌড় অধিকার—মহ্মুদ্ শাহের পলায়ন—মৃত্যু—প্রাচীন কীর্ত্তি—শিলালিপি—হুমায়ুন কর্ত্তৃক গৌড় অধিকার—মুদ্রা।

বাঙ্গালার সুলতান্‌গণ		হিজরা	খৃষ্টাব্দ
সুলতান্ শাহ্‌জাদা বার্‌বগ্	...	৮৯২	১৪৮৬
সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহ্	...	৮৯২—৯৫	১৪৮৬—৮৯
নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ শাহ্	...	৮৯৫—৯৬	১৪৮৯—৯০
শমস্-উদ্দীন্ মজঃফর্ শাহ্	...	৮৯৬—৯৯	১৪৯০—৯৩
আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্	...	৮৯৯—৯২৫	১৪৯৩—১৫১৯
নাসির্-উদ্দীন্ নস্‌রৎ শাহ্	...	৯২৫—৩৯	১৫১৯—৩২
আলা-উদ্দীন্ ফিরোজ্ শাহ্	...	৯৩৯	১৫৩২
গিয়াস্-উদ্দীন্ মহ্‌মুদ্ শাহ্	...	৯৩৯—৪৫	১৫৩২—৩৮
নাসির্-উদ্দীন্ হুমায়ূন ...	...	৯৪৫	১৫৩৮
দিল্লীর সুলতান্‌গণ			
বহ্‌লোল্ লোদী	...	৮৫৫—৯৪	১৪৫১—৮৮
সিকন্দর লোদী	...	৮৯৪—৯২৩	১৪৮৮—১৫১৭
ইব্রাহিম্ লোদী	...	৯২৩—৩২	১৫১৭—২৬
জহীর্-উদ্দীন্ বাবর্ ...	...	৯৩২—৩৭	১৫২৬—৩০
নাসির্-উদ্দীন্ হুমায়ূন ...	...	৯৩৭—৪৬	১৫৩০—৩৯
আসামের রাজগণ			
সুসেন ফা	...	...	১৪৩৯—৮৮
সুহেন ফা	...	...	১৪৮৮—৯৩
সুপিম্ ফা	...	...	১৪৯৩—৯৭
সুহুঙ্গ মুঙ্গ	...	...	১৪৯৭—১৫৩৯
উড়িষ্যার সূর্য্যবংশীয় রাজগণ			
পুরুষোত্তমদেব	...	...	১৪৬৯—৯৭
প্রতাপরুদ্রদেব	...	...	১৪৯৭—১৫৪০

নেপালরাজগণ

ভাটগাওঁ

রায়মল্ল	১৪৯৫—৯৬
ভুবনমল্ল	—
জিতমল্ল	১৫২৪—৩৩
প্রাণমল্ল	১৫২৪—৩৩

ত্রিপুররাজগণ

	শকাব্দ	
প্রতাপমাণিক্য	?—১৪১২	?—১৪৯০
ধন্যমাণিক্য	১৪১২—৪২	১৪৯০—১৫২২
ধ্বজমাণিক্য	১৪৪২	১৫২২
দেবমাণিক্য	১৪৪২—৫৭	১৫২২—৩৫
ইন্দ্রমাণিক্য	১৪৫৭	১৫৩৫
বিজয়মাণিক্য	১৪৫৭—১৫০৫	১৫৩৫—৮৩

খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীর শেষভাগে হাব্‌শী ক্রীতদাসগণ গৌড় ও বঙ্গে অত্যন্ত ক্ষমতাপন্ন হইয়া উঠিয়াছিল। ওম্‌রাহ্‌দিগের ক্ষমতা খর্ব্ব করিবার জন্য, সুলতান্ রুকন্-উদ্দীন্ বারবক্ শাহ্, আফ্রিকা হইতে হাব্‌শী খোজা আনয়ন করিয়া তাহাদিগকে প্রাসাদ রক্ষায় নিযুক্ত করিয়াছিলেন। ক্রমে এই সমস্ত ক্রীতদাস, গৌড়ের সুলতান্‌গণের বিশ্বাস অর্জ্জন করিয়া, রাজ্যের প্রধান প্রধান পদ অধিকার করিয়াছিল এবং বাদ্‌শাহের অনুগ্রহে ওম্‌রাহ্ পদে উন্নীত হইয়াছিল। হাব্‌শী খোজাগণকে বাদ্‌শাহের অনুগ্রহ-ভাজন হইতে দেখিয়া গৌড়মণ্ডলের হিন্দু ও মুসলমান প্রধানগণ নিশ্চয়ই প্রীত হন নাই। আভিজাত্যগৌরবাভিমানী হিন্দু বা মুসলমানগণের পরিবর্ত্তে, বাদ্‌শাহের আদেশে, হাব্‌শীগণ যখন রাজ্যের প্রধান প্রধান

পদ অধিকার করিয়াছিল, তখন সেই অসন্তোষ, বিদ্বেষে পরিণত হইয়াছিল। ইহার পরে কাফ্রী ক্রীতদাসগণ যখন বাদ্‌শাহের অনুগ্রহে ওম্‌রাহ্‌পদে উন্নীত হইয়াছিল, তখন প্রাচীন হিন্দু ও মুসলমান ওম্‌রাহ্‌গণ ধীরে ধীরে প্রাসাদসীমা পরিত্যাগ করিয়াছিলেন।

অযথাহাব্‌শীপ্রীতি ইলিয়াস্‌ শাহের বংশের অধঃপতনের একমাত্র কারণ। হাব্‌শীগণ, বাদ্‌শাহের অনুগ্রহে, প্রধান প্রধান রাজপদ ও আভিজাত্য লাভ করিয়া, ক্রমে গৌড়ের বাদ্‌শাহ্‌ অপেক্ষা অধিকতর পরাক্রান্ত হইয়া উঠিয়াছিল। ইলিয়াস্‌ শাহের বংশের পুরাতন ভৃত্য ও প্রভুভক্ত অনুচরবর্গ ধীরে ধীরে প্রাসাদসীমা হইতে দূরীভূত হইয়াছিলেন। গৌড়ীয় বাদ্‌শাহ্‌গণ হাব্‌শীপ্রীতিতে অন্ধ হইয়া স্বেচ্ছায় আপনাদিগের অধঃপতনের পথ প্রশস্ত করিয়া দিয়াছিলেন। জলাল্‌-উদ্দীন্‌ ফতে শাহ্‌ নিহত হইবার বহু পূর্ব্বে একবার মুসলমান ক্রীতদাসগণ গৌড়-সিংহাসন অধিকৃত করিবার চেষ্টা করিয়াছিল। গণেশের পৌত্র শমস্‌-উদ্দীন্‌ আহ্‌মদ্‌ শাহ্‌, শাদী খাঁ ও নাসির্‌ খাঁ নামক ক্রীতদাসদ্বয় কর্ত্তৃক নিহত হইলে, নাসির্‌ খাঁ কিয়ৎকাল গৌড়-সিংহাসন অধিকার করিয়াছিল। মুসলমান সমাজে প্রচলিত অবরোধ-প্রথার অনুরোধে, জগতের সর্ব্বত্র, মুসলমান নরপতিগণ, অবরোধ-রক্ষার জন্য ক্লীব ক্রীতদাস নিয়োগ করিতেন। ইহারা সর্ব্বত্র, সকল সময়ে বিশ্বাসভাজন হইয়া উঠিত। অধিকতর বিশ্বাসভাজন হইয়া উঠিলে, কোন কোন ক্রীতদাস বিশ্বাসহন্তা হইয়া প্রভুহত্যা করিত এবং মুহূর্ত্তের জন্য শূন্য সিংহাসনের অধিকারী হইয়া রাজ্যশাসনে প্রবৃত্ত হইত। পর মুহূর্ত্তেই তাহার ছিন্নশীর্ষ শূন্য-সিংহাসনের পাদমূলে লুণ্ঠিত হইত। আহ্‌মদ্‌ শাহ্‌কে হত্যা করিয়া ক্রীতদাস নাসির্‌ খাঁ যখন তাহার কলুষিত পাদস্পর্শে পবিত্র গৌড়-সিংহাসন কলঙ্কিত করিয়াছিল, তখন গৌড়রাষ্ট্রের আভিজাত্যাভিমানী

ওমরাহ্‌গণ ও আহ্‌মদ্ শাহের প্রভুভক্ত সেনানিগণ, সেই দিবসই তাহার রক্তে গৌড়-সিংহাসনের কলঙ্ককালিমা ধৌত করিয়াছিলেন। কিন্তু আহ্‌মদ্ শাহের হত্যার অর্দ্ধশতাব্দী পরে ইলিয়াস্ শাহের বংশের শেষ সুলতান্ জলাল্-উদ্দীন্ ফতে শাহ্ অপর একজন ক্রীতদাস কর্ত্তৃক নিহত হইলে, গৌড়রাজ্যে কেহ তাহার বিরুদ্ধে হস্তোত্তোলন করিতে ভরসা করে নাই। ইহার একমাত্র কারণ এই হইতে পারে যে, হাব্‌শী ক্রীতদাসগণ পরাক্রমশালী হইয়া উঠিলে, হিন্দু ও মুসলমান ওমরাহ্ এবং সেনাপতিগণ ক্ষমতাহীন হইয়া পড়িয়াছিলেন, এবং রাজানুগ্রহাভাবে তাঁহারা ক্রমশঃ রাজপ্রাসাদ অথবা রাজধানী হইতে দূরে সরিয়া যাইতে বাধ্য হইয়াছিলেন।

জলাল্-উদ্দীন্ ফতে শাহের হত্যার দুই অথবা ছয় মাস কাল পর্য্যন্ত প্রভুহন্তা বার্‌বগ্ গৌড়ের সিংহাসনে অধিষ্ঠিত ছিল। ফতে শাহের পত্নী ও শিশুপুত্র, প্রাসাদ হইতে তাড়িত হইয়া, গৌড়নগরে সামান্য ব্যক্তির ন্যায় বাস করিতেছিলেন। সিংহাসন অধিকৃত করিয়া ক্রীতদাস বার্‌বগ্ সুলতান্ শাহ্‌জাদা উপাধি গ্রহণ করিয়াছিল এবং অন্যান্য খোজা ও নিম্নশ্রেণীর ব্যক্তিগণকে অর্থপ্রদানে বশীভূত করিয়াছিল। ফতে শাহের মৃত্যুকালে গৌড়রাজ্যের প্রধান অমাত্য মালিক্ আন্দিল্ হাব্‌শী রাজকার্য্যে সীমান্তে গমন করিয়াছিলেন। বার্‌বগ্ তাঁহাকে বশীভূত না করিতে পারিয়া হত্যা করিতে চেষ্টা করিয়াছিল। মালিক্ আন্দিল্ বার্‌বগ্‌কে সিংহাসনচ্যুত করিয়া, ফতে শাহের পুত্রকে গৌড়-সিংহাসনে স্থাপনের চেষ্টা করিতেছিলেন। মালিক্ আন্দিল্‌কে বিনাশ করিবার জন্য, বার্‌বগ্, অবশেষে তাঁহাকে রাজধানীতে আসিতে আদেশ করিল। মালিক্ আন্দিল্ সসৈন্য গৌড়নগরে আসিয়া উপস্থিত হইলে, বার্‌বগ্ তাঁহার প্রতি অত্যাচার করিতে সাহস করিল না, কিন্তু মালিক্ আন্দিল্ কোরাণ

স্পর্শ করিয়া প্রতিজ্ঞা করিতে বাধ্য হইলেন যে, বার্‌বগ্‌ যতক্ষণ সিংহাসনে উপবিষ্ট থাকিবে, ততক্ষণ তিনি তাহার অঙ্গ স্পর্শ করিবেন না।

একদিন গভীর রাত্রিতে, প্রভুহত্যার প্রতিশোধ গ্রহণ মানসে, মালিক্‌ আন্দিল্‌ অন্তঃপুরে প্রবেশ করিয়া দেখিলেন যে, বার্‌বগ্‌ সুরাপানে অচেতন হইয়া সিংহাসনের উপরে নিদ্রিত রহিয়াছে। পূর্ব্ব-প্রতিজ্ঞা স্মরণ করিয়া মালিক্‌ আন্দিল্‌ তখন বার্‌বগ্‌কে স্পর্শ করিলেন না, কিন্তু দুরদৃষ্ট-বশতঃ বার্‌বগ্‌ মত্ততা প্রযুক্ত সিংহাসন হইতে ভূমিতে পতিত হইল। তখন মালিক্‌ আন্দিল্‌ তাহাকে তরবারি দ্বারা আঘাত করিলেন। সে আঘাতে প্রভুহন্তা নিহত হইল না। বার্‌বগ্‌ মালিক্‌ আন্দিল্‌কে ভূমিতে পাতিত করিয়া তাঁহার বক্ষের উপরে উপবেশন করিল। এই সময়ে তুরুষ্ক জাতীয় য়গ্রশ্‌ খাঁ ও মালিক্‌ আন্দিলের অন্যান্য হাব্‌শী অনুচর কক্ষে প্রবেশ করিল। তাহাদিগের আঘাতে হীনবল হইয়া বার্‌বগ্‌ মৃতবৎ পড়িয়া রহিল, এবং এই সময়ে কক্ষের প্রদীপ নির্ব্বাপিত হওয়ায়, সে ভূগর্ভস্থিত একটি কক্ষে পলায়ন করিয়া আত্মগোপন করিল। মালিক্‌ আন্দিল্‌, য়গ্রশ্‌ খাঁ ও হাব্‌শীদিগের সহিত অন্তঃপুর পরিত্যাগ করিয়াছিলেন, এই সময়ে তাওয়াচী বাশী নামক জনৈক কর্ম্মচারী সেই কক্ষে আসিয়া দীপ প্রজ্বলিত করিল। সে ভূগর্ভস্থিত কক্ষে প্রবেশ করিলে বার্‌বগ্‌ তাহাকে দেখিয়া মৃতবৎ পতিত রহিল, কিন্তু পরক্ষণেই মিষ্ট কথায় প্রতারিত হইয়া, সে তাওয়াচী বাশীকে প্রাসাদের বাহিরে গিয়া রাজ্যের প্রধানগণকে ডাকিয়া আনিতে অনুরোধ করিল। তাওয়াচী বাশী অন্তঃপুর হইতে বাহিরে আসিয়া, মালিক্‌ আন্দিল্‌কে বার্‌বগের কথা জানাইল, তখন তিনি দ্বিতীয়বার অন্তঃপুরে প্রবেশ করিয়া বার্‌বগ্‌কে হত্যা করিলেন।

বার্‌বগ্‌ নিহত হইলে মালিক্‌ আন্দিল্‌ গৌড়রাজ্যের প্রধান মন্ত্রী

খাঁ জহান্‌কে আহ্বান করিলেন। সুলতান্ জলাল্‌-উদ্দীন্ ফতে শাহের বিধবা পত্নী, গৌড়নগরে, একটি ক্ষুদ্র গৃহে বাস করিতেছিলেন, রাজ্যের প্রধানগণ তাঁহাকে জিজ্ঞাসা করায়, তিনি কহিলেন যে, তাঁহার পুত্র এখনও শিশু। এই শিশুর বয়ঃপ্রাপ্তি পর্য্যন্ত অপর কোনও যোগ্য-ব্যক্তিকে রাজ্যভার প্রদান করা উচিত। বিধবা রাজ্ঞী প্রতিজ্ঞা করিয়াছিলেন, ফতে শাহের হত্যাকারীকে যিনি নিহত করিবেন, তিনি গৌড়রাজ্য পাইবেন। উজীর, খাঁ জহান্, মন্ত্রণাসভা আহ্বান করিলে, গৌড়রাজ্যের প্রধানগণ একমত হইয়া মালিক্ আন্দিল্‌কে গৌড়-সিংহাসনে আরোহণ করিতে অনুরোধ করিলেন, তদনুসারে মালিক্ আন্দিল্ হাব্‌শী সুলতান্ সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহ্ উপাধি ধারণ করিয়া রাজ্যভার গ্রহণ করিয়াছিলেন। সুলতান্ শাহ্‌জাদা উপাধিধারী ক্রীতদাস বার্‌বগ্ অষ্টমাস অথবা সার্দ্ধমাসদ্বয় গৌড়ীয় সিংহাসনের অধিকারী ছিলেন[১]।

সুলতান্ সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহ্ রাজ্যলাভ করিয়া রাজধানী গৌড়নগরে গমন করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহ্ সুবিচারক ও দাতা ছিলেন। তাঁহার দানাধিক্যে সময়ে সময়ে রাজকর্ম্মচারিগণ বিরক্ত হইয়া উঠিতেন। তিনি গৌড়-নগরে একটি মস্‌জিদ্, একটি দীর্ঘিকা ও একটি মিনার নির্ম্মাণ করাইয়াছিলেন। গৌড়ে যে প্রস্তর-নির্ম্মিত মিনারটি অদ্যাবধি বিদ্যমান আছে, তাহা সম্ভবতঃ ফতে শাহের ক্রীতদাস সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহ্ কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল[২]। ফ্রাঙ্কলিন গুয়ামালতীর কুঠিতে একখানি শিলা-লিপি দেখিয়াছিলেন, তাহাতে ফিরোজ্ শাহ্ কর্ত্তৃক একটি মিনার

---

(১) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১২২-২৩।
(২) ঐ পৃঃ ১২৫।

নির্ম্মাণের কথা ছিল[৩]। এই শিলালিপি এখন আর দেখিতে পাওয়া না। ফার্গুসন (Fergusson) অনুমান করিয়াছিলেন যে, এই মিনার সুলতান্ গিয়াস্-উদ্দীন্ বল্বনের পৌত্র, বাঙ্গালার স্বাধীন সুলতান্ শমস্-উদ্দীন্ ফিরোজ্ শাহ্ কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল[৪]। তিনি অনুমানের স্বপক্ষে কোনও প্রমাণ উল্লেখ করেন নাই, সুতরাং তাহার মত গ্রাহ্য হইতে পারে না। ফার্গুসন ভারতেতিহাসাজ্ঞতা বশতঃ ভারতীয় স্থাপত্য-নিদর্শন সম্বন্ধে বহু অলীক অনুমান লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, এই জন্য তাঁহার গ্রন্থ বর্ত্তমানযুগে পাঠের যোগ্য নহে। মেজর ফ্রাঙ্কলিন-গুয়ামালতীর কুঠিতে প্রাপ্ত, ফিরোজ্ শাহের শিলালিপির উদ্ধৃত পাঠ লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, তাহাতে সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহের নাম স্পষ্ট লিখিত আছে[৫]। ময়মনসিংহে, শেরপুরের জমিদার ৺হরচন্দ্র চৌধুরী সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহের একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন; এই শিলালিপিখানি এক্ষণে কলিকাতার চিত্রশালায় রক্ষিত আছে। এই লিপি অনুসারে সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহ্ একটি গৃহ নির্ম্মাণ করাইয়াছিলেন[৬]। ওয়েষ্টমেকট্ গুয়ামালতীর কুঠিতে

---

(৩) Journal of a route from Rajemehul of Gaur, A. D. 1810-11, p. 2

(৪) Fergusson's History of Indian and Eastern Architecture, Vol. II, নূতন সংস্করণে এই কথা নাই; pp. 259-60. খাঁ সাহেব মৌলবী আবিদ্ আলি খাঁ ফার্গুসনের এই মত লিপিবদ্ধ করিয়া গিয়াছেন—Short Notes on the Ancient Monuments of Gaur and **Panduah, Malda**, 1913, p. 23.

(৫) Journal of a route from Rajemehul to Gaur, A. D. 1810-11, by Major William Francklin, Regulating Officer at Bhagalpore, Eastern Bengal and Assam Secretariat Press, 1910, p. 2

(৬) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, pt. 1873 I, p. 300.

সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহের রাজ্যকালের আর একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন; তদনুসারে উলুগ্ মুখ্লিস্ খাঁ, ৮৯৪ হিজরায়, শফর মাসের পঞ্চদশ দিবসে (১৮ই জানুয়ারি ১৪৮৯ খৃষ্টাব্দে), একটি মস্জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন[৭]। ওয়েষ্টমেকট্ পুরাতন মালদহের কাটরায় আর একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন, তদনুসারে সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহের রাজ্যকালে একটি মস্জিদ্ নির্ম্মিত হইয়াছিল। এই শিলালিপির তারিখ সম্পূর্ণরূপে পড়িতে পারা যায় নাই[৮]। সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহের অনেকগুলি রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে, এইগুলি ফতেহাবাদ[৯] ও কোষাগারে[১০] মুদ্রিত হইয়াছিল। প্রভুপত্নীর আদেশানুসারে তিন বৎসর গৌড়-সিংহাসন অধিকার করিয়া, প্রভুভক্ত হাব্শী ক্রীতদাস মালিক্ আন্দিল্ অথবা সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহ্ পরলোক গমন করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে ৮৯৬ হিজরায় ফতে শাহের[১১] এবং ৮৯৯ হিজরায় সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহের মৃত্যু হইয়াছিল[১২], কিন্তু ৮৯২[১৩] ও ৮৯৩[১৪] হিজরায় মুদ্রিত ফিরোজ্ শাহের মুদ্রা, এবং ৮৯৬[১৫] হিজরায় মুদ্রিত মজঃফর্ শাহের মুদ্রা

(৭) Ibid, Vol. XLIII, 1874, pt. I, p. 299.

(৮) Ibid, p. 300.

(৯) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 171, No. 160.

(১০) Ibid, No. 161.

(১১) রিয়াজ-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১২১।

(১২) ঐ, পৃঃ ১২৫।

(১৩) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 170, No. 159.

(১৪) Ibid Nos. 160-61.

(১৫) Ibid, No 163.

আবিষ্কৃত হইয়াছে এবং গৌড়ের শিলালিপিতে ৮৯৪ হিজরার তারিখ দেখিতে পাওয়া যায়। অতএব ইহা স্থির যে, সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহ্ ৮৯২ হিজরায় (১৪৮৬ খৃষ্টাব্দে), গৌড়সিংহাসন লাভ করিয়াছিলেন এবং তিন বৎসর রাজ্যভোগের পরে ৮৯৫ হিজরায় তাঁহার মৃত্যু হইয়াছিল। সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহের রাজ্যকালে নির্ম্মিত ইমারৎ-সমূহের মধ্যে একমাত্র মিনারটি বিদ্যমান আছে। খৃষ্টীয় অষ্টাদশ শতাব্দীর শেষভাগে ক্রেটন যখন গৌড়ে ছিলেন, তখন এই মিনারের উপরে একটি গম্বুজ ছিল[১৬]। ১৭৯৫ খৃষ্টাব্দে চিত্রকর ডেনিয়েল (Daniell) যখন গৌড়ে আসিয়াছিলেন তখন এই গম্বুজ ভাঙ্গিয়া পড়িয়া গিয়াছিল। ডেনিয়েল কর্ত্তৃক অঙ্কিত ফিরোজ্ মিনারের চিত্র দুইবার প্রকাশিত হইয়াছিল। ১৮০৪ খৃষ্টাব্দে অর্ম্মে (Edward Orme) ইহা প্রকাশ করিয়াছিলেন[১৭] এবং ১৭৯৬ খৃষ্টাব্দে বোয়ার (Robert Bowyer) কর্ত্তৃক ইহা প্রকাশিত হইয়াছিল[১৮]। অর্ম্মে কর্ত্তৃক প্রকাশিত চিত্র দুর্ল্লভ, কিন্তু ইহা স্পষ্টতর, দুর্ভাগ্যবশতঃ এই চিত্রখানি "A Pagoda" নাম দিয়া প্রকাশিত হইয়াছিল বলিয়া, ইহা ফিরোজ্ মিনারের চিত্ররূপে পরিচিত নহে। মাননীয় বিচারপতি স্যর আশুতোষ মুখোপাধ্যায়-সরস্বতী-শাস্ত্রবাচস্পতি-সম্বুদ্ধাগমচক্রবর্ত্তী মহাশয়ের গৃহে এবং বন্ধুবর শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয়ের উদ্যান-বাটিকায় এই চিত্র আছে।

সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহের মৃত্যুর পরে জলাল্-উদ্দীন্ ফতে শাহের শিশুপুত্র, নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ শাহ্ উপাধিতে ভূষিত হইয়া সিংহা-

---

(১৬) Creighton's Ruins of Gaur, pt. I.

(১৭) প্রকাশিত চিত্র দ্রষ্টব্য।

(১৮) Daniell's Oriental Scenery, Vol. V, p. 23.

সনে স্থাপিত হইয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ শাহ্ সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহের জ্যেষ্ঠ পুত্র[১৯]। যে সকল হাব্‌শী ক্রীতদাস ভারতবর্ষে আনীত হইত, তাহারা সকলেই নপুংসক। মুসলমান ঐতিহাসিক গোলাম হোসেন্ কি জন্ত নপুংসকের পুত্রপ্রাপ্তির কথা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, তাহা বুঝিতে পারা যায় না। রিয়াজ্-উস্-সালাতীনে উল্লিখিত হাজী মহম্মদ্ কান্দাহারী-রচিত ইতিহাস অনুসারে নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ শাহ্ (দ্বিতীয়) জলাল্-উদ্দীন্ ফতে শাহের পুত্র। মালিক্ আন্দিল্ যখন সিংহাসন লাভ করিয়াছিলেন তখন তিনি শিশু, সুতরাং তিন বৎসর পরেও তিনি অপ্রাপ্তবয়স্ক ছিলেন। মালিক্ আন্দিল্ বা সৈফ্-উদ্দীন্ ফিরোজ্-শাহের আদেশানুসারে হবশ্ খাঁ অথবা জশন্ খাঁ নামক একজন হাব্‌শী ক্রীতদাস তাঁহাকে প্রতিপালন করিয়াছিল। তিনি রাজ্যলাভ করিলে এই হবশ্ খাঁ বা জশন্ খাঁ রাজ্যের প্রধান অমাত্যপদ লাভ করিয়াছিল। কিছুদিন পরে হবশ্ খাঁ বা জশন্ খাঁ প্রভুহত্যা করিয়া সিংহাসন-লাভের উদ্যম করিয়াছিল। মালিক্ বদর্ দেওয়ানা নামক আর একজন হাব্‌শী, দ্বিতীয় মহ্মুদ্ শাহ্ ও হবশ্ খাঁকে হত্যা করিয়া গৌড়-সিংহাসন লাভ করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে দ্বিতীয় নাসির্-উদ্দীন্ মহ্মুদ্ শাহ্ ছয় মাস গৌড়সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন[২০]। কনিংহাম গৌড়ে একখানি আরবী শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন, তদনুসারে দ্বিতীয় মহ্মুদ্ শাহের রাজ্যকালে উলুগ্ মজ্‌লিস্ খাঁ কর্তৃক

---

(১৯) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১২৩।

(২০) ঐ।

একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[২১]। মুর্শীদাবাদ জেলায় চুনাখালিতে দ্বিতীয় মহ্‌মুদ্ শাহের রাজ্যকালের আর একখানি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে, তদনুসারে ৮৯৬ হিজরায় মহরম মাসের দ্বিতীয় দিবসে (রবিবার ১৫ই নভেম্বর ১৪৯০ খৃষ্টাব্দে), একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[২২]। বৰ্দ্ধমান জেলায়, কালনায় একটি পুরাতন পরিত্যক্ত মস্‌জিদে নাসির্-উদ্দীন্ মহ্‌মুদ্ শাহের রাজ্যকালের একখানি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে। এই শিলালিপিখানি অত্যন্ত অস্পষ্ট, ইহাতে দ্বিতীয় মহ্‌মুদ্ শাহের নাম এবং ৮৯৬ হিজরা তারিখ আছে[২৩]। এই শিলালিপিখানি বৰ্ত্তমান সময়ে কলিকাতার চিত্রশালায় রক্ষিত আছে। দ্বিতীয় মহ্‌মুদ্ শাহের দুই একটি রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে[২৪]।

সিদী বদর্ দেওয়ানা, শমস্-উদ্দীন্ মজঃফর্ শাহ্ উপাধি ধারণ করিয়া, গৌড়ের সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। বাঙ্গালার হাব্‌শী ক্রীতদাসগণ সম্বন্ধে গোলাম হোসেন্ লিপিবদ্ধ করিয়া গিয়াছেন যে, বার্‌বগ্ কর্ত্তৃক জলাল্-উদ্দীন্ ফতে শাহ্ নিহত হইলে, যে কেহ রাজাকে হত্যা করিত, সেই দেশের সর্ব্বত্র সিংহাসনের প্রকৃত অধিকারিরূপে সম্মানিত হইত[২৫]। পর্ত্তুগীজ ঐতিহাসিক ফরিয়া-ই-সুজা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন যে, গৌড়দেশে পুত্র পিতৃসিংহাসন অধিকার করে না, সময়ে সময়ে

(২১) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873 pt. I, p. 1289.

(২২) Proceedings of the Asiatic Society of Bengal, 1893 p. 55.

(২৩) Annual Report of the Archaeological Surveyor, Bengal Circle, 1903-4 p. 4.

(২৪) Catalogue of Coins in the Indian Museum, Calcutta Vol. II, pt. II, p. 171, No. 162.

(২৫) রিয়াজ-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১২৪।

ক্রীতদাসগণ প্রভুহত্যা করিয়া রাজ্যলাভ করে[২৬]। ফেরেশ্‌তা বিদ্রূপ করিয়া লিখিয়া গিয়াছেন যে, প্রভুহত্যা না করিলে কেহ গৌড়ের সিংহাসন লাভ করিতে পারিত না[২৭]।

রিয়াজ্‌-উস্‌-সালাতীন্‌ অনুসারে শমস্‌-উদ্দীন্‌ মজঃফর্‌ শাহ্‌ সিংহাসন লাভ করিয়া অভিজাত বংশজ বহু বিদ্বান্‌ ও ধর্ম্মপ্রাণ ব্যক্তিকে নিহত করিয়াছিলেন এবং যে সকল হিন্দুরাজা গৌড়ের মুসলমান বাদ্‌শাহ্‌গণের বিরোধী ছিলেন, তাঁহারাও এই সময়ে বিনষ্ট হইয়াছিলেন। সৈয়দ্‌ হোসেন্‌ শরীফ্‌ মক্কী মজঃফর্‌ শাহের উজীর ও প্রধান কর্ম্মচারী নিযুক্ত হইয়া ছিলেন। তাঁহার পরামর্শ অনুসারে মজঃফর্‌ শাহ্‌ সৈনিকদিগের বেতন হ্রাস করিয়া অর্থ সঞ্চয়ে মনঃসংযোগ করিয়াছিলেন। মজঃফর্‌ শাহ্‌ রাজস্ব-সংগ্রহকালে প্রজাপীড়ন করিতেন। তাঁহার অত্যাচারে জর্জ্জরিত হইয়া গৌড়ীয় প্রজাবৃন্দ তাঁহার প্রতি বীতশ্রদ্ধ হইয়া উঠিল এবং ক্রমশঃ সৈয়দ্‌ হোসেন্‌ও বিরক্ত হইয়া উঠিলেন। রাজা ও প্রজার বিবাদ যুদ্ধে পরিণত হইল। গৌড়নগরের প্রধান ব্যক্তিগণ মজঃফর্‌ শাহ্‌কে গৌড়ে রাখিয়া নগর পরিত্যাগ করিলেন। গোলাম হোসেনের মতানুসারে, ৯০৩ হিজরায় (১৪৯৭ খৃষ্টাব্দে), এই ঘটনা ঘটিয়াছিল[২৮] কিন্তু ইহার প্রকৃত তারিখ সম্ভবতঃ ৮৯৯ হিজরা (১৪৯৩ খৃষ্টাব্দ), কারণ ৮৯৯ হিজরায় খোদিত লিপিতে আলা-উদ্দীন্‌ হোসেন্‌ শাহের নাম পাওয়া যায়[২৯] এবং উক্তবর্ষে হোসেনাবাদ, কোষাগার, টাঁকশাল,

---

(২৬) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pp. I, p. 286.

(২৭) তারিখ্‌-ই-ফেরেশ্‌তা, পারস্য মূল, পৃঃ ৩০০।

(২৮) রিয়াজ্‌-উস্‌-সালাতীন্‌, ইংরাজি অনুবাদ, পৃঃ ১২৭।

(২৯) Ravenshaw's Gour, Its Ruins and Inscriptions, p. 78.

ফতেহাবাদ প্রভৃতি স্থানে হোসেন্ শাহের নামাঙ্কিত মুদ্রা মুদ্রিত হইয়াছিল৩০। গোলাম হোসেন্, রিয়াজ্-উস্-সালাতীনে জলাল্-উদ্দীন্ ফতে শাহের ও সৈফ্-উদ্দীন্ ফিরোজ্ শাহের মৃত্যুকালের প্রকৃত তারিখ নির্ণয় করিতে পারেন নাই। গৌড়নগরের প্রধানগণ নগর পরিত্যাগ করিলে শমস্-উদ্দীন্ মজঃফর্ শাহ্ পঞ্চসহস্র হাব্‌শী ও তিনসহস্র আফ্‌গান্ ও বাঙ্গালীসেনা লইয়া গৌড়ের দুর্গে আশ্রয় গ্রহণ করিলেন। মজঃফর্ শাহ্ চারি মাস দুর্গের মধ্যে অবরুদ্ধ ছিলেন। চারিমাস পরে শমস্-উদ্দীন্ মজঃফর্ শাহ্ গৌড়-দুর্গ পরিত্যাগ করিয়া বিদ্রোহী-প্রধানগণকে আক্রমণ করিলেন, এই যুদ্ধে উজীর সৈয়দ্ হোসেন্ ও বিদ্রোহী প্রধানগণ জয়লাভ করিয়াছিলেন এবং শমস্-উদ্দীন্ মজঃফর্ শাহ্ নিহত হইয়াছিলেন। গোলাম হোসেন্ লিপিবদ্ধ করিয়া গিয়াছেন যে, হাজী মহম্মদ্ কান্দাহারী-রচিত ইতিহাসানুসারে, মাসচতুষ্টয়ব্যাপী যুদ্ধে উভয়পক্ষে একলক্ষ বিংশতি সহস্র সেনা নিহত হইয়াছিল৩১ এবং নিজাম্-উদ্দীন্ আহ্‌মদ্-রচিত ইতিহাস অনুসারে মজঃফর্ শাহের [illegible], গৌড়ীয় প্রজাবৃন্দ বীতশ্রদ্ধ হইয়া উঠিলে, সৈয়দ্ হোসেন্ [illegible]-রক্ষকের সাহায্যে, নিশাযোগে, অন্তঃপুরে প্রবেশ করিয়া মজঃফর্ শাহ্‌কে হত্যা করিয়াছিলেন৩২। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে শমস্-উদ্দীন্ মজঃফর্ শাহ্ তিন বৎসর পাঁচ মাস কাল রাজ্যভোগ করিয়াছিলেন এবং তৎকর্তৃক নির্ম্মিত একটি মস্‌জিদ্ গোলাম্ হোসেনের জীবদ্দশায়

---

(৩০) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II. pt. II, pp. 172-75.

(৩১) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজী অনুবাদ, পৃঃ ১২৮।

(৩২) তবকাৎ-ই-আকবরী, [illegible], পৃঃ ৫২৩।

আলা-উদ্দীন্ হোসেনশাহের শিলালিপি,
গৌড় হইতে আনীত, হিজরা ৯২৫ ।

গৌড়ে বিদ্যমান ছিল[৩৩]। গৌড়ের নিকটে গঙ্গারামপুরে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে মজঃফর্ শাহের রাজ্যকালে মৌলানা আতা বা কুতব্-আউলিয়া-মখ্দুম্ কর্তৃক, ৮৯৬ হিজরায় (১৪৯০ খৃষ্টাব্দে) একটি মস্জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৩৪]। পাণ্ডুয়ায় ছোটাদরগাহে নূর কুতব্-উল্-আলমের সমাধির নিকটে একখানি শিলালিপি রক্ষিত আছে, তদনুসারে সৈয়দ্ নূর কুতব্-উল্ আলমের সমাধিগৃহ, শমস্-উদ্দীন্ মজঃফর শাহের রাজ্যকালে ৮৯৮ হিজরায় রমজান মাসের সপ্তদশ দিবসে (২রা জুলাই ১৪৯৩ খৃষ্টাব্দে) নির্ম্মিত হইয়াছিল[৩৫]। মালদহে ম্যাজিষ্ট্রেটের কুঠীতে রক্ষিত একখানি শিলালিপি অনুসারে শমস্-উদ্দীন্ মজঃফর্ শাহের রাজ্যকালে, ৮৯৮ হিজরায়, রবি-উল্-আউয়ল্ মাসের দশম দিবসে (৩০শে ডিসেম্বর ১৪৯২ খৃষ্টাব্দে), মজ্লিস্ উলুগ্ খুরশেদ্ একটি মস্জিদ্ নির্ম্মাণ করিয়াছিলেন[৩৬]। পাণ্ডুয়ায় আর একখানি শিলালিপি আবিষ্কৃত হইয়াছিল, তদনুসারে মৌলানা আতা শমস্-উদ্দীন্ মজঃফর্ শাহের রাজ্যকালে একটি মস্জিদ্ নির্ম্মাণ করিয়াছিলেন[৩৭]। শমস্-উদ্দীন্ মজঃফর্ শাহের সুবর্ণ ও রজতনির্ম্মিত মুদ্রা আবিষ্কৃত হইয়াছে, এইসকল মুদ্রায় বারবকাবাদ[৩৮], ফোরাগার[৩৯] ও টাঁক-

(৩৩) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১২৮।

(৩৪) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol XLII, 187[illegible] pt. I, p. 290.

(৩৫) Ibid, pp. 290-[illegible].

(৩৬) Proceedings of the Asiatic Society of Bengal, 1890, p. 242.

(৩৭) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLI, 1872, pt. I, p. 107.

(৩৮) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II. p. 171, No. 16[illegible]

(৩৯) Ibid, p. 172, No. [illegible]

শালের[৪০] নাম দেখিতে পাওয়া যায়। বারবকাবাদ মোগল-সাম্রাজ্যের একটি পুরাতন সরকারের নাম[৪১], সরকার বারবকাবাদ বর্ত্তমান মালদহ, রাজশাহী, দিনাজপুর ও বগুড়া জেলার অনেকগুলি পরগণা লইয়া গঠিত হইয়াছিল[৪২]।

জোআও দে বারোস্ রচিত "দা এসিয়া" নামক গ্রন্থে, হোসেন্ শাহের বঙ্গদেশে আগমনের নিম্নলিখিত বিবরণ লিপিবদ্ধ আছে। পর্ত্তুগীজগণ বঙ্গদেশে, চট্টগ্রামে আসিবার শতবর্ষ পূর্ব্বে অদন্ (Aden) বাসী জনৈক সম্ভ্রান্ত আরব দুইশত আরবদেশীয় সেনা লইয়া বাঙ্গালা দেশে আসিয়াছিলেন। তিনি প্রথমে বাণিজ্য আরম্ভ করিয়াছিলেন। পরে আরও তিনশত আরবসেনা তাঁহার সহিত যোগদান করিয়াছিলেন। ইহাদিগের সাহায্যে বাঙ্গালার সুলতান্ উড়িষ্যা জয় করিয়াছিলেন। উড়িষ্যা বিজয়ের জন্য আরবগণের সেনাপতি প্রাসাদরক্ষক নিযুক্ত হইয়াছিলেন এবং পরে তিনি প্রভুহত্যা করিয়া সিংহাসন লাভ করিয়াছিলেন[৪৩]। শমস্-উদ্দীন্ মজঃফর শাহ্ নিহত হইলে সৈয়দ্ হোসেন্ গৌড়ীয় প্রধানগণ কর্ত্তৃক রাজপদে নির্ব্বাচিত হইয়াছিলেন। এইজন্য ব্লথ্ম্যান অনুমান করেন যে, জোআও দে বারোসের গ্রন্থে উল্লিখিত আরব সেনাপতি সৈয়দ্ হোসেন্ শরীফ্ মক্কী[৪৪]। সৈয়দ্ হোসেন্ সিংহাসনে আরোহণ করিয়া আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ উপাধি গ্রহণ করিয়াছিলেন। তাঁহার

---

(৪০) এই মুদ্রা অদ্যাবধি প্রকাশিত হয় নাই। পাটনার রয়ি শ্রীযুক্ত রাধাকৃষ্ণ জালানের নিকট একটি মুদ্রা আছে।

(৪১) আইনী-ই-আক্‌বরী, ইংরাজি অনুবাদ, দ্বিতীয় ভাগ, পৃঃ ১৩৭।

(৪২) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt.I, pp. 215-16.

(৪৩) Ibid, p. 287.

(৪৪) Ibid.

পিতার নাম সৈয়দ্ আশরফ্-উল্-হোসেনী এবং তিনি মক্কা শরীফের অন্যতম প্রধান ছিলেন। গোলাম হোসেন্ এক অজ্ঞাতনামা গ্রন্থে দেখিয়াছিলেন যে সৈয়দ্ আশরফ্ ও সৈয়দ্ ইউসফ্ তুর্কীস্থানের তরমুজ্ নগরের অধিবাসী ছিলেন। তাঁহারা বাঙ্গালাদেশে আসিয়া রাঢ়ের অন্তর্গত চাঁদপুর গ্রামে এক কাজীর আশ্রয় গ্রহণ করিয়াছিলেন৪৫। ব্লখ্ম্যানের মতানুসারে হোসেন্ শাহ্ যশোহর জেলায়, আলাইপুর গ্রামে এক কাজীর আশ্রয় গ্রহণ করিয়াছিলেন৪৬। রাঢ়দেশে, মুর্শীদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমায় একানী চাঁদপাড়া নামক একখানি গ্রাম অদ্যাপি বিদ্যমান আছে। এইগ্রামে একটি বৃহদাকার পুরাতন মসজিদ্ আছে এবং ইহার চতুষ্পার্শ্বে আলা-উদ্দীন্ হোসেন্ শাহের রাজ্যকালের বহু শিলালিপি আবিষ্কৃত হইয়াছে। বন্ধুবর শ্রীযুক্ত গুরুদাস সরকার, এম্, এ, মহাশয়, হোসেন্ শাহ্ সম্বন্ধে মুর্শীদাবাদ জেলায় প্রচলিত যে সমস্ত জনপ্রবাদ লিপিবদ্ধ করিয়াছেন, তদনুসারে হোসেন্ শাহ্ বাল্যকালে চাঁদপাড়া নিবাসী এক ব্রাহ্মণের গৃহে গো-রক্ষা কার্য্যে নিযুক্ত ছিলেন। রাজ্যলাভ করিয়া হোসেন্ শাহ্ পুরাতন প্রভুকে এক আনা রাজস্বে চাঁদপাড়া-গ্রাম প্রদান করিয়াছিলেন, তদবধি এই গ্রাম এক আনা চাঁদপাড়া নামে প্রসিদ্ধ। কথিত আছে যে, হোসেন্ শাহের বেগম, পতির পুরাতন প্রভুকে গোমাংস ভক্ষণ করিতে বাধ্য করিয়াছিলেন; সেইজন্য ব্রাহ্মণ পরে বৈষ্ণবধর্ম্ম গ্রহণ করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে হোসেন্ শাহ্ চাঁদপাড়া গ্রামে যে কাজীর আশ্রয় গ্রহণ করিয়াছিলেন, তিনি, তাঁহার বংশ-পরিচয় অবগত হইয়া,

---

(৪৫) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩১।

(৪৬) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 227, Note.

হোসেনের সহিত কন্যার বিবাহ দিয়াছিলেন। ইহার পরে হোসেন্ গৌড়ে মজঃফর্ শাহের অধীনে কর্ম্ম গ্রহণ করিয়া ক্রমে উজীর নিযুক্ত হইয়াছিলেন[৪৭]।

রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে, আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ সিংহাসন লাভ করিয়া, নিজ সেনাদলকে গৌড়নগর লুণ্ঠন করিতে নিষেধ করিয়াছিলেন। লুণ্ঠন নিবারিত না হওয়ায়, তাঁহার আদেশে, দ্বাদশ সহস্র সৈন্যের প্রাণদণ্ড হইয়াছিল। আলা-উদ্দীন্ হোসেন্ শাহের আদেশে প্রাসাদরক্ষক পদাতিক সেনাদল কর্ম্মচ্যুত হইয়াছিল এবং বিশ্বাসঘাতক হাব্‌শী ক্রীতদাসগণ গৌড়রাজ্য হইতে নির্ব্বাসিত হইয়াছিল। সৈয়দ্-বংশীয় এবং মোগল ও আফ্‌গান্‌জাতীয় মুসলমানগণ গৌড়ের প্রধান প্রধান রাজপদে নিযুক্ত হইয়াছিলেন[৪৮]। বসুবংশীয় দক্ষিণ রাঢ়ীয় কায়স্থ পুরন্দর্ খাঁ, হোসেন্ শাহের উজীর ছিলেন[৪৯]। রূপ ও সনাতন নামক ভ্রাতৃদ্বয় হোসেন্ শাহের অধীনে উচ্চ রাজকার্য্যে নিযুক্ত ছিলেন। হোসেন্ শাহ্ সনাতনকে দবীর খাস্ (Private Secretary) নিযুক্ত করিয়াছিলেন এবং রূপকে সাকরমল্লিক উপাধিদানে সম্মানিত করিয়া-ছিলেন। রূপ ও সনাতন যশোহর জেলায় ফতেহাবাদ নামক স্থানের অধিবাসী ছিলেন এবং তাঁহারা গৌড়ের নিকটে রামকেলী গ্রামে বাস করিতেন। রামকেলীতে রূপ ও সনাতন কর্ত্তৃক খনিত, রূপসাগর ও সনাতনসাগর নামক দুইটি দীর্ঘিকা অদ্যাবধি বিদ্যমান আছে। রূপ ও সনাতনের ভ্রাতা অনুপ গৌড়ের টাঁকশালের অধ্যক্ষ ছিলেন।

---

(৪৭) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XIII.

(৪৮) রিয়াজ্ উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩১-৩২।

(৪৯) গৌড়ের ইতিহাস, দ্বিতীয় খণ্ড, পৃঃ ১০৪।

সনাতনের জ্যেষ্ঠ শ্যালক রাজকার্য্যে নিযুক্ত হইয়া প্রজাপীড়ন করিতেন, এইজন্য হোসেন্ শাহ্ আক্ষেপ করিয়াছিলেন[৫০]। চৈতন্যচরিতামৃতে সেই আক্ষেপের কথা লিপিবদ্ধ হইয়াছে[৫১]। চৈতন্যদেবের দর্শনের পর হইতে রূপ ও সনাতনের মনে বৈরাগ্যের উদয় হইয়াছিল, উড়িষ্যা ও কামরূপ অভিযানে হিন্দুজাতির প্রতি অত্যাচার দেখিয়া ভ্রাতৃদ্বয় মুসলমান রাজার প্রতি বীতশ্রদ্ধ হইয়াছিলেন। রাজকার্য্যে অবহেলা দেখিয়া হোসেন্ শাহ্ সনাতনকে বন্দী করিয়াছিলেন। সনাতন কারাধ্যক্ষকে উৎকোচ প্রদান করিয়া মুক্তিলাভ করিয়াছিলেন এবং চৈতন্যদেবের নিকট উপদেশ গ্রহণ করিয়া বৃন্দাবনে বাস করিয়াছিলেন। রূপগোস্বামীও রাজকার্য্য পরিত্যাগ করিয়া বৃন্দাবনে গমন করিয়াছিলেন[৫২]।

গৌড়সিংহাসনে সুপ্রতিষ্ঠিত হইয়া হোসেন্ শাহ্ উড়িষ্যা আক্রমণ করিয়াছিলেন। হোসেন্ শাহের উড়িষ্যা-আক্রমণের তারিখ অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে তিনি গৌড় হইতে উড়িষ্যা পর্য্যন্ত সমস্ত রাজার রাজ্য অধিকার করিয়াছিলেন[৫৩]। ৺রজনীকান্ত চক্রবর্ত্তী মহাশয়ের মতানুসারে হোসেন্ শাহ্ উড়িষ্যা আক্রমণ করিয়া বিশেষ কোন ক্ষতি করিতে পারেন নাই[৫৪]। মাদ্‌লা

(৫০) গৌড়ের ইতিহাস, প্রথম খণ্ড, পৃঃ ১০৪-১১১।

(৫১) তোমার বড় ভাই করে দস্যু-ব্যবহার॥
জীব পশু মারি কৈল চাকলা সব নাশ।
এথা তুমি কৈলে মোর সর্ব্বকার্য্যনাশ॥
—চৈতন্য চরিতামৃত মধ্যলীলা, ১৯শ পরিচ্ছেদ।

(৫২) গৌড়ের ইতিহাস, দ্বিতীয় খণ্ড, পৃঃ ১০৮।

(৫৩) রিয়াজ্-উস্ সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩২।

(৫৪) গৌড়ের ইতিহাস, দ্বিতীয় খণ্ড, পৃঃ ১০৯।

পাঁজী অনুসারে ইস্‌মাইল্ গাজী নামক বাঙ্গালার নবাবের জনৈক সেনাপতি উড়িষ্যা আক্রমণ করিয়া পুরীনগর ধ্বংস করিয়াছিলেন এবং বহু হিন্দুমন্দির নষ্ট করিয়াছিলেন। উড়িষ্যার ঐতিহাসিক বিবরণ অনুসারে, ১৫০৯ খৃষ্টাব্দে উড়িষ্যা গৌড়ীয় মুসলমান সেনা কর্ত্তৃক আক্রান্ত হইয়াছিল, এই সময়ে সূর্য্যবংশীয় প্রতাপরুদ্রদেব উড়িষ্যার অধিপতি ছিলেন। মাদ্‌লা পাঁজী অনুসারে ইস্‌মাইল্ গাজীর অভিযানের সময়ে প্রতাপরুদ্রদেব রাজ্যের দক্ষিণাংশে ছিলেন, তিনি উত্তরাভিমুখে অগ্রসর হইলে, মুসলমান সেনাপতি হুগলী জেলায় মন্দারণতুর্গে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। প্রতাপরুদ্র মন্দারণতুর্গ অবরোধ করিয়াছিলেন, কিন্তু গোবিন্দ বিদ্যাধর নামক তাঁহার একজন প্রধান কর্ম্মচারী মুসলমান সেনার সহিত যোগদান করায়, তিনি প্রত্যাবর্ত্তন করিতে বাধ্য হইয়াছিলেন[৫৫]। বৃন্দাবনদাস-রচিত চৈতন্য-ভাগবতে, মুসলমানসেনা কর্ত্তৃক উড়িষ্যার দেবমন্দির ও দেবমূর্ত্তি-সমূহের বিনাশের বিবরণ অনেক স্থলে লিপিবদ্ধ হইয়াছে[৫৬]। এতদ্ব্যতীত সুলতান্ আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ কর্ত্তৃক উড়িষ্যা আক্রমণের অপর কোন সংবাদ অদ্যাবধি জানিতে পারা যায় নাই।

রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে উড়িষ্যা আক্রমণের পরে হোসেন্ শাহ্ আসাম দেশ জয়ের উদ্যোগ করিয়াছিলেন। তিনি কামরূপ ও কামতা প্রভৃতি রাজ্যের রূপনারায়ণ, মালকুমার, লক্ষ্মণ গোঁসাই প্রভৃতি রাজগণকে পরাজিত করিয়া বহু অর্থ সঞ্চয় করিয়াছিলেন। আসামের

(৫৫) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. LXIX, 1900. pt, 1, p. 186.

(৫৬) যে হুসেন-সাহা সর্ব্ব উড়িষ্যার দেশে।
দেবমূর্ত্তি ভাঙ্গিলেক দেউল-বিশেষে॥
—চৈতন্য ভাগবত, অতুলকৃষ্ণ গোস্বামি-সম্পাদিত, অন্ত্য খণ্ড, চতুর্থ অধ্যায়, পৃঃ ৪২৬।

রাজা হোসেন্ শাহ্ কর্ত্তৃক পরাজিত হইয়া পার্ব্বত্যপ্রদেশে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। হোসেন্ শাহ্ তাঁহার পুত্রকে নবজিত রাজ্য-রক্ষার্থ নিযুক্ত করিয়া বঙ্গদেশে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন। বর্ষাকাল আসিলে সমস্ত পথঘাট জলে ভাসিয়া গিয়াছিল, এই সময়ে আসামরাজ পার্ব্বত্য-প্রদেশ হইতে নির্গত হইয়া হোসেন্ শাহের পুত্রের সেনা আক্রমণ করিয়াছিলেন এবং তাঁহাদিগের শিবিরে খাদ্যাগমনের পথরোধ করিয়া অবশেষে মুসলমান সেনাকে পরাজিত করিয়াছিলেন[৫৭]। গোলাম হোসেন্ যাহা একটি অভিযানরূপে বর্ণনা করিয়াছেন, তাহা প্রকৃতপক্ষে পঞ্চত্রিংশদ্বর্ষ-ব্যাপী যুদ্ধ। আহম্ ভাষায় লিখিত বুরঞ্জী অনুসারে ১৪৯৮ খৃষ্টাব্দে গৌড়ীয় মুসলমান সেনা কামতাপুরের খোন্-রাজা আক্রমণ করিয়াছিল[৫৮]। কামতাপুরের রাজা নীলাম্বরের ব্রাহ্মণ জাতীয় মন্ত্রীর পুত্র, রাজান্তঃপুরের পবিত্রতা নষ্ট করায়, নীলাম্বর মন্ত্রিপুত্রকে হত্যা করিয়া, পিতাকে পুত্রের মাংস ভক্ষণ করিতে বাধ্য করিয়াছিলেন। মন্ত্রি, পুত্রের পাপক্ষালনের জন্য, গঙ্গাস্নানের ছলে, গৌড়ে হোসেন্ শাহের আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। হোসেন্ শাহ্, সেই ব্রাহ্মণের নিকট খোন্‌রাজ্যের আভ্যন্তরীণ অবস্থা জ্ঞাত হইয়া, কামতাপুর আক্রমণ করিয়াছিলেন। তিনি কামতাপুর অবরোধ করিয়া খোন্‌রাজের বিশেষ ক্ষতি করিতে পারেন নাই। কথিত আছে যে, হোসেন্ শাহ্ বিফলমনোরথ হইয়া অবশেষে গৌড়ে প্রত্যাবর্ত্তন করিবার ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন এবং নীলাম্বরকে বলিয়া পাঠাইয়াছিলেন যে, তাঁহার পত্নী নীলাম্বরের পত্নীর সাক্ষাৎ প্রার্থনা করেন। বস্ত্রাচ্ছাদিত শিবিকায় মুসলমান সেনার কিয়দংশ কামতাপুর নগরে প্রবেশ করিয়া নগর অধিকার করিয়াছিলেন। নীলাম্বর বন্দিরূপে গৌড়ে

(৫৭) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩২-৩৩।
(৫৮) Gait's History of Assam, p. 41.

প্রেরিত হইয়াছিলেন, কিন্তু পথে পলায়ন করিয়া আত্মরক্ষা করিয়াছিলেন ৫৯। জনপ্রবাদ অনুসারে ১৪৯৮ খৃষ্টাব্দে কামতাপুর মুসলমানগণ কর্ত্তৃক অধিকৃত হইয়াছিল। কামতাপুর অধিকৃত হইলে হোসেন্ শাহ্ পূর্ব্বে বড়নদী পর্য্যন্ত সমস্ত ভূভাগ অধিকার করিয়া তাঁহার পুত্রকে শাসনকর্ত্তৃ স্বরূপ হাজোতে রাখিয়া গৌড়ে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন। হোসেন্ শাহের এই পুত্রের নাম দানিয়াল। মুঙ্গেরের শাহ্ নফার দর্‌গার শিলালিপিতে দানিয়ালের নাম পাওয়া যায়। মুঙ্গের-দুর্গের পুরাতন প্রাচীরের নিকটে, শাহ্ নফা নামক মুসলমান ফকীরের দর্‌গা আছে, এই দর্‌গার পূর্ব্বদিকের প্রাচীরে একখানি শিলালিপি আছে, তদনুসারে ৯০৩ হিজরায় (১৪৯৭-৯৮ খৃষ্টাব্দে), আলা-উদ্দীন্ হোসেন্ শাহের রাজ্যকালে রাজপুত্র দানিয়াল একটি গম্বুজ নির্ম্মাণ করিয়াছিলেন ৬০। বদাওনীর মন্তখব্-উৎ-তওয়ারিখে শাহ্‌জাদা দানিয়ালের কিঞ্চিৎ পরিচয় পাওয়া যায়। ৯০০ হিজরায় (১৪৯৪ খৃষ্টাব্দে) দিল্লীর সুলতান্ সিকন্দর লোদী পাটনায় বিদ্রোহদমন করিতে আসিয়াছিলেন, এই অভিযানে দিল্লীশ্বরের সেনার বহু অশ্ব নিহত হইয়াছিল। এই সংবাদ পাইয়া, জৌনপুরের সুলতান্ হোসেন্ শাহ্ শার্কী, বিহার হইতে সিকন্দর লোদীর বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন। সিকন্দর বারাণসীতে প্রত্যাবর্ত্তন করেন। বারাণসীতে সিকন্দর লোদীর সহিত জৌনপুরের সুলতান্ হোসেন্ শাহ্ শার্কীর যে যুদ্ধ হইয়াছিল, তাহাতে পরাজিত হইয়া জৌনপুর-রাজ বিহারে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন। সিকন্দর লোদী তাঁহার পশ্চাদ্ধাবন করিয়া বিহারে উপস্থিত হইলে, হোসেন্ শাহ্ শার্কী ভাগলপুর জেলায়

(৫৯) Ibid, pp. 42-43.

(৬০) Journal of the Asiatic Society of Bengal, Old Series Vol. XLI, 1872, pt. I, p. 335.

কহলগাঁওতে পলায়ন করিয়া বাঙ্গালার সুলতান্ আলা-উদ্দীন্ হোসেন্ শাহের আশ্রয়গ্রহণ করিয়াছিলেন। হোসেন্ শাহ্ জৌনপুর-রাজের ভরণপোষণের ব্যবস্থা করিয়া দিয়াছিলেন এবং হোসেন্ শাহ্ শার্কীর অবশিষ্ট জীবন গৌড়রাজের আশ্রয়ে কহলগাঁওতে অতিবাহিত হইয়াছিল। হোসেন্ শাহ্ শার্কীকে আশ্রয় প্রদানের জন্য ক্রুদ্ধ হইয়া, সুলতান্ সিকন্দর লোদী ৯০১ হিজরায় (১৪৯৫ খৃষ্টাব্দে), আলা-উদ্দীন্ হোসেন্ শাহের রাজ্য আক্রমণ করিয়াছিলেন। পিতার আদেশে, শাহ্‌জাদা দানিয়াল সিকন্দর লোদীর গতিরোধ করিবার জন্য বিহার পর্য্যন্ত অগ্রসর হইয়াছিলেন। উভয় পক্ষের সেনা কিয়দ্দিন পরস্পরের সম্মুখীন ছিল। ইহার পরে সন্ধিস্থাপন করিয়া সিকন্দর লোদী প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন [৬১]। এতদিন পর্য্যন্ত মগধ জৌনপুরের শার্কীবংশীয় সুলতান্-গণের অধিকারভুক্ত ছিল, কিন্তু ৯০১ হিজরা হইতে ফরীদ্-উদ্দীন্ শের শাহের অভ্যুত্থান পর্য্যন্ত উক্তপ্রদেশ হোসেন্ শাহের বংশের অধিকারভুক্ত ছিল। সিকন্দর লোদীর সহিত সন্ধিস্থাপিত হইলে, শাহজাদা দানিয়াল কামতাপুর-রাজ্যের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়াছিলেন। আহম্-ভাষায় লিখিত বুরঞ্জী অনুসারে, ১৪৯৮ খৃষ্টাব্দে কামতাপুর বিজিত হইয়াছিল, ইহার পরে ১৫৩২ খৃষ্টাব্দ পর্য্যন্ত মুসলমানগণ বহুবার আসামের আহম রাজগণের অধিকার আক্রমণ করিয়াছিলেন [৬২]।

শাহাব্-উদ্দীন্ তালিশ্ রচিত ফতিয়াহ্-ই-ইব্রিয়াহ্ বা তারিখ্ ফতে-ই-আশাম্ নামক গ্রন্থে হোসেন্ শাহের আসাম অভিযানের বিবরণ আছে। এই গ্রন্থানুসারে হোসেন্ শাহ্ ২৪০০০ সেনা ও বহু নৌকা লইয়া আসামরাজের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়াছিলেন। আসামরাজ তাঁহাদিগের

(৬১) মখ্‌যন্-উৎ-তওয়ারিখ্; ইংরাজি অনুবাদ, পৃষ্ঠা ১৬-১৭।

(৬২) Gait's History of Assam, pp. 87-92.

গতিরোধ না করিয়া পার্ব্বত্যপ্রদেশে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। হোসেন্ শাহ্ আসামরাজ্যের সমতলভূমি অধিকার করিয়া গৌড়ে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন। শাহ্জাদা দানিয়াল সসৈন্য আসামে অবস্থিতি করিতেছিলেন ৬৩। এই সময়ে সুহুঙ্গ মুঙ্গ আসামের অধিপতি ছিলেন৬৪। বুরঞ্জীসমূহ অনুসারে তাঁহার রাজ্যকালে আসাম সর্ব্বপ্রথমে মুসলমান সেনা কর্ত্তৃক আক্রান্ত হইয়াছিল৬৫। মহম্মদ্ বখ্তিয়ার, য়ুজ্‌বক্ বা সিকন্দর শাহের আসাম আক্রমণের উল্লেখ পর্য্যন্ত কোন বুরঞ্জীতে পাওয়া যায় না। রিয়াজ্-উস্-সালাতীন্ ও তারিখ্-ফতে-ই-আশাম, অনুসারে দানিয়াল বর্ষাকাল পর্য্যন্ত সমতলভূমির অধিকারী ছিলেন। বর্ষাগমে আসামরাজ মুসলমান সেনা আক্রমণ করিয়া সসৈন্য দানিয়ালকে পরাজিত ও নিহত করিয়াছিলেন। মুসলমান সেনা যতবার আহম্‌রাজ্য আক্রমণ করিয়াছিল, ততবারই এইরূপে পরাজিত হইয়াছিল। আহম্-ভাষায় লিখিত বুরঞ্জীসমূহ অনুসারে, হোসেন্ শাহের রাজ্যকালে মুসলমান জাতি সর্ব্বপ্রথমে আহম্‌রাজ্য আক্রমণ করিয়াছিল এবং এই অভিযানের মুসলমান সেনাপতির নাম "বড় উজীর"। আহম্‌সেনা মুসলমান সেনার সম্মুখ ও পার্শ্বদেশ আক্রমণ করিয়া তাহাদিগকে পরাজিত করিয়াছিল। আহম্-সেনাপতি মুসলমানদিগকে বুরাই নদীতীর পর্য্যন্ত অনুসরণ করিয়া চল্লিশটি অশ্ব ও কুড়ি হইতে চল্লিশটি কামান অধিকার করিয়া লইয়াছিলেন। বুরঞ্জীসমূহ অনুসারে ১৫২৭ খৃষ্টাব্দে মুসলমান সেনাপতি "বড় উজীর" আহম্‌রাজ কর্ত্তৃক পরাজিত হইয়াছিলেন৬৬। এই জন্যই

(৬৩) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLI, 1872, pt. I, p. 79.

(৬৪) Gait's History of Assam, p. 83.

(৬৫) Ibid, p. 87.

(৬৬) Ibid, p. 88.

আসামের ইতিহাসকার গেট (Sir Edward Gait) লিপিবদ্ধ করিয়াছেন যে, কামতাপুরধ্বংসের অন্ততঃ বিংশতিবর্ষ পরে হোসেন্ শাহ্ আহম্-রাজ্য আক্রমণ করিয়াছিলেন। কিন্তু ইহা সম্ভব নহে, কারণ মালদহে আবিষ্কৃত ৯০৭ হিজরার (১৫০২ খৃষ্টাব্দের) শিলালিপি অনুসারে, হোসেন্ শাহ্ তৎপূর্ব্বে কামরূপ ও কামতা বিজয় করিয়াছিলেন, সুতরাং তৎপূর্ব্বে অন্ততঃ একবার কামরূপ আক্রান্ত হইয়াছিল। ইহার পরে হোসেন্ শাহের পুত্র নাসির্-উদ্দীন্ নসরৎ শাহের রাজ্যকালে আহম্‌রাজ্য একাধিকবার মুসলমান সেনা কর্ত্তৃক আক্রান্ত হইয়াছিল, তাহার বিবরণ যথা স্থানে প্রদত্ত হইবে।

৺কৈলাসচন্দ্র সিংহ প্রণীত "রাজমালা বা ত্রিপুরার ইতিহাস" অনুসারে সুলতান্ আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ ত্রিপুরা অধিকার করিবার চেষ্টা করিয়াছিলেন, কিন্তু ত্রিপুরেশ্বর মহারাজ ধন্যমাণিক্য এবং তাঁহার সেনাপতি রায় চয়চাগের যত্নে বিফলমনোরথ হইয়াছিলেন[৬৭]। হোসেন্ শাহ্ যে, ত্রিপুররাজ্য আক্রমণ করিয়া উহার কিয়দংশ অধিকার করিয়াছিলেন, তাহার প্রমাণ একখানি আরবী শিলালিপি হইতে আবিষ্কৃত হইয়াছে। এই শিলালিপিখানি সুবর্ণগ্রামে আবিষ্কৃত হইয়াছিল এবং ইহা অনুসারে ৯১৯ হিজরায় (১৫১৩ খৃষ্টাব্দে), খাওয়াস্ খাঁ ত্রিপুরার সরলস্কর্ ও ইক্‌লিম্ মুয়জ্জমাবাদের উজীর ছিলেন[৬৮]। ৺কৈলাসচন্দ্র সিংহ প্রণীত "রাজমালা" অনুসারে, হোসেন্ শাহ্ প্রথমবার পরাজিত হইয়া, গৌর মল্লিককে দ্বিতীয় অভিযানের সেনাপতি নিযুক্ত করিয়াছিলেন। কুমিল্লার যুদ্ধে গৌর মল্লিক চয়চাগকে পরাজিত করিয়া মেহেরকুল

---

(৬৭) ত্রিপুরার ইতিহাস পৃঃ ৪৩।

(৬৮) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLI, 1872, pt. I, pp. 333-34.

দুর্গ অধিকার করিয়াছিলেন। মুসলমান সেনা রাজধানীর রাঙ্গামাটীয়ার দিকে অগ্রসর হইলে, ত্রিপুর সৈন্য সোণামাটীয়ার দুর্গে আশ্রয় গ্রহণ করিয়াছিল। চয়চাগ্ গোমতীনদীতে বাঁধ নির্ম্মাণ করিয়া জলস্রোত আবদ্ধ করিয়াছিলেন। "তৎপরে যখন মুসলমান সৈন্য জলশূন্য শুষ্ক গোমতী অতিক্রম করিতেছিল, তখন তাহারা ঐ বাঁধ ভাঙ্গিয়া দেওয়ায়, মুসলমানদিগের পক্ষে ত্রিপুরা বিজয় অপেক্ষা প্রাণরক্ষা কঠিন হইয়া উঠে। প্রায় অধিকাংশ মুসলমান জলমগ্ন হইয়া প্রাণত্যাগ করিয়াছিল। অবশিষ্ট মুসলমান সৈন্য নিতান্ত নিরুপায় হইয়া পরিশেষে চণ্ডীগড়ে আসিয়া উপস্থিত হইল, কিন্তু তাহাতেও তাহারা নিরাপদ হইল না। ত্রিপুরসৈন্যেরা রাত্রিশেষে মুসলমানদিগের মধ্যে প্রবেশ করতঃ অস্ত্রাঘাতে তাহাদিগকে ছিন্ন ভিন্ন করিয়া দিল। অতি অল্পসংখ্যক মুসলমান প্রাণ লইয়া পলায়ন করিতে সক্ষম হইয়াছিল।" "রাজমালা" অনুসারে হোসেন্ শাহ্ ত্রিপুররাজ্যের বিরুদ্ধে তৃতীয় অভিযানে, হাতিয়ান খাঁকে সেনাপতি নিযুক্ত করিয়াছিলেন। চয়চাগ্ কুমিল্লার নিকট পরাজিত হইয়া হাতিয়ান খাঁকে গোমতী নদীগর্ভে জলপ্লাবিত করিয়াছিলেন। হাতিয়ান খাঁ পরাজিত হইয়া হোসেন্ শাহ্ কর্ত্তৃক পদচ্যুত হইয়াছিলেন। ইহার পরে হোসেন্ শাহ্ চতুর্থবার ত্রিপুরা আক্রমণ করিয়াছিলেন, কৈলারগড় নামক স্থানে তাঁহার সহিত মহারাজ ধন্যমাণিক্যের যুদ্ধ হইয়াছিল। এই যুদ্ধে সম্ভবতঃ ধন্যমাণিক্য পরাজিত হইয়াছিলেন এবং ত্রিপুর-রাজ্যের কিয়দংশ হোসেন্ শাহের হস্তগত হইয়াছিল[৬৯]।

কামতাপুরের খেন্‌রাজ্য ধ্বংস করিয়া, উড়িষ্যা ও ত্রিপুরার কিয়দংশ অধিকার করিয়া, পতনোন্মুখ শার্কীবংশীয় সুলতান্‌গণের অধিকার-

(৬৯) ত্রিপুরার ইতিহাস, পৃঃ ৪৩৫০

ভুক্ত মগধ প্রদেশ হস্তগত করিয়া এবং আহম্‌রাজ কর্ত্তৃক পরাজিত হইয়া, দীর্ঘকাল রাজ্যভোগের পরে আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ রোগে প্রাণত্যাগ করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে হোসেন্ শাহ্ সপ্তবিংশতি-বর্ষ অথবা ঊনত্রিংশবর্ষ রাজাভোগ করিয়াছিলেন। গোলাম হোসেনের মতানুসারে, ৯২৭ হিজরায় (১৫২০ খৃষ্টাব্দে) হোসেন্ শাহের মৃত্যু হইয়াছিল[৭০], কিন্তু ৯২৫ হিজরায় (১৫১৮ খৃষ্টাব্দে), ফতেহাবাদ[৭১], হোসেনাবাদ, ও টাঁকশালে[৭৩] মুদ্রিত হোসেন্ শাহের পুত্র নাসির্-উদ্দীন্ নস্‌রৎ শাহের মুদ্রা আবিষ্কৃত হইয়াছে, সুতরাং উক্তবর্ষেই হোসেন্ শাহের মৃত্যু হইয়াছিল।

গৌড়, বঙ্গ ও মগধের নানা স্থানে আলা-উদ্দীন্ হোসেন্ শাহের রাজ্যকালের শিলালিপি আবিষ্কৃত হইয়াছে। ওয়েষ্টমেকট্ মালদহে পাথু খাঁর গৃহে একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন; তদনুসারে ৮৯৯ হিজরায়, জিলকাদা মাসের দশম দিবসে (১৩ আগষ্ট ১৪৯৪ খৃষ্টাব্দে), হোসেন্ শাহের রাজ্যকালে, মজ্‌লিস্ রাহাৎ-উল্লাহ্ কর্ত্তৃক একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৭৪]। মালদহে কাটরার নিকটে একটি ক্ষুদ্র মস্‌জিদে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, ৯০০ হিজরায় শওয়াল্ মাসের একাদশ দিবসে (৫ই জুলাই ১৪৯৫ খৃষ্টাব্দে), উলুগ্ শেরের পুত্র খাঁ মুয়জ্জম্ কর্ত্তৃক একটি মস্‌জিদ নির্ম্মিত হইয়াছিল[৭৫]। মুর্শীদাবাদ জেলায় জঙ্গীপুর

---

(৭০) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৩।

(৭১) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, p. 176, No 202.

(৭২) Ibid, p. 177 No. 206.

(৭৩) Ibid, No. 204.

(৭৪) Journal of the Asiatic Society of Bengal, Old Series Vol. XLIII, 1874, pt. I, p. 302.

(৭৫) Ibid, p. 302.

মহকুমার খেরৌল গ্রামে একটি পুরাতন মস্‌জিদ আছে, উহার শিলালিপি অনুসারে, উক্ত মস্‌জিদ্ ৯০০ হিজরায় (১৪৯৪-৯৫ খৃষ্টাব্দে), খাঁ মুয়জ্জম্ রিফাৎ খাঁ কর্ত্তৃক আলা-উদ্দীন্ হোসেন্ শাহের রাজ্যকালে নির্ম্মিত হইয়াছিল[৭৬]। খেরৌলে আবিষ্কৃত আর একখানি শিলালিপি অনুসারে, হোসেন্ শাহের রাজ্যকালে, উক্তবর্ষে উক্ত ব্যক্তি আর একটি মস্‌জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন[৭৭]। ঢাকায়, আজিম নগরে একখানি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে, তদনুসারে ৯০১ বা ৯১০ হিজরায়, মহরম মাসের প্রথম দিবসে (১৪৯৫ খৃষ্টাব্দে), মালিক্ বাবা সালেহ্ কর্ত্তৃক মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৭৮]। মুঙ্গেরে শাহ্ নফার দরগাহে আবিষ্কৃত শিলালিপি অনুসারে, ৯০৩ হিজরায় (১৪৯৭-৯৮ খৃষ্টাব্দে), হোসেন্ শাহের পুত্র শাহ্‌জাদা দানিয়াল শাহ্ নফার সমাধি নির্ম্মাণ করিয়াছিলেন[৭৯]। গৌড়ে কদম্ রসূল্ বা কদম্ শরীফের দ্বারের নিকটে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, ৯০৯ হিজরায়, মহরম মাসের দ্বাবিংশ দিবসে, গৌড়ে একটি তোরণ নির্ম্মিত হইয়াছিল[৮০]। বন্ধুবর শ্রীযুক্ত গুরুদাস সরকার মুর্শীদাবাদ জেলায়, জঙ্গীপুর মহকুমায়, বাবর গ্রামে একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছেন, তদনুসারে হোসেন্ শাহের রাজ্যকালে, ৯০৫ হিজরায় (১৪৯৯ খৃষ্টাব্দে)

(৭৬) Annual Report of the Archæological Survey, Eastern Circle, 1904-5, p. 9.

(৭৭) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XIII.

(৭৮) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 284.

(৭৯) Ibid, Vol. XLI, 1872, pt. I, p. 335.

(৮০) Francklin's Journal of a route from Rajemehul to Gour, A. D. 1810-11, pp. 5-6.

মখ্‌দুম্ শাহের পুত্র মালিক্ সন্দল্ একটি মস্‌জিদ্ নির্ম্মাণ করিয়াছিলেন[৮১]। তীরভুক্তিতে, সারণ জেলার ইস্‌মাইল্‌পুর গ্রামে একখানি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে, তদনুসারে ৯০৬ হিজরার শাবান্ মাসে (মার্চ্চ ১৫০১ খৃষ্টাব্দে) মজ্‌লিস্-উল্-মজ্‌ালিস্ উপাধিধারী জনৈক সম্ভ্রান্ত ব্যক্তি কর্ত্তৃক একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৮২]। মালদহে ইংরাজ-বাজারের থানার নিকটে ওয়েষ্টমেকট্ একখানি শিলালিপি আবিষ্কৃত করিয়াছিলেন, তদনুসারে কামরূপ ও কামতাবিজয়ী আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ ৯০৭ হিজরার রমজান মাসের প্রথম দিবসে (১০ই মার্চ্চ ১৫০২ খৃষ্টাব্দে) একটি বিদ্যালয় নির্ম্মাণ করাইয়াছিলেন[৮৩]। ঢাকার বল্লীপুর পরগণার মাচাইন গ্রামে একখানি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে, তদনুসারে ৯০৭ হিজরায়, জমাদি-উল-আউয়ল মাসের দ্বাবিংশ দিবসে (৩রা ডিসেম্বর ১৯০১ খৃষ্টাব্দে), আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ একটি মস্‌জিদ্ নির্ম্মাণ করাইয়া ছিলেন[৮৪]। ১৮৭০ খৃষ্টাব্দে ভূতপূর্ব্ব ডেপুটি ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত রাসবিহারী বসু পাটনা জেলার বিহার মহকুমায়, বোনহারা গ্রামে একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন। তদনুসারে ৯০৮ হিজরার জিলকাদা মাসে (১৫০২ খৃষ্টাব্দে, জুনমাসে), আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ কর্ত্তৃক একটি জামী মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৮৫]। গৌড়ে কদম্ রসুল্ বা কদম্ শরীফের নিকটে

(৮১) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XIII.

(৮২) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII, 1874, pt. I, p. 304, note

(৮৩) Ibid, p. 303.

(৮৪) Ibid, Vol. XLII, 1873, pt. I, p. 293.

(৮৫) Proceedings of the Asiatic Society of Bengal, 1870, p. 247.

মেজর ফ্রাঙ্কলিন একখানি শিলালিপি দেখিয়াছিলেন, তদনুসারে সুলতান আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ কর্ত্তৃক, ৯০৯ হিজরায়, মহরম মাসের দ্বাবিংশ দিবসে (১৫০৩ খৃষ্টাব্দে) একটি তোরণ নির্ম্মিত হইয়াছিল৮৬। বিহার প্রদেশে সারণ জেলায় চেরাণ গ্রামে একখানি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে, তদনুসারে ৯০৯ হিজরায় (১৫০৩-৪ খৃষ্টাব্দে), আলা-উদ্দীন হোসেন্ শাহ্ কর্ত্তৃক একটি জামী মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল৮৭। বন্ধুবর শ্রীযুক্ত গুরুদাস সরকার মুর্শীদাবাদ জেলায়, জঙ্গীপুর মহকুমায়, সুতিগ্রামে একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছেন, তদনুসারে আলা-উদ্দীন্ হোসেন্ শাহের রাজ্যকালে ৯০৯ হিজরায় (১৫০৩ খৃষ্টাব্দে), চাঁদমালিকের পুত্র মকর্‌রব্ খাঁ একটি মস্‌জিদ্ নির্ম্মাণ করিয়াছিলেন৮৮। মালদহের ইংরাজ-বাজার হইতে পাঁচ মাইল দূরে অবস্থিত গিলাবাড়ী নামক স্থানে ওয়েষ্টমেকট্ একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন, তদনুসারে আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ ৯১০ হিজরায় (১৫০৪-৫ খৃষ্টাব্দে), একটি তোরণ নির্ম্মাণ করিয়াছিলেন৮৯। হুগলী জেলায়, ত্রিবেণীতে জফর্ খাঁর মস্‌জিদে সংলগ্ন একখানি শিলালিপি অনুসারে, হোসেন্ শাহের রাজ্যকালে, ৯১১ হিজরার রজব মাসের প্রথম দিবসে (৩১শে অক্টোবর ১৫০৫ খৃষ্টাব্দে), আলা-উদ্দীন্ হোসেন্ শাহের রাজ্যকালে হোসেনাবাদ ও সাজ্‌লা মুন্‌খা-

---

(৮৬) Journal of a route from Rajemehul to Gour, A. D. 1810-11, pp. 5-6.

(৮৭) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII, 1874, pt. I, p. 304.

(৮৮) Journal and Proceedings of Asiatic Society of Bengal, New Series, Vol. XIII.

(৮৯) Ravenshaw's Gaur, It Ruins and inscriptions, pp. 80—81.

বারদুয়ারী বা বড় সোণা মসজিদ, গৌড়

বাদের উজীর ও সর্লস্কর এবং লাউবলা থানার সর্লস্কর উলুগ্ হিজ্ খাঁ কর্তৃক একটি সেতু নির্ম্মিত হইয়াছিল[২০]। মালদহে, কনিংহাম কর্তৃক আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, ৯১১ হিজরায় (১৫০৫ খৃষ্টাব্দে), আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ কর্তৃক একটি জামী মসজিদ্ নির্ম্মিত হইয়াছিল[২১]। পাণ্ডুয়ায় আবিষ্কৃত একখানি অস্পষ্ট শিলালিপিতে ৯১১ হিজরা তারিখ ও আলা-উদ্দীন্ হোসেন্ শাহের নাম আছে[২২]। সুবর্ণগ্রামে ডাক্তার ওয়াইজ একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন, তদনুসারে ৯১১ হিজরায়, আলা-উদ্দীন্ হোসেন্ শাহের রাজ্যকালে, হাজী বাবা সালেহ্ একটি মস্জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন[২৩]। শ্রীহট্টে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, হোসেন্ শাহের রাজ্যকালে, ৯১১ হিজরায়, প্রাসাদের পরিচ্ছদ-রক্ষক ও মুয়জ্জমাবাদ ইক্‌লিমের উজীর ও সর্লস্কর, খালিশ্ খাঁ কর্তৃক একটি মস্জিদ্ নির্ম্মিত হইয়াছিল[২৪]। সুবর্ণগ্রামে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, হাজী বাবা সালেহ্, ৯১২ হিজরায় (১৫০৬ খৃষ্টাব্দে), একটি মস্জিদ্ নির্ম্মাণ করিয়াছিলেন[২৫]। মালদহে চক্-আদ্বিয়াতে, শেখ্ ইলাহি বখ্শ্ একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন, তদনুসারে মজ্‌লিস্ ইখ্‌তিয়ার কর্তৃক, ৯১৩ হিজরায় (১৫০৭ খৃষ্টাব্দে), একটি মস্জিদ্ নির্ম্মিত হইয়াছিল[২৬]। ঢাকা জেলায়, বাবা আদমের সমাধির

(২০) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. V, p. 260.

(২১) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 294.

(২২) Ravenshaw's Gaur, its Ruins and Inscriptions, p. 82.

(২৩) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 283.

(২৪) Ibid, p. 293.

(২৫) Ibid, p. 283.

(২৬) Ibid, Vol. LXIV, 1895, pt. I, p. 19[illegible]

শীর্ষদেশে উৎকীর্ণ একখানি শিলালিপি অনুসারে, উহা ৯১৩ হিজরায়, জমাদি-উস্-সানী মাসের সপ্তম দিবসে (১৫ই অক্টোবর ১৫০৭ খৃষ্টাব্দে) নির্ম্মিত হইয়াছিল[৯৭]। মালদহের আদালতের উত্তরদিকে একটি দরগাহে, চক্-আম্বিয়ার শিলালিপিখানি বর্ত্তমান সময়ে রক্ষিত আছে। মালদহে ওয়েষ্টমেকট্ একটি আধুনিক মস্জিদে একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন, তদনুসারে ৯১৪ হিজরায়, হোসেন্ শাহ্ কর্ত্তৃক একটি মস্জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৯৮]। পাণ্ডুয়ায়, শেখ্ নূর কুতব-উল্-আলমের সমাধির শীর্ষদেশে একখানি শিলালিপি রক্ষিত আছে, তদনুসারে ৯১৫ হিজরায় (১৫০৯ খৃষ্টাব্দে), আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ কর্ত্তৃক একটি মস্জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৯৯]। মালদহে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে ৯১৬ হিজরায় (১৫১০ খৃষ্টাব্দে), আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ কর্ত্তৃক দুইটি তোরণ নির্ম্মিত হইয়াছিল[১০০]। কলিকাতার চিত্রশালায়-রক্ষিত একখানি শিলালিপি অনুসারে, ৯১৬ হিজরায়, আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ কর্ত্তৃক একটি কূপ খনিত হইয়াছিল[১]। গৌড়ের নিকটে গঙ্গারামপুরে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, ৯১৮ হিজরায় (১৫১২ খৃষ্টাব্দে), আলা-উদ্দীন্ হোসেন্ শাহের রাজ্যকালে, সবৃহদ্‌বাসী আলা-উদ্দীনের পুত্র, খাঁ-ই-আজম্ রুকন্ খাঁ, শেখ্ আতার মন্দিরদ্বারের

(৯৭) এই শিলালিপি স্বর্গীয় ডাক্তার ব্লখ্ (Dr. Theodor Bloch) কর্ত্তৃক পঠিত হইয়াছিল, ইহা অদ্যাবধি প্রকাশিত হইয়াছে বলিয়া বোধ হয় না।

(৯৮) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII, 1874, pt. I, p. 305.

(৯৯) Cunningham's Archaeological Survey Reports, Vol. XV, p. 84.

(১০০) Ravenshaw's Gaur, Its Ruins and Inscriptions, p. 86.

(১) অপ্রকাশিত।

সম্মুখে একটি মস্‌জিদ্‌ ও একটি মিনার নির্ম্মাণ করাইয়াছিলেন[২]। রুকন্‌ খাঁ, প্রাসাদের পানপাত্রবাহক, জফরাবাদ নগরের উজীর, ফিরোজাবাদ নগরের সর্‌লস্কর্‌ ও প্রধান কোৎওয়াল এবং উক্ত নগরের প্রধান গ্রন্থরক্ষক ছিলেন। গৌড়ে আবিষ্কৃত আর একখানি শিলালিপি অনুসারে, আলা উদ্দীন্‌ হোসেন্‌ শাহ্‌ ৯১৮ হিজরায় (১৫১২ খৃষ্টাব্দে), গৌড়দুর্গের তোরণ নির্ম্মাণ করাইয়াছিলেন[৩]। পুরাতন মালদহের এক মাইল দক্ষিণে অবস্থিত মোল্‌নাতলী নামক স্থানে, ওয়েষ্টমেকট্‌ একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন, তদনুসারে ৯১৮ হিজরায় (১৫১২ খৃষ্টাব্দে), হোসেন্‌ শাহ্‌ একটি মস্‌জিদ্‌ নির্ম্মাণ করাইয়াছিলেন[৪]। সুবর্ণগ্রামে, কনিংহাম একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছিলেন, তদনুসারে ৯১৯ হিজরায়, রবি-উস্‌-সানি মাসের দ্বিতীয় দিবসে (৭ই জুন ১৫১২ খৃষ্টাব্দে), ত্রিপুরার শাসনকর্ত্তা ও ইক্‌লিম্‌, মুয়জ্জমাবাদের উজীর খাওয়াস্‌ খাঁ কর্ত্তৃক একটি মস্‌জিদ্‌ নির্ম্মিত হইয়াছিল[৫]। বন্ধুবর শ্রীযুক্ত গুরুদাস সরকার মুর্শীদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমায়, শেখেরদীঘি নামক স্থানে একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছেন, তদনুসারে ৯২১ হিজরার রবি উল্‌-আউয়ল মাসে (১৫১৫ খৃষ্টাব্দে), আলা-উদ্দীন্‌ হোসেন্‌ শাহ্‌ কর্ত্তৃক একটি কূপ খনিত হইয়াছিল[৬]।

(২) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLI, 1872, pt. I, p. 106.

(৩) Epigraphia Indica, Vol. II, p. 295.

(৪) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII, 1874, pt. I, p. 305.

(৫) Ibid, Vol. XLI, 1872, pt. I, p. 333.

(৬) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XIII.

বীরভূমে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, ৯২২ হিজরায় (১৫১৬ খৃষ্টাব্দে), আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ কর্ত্তৃক আর একটি কূপ খনিত হইয়াছিল৭। ঢাকা জেলায়, ধাম্‌রাই গ্রামে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, উক্তবর্ষে হোসেন্ শাহ্ কর্ত্তৃক একটি জামী মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল৮। মালদহে ভোলাহাট গ্রামে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, হোসেন্ শাহের রাজ্যকালে, ৯২৩ হিজরায় (১৫১৭ খৃষ্টাব্দে), দৌলৎ নাজির্ একটি মস্‌জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন৯। গৌড়ে আবিষ্কৃত আর একখানি শিলালিপি অনুসারে, ৯২৫ হিজরায় (১৫১৯ খৃষ্টাব্দে), হোসেন্ শাহের রাজ্যকালে, সিকন্দর খাঁ একটি মস্‌জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন১০। সুবর্ণগ্রামে আবিষ্কৃত আর একখানি শিলালিপি অনুসারে, ৯২৫ হিজরায়, শাবান মাসের পঞ্চদশ দিবসে (১২ই আগষ্ট ১৫১৯ খৃষ্টাব্দে), মাল্লা হিজাবর্ আক্‌বর খাঁ কর্ত্তৃক একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল১১। স্বর্গীয় ডাক্তার থিয়োডর ব্লখ্ বাঙ্গালা বা বিহারের কোন অজ্ঞাতস্থানে, হোসেন্ শাহের রাজ্যকালের একখানি শিলালিপি দেখিয়াছিলেন, তদনুসারে ৯২৫ হিজরায় (১৫১৯ খৃষ্টাব্দে), খাঁ মুয়জ্জম্ খাকান্ আজম্ উপাধিধারী জনৈক ব্যক্তি কর্ত্তৃক একটি ইমারৎ নির্ম্মিত হইয়াছিল। হোসেন্ শাহের রাজ্যকালে তারিখবিহীন অনেকগুলি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে। গৌড়ের ছোট সোণা মস্‌জিদে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, উক্ত মস্‌জিদ্ আলা-উদ্দীন্ হোসেন্

(৭) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XXX, 1861, p. 390

(৮) Ibid, Vol. XLI, 1872, pt. I, p. 110.

(৯) Ibid, Vol. XLIII, 1874, pt. I, p. 306.

(১০) Ibid, Vol. XL, 1871, pt. I, p. 256.

(১১) Ibid, Vol. XLII, 1873, pt. I, p. 295

শাহের রাজ্যকালে, আলীর পুত্র, মজ্‌লিস্-উল্-মজালিস্, মন্‌সুর ওয়ালী মহম্মদ্ কর্ত্তৃক, কোন বর্ষের রজব মাসের চতুর্দ্দশ দিবসে নির্ম্মিত হইয়াছিল[১২]। বন্ধুবর শ্রীযুক্ত গুরুদাস সরকার নদীয়া জেলার চাকদহ থানার অন্তর্গত শ্রীনগর গ্রামে একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছেন, ইহাতে আলা-উদ্দীন্ হোসেন্ শাহের নাম আছে[১৩]। ত্রিবেণীতে মস্‌জিদ্ মধ্যে একখানি অস্পষ্ট শিলালিপি আছে, ইহাতে হোসেন্ শাহের নাম পড়িতে পারা যায়[১৪]। এই শিলালিপির পার্শ্বে আর একখানি শিলালিপি আছে, তদনুসারে সরহদ্‌বাসী আলা-উদ্দীনের পুত্র, হোসেনাবাদ বুজুর্গ নগরের, সাজ্‌লা ও মন্‌খাবাদ আর্সার উজীর ও সর্‌লস্কর্ এবং হাদীগড় (হাতিয়াগড়) নগর ও লাউবলা থানার সর্‌লস্কর্, রুকন্-উদ্দীন্ রুকন্ খাঁ কর্ত্তৃক একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[১৫]। এই শিলালিপিতে বাদ্‌শাহের নাম অথবা তারিখ নাই, কিন্তু গৌড়ের নিকট গঙ্গারামপুরে আবিষ্কৃত, ৯১৮ হিজরার শিলালিপিতে রুকন্ খাঁর উল্লেখ আছে, সুতরাং ত্রিবেণীর শিলালিপি যে হোসেন্ শাহের রাজ্যকালে উৎকীর্ণ, সে বিষয়ে কোন সন্দেহই থাকিতে পারে না। গৌড়ের নিকটে মহদীপুরে আবিষ্কৃত একখানি ভগ্ন-শিলালিপি অনুসারে, হোসেন্ শাহের রাজ্যকালে, সরনৌবৎ মালিক্ য়াজিদ্ মুয়জ্জম্ জফর্ খাঁ, কোন বর্ষের রবি-উল্-আখির মাসে একটি মস্‌জিদ্ নির্ম্মাণ করিয়াছিলেন[১৬]।

আলা-উদ্দীন্ হোসেন্ শাহের নামাঙ্কিত কতকগুলি সুবর্ণ ও বহু

(১২) Ibid Vol. LXIV, 1895, pt. I, p. 224.

(১৩) বঙ্গীয়-সাহিত্য-পরিষদ্ পত্রিকা, ত্রয়োবিংশ ভাগ, চতুর্থ সংখ্যা।

(১৪) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XXXIX, 1870, p. 283.

(১৫) Ibid, pp. 183-84.

(১৬) Epigraphia Indica, Vol. II, p. 288.

রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে। সুবর্ণমুদ্রাগুলি "কোষাগার"[১৭] ও "মুয়জ্জমাবাদে"[১৮] মুদ্রিত হইয়াছিল। রজতমুদ্রাসমূহে হোসেনাবাদ[১৯] মহম্মদাবাদ[২০], মুয়জ্জমাবাদ[২১], ফতেহাবাদ[২২], কোষাগার[২৩] ও টাঁক-শালের[২৪] নাম দেখিতে পাওয়া যায়। হোসেন্ শাহের রাজ্যকালে, বাঙ্গালা ভাষায় বহু গ্রন্থ রচিত হইয়াছিল। ফতেহাবাদ মুলুকের (সরকারের) অন্তর্গত, কুল্লশ্রী গ্রামবাসী বিজয়গুপ্ত, ১৪০৬ শকে (১৪৮৪ খৃষ্টাব্দে) মনসামঙ্গল রচনা করিয়াছিলেন, সে সময়ে অর্জ্জুন নামক এক-জন হিন্দু ফতেহাবাদের জমিদার ছিলেন :—

ছায়াশূন্যবেদশশী পরিমিত শক।
সনাতন হুসেন সাহ নৃপতি তিলক॥
উত্তরে অর্জ্জুনরাজা প্রতাপেতে যম।
মুল্লুক ফতেয়াবাদ বঙ্গরোড়া তক সীম[২৫]॥

হোসেন্ শাহ্ পরাগল্ খাঁ নামক একজন সেনাপতিকে চট্টগ্রাম প্রদেশে ভূসম্পত্তি প্রদান করিয়াছিলেন, এই পরাগল্ খাঁর আদেশে কবীন্দ্র পরমেশ্বর মহাভারতের আদিপর্ব্ব হইতে স্ত্রীপর্ব্ব পর্য্যন্ত বাঙ্গালা ভাষায় অনুবাদ করিয়াছিলেন।

(১৭) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 172, No. 167.

(১৮) Ibid, No. 168.

(১৯) Ibid, pp. 173-76, Nos. 177, 179-80, 182, 188-90, 199-200.

(২০) Ibid, pp. 175-76, Nos. 194-97.

(২১) Ibid, p. 174, No. 183.

(২২) Ibid, p. 173, Nos. 169-70, 175.

(২৩) Ibid, pp. 173-76, Nos. 176, 181, 186, 198.

(২৪) Ibid, pp. 173, 175, Nos. 178, 191-93.

(২৫) Dinesh Chandra Sen's History of Bengali Language and Literature, p. 279, note.

নৃপতি হুসেন সাহ্ হয় মহামতি।
পঞ্চম গৌড়েতে যার পরম সুখ্যাতি॥
অস্ত্র শস্ত্রে সুপণ্ডিত মহিমা অপার।
কলিকালে হবু যেন কৃষ্ণ অবতার॥
নৃপতি হুসেন সাহ গৌড়ের ঈশ্বর।
তান হক্ সেনাপতি হওন্ত লস্কর।
লস্কর পরাগল খান মহামতি।
সুবর্ণ বসন পাইল অশ্ব বায়ুগতি॥
লস্করী বিষয় পাই আইবন্ত চলিয়া।
চাটিগ্রামে চলি গেল হরষিত হৈয়া॥
পুত্র পৌত্রে রাজ্য করে খান মহামতি।
পুরাণ শুনন্ত নিতি হরষিত মতি॥[২৬]

কুলীনগ্রামবাসী মালাধর বসু, ১৩৯৫ শকে (১৪৭৩ খৃষ্টাব্দে), ভাগবতের দশম ও একাদশ স্কন্ধ বাঙ্গালায় অনুবাদ আরম্ভ করিয়াছিলেন; ১৪০২ শকে (১৪৮০ খৃষ্টাব্দে) এই অনুবাদ শেষ হইয়াছিল। কথিত আছে হোসেন্ শাহ্ সাহিত্য-চর্চ্চার জন্য মালাধর বসুকে গুণরাজ খাঁ উপাধি প্রদান করিয়াছিলেন[২৭]। ১৪১৭ শকে বিপ্রদাস নামক জনৈক ব্রাহ্মণ মনসামঙ্গল নামক একটি কাব্য রচনা করিয়াছিলেন, তাঁহার গ্রন্থের পুষ্পিকায় হোসেন্ শাহের নাম আছে:—

মুকুন্দ পণ্ডিত যুত বিপ্রদাস নাম
চিরকাল বসতি বাদুড়্যা বটগ্রাম

(২৬) Ibid, p. 202 Note
(২৭) Ibid, p. 222.

সুক্লা দসমী তিথি বৈশাখ মাসে
সিঅরে বসিয়া পদ্মা কহিলা উপদেশে
কবিগুরু ধিরজনে করি পরিহার
রচিল পদ্মার গিত সাস্ত্র অনুসার
সিন্ধু ইন্দুবেদ মহি সক পরিমাণ
নৃপতি হুসেন সা গৌড়ে সুলক্ষণ।[২৮]

যশোরাজ খাঁর রচিত একটি গীতে হোসেন্ শাহের নাম পাওয়া যায়:—

শ্রীযুত হসন, জগত ভূষণ, সেহ এহি রস জান।[২৯]

রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে, আলা-উদ্দীন্ হোসেন্ শাহের রাজ্য-কালে, জহীর-উদ্দীন্ মহম্মদ্ বাবর্ বাদ্শাহ্—ভারতবর্ষ আক্রমণ করিয়াছিলেন[৩০], কিন্তু প্রকৃতপক্ষে বাবর্, হোসেন্ শাহের মৃত্যুর সাত বৎসর পরে, ভারতবর্ষে প্রবেশ করিয়াছিলেন[৩১]। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে ৯২৭ হিজরায় (১৫২০ খৃষ্টাব্দে), হোসেন্ শাহের মৃত্যু হইয়াছিল[৩২], কিন্তু ৯২৫ হিজরায় মুদ্রিত, হোসেন্ শাহের পুত্র নাসির-উদ্দীন্ নসরৎ শাহের নামাঙ্কিত মুদ্রা আবিষ্কৃত হইয়াছে[৩৩] সুতরাং

(২৮) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. V, p. 253; Proceedings of the Asiatic Society of Bengal, 1893, p. 20.

(২৯) Dinesh Chandra Sen's History of the Bengali Language and Literature, p. 12, note 3.

(৩০) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৩।

(৩১) James Burgess's Chronology of India, Edinburgh, 1913, p. 19.

(৩২) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৩।

(৩৩) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, pp. 176-78, Nos. 202, 204-07, 213, 215.

উক্তবর্ষেই (১৫১৯ খৃষ্টাব্দে), হোসেন্ শাহের মৃত্যু হইয়াছিল। আলা-উদ্দীন্ হোসেন্ শাহের তিন পুত্রের নাম অদ্যাবধি আবিষ্কৃত হইয়াছে, তন্মধ্যে জ্যেষ্ঠ পুত্র শাহ্‌জাদা দানিয়াল আহম্-যুদ্ধে নিহত হইয়াছিলেন, কনিষ্ঠ পুত্রগণের মধ্যে নাসির-উদ্দীন্ নস্‌রৎ শাহ্ ও গিয়াস্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্ গৌড়-সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে হোসেন্ শাহের অষ্টাদশ পুত্র ছিল,[৩৪] কিন্তু অবশিষ্ট পঞ্চদশের নাম জানিতে পারা যায় নাই।

আলা-উদ্দীন্ হোসেন্ শাহের মৃত্যুর পরে, গৌড়রাজ্যের প্রধানগণ, তাঁহার অন্যতম পুত্র নাসির-উদ্দীন্ নস্‌রৎ শাহ্‌কে গৌড়-সিংহাসনে স্থাপন করিয়াছিলেন। পারস্য ভাষায় রচিত ইতিহাস সমূহানুসারে, নস্‌রৎ শাহের অপর নাম নসীব্ শাহ্। মুসলমান রাজাসমূহে প্রচলিত প্রথানুসারে, তিনি অপর ভ্রাতৃগণকে হত্যা না করিয়া তাঁহাদিগের পদবৃদ্ধি করিয়াছিলেন। নস্‌রৎ শাহ্ কর্তৃক তীরভুক্তির হিন্দুরাজ্য বিজিত হইয়াছিল। তাহার আদেশে মখ্‌দুম্ আলম্ এবং আলা-উদ্দীন্ নামধেয় হোসেন্ শাহের জামাতৃদ্বয় তীরভুক্তি আক্রমণ করিয়াছিলেন এবং পাটনার অপর পারে, হাজীপুর নামক স্থানে, স্কন্ধাবার স্থাপন করিয়াছিলেন। চাগাটাই মোঙ্গোলবংশীয় জহীর-উদ্দীন্ মহম্মদ্ বাবর্ বাদ্‌শাহ্, ১৫২৬ খৃষ্টাব্দে, পানিপথের প্রথম যুদ্ধে দিল্লীর সুলতান্ ইব্রাহিম্ লোদীকে পরাজিত ও নিহত করিলে, বহু সম্ভ্রান্ত আফ্‌গান্ গৌড়রাজ্যে আসিয়া, নস্‌রৎ শাহের আশ্রয় গ্রহণ করিয়াছিলেন[৩৫]। বাঙ্গালা দেশ হইতে আফ্‌গান্‌গণ, সুলতান্ ইব্রাহিম্ লোদীর ভ্রাতা, সুলতান্ মহম্মদ্ লোদীকে রাজপদে বরণ করিয়া, মোঙ্গোলদিগের সহিত যুদ্ধের, জন্য প্রস্তুত হইয়াছিল।

(৩৪) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৪।
(৩৫) ঐ, পৃঃ ১৩৫।

বাবর্ সে সময়ে জৌনপুর প্রদেশ অধিকারে ব্যস্ত ছিলেন, সুলতান্ মহ্‌মূদ্ অবসর বুঝিয়া লক্ষাধিক সেনা সংগ্রহ করিয়া, চুনারাভিমুখে যাত্রা করিলেন। ইহার পূর্ব্বে, নস্‌রৎ শাহের আদেশে গৌড়ীয় সেনাপতি কুতব্ খাঁ, বহ্‌রাইচ্ অভিমুখে যাত্রা করিয়াছিলেন। তাহার সহিত মোঙ্গোল-সেনার বহুবার যুদ্ধ হইয়াছিল[৩৬]। অবশেষে বাবরের সেনাপতিগণ জৌনপুর প্রদেশ জয় করিয়াছিলেন। মহ্‌মূদ্ শাহ্ চুনারাভিমুখে যাত্রা করিয়াছেন শুনিয়া, বাবর্ বিহারের দিকে অগ্রসর হইলেন। তাঁহার আগমন-সংবাদ শ্রবণ করিয়া সুলতান্ মহ্‌মূদ্ লোদীর সেনাদল ছত্রভঙ্গ হইয়া পলায়ন করিল[৩৭]। পরে বাবর্ বাঙ্গালা রাজ্য জয় করিতে যাত্রা করিলেন। ইহা জানিতে পারিয়া নস্‌রৎ শাহ্ দূতসহ বহুমূল্য উৎকৃষ্ট উপহার প্রেরণ করিয়া সন্ধি করিবার অভিলাষ জ্ঞাপন করিলেন[৩৮]। সন্ধি স্থাপিত হইবার পূর্ব্বে, বাবর্ তীরভুক্তি অধিকার করিয়া, গঙ্গা ও গণ্ডকীর সঙ্গমস্থলে, আফ্‌গান্‌দিগকে পরাজিত করিলেন[৩৯]। বাবর্ এই সময়ে শুনিতে পাইলেন যে, বঙ্গরাজ্য হইতে আফ্‌গান্ সেনা লক্ষ্ণৌ আক্রমণ করিয়াছে। তিনি নস্‌রৎ শাহের সহিত সন্ধিস্থাপন করিয়া জৌনপুরের দিকে প্রত্যাবর্ত্তন করিলেন[৪০]। শোণ ও গঙ্গার সঙ্গমস্থলে, মুনের নগরে, এই সন্ধিস্থাপিত হইয়াছিল এবং স্থির হইয়াছিল যে, গৌড়ের সুলতান্ আর কখনও সুলতান্ মহ্‌মূদ্ লোদীকে কোনও রূপ সাহায্য করিবেন না[৪১]। ফরীদ্-উদ্দীন্ শের খাঁর বিশ্বাসঘাতকতায়, সুলতান্

---

(৩৬) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৪।
(৩৭) Elphinstone's History of India, Ninth Edition, p. 425
(৩৮) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৫।
(৩৯) গৌড়ের ইতিহাস, দ্বিতীয় খণ্ড, পৃঃ ১৫১।
(৪০) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৫।
(৪১) গৌড়ের ইতিহাস, দ্বিতীয় খণ্ড, পৃঃ ১৫১।

মহ্মূদ্ লোদী লক্ষৌর যুদ্ধে পরাজিত হইয়া, রাজ্যত্যাগ করিয়াছিলেন[৪২]। তিনি পাটনা প্রদেশে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন এবং শের শাহের রাজ্যের প্রথম ভাগে, ৯৪৯ হিজরায় (১৫৪২ খৃষ্টাব্দে) তাঁহার মৃত্যু হইয়াছিল[৪৩]।

বদাওনী ও রিয়াজ্-উস-সালাতীন্ অনুসারে ৯৩৭ হিজরায় (১৫৩০ খৃষ্টাব্দে), সুলতান্ জহীর্-উদ্দীন্ মহ্মদ্ বাবর্ বাদ্শাহের মৃত্যু হইয়াছিল[৪৪]। তিনি তাঁহার আত্মজীবনীতে বাঙ্গালার সুলতান্ নস্রৎ শাহের উল্লেখ করিয়াছেন[৪৫]। হুমায়ূন দিল্লীর সিংহাসনে আরোহণ করিলে, নস্রৎ শাহ্ শুনিতে পাইলেন যে, দিল্লীর বাদ্শাহ্ বাঙ্গালা দেশ জয় করিবার উদ্যোগ করিতেছেন। ইহা শুনিয়া, নস্রৎ শাহ্, খোজা মালিক্ মর্জানকে, গুজরাটের সুলতান্ বহাদর্ শাহের নিকট, দূতস্বরূপ প্রেরণ করিয়াছিলেন। মালিক্ মর্জান, মাণ্ডুনগরে, সুলতান্ বহাদর্ শাহের সাক্ষাৎ পাইয়াছিলেন এবং তথায় সুলতান্ বহাদর্ শাহ্ তাঁহাকে একটি খিলাত দিয়াছিলেন[৪৬]।

আসামরাজ সুহুঙ্গ মুঙ্গের রাজ্যকালে[৪৭], ১৫২৭ খৃষ্টাব্দে গৌড়ীয় মুসলমানগণ আহম্রাজ্য আক্রমণ করিয়াছিলেন[৪৮]। বুরঞ্জীসমূহপ্রদত্ত তারিখ সত্য হইলে, সুলতান্ নাসির্-উদ্দীন্ নসরৎ শাহের রাজ্যকালে, আহম্-রাজ্য গৌড়ীয় মুসলমানগণ কর্ত্তৃক আক্রান্ত হইয়াছিল। স্যর এড্ওয়ার্ড

---

(৪২) Elliot's History of India, Vol. IV, p. 349.
(৪৩) Ibid, p. 350.
(৪৪) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৬।
(৪৫) Talbot's Memoirs of Babar, London, 1909, pp. 189-90.
(৪৬) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৬।
(৪৭) Gait's History of Assam, p. 83.
(৪৮) Ibid, p. 87.

গেটের মতানুসারে, রিয়াজ্-উস্-সালাতীনে, হোসেন্ শাহের রাজ্যকালে, গৌড়ীয় মুসলমানগণ কর্ত্তৃক আহম্‌রাজ্য আক্রমণের যে বিবরণ প্রদত্ত আছে, সেই আক্রমণ ১৫২৭ খৃষ্টাব্দে হইয়াছিল[৪৯]। কিন্তু ১৫১৯ খৃষ্টাব্দে আলা-উদ্দীন্ হোসেন্ শাহের মৃত্যু হইয়াছিল, সুতরাং স্যর এড্ওয়ার্ড গেটের অনুমান সত্য হইতে পারে না। বুরঞ্জীসমূহ অনুসারে মুসলমান সেনাপতির নাম "বড় উজীর"। আহম্‌সেনা, মুসলমানদিগের উভয় পার্শ্ব আক্রমণ করিয়া, তাহাদিগকে পরাজিত করিয়াছিল। তাহারা বুরাই নদীর তীর পর্য্যন্ত মুসলমানদিগের পশ্চাদ্ধাবন করিয়া, চল্লিশটি অশ্ব এবং কুড়ি হইতে চল্লিশটি কামান অধিকার করিয়াছিল। আহম্‌সেনার বিজয়ের সংবাদ পাইয়া, সুহুঙ্গ মুঙ্গ, সলা পর্য্যন্ত অগ্রসর হইয়াছিলেন এবং দুইমুনিশিলা অধিকার করিতে সৈন্য প্রেরণ করিয়াছিলেন। বুরাই নদীর সঙ্গমস্থলে একটি দুর্গ নির্ম্মিত হইয়াছিল এবং ফুলবাড়ীতে সেনানিবাস স্থাপিত হইয়াছিল। ইহার পরে সুহুঙ্গ মুঙ্গ রাজধানীতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন। ১৫২৯ খৃষ্টাব্দে, সুহুঙ্গ মুঙ্গ পুনরায় সলায় আসিয়াছিলেন এবং কলঙ্গ ও ভরালি নদীতীর অবলম্বন করিয়া, গৌড়েশ্বরের রাজ্য আক্রমণ করিবার জন্য সৈন্য প্রেরণ করিয়াছিলেন। উভয় সেনাদল যে সমস্ত বাঙ্গালী প্রজা বন্দী করিয়া আনিয়াছিল, সেই সমস্ত বন্দী ও লুণ্ঠন লব্ধ অর্থ আহম্‌রাজকে প্রদত্ত হইয়াছিল। ইহার পরে নারায়ণপুরে সেনানিবাস স্থাপন করিয়া সুহুঙ্গ মুঙ্গ ডিহিঙ্গে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন[৫০]।

১৫৩১ খৃষ্টাব্দে, পঞ্চাশখানি জাহাজ লইয়া, গৌড়ীয় মুসলমান সেনা পুনর্ব্বার আহম্‌রাজ্য আক্রমণ করিয়াছিল। তেমানি নামক স্থানে

(৪৯) Ibid, note

(৫০) Ibid, pp. 87-88

নৌযুদ্ধে মুসলমানগণ পরাজিত হইয়াছিলেন এবং মুসলমান সেনাপতি জাহাজ পরিত্যাগ করিয়া অশ্বপৃষ্ঠে পলায়ন করিয়াছিলেন। আহম্‌গণ সলা ও সিঙ্গিরিতে সেনানিবাস স্থাপন করিয়াছিল। সিঙ্গিরিতে, আহম্ সেনাপতি বরপাত্র গোহাইঁ, পুনর্ব্বার মুসলমান কর্ত্তৃক আক্রান্ত হইয়া-ছিলেন। আহম্‌গণ মুসলমানগণকে পরাজিত করিয়া, থাগারিজান (বর্ত্তমান নওগাঁ) পর্য্যন্ত তাহাদিগের পশ্চাদ্ধাবন করিয়াছিল। এই যুদ্ধে মুসলমান সেনাপতি বিৎ মালিক্ নিহত হইয়াছিলেন এবং পঞ্চাশটি অশ্ব এবং বহু কামান ও বন্দুক আহম্‌গণের হস্তগত হইয়াছিল[৫১]।

১৫৩২ খৃষ্টাব্দের এপ্রিল মাসে তর্‌বক্ নামক একজন মুসলমান সেনাপতি ত্রিশটি হস্তী, সহস্র অশ্ব এবং বহু কামান ও পদাতিক লইয়া আহম্‌রাজ্য আক্রমণ করিয়াছিলেন এবং সিঙ্গিরির আহম্-সেনানিবাসের নিকট স্কন্ধাবার স্থাপন করিয়াছিলেন। সুহুঙ্গ মুঙ্গ, স্বীয় পুত্র সুক্লেনকে সিঙ্গিরিতে প্রেরণ করিয়া, স্বয়ং সলায় গমন করিয়াছিলেন। খণ্ডযুদ্ধে কিয়ৎকাল অতিবাহিত করিয়া, সুক্লেন জ্যোতির্ব্বিদ্‌গণের মতের বিরুদ্ধে, ব্রহ্মপুত্র পার হইয়া, মুসলমানগণকে আক্রমণ করিয়াছিলেন। এই যুদ্ধে সুক্লেন পরাজিত ও আহত হইয়াছিলেন এবং আটজন আহম্ সেনাপতি নিহত হইয়াছিল। পরাজিত আহম্‌সেনা, সিঙ্গিরি পরিত্যাগ করিয়া, সলার দুর্গে আশ্রয়গ্রহণ করিয়াছিল, এবং বরপাত্র গোহাইঁ প্রধান সেনাপতি নিযুক্ত হইয়াছিলেন। মুসলমান সেনা, কোলিয়াবারে বর্ষাকাল অতিবাহিত করিয়া, শরৎকালে ঘিলাধারি পর্য্যন্ত অগ্রসর হইয়াছিল। শীতের প্রারম্ভে সুক্লেন, সুস্থ হইয়া, প্রধান সেনাপতি নিযুক্ত হইয়াছিলেন এবং সলায় আসিয়াছিলেন। মুসলমান সেনা সলা-দুর্গ অবরোধ

---

(৫১) Ibid, pp. 89-90.

করিয়াছিল। দুর্গ আক্রান্ত হইলে, আহম্‌গণ, দুর্গপ্রাকার হইতে মুসলমান সেনার উপরে উষ্ণ জল ঢালিয়া দিয়া, তাহাদিগকে প্রত্যাবর্ত্তন করিতে বাধ্য করিয়াছিল। আহম্‌গণ, একবার দুর্গের বাহিরে আসিয়া মুসলমান-গণকে আক্রমণ করিয়াছিল, মুসলমান সেনার অশ্বারোহিগণ পরাজিত হইলে, কামানের বলে, মুসলমানগণ আহম্‌গণকে পরাজিত করিয়াছিলেন[৫২]।

১৫৩৩ খৃষ্টাব্দের মার্চ্চ মাসে, মুসলমান নৌবহর আহম্‌গণ কর্ত্তৃক পরাজিত হইয়াছিল। মুসলমান সেনাপতি বঙ্গাল ও তাজ্ (? তাজ্-উদ্দীন্) নিহত হইয়াছিলেন। বাইশখানি জাহাজ এবং বহু কামান মুসল-মান সেনার হস্তচ্যুত হইয়াছিল। পরাজিত তর্ব্বক, হোসেন্ খাঁর সাহায্যে, ডিক্রাই নদীর মুখে, স্কন্ধাবার স্থাপন করিয়াছিলেন এবং আহম্‌সেনা নদীর পরপারে শিবিরস্থাপন করিয়াছিল। কয়েক মাস নিশ্চেষ্ট থাকিয়া, আহম্‌গণ মুসলমানগণকে আক্রমণ করিয়া পরাজিত করিয়াছিল। ভরালি নদীর নিকটে শেষ যুদ্ধ হইয়াছিল; মুসলমান সেনার কতকগুলি হস্তী গভীরপঙ্কে নিমজ্জিত হইয়াছিল এবং সেইজন্য মুসলমান-সৈন্য-বিন্যাস বিশৃঙ্খল হইয়াছিল। এই যুদ্ধে তর্ব্বক পরাজিত ও নিহত হইয়াছিলেন। আহম্ সেনাপতি করতোয়া তীর পর্য্যন্ত পরাজিত মুসলমানগণের পশ্চাদ্ধাবন করিয়াছিলেন এবং করতোয়া তীরে একটি মন্দির নির্ম্মাণ করাইয়াছিলেন ও একটি পুষ্করিণী খনন করাইয়াছিলেন। প্রত্যাবর্ত্তনের পূর্ব্বে, আহম্ সেনাপতি গৌড়ে দূত প্রেরণ করিয়াছিলেন। গৌড়েশ্বর, আহম্‌রাজের জন্য, রাজবংশজাতা একটি কন্যা প্রেরণ করিয়াছিলেন। এই কারণে স্যর এড্‌ওয়ার্ড গেট অনুমান করিয়াছেন

(৫২) Ibid. p. 90.

যে, মুসলমানগণ কর্তৃক শেষোক্ত আহমরাজ্য আক্রমণ গৌড়েশ্বরের আদেশে হয় নাই, গৌড় রাজ্যের কোন প্রধান স্বেচ্ছায় আসাম আক্রমণ করিয়াছিল[৫৩]। পরাজিত হইয়া মুসলমান সেনা যখন পলায়ন করিতেছিল, তখন হোসেন্ খাঁ ধৃত ও নিহত হইয়াছিলেন। অষ্টবিংশতিটি হস্তী, সার্দ্ধ অষ্টশত অশ্ব এবং কামান ও বন্দুক আহমগণের হস্তগত হইয়াছিল। তর্ব্বকের মস্তক, চরাইদেও পর্ব্বতশীর্ষে সমাহিত হইয়াছিল[৫৪]।

নাসির-উদ্দীন্ নস্রৎ শাহ্ অত্যন্ত বিলাসপ্রিয় ও অত্যাচারী ছিলেন। তিনি একদিন, গৌড়ে আকৃনকা বা একলাখা নামক স্থানে অবস্থিত, তাঁহার পিতার সমাধি দর্শন করিতে গিয়াছিলেন। এই সময়ে, তাঁহার সঙ্গী জনৈক খোজা, বিশেষ অপরাধ করায়, নস্রৎ শাহ্ তাহার শাস্তিবিধান করিয়াছিলেন। সেই খোজা ক্রুদ্ধ হইয়া, নস্রৎ শাহ্ প্রাসাদে প্রত্যাবর্ত্তন করিলে, অন্যান্য খোজাগণের সহিত মিলিত হইয়া, তাঁহাকে হত্যা করিয়াছিল। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে নস্রৎ শাহ্ ষোড়শ বর্ষ রাজ্যভোগ করিয়াছিলেন এবং ৯৪৩ হিজরায় তাঁহার মৃত্যু হইয়াছিল[৫৫]। কিন্তু রিয়াজ্-উস্-সালাতীন্ প্রদত্ত তারিখ সত্য হইতে পারে না, কারণ নস্রৎ শাহের পুত্র ৯৩৯ হিজরায় (১৫৩২ খৃষ্টাব্দে), নিজনামে মুদ্রাঙ্কন করাইয়াছিলেন[৫৬] এবং উক্তবর্ষে উৎকীর্ণ, কালনায় আবিষ্কৃত একখানি শিলালিপিতে তাঁহার নাম আছে[৫৭]।

---

(৫৩) Ibid, p. 91.

(৫৪) Ibid, p. 82.

(৫৫) রিয়াজ্-উস্-সালাটীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৬।

(৫৬) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 179. Nos. 220-21.

(৫৭) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLI, 1872, pt. I, p. 332.

নাসির্-উদ্দীন্-নস্‌রৎ শাহের রাজ্যকালে নির্ম্মিত অনেকগুলি প্রাচীন কীর্ত্তি অদ্যাবধি বিদ্যমান আছে। ৯৩০ হিজরায়, বর্দ্ধমান জেলার মঙ্গলকোট নগরে একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল। ইহার ছাদ পড়িয়া গিয়াছে কিন্তু প্রাচীর ও খিলানগুলি বর্ত্তমান আছে[৫৮]। উক্তবর্ষে রাজশাহী জেলার বাঘা নামক স্থানে একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল, এই মস্‌জিদ্ অল্পদিন পূর্ব্বে গভর্ণমেণ্টের ব্যয়ে সংস্কৃত হইয়াছে[৫৯]। ৯৩১ হিজরায়, শেখ্ আখি সিরাজ্-উদ্দীনের সমাধি নির্ম্মিত হইয়াছিল[৬০]। ৯৩২ হিজরায় গৌড়ের প্রসিদ্ধ বারদুয়ারী বা সোণা মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৬১]। ৯৩৬ হিজরায় সপ্তগ্রামে শেখ্ জমাল্-উদ্দীন্ আমূলী একটি মস্‌জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন, এই মস্‌জিদের ছাদ পড়িয়া গিয়াছে[৬২]। ইহার দুই এক বৎসর পরে উক্ত মস্‌জিদের পার্শ্বে জমাল্-উদ্দীন আমূলীর সমাধি নির্ম্মিত হইয়াছিল। ৯৩৭ হিজরায় মহম্মদের পদচিহ্ন রক্ষা করিবার জন্য একটি গৃহ নির্ম্মিত হইয়াছিল, ইহা কদম্-রসূল বা কদম্-শরীফ্ নামে পরিচিত[৬৩]। নাসির্-উদ্দীন্ নস্‌রৎ শাহ্ বহু অর্থব্যয় করিয়া গৌড়ে তাঁহার পিতার সমাধি নির্ম্মাণ করাইয়াছিলেন। খৃষ্টীয় অষ্টাদশ শতাব্দীর শেষভাগেও এই সমাধি বিদ্যমান ছিল। ১৮১০ খৃষ্টাব্দে ফ্রাঙ্কলিন ইহা

(৫৮) Ibid, Vol. XLII, 1873, pt. I, p. 296.

(৫৯) Ibid, Vol. LXXIII, 1904, pt. I, pp. 108-13.

(৬০) রিয়াজ-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৬; Ravenshaw's Gaur, its Ruins and Inscriptions, p. 8, pt. 2.

(৬১) Ibid, p. 54, pls. 5-7.

(৬২) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XXXIX, 1870, p. 297.

(৬৩) Ravenshaw's Gaur, its Ruins and Inscriptions, p. 20, pt. 12.

সেখ জমালুদ্দিনের সমাধি, সপ্তগ্রাম।

দর্শন করিয়াছিলেন, তখন ইহা বাদ্শাহ্-কা-কবর্ নামে পরিচিত ছিল। ইহার তোরণ প্রস্তরনির্ম্মিত এবং দ্বারের চারিদিক নীল ও শ্বেতবর্ণ চীনা-মাটির টালি দিয়া আচ্ছন্ন ছিল। চারিকোণে চারিটি মিনার ছিল, প্রত্যেক মিনারে এক একটি প্রস্তরময় পদ্ম ছিল এবং বৃক্ষ, লতা ও পুষ্পাদির চিত্রে শোভিত ছিল। গৃহের অভ্যন্তরে আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ ও তদ্বংশীয় অন্যান্য ব্যক্তিগণের সমাধি ছিল। ইহার অভ্যন্তরভাগ শ্বেত ও নীলবর্ণের চীনাটালি দিয়া আবৃত ছিল। বর্ত্তমান সময়ে ইহার ভিত্তিমাত্র অবশিষ্ট আছে। ক্রেটন্ এই সমাধি দর্শন করিয়া খৃষ্টীয় অষ্টাদশ শতাব্দীর শেষ ভাগে ইহার চিত্র অঙ্কন করিয়াছিলেন৬৪।

নাসির্-উদ্দীন্ নস্রৎ শাহের রাজ্যকালের বহু শিলালিপি আবিষ্কৃত হইয়াছে। গৌড়ের অন্যতম প্রধান তোরণ, দাখিল্ দরওয়াজা বা দখল্ দরওয়াজার নিকটে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, ৯২৬ হিজরায় (১৫১৯-২০ খৃষ্টাব্দে), নাসির্-উদ্দীন্ নস্রৎ শাহ্ কর্ত্তৃক একটি তোরণ নির্ম্মিত হইয়াছিল। সম্ভবতঃ, এই শিলালিপি, এককালে দখল্ দরওয়াজার সংলগ্ন ছিল এবং উক্ত প্রসিদ্ধ তোরণ নস্রৎ শাহ্ কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল৬৫। সুবর্ণগ্রামে, সাদীপুরে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে ৯২৯ হিজরায় (১৫২৩ খৃষ্টাব্দে), নস্রৎ শাহের রাজ্যকালে মুক্তার-উল্-মজ্লিস্ উপাধিধারী আইন-উদ্দীনের পুত্র, সরওয়ারের পৌত্র, প্রধান ব্যবহারজীবী, কাজীগণের শিক্ষক, মালিক্-উল্-উমরা-ওয়াল্-উজরা, তকী-উদ্দীন্ বার্ মালিক্-উল্-মজ্লিস্, কর্ত্তৃক একটি মস্জিদ্ নির্ম্মিত হইয়াছিল৬৬। মঙ্গলকোটে, বড়বাজার নূতন হাটের মস্জিদ্ ৯৩০

(৬৪) Creighton's Ruins of Gour, pl. VIII.

(৬৫) Epigraphia Indo-Moslemica, 1911-12; pp. 5-7, pl. XXI.

(৬৬) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLI, 1872, pt. I, pp. 337-38.

হিজরায় (১৫২৪ খৃষ্টাব্দে), মুরাদ্ হয়দর্ খাঁর পুত্র, খাঁ মিয়া মুয়জ্জম্ কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল[৬৭]। মালদহে, মোল্‌নাতলীতে, সুলতান্ শাহাব্-উদ্দীনের কবরের উপরে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, খাঁ মুয়জ্জম্ কতে খাঁ উক্তবর্ষে একটি মস্‌জিদের তোরণ নির্ম্মাণ করাইয়াছিলেন[৬৮]। রাজ-শাহী জেলায়, বাঘাগ্রামে অবস্থিত একটি মস্‌জিদের, শিলালিপি অনুসারে, নস্‌রৎ শাহের রাজ্যকালে, ৯৩০ হিজরায় উক্ত মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৬৯]। ৯৩১ হিজরায়, গৌড়ে নস্‌রৎ শাহ্ কর্ত্তৃক শেখ্ আখি সিরাজ্-উদ্দীনের সমাধির তোরণ নির্ম্মিত হইয়াছিল[৭০]। ৯৩২ হিজরায় (১৫২৬ খৃষ্টাব্দে) গৌড়ের প্রসিদ্ধ বারদুয়ারী বা সোণা মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৭১]। গৌড় হইতে একখানি শিলালিপি শ্রীরামপুরে আনীত হইয়াছিল, ইহা এক্ষণে কলিকাতার চিত্রশালায় রক্ষিত আছে। তদনুসারে ৯৩৩ হিজরায় (১৫২৭ খৃষ্টাব্দে), নস্‌রৎ শাহের রাজ্যকালে মজ্‌লিস্-সাদ্ একটি মস্‌জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন[৭২]। যুক্তপ্রদেশে, আজমগড় জেলায়, সিকন্দর পুর গ্রামে, সরযূনদীর পূর্ব্বপারে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, ৯৩৩ হিজরার রজব মাসের সপ্তবিংশ দিবসে (২৮শে এপ্রিল ১৫২৭ খৃষ্টাব্দে), খরীদ্ গিরিসঙ্কটের সরলস্কর্, উলুগ্ খাঁ কর্ত্তৃক একটি মস্‌জিদ্ নির্ম্মিত হইয়াছিল[৭৩]। মালদহে লক্ষাপতি শাহ্ নামক পীরের কবরে

(৬৭) Ibid, Vol. XLII, 1873, pt. I, p. 296.

(৬৮) Ibid, Vol. XLIII, 1873, pt I, p. 307.

(৬৯) Ibid Vol. LXXIII, 1904, pt. I, p. 111.

(৭০) অপ্রকাশিত।

(৭১) Ravenshaw's Gaur, its Ruins and Inscriptions, p. 15.

(৭২) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIII, 1874, pt. I. p 307.

(৭৩) Ibid, Vol. XLII, 1873, pt. I, p. 296.

আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে ৯৩৫ হিজরায় (১৫২৮-২৯ খৃষ্টাব্দে), নস্‌রৎ শাহের রাজ্যকালে, মজ্‌লিস্ করার পুত্র, খাঁ মুয়জ্জম্ খালফ্ খাঁ একটি জামী মসজিদের তোরণ নির্ম্মাণ করাইয়াছিলেন[৭৪]। সপ্তগ্রামের ধ্বংসাবশেষ মধ্যে, ত্রিশবিঘাগ্রামে, একটি মস্‌জিদে সংলগ্ন শিলালিপি অনুসারে, ৯৩৬ হিজরার রমজান মাসে (মে মাস ১৫২৯ খৃষ্টাব্দে), আমুল্-বাসী শেখ্ ফখ্‌র-উদ্দীনের পুত্র সৈয়দ্ জমাল্-উদ্দীন্ উক্ত মস্‌জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন[৭৫]। উক্তস্থানে আবিষ্কৃত আর একখানি শিলালিপি অনুসারে, উক্তবর্ষে জমাল্-উদ্দীন্ আর একটি জামী মস্‌জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন[৭৬]।

বন্ধুবর শ্রীযুক্ত গুরুদাস সরকার, মুর্শীদাবাদ সহরে, ত্রিপোলিয়া দরওয়াজার উপরে, একখানি শিলালিপি আবিষ্কার করিয়াছেন, তদনুসারে নস্‌রৎ শাহ্ ৯৩৬ হিজরায় একটি তোরণ নির্ম্মাণ করাইয়াছিলেন[৭৭]। গৌড়ের প্রসিদ্ধ কদম্-রসূল্ মন্দিরের বেদী নস্‌রৎ শাহ্ কর্ত্তৃক ৯৩৭ হিজরায় (১৫৩০ খৃষ্টাব্দে) নির্ম্মিত হইয়াছিল[৭৮]। মালদহে চাল্‌সাপাড়া নামক স্থানে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, ৯৩৮ হিজরায় (১৫৩১-৩২ খৃষ্টাব্দে), নস্‌রৎ শাহ্ একটি কূপ খনন করাইয়াছিলেন[৭৯]। মালদহ জেলায় কালিন্দীনদীর উত্তরতীরে, সোলপুর নাগরাই গ্রামে,

(৭৪) Ibid, Vol. XLIII, 1874, pt. I, pp. 307-8.

(৭৫) Ibid, Vol. XXXIX, 1870, p. 297.

(৭৬) Ibid, p. 298.

(৭৭) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. XIII.

(৭৮) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLI, 1872, pt. I, p. 338

(৭৯) Ibid, Vol. XLIII, 1874, pt. I, p. 308.

শেখ্ নূর কুতব্-উল্-আলমের চিল্লাখানা বা উপাসনা-গৃহের একখানি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে। ইহাতে তারিখ নাই এবং ইহা অনুসারে নসরৎ শাহের রাজ্যকালে মজ্‌লিস্ সিরাজ্ একটি জামী মস্‌জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন[৮০]। নাসির্-উদ্দীন্ নসরৎ শাহের বহু রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে। এই সকল মুদ্রা নসরতাবাদ[৮১], ফতেহাবাদ[৮২] (ফরিদপুর), হোসেনাবাদ[৮৩] (সপ্তগ্রাম), খলিফতাবাদ[৮৪] (দক্ষিণ জশোর), মহম্মদাবাদ[৮৫] (উত্তর জশোর), ও টাঁকশাল[৮৬] হইতে মুদ্রিত হইয়াছিল। খলিফতাবাদে নসরৎ শাহের নামাঙ্কিত মুদ্রা ৮২২ হিজরায় মুদ্রিত হইয়াছিল সুতরাং ইহা স্থির যে নসরৎ শাহ্ পিতার জীবদ্দশায় বিদ্রোহী হইয়া দক্ষিণবঙ্গে স্বাধীনতা ঘোষণা করিয়াছিলেন।

নসরৎ শাহের আদেশে মহাভারতের বঙ্গানুবাদ হইয়াছিল, কবীন্দ্র পরমেশ্বরের মহাভারতে ইহার উল্লেখ আছে:—

"নসরত খান।
রচাইল পঞ্চালী যে গুণের নিদান[৮৭]॥"

হোসেন্ শাহের সেনাপতি পরাগল্ খাঁর পুত্র ছুটি খাঁর আদেশে শ্রীকরণ

---

(৮০) Ibid.

(৮১) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 177, Nos. 208-10.

(৮২) Ibid, p. 176, No. 202.

(৮৩) Ibid, pp. 177-78, Nos. 206-7, 213.

(৮৪) Ibid, pp. 177-78, Nos. 211-12.

(৮৫) Ibid, p. 178, Nos. 216-18.

(৮৬) Ibid, pp. 177-78, Nos. 204, 215.

(৮৭) Dinesh Chandra Sen's History of the Bengali Language and Literature, p. 202.

নন্দী মহাভারতের অশ্বমেধ পর্ব্বের বঙ্গানুবাদ করিয়াছিলেন[৮৮]। সম্ভবতঃ নসরৎ শাহের রাজ্যকালের প্রারম্ভে এই অনুবাদ আরব্ধ হইয়াছিল।

নসরৎ শাহের মৃত্যুর পরে তাঁহার পুত্র আলা-উদ্দীন্ ফিরোজ্ শাহ্ গৌড়সিংহাসন লাভ করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে তিনি মাত্র তিনমাস কাল রাজ্যভোগ করিয়াছিলেন[৮৯]। আলা-উদ্দীন হোসেন্ শাহের অপর পুত্র গিয়াস্-উদ্দীন্ মহ্মুদ্ ভ্রাতুষ্পুত্রকে হত্যা করিয়া গৌড়সিংহাসন অধিকার করিয়াছিলেন। আলা-উদ্দীন্ হোসেন্ শাহের রাজ্যকালের একখানি মাত্র শিলালিপি আবিষ্কৃত হইয়াছে। বর্দ্ধমান জেলায়, কাল্নায়, শাহ্ মজ্লিসের আস্তানার নিকটে একটি পুরাতন মস্জিদে, এই শিলালিপিখানি আবিষ্কৃত হইয়াছিল এবং তদনুসারে ৯৩৯ হিজরার রমজান মাসের প্রথম দিবসে (২৭শে মার্চ্চ ১৫৩৩ খৃষ্টাব্দে), উলুগ্ মস্নদ্ খাঁ মালিক্ কর্তৃক এই মসজিদটি নির্ম্মিত হইয়াছিল[৯০]। আলা-উদ্দীন্ ফিরোজ্ শাহের নামাঙ্কিত কতিপয় রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে, এই সমস্ত মুদ্রা ৯৩৯ হিজরায়[৯১], এবং একটি হোসেনাবাদ[৯২] হইতে মুদ্রিত হইয়াছিল।

রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে, গিয়াস্-উদ্দীন্ মহ্মুদ্, আলা-উদ্দীন্ হোসেন্ শাহের অষ্টাদশ পুত্রের অন্যতম। তিনি নসরৎ শাহ্ কর্তৃক আমীর পদে প্রতিষ্ঠিত হইয়াছিলেন[৯৩]। তিনি নসরৎ শাহের জীবদ্দশায়

(৮৮) Ibid, p. 204.

(৮৯) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৭।

(৯০) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLI, 1872, pt. I, p. 332.

(৯১) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 179, Nos. 220-21.

(৯২) Ibid, No. 220.

(৯৩) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৭।

স্বাধীনতা ঘোষণা করিয়াছিলেন, কারণ ৯৩৩ ও ৯৩৮ হিজরায় মুদ্রিত তাঁহার নামাঙ্কিত রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে[৯৪]। এই সমস্ত মুদ্রায় টাঁকশালের নাম পড়িতে পারা যায় নাই, সুতরাং নস্‌রৎ শাহের রাজ্যকালে, গিয়াস্-উদ্দীন্ মহ্‌মূদ্ বাঙ্গালা দেশের কোন্ অংশে, স্বীয় আধিপত্য স্থাপন করিয়াছিলেন, তাহা নির্ণয় করিতে পারা যায় না। গিয়াস্-উদ্দীন্ মহ্‌মূদ্ গৌড়-সিংহাসনে আরোহণ করিলে, তাঁহার ভগিনীপতি মখ্‌দুম্ আলম্, তীরভুক্তিতে বিদ্রোহী হইয়াছিলেন[৯৫]। আব্বাস্ খাঁ সর্‌ওয়ানী রচিত তারিখ্-ই-শেরশাহী অনুসারে, শের খাঁ দিল্লী হইতে পলায়ন করিয়া বিহারে প্রত্যাবর্ত্তন করিলে, তাঁহার সহিত গৌড়রাজের ভৃত্য হাজীপুরের সর্‌লস্কর্ মখ্‌দুম্ আলমের বন্ধুত্ব হইয়াছিল[৯৬]। কোনও কারণে গৌড়রাজ, মখ্‌দুম্ আলমের প্রতি অসন্তুষ্ট হইয়াছিলেন। মহ্‌মূদ্ শাহ্, মুঙ্গেরের সর্‌লস্কর্, কুতব্ খাঁকে মখ্‌দুম্ আলমের বিরুদ্ধে প্রেরণ করিয়াছিলেন[৯৭]। তারিখ্-ই-শেরশাহী অনুসারে, মহ্‌মূদ্ শাহ্, বিহার বা মগধ প্রদেশ আফ্‌গান্‌দিগের নিকট হইতে জয় করিবার উদ্যোগ করিতেছিলেন[৯৮]। রিয়াজ্-উস্-সালাতীন্ ও তারিখ্-ই-শেরশাহী অনুসারে, শের খাঁ, মহ্‌মূদ্ শাহের সহিত মখ্‌দুম্ আলমের সন্ধিস্থাপনের চেষ্টা করিয়াছিলেন[৯৯]। সন্ধি স্থাপিত না হওয়ায়, কুতব্ খাঁর সহিত শের খাঁর যুদ্ধ হইয়াছিল এবং সেই যুদ্ধে কুতব্ খাঁ

(৯৪) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 179, No. 222-23.

(৯৫) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৮।

(৯৬) Elliot's History of India, Vol. IV, pp. 332-33.

(৯৭) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৮।

(৯৮) Elliot's History of India, Vol. IV, p. 333.

(৯৯) Ibid ; রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৮।

পরাজিত ও নিহত হইয়াছিলেন। কুতব্ খাঁ পরাজিত হইলে, মথ্দুম্ আলম্ গৌড়রাজ্য অধিকার করিবার চেষ্টা করিয়াছিলেন, কিন্তু তিনি মহ্মূদ্ শাহ্ কর্ত্তৃক পরাজিত ও নিহত হইয়াছিলেন[১০০]। তারিখ্-ই-শেরশাহী অনুসারে বাঙ্গালার সুলতান্ নসীব্ শাহ্ বা নস্রৎ শাহের মৃত্যুর পরে গৌড়রাজ্যের প্রধানগণ সুলতান্ মহ্মূদ্ শাহ্কে গৌড়সিংহাসনে স্থাপন করিয়াছিলেন। মহ্মূদ্ শাহ্ রাজ্য-শাসন করিতে অপারগ হইলে গৌড়রাজ্যে বিশৃঙ্খলা উপস্থিত হইয়াছিল, এই সময়ে শের খাঁ গৌড়রাজ্য অধিকার করিতে মনস্থ করিয়াছিলেন। শের খাঁ, এই সময়ে, মগধের অধিপতি জলাল্ খাঁ লোহানীর অনুচররূপে পরিগণিত ছিলেন এবং মহ্মূদ্ শাহের সেনা যখন মথ্দুম্ আলম্কে আক্রমণ করিয়াছিল, তখন লোহানীগণের প্রতিকূলাচরণের জন্য শের খাঁ স্বয়ং তাঁহার সাহায্যার্থ গমন করিতে পারেন নাই। শের খাঁর আদেশে, তাঁহার অনুচর, মিয়াঁ হস্সু খাঁকে প্রেরণ করিয়াছিলেন। জয়লাভ করিলে পুনরায় ফিরাইয়া পাইবেন, এই সর্ত্তে মথ্দুম্ আলম্ তাঁহার সমস্ত ধন-সম্পত্তি শের খাঁকে প্রদান করিয়াছিলেন। গৌড়েশ্বরের সেনাপতির সহিত যুদ্ধে মথ্দুম্ আলম্ পরাজিত ও নিহত হইয়াছিলেন, মিয়াঁ হস্সু খাঁ অক্ষত শরীরে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন এবং শের খাঁ মথ্দুম আলমের সমস্ত ধনসম্পত্তির অধিকারী হইয়াছিলেন[১]।

শের খাঁ অত্যন্ত প্রবল হইয়া উঠিলে, বিহারের অধীশ্বর জলাল্ খাঁ লোহানী, তাঁহাকে দমন করিবার জন্য, গৌড়েশ্বরের সাহায্য প্রার্থনা করিয়াছিলেন। গিয়াস্-উদ্দীন্ মহ্মূদ্ শাহ্, জলাল্ খাঁ লোহানীর সহিত, কুতব্ খাঁর পুত্র, ইব্রাহিম্ খাঁর অধীনে বহু সেনা, হস্তী ও কামান প্রেরণ করিয়া-

---

(১০০) রিয়াজ-উস্ সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৮।

(১) Elliot's History of India, Vol. IV, p. 334.

ছিলেন। শের খাঁ কালবিলম্ব না করিয়া গৌড়রাজ্যের দিকে অগ্রসর হইলেন এবং চতুর্দ্দিকে মৃণ্ময় প্রাকার নির্ম্মাণ করিয়া স্কন্ধাবার স্থাপন করিলেন। গৌড়েশ্বরের সেনাপতি ইব্রাহিম্ খাঁ, শের খাঁর স্কন্ধাবার বেষ্টন করিয়া, চারিদিকে তোপ স্থাপন করিলেন এবং নূতন সেনা প্রেরণ করিবার জন্য গৌড়েশ্বরকে অনুরোধ করিয়া পাঠাইলেন। কিয়ৎকাল মৃণ্ময়-প্রাচীরবেষ্টিত-স্কন্ধাবার হইতে যুদ্ধ করিয়া, শের খাঁ, দূতমুখে ইব্রাহিম্ খাঁকে জ্ঞাপন করিলেন যে, তিনি পরদিন প্রভাতে স্কন্ধাবার হইতে নির্গত হইয়া তাঁহাকে আক্রমণ করিবেন। রাত্রিশেষে শের খাঁ, সুশিক্ষিত অল্প-সংখ্যক সেনা স্কন্ধাবারে রাখিয়া, অবশিষ্ট সেনার সহিত উচ্চভূমির অন্তরালে অপেক্ষা করিতে লাগিলেন। গৌড়ীয় সেনা আসিলে, শের খাঁর অশ্বারোহী সেনা একবার শর নিক্ষেপ করিয়া পৃষ্ঠ প্রদর্শন করিল। আফ্‌গান্‌গণ পলায়ন করিতেছে ভাবিয়া, গৌড়ীয় অশ্বারোহিদল তাঁহাদিগের পশ্চাদ্ধাবন করিল। তখন শের খাঁ লুক্কায়িত সেনাদল লইয়া গৌড়ীয় সেনা আক্রমণ করিলেন। গৌড়ীয় সেনা, রণে ভঙ্গ না দিয়া, স্থির হইয়া দাঁড়াইল; ঘোরতর যুদ্ধ আরম্ভ হইল এবং ইব্রাহিম্ খাঁ নিহত হইলেন। সেনাপতি নিহত হইলে, গৌড়ীয় সেনা পরাজিত হইল এবং গৌড়েশ্বরের কোষাগার, সমস্ত হস্তী ও তোপ, শের খাঁ কর্ত্তৃক অধিকৃত হইল[২]।

ইহার পরে শের খাঁ গৌড়রাজ্য আক্রমণ করিয়া শিক্রিগলি বা মণ্ডলার গিরিপথের সীমা পর্য্যন্ত গৌড়রাজ্য অধিকার করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে গৌড়রাজ্যের প্রধানগণ একমাস কাল শিক্রিগলির গিরিপথ রক্ষা করিয়া অবশেষে পরাজিত হইয়াছিলেন[৩]। ৯৪৩ হিজরায় (১৫৩৬ খৃষ্টাব্দে), শের খাঁ শিক্রিগলির গিরিপথ অধিকার করিয়াছিলেন।

(২) Ibid, pp. 338-39.

(৩) রিয়াজ-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৯।

শিক্রিগলি অধিকৃত হইলে, শের খাঁ তাঁহার পুত্র জলাল্ খাঁ, সেনাপতি খাওয়াস্ খাঁ এবং অন্যান্য আফ্‌গান্ প্রধানগণকে গৌড়রাজ্য বিজয় করিতে প্রেরণ করিয়াছিলেন ৪। গিয়াস্-উদ্দীন্ মহ্‌মূদ্ শাহ্ তাহাদিগের গতিরোধ করিবার চেষ্টা করিয়াছিলেন এবং পরাজিত হইয়া প্রাকার ও পরিখা-বেষ্টিত গৌড়নগরে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন ৫। আফ্‌গান্ সেনা গৌড়নগর অবরোধ করিয়া গৌড়রাজ্যের অবশিষ্ট অংশ অধিকার করিয়াছিল ৬। গিয়াস্-উদ্দীন্ মহ্‌মূদ্ শাহ্ উপায়ান্তর না দেখিয়া দিল্লীতে দূত প্রেরণ করিয়া বাদ্‌শাহ্ হুমায়ূনের নিকট সাহায্য প্রার্থনা করিয়াছিলেন ৭।

১৫৩৪ খৃষ্টাব্দে গোয়ার পর্ত্তুগীজ শাসনকর্ত্তা নুনো ডা কুন্‌হা (Nuno da Cunha), পাঁচখানি জাহাজে দুইশত পর্ত্তুগীজ সেনা মার্টিন্ আফন্সো দে মেলো জুসার্ত্তের (Martin Affonso de Mello Jusarte) অধীনে চট্টগ্রামে প্রেরণ করিয়াছিলেন। দে মেলো জুসার্ত্তে কয়েকজন অনুচরকে বহুমূল্য উপঢৌকনের সহিত গৌড়ে গিয়াস্-উদ্দীন্ মহ্‌মূদ্ শাহের নিকট প্রেরণ করিয়াছিলেন। মহ্‌মূদ্ শাহ্ পর্ত্তুগীজ দূতগণকে কারারুদ্ধ করিয়া চট্টগ্রামে পর্ত্তুগীজ সেনাপতিকে বন্দী করিতে আদেশ দিয়াছিলেন। কিছুকাল পরে, দে মেলো জুসার্ত্তে, ত্রিশজন অনুচরের সহিত ধৃত হইয়া, গৌড়ে প্রেরিত হইয়াছিলেন। আফ্‌গান্‌গণের সহিত যুদ্ধে, এই সমস্ত পর্ত্তুগীজ বন্দী, গিয়াস্-উদ্দীন্ মহ্‌মূদ্ শাহ্‌কে সাহায্য করিয়াছিল। এই সহায়তার জন্য

(৪) Elliot's History of India, Vol. IV, p. 356.
(৫) রিয়াজ-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৯।
(৬) Elliot's History of India, Vol. IV, pp. 356-57.
(৭) রিয়াজ-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৯।

পর্ত্তুগীজ বন্দিগণ মুক্তিলাভ করিয়াছিলেন[৮]। খোজা শাহাব্-উদ্দীন্ নামক একজন মুসলমান বণিক, পারস্যদেশে নীত হইবার অঙ্গীকারে গৌড়েশ্বরের নিকট হইতে, চট্টগ্রামে পর্ত্তুগীজগণ কর্ত্তৃক দুর্গ নির্ম্মাণের অনুমতি সংগ্রহ করিয়া দিয়াছিলেন। দে মেলো জুসার্ত্তে প্রথমে গৌড়ে বন্দী ছিলেন। পরে, পর্ত্তুগীজগণ চট্টগ্রামে দুর্গ-নির্ম্মাণের অনুমতি প্রাপ্ত হইলে, নুনো ডা কুন্‌হা তাঁহাকে দ্বিতীয়বার গৌড়রাজ্যে প্রেরণ করিয়াছিলেন। দ্বিতীয়বার বন্দী হইলে, নুনো ডা কুন্‌হা তাঁহার সাহায্যার্থ নয়খানি জাহাজে, আণ্টনিও ডা সিল্‌ভা মেনেজেসের অধীনে, সার্দ্ধ তিন শত পর্ত্তুগীজ সেনা প্রেরণ করিয়াছিলেন। মেনেজেস্ চট্টগ্রামে আসিয়া খোজা শাহাব্ উদ্দীনের একখানি জাহাজ অধিকার করিয়াছিলেন এবং তাঁহার সাহায্যে, জুসার্ত্তে ও তাঁহার সঙ্গিগণের মুক্তিলাভের চেষ্টা করিয়াছিলেন। চট্টগ্রামের শাসনকর্ত্তা গিয়াস্-উদ্দীন্ মহ্‌মূদ্ শাহ্‌কে পত্র প্রেরণ করিয়াছিলেন এবং তাঁহার সহিত মেনেজেস্ গৌড়রাজ্যের জন্য বহুমূল্য উপঢৌকন প্রেরণ করিয়াছিলেন। পত্রের উত্তর আসিতে বিলম্ব হওয়ায়, মেনেজেস্ চট্টগ্রাম বন্দর এবং সমুদ্র তীরবর্ত্তী গ্রামসমূহ দাহ করিয়াছিলেন। ইহার পরেই গৌড়েশ্বরের পত্র আসিয়াছিল, কিন্তু মেনেজেসের অত্যাচারের সংবাদ শ্রবণ করিয়া মহ্‌মূদ্ শাহ্ পর্ত্তুগীজ বন্দিগণকে মুক্তি প্রদান করেন নাই। এই ঘটনার পরে, শের খাঁ গৌড়রাজ্য আক্রমণ করিয়াছিলেন এবং সেই যুদ্ধে পর্ত্তুগীজ বন্দিগণের সাহায্যের পুরস্কারস্বরূপ মহ্‌মূদ্ শাহ্ তাহাদিগকে মুক্তিপ্রদান করিয়াছিলেন।

---

(৮) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 298.

(৯) F. C. Danvers, The Portuguese in India, Vol. I, pp. 422-23.

শের খাঁ গৌড়নগর অবরোধ করিলে, গিয়াস্-উদ্দীন্ মহ্মূদ্ শাহ্ পর্ত্তুগীজ বন্দিগণের দ্বারা, গোয়ার শাসনকর্ত্তার নিকট সাহায্য প্রার্থনা করিয়াছিলেন। ৯৪৪ হিজরায়[১০] (১৫৩৭ খৃষ্টাব্দে), খাঁ-ই-খানান্ ইউসফ্‌খেলের অনুরোধে, শের খাঁকে দমন করিবার জন্য এবং গৌড়েশ্বরের সাহায্যার্থ, হুমায়ূন সসৈন্য বিহারাভিমুখে যাত্রা করিয়াছিলেন[১১]। তিনি জৌনপুর হইতে অগ্রসর হইয়া, মোঙ্গোল আমীরগণের অনুরোধে, প্রথমে চুণার বা চরণাদ্রিদুর্গ অবরোধ করিয়াছিলেন[১২]। শের খাঁ চুণারদুর্গ রক্ষার জন্য, গাজী খাঁ সুর ও বুলাকী খাঁকে[১৩] রাখিয়া, স্বয়ং ঝাড়খণ্ডে পলায়ন করিয়াছিলেন এবং কৌশলে রোহ্‌তাস্ বা রোহিতাশ্ব দুর্গ অধিকার করিয়াছিলেন[১৪]। হুমায়ূন ছয় মাস কাল চুণারদুর্গ অবরোধ করিয়া অবশেষে উহা অধিকার করিয়াছিলেন। চুণারদুর্গ পতনের সংবাদ পাইয়া শের খাঁ অত্যন্ত বিচলিত হইয়াছিলেন। এই সময়ে, তাঁহার সেনাপতি খাওয়াস্ খাঁ, গৌড়নগরের পরিখায় জলমগ্ন হইয়া প্রাণত্যাগ করিলে, শের খাঁ তাঁহার কনিষ্ঠ ভ্রাতা মোসাহেব খাঁকে খাওয়াস্ খাঁ উপাধি দিয়া, গৌড়ে প্রেরণ করিয়াছিলেন[১৫]। দ্বিতীয় খাওয়াস্ খাঁর যত্নে ৯৪৪ হিজরার জিল্‌কাদা মাসের ষষ্ঠদিবসে (৬ই এপ্রিল ১৫৩৮ খৃষ্টাব্দে), গৌড়নগর অধিকৃত হইয়াছিল[১৬]। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে, গৌড়নগরে খাদ্যাভাব হইলে, আফ্‌গান্‌গণ দুর্গ অধিকার করিতে পারিয়াছিল। মহ্মূদ্ শাহের পুত্রগণ, শের খাঁর পুত্র জলাল্ খাঁ কর্ত্তৃক ধৃত হইয়া-

---

(১০) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৯।
(১১) Ell ot's History of India, Vol. IV, p. 357.
(১২) Ibid.
(১৩) Ibid.
(১৪) Ibid, pp. 357-58.
(১৫) Ibid. p. 359.
(১৬) Ibid, p 360; রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৩৯-৪০।

ছিলেন ও সুলতান্ গিয়াস্-উদ্দীন্ মহ্‌মূদ্-শাহ্ দক্ষিণবঙ্গে পলায়ন করিয়াছিলেন। শের খাঁ তাঁহার পশ্চাদ্ধাবন করিলে, মহ্‌মূদ্ শাহ্ যুদ্ধ করিতে বাধ্য হইয়াছিলেন এবং সেই যুদ্ধে পরাজিত ও আহত হইয়াছিলেন[১৭]। চুণার-দুর্গ অধিকার করিয়া হুমায়ূন গৌড়ের দিকে অগ্রসর হইলে, শের খাঁ সন্ধির প্রস্তাব করিয়া বাদ্‌শাহের নিকট দূত প্রেরণ করিয়াছিলেন। এই সময় সুলতান্ গিয়াস্-উদ্দীন্ মহ্‌মূদ্ও দূতমুখে তাঁহাকে শের খাঁর বাক্যে আস্থা স্থাপন করিতে নিষেধ করিয়াছিলেন। মহ্‌মূদ্ শাহ্ বলিয়া পাঠাইয়াছিলেন যে, গৌড়নগর শের খাঁর অধিকারভুক্ত হইলেও, গৌড়রাজ্যের অধিকাংশ তাহার অধিকারভুক্ত আছে এবং বাদ্‌শাহ্ গৌড়রাজ্য আক্রমণ করিলে তিনি তাহাকে সাহায্য করিবেন[১৮]। হুমায়ূন মহ্‌মূদ্ শাহের অনুরোধানুসারে গৌড়াভিমুখে যাত্রা করিলেন। খাঁ-ই-খানান্ ইউসফ্‌খেল তখন ঝাড়খণ্ডের দিকে অগ্রসর হইলেন এবং বাদ্‌শাহ্ স্বয়ং গৌড়ে যাত্রা করিলেন। হুমায়ূনের আগমন সংবাদ পাইয়া শের খাঁ রোহ্‌তাসে পলায়ন করিলেন। শোণ ও গঙ্গার সঙ্গমস্থলে, মুনেরে, হুমায়ূনের সহিত গিয়াস্-উদ্দীন্ মহ্‌মূদ্ শাহের সাক্ষাৎ হইয়াছিল কিন্তু হুমায়ূন গৌড়েশ্বরের প্রতি যথোচিত সম্মান প্রদর্শন করেন নাই[১৯]। মহ্‌মূদ শাহ্ শের শাহের সহিত গৌড়াভিমুখে যাত্রা করিয়াছিলেন[২০]। মণ্ডলার গিরিপথে, জলাল্ খাঁ ও খাওয়াস্ খাঁ, একমাস কাল হুমায়ূনের সেনার গতিরোধ করিয়াছিলেন[২১]। মণ্ডলা বা শিক্রিগলি অধিকৃত হইলে,

(১৭) রিয়াজ্-উস্ সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৪০।
(১৮) Elliot's History of India, Vol. IV, pp. 362-63.
(১৯) Ibid, p. 364.
(২০) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৪১।
(২১) Elliot's History of India, Vol. IV, p. 367.

হুমায়ুন পুনরায় গৌড়াভিমুখে যাত্রা করিয়াছিলেন। পথে, ভাগলপুরের নিকট কহলগাঁও গ্রামে, হতভাগ্য সুলতান্ গিয়াস্-উদ্দীন্ মহ্মূদ্ শাহ্ শুনিতে পাইয়াছিলেন যে, শের খাঁর পুত্র, জলাল্ খাঁর আদেশে, তাঁহার বন্দী পুত্রদ্বয় গৌড়ে নিহত হইয়াছেন। এই সংবাদ শ্রবণ করিয়া বাঙ্গালার শেষ স্বাধীন সুলতান্ গিয়াস্-উদ্দীন্ মহ্মূদ্ শাহ্ শোকে ও দুঃখে ৯৪৫ হিজরায় (১৫৩৮ খৃষ্টাব্দে) কহলগাঁওতে দেহত্যাগ করিয়াছিলেন[২২]। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে, গিয়াস্-উদ্দীন্ মহ্মূদ্ শাহ্ পাঁচ বৎসর কাল রাজ্যভোগ করিয়াছিলেন।

৯৪১ হিজরায় (১৫৩৪-৩৫ খৃষ্টাব্দে), গিয়াস্-উদ্দীন্ মহমূদ্ শাহ্ গৌড়ে সাদ্-উল্লাপুরে একটি মস্জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন[২৩]। গোলাম হোসেন্ এই মস্জিদ্ দর্শন করিয়াছিলেন[২৪]। ইহা বর্ত্তমান সময়ে জান-জান মিয়াঁর মস্জিদ্ নামে পরিচিত[২৫]। শিলালিপি অনুসারে, এই মস্জিদ্টি, গিয়াস্-উদ্দীন্ মহ্মূদ্ শাহের রাজ্যকালে, বিবি অলতী কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল। মালদহের নিকটে শাহ্পুর গ্রামে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, গিয়াস্-উদ্দীন্ মহ্মূদ্ শাহ্ ৯৪৩ হিজরায় (১৫৩৬ খৃষ্টাব্দে), একটি তোরণ নির্ম্মাণ করাইয়াছিলেন[২৬]। এই শিলালিপি অনুসারে মহ্মূদ্ শাহের অপর নাম "আব্দ্ শাহ্" ও "আব্দ্-উল্-বদর্"। গৌড়ের ধ্বংসাবশেষ মধ্যে চারিখানি ইষ্টকের উপরে একটি আরবী লিপি

---

(২২) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৪১-৪২।

(২৩) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. LXIV, 1895, pt. I, p. 226.

(২৪) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৪০।

(২৫) Ravenshaw's Gaur, its Ruins and Inscriptions, p. 10.

(২৬) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. LXIV, 1895, pt. I, p. 214.

আছে। কনিংহাম ইহাতে গিয়াস্-উদ্দীন্ আজম্ শাহের নাম পাঠ করিয়াছিলেন এবং অনুমান করিয়াছিলেন যে, গৌড়ে শেখ্ আখি সিরাজ্-উদ্দীনের সমাধিগাত্রে সংলগ্ন ছিল[২৭]। এই কয়খণ্ড ইষ্টক কলিকাতার চিত্রশালায় রক্ষিত আছে, এবং ইহাতে গিয়াস্-উদ্দীন্ মহ্‌মূদ্ শাহের নাম আছে। ডু বারোস (Du Barros) রচিত ডা এসিয়া (Da Asia) অনুসারে, গোয়ার পর্ত্তুগীজ শাসনকর্ত্তা নুনো ডা কুন্‌হা, মহ্‌মূদ্ শাহের সাহয্যার্থ, পেরেজ দে সম্পয়োর (Perez de Sampayo) অধীনে, নয়খানি জাহাজ বাঙ্গালা দেশে প্রেরণ করিয়াছিলেন, কিন্তু সম্পয়ো বাঙ্গালা দেশে আসিয়া শুনিয়াছিলেন যে, গৌড়নগর শের খাঁ কর্ত্তৃক অধিকৃত হইয়াছে এবং গিয়াস্-উদ্দীন্ মহ্‌মূদ্ শাহ্ নিহত হইয়াছেন[২৮]। মহ্‌মূদ্ শাহের মৃত্যুর পরে হুমায়ূন, বিনা বাধায় গৌড় নগর অধিকার করিয়াছিলেন। গৌড়ে তাঁহার নামে খোৎবা পঠিত হইয়াছিল এবং মুদ্রা মুদ্রিত হইয়াছিল[২৯]। তিনমাস গৌড়ে বাস করিয়া হুমায়ূন বর্ষারম্ভে গৌড় পরিত্যাগ করিতে বাধ্য হইয়াছিলেন। তাঁহার গৌড়াভিযানের বিবরণ ও শের খাঁ কর্ত্তৃক পরাজয় কাহিনী একাদশ পরিচ্ছেদে বিবৃত হইবে। গিয়াস্-উদ্দীন্ মহ্‌মূদ্ শাহের সুবর্ণ ও রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে। কতকগুলি রজতমুদ্রা হোসেনাবাদ[৩০] (সপ্তগ্রাম) ও খলিফতাবাদ[৩১] (দক্ষিণ জশোর) হইতে মুদ্রিত হইয়াছিল।

---

(২৭) Cunningham's Reports of the Archaeological Survey of India, Vol. XV, p. 72.

(২৮) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLII, 1873, pt. I, p. 299.

(২৯) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৪২।

(৩০) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, pp. 179-80, Nos. 224, 227.

(৩১) Ibid, p. 180, No. 225.

আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্ ও তাঁহার বংশধরগণের রাজ্যকাল, মুসলমানযুগের ইতিহাসে গৌড়বঙ্গের সর্ব্বাপেক্ষা গৌরবময় যুগ। এই যুগে বাঙ্গালার মুসলমান রাজ্য সর্ব্বাপেক্ষা অধিক বিস্তৃতিলাভ করিয়াছিল। উত্তরে কামরূপ ও কামতাপুর, দক্ষিণ-পূর্ব্বে ত্রিপুরা ও পশ্চিমে যুক্ত-প্রদেশের পূর্ব্বসীমা পর্য্যন্ত গৌড়রাজ্যের সীমা বিস্তৃত হইয়াছিল। দিল্লীর সুলতান্ সিকন্দর লোদী ও মোঙ্গোলবংশীয় প্রথম সম্রাট্ বাবর্ বাঙ্গালার সুলতানের সহিত সন্ধিস্থাপন করিয়াছিলেন। খৃষ্টীয় ষোড়শ শতাব্দীর মধ্যভাগে, শের খাঁর ন্যায় রাষ্ট্রনীতি ও রণনীতিকুশল নেতা লাভ করিয়া, উত্তর-ভারতে, দুর্দ্দান্ত আফ্গান্জাতি দুর্জ্জেয় হইয়া উঠিয়াছিল, এবং অনায়াসে গৌড়ের প্রাচীন এবং দিল্লীর নবীনরাজ্য অধিকার করিয়াছিল। হুমায়ূনের আলস্যে উভয় রাজ্য ধ্বংস হইয়াছিল। হুমায়ূন যদি আলস্য পরিত্যাগ করিয়া, চুণার দুর্গ অধিকারের জন্য অযথা কালব্যয় না করিতেন, অথবা বক্সরের যুদ্ধে শের খাঁর সহিত সন্ধিস্থাপনের চেষ্টা না করিতেন, তাহা হইলে মোঙ্গোল-সাম্রাজ্য-প্রতিষ্ঠার ইতিহাস অন্যরূপে লিখিত হইত। হোসেন্ শাহের বংশের রাজ্যকালে, গৌড়ীয় চৈতন্যদেব যে নবধর্ম্ম প্রচার করিয়াছিলেন, সেই নব-প্রচারিত ধর্ম্ম উত্তরাপথে ও দক্ষিণাপথে গৌড়ীয় গোস্বামিগণকে পূজনীয় করিয়াছিল। চৈতন্যদেবের জীবনের ও গৌড়ীয় সাহিত্যের সংক্ষিপ্ত বিবরণ পরবর্ত্তী অধ্যায়ে লিপিবদ্ধ হইল।

পরিশিষ্ট "ঞ"।

হোসেন্ শাহের বংশ।

সৈয়দ্ আশ্‌রফ্
|
আলা-উদ্দীন্ হোসেন্ শাহ্
|
দানিয়াল | নাসির-উদ্দীন্ নস্‌রৎ শাহ্ | গিয়াস্-উদ্দীন্ মহমুদ্ শাহ্

নাসির-উদ্দীন্ নস্‌রৎ শাহ্
|
আলা-উদ্দীন্ ফিরোজ্ শাহ্

পরিশিষ্ট "ট"।

তুজুক্-ই-বাবরী।

বাবর্ তুর্কী ভাষায় রচিত আত্মজীবনীতে বাঙ্গালা দেশ সম্বন্ধে নিম্নলিখিত মন্তব্য লিপিবদ্ধ করিয়াছেন :—

"এই সময়ে সৈয়দ সুলতান্ আলা-উদ্দীনের পুত্র নস্‌রৎ শাহ্ গৌড়দেশের রাজা, তিনি উত্তরাধিকারসূত্রে গৌড়সিংহাসন লাভ করিয়াছেন। বাঙ্গালারাজ্যে উত্তরাধিকার প্রথানুসারে সিংহাসন লাভ বিরল। যে কেহ সিংহাসন অধিকার করিতে পারে, সেই দেশের সর্ব্বত্র রাজা বলিয়া সম্মানিত হইয়া থাকে। নস্‌রৎ শাহের পিতার রাজ্য-লাভের পূর্ব্বে একজন হাব্‌শী, রাজাকে হত্যা করিয়া কিছুকাল গৌড়রাজ্য শাসন করিয়াছিল এবং সুলতান্ আলা-উদ্দীন্ সেই হাব্‌শীকে হত্যা করিয়া রাজ্যলাভ করিয়াছিলেন। বাঙ্গালাদেশে আর একটি নিয়ম আছে। কোনও রাজার পক্ষে পূর্ব্ববর্ত্তী রাজগণ কর্ত্তৃক সঞ্চিত অর্থ ব্যয় করা অত্যন্ত অপমানজনক, প্রত্যেক রাজাই কোষাগারে অর্থ সঞ্চয় করিয়া থাকেন, ইহা গৌড়রাজগণের পক্ষে অত্যন্ত গৌরবজনক। বাঙ্গালাদেশের আর একটি নিয়ম আছে, রাজ্যের প্রত্যেক বিভাগের বা প্রত্যেক পদের ব্যয় নির্ব্বাহের জন্য এক একটি ভূখণ্ডের রাজস্ব নির্দ্দিষ্ট আছে। রাজার নিজের ব্যয়, মন্দুরা অথবা কোষাগারের ব্যয়, এইরূপ নির্দ্দিষ্ট ভূখণ্ডের রাজস্ব হইতে নির্ব্বাহিত হইয়া থাকে।

দশম পরিচ্ছেদ।

চৈতন্যদেব ও গৌড়ীয় সাহিত্য।

শকাব্দ ১৪০৭—৫৫, খৃষ্টাব্দ ১৪৮৫—১৫৩৪।

চৈতন্যদেবের পূর্ব্বপুরুষগণের নিবাস—জাজপুর—শ্রীহট্ট—জয়পুর—জগন্নাথমিশ্রের নবদ্বীপে আগমন—নবদ্বীপের অবস্থা—বিশ্বম্ভরের জন্ম—শৈশব—শিক্ষা—সুদর্শন পণ্ডিত—গঙ্গাদাস পণ্ডিত—প্রথম বিবাহ—পূর্ব্ববঙ্গে গমন—লক্ষ্মীদেবীর মৃত্যু—দ্বিতীয় বিবাহ—গয়াযাত্রা—ঈশ্বর পুরীর সহিত সাক্ষাৎ—মন্ত্রগ্রহণ—প্রত্যাবর্ত্তন—অদ্বৈতাচার্য্য ও নিত্যানন্দ—জগাই ও মাধাই—গৃহত্যাগ—কেশব ভারতীর নিকট দীক্ষা—শান্তিপুর—পুরুষোত্তম যাত্রা—উৎকলের পথে—গোবিন্দদাসের কড়চা—পুরুষোত্তম—প্রতাপরুদ্রের সহিত সাক্ষাৎ—তীর্থযাত্রা—রামানন্দ রায়—ঢুণ্ডিরাম তীর্থ—তীর্থরাম—কাঞ্চী—ত্রিচিন্নপল্লী—তাঞ্জোর—রামেশ্বর—কাবেরী—ঈশ্বর ভারতীর সহিত সাক্ষাৎ—পুণা—ভট্টমারিগণের উদ্ধার—নারোজীর উদ্ধার—পঞ্চবটী—নর্ম্মদা—আহ্‌মদাবাদ—বারমুখী বেশ্যার উদ্ধার—সোমনাথ—বরোদা—পুরুষোত্তমে প্রত্যাবর্ত্তন—নব প্রতিষ্ঠিত ধর্ম্মসম্বন্ধে হোসেন্ শাহের মত—হোসেন্ শাহের আদেশে নবদ্বীপের ব্রাহ্মণগণের প্রতি অত্যাচার—শেষ জীবন—মৃত্যু—সমাধি—নিত্যানন্দ—অদ্বৈতাচার্য্য—অদ্বৈতের জীবনী রঘুনাথ দাস—হরিদাস—অন্যান্য পারিষদবর্গ—চৈতন্যের জীবনীসমূহ—নূতন বৈষ্ণব সাহিত্য—সমসাময়িক বৌদ্ধসঙ্ঘ।

ভারতীয় বৈষ্ণব সম্প্রদায়সমূহের মধ্যে ভাগবত-সম্প্রদায় অতি প্রাচীন এবং গৌড়দেশে শ্রীচৈতন্য-প্রতিষ্ঠিত সম্প্রদায় সর্ব্বাপেক্ষা নবীন। বৈষ্ণব সম্প্রদায়সমূহের মধ্যে সমগ্র ভারতবর্ষে এই নূতন সম্প্রদায় সর্ব্বাপেক্ষা অধিক প্রতিষ্ঠা লাভ করিয়াছে, ইহার কারণ এই সম্প্রদায়ে সকল জাতির

সমান অধিকার এবং দুর্ব্বোধ্য জটিল দার্শনিকতার অভাব। নবীন সম্প্রদায়-প্রতিষ্ঠাতা বিশ্বম্ভর বা নিমাই বঙ্গদেশে ভাগীরথীতীরবর্ত্তী নবদ্বীপ নগরে জন্মগ্রহণ করিয়াছিলেন। বিশ্বম্ভরের পিতা, জগন্নাথমিশ্র, পাশ্চাত্য বৈদিকসম্প্রদায়ভুক্ত ব্রাহ্মণ; তাঁহার পূর্ব্বপুরুষগণ উৎকলে, জাজপুর নগরের অধিবাসী ছিলেন ১। জগন্নাথমিশ্রের পূর্ব্বপুরুষগণ, উড়িষ্যার সূর্য্যবংশীয় রাজা, ভ্রমরবর-উপাধিধারী কপিলেন্দ্র বা কপিলেশ্বর-দেবের ভয়ে, উৎকলরাজ্য পরিত্যাগ করিয়া পলায়ন করিয়াছিলেন। জগন্নাথমিশ্রের পিতামহ, মধুকরমিশ্র, শ্রীহট্টদেশে বড়গঙ্গা নামক স্থানে বাসস্থাপন করিয়াছিলেন। জয়ানন্দের চৈতন্যমঙ্গল অনুসারে জগন্নাথ-মিশ্র শ্রীহট্টদেশে জয়পুর গ্রামের অধিবাসী ছিলেন ২। জগন্নাথমিশ্র শ্রীহট্টে ব্যাকরণাদি অধ্যয়ন করিয়া, অধ্যয়নের জন্য, অথবা গঙ্গাতীরে বাসের জন্য, নবদ্বীপে আসিয়াছিলেন। জয়ানন্দরচিত চৈতন্যমঙ্গলানুসারে শ্রীহট্ট-দেশে অনাচার, দুর্ভিক্ষ, অরাজকতা ও মহামারীর প্রাদুর্ভাব দেখিয়া, জগন্নাথমিশ্র ও তাঁহার শ্বশুর নীলাম্বর চক্রবর্ত্তী, জয়পুর গ্রাম ত্যাগ করিয়া, নবদ্বীপে আসিয়াছিলেন ৩। চৈতন্যমঙ্গলের নদীয়াখণ্ড পাঠ করিয়া মনে হয় যে, জগন্নাথমিশ্র শ্রীহট্টের জয়পুর গ্রাম ত্যাগ করিবার পূর্ব্বে, তাঁহার সহিত নীলাম্বর চক্রবর্ত্তীর কন্যা শচীদেবীর বিবাহ হইয়াছিল ৪। কিন্তু স্বর্গীয় শিশিরকুমার ঘোষের মতানুসারে নবদ্বীপে আসিবার পরে জগন্নাথের বিবাহ হইয়াছিল ৫।

---

(১) জয়ানন্দের চৈতন্যমঙ্গল, পরিষদ্ গ্রন্থাবলী, ৭, পৃঃ ৯৬।

(২) ঐ, পৃঃ ৯।

(৩) ঐ।

(৪) Dinesh Chandra Sen's History of the Bengali Language and Literature, p. 415.

(৫) শ্রীঅমিয়নিমাই চরিত, প্রথম খণ্ড, পৃঃ ‌।৶০।

বৃন্দাবনদাস-বিরচিত চৈতন্যভাগবত অনুসারে চৈতন্যদেবের জন্ম-সময়ে নবদ্বীপ নগর জ্ঞানগর্ব্বস্ফীত অধ্যাপকগণের আবাস ছিল, নানা দেশ হইতে লোকে নবদ্বীপে অধ্যয়ন করিতে যাইত, এবং নবদ্বীপে পাঠ না করিলে, বিদ্যার্থিগণ অধ্যয়ন সমাপ্ত হইয়াছে মনে করিত না। নবদ্বীপের প্রতি ঘাটে প্রত্যহ লক্ষ লক্ষ লোক স্নান করিতে আসিত। সাধারণ লোকে মঙ্গলচণ্ডীর গীত এবং বিষহরি বা মনসার পূজায় বিশেষ অনুরক্ত ছিল। পুত্রকন্যার বিবাহে বহু অর্থ ব্যয় করিত। লোকে মদ্যমাংস উপচার দিয়া যক্ষপূজা অথবা বাশুলীপূজা করিত এবং বৈষ্ণব-গণকে উপহাস করিত [৬]। নবদ্বীপ নগরের যখন এইরূপ অবস্থা, তখন জগন্নাথমিশ্র ও তাঁহার শ্বশুর নীলাম্বর চক্রবর্ত্তী নবদ্বীপে আগমন করিয়াছিলেন। নবদ্বীপে জগন্নাথমিশ্রের ঔরসে শচীদেবীর গর্ভে চৈতন্য জন্মগ্রহণ করিয়াছিলেন। ১৪০৭ শকাব্দের ফাল্গুনীপূর্ণিমাতে (১৪৮৫ খৃষ্টাব্দে), বাঙ্গালার সুলতান্ জলাল্-উদ্দীন্ ফতে শাহের রাজ্যকালে চৈতন্যদেবের জন্ম হইয়াছিল [৭]। তাঁহার জন্মসময়ে চন্দ্রগ্রহণ হইয়াছিল। চৈতন্য মাতার দশম গর্ভজাত, তাঁহার জন্মের পূর্ব্বে জগন্নাথমিশ্রের আটটি সন্তান শৈশবে ইহলীলা সম্বরণ করিয়াছিল। নবম গর্ভের সন্তান বিশ্বরূপ, ষোড়শ বর্ষ বয়সে গৃহত্যাগ করিয়াছিলেন।

চৈতন্য শৈশবে অত্যন্ত দুরন্তপ্রকৃতি ছিলেন। তাঁহার পিতৃদত্ত নাম বিশ্বম্ভর, সন্তান বাঁচিত না বলিয়া কুলমহিলাগণ তাঁহাকে নিমাই বলিয়া ডাকিতেন এবং গৌরবর্ণের জন্য প্রতিবেশিগণ তাঁহার গৌর বা গৌরাঙ্গ নাম

---

(৬) বৃন্দাবনদাসরচিত চৈতন্যভাগবত, অতুলকৃষ্ণ গোস্বামী-সম্পাদিত, আদি-খণ্ড, দ্বিতীয় অধ্যায়, পৃঃ ১৭।

(৭) কৃষ্ণদাস-বিরচিত চৈতন্যচরিতামৃত, শ্রীপাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় সম্পাদিত, আদিলীলা, ত্রয়োদশ পরিচ্ছেদ, পৃঃ ৫৯।

দিয়াছিল। নবম বর্ষ বয়সে বিশ্বম্ভরের উপনয়ন হইয়াছিল। ইহার পূর্ব্বে তিনি সুদর্শন ও বিষ্ণু পণ্ডিতের নিকট অধ্যয়ন করিয়াছিলেন। একাদশ বর্ষ বয়সে চৈতন্যের পিতৃবিয়োগ হইয়াছিল। জগন্নাথমিশ্র মৃত্যুর পূর্ব্বে বিশ্বম্ভরকে গঙ্গাদাস পণ্ডিতের চতুষ্পাঠীতে বিদ্যাশিক্ষার জন্য প্রেরণ করিয়াছিলেন [৮]। গঙ্গাদাস পণ্ডিতের নিকট ব্যাকরণ শাস্ত্র অধ্যয়ন করিয়া বিশ্বম্ভর বাসুদেব সার্ব্বভৌমের নিকট ন্যায়শাস্ত্র অধ্যয়ন আরম্ভ করিয়াছিলেন [৯]। ষোড়শ বর্ষ বয়ঃক্রমকালে বিশ্বম্ভরের পাঠ সাঙ্গ হইয়াছিল। বৃন্দাবনদাস-রচিত চৈতন্যভাগবতানুসারে বিশ্বম্ভর পিতার জীবদ্দশায় গঙ্গাদাস পণ্ডিতের চতুষ্পাঠীতে গমন করিয়াছিলেন [১০]। পাঠদ্দশায় বল্লভাচার্য্যের কন্যা লক্ষ্মীদেবীকে দেখিয়া বিশ্বম্ভর মোহিত হইয়াছিলেন এবং তাঁহার পাণিগ্রহণ করিয়াছিলেন [১১]। বিবাহের পরে বিশ্বম্ভর কিয়ৎকাল গৃহে অবস্থান করিয়াছিলেন ও নবদ্বীপের পণ্ডিত-সমাজে প্রতিষ্ঠালাভ করিয়াছিলেন। জয়ানন্দরচিত চৈতন্যমঙ্গলানুসারে বিশ্বম্ভর অর্থোপার্জ্জন করিতে পূর্ব্ববঙ্গে গমন করিয়াছিলেন [১২]। বিশ্বম্ভর বঙ্গদেশে পদ্মাবতী নদীতীরে কিয়ৎকাল বাস করিয়াছিলেন। বঙ্গদেশ হইতে অর্থোপার্জ্জন করিয়া দেশে ফিরিয়া আসিয়া বিশ্বম্ভর শুনিলেন যে, সর্পদংশনে তাঁহার পত্নীর মৃত্যু হইয়াছে [১৩]। পত্নীবিয়োগের পরে, বিশ্বম্ভর, শচীদেবীর আদেশে, সনাতন পণ্ডিতের কন্যা, বিষ্ণুপ্রিয়া দেবীর

---

(৮) চৈতন্যভাগবত, আদিখণ্ড, ষষ্ঠ অধ্যায়, পৃঃ ৫৫।

(৯) অমিয়নিমাই চরিত, প্রথম খণ্ড, পৃঃ ৪৪।

(১০) চৈতন্যভাগবত, আদিখণ্ড, ৬ষ্ঠ অধ্যায়, পৃঃ ৫৫।

(১১) চৈতন্যচরিতামৃত, আদিলীলা, পঞ্চদশ পরিচ্ছেদ, পৃঃ ৬১।

(১২) চৈতন্যমঙ্গল, পরিষদ্ গ্রন্থাবলী, ৭, পৃঃ ৪৭।

(১৩) চৈতন্যচরিতামৃত, আদিলীলা, ষোড়শ পরিচ্ছেদ, পৃঃ ৬৭।

পাণিগ্রহণ করিয়াছিলেন ১৪। কিয়ৎকাল নবদ্বীপে বাস করিয়া বিশ্বম্ভর পিতৃ-পিণ্ডদান করিবার জন্য গয়া যাত্রা করিয়াছিলেন ১৫। জয়ানন্দের চৈতন্যমঙ্গলানুসারে বিষ্ণুপ্রিয়ার পিতা, সনাতনের উপাধি রাজপণ্ডিত ১৬। কিন্তু তিনি কোন্ রাজার সভাপণ্ডিত ছিলেন, তাহা অদ্যাবধি নির্ণীত হয় নাই।

বিশ্বম্ভর, গয়ার পথে, মন্দার পর্ব্বতে, মধুসূদন দর্শন করিতে গিয়াছিলেন ১৭ এবং পরে পুনঃপুনাতীর্থে উপস্থিত হইয়াছিলেন ১৮। মন্দার ভাগলপুর জেলায় অবস্থিত, এবং পুনঃপুনা নদীর বর্ত্তমান নাম পুনপুন। গয়ার তীর্থযাত্রিগণ অনেকে এই নদীতীরে পিণ্ডদান করিতে আসিয়া থাকেন। গয়ায় আসিয়া বিশ্বম্ভর ব্রহ্মকুণ্ডে স্নান করিয়া প্রেতশিলা, রামগয়া, উত্তরমানস, দক্ষিণমানস ও বিষ্ণুপদে পিণ্ডদান করিয়াছিলেন এবং ভীমগয়া, শিবগয়া, ব্রহ্মগয়া প্রভৃতি ষোড়শ গয়ায় যথারীতি পিতৃপিণ্ড প্রদত্ত হইয়াছিল ১৯। গয়ায় তাঁহার সহিত ঈশ্বরপুরীর সাক্ষাৎ হইয়াছিল। বিশ্বম্ভর ঈশ্বরপুরীর নিকট মন্ত্র-গ্রহণ করিয়াছিলেন ২০। গয়ায় বিষ্ণুপাদ দর্শনে বিশ্বম্ভরের ভাবান্তর হইয়াছিল২১। তাঁহার সঙ্গিগণ বহুচেষ্টায় তাঁহাকে নবদ্বীপে ফিরাইয়া আনিয়াছিলেন। লোচনদাস-রচিত চৈতন্যমঙ্গলানুসারে বিশ্বম্ভর গয়া

---

(১৪) চৈতন্যমঙ্গল, পরিষদ্ গ্রন্থাবলী, ৭, পৃঃ ৫১।
(১৫) চৈতন্যভাগবত, আদিখণ্ড, দ্বাদশ অধ্যায়, পৃঃ ১৩১।
(১৬) চৈতন্যমঙ্গল, পরিষদ্ গ্রন্থাবলী, ৭, পৃঃ ৫১।
(১৭) ,, ঐ।
(১৮) চৈতন্যভাগবত, আদিখণ্ড, দ্বাদশ অধ্যায়, পৃঃ ১৩২।
(১৯) ঐ, পৃঃ ১৩৪।
(২০) ঐ, পৃঃ ১৩৫, চৈতন্যমঙ্গল, পরিষদ্ গ্রন্থাবলী, ৭, পৃঃ ৮৮।
(২১) চৈতন্যভাগবত, আদিখণ্ড, দ্বাদশ অধ্যায়, পৃঃ ১৩৩।

হইতে মথুরা ও বৃন্দাবন যাত্রা করিয়াছিলেন, কিন্তু পথ হইতে দৈববাণী শুনিয়া ফিরিয়া আসিয়াছিলেন[২২]। মন্ত্রগ্রহণ করিয়া তিনি কৃষ্ণভক্ত হইয়া উঠিয়াছিলেন, এবং নবদ্বীপে আসিয়া অধ্যাপনাদি পরিত্যাগ করিয়াছিলেন। এই সময়ে বিশ্বম্ভরের সহিত শান্তিপুরনিবাসী অদ্বৈতাচার্য্যের পরিচয় হইয়াছিল এবং নিত্যানন্দ নামক একজন সন্ন্যাসী তাঁহার নিকটে আসিয়াছিলেন। নবদ্বীপবাসিগণ ক্রমশঃ বিশ্বম্ভরকে শ্রীকৃষ্ণের ও নিত্যানন্দকে বলরামের অবতার বলিয়া বিশ্বাস করিতে আরম্ভ করিয়াছিল। নবদ্বীপ নগরের পথে দলে দলে ভক্তগণ নাম কীর্ত্তন করিত। এই সময়ে নবদ্বীপে জগাই ও মাধাই নামক ব্রাহ্মণদ্বয় অত্যন্ত অত্যাচার করিত। ইহারা অর্থ দিয়া মুসলমান বিচারপতি অথবা শাসনকর্ত্তাকে বশ করিয়া নবদ্বীপে যথেচ্ছাচার করিত। জয়ানন্দ ইঁহাদিগের সম্বন্ধে বলিয়াছেন:—

> অন্নযোনিবিচার নাহিক দুই ভাই।
> শ্চানসন্ধ্যাবিবর্জ্জিত জগাই মাধাই।
> গোবধ ব্রহ্মবধ স্ত্রীবধ জত জত।
> বলে ছলে গুরুপত্নী হরে কত শত।
> গোমাংস শূকরমাংস করে সুরাপান।
> ধর্ম্মকথা না শুনে না করে গঙ্গাশ্চান॥
> শিশু সব আছড়িঞা মারে শিলাপাটে॥
> কত কত গর্ভবতীর কত গর্ভ কাটে।
> গলে যজ্ঞসূত্র বান্ধা জেন সিংহনাদ।
> উত্তম বধির প্রায় মহাপরমাদ॥

---

(২২) চৈতন্যভাগবত, আদিখণ্ড, দ্বাদশ অধ্যায়, পৃঃ ১৩৭; লোচনদাসের চৈতন্যমঙ্গল, অতুলকৃষ্ণ গোস্বামী-সম্পাদিত, পৃঃ ৮৭।

উদয়াস্ত জ্ঞান নাহি মদিরাভক্ষণে।
ঘূর্ণিতলোচনচারু পূর্ণ শক্রাসনে॥
দস্যুগণ সঙ্গে থাকি ঘরে অগ্নি দেই।
বুকে বাঁশ দিঞা কারো সর্ব্বস্ব নেই[২৩]॥

লোচনদাস-রচিত চৈতন্যমঙ্গলেও এইরূপ বিবরণ দেখিতে পাওয়া যায়:—

ব্রাহ্মণী যবনী গুর্ব্বঙ্গণা নাহি এড়ে।
সুরাপান পাইলে সকল কর্ম্ম ছাড়ে॥
দেব-গুরু-ব্রাহ্মণের হিংসা নিরন্তর।
বাহির হইলে বিনে বধে না যায় ঘর॥
ব্রহ্মবধ গোবধ স্ত্রীবধ * শত শত[২৪]।
লিখিতে না পারি—পাপ করিয়াছে কত[২৪]॥

জগাই, মাধাই ও অন্যান্য পাষণ্ডগণ নগর সঙ্কীর্ত্তনে অত্যন্ত ক্রুদ্ধ হইত। জগাই ও মাধাই দুষ্টবৃত্তি ত্যাগ করিয়া অবশেষে বিশ্বম্ভরের শরণাপন্ন হইয়াছিল। এই সময়ে চব্বিশ বৎসর বয়সে (১৪৩১ শকাব্দে, ১৫০৯ খৃষ্টাব্দে) বিশ্বম্ভর গৃহত্যাগ করিয়া সন্ন্যাস অবলম্বন করিয়াছিলেন[২৫]। উত্তরায়ণের দিনে গৃহত্যাগ করিয়া, বিশ্বম্ভর, ইন্দ্রাণীর নিকটে অবস্থিত কাটোয়াঁ নিবাসী কেশব ভারতীর নিকট গমন করিয়াছিলেন, তাঁহার অনুরোধে, কেশব ভারতী তাঁহাকে দীক্ষিত করিয়া, শ্রীকৃষ্ণচৈতন্য নাম দিয়াছিলেন[২৬]। কাটোয়াঁ হইতে, চৈতন্য, শান্তিপুরে অদ্বৈত আচার্য্যের গৃহে গমন করিয়াছিলেন।

---

(২৩) পরিষদ্ গ্রন্থাবলী ৭, পৃঃ ৫৭।
(২৪) লোচনদাস-বিরচিত চৈতন্যমঙ্গল, মধ্যখণ্ড, পৃঃ ১১২-১৩।
(২৫) চৈতন্যচরিতামৃত, আদিলীলা, ত্রয়োদশ পরিচ্ছেদ, পৃঃ ৫৯।
(২৬) চৈতন্যভাগবত, মধ্যখণ্ড, ২৬শ অধ্যায়, পৃঃ ৩৬৪-৬৭

শান্তিপুর হইতে শ্রীচৈতন্য পুরুষোত্তম যাত্রা করিয়াছিলেন। কর্ম্মকার জাতীয় গোবিন্দদাস-বিরচিত কড়চায় চৈতন্যের তীর্থযাত্রার বিবরণ প্রদত্ত হইয়াছে। বর্দ্ধমানে আসিয়া, কাঞ্চননগর-নিবাসী গোবিন্দদাস, আকুল হইয়া পড়িয়াছিলেন[২৭]। জয়ানন্দের চৈতন্যমঙ্গলানুসারে, চৈতন্য, শান্তিপুর হইতে আম্বুয়ায় গিয়াছিলেন এবং আম্বুয়া হইতে গঙ্গার বাম তীর অবলম্বনে কাচমনি বেতড়া দক্ষিণে রাখিয়া, কুলীনগ্রামে উপস্থিত হইয়াছিলেন[২৮]। কড়চা অনুসারে, চৈতন্য, দামোদর পার হইয়া কাশী মিত্রের গৃহে অতিথি হইয়াছিলেন। কাশীপুর হইতে, হাজীপুর হইয়া, চৈতন্য, মেদিনীপুরের নিকটে উপস্থিত হইয়াছিলেন[২৯]; কিন্তু চৈতন্যমঙ্গলানুসারে, চৈতন্য, দেবনদ পার হইয়া, সেয়াখালা দিয়া, তমলিপ্তে (তমলুকে) উপস্থিত হইয়াছিলেন। মন্ত্রেশ্বরকূলে বিষ্ণুদর্শন করিয়া, সুবর্ণরেখা পার হইয়া, চৈতন্য, বারাসতে পৌছিয়াছিলেন[৩০]। কড়চা অনুসারে, মেদিনীপুরের নিকটে কেশব সামন্ত নামক একজন ধনী, চৈতন্যকে প্রলোভন দেখাইয়া, সন্ন্যাসমার্গ হইতে বিচলিত করিবার চেষ্টা করিয়াছিলেন। এই স্থান হইতে, চৈতন্য, নারায়ণগড়ে গিয়া, ধলেশ্বর শিব দর্শন করিয়াছিলেন। নারায়ণগড় হইতে জলেশ্বরে গিয়া চৈতন্য, বিল্বেশ্বর শিব দর্শন করিয়াছিলেন[৩১]। চৈতন্যমঙ্গলানুসারে, তিনি দাঁতন ও জলেশ্বর হইয়া, আমরদাতে উপস্থিত হইয়াছিলেন; এবং বাঁশদা ও রামচন্দ্রপুর হইয়া, রেমুণাতে গোপীনাথ ও সরোনগরে সিদ্ধেশ্বর দর্শন করিয়াছিলেন। এই স্থান হইতে শ্রীচৈতন্য, বাঙ্গালপুর দিয়া, অসুরগড় দক্ষিণে রাখিয়া, ভদ্রকে উপস্থিত হইয়াছিলেন।

(২৭) গোবিন্দদাসের কড়চা, জয়গোপাল গোস্বামী-সম্পাদিত, পৃঃ ২৮-২৯।
(২৮) পরিষদ্ গ্রন্থাবলী, ৭, পৃঃ ৯৫।
(২৯) গোবিন্দদাসের কড়চা, পৃঃ ৩০-৩৩।
(৩০) পরিষদ্ গ্রন্থাবলী, ৭, পৃঃ ৯৫-৯৬।
(৩১) গোবিন্দদাসের কড়চা, পৃঃ ৩৪-৪১।

ভদ্রক হইতে তুঙ্গদা হইয়া, তিনি জাজপুরে উপস্থিত হইয়াছিলেন। জাজপুরে বিরজা, নাভিগয়া প্রভৃতি দর্শন করিয়া, চৈতন্য, একাম্রবন বা ভুবনেশ্বরে গমন করিয়াছিলেন। পথে পুরুষোত্তমপুর, পাটনা, আমরাল পার হইয়া, কটকে রাজরাজেশ্বর দর্শন করিয়া, চৈতন্য ভুবনেশ্বরে গমন করিয়াছিলেন[৩২]। কড়চা অনুসারে, জলেশ্বর ত্যাগ করিবার পরে, স্বুবর্ণরেখাতীরে, শ্রীচৈতন্যের সহিত সপ্তগ্রাম-নিবাসী রঘুনাথদাসের সাক্ষাৎ হইয়াছিল। হরিহরপুর, বালেশ্বর ও নীলগড় হইয়া, বৈতরণী ও মহানদী পার হইয়া, চৈতন্য ভুবনেশ্বরে লিঙ্গরাজের মন্দির দর্শন করিয়াছিলেন[৩৩]। ঈশান, প্রতাপ, গঙ্গাদাস, গদাধর ও বাণেশ্বর প্রভৃতি ভক্তগণ শ্রীচৈতন্যের সহিত উৎকল যাত্রা করিয়াছিলেন[৩৪]। চৈতন্যমঙ্গলানুসারে ভুবনেশ্বর হইতে কপিলেশ্বর, কাঠতিপাড়া, কমলপুর ও আঠারনালার সেতু পার হইয়া চৈতন্য পুরুষোত্তমে উপস্থিত হইয়াছিলেন[৩৫]। পুরুষোত্তমে ধ্যানপুরী, কৃষ্ণদাস, হরিদাস, শ্যামদাস, প্রেমদাস, মোহান্ত ব্রাহ্মণ গোপীদাস, রঘুনাথদাস, নরহরি, দামোদর, গদাধর, কাশীমিশ্র, শঙ্করভারতী, পরমানন্দপুরী, দামোদর স্বামী, প্রদ্যুম্ন ব্রহ্মচারী, চিদানন্দগিরি, প্রেমানন্দ সরস্বতী ও সার্ব্বভৌম ভট্টাচার্য্য প্রভৃতি ব্যক্তিগণ শ্রীকৃষ্ণচৈতন্যের নিত্য সঙ্গী ছিলেন[৩৬]।

শ্রীচৈতন্য যখন উৎকলযাত্রা করিয়াছিলেন, তখন বাঙ্গালার সুলতান্ আলা-উদ্দীন্ হোসেন্ শাহের সহিত যুদ্ধ হইতেছিল, এইজন্য শান্তিপুরে ভক্তগণ তাঁহাকে নীলাচলযাত্রা করিতে নিষেধ করিয়াছিলেন :—

(৩২) পরিষদ্ গ্রন্থাবলী, ৭, পৃঃ ৯৬ ৯৭।
(৩৩) গোবিন্দদাসের কড়চা, পৃঃ ৪২ ৪৩।
(৩৪) ঐ, পৃঃ ২৭।
(৩৫) পরিষদ্ গ্রন্থাবলী, ৭, পৃঃ ৯৭-১০০
(৩৬) গোবিন্দদাসের কড়চা, পৃঃ ৪৫-৪৭

তথাপিহ হইয়াছে দুর্ঘট সময়।
সে রাজ্য এখনে কেহ পথে নাহি বয়॥
দুই রাজার হইয়াছে অত্যন্ত বিবাদ।
মহাযুদ্ধ স্থানে স্থানে পরম প্রমাদ॥
যাবত উৎপাত কিছু উপশম হয়।
তাবৎ বিশ্রাম কর যদি চিত্তে লয় ৩৭॥

বৃন্দাবনদাস-বিরচিত চৈতন্যভাগবতে, শ্রীচৈতন্যের উৎকলযাত্রার পথের ভিন্ন বিবরণ লিপিবদ্ধ আছে; কড়চা, জয়ানন্দের চৈতন্যমঙ্গল ও বৃন্দাবনদাসের চৈতন্যভাগবতে প্রদত্ত, চৈতন্যের উৎকলযাত্রার পথের বিবরণ একরূপ নহে। বৃন্দাবনদাস-বিরচিত চৈতন্যভাগবত অনুসারে, নিত্যানন্দ, গদাধর, মুকুন্দ, গোবিন্দ, জগদানন্দ, ও ব্রহ্মানন্দ চৈতন্যের সহিত উৎকলযাত্রা করিয়াছিলেন। চৈতন্য আটিসারা গ্রামে অনন্ত নামক সাধুর অতিথি হইয়াছিলেন এবং তথা হইতে গঙ্গাতীরে ছত্রভোগে অম্বুলিঙ্গ ঘাটে গমন করিয়াছিলেন। ছত্রভোগের গ্রামপতি রামচন্দ্র খাঁ চৈতন্যকে নীলাচলযাত্রা করিতে নিষেধ করিয়াছিলেন:—

হইয়াছে বিষম সময়।
সে দেশে এ দেশে কেহো পথ নাহি বয়॥
রাজারা ত্রিশূল পুঁতিয়াছে স্থানে স্থানে।
পথিক পাইলে 'জাশু' বলি লয় প্রাণে॥
কোন্ দিগদিয়া বা পাঠাও লুকাইয়া।
তাহাতে ডরাও প্রভু! শুন মন দিয়া॥
মুঞি সে নস্কর, এথাকার মোর ভার।

(৩৭) চৈতন্যভাগবত, অন্ত্যখণ্ড, দ্বিতীয় অধ্যায়, পৃঃ ৩৮১।

নাগালি পাইলে, আগে সংশয় আমার ॥
তথাপিহ যেতে কেনে প্রভু মোর নয়।
যে তোমার আজ্ঞা তাহা করিমু নিশ্চয় ॥
যদি মোরে 'ভৃত্য' হেন জ্ঞান থাকে মনে।
তবে এথা ভিক্ষা কর' সর্ব্ব'গণে ॥
জাতি প্রাণ ধন কেনে মোহোর না যায়।
আজি রাত্রো তোমা' পাঠাইমু সর্ব্বথায় ॥

এই স্থান হইতে শ্রীচৈতন্য নৌকাযোগে উৎকল দেশে প্রয়াগঘাটে উপস্থিত হইয়াছিলেন। সুবর্ণরেখা পার হইয়া, জলেশ্বর, বাঁসধা, রেমুণা জাজপুর হইয়া, কটকে সাক্ষিগোপাল দেখিয়া, চৈতন্য ভুবনেশ্বর উপস্থিত হইয়াছিলেন[৩৮]। এই বিষয়ে গোবিন্দদাসের কড়চার সহিত বৃন্দাবনদাসের চৈতন্যভাগবতের ঐক্য দেখিতে পাওয়া যায়। জয়ানন্দের চৈতন্যমঙ্গলানুসারে, পুরুষোত্তম নগরের পথে, রাজা প্রতাপরুদ্রদেবের সহিত চৈতন্যদেবের সাক্ষাৎ হইয়াছিল, প্রতাপরুদ্র ও তাঁহার পত্নী চন্দ্রকলা চৈতন্যদেবের চরণ বন্দনা করিয়াছিলেন[৩৯]। বৃন্দাবনদাস-বিরচিত চৈতন্যভাগবতানুসারে চৈতন্য যখন প্রথমবার পুরুষোত্তমে গমন করিয়াছিলেন, তখন প্রতাপরুদ্রদেব, বিজয়নগরের হিন্দুরাজ্যের বিরুদ্ধে, যুদ্ধযাত্রা করিয়াছিলেন। সেইবার কিছুদিন নীলাচলে বাস করিয়া শ্রীচৈতন্য পুনরায় গৌড়দেশে ফিরিয়া আসিয়াছিলেন[৪০]। জয়ানন্দের চৈতন্যমঙ্গলানুসারে শ্রীচৈতন্য প্রতাপরুদ্রদেবের সহিত সাক্ষাতের পরে পুরুষোত্তম

(৩৮) চৈতন্যভাগবত, অন্ত্যখণ্ড, দ্বিতীয় অধ্যায়, পৃঃ ৩৮২-৮৭।
(৩৯) পরিষদ্ গ্রন্থাবলী, ৭, পৃঃ ১০৩।
(৪০) চৈতন্যভাগবত, অন্ত্যখণ্ড, তৃতীয় অধ্যায়, পৃঃ ৪১২।

পরিত্যাগ করিয়া, দক্ষিণাপথ যাত্রা করিয়াছিলেন৪১। গোবিন্দদাসের কড়চা অনুসারে, তিন মাস কাল পুরুষোত্তমে বাস করিয়া, বৈশাখ মাসের সপ্তম দিবসে, শ্রীচৈতন্য দক্ষিণাপথ যাত্রা করিয়াছিলেন৪২। শ্রীচৈতন্য, কড়চা-রচয়িতা গোবিন্দদাস ব্যতীত কাহাকেও সঙ্গে লইয়া যান নাই। জয়ানন্দের চৈতন্যমঙ্গলানুসারে, চৈতন্য "মহানৈ" (মহানদী?) পার হইয়া, কাটাতিপাড়া বামে রাখিয়া, জিয়ড় পর্ব্বতে প্রবেশ করিয়াছিলেন। এই স্থানে নৃসিংহ দর্শন করিয়া, শ্রীচৈতন্য পুরীগোসাইঁ ও রামানন্দ রায়ের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন৪৩। গোবিন্দদাসের কড়চা অনুসারে, পুরী ত্যাগ করিয়া, শ্রীচৈতন্য গোদাবরীতীরে যাত্রা করিয়াছিলেন এবং তথায় তাঁহার সহিত রামানন্দ রায়ের সাক্ষাৎ হইয়াছিল৪৪। জয়ানন্দের চৈতন্য-মঙ্গলানুসারে, গোদাবরী পার হইয়া, চৈতন্য পঞ্চবটীতে জনৈক তেলেঙ্গা-ব্রাহ্মণের গৃহে অতিথি হইয়াছিলেন এবং কাবেরী নদীর জলে স্নান করিয়া, ত্রিমন্দনাথে গমন করিয়াছিলেন৪৫। কড়চা অনুসারে রামানন্দ রায়ের নিকট বিদায় লইয়া, চৈতন্য ত্রিমন্দনগরে গমন করিয়াছিলেন৪৬। শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেনের মতানুসারে ত্রিমন্দের বর্ত্তমান নাম ত্রিমলগড়া এবং ইহা নিজামের রাজ্যে অবস্থিত৪৭। ত্রিমন্দে, শ্রীচৈতন্য, বৌদ্ধগণের সহিত বিচার করিয়াছিলেন এবং বিচারে বৌদ্ধ-পণ্ডিতগণ পরাজিত হইয়াছিলেন। বৌদ্ধগণের অধিপতি, রামগিরি রায় (অর্থাৎ রামগিরির রাজা) চৈতন্যের

---

(৪১) পরিষদ্ গ্রন্থাবলী, ৭, পৃঃ ১০৩।
(৪২) গোবিন্দদাসের কড়চা পৃঃ ৪৭।
(৪৩) পরিষদ্ গ্রন্থাবলী, ৭, পৃঃ ১০৩।
(৪৪) গোবিন্দদাসের কড়চা, পৃঃ ৪৯।
(৪৫) পরিষদ্ গ্রন্থাবলী, ৭, পৃঃ ১০৩।
(৪৬) গোবিন্দদাসের কড়চা, পৃঃ ৫২।
(৪৭) History of the Bengali Language and Literature, p. 434.

নিকট দীক্ষা ভিক্ষা করিয়াছিলেন। এইস্থানে তুঙ্গভদ্রাবাসী ঢুণ্ডিরাম-তীর্থ শ্রীচৈতন্যের সহিত বিচার করিতে আসিয়াছিলেন এবং অবশেষে তৎকর্তৃক দীক্ষিত হইয়াছিলেন[৪৮]। শ্রীচৈতন্য, ত্রিমন্দ হইতে পন্থগুহা যাত্রা করিয়াছিলেন এবং তথা হইতে, বর্ত্তমান কড়পার নিকটে অবস্থিত, সিদ্ধবটেশ্বর তীর্থে গমন করিয়াছিলেন। এইস্থানে তীর্থরাম নামক একজন ধনবান যুবক, লক্ষীবাই ও সত্যবাই নাম্নী দুইটি বেশ্যার সহিত আসিয়া, চৈতন্যদেবকে বিচলিত করিবার চেষ্টা করিয়াছিল[৪৯]। তীর্থরামকে উদ্ধার করিয়া চৈতন্য বটেশ্বর ত্যাগ করিয়াছিলেন এবং দশক্রোশ ব্যাপী অরণ্য পার হইয়া মুন্নানগরে উপস্থিত হইয়াছিলেন[৫০]। মুন্না হইতে শ্রীচৈতন্য বেঙ্কটনগরে উপস্থিত হইয়াছিলেন[৫১]। শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেনের মতানুসারে, বেঙ্কটনগর, মাদ্রাজ প্রদেশে, ত্রিপদীর নিকটে অবস্থিত[৫২]। এইখানে রামানন্দ পণ্ডিত নামক একজন অদ্বৈতবাদী দীক্ষিত হইয়াছিলেন[৫৩]। বেঙ্কটনগর হইতে বগুলা নামক অরণ্যে গমন করিয়া পন্থভীল নামক একজন দস্যুকে দীক্ষা প্রদান করিয়াছিলেন[৫৪]। বগুলা অরণ্য হইতে, শ্রীচৈতন্য গিরীশ্বর নামক শিবলিঙ্গ দর্শন করিতে গমন করিয়াছিলেন এবং তথা হইতে ত্রিপদী নগরে গমন করিয়াছিলেন। ত্রিপদী নগরে মথুরা নামক একজন রামায়তের সহিত চৈতন্যের বিচার হইয়াছিল[৫৫]।

---

(৪৮) গোবিন্দদাসের কড়চা, পৃঃ ৫৩-৫৪।
(৪৯) ঐ, পৃঃ ৫৫-৫৬।
(৫০) ঐ, পৃঃ ৬২।
(৫১) ঐ, পৃঃ ৬৬।
(৫২) History of the Bengali Language and Literature, p. 434.
(৫৩) গোবিন্দদাসের কড়চা, পৃঃ ৬৬-৬৭।
(৫৪) ঐ, পৃঃ ৬৮-৭০।
(৫৫) ঐ পৃঃ ৭০-৭৭।

ত্রিপদী নগর হইতে, পানানরসিংহ দর্শন করিয়া, শ্রীচৈতন্য বিষ্ণুকাঞ্চী গমন করিয়াছিলেন[৫৬]। কাঞ্চীপুর হইতে ছয়ক্রোশ দূরে ত্রিকালেশ্বর শিব দর্শন করিয়া, তীর্থভদ্রা নদীতে স্নান করিয়া, পঞ্চক্রোশ দূরে অবস্থিত কালতীর্থে, বরাহমূর্ত্তি দর্শন করিতে গমন করিয়াছিলেন[৫৭]। কালতীর্থ হইতে পঞ্চক্রোশ দূরে, নন্দা ও ভদ্রা নদীর সঙ্গমস্থলে, সন্ধিতীর্থে স্নান করিয়া, শ্রীচৈতন্য, তথায় সদানন্দপুরীনামক অদ্বৈতবাদীকে তর্কে পরাজিত করিয়া, দীক্ষা প্রদান করিয়াছিলেন [৫৮]। সন্ধিতীর্থ হইতে, শ্রীচৈতন্য, চাঁইপল্লীতীর্থে (বর্ত্তমান ত্রিচিঙ্গপল্লী) গমন করিয়াছিলেন। এইস্থানে সিদ্ধেশ্বরী ও শৃগালী নামক দুই ভৈরবীকে দর্শন করিয়া, চৈতন্য কাবেরী নদীতে স্নান করিয়া, সমুদ্রতীরবর্ত্তী নাগর-নগরে গমন করিয়াছিলেন এবং তথা হইতে সপ্তক্রোশ দূরে অবস্থিত তাঞ্জোর নগরে গমন করিয়াছিলেন[৫৯]। তাঞ্জোরে শ্রীচৈতন্য ধলেশ্বর নামক জনৈক বৈষ্ণব ব্রাহ্মণের গৃহে অতিথি হইয়াছিলেন। তাঞ্জোর হইতে, তিনি চণ্ডালু পর্ব্বতে গমন করিয়াছিলেন, সেই স্থানে জয়সিংহ নামে এক রাজা ছিলেন[৬০]। বন ত্যাগ করিয়া পদ্মকোট তীর্থে অষ্টভুজা ভগবতী দর্শন করিয়া, শ্রীচৈতন্য ত্রিপাত্র নগরে উপস্থিত হইয়াছিলেন[৬১]। সেই স্থানে এক সপ্তাহ বাস করিয়া পঞ্চাশ যোজনব্যাপী ঝারিবন নামক অরণ্য পার হইয়া তিনি রঙ্গধাম বা শ্রীরঙ্গপট্টনে উপস্থিত হইয়াছিলেন[৬২]।

---

(৫৬) গোবিন্দদাসের কড়চা, পৃঃ ৭৭-৭৯।
(৫৭) ঐ, পৃঃ ৭৯-৮০।
(৫৮) ঐ, পৃঃ ৮০-৮১।
(৫৯) ঐ, পৃঃ ৮১-৮৫।
(৬০) ঐ, পৃঃ ৮৬-৮৮।
(৬১) ঐ, পৃঃ ৮৯-৯৩।
(৬২) ঐ, পৃঃ ৯৬-৯৯।

শ্রীরঙ্গপট্টনে, নরসিংহদেবের মূর্ত্তি দর্শন করিয়া শ্রীচৈতন্য, ঋষভ পর্ব্বত ও রামনাথ নগর হইয়া, রামেশ্বর তীর্থে উপস্থিত হইয়াছিলেন[৬৩]। রামেশ্বর দর্শন করিয়া, তিনদিন সেতুবন্ধে বাস করিয়া, এবং সাতদিন ধরিয়া মাধ্বীবন পার হইয়া, তিনি তত্ত্বকুণ্ডী তীর্থে স্নান করিয়াছিলেন[৬৪]। তথা হইতে তাম্রপর্ণী গিয়া, নদীতীরে মাঘীপূর্ণিমার দিন উক্ত নদীতে স্নান করিয়াছিলেন এবং এক পক্ষকাল বাস করিয়াছিলেন[৬৫]। তাম্রপর্ণী নদী হইতে, চৈতন্য সমুদ্রতীরবর্ত্তী কন্যাকুমারিকায় গমন করিয়াছিলেন এবং তথা হইতে পর্ব্বত ভেদ করিয়া, ত্রিবঙ্কুর দেশে গমন করিয়াছিলেন[৬৬]। সেই দেশের রাজার নাম রুদ্রপতি[৬৭]। ত্রিবঙ্কুর হইতে রামগিরি দর্শন করিয়া, চৈতন্য, পয়োষ্ণি নগরে (বর্ত্তমান নাম পানানি) গমন করিয়াছিলেন। এইস্থানে শিব-নারায়ণ দর্শন করিয়া ও শৃঙ্গেরীর মঠে বিচার করিয়া চৈতন্য, মৎস্যতীর্থে গমন করিয়াছিলেন[৬৮]। মৎস্যতীর্থ হইতে, কাচাড়ে ভগবতী দর্শন করিয়া, চৈতন্য ভদ্রানদীতে স্নান করিয়াছিলেন এবং তথা হইতে নাগপঞ্চপদীতে, গমন করিয়া, ত্রিরাত্রি অবস্থান করিয়াছিলেন[৬৯]। নাগপঞ্চপদী হইতে তিনি পর্ব্বত পার হইয়া, চিতোলে (বর্ত্তমান নাম চিতল দুর্গ) গমন করিয়াছিলেন[৭০]। চিতোল হইতে, তুঙ্গভদ্রায় স্নান করিয়া এবং কাবেরীর

(৬৩) গোবিন্দদাসের কড়চা, পৃঃ ৯৯-১০১।
(৬৪) ঐ, পৃঃ ১০৪-৫।
(৬৫) ঐ, পৃঃ ১০৫।
(৬৬) ঐ, পৃঃ ১০৪-৮।
(৬৭) ঐ, পৃঃ ১০৮।
(৬৮) ঐ, পৃঃ ১০৮-১৬।
(৬৯) ঐ, পৃঃ ১১৬।
(৭০) ঐ; History of the Bengali Language and Literature p. 435.

জন্মস্থান, কোটিগিরি দর্শন করিয়া, তিনি চণ্ডপুর নগরে উপস্থিত হইয়াছিলেন; এইস্থানে তাঁহার সহিত ঈশ্বর ভারতীর সাক্ষাৎ হইয়াছিল[৭১]। চণ্ডপুর হইতে দুই দিন দুই রাত্রি ধরিয়া পর্ব্বত পার হইয়া, নীলগিরি পার হইয়া, চৈতন্য, গুর্জ্জরীনগরে উপস্থিত হইয়াছিলেন[৭২]। শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেনের মতানুসারে, গুর্জ্জরীনগর, বর্ত্তমান হয়দরাবাদের নিকটে অবস্থিত[৭৩]। গুর্জ্জরী হইতে বিজাপুর পর্ব্বত পার হইয়া চৈতন্য, পূর্ণনগরে বা পুণায় উপস্থিত হইয়াছিলেন[৭৪]। পুণা হইতে, পার্ব্বত্য-পথে শ্রীচৈতন্য, ভোলেশ্বরে গমন করিয়াছিলেন এবং তথা হইতে জিজুরীনগরে গমন করিয়াছিলেন[৭৫]। এইস্থানে খাণ্ডবাদেবের মন্দিরে, দেবদাসী মুরারিগণকে উদ্ধার করিয়া, চৈতন্য, চোরানন্দীবনে গমন করিয়াছিলেন[৭৬]। তথায় নারোজী নামক একজন দস্যু সদলে দীক্ষিত হইয়াছিল[৭৭]। এই বন হইতে, শ্রীচৈতন্য, খণ্ডলাভিমুখে যাত্রা করিয়াছিলেন এবং মূলানদী পার হইয়া, নাসিক নগরে উপস্থিত হইয়াছিলেন[৭৮]। নাসিক হইতে, পঞ্চবটী দেখিয়া, সুরঠরাজ্যে অষ্টভুজা মূর্ত্তি দর্শন করিয়াছিলেন[৭৯]। তথা হইতে তাপতী নদীতে স্নান করিয়া ও বামনের মূর্ত্তি দর্শন করিয়া, নর্ম্মদাতীরে, ভরোচ নগরে গমন করিয়াছিলেন[৮০]।

---

(৭১) গোবিন্দদাসের কড়চা, পৃঃ ১১৬-১৭।
(৭২) ঐ, পৃঃ ১২২-২৭।
(৭৩) History of the Bengali Language and Literature p. 435.
(৭৪) গোবিন্দদাসের কড়চা, পৃঃ ১৩২-৩৩।
(৭৫) ঐ, পৃঃ ১৩৮-৪০।
(৭৬) ঐ, পৃঃ ১৪০-৪৩।
(৭৭) ঐ, পৃঃ ১৪৪-৪৮।
(৭৮) ঐ, পৃঃ ১৪৯-৫১।
(৭৯) ঐ, পৃঃ ১৫৩-৫৪।
(৮০) ঐ, পৃঃ ১৫৫-৫৭।

নর্ম্মদায় স্নান করিয়া চৈতন্যদেব বরোদা নগরে গমন করিয়াছিলেন এইস্থানে তিনদিন পরে নারোজীর মৃত্যু হইয়াছিল[৮১]। বরোদা হইতে, মহানদী পার হইয়া, তিনি আহ্‌মদাবাদ নগরে গমন করিয়াছিলেন এবং শুভ্রামতী নদীতীরে (বর্ত্তমান নাম শবরমতী) তাঁহার সহিত গোবিন্দচরণ ও রামানন্দ নামক দুইজন বাঙ্গালীর সাক্ষাৎ হইয়াছিল[৮২]। এই স্থান হইতে ঘোঘাগ্রামে গমন করিয়া চৈতন্যদেব বারমুখী নাম্নী এক বেশ্যাকে উদ্ধার করিয়াছিলেন[৮৩]। ঘোঘা হইতে, নয়দিন চলিয়া, তাঁহারা সোমনাথপট্টনে উপস্থিত হইয়াছিলেন এবং জুনাগড় গির্ণার পর্ব্বত, ভদ্রনদী প্রভৃতি পার হইয়া, প্রভাসতীর্থে উপস্থিত হইয়াছিলেন[৮৪]। আশ্বিন মাসের প্রথম দিবসে, তাঁহারা দ্বারকায় উপস্থিত হইয়াছিলেন এবং এক পক্ষকাল বাস করিয়া, পুরুষোত্তমাভিমুখে যাত্রা করিয়াছিলেন[৮৫]। তাঁহারা, আশ্বিনের শেষ দিনে, বরোদায় আসিয়াছিলেন এবং ষোড়শ দিবস পরে, নর্ম্মদাতীরে উপস্থিত হইয়াছিলেন[৮৬]। এই স্থান হইতে দোহদ, কুক্ষি, আমঝোরা, মন্দুরা, মণ্ডল, দেবঘর, শিবানী, চণ্ডীপুর ও রায়পুর হইয়া শ্রীচৈতন্য বিদ্যানগরে উপস্থিত হইয়াছিলেন এবং রত্নপুর, স্বর্ণগড়, সম্বলপুর, ভ্রমরা, দাসপাল ও আল্লালনাথ হইয়া মাঘমাসের তৃতীয় দিবসে (১৫১১ খৃষ্টাব্দে) শ্রীচৈতন্যদেব পুরীতে আসিয়া পৌছিয়াছিলেন[৮৭]।

(৮১) গোবিন্দদাসের কড়চা, পৃঃ ১৫৮-৫৯।
(৮২) ঐ, পৃঃ ১৬০-৬৪।
(৮৩) ঐ, পৃঃ ১৬৫-৭০।
(৮৪) ঐ, পৃঃ ১৭৩-৮৭।
(৮৫) ঐ, পৃঃ ১৮৯-৯৩।
(৮৬) ঐ, পৃঃ ১৯৭।
(৮৭) ঐ, পৃঃ ১৯৭-২১৪।

দীক্ষার পরে, শ্রীচৈতন্য বৃন্দাবন যাইতে, গৌড়ে উপস্থিত হইয়াছিলেন এবং কুলিয়া গ্রাম হইতে, গৌড়ের নিকটে অবস্থিত, রামকেলি নগরে উপস্থিত হইয়াছিলেন। এই সময়ে আলা-উদ্দীন্ হোসেন শাহ্ গৌড়ের অধিপতি ছিলেন। তিনি, চৈতন্যের গৌড়ে আগমনের কথা শুনিয়া, কেশব খাঁকে তাঁহার কথা জিজ্ঞাসা করিয়াছিলেন। হোসেন্ শাহ্ কেশব খাঁকে বলিয়াছিলেন :—

"সর্ব্বলোক লই সুখে করুন কীর্ত্তন।
কি বিরলে থাকুন, যে লয় তাঁর মন॥
কাজী বা কোটাল বা তাঁহাকে কোনো জনে।
কিছু বলিলেই তার লইমু জীবনে॥"[৮৮]

কথিত আছে যে, শ্রীচৈতন্য যখন নবদ্বীপে নগর-সঙ্কীর্ত্তন আরম্ভ করেন, তখন ভট্টাচার্য্যগণ নবদ্বীপের কাজীকে সঙ্কীর্ত্তন-যাত্রা নিষেধ করিতে অনুরোধ করিয়াছিলেন। সেই দিন সন্ধ্যাকালে, কাজী নগর-সঙ্কীর্ত্তন দেখিয়া মুগ্ধ হইয়াছিলেন[৮৯]। কৃষ্ণদাস-রচিত চৈতন্য-চরিতামৃতানুসারে, নবদ্বীপের মুসলমানগণ ক্রুদ্ধ হইয়া, কাজীকে সঙ্কীর্ত্তন-যাত্রা রহিত করিতে অনুরোধ করিয়াছিলেন[৯০]।

জয়ানন্দ-রচিত চৈতন্যমঙ্গলানুসারে গৌড়েশ্বর হোসেন্ শাহ্ এক সময় শুনিয়াছিলেন যে, প্রবাদানুসারে নবদ্বীপের ব্রাহ্মণগণ মুসলমান রাজ্য ধ্বংস করিয়া, হিন্দুরাজ্য প্রতিষ্ঠা করিবে এবং গৌড় নগর অধিকার করিবে :—

---

(৮৮) বৃন্দাবনদাসের চৈতন্যভাগবত, অন্ত্যখণ্ড, চতুর্থ অধ্যায়, পৃঃ ৪২৩-২৫।
(৮৯) History of the Bengali Language and Literature, p. 431.
(৯০) চৈতন্যচরিতামৃত, আদিলীলা, সপ্তম পরিচ্ছেদ, পৃঃ ৭৪।

গৌড়েশ্বর বিদ্যমানে দিল মিথ্যা বাদ।
নবদ্বীপ-বিপ্র তোমার করিব প্রমাদ ॥
গৌড়ে ব্রাহ্মণ রাজা হব হেন আছে।
নিশ্চিন্তে না থাকহ প্রমাদ হব পাছে ॥
নবদ্বীপে ব্রাহ্মণ অবশ্য হব রাজা।
গন্ধর্ব্বে লিখন আছে ধনুর্ম্ময় প্রজা ॥

বাদ্‌শাহের আদেশে পিরুল্যাগ্রামবাসী মুসলমানগণ নবদ্বীপবাসী ব্রাহ্মণগণের উপরে ভীষণ অত্যাচার আরম্ভ করিয়াছিলেন :—

নবদ্বীপে শঙ্খধ্বনি শুনে জার ঘরে।
ধনপ্রাণ লয় তার জাতি নাশ করে ॥
কপালে তিলক দেখে যজ্ঞসূত্র কান্ধে।
ঘর দ্বার লোটে তার লৌহপাশে বান্ধে।
দেউল দেহরা ভাঙ্গে উপাড়ে তুলসী।
প্রাণভয়ে স্থির নহে নবদ্বীপবাসী ॥
গঙ্গাস্নান বিরোধিল হাট ঘাট যত।
অশ্বত্থ পনস বৃক্ষ কাটে শত শত ॥
পিরল্যা গ্রামেতে বৈসে যতেক যবন।
উচ্ছন্ন করিল নবদ্বীপের ব্রাহ্মণ ॥[২১]

চৈতন্যদেবের জীবনের অবশিষ্টাংশ বৃন্দাবনে ও পুরুষোত্তমে অতিবাহিত হইয়াছিল[২২]। তিনি একবার উজ্জ্বলজ্যোৎস্নালোকিত সমুদ্রতরঙ্গ দর্শনে যমুনাভ্রমে উদধিজলে লম্ফপ্রদান করিয়াছিলেন[২৩]। কেহ

---

(২১) পরিষদ্ গ্রন্থাবলী, ৭, পৃঃ ১১।
(২২) চৈতন্যচরিতামৃত, আদিলীলা, ত্রয়োদশ পরিচ্ছেদ, পৃঃ ৫৯।
(২৩) ঐ, অন্ত্যলীলা, অষ্টাদশ পরিচ্ছেদ, পৃঃ ৩৬৬।

কেহ অনুমান করেন যে, এই সময়েই তাঁহার জীবনান্ত হইয়াছিল ; কিন্তু তাহা সত্য নহে, কারণ একজন ধীবর সমুদ্রগর্ভ হইতে, শ্রীচৈতন্যকে জালে উত্তোলন করিয়াছিল এবং তাঁহার চেতনা ফিরিয়াছিল[২৪]। জয়ানন্দ-রচিত চৈতন্যমঙ্গলানুসারে, পদতলে ইষ্টকখণ্ডের আঘাতে যে ক্ষত হইয়াছিল, তাহার জন্যই চৈতন্যদেবের মৃত্যু হইয়াছিল[২৫]। প্রবাদানুসারে, অপার্থিব পদার্থ-নির্ম্মিত শ্রীচৈতন্যের দেহ, নিম্বকাষ্ঠ-নির্ম্মিত গোপীনাথ অথবা জগন্নাথের মূর্ত্তিতে লীন হইয়াছিল[২৬]। অপ্রিয়কথা বলিয়া, বৈষ্ণব গ্রন্থকারগণ, শ্রীচৈতন্যের তিরোভাবের বিশদ বিবরণ লিপিবদ্ধ করেন নাই। লোচনদাস-বিরচিত চৈতন্যমঙ্গলানুসারে শ্রীকৃষ্ণচৈতন্যের তিরোভাবের অব্যবহিত পরে, তাঁহার দেহ পুরুষোত্তম-মন্দিরমধ্যে নীত হইয়াছিল এবং গর্ভগৃহে বা অন্তরালে, পাষাণাচ্ছাদনের নিম্নে, সমাহিত হইয়াছিল[২৭]। অষ্টচত্বারিংশ বর্ষ বয়ঃক্রমকালে, আষাঢ়ের শুক্লা সপ্তমীতে, রবিবারের তৃতীয় প্রহরে, ১৪৫৫ শকাব্দে (জুলাই ১৫৩৪ খৃষ্টাব্দে), শ্রীকৃষ্ণচৈতন্যের তিরোভাব হইয়াছিল[২৮]।

চৈতন্যদেবের পারিষদবর্গের মধ্যে গৃহী অদ্বৈতাচার্য্য ও সন্ন্যাসী নিত্যানন্দ সর্ব্বপ্রধান। ১৪৭৩ খৃষ্টাব্দে বীরভূম জেলার অন্তর্গত একচক্রা গ্রামে নিত্যানন্দের জন্ম হইয়াছিল। তাঁহার পিতার নাম হাড়াই ওঝা ও পিতামহের নাম সুন্দরমল্ল। তিনি বর্দ্ধমান জেলার অন্তর্গত

(২৪) চৈতন্যচরিতামৃত অন্ত্যলীলা, অষ্টাদশ পরিচ্ছেদ, পৃঃ ৩৬৭।

(২৫) পরিষদ্ গ্রন্থাবলী, ৭, পৃঃ ১৫০।

(২৬) History of the Bengali Language and Literature, pp. 472-73.

(২৭) Ibid, p. 474.

(২৮) Ibid, p. 439 ; চৈতন্যচরিতামৃত, আদিলীলা, ত্রয়োদশ পরিচ্ছেদ, পৃঃ ৫৯।

অম্বিকানগরের নিকটবর্ত্তী শালিগ্রাম-নিবাসী সূর্য্যদাস সরখেলের দুই কন্যাকে বিবাহ করিয়াছিলেন[৯৯]। অদ্বৈতাচার্য্যের প্রকৃত নাম কমলাকর চক্রবর্ত্তী। ১৪৩৪ খৃষ্টাব্দে তাঁহার জন্ম হইয়াছিল এবং তিনি ১৫৫৭ খৃষ্টাব্দ পর্য্যন্ত জীবিত ছিলেন। তাঁহার পত্নীর নাম সীতাদেবী। তাঁহার পিতার নাম কুবের পণ্ডিত এবং তাঁহার পিতামহ নরসিংহ নাড়িয়াল, রাজা গণেশের প্রধান মন্ত্রী ছিলেন[১০০]। অদ্বৈতের অনেক-গুলি জীবনী রচিত হইয়াছিল :—

১। লাউড়-নিবাসী কৃষ্ণদাস-বিরচিত বাল্যলীলাসূত্র; কৃষ্ণদাস অদ্বৈতের সমসাময়িক ব্যক্তি ছিলেন।

২। শ্যামদাস-বিরচিত অদ্বৈতমঙ্গল, ইহা অদ্বৈতাচার্য্যের মৃত্যুর শতবর্ষ পরে রচিত হইয়াছিল।

৩। ঈশাননাগর বিরচিত অদ্বৈতপ্রকাশ, ১৫৬১ খৃষ্টাব্দে এই গ্রন্থ সমাপ্ত হইয়াছিল।

৪। হরিচরণদাস-রচিত অদ্বৈতমঙ্গল, ইহা অদ্বৈতাচার্য্যের মৃত্যুর অব্যবহিত পরে লিখিত হইয়াছিল।

৫। নরহরিদাস-বিরচিত অদ্বৈতবিলাস, ইহা খৃষ্টীয় সপ্তদশ শতাব্দীর শেষভাগে রচিত হইয়াছিল[১]।

সপ্তগ্রামের রাজা গোবর্দ্ধনদাসের পুত্র, রঘুনাথদাস, ১৪৯৮ খৃষ্টাব্দে, জন্মগ্রহণ করিয়াছিলেন। গোবর্দ্ধনদাসের বার্ষিক আয় বিংশতিলক্ষ মুদ্রা, তন্মধ্যে দ্বাদশলক্ষ মুদ্রা মুসলমান রাজাকে রাজস্ব দিতে হইত। সপ্তগ্রামে, রঘুনাথদাসের সহিত, হরিদাস ঠাকুরের সাক্ষাৎ হইয়াছিল এবং

---

(৯৯) History of the Bengali Language and Literature, p. 495.

(১০০) Ibid, pp. 495-96.

(১) Ibid, pp. 496-97.

সেই সময় হইতে তাঁহার চিত্তবিকার হইয়াছিল। তিনি শান্তিপুরে দুইবার চৈতন্যদেবের সাক্ষাৎ পাইয়াছিলেন এবং তাঁহার আদেশে, গৃহে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন। বিবাহের পরে, রঘুনাথদাস, রাত্রিযোগে শাক্যবুদ্ধের ন্যায়, গৃহত্যাগ করিয়া, পুরুষোত্তমে চৈতন্যদেবের নিকটে গিয়াছিলেন[২]। হোসেন্ শাহের প্রিয় অমাত্য রূপ ও সনাতনের সংসার-ত্যাগের বিবরণ পূর্ব্ববর্ত্তী পরিচ্ছেদে লিপিবদ্ধ হইয়াছে[৩]। সনাতন ১৪৮৪ খৃষ্টাব্দে জন্মগ্রহণ করিয়াছিলেন এবং ১৫৫৮ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যু হইয়াছিল[৪]। ১৪৯০ খৃষ্টাব্দে রূপগোস্বামীর আবির্ভাব হইয়াছিল এবং ১৫৬৩ খৃষ্টাব্দে তাঁহার তিরোভাব হইয়াছিল[৫]। জশোর জেলায় (মতান্তরে রাঢ়দেশে), বুঢ়ন গ্রামে যবন হরিদাসের জন্ম হইয়াছিল এবং ১৫৩৪ খৃষ্টাব্দে পুরুষোত্তমে তাঁহার মৃত্যু হইয়াছিল[৬]। ৺রজনী-কান্ত চক্রবর্ত্তী মহাশয় লিপিবদ্ধ করিয়া গিয়াছেন যে, হরিদাস ভাট-কলাগাছি গ্রামে জন্মগ্রহণ করিয়াছিলেন, তাঁহার পিতার নাম মনোহর ও মাতার নাম উজ্জ্বলা, ইঁহারা জাতিতে ভাটব্রাহ্মণ ছিলেন। অল্প বয়সে জনক-জননীর মৃত্যু হইলে, এক মুসলমান হরিদাসকে পালন করিয়াছিল[৭]। হরিদাস মুসলমান ধর্ম্ম পরিত্যাগ করিয়াছিলেন বলিয়া, গৌড়দেশের মুসলমানগণ তাঁহার প্রতি বহু অত্যাচার করিয়াছিলেন। হরিদাস বুঢ়নগ্রাম ত্যাগ করিয়া, শান্তিপুরের নিকটে ফুলিয়াগ্রামে

---

(২) Ibid, pp. 500-3.
(৩) পূর্ব্বে ২৪৪-৪৫ পৃষ্ঠা দ্রষ্টব্য।
(৪) History of the Bengali Language and Literature, p. 504.
(৫) Ibid.
(৬) Ibid, p. 510.
(৭) গৌড়ের ইতিহাস, ২য় খণ্ড, পৃঃ ১৩৮।

আসিয়া বাস করিয়াছিলেন। মুসলমান হইয়া ধর্ম্মত্যাগ করিয়াছিলেন বলিয়া, একজন কাজী তাঁহার বিরুদ্ধে "মুলুকপতির" (মালিক্? ইক্তাদার?) নিকট অভিযোগ করিয়াছিলেন। তাঁহার আদেশে, হরিদাস বন্দী হইয়াছিলেন। কাজীর অনুরোধে, মুলুকপতির আদেশে পাইকগণ বাইশবাজারে হরিদাসের পৃষ্ঠে কশাঘাত করিয়াছিল, তথাপি তিনি হরিনাম পরিত্যাগ করেন নাই[৮]।

১৪৭৮ খৃষ্টাব্দে নরহরি সরকারের জন্ম হইয়াছিল। নরহরির জ্যেষ্ঠ ভ্রাতা, মুকুন্দদাস হোসেন্ শাহের চিকিৎসক ছিলেন। ইঁহারা বৈদ্যজাতীয় এবং বর্দ্ধমান জেলায়, শ্রীখণ্ডে ইঁহাদিগের নিবাস ছিল। নরহরির ভ্রাতুষ্পুত্র রঘুনন্দন, চৈতন্যদেবের অত্যন্ত প্রিয়পাত্র ছিলেন। ১৫৪০ খৃষ্টাব্দে নরহরির তিরোভাব হইয়াছিল[৯]। কুলীনগ্রামবাসী শিবানন্দ সেন, চৈতন্যদেবের সময়ে যে সমস্ত যাত্রী জগন্নাথ দর্শনে যাইতেন, তাঁহাদিগের ব্যয় নির্ব্বাহ করিয়া সঙ্গে লইয়া যাইতেন[১০]। শ্রীহট্টনিবাসী মুরারি গুপ্ত চৈতন্যদেবের সহপাঠী, ইনি গঙ্গাদাস পণ্ডিতের চতুষ্পাঠীতে অধ্যয়ন করিয়াছিলেন। ১৪৩৫ শকাব্দে (১৫১৩ খৃষ্টাব্দে), মুরারি গুপ্ত চৈতন্যদেবের যে জীবনী রচনা করিয়াছিলেন, তাহা এখন মুরারি গুপ্তের কড়চা নামে প্রসিদ্ধ[১১]। বর্দ্ধমান জেলার শালীগ্রাম-নিবাসী গৌরীদাস পণ্ডিত, কালনার নিকটে অম্বিকানগরে থাকিয়া, সাধন-ভজন করিতেন। চৈতন্যদেব ইঁহাকে একখানি বৈঠা ও একখানি গীতা দিয়াছিলেন। গৌরীদাস পণ্ডিত সর্ব্বপ্রথমে শ্রীচৈতন্য ও নিত্যানন্দের

---

(৮) চৈতন্য ভাগবত, আদিখণ্ড, একাদশ অধ্যায়, পৃঃ ১১৯-২৩।

(৯) গৌড়ের ইতিহাস, ২য় খণ্ড, পৃঃ ১৪১।

(১০) ঐ।

(১১) ঐ, পৃঃ ১৪২।

মূর্ত্তি নির্ম্মাণ করিয়াছিলেন[১২]। জশোর জেলায় তালখড়িগ্রামে লোকনাথ গোস্বামীর জন্ম হইয়াছিল। লোকনাথ, চৈতন্যদেবের সংসার ত্যাগের কিঞ্চিৎ পূর্ব্বে সংসার ত্যাগ করিয়াছিলেন এবং ভারতবর্ষের নানাস্থানে ভ্রমণ করিয়া[১৩], ১৪৩২ শকাব্দে (১৫১০ খৃষ্টাব্দে), বৃন্দাবনে গিয়া বাস করিয়াছিলেন। চিরকুমার গদাধরমিশ্র, ১৪৮৬ খৃষ্টাব্দে চট্টগ্রামে জন্মগ্রহণ করিয়াছিলেন। গদাধর শ্রীচৈতন্যের অন্তরঙ্গ সঙ্গী ছিলেন এবং চৈতন্য, ইঁহাকে স্বহস্তলিখিত একখানি শ্রীমদ্ভাগবত, উপহার দিয়াছিলেন। শ্রীকৃষ্ণচৈতন্যের তিরোভাবের একবৎসর মধ্যে পণ্ডিত গোঁসাই উপাধিধারী গদাধরমিশ্রের দেহান্তর হইয়াছিল। গদাধর বারেন্দ্রশ্রেণীর কাশ্যপগোত্রীয় ব্রাহ্মণ ছিলেন[১৪]। ১৪৮১ খৃষ্টাব্দে সুবর্ণ-বণিকজাতীয় উদ্ধারণ দত্তের জন্ম হইয়াছিল। উদ্ধারণ দত্ত, দশ সহস্র মুদ্রা ব্যয় করিয়া, নিত্যানন্দের বিবাহ দিয়াছিলেন। ইনি ৪৮ বৎসর বয়সে গৃহত্যাগ করিয়াছিলেন এবং ছয় বৎসর পুরুষোত্তমে ও ছয় বৎসর বৃন্দাবনে বাস করিয়া, ১৫৪১ খৃষ্টাব্দে দেহত্যাগ করিয়াছিলেন[১৫]। কাটোয়াঁর নিকটে, ইঁহার নামানুসারে, পরবর্ত্তিকালে উদ্ধারণপুর নামক একটি গ্রাম স্থাপিত হইয়াছিল। এই গ্রামে, গঙ্গাতীরে একটি প্রশস্ত প্রাচীন ঘাট আছে এবং সপ্তগ্রামে উদ্ধারণ দত্তের গৃহের ধ্বংসাবশেষ মধ্যে, একটি প্রাচীন মাধবীলতার কুঞ্জ ও দুই একটি পুরাতন পুষ্করিণী আছে[১৬]। শ্রীচৈতন্য ও তাঁহার পারিষদবর্গের জীবনী সম্বন্ধে,

---

(১২) গৌড়ের ইতিহাস, ২য় খণ্ড, পৃঃ ১৪২।
(১৩) ঐ, পৃঃ ১৪৩।
(১৪) ঐ, পৃঃ ১৪৩-৪৪।
(১৫) ঐ, পৃঃ ১৪৪।
(১৬) বঙ্গীয়-সাহিত্য-পরিষদ্-পত্রিকা, পঞ্চদশ ভাগ, পৃঃ ২১, চিত্র ২।

চৈতন্যদেবের তিরোভাবের শতবর্ষ মধ্যে শত শত সংস্কৃত ও বাঙ্গালা গ্রন্থ রচিত হইয়াছিল, তন্মধ্যে সমসাময়িক গ্রন্থগুলির সংক্ষিপ্ত বিবরণ নিম্নে লিপিবদ্ধ হইল :—

১। গোবিন্দদাসের কড়চা—বৰ্দ্ধমান জেলার কাঞ্চননগর গ্রাম-নিবাসী কর্ম্মকার জাতীয় গোবিন্দদাস, ১৫০৮ খৃষ্টাব্দে পত্নী শশিমুখীর সহিত কলহ করিয়া, গৃহত্যাগ করিয়াছিলেন। নবদ্বীপে তাঁহার সহিত চৈতন্যদেবের সাক্ষাৎ হইয়াছিল এবং তদবধি তিনি তাঁহার সঙ্গী হইয়া ছিলেন। গোবিন্দ, দক্ষিণাপথে তীর্থযাত্রাকালে, চৈতন্যের সহচর ছিলেন এবং গোপনে তীর্থযাত্রার বিবরণ লিপিবদ্ধ করিয়া রাখিতেন[১৭]।

২। বৃন্দাবনদাস-বিরচিত চৈতন্যভাগবত—বৃন্দাবনদাস, চৈতন্যদেবের সহচর, শ্রীবাসের ভ্রাতা, শ্রীনিবাসের পৌত্র। তিনি ১৫০৭ খৃষ্টাব্দে জন্মগ্রহণ করিয়াছিলেন। বৃন্দাবনদাসের গ্রন্থে চৈতন্যদেবের জীবনীর বহু উপাদান সংগৃহীত আছে[১৮]।

৩। জয়ানন্দ-রচিত চৈতন্যমঙ্গল—জয়ানন্দ ১৫১৩ খৃষ্টাব্দে জন্মগ্রহণ করিয়াছিলেন, তাঁহার পিতার নাম সুবুদ্ধিমিশ্র এবং তিনি স্মার্ত্ত রঘুনন্দনের বংশজাত। চৈতন্যদেব বাল্যকালে তাঁহার জয়ানন্দ নাম দিয়াছিলেন। জয়ানন্দরচিত চৈতন্যমঙ্গল, গোবিন্দদাসের কড়চার ন্যায় ইতিহাস রচনার উপাদানের অমূল্য আকর। তিনি চৈতন্য ও তাঁহার পারিষদবর্গের পরিচয় সম্বন্ধে যে সমস্ত কথা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, তাহা অন্য কোনও বৈষ্ণবগ্রন্থে পাওয়া যায় না[১৯]।

---

(১৭) History of the Bengali Language and Literature, pp. 446-64.

(১৮) Ibid, pp. 464-71.

(১৯) Ibid, pp. 471-77.

৪। কৃষ্ণদাস-বিরচিত চৈতন্যচরিতামৃত—কৃষ্ণদাস ১৫১৭ খৃষ্টাব্দে বর্দ্ধমান জেলায় ঝামৎপুর গ্রামে এক দরিদ্র বৈদ্যপরিবারে জন্মগ্রহণ করিয়াছিলেন। ছয় বৎসর বয়ঃক্রমকালে তাঁহার পিতৃবিয়োগ হইয়াছিল এবং ইহার অতি অল্পকাল পরে তাঁহার মাতা দেহত্যাগ করিয়াছিলেন। যৌবনে নিত্যানন্দের শিষ্য, মীনকেতনের সাক্ষাৎ পাইয়া, কৃষ্ণদাস গৃহত্যাগ করিয়াছিলেন এবং চারিশত ক্রোশ পদব্রজে অতিবাহিত করিয়া, বৃন্দাবনে উপস্থিত হইয়াছিলেন। একোনাশীতি বর্ষ বয়ঃক্রম-কালে, বৃন্দাবনবাসী গোবিন্দ গোস্বামী, যাদবাচার্য্য গোস্বামী, ভূগর্ভ গোস্বামী, চৈতন্যদাস, কুমুদানন্দ চক্রবর্ত্তী, কৃষ্ণদাস চক্রবর্ত্তী, শিবানন্দ চক্রবর্ত্তী-প্রমুখ বৈষ্ণবপ্রধানগণের অনুরোধে, তিনি চৈতন্যচরিতামৃত রচনা আরম্ভ করিয়াছিলেন। শ্রীদাস, লোকনাথ গোস্বামী, গোপাল ভট্ট ও রঘুনাথদাস তাঁহাকে উপাদান সংগ্রহ করিয়া দিয়াছিলেন। এতদ্ব্যতীত মুরারি গুপ্ত, স্বরূপ দামোদর, বৃন্দাবনদাস ও কবি কর্ণপূরের রচনা হইতে, কৃষ্ণদাস বহু সাহায্য লাভ করিয়াছিলেন। ১৬১৫ খৃষ্টাব্দে চৈতন্যচরিতামৃত রচনা সমাপ্ত হইয়াছিল। মূল গ্রন্থ, শ্রীনিবাস আচার্য্যের সহিত গৌড়দেশে প্রেরিত হইয়াছিল, কিন্তু পথে, বিষ্ণুপুরের রাজা বীরহাম্বির, তাহা অপহরণ করিয়াছিলেন। এই সংবাদ শুনিয়া, বৃদ্ধ কৃষ্ণদাস মূর্চ্ছিত হইয়া পড়িয়াছিলেন এবং সেই অবস্থায় তাঁহার মৃত্যু হইয়াছিল[২০]।

৫। লোচনদাস রচিত চৈতন্যমঙ্গল—ত্রিলোচনদাস বা লোচনদাস বর্দ্ধমান জেলায়, অজয়তীরবর্ত্তী কোগ্রামে, ১৫২৩ খৃষ্টাব্দে, জন্মগ্রহণ করিয়াছিলেন। চৈতন্যের সহচর, নরহরিদাস, তাঁহার গুরু ছিলেন।

---

(২০) Ibid, pp. 477-89.

লোচনদাসের গ্রন্থে কবিত্ব আছে, কিন্তু ইতিহাস রচনার বিশ্বাসযোগ্য উপাদান দেখিতে পাওয়া যায় না[২১]।

চৈতন্যদেবের আবির্ভাবের কিঞ্চিৎ পূর্ব্ব হইতে, গৌড়দেশে, বৈষ্ণব-ধর্ম্মে, নবশক্তি উন্মেষের লক্ষণ দেখা দিয়াছিল। চণ্ডীদাসের পদাবলী সমূহে ও কৃষ্ণকীর্ত্তনে তাহার আভাস পাওয়া যায়। চণ্ডীদাস গৌড়ীয়-সাহিত্যে যে রচনারীতি অবলম্বন করিয়াছিলেন, পরবর্ত্তিকালে গোবিন্দদাস প্রভৃতি পদকর্ত্তৃগণ গৌড়ে ও বিদ্যাপতি মিথিলায় তাহা অবলম্বন করিয়া, বৈষ্ণব-সাহিত্য-ভাণ্ডার পরিপূর্ণ করিয়া গিয়াছেন। মুসলমান-বিজয়ের অব্যবহিত পূর্ব্বে, জয়দেব সংস্কৃত ভাষায় এই জাতীয় গীতি-কবিতা রচনা করিয়াছিলেন, তাঁহার পূর্ব্বে কোনও কবি কোনও দেশে এই রীতি অবলম্বন করিয়াছিলেন কিনা তাহা বলিতে পারা যায় না। গৌড়ীয় স্বাধীনতা বিনষ্ট হইলে, ঘোর বিপ্লবের যুগে, বোধ হয় সাহিত্যচর্চ্চা সম্ভবপর ছিল না। রাজা গণেশের অভ্যুদয়ের পরে, গৌড়ীয়-সাহিত্যে নবযুগ আরব্ধ হইলে, চণ্ডীদাস সর্ব্বপ্রথমে জয়দেবঅবলম্বিত গীতি-কবিতারচনা-রীতি বাঙ্গালা ভাষায় নিয়োগ করিয়াছিলেন।

শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেনের মতানুসারে, চৈতন্যদেবের আবির্ভাবে, বাঙ্গালা দেশের একটি সামাজিক সমস্যা পূরণ হইয়াছিল। হিন্দু-ধর্ম্মের পুনরুত্থানের সহিত গৌড়ে ও বঙ্গে বৌদ্ধধর্ম্ম হীনবল হইয়া পড়িয়াছিল এবং ব্রাহ্মণ-প্রচলিত কঠোর সমাজ-শাসনে, বৌদ্ধ ভিক্ষু ও ভিক্ষুণীগণ হিন্দুসমাজে মিশিয়া যাইতে পারেন নাই। নব প্রচলিত ধর্ম্মে বর্ণাশ্রম বিচার ছিল না। পূর্ব্বে, সমাজভ্রষ্ট ও জাতিভ্রষ্ট নরনারী

---

(২১) Ibid, pp. 489-95.

প্রব্রজ্যা গ্রহণ করিয়া, বৌদ্ধসঙ্ঘে আশ্রয় লাভ করিত। বৌদ্ধধর্ম্ম লুপ্তপ্রায় হইলে এই সকল নরনারী নিরুপায় হইয়াছিল। ইহারা, খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীর শেষভাগে ও ষোড়শ শতাব্দীর প্রথম ভাগে, বাঙ্গালা দেশে নেড়ানেড়ী নামে পরিচিত ছিল। নিত্যানন্দ ও অদ্বৈতাচার্য্য এই সকল ভিক্ষু ও ভিক্ষুণীগণকে নবীন বৈষ্ণবধর্ম্মে দীক্ষিত করিয়া উদ্ধার করিয়াছিলেন[২২]।

---

(২২) Ibid, pp. 566-67.

একাদশ পরিচ্ছেদ।

শের শাহের বংশ।

হিজরা ৯৩৯—৬১, খৃষ্টাব্দ ১৫৩২—৫৩।

বংশ পরিচয়—সুর বংশ—ইব্রাহিম্ খাঁ সুর—হসন্ খাঁ সুর—হসন্ খাঁর পুত্রগণ—ফরীদ্ খাঁর সহিত কুব্যবহার—গৃহত্যাগ—শিক্ষা—জায়গীর প্রাপ্তি—আগ্রা গমন—হসন্ খাঁর মৃত্যু—ফরীদ্ খাঁর জায়গীর লাভ—সোলেমানের সহিত যুদ্ধ—বিহার খাঁ লোহানীর আশ্রয় গ্রহণ—মহম্মদ্ খাঁ সুর কর্ত্তৃক জায়গীর অপহরণ—জুনৈদ্ বরূলাসের আশ্রয় গ্রহণ—জায়গীর পুনঃপ্রাপ্তি—আগ্রা গমন—পলায়ন—গিয়াস্-উদ্দীন্ মহমুদ্ শাহের সহিত যুদ্ধ—লাদ্মালিকার সহিত বিবাহ—চুণারদুর্গপ্রাপ্তি—সুলতান্ মহমুদ্ লোদীর আগমন—জৌনপুরে যুদ্ধযাত্রা—মহমুদ্ লোদীর পরাজয় ও পলায়ন—হিন্দু-বেগের চুণারে আগমন—হুমায়ুনের সহিত শের খাঁর সন্ধি—গৌড়রাজ্য আক্রমণ—হুমায়ুনের চুণার আক্রমণ—রোহ্তাস্ অধিকার—গৌড় অধিকার—হুমায়ুনের গৌড়-যাত্রা—হুমায়ুন কর্ত্তৃক গৌড় অধিকার—হুমায়ুনের আগ্রায় প্রত্যাবর্ত্তন—সন্ধির প্রস্তাব—ছাপরঘাটের যুদ্ধ—হুমায়ুনের পলায়ন—জহাঙ্গীর কুলী বেগের পরাজয়—খিজর্ খাঁ গৌড়ের শাসনকর্ত্তা—মালবে দূত প্রেরণ—গোয়ালিয়র অধিকার—যোধপুর আক্রমণ—কালঞ্জর অবরোধ—রাজ্যশাসনের ব্যবস্থা—তোড়রমল্ল—আহ্মদ্ খাঁ রুমী—শের শাহের তোপ—হসন্ খাঁর সমাধি—শিলালিপি—মুদ্রা—জলাল্ খাঁ—আদিল্ খাঁ—ইস্লাম্ শাহ্—মহম্মদ্ খাঁ সুর গৌড়ের শাসনকর্ত্তা—আদিল্ খাঁর প্রতি অত্যাচার—শুজাৎ খাঁর বিদ্রোহ—আজম্ হুমায়ুনের বিদ্রোহ—দুর্গ নির্ম্মাণ—মীর্জা কামরানের দিল্লীতে আগমন—ইস্লাম্ শাহের মৃত্যু—ইস্লাম্ শাহের কীর্ত্তি—শিলালিপি—ফিরোজ্ শাহ্—ইস্লাম্ শাহের মুদ্রা—ফিরোজ্ শাহের হত্যা—মহম্মদ্ খাঁ সুরের বিদ্রোহ—গৌড়ের স্বাধীনতা।

বাঙ্গালার শাসনকর্ত্তৃগণ—			হিজরা	খৃষ্টাব্দ
ফরীদ্-উদ্দীন্ শের শাহ্ (বিহার)			৯৩৯—৪৫	১৫৩২—৩৮
খিজর্ খাঁ	...	...	৯৪৫—৪৮	১৫৩৮—৪১
কাজী ফজীলৎ	...	...	৯৪৮—৫২	১৫৪১—৪৫
মহম্মদ্ খাঁ সূর	...	...	৯৫২—৬০	১৫৪৫—৫৩
দিল্লীর বাদ্শাহ্গণ—				
নাসির্-উদ্দীন্ হুমায়ূন্		...	৯৩৭—৪৬	১৫৩০—৩৯
ফরীদ্-উদ্দীন্ শের শাহ্		...	৯৪৬—৫২	১৫৩৯—৪৫
ইস্লাম্ শাহ্	...	...	৯৫২—৬১	১৫৪৫—৫৩
ফিরোজ্ শাহ্	...	...	৯৬১	১৫৫৩
গুজরাটের সুলতান্গণ—				
বহাদর্ শাহ্	...	...	৯৩২—৪৩	১৫২৬—৩৬
মহম্মদ্ শাহ্	..	...	৯৪৩	১৫৩৬
মহমূদ্ শাহ্	...	...	৯৪৩—৬১	১৫৩৬—৫৩
আহ্মদ্ শাহ্	...	..	৯৬১—৬৯	১৫৫৩—৬১
আসামের রাজগণ—				
সুহুঙ্গ মুঙ্গ	...	...	...	১৪৯৭—১৫৩৯
সুক্লেন্ মুঙ্গ	...	...	...	১৫৩৯—৫২
সুখাম্ ফা	...	...	...	১৫৫২—১৬০৩
নেপাল রাজগণ—				
ভাটগাঁও				
জিতমল্ল, প্রাণমল্ল	...	...	...	১৫২৪—৩৩
বিশ্বমল্ল	...	...	...	——

			খৃষ্টাব্দ
কাঠমণ্ডু			
নরেন্দ্র ...	...	...	১৫৫১—৬৬
ত্রিপুরার রাজগণ—		শকাব্দ	
বিজয়মাণিক্য ...	...	১৪৫৭—১৫০৫	১৫৩৫—৮৩
উড়িষ্যার রাজগণ—			
সূর্য্যবংশ			
প্রতাপরুদ্রদেব ...	...	...	১৪৯৭—১৫৪০
কালুআদেব ...	...	...	১৫৪০—৪২
কথারুআদেব ...	...	...	১৫৪২
ভোইবংশ			
গোবিন্দদেব ...	...	...	১৫৪২—৪৯
শকাপ্রতাপদেব ...	...	...	১৫৪৯—৫৭

স্বীয় অদ্ভুত প্রতিভাবলে, যিনি, পতনোন্মুখ আফ্‌গান্‌শক্তি, নিমেষের জন্য আর্য্যাবর্ত্তে অমানুষিক বলে বলীয়ান্ করিয়াছিলেন, যাঁহার অপরিসীম বাহুবলে চাগতাই মোঙ্গোলের নবজিত ভারত-সাম্রাজ্য মুহূর্ত্তমধ্যে অন্তর্হিত হইয়াছিল, তিনি মগধের জনৈক সামান্য ভূম্যধিকারীর পুত্র। ফরীদ্ খাঁ কোনও সুপ্রসিদ্ধ রাজবংশে জন্মগ্রহণ করেন নাই, স্থররাজবংশের প্রশস্তিবাচকগণ, পরবর্ত্তিযুগে রচিত ঐতিহাসিক গ্রন্থে, লিপিবদ্ধ করিয়া গিয়াছেন যে, সুদূর অতীতে, গোর-উপত্যকার অধিপতিগণের জনৈক বংশধর, রোহ্[১] বা রুদ্[২] উপত্যকার অধিপতির কন্যাকে বিবাহ করিয়াছিলেন, তাঁহাদিগের এই বিবাহে উৎপন্ন প্রজা সূর নামে খ্যাত। এই কাহিনী কতদূর বিশ্বাসযোগ্য তাহা নির্ণয়

(১) Elliot's History of India, Vol. IV, p. 308, Note I.

(২) তারিখ্-ই-ফেরেশ্‌তা, পারস্য মূল, নওল কিশোর প্রেস, লক্ষ্ণৌ, পৃঃ ২২০।

করিবার উপায় অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। আব্বাস্ খাঁ সর্ওয়ানী ও ফেরেশ্তা এই কাহিনী লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, কিন্তু আবুল্ ফজল্ আক্‌বরনামায় ইহার উল্লেখ করেন নাই[৩]। তারিখ্-ই-শের্‌শাহী অনুসারে, বহ্‌লোল্ লোদী খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীর মধ্যভাগে, উত্তরাপথে যখন নূতন রাজ্য প্রতিষ্ঠা করিতেছিলেন, তখন ফরীদ্ খাঁর পিতামহ, আফ্‌গানিস্থানে, সোলেমান্ পর্ব্বতে অবস্থিত, শর্গরী বা রোহরী হইতে ভারতবর্ষে আসিয়াছিলেন। বহ্‌লোল্ লোদী দিল্লীপ্রদেশ অধিকার করিয়া, যখন জৌনপুর ও অন্যান্য স্বাধীন রাজ্য বিজয়ের জন্য, রোহ্-উপত্যকা হইতে, আফ্‌গান্‌গণকে ভারতবর্ষে আসিতে নিমন্ত্রণ করিয়াছিলেন, তখন ফরীদ্ খাঁর পিতামহ ইব্রাহিম্ খাঁ স্থর ভারতবর্ষে আসিয়া, দাউদ্ সাহুখেল্ জাতীয় মহব্বৎ খাঁ স্থরের অধীনে কর্ম্মগ্রহণ করিয়াছিলেন। মহব্বৎ খাঁ, পঞ্জাবে হরিয়াণা ও বহ্‌কালা নামক পরগণাদ্বয়, জায়গীর পাইয়াছিলেন এবং নবাগত আফ্‌গান্‌গণ বাজওয়ারা পরগণায় বাস করিয়াছিলেন[৪]।

সুলতান্ বহ্‌লোল্ লোদীর রাজ্যকালে, তারিখ্-ই-খাঁ-জহান্-লোদী অনুসারে, হিসার ফিরোজায়[৫] এবং আক্‌বরনামা অনুসারে, নার্ণোল প্রদেশে শাম্‌লা বা শম্‌লী গ্রামে[৬] ফরীদ্ খাঁর জন্ম হইয়াছিল। কিয়ৎ-কাল পরে ইব্রাহিম্ খাঁ, মহ্‌ব্বৎ খাঁকে পরিত্যাগ করিয়া, হিসার ফিরোজায়, জমাল্ খাঁ সারঙ্গখানীর অধীনে কর্ম্মগ্রহণ করিয়া, তাঁহার

---

(৩) আক্‌বরনামা, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, (Bibliotheca Indica) পৃঃ ৩২৬।

(৪) Elliot's History of India, Vol. IV, p. 308.

(৫) Ibid, Note 3.

(৬) আক্‌বরনামা, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ [illegible]

অধীন চল্লিশজন অশ্বারোহীর ভরণপোষণের জন্য কয়েকখানি গ্রাম লাভ করিয়াছিলেন। এই সময়ে ফরীদ্ খাঁর পিতা, হসন্ খাঁ সূর, মস্নদ্-ই-আলী উমর্ খাঁ সর্ওয়ানী কাল্কাপুরীর অধীনে কর্ম্মগ্রহণ করিয়া, জায়গীর স্বরূপ, শাহাবাদ্ পরগণার কয়েকখানি গ্রাম লাভ করিয়াছিলেন। ইব্রাহিম্ খাঁ সূরের মৃত্যু হইলে, হসন্ খাঁ তাঁহার জায়গীর লাভ করিয়াছিলেন৭। সুলতান্ বহ্লোল্ লোদীর মৃত্যুর পরে, তাঁহার পুত্র সিকন্দর লোদী, তাঁহার ভ্রাতা বাইবকের নিকট হইতে জৌনপুর প্রদেশ অধিকার করিয়া, জলাল্ খাঁকে শাসনকর্ত্তা নিযুক্ত করিয়াছিলেন। এই সময়ে হসন্ খাঁ, জলাল্ খাঁর নিকট হইতে সহস্রাম, খাস্পুর-তন্দা ও হাজীপুর নামক পরগণাত্রয়, জায়গীর পাইয়াছিলেন৮। ফেরেশ্তা অনুসারে, হসন্ খাঁ সূর, পঞ্চশত অশ্বারোহীর ভরণপোষণের জন্য, এই জায়গীর প্রাপ্ত হইয়াছিলেন। চারি পত্নীর গর্ভে, হসন্ খাঁর আটটি পুত্র জন্মিয়াছিল; আফ্গান্জাতীয়া পত্নীর গর্ভে ফরীদ্ খাঁ ও নিজাম্ খাঁ, দ্বিতীয়া পত্নীর গর্ভে আলী খাঁ ও ইউসফ্ খাঁ, তৃতীয়া পত্নীর গর্ভে খুর্রম্ ও সাদী খাঁ এবং চতুর্থার গর্ভে সোলেমান্ খাঁ ও আহ্মদ্ খাঁ জন্মগ্রহণ করিয়াছিলেন৯। সোলেমান্ ও আহ্মদের মাতা সম্ভবতঃ হিন্দুর কন্যা ছিলেন এবং হসন্ খাঁর প্রিয়পাত্রী ছিলেন; ফরীদের মাতা হসন্ খাঁর প্রিয়পাত্রী ছিলেন না, এইজন্য ফরীদ্ কখনও পিতার প্রিয়পাত্র হইতে পারেন নাই। হসন্ খাঁ জ্যেষ্ঠপুত্রকে তাঁহার ব্যয়-নির্ব্বাহের উপযুক্ত জায়গীর প্রদান না করায়, ফরীদ্ গৃহত্যাগ করিয়া, জৌনপুরে জমাল্

---

(৭) Elliot's History of India, Vol. IV, p. 309.

(৮) Ibid, p. 310.

(৯) Ibid.

(১০) Ibid, p. 311.

খাঁর নিকট গমন করিয়াছিলেন[১০]। পুত্র গৃহত্যাগ করিয়াছে শুনিতে পাইয়া, হসন্ খাঁ তাঁহাকে ফিরাইয়া দিবার জন্য অনুরোধ করিয়া, জমাল খাঁকে এক পত্র লিখিয়াছিলেন। ফরীদ্, পিতৃগৃহে প্রত্যাবর্ত্তন করিতে স্বীকার না করিয়া, জৌনপুরে অধ্যয়ন আরম্ভ করিয়াছিলেন। কয়েক বৎসর পরে, হসন্ খাঁ স্থর, জমাল্ খাঁর সহিত সাক্ষাৎ করিতে জৌনপুরে আসিলে, তাহার স্বজাতীয় আফ্গান্গণ, ক্রীতদাসীর অনুরোধে, জ্যেষ্ঠপুত্রকে ত্যাগ করিবার জন্য অনুযোগ করিয়া, ফরীদ্কে একটি পরগণার শাসনভার দিতে, অনুরোধ করিয়াছিলেন। হসন্, জ্ঞাতিবর্গের অনুরোধে, ফরীদের সহিত গৃহে প্রত্যাবর্ত্তন করিয়া, তাঁহাকে দুইটি পরগণার শাসনভার প্রদান করিয়াছিলেন[১১]।

অতি অল্প সময়ের মধ্যে, ফরীদ্, পরগণাদ্বয় শাসন করিয়া, রাজস্ব আদায়ের সুব্যবস্থা করিয়াছিলেন[১২]। কিয়ৎকাল পরে হসন্ খাঁ, সোলেমানের মাতার অনুরোধে, ফরীদের নিকট হইতে পরগণাদ্বয়ের শাসনভার গ্রহণ করিয়া, সোলেমান্ ও আহ্মদ্কে শিক্দার নিযুক্ত করিয়াছিলেন[১৩]। ফরীদ্ পুনর্ব্বার গৃহত্যাগ করিয়া, কানপুরে যাত্রা করিয়াছিলেন এবং কানপুর হইতে স্থর জাতীয় শেখ্ ইস্মাইল্ ও শেখ্ ইব্রাহিমের সহিত, আগ্রায়, সুলতান্ ইব্রাহিম্ লোদীর সভায় গমন করিয়াছিলেন[১৪]। আগ্রায়, আজম্ হুমায়ুন সর্ওয়ানীর গৃহে প্রতিপালিত দৌলৎ খাঁ, দ্বাদশ সহস্র অশ্বারোহীর নায়ক ছিলেন, ফরীদ্ তাঁহার আশ্রয় গ্রহণ করিয়াছিলেন[১৫]। কিয়ৎকাল পরে, হসন্ খাঁ স্থরের

(১১) Ibid, p. 312.
(১২) Ibid, pp. 313-17.
(১৩) Ibid, p. 319.
(১৪) Ibid, p. 321.
(১৫) Ibid.

মৃত্যু হইয়াছিল এবং দৌলৎ খাঁর সাহায্যে, ফরীদ্ খাঁ, পিতার জায়গীর লাভ করিয়া, সুলতানের পর্ওয়ানা পাইয়া দেশে প্রত্যাগমন করিলেন। দেশে ফিরিয়া আসিলে, হসন্ খাঁর সৈন্যগণ, ফরীদের পক্ষাবলম্বন করিয়াছিল এবং সোলেমান্ চাওন্দ পরগণার শাসনকর্ত্তা, মহম্মদ্ খাঁ সূর দাউদ্ শাহুখেলের আশ্রয় গ্রহণ করিয়াছিলেন[১৬]। মহম্মদ্ খাঁ, সোলেমানের পক্ষাবলম্বন করিলে, পাণিপথের যুদ্ধক্ষেত্রে সুলতান্ ইব্রাহিম্ লোদীর পরাজয়বার্ত্তা শ্রবণ করিয়া, ফরীদ্ খাঁ, বিহারের অধীশ্বর, দরিয়া খাঁ লোহানীর পুত্র, বিহার খাঁ লোহানীর আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। ইব্রাহিম্ লোদীর মৃত্যুর পরে, বিহার খাঁ স্বাধীনতা অবলম্বন করিয়া, সুলতান্ মহম্মদ্ উপাধি গ্রহণ করিয়াছিলেন। এই সময়ে শিকারে, একাকী একটি ব্যাঘ্র হত্যা করিয়া, ফরীদ্ খাঁ শের খাঁ উপাধি লাভ করিয়াছিলেন[১৭]। এবং তদবধি তিনি ইতিহাসে শের খাঁ নামে পরিচিত।

কিয়ৎকাল পরে, শের খাঁ জায়গীর দর্শন করিতে গিয়া, বিলম্ব করিয়াছিলেন। এই সময়ে মহম্মদ্ খাঁ সূর, সুলতান্ মহম্মদের নিকট উপস্থিত হইয়া, শের খাঁর বিরুদ্ধে বহু অভিযোগ করিয়াছিলেন[১৮], কিন্তু সুলতান্ মহম্মদ্ তাহাতে কর্ণপাত না করায়, তিনি ফিরিয়া আসিয়া শের খাঁর জায়গীর আক্রমণ করিয়াছিলেন। শের খাঁর পুরাতন ভৃত্য, মুখা পরাজিত ও নিহত হইয়াছিল এবং পরগণাদ্বয় মহম্মদ্ খাঁ সূর কর্ত্তৃক অধিকৃত হইয়াছিল[১৯]। শের খাঁ, পাটনায় গমন করিয়া, আগ্রার সুলতান্

(১৬) Ibid, p. 323.
(১৭) Ibid, p. 325.
(১৮) Ibid, p. 326.
(১৯) Ibid, p. 328.

জুনৈদ্ বর্‌লাসের নিকট দূত প্রেরণ করিয়াছিলেন। জুনৈদ্ বর্‌লাস্ কড়া-মাণিকপুরের শাসনকর্ত্তা ছিলেন। তাঁহার সাহায্যে, শের খাঁ, স্বীয় জায়গীর অধিকার করিয়া, মহম্মদ্ খাঁ সুরের জায়গীর, চাওন্দ পরগণা পর্য্যন্ত অধিকার করিয়াছিলেন। মহম্মদ্ খাঁ ও সোলেমান্ পার্ব্বত্যপ্রদেশে পলায়ন করিয়াছিলেন২০। এই সময়ে শের খাঁর সহিত মহম্মদ্ খাঁ সুরের সন্ধি স্থাপিত হইয়াছিল। শের খাঁ, চাওন্দ পরগণা তাহাকে প্রত্যর্পণ করিয়া, স্বীয় জায়গীর নিজাম্ খাঁর হস্তে সমর্পণ করিয়া, সুলতান্ জুনৈদ্ বর্‌লাসের সহিত সাক্ষাৎ করিতে, আগ্রায় গমন করিয়াছিলেন, এবং তাঁহার সহিত বাবর্ বাদ্‌শাহের দরবারে গমন করিয়াছিলেন। শের খাঁ, চন্দেরীর যুদ্ধে উপস্থিত ছিলেন এবং কিয়ৎকাল মোঙ্গোলদিগের সহিত বাস করিয়া, তাঁহাদিগের রীতিনীতি ও আচার ব্যবহার লক্ষ্য করিয়াছিলেন২১। সুলতান্ জুনৈদ্ বর্‌লাস্, আগ্রা পরিত্যাগ করিবার সময়ে, শের খাঁর জন্য তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা মীর খলিফাকে বহু অনুরোধ করিয়াছিলেন২২। কিয়ৎকাল পরে, শের খাঁ, স্বীয় বাক্ সংযমের অভাবে ভীত হইয়া, মোঙ্গোল-শিবির হইতে পলায়ন করিয়াছিলেন২৩। সাসারামে ফিরিয়া আসিয়া, শের খাঁ সুলতান্ জুনৈদ্ বর্‌লাস্‌কে বহু উপঢৌকন প্রেরণ করিয়াছিলেন এবং বিহারে সুলতান্ মহম্মদ্ খাঁর আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। সুলতান্ মহম্মদ্ খাঁর মৃত্যু হইলে, শের খাঁ, তাঁহার নাবালক পুত্রের অভিভাবিকা, বিবি দুদুর প্রতিনিধি নিযুক্ত হইয়াছিলেন। সুলতান্ মহম্মদ্ খাঁর পুত্র, জলাল্ খাঁ

---

(২০) Ibid, p. 329.
(২১) Ibid, p. 330.
(২২) Ibid, p. 331.
(২৩) Ibid, p. 332.

যতদিন অপ্রাপ্তবয়স্ক ছিলেন, ততদিন শের খাঁ তাহার প্রতিনিধি স্বরূপ মগধ প্রদেশ শাসন করিয়াছিলেন[২৪]।

এই সময়ে বাঙ্গালার সুলতান্ মহ্মূদ্ শাহের ভগিনীপতি, হাজীপুরের শাসনকর্ত্তা, মখ্‌দুম্ আলমের সহিত শের খাঁর বন্ধুত্ব হইয়াছিল। মহ্মূদ্ শাহের সেনাপতি, কুতব্ খাঁ, মখ্‌দুম্ আলম্‌কে আক্রমণ করিতে গিয়া, শের খাঁ কর্ত্তৃক পরাজিত হইয়াছিলেন। কুতব্ খাঁকে সাহায্য না করায়, মহ্মূদ্ শাহ্, মখ্‌দুম্ আলমের বিরুদ্ধে সৈন্য প্রেরণ করিয়াছিলেন। কুতব্ খাঁকে পরাজিত করিয়া, শের খাঁ বহু ধনরত্ন সঞ্চয় করিয়াছিলেন, তাহার কণামাত্রও লোহানীদিগকে প্রদান করেন নাই। সেইজন্য লোহানীগণ ক্রুদ্ধ হইয়া শের খাঁকে মখ্‌দুম্ আলমের সাহায্যার্থ যাইতে দিল না। শের খাঁ, মিয়াঁ হস্নুকে মখ্‌দুম্ আলমের সাহায্যে প্রেরণ করিয়াছিলেন। মখ্‌দুম্ আলম্ পরাজিত ও নিহত হইলে, শের খাঁ তাঁহার গচ্ছিত ধনসম্পত্তি লাভ করিয়াছিলেন এবং মিয়াঁ হস্নু ফিরিয়া আসিয়াছিলেন[২৫]। এই সময় হইতে, শের খাঁর সহিত লোহানীগণের বিবাদ আরম্ভ হইয়াছিল এবং লোহানীনায়কগণ বহুবার শের খাঁকে হত্যা করিবার জন্য ষড়যন্ত্র করিয়াছিল। জ্ঞাতিবর্গের পরামর্শে, সুলতান্ জলাল্ খাঁ, গৌড়রাজ্য আক্রমণ করিবার ছলে, বিহার পরিত্যাগ করিয়া, গৌড়েশ্বর সুলতান্ গিয়াস্-উদ্দীন্ মহ্মূদ্ শাহের আশ্রয় গ্রহণ করিয়াছিলেন[২৬] এবং মগধরাজ্য বিনাযুদ্ধে শের খাঁর হস্তগত হইয়াছিল। গিয়াস্-উদ্দীন্ মহ্মূদ্ শাহ্, ইব্রাহিম্ খাঁর অধীনে, শের খাঁর বিরুদ্ধে,

---

(২৪) Ibid.

(২৫) Ibid, pp. 332-34.

(২৬) Ibid, pp. 334-38.

সৈন্য প্রেরণ করিয়াছিলেন। ইব্রাহিম্ খাঁর অভিযানের ফল পূর্ব্ববর্ত্তী পরিচ্ছেদে বিবৃত্ত হইয়াছে[২৭]।

সুলতান্ ইব্রাহিম্ লোদী, তাজ্ খাঁ সারঙ্গখানীকে চুণারদুর্গের কিল্লাদার নিযুক্ত করিয়াছিলেন[২৮]। তাজ্ খাঁ, বৃদ্ধ বয়সে, লাদ্‌মালিকা নাম্নী এক রূপসী রমণীর প্রেমে মুগ্ধ হইয়া, অন্যান্য পত্নীদিগকে, অথবা তাঁহাদিগের গর্ভজাত পুত্রগণকে, জীবিকানির্ব্বাহের উপযোগী অর্থ প্রদান করিতেন না। তাজ্ খাঁর জ্যেষ্ঠপুত্র, যন্ত্রণা সহ্য করিতে না পারিয়া, লাদ্‌মালিকার অঙ্গে অস্ত্রাঘাত করিয়াছিল। ইহা শুনিয়া, তাজ্ খাঁ, ক্ষিপ্ত হইয়া, পুত্রহত্যা করিতে উদ্যত হইলে, পুত্র আত্মরক্ষার্থ তাঁহাকে আহত করিয়াছিল। সেই আঘাতে তাজ্ খাঁর মৃত্যু হইয়াছিল[২৯]। লাদ্‌মালিকা, তাজ্ খাঁর সৈন্যগণকে অর্থদ্বারা বশীভূত করিয়াছিলেন এবং চুণারদুর্গ অধিকার করিয়াছিলেন। তাজ্ খাঁর ধনসম্পত্তি ও চুণারদুর্গের অধিকার লইয়া, লাদ্‌মালিকার সহিত তাঁহার সপত্নী-পুত্রগণের বিবাদ আরম্ভ হইলে, শের খাঁ, কৌশলে যুবতী বিধবাকে হস্তগত করিয়া, তাঁহাকে বিবাহ করিয়াছিলেন এবং চুণার দুর্গ অধিকার করিয়া ছিলেন। বিবাহকালে শের খাঁ বহু অর্থলাভ করিয়াছিলেন[৩০]। ইহার পরে নাসির্ খাঁর বিধবা পত্নী, মৃত্যুকালে শের খাঁকে বহু অর্থ প্রদান করিয়াছিলেন[৩১]।

এই সময়ে, সুলতান্ সিকন্দর লোদীর পুত্র সুলতান্ মহ্‌মুদ্ লোদী, বাবর্ বাদ্‌শাহ্ কর্ত্তৃক পরাজিত হইয়া, পাটনায় আসিয়াছিলেন। সুলতান্

(২৭) ২৮০ পৃষ্ঠা দ্রষ্টব্য।
(২৮) Elliot's History of India, Vol. IV, p. 343.
(২৯) Ibid, p. 344.
(৩০) Ibid, p. 346.
(৩১) Ibid.

মহ্‌মূদ্‌ পাটনায় আসিলে, শের খাঁ, বাধ্য হইয়া মগধ প্রদেশের অধিকার ত্যাগ করিয়া, তাঁহার আশ্রয় গ্রহণ করিয়াছিলেন, কারণ সমবেত আফ্‌গান্‌ আমীরগণের সহিত বিবাদ তাঁহার পক্ষে অসম্ভব হইয়াছিল। আফ্‌গান্‌ আমীরগণ মগধ প্রদেশ ভাগ করিয়া লইয়াছিলেন; শের খাঁর পৈত্রিক জায়গীর মাত্র তাঁহার অধিকারভুক্ত ছিল। সুলতান্‌ মহ্‌মূদ্‌, শের খাঁকে আশ্বাস দিয়াছিলেন যে, তিনি জৌনপুর অধিকার করিলে, মগধের অধিকার ফিরাইয়া দিবেন। শের খাঁ, সুলতানের নিকট হইতে মগধের ফর্ম্মাণ লইয়া, যুদ্ধযাত্রার আয়োজন করিতে সাসারামে গমন করিয়াছিলেন[৩২]।

সুলতান্‌ মহ্‌মূদ্‌ লোদী, যুদ্ধযাত্রার আয়োজন করিয়া, শের খাঁকে আহ্বান করিলে, শের খাঁ বলিয়া পাঠাইলেন যে, সমস্ত আয়োজন হইলে তিনি যাত্রা করিবেন। ইহা শুনিয়া আজম্‌ হুমায়ূন সর্‌ওয়ানী-প্রমুখ আমীরগণ, সুলতান্‌কে বুঝাইয়া দিলেন যে, শের খাঁ সম্ভবতঃ মোঙ্গোলদিগের সহিত ষড়যন্ত্র করিতেছেন। তাঁহার পরামর্শে, সুলতান্‌ মহ্‌মূদ্‌ সসৈন্য সাসারামের দিকে যাত্রা করিয়াছিলেন। শের খাঁ, সুলতান্‌কে যথোচিত অভ্যর্থনা করিয়া, তাঁহার সহিত জৌনপুর-যাত্রা করিয়াছিলেন[৩৩]। সুলতান্‌ মহ্‌মূদের আগমন সংবাদ শুনিয়া, জৌনপুরের মোঙ্গোলগণ নগর পরিত্যাগ করিয়া পলায়ন করিয়াছিল। সুলতান্‌ মহ্‌মূদ্‌ জৌনপুরে অবস্থান করিতেছিলেন এবং তাঁহার সেনাপতিগণ অগ্রসর হইয়া লক্ষ্ণৌ অধিকার করিয়াছিলেন। লক্ষ্ণৌতে উভয় সেনার সাক্ষাৎ হইয়াছিল। এই সময়ে, শের খাঁ, গোপনে হিন্দুবেগ্‌কে পত্র লিখিয়া, হুমায়ূনের অধীনতা স্বীকার করিয়াছিলেন। সুলতান্‌ মহ্‌মূদের

---

(৩২) Ibid, p. 347.

(৩৩) Ibid, pp. 348-49.

সহিত মোঙ্গোলসেনার যুদ্ধ আরম্ভ হইলে, শের খাঁ, যুদ্ধ না করিয়া, যুদ্ধক্ষেত্র পরিত্যাগ করিয়াছিলেন এবং সেইজন্য আফ্‌গান্ সেনা পরাজিত হইয়াছিল[৩৪]। ইব্রাহিম্ খাঁ ইউসফ্‌খেল্ এবং মিয়াঁ বায়াজিদ্ অদ্ভুত বীরত্ব প্রদর্শন করিয়া নিহত হইয়াছিলেন, সুল্‌তান্ মহ্‌মূদ্ পাটনায় পলায়ন করিয়াছিলেন এবং আফ্‌গান্ আমীরগণ ছত্রভঙ্গ হইয়া পলায়ন করিয়াছিলেন[৩৫]। তারিখ্-ই-খাঁ-জহান্-লোদী অনুসারে ৯৪৪ হিজরায়[৩৬] এবং তারিখ-ই-শেরশাহী অনুসারে ৯৪৯ হিজরায়[৩৭], সুলতান্ মহ্‌মূদ্ লোদীর মৃত্যু হইয়াছিল। তারিখ্-ই-দাউদী অনুসারে, উড়িষ্যায় তাঁহার দেহান্ত হইয়াছিল[৩৮]।

সুলতান্ মহ্‌মূদ্ পরাজিত হইলে, হুমায়ূন হিন্দূবেগ্‌কে চুণার দুর্গ অধিকার করিতে প্রেরণ করিয়াছিলেন, কিন্তু শের খাঁ দুর্গের অধিকার প্রদান করিতে স্বীকৃত হন নাই এবং তাঁহার পুত্র জলাল্ খাঁকে দুর্গ-রক্ষার্থ নিযুক্ত করিয়া, স্বয়ং নহর্‌কুণ্ডায় (পাঠান্তর বহর্‌কুণ্ডায়) পলায়ন করিয়াছিলেন[৩৯]। হুমায়ূন চুণার দুর্গ অবরোধ করিয়াছিলেন। তিনি এই সময়ে সংবাদ পাইলেন যে, বয়ানা দুর্গে অবরুদ্ধ মীর্জা মহ্‌ম্মদ্ জমান্, কৃত্রিম ফর্ম্মাণ দেখাইয়া, পলায়ন করিয়াছেন এবং গুজরাটের অধীশ্বর সুলতান্ বহাদর শাহ্ দিল্লী আক্রমণের উদ্যোগ করিতেছেন। এই সংবাদ পাইয়া, হুমায়ূন শের খাঁর প্রস্তাবানুসারে, তাঁহার পুত্র কুতব্ খাঁকে

---

(৩৪) Ibid, p. 349.
(৩৫) Ibid, p. 350.
(৩৬) Ibid, note 1.
(৩৭) Ibid, p. 350.
(৩৮) Ibid, note 1.
(৩৯) Ibid, p. 350.

প্রতিভূস্বরূপ গ্রহণ করিয়া, আগ্রা যাত্রা করিয়াছিলেন[৪০]। শের খাঁ, এই অবসরে, মগধে স্বীয় অধিকার সুদৃঢ় করিয়া, সেনা সংগ্রহ করিতে আরম্ভ করিয়াছিলেন। গুজরাটের অধীশ্বর সুলতান্ বহাদর শাহ্ পরাজিত হইলে, তাঁহার অধীন আফ্গান্ প্রধান ও কর্ম্মচারিগণ শের খাঁর দলে যোগদান করিয়াছিলেন[৪১]। এই সময়ে সেনা সংগ্রহ করিয়া, শের খাঁ গৌড়রাজ্য আক্রমণ করিয়াছিলেন এবং শিক্রীগলির গিরিপথ অধিকার করিয়াছিলেন। হুমায়ূন গুজরাট হইতে ফিরিয়া আসিলে, খান্-খানান্ ইউসফ্খেল্ তাঁহাকে, শের খাঁকে দমন করিতে অনুরোধ করিয়াছিলেন। তদনুসারে, হুমায়ূন ৯৪৩ হিজরায়, শের খাঁ সম্বন্ধীয় সংবাদ সংগ্রহের জন্য, হিন্দুবেগ্কে জৌনপুরে প্রেরণ করিয়াছিলেন। শের খাঁ, নানাবিধ উপহার পাঠাইয়া, হিন্দুবেগ্কে সন্তুষ্ট করিয়াছিলেন এবং তাঁহার অনুরোধে হুমায়ূন, সে বৎসর মগধ ও গৌড়াভিমুখে যাত্রা করেন নাই[৪২]। পর বৎসর (৯৪৪ হিজরায়, ১৫৩৮ খৃষ্টাব্দে), হুমায়ূন মগধাভিমুখে যাত্রা করিয়া চুণার দুর্গ অবরোধ করিয়াছিলেন[৪৩]। হুমায়ূনের আগমনের পূর্ব্বে, শের খাঁ তাঁহার পুত্র জলাল্ খাঁ ও কর্ম্মচারী খাওয়াস্ খাঁকে গৌড়রাজ্য অধিকার করিতে প্রেরণ করিয়াছিলেন[৪৪]। গিয়াস্-উদ্দীন্ মহ্মূদ্ শাহ্, পরাজিত হইয়া, গৌড়নগরে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। হুমায়ূন চুণার দুর্গ অবরোধ করিলে, খান্-খানান্ ইউসফ্খেল্ তাঁহাকে সত্বর গৌড়াভিমুখে যাত্রা করিতে অনুরোধ করিয়াছিলেন, কারণ গৌড়নগরে বহু ধনসম্পত্তি ছিল।

---

(৪০) Ibid, p. 351.

(৪১) Ibid, p. 352.

(৪২) Ibid, p. 356.

(৪৩) Ibid, pp. 304 and 357.

(৪৪) Ibid, p. 356.

গৌড়নগর শের খাঁ কর্ত্তৃক অধিকৃত হইলে, এই সমস্ত ধনসম্পত্তি শের খাঁর হস্তগত হইবে এবং তাহা হইলে তিনি অত্যন্ত প্রবল হইয়া উঠিবেন। হুমায়ূন এই অনুরোধ উপেক্ষা করিয়াছিলেন বলিয়া, গৌড়রাজ্য তাঁহার হস্তগত হইলেও, তিনি উহা রক্ষা করিতে পারেন নাই এবং অবশেষে ভারতবর্ষ পরিত্যাগ করিতে বাধ্য হইয়াছিলেন।

এই সময়ে, শের খাঁ কৌশলে রোহ্‌তাস্ দুর্গ অধিকার করিয়াছিলেন। রোহ্‌তাস্ দুর্গের হিন্দুজাতীয় অধিপতি, পূর্ব্বে একবার শের খাঁর দুঃসময়ে, তাঁহার ভ্রাতা নিজাম্ খাঁ ও তাঁহার পরিবারবর্গকে আশ্রয় প্রদান করিয়াছিলেন। শের খাঁ, তাঁহার পরিবারবর্গের জন্য দ্বিতীয়বার রোহ্‌তাস্ দুর্গে আশ্রয় ভিক্ষা করিলে, রোহ্‌তাসের অধীশ্বর সম্মত হন নাই[৪৫]। ফেরেশ্‌তা অনুসারে রোহ্‌তাসের হিন্দুরাজার নাম হরেকৃষ্ণ রায়[৪৬]। চূড়ামণ নামক এক ব্রাহ্মণজাতীয় মন্ত্রীর অনুরোধে, হরেকৃষ্ণ রায় অবশেষে শের খাঁর পরিবারবর্গকে, দ্বিতীয়বার রোহ্‌তাস্ দুর্গে আশ্রয় প্রদান করিতে সম্মত হইয়াছিলেন[৪৭]। শের খাঁ, শিবিকায় পরিবারবর্গের পরিবর্ত্তে, আফ্‌গান্ যোদ্ধৃগণকে প্রেরণ করিয়া, অনায়াসে রোহ্‌তাস্ দুর্গ অধিকার করিয়াছিলেন[৪৮]। তারিখ্-ই-শেরশাহী রচয়িতা আব্বাস্ খাঁ সর্‌ওয়ানী বলেন যে, এইরূপে রোহ্‌তাস্ দুর্গ অধিকারের বিবরণ সত্য নহে[৪৯]।

এই সময়ে, শের খাঁর প্রধান কর্ম্মচারী, খাওয়াস্ খাঁ, গৌড়দুর্গের পরিখায় জলমগ্ন হইয়া, প্রাণত্যাগ করিয়াছিলেন এবং শের খাঁ, তাঁহার ভ্রাতা মোসাহেব খাঁকে, খাওয়াস্ খাঁ উপাধি দিয়া গৌড়ে প্রেরণ

(৪৫) Ibid, p. 358.
(৪৬) তারিখ্-ই-ফেরেশ্‌তা, পারস্য মূল, নওল কিশোর প্রেস্, পৃঃ ২২৫।
(৪৭) Elliot's History of India, Vol. IV, p. 359.
(৪৮) Dorn's History of the Afghans, pt. I, p. 110.
(৪৯) Elliot's History of India, Vol. IV, pp. 361-62.

করিয়াছিলেন[৫০]। দ্বিতীয় খাওয়াস্ খাঁ ও জলাল্ খাঁর যত্নে গৌড় নগর অধিকৃত হইয়াছিল এবং গৌড়েশ্বর, গিয়াস্-উদ্দীন্ মহ্মূদ্ শাহ্ জলপথে হাজীপুরে পলায়ন করিয়াছিলেন[৫১]। হুমায়ুন, চুণার দুর্গ অধিকার করিয়া, বারাণসী হইতে শের খাঁর নিকট দূত প্রেরণ করিয়াছিলেন। শের খাঁ দূতমুখে বলিয়া পাঠাইয়াছিলেন যে, গৌড়-রাজ্যের অধিকার পাইলে, তিনি মগধ বা বিহার প্রদেশ, হুমায়ুনকে ছাড়িয়া দিবেন এবং বার্ষিক দশলক্ষ টাকা রাজস্ব প্রেরণ করিবেন। হুমায়ুন শের খাঁর প্রস্তাবে সম্মত হইয়া, তাঁহাকে একটি অশ্ব ও একটি বহুমূল্য খিলাৎ প্রেরণ করিয়াছিলেন[৫২]। এই ঘটনার তিন দিন পরে, গৌড়ের সুলতান্ গিয়াস্-উদ্দীন্ মহ্মূদ্ শাহের দূত, হুমায়ুন বাদ্শাহের নিকট উপস্থিত হইয়াছিল এবং তাঁহার কথানুসারে বাদ্শাহ, খান্-খানান্ ইউসফ্খেল্ ও বর্লাস্জাতীয় প্রধানগণকে বহর্কুণ্ডায় ও মীর্জা হিন্দাল্কে হাজীপুরে প্রেরণ করিয়া, স্বয়ং গৌড়াভিমুখে অগ্রসর হইয়াছিলেন[৫৩]। শের খাঁ, সমস্ত সৈন্য বহর্কুণ্ডায় রাখিয়া, হুমায়ুনের গৌড়যাত্রা-সংবাদ শ্রবণ মাত্র, স্বয়ং গৌড়াভিমুখে যাত্রা করিয়াছিলেন। মনের গ্রামে, হুমায়ুনের সহিত, গিয়াস্-উদ্দীন্ মহ্মূদ্ শাহের সাক্ষাৎ হইয়াছিল[৫৪]। শিক্রীগলিতে শের খাঁর আদেশে ইউসফ্ খাঁ আচাখেল্-সর্ওয়ানী, হুমায়ুনের গতিরোধ করিয়াছিলেন[৫৫] শের খাঁ, মুঙ্গের হইতে গৌড়ে উপস্থিত হইয়া, তাঁহার পুত্র জলাল্

(৫০) Ibid, p. 359.
(৫১) Ibid, p. 360.
(৫২) Ibid, p. 362.
(৫৩) Ibid, p. 363.
(৫৪) Ibid, p. 364.
(৫৫) Ibid pp. 365-66.

খাঁকে, শিক্রীগলির গিরিপথ রক্ষার্থ প্রেরণ করিয়াছিলেন। জলাল্ খাঁ, গিরিপথে সহস্র অশ্বারোহী রাখিয়া, অবশিষ্ট ছয় সহস্র অশ্বারোহীর সহিত হুমায়ূনের সেনা আক্রমণ করিয়াছিলেন এবং মোঙ্গোল সেনা পরাজিত হইলে, তিনি গিরিপথ সুরক্ষিত করিয়াছিলেন। হুমায়ূন শিক্রী-গলিতে একমাস কাল অপেক্ষা করিতে বাধ্য হইয়াছিলেন, সেই অবসরে শের খাঁ, গৌড়নগর-লুণ্ঠনলব্ধ সমস্ত ধনসম্পত্তি, রোহ্‌তাস্ দুর্গে প্রেরণ করিয়াছিলেন[৫৬]। শের খাঁ, রোহ্‌তাস্ দুর্গে উপস্থিত হইয়া, জলাল্ খাঁকে শিক্রীগলি পরিত্যাগ করিতে আদেশ করিয়াছিলেন[৫৭] এবং হুমায়ূন গৌড়াভিমুখে অগ্রসর হইয়া ৯৪৫ হিজরায় (১৫৩৮-৩৯ খৃষ্টাব্দে) গৌড় নগরে প্রবেশ করিয়াছিলেন[৫৮]।

রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে হুমায়ূনের নামে গৌড়ে খোৎবা পঠিত হইয়াছিল এবং মুদ্রা মুদ্রিত হইয়াছিল[৫৯]। হুমায়ূনের নামাঙ্কিত গৌড়ে মুদ্রিত কোনও মুদ্রা অদ্যাবধি আবিষ্কৃত হইয়াছে বলিয়া বোধ হয় না। হুমায়ূন গৌড় নগরকে "জন্নতাবাদ" আখ্যা প্রদান করিয়াছিলেন এবং তিনমাস কাল ঐ স্থানে বাস করিয়াছিলেন[৬০]। তারিখ্-ই-শেরশাহী অনুসারে, হুমায়ূন গৌড়ে প্রবেশ করিলে, শের খাঁ স্বয়ং বারাণসী আক্রমণ করিয়াছিলেন এবং খাওয়াস্ খাঁকে মুঙ্গের দুর্গ আক্রমণ করিতে প্রেরণ করিয়াছিলেন। খাওয়াস্ খাঁ, মুঙ্গের অধিকার করিয়া, খান্-খানান্ ইউসফ্‌খেল্‌কে বন্দিস্বরূপ বারাণসীতে আনিয়াছিলেন। বারাণসী অধিকৃত হইলে শের খাঁ, হয়বৎ খাঁ নিয়াজী, জলাল্ খাঁ জালু, সরমস্ত খাঁ

(৫৬) Ibid, pp. 367-68.
(৫৭) Ibid, p. 368.
(৫৮) Ibid, p. 304.
(৫৯) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৪২।
(৬০) ঐ।

সর্‌ওয়ানী-প্রমুখ আফ্‌গান্ প্রধানগণকে বহ্‌রাইচে প্রেরণ করিয়াছিলেন। মোঙ্গোল সেনা বহ্‌রাইচে ও জৌনপুরে পরাজিত হইলে, কনৌজ পর্য্যন্ত ভূমি শের খাঁ কর্ত্তৃক অধিকৃত হইয়াছিল৬১।

মীর্জ্জা হিন্দাল্, শিক্রীগলি অধিকৃত হইলে, আগ্রায় প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন;৬২ তিনি এই সময়ে শেখ্ বহ্‌লোল্‌কে হত্যা করিয়া আগ্রায় বিদ্রোহী হইয়াছিলেন। এই সংবাদ পাইয়া, হুমায়ূন গৌড় পরিত্যাগ করিয়া,৬৩ জহাঙ্গীর কুলী বেগ্‌কে গৌড়ের শাসনকর্ত্তা নিযুক্ত করিয়া,৬৪ আগ্রা অভিমুখে যাত্রা করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে, গৌড়ে মড়কে বহু অশ্ব ও উষ্ট্র মরিয়া যাওয়ায় ও সৈন্যগণ পীড়িত হওয়ায়, ৯৪৬ হিজরায়, হুমায়ূন আগ্রা অভিমুখে যাত্রা করিয়াছিলেন৬৫। শেখ্ নিয়ামৎ-উল্লাহ্ রচিত তারিখ্-ই-খাঁ-জহান্-লোদী অনুসারে, শের খাঁ গৌড়নগর পরিত্যাগ করিবার পূর্ব্বে, গৌড়ের রাজপ্রাসাদ সুসজ্জিত করিয়া রাখিয়াছিলেন। তাঁহার ইচ্ছা ছিল যে, বিলাসপ্রিয় হুমায়ূন, এই সুসজ্জিত প্রাসাদ, অল্পদিনের মধ্যে পরিত্যাগ করিতে না পারেন৬৬। হুমায়ূন যখন গৌড়ে বাস করিতেছিলেন, তখন জলাল্-খাঁ-বিন্-জালু সূর পাঁচ সহস্র অশ্বারোহীর সহিত গৌড় নগরের চারিদিক লুণ্ঠন করিয়া নগরে খাদ্যাভাব ঘটাইয়াছিলেন৬৭।

হুমায়ূন গৌড় হইতে আগ্রাভিমুখে যাত্রা করিলে, শের খাঁ সমস্ত

---

(৬১) Elliot's History of India, Vol. IV, p 368.
(৬২) Ibid.
(৬৩) Ibid, p. 369.
(৬৪) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৪০।
(৬৫) ঐ, পৃঃ ১৪২-৪৩।
(৬৬) Dorn's History of the Afghans, pt. I, p. 115.
(৬৭) Ibid, p. 116.

আফ্‌গান্ প্রধানগণকে একত্র করিয়া, সসৈন্য রোহ্‌তাস্ দুর্গ হইতে অগ্রসর হইয়াছিলেন। হুমায়ূন শোণ পার হইলে, শের খাঁ বক্সর ও চৌসার নিকটে, শতয়াগ্রামে, একটি নদীতীরে, হুমায়ূনের আগ্রা যাইবার পথরোধ করিয়াছিলেন এবং শিবিরের চতুর্দ্দিকে মৃণ্ময় প্রাচীর নির্ম্মাণ করাইয়াছিলেন[৬৮]। হুমায়ূন গত্যন্তর না দেখিয়া, শেখ্ ফরীদ্ শকর্‌গঞ্জের বংশধর, শেখ্ খলীল্‌কে দূত স্বরূপ শের খাঁর শিবিরে প্রেরণ করিয়া, তাঁহাকে রোহ্‌তাসে প্রত্যাবর্ত্তন করিতে অনুরোধ করিয়াছিলেন। শের খাঁ প্রত্যাবর্ত্তন করিলে, হুমায়ূন তাঁহাকে গৌড়রাজ্যের অধিকারের জন্য ফর্ম্মাণ দিতে প্রতিশ্রুত হইয়াছিলেন, কিন্তু শের খাঁ সন্ধির প্রস্তাবে সম্মত হন নাই[৬৯]। তারিখ্-ই-শেরশাহী অনুসারে, শেখ্ খলীল্, শের খাঁকে সন্ধির প্রস্তাবে সম্মত হইতে নিষেধ করিয়াছিলেন[৭০]। তারিখ্-ই-ফেরেশ্‌তা,[৭১] তারিখ্-ই-খাঁ-জহান্-লোদী[৭২] ও তারিখ্-ই-সালাতীন্-ই-আফাগনা[৭৩] অনুসারে, শেখ্ খলীল্ শের খাঁর গুরু এবং শের খাঁই তাঁহাকে দূত স্বরূপ প্রেরণ করিয়াছিলেন। ফেরেশ্‌তা অনুসারে, হুমায়ূন শিক্রীগলি পর্য্যন্ত মগধ প্রদেশের অধিকার পাইবার সর্ত্তে, শেখ্ খলীলের প্রস্তাবে সম্মত হইয়াছিলেন[৭৪]। সন্ধি হইয়াছে জানিয়া, মোঙ্গোল সেনা নিশ্চিন্ত মনে নৌ-সেতু বন্ধন করিয়া, নদী পার

(৬৮) Ibid, p. 118; Elliot's History of India, Vol. IV, p. 370, note 1.

(৬৯) Ibid, p. 373.

(৭০) Ibid, p. 372.

(৭১) তারিখ্-ই-ফেরেশ্‌তা, পারস্য মূল, নওল কিশোর প্রেস্, পৃঃ ২২৬।

(৭২) Dorn's History of the Afghans, pt. I, p. 120.

(৭৩) তারিখ্-ই-সালাতীন্-ই-আফাগনা, এসিয়াটিক সোসাইটির পুঁথি, পৃঃ ১০৪ খ।

(৭৪) তারিখ্-ই-ফেরেশ্‌তা, পারস্য মূল, নওল কিশোর প্রেস্, লক্ষ্ণৌ, পৃঃ ২২৬।

হইবার উদ্যোগ করিতেছিল। এই সময়ে, একদিন রাত্রিশেষে, শের খাঁ হুমায়ূনের শিবির আক্রমণ করিয়াছিলেন[৭৫]। আব্বাস্ খাঁ সর্ওয়ানী-রচিত তারিখ্-ই-শের্শাহীতে শেখ্ খলীলের দৌত্যের ফল স্পষ্টরূপে লিখিত নাই। শের খাঁ, শেখ্ খলীলের অনুরোধে, হুমায়ূনের সহিত যুদ্ধ করিতে প্রস্তুত হইয়াছিলেন, কিন্তু পরক্ষণেই তিনি বলিতেছেন যে, তিনি বাদ্শাহ্ হুমায়ূনের সন্ধির প্রস্তাবে সম্মত হইয়াছেন[৭৬]। শের খাঁ, সন্ধির প্রস্তাবে সম্মত হইয়া, সত্যরক্ষা করেন নাই। তিনি, মহর্ত্তা নামক চেরো জাতির অধিপতিকে আক্রমণ করিবার ছলে, দুই তিন দিন স্কন্ধাবার হইতে যাত্রা করিয়া, পুনরায় ফিরিয়া আসিয়াছিলেন[৭৭] এবং তৃতীয়দিনে, অতর্কিত-ভাবে মোঙ্গোলশিবির আক্রমণ করিয়া, হুমায়ূনকে পরাজিত করিয়াছিলেন। মোঙ্গোল সেনা, শ্রেণীবদ্ধ হইবার পূর্ব্বেই, আক্রান্ত হইয়াছিল এবং হুমায়ূন অস্ত্র গ্রহণ করিবার পূর্ব্বেই যুদ্ধের ফল অবধারিত হইয়াছিল। নৌ-সেতু ভাঙ্গিয়া যাওয়ায়, বহু মোঙ্গোল জলমগ্ন হইয়াছিল[৭৮]। হুমায়ূন বস্ত্রাবাস হইতে নির্গত হইবার পূর্ব্বেই তাঁহার সেনা পরাজিত হইয়াছিল, তাঁহার পত্নী চারি সহস্র মোঙ্গোল কুলবধূর সহিত বন্দী হইয়াছিলেন[৭৯] এবং মোঙ্গোল-শিবিরের ধনরত্ন ও অস্ত্রশস্ত্র শের খাঁর হস্তগত হইয়াছিল। শের খাঁর আক্রমণ-সংবাদ শ্রবণ করিয়া, হুমায়ূন, তাঁহার পত্নীর রক্ষার্থ, খোজা মুয়জ্জম্‌কে প্রেরণ করিয়াছিলেন,[৮০] কিন্তু অবশেষে তিনি স্বয়ং অশ্বপৃষ্ঠ হইতে গঙ্গাজলে লম্ফপ্রদান করিতে বাধ্য হইয়া-

(৭৫) তারিখ্-ই-ফেরেশ্‌তা, পারস্য মূল, নওল কিশোর প্রেস, লক্ষ্ণৌ, পৃঃ ২২৬।
(৭৬) Elliot's History of India, Vol. IV, p. 373.
(৭৭) Ibid.
(৭৮) Dorn's History of the Afghans, pt. I, pp. 122-23.
(৭৯) Elliot's History of India, Vol. IV, p. 376.
(৮০) Dorn's History of the Afghans, pt. I, p. 122.

ছিলেন। এই সময়ে, একজন ভিস্তি, মশক দিয়া, তাঁহার প্রাণরক্ষা করিয়াছিল৮১। ৯৪৬ হিজরার শফর মাসের নবম দিবসে (২৬শে জুন ১৫৩৯ খৃষ্টাব্দে), নাসির্-উদ্দীন্ মহম্মদ্ হুমায়ূন বাদ্‌শাহ্, বক্সর ও চৌসার মধ্যবর্ত্তী ছাপরঘাট নামক স্থানে, শের খাঁর নিকট পরাজিত হইয়া, একাকী কনৌজে পলায়ন করিয়াছিলেন৮২। হুমায়ূনের পত্নী ও মোঙ্গোল রমণীগণ রোহ্‌তাস্ দুর্গে প্রেরিত হইয়াছিলেন৮৩ এবং শের খাঁ, স্বয়ং হুমায়ূনের পশ্চাদ্ধাবন করিয়া, কনৌজে আসিয়াছিলেন৮৪। হুমায়ূন কনৌজ হইতে আগ্রায় পলায়ন করিলে, শের খাঁ গৌড়ে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন৮৫।

হুমায়ূন কর্ত্তৃক নিযুক্ত গৌড়ের শাসনকর্ত্তা, জহাঙ্গীর কুলী বেগ্, জলাল্ খাঁ জালু ও হাজী খাঁ বট্‌নী কর্ত্তৃক পরাজিত ও সসৈন্যে নিহত হইয়াছিলেন। বাদ্‌শাহ্ বাবর্‌কে ভারতবর্ষে আনয়নের অপরাধে, খান্-খানান্ ইউসফ্‌খেল্ প্রাণদণ্ডে দণ্ডিত হইয়াছিলেন৮৬। মগধ ও গৌড়-দেশ মোঙ্গোলশূন্য করিয়া, ৯৪৬ হিজরায়, শের খাঁ, গৌড়ে, ফরীদ্-উদ্দীন্ আবুল্ মজঃফর্ শের শাহ্ নাম গ্রহণ করিয়া, সিংহাসনে আরোহণ করিয়াছিলেন৮৭। রিয়াজ্-উস্ সালাতীন্ অনুসারে, শের শাহ্ এক বৎসর কাল গৌড়ে বাস করিয়া, বিশৃঙ্খল গৌড়রাজ্যে শান্তিস্থাপন করিয়াছিলেন।

(৮১) Ibid.
(৮২) James Burgess, Chronology of Modern India, p. 27.
(৮৩) Elliot's Hitory of India, Vol. IV, p. 376.
(৮৪) Ibid, p. 378.
(৮৫) তারিখ্-ই-ফেরেশ্‌তা, [illegible] প্রেস্, লক্ষ্ণৌ, পৃঃ ২২৬।
(৮৬) Elliot's History of India, Vol. IV, p. 379.
(৮৭) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ [illegible]।

শেরশাহের সমাধি, সাসারাম

ইহার পরে, খিজর্ খাঁকে গৌড়ের শাসনকর্ত্তা নিযুক্ত করিয়া, শের শাহ্ আগ্রা অভিমুখে যাত্রা করিয়াছিলেন[৮৮]।

হুমায়ূন পরাজিত হইলে, শের শাহ্, ইসা খাঁকে দূতস্বরূপ মালবে ও গুজরাটে প্রেরণ করিয়াছিলেন এবং পরে, তাঁহার পুত্র কুতব্ খাঁকে উক্ত প্রদেশদ্বয়ে প্রেরণ করিয়াছিলেন[৮৯]। এই সংবাদ শ্রবণ করিয়া, হুমায়ূন, তাঁহার ভ্রাতা মীর্জা হিন্দাল্ ও মীর্জা আস্করিকে, চন্দেরী দুর্গে প্রেরণ করিয়াছিলেন[৯০]। মালব ও গুজরাটের প্রধানগণ কুতব্ খাঁকে সাহায্য না করায়, তিনি চোন্ধার যুদ্ধে পরাজিত ও নিহত হইয়াছিলেন। হিন্দাল্ ও আস্করি, জয়লাভ করিয়া, আগ্রায় প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন[৯১]। বদাওনী অনুসারে, শের খাঁর পুত্র কাল্পীর যুদ্ধে নিহত হইয়াছিলেন[৯২]। হুমায়ূন, নূতন সৈন্য সংগ্রহ করিয়া, ৯৪৬ হিজরার জিল্‌কাদা মাসে (এপ্রিল, ১৫৪০ খৃষ্টাব্দে), কনৌজ অবধি অগ্রসর হইয়াছিলেন[৯৩]। শের খাঁ সসৈন্য কনৌজের পরপারে শিবির স্থাপন করিয়াছিলেন। ৯৪৭ হিজরার মহরম মাসের দশম দিবসে (১৭ই মে, ১৫৪০ খৃষ্টাব্দে), হুমায়ূন গঙ্গা পার হইয়া শের খাঁকে আক্রমণ করিয়াছিলেন এবং পরাজিত হইয়াছিলেন[৯৪]। হুমায়ূন আগ্রায় পলায়ন করিলে, বিহারের শাসনকর্ত্তা শুজাৎ খাঁ গোয়ালিয়র দুর্গ আক্রমণ করিয়াছিলেন এবং নাসির্ খাঁ, সম্ভল আক্রমণ করিয়াছিলেন[৯৫]। আগ্রায় অবস্থান করা

(৮৮) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৪৫।
(৮৯) Dorn's History of the Afghans, pt. I, p. 124.
(৯০) Ibid, p. 124-25.
(৯১) Ibid, p. 125.
(৯২) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৪৬০।
(৯৩) Chronology of Modern India, p. 27.
(৯৪) Ibid, p. 28.
(৯৫) Elliot's History of India, Vol. IV, pp. 382-83.

অসম্ভব দেখিয়া, হুমায়ূন রাজধানী ত্যাগ করিয়া, লাহোরে গমন করিয়াছিলেন। শের শাহ্, আগ্রা অধিকার করিয়া, লাহোর অভিমুখে অগ্রসর হইয়াছিলেন। সুলতান্পুরের যুদ্ধে, বরমজীদ্গূর ও খাওয়াস্ খাঁ, মোঙ্গোলদিগকে পরাজিত করিয়াছিলেন। ইহার পরে, হুমায়ূন ও মীর্জা কামরান্, লাহোর পরিত্যাগ করিয়া পলায়ন করিয়াছিলেন[৯৬]। শের শাহ্, লাহোর অধিকার করিয়া, খুশাব্ পর্য্যন্ত অগ্রসর হইয়াছিলেন। শের শাহ্, পঞ্জাবে রোহ্তাস্ নামে, আর একটি দুর্গ নির্ম্মাণ করাইয়াছিলেন, ইহা নন্দনা পরগণায় অবস্থিত[৯৭]।

বাঙ্গালার শাসনকর্ত্তা খিজর্ খাঁ, গৌড়েশ্বর গিয়াস্-উদ্দীন্ মহ্মূদ্ শাহের এক কন্যাকে বিবাহ করিয়া, রাজচিহ্ন ব্যবহার করিতে আরম্ভ করিয়াছিলেন[৯৮]। এই সংবাদ শ্রবণ করিয়া, শের শাহ্, পঞ্জাব হইতে গৌড়ে গমন করিয়াছিলেন এবং খিজর্ খাঁকে পদচ্যুত করিয়া, কাজী ফজীলৎ বা ফজীহৎকে গৌড়ের শাসনকর্ত্তা নিযুক্ত করিয়াছিলেন[৯৯]। এই সময়ে বাঙ্গালা দেশ বহুখণ্ডে বিভক্ত হইয়াছিল এবং প্রতিখণ্ডে, একজন আমীর শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিল। শের শাহ্ গৌড় হইতে মালবে গমন করিয়াছিলেন। ফেরেশ্তা অনুসারে, শের শাহ্ গৌড় হইতে আগ্রায় গমন করিয়াছিলেন এবং ৯৪৯ হিজরায়, মালবযাত্রা করিয়াছিলেন[১০০]। এই সময়ে গোয়ালিয়রের কিল্লাদার মহম্মদ্ কাসিম্ বা আবুল্ কাসিম্

(৯৬) Ibid, p. 387.

(৯৭) Ibid, p. 390.

(৯৮) Ibid, Vol. V, p. 115.

(৯৯) Ibid, Vol. IV, p. 391; মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৪৭৪।

(১০০) তারিখ্-ই-ফেরেশ্তা, পারস্য মূল, নওল কিশোর প্রেস্, লক্ষ্নৌ, পৃঃ ২২৭।

বেগ্, গোয়ালিয়র দুর্গ শের শাহ্‌কে সমর্পণ করিয়াছিলেন[১]। রৈসিন্ দুর্গ অধিকার করিয়া (৯৫০ হিজরা, ১৫৪৩ খৃষ্টাব্দ), হাজী খাঁ ও সদর্ খাঁকে মালবের শাসনকর্ত্তা নিযুক্ত করিয়া,[২] রণথম্ভোর বা রণস্তম্ভপুর অধিকার করিয়া এবং তাঁহার জ্যেষ্ঠ পুত্র আদিল্ খাঁকে উক্ত স্থানের শাসনকর্ত্তা নিযুক্ত করিয়া, শের শাহ্ আগ্রায় প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন[৩]। তারিখ্-ই-দাউদী অনুসারে, শের শাহ্, এই সময়ে দুই বৎসর আগ্রায় অবস্থান করিয়াছিলেন[৪]। আগ্রা হইতে, মগধ ও গৌড়দেশে গমন করিয়া, শের শাহ্ অত্যন্ত পীড়িত হইয়া পড়িয়াছিলেন[৫]। সুস্থ হইয়া, শের শাহ্ আগ্রায় প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন এবং ৯৫০ হিজরায়, মালব যাত্রা করিয়া পূর্ণমল্লকে আক্রমণ করিয়াছিলেন[৬]। পূর্ণমল্ল পরাজিত ও নিহত হইলে, শের শাহ্, মুন্সী শাহ্‌বাজ্ খাঁ আচাখেল্ সর্‌ওয়ানীকে রৈসিনের কিল্লাদার নিযুক্ত করিয়া, আগ্রায় প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন[৭]। ৯৫০ হিজরায়, শের শাহ্ যোধপুরের রাজা মালদেবকে আক্রমণ করিয়াছিলেন। শের শাহের চক্রান্তে প্রতারিত হইয়া, সামন্তরাজগণের বিশ্বাসঘাতকতার ভয়ে, মালদেব পলায়ন করিয়াছিলেন, কিন্তু রাঠোর রাজের সামন্ত, চন্দেল্লবংশীয় জয় ও গোহা ভীষণবেগে মুসলমান সৈন্য আক্রমণ করিয়াছিলেন এবং শের শাহ্ জয়লাভ করিয়াও প্রত্যাবর্ত্তন করিতে বাধ্য হইয়াছিলেন[৮]। ৯৫১

(১) Elliot's History of India, Vol. IV, p. 392.
(২) Dorn's History of the Afghans, pt. I, p. 133.
(৩) Elliot's History of India, Vol. IV, p. 395.
(৪) Ibid, p. 397, Note 1.
(৫) Ibid, p. 397.
(৬) Ibid, pp. 397-403.
(৭) Ibid, p. 403.
(৮) Ibid pp. 405-6.

হিজরায়, শের শাহ্ নগোর ও চিতোর অধিকার করিয়া, কালঞ্জর দুর্গ অবরোধ করিয়াছিলেন[৯]। ৯৫২ হিজরার রবী-উল্-আউয়ল্ মাসের দ্বাদশ দিবসে (২৪শে মে ১৫৪৫ খৃষ্টাব্দে), কালঞ্জর দুর্গ অবরোধকালে, তোপখানায় অগ্নিসংযুক্ত হওয়ায়, দগ্ধ হইয়া শের শাহ্ প্রাণত্যাগ করিয়াছিলেন[১০]।

শের শাহ্, তাঁহার সংক্ষিপ্ত ষড়বর্ষব্যাপী রাজ্যকাল মধ্যে, রাজস্ব আদায় ও রাজ্যশাসন সম্বন্ধে যে সমস্ত সুব্যবস্থার সূত্রপাত করিয়া গিয়াছিলেন, পরবর্ত্তিকালে জলাল্-উদ্দীন্ মহম্মদ্ আক্‌বর বাদ্‌শাহ্ তাহা কার্য্যে পরিণত করিয়া, ভারতেতিহাসে চিরস্মরণীয় হইয়াছেন। শের শাহ্ তাঁহার রাজ্য ১১৬০০ পরগণায় বিভক্ত করিয়াছিলেন। এবং প্রতি পরগণায় পাঁচ জন কর্ম্মচারী নিযুক্ত করিয়াছিলেন[১১]। ইহাই পরবর্ত্তিকালে রাজা তোড়রমল্লের রাজস্ব বন্দোবস্ত নামে পরিচিত হইয়াছিল। পঞ্জাবে, শের শাহ্ যখন দ্বিতীয় রোহ্‌তাস্ দুর্গ নির্ম্মাণ করাইয়াছিলেন, তখন ক্ষত্রিয় জাতীয় তোড়রমল্ল তাঁহার কর্ম্মচারী ছিলেন[১২]। শের শাহ্ তোপখানার উন্নতিসাধনের জন্য কনস্তান্তিনোপলবাসী, সৈয়দ্ আহ্‌মদ্ নামক জনৈক বিখ্যাত কারিগরকে আনাইয়া অনেকগুলি তোপ নির্ম্মাণ করাইয়াছিলেন। সৈয়দ্ আহ্‌মদ্ রুমী (কনস্তান্তিনোপলবাসী) যে সমস্ত তোপ নির্ম্মাণ করিয়াছিলেন, তাহার মধ্যে কতকগুলি বাঙ্গালাদেশে আবিষ্কৃত হইয়াছে। ধুবড়ী জেলায়, গৌরীপুরের রাজা শ্রীযুক্ত প্রভাতচন্দ্র বড়ুয়া বাহাদুরের

---

(৯) Ibid, pp. 406-7.

(১০) Ibid, p. 409.

(১১) Chronology of Modern India, p. 28.

(১২) *Dorn's History of the Afghans, pt. I, p. 131.*

প্রাসাদে একটি,[১৩] বিজনীর রাজপ্রাসাদে একটি,[১৪] মালদহে ইংরাজ বাজারে ম্যাজিষ্ট্রেটের গৃহের সম্মুখে একটি,[১৫] ও ঢাকার চিত্রশালায় একটি তোপ আছে[১৬]। ঢাকার চিত্রশালার তোপটি ১৯০৯ খৃষ্টাব্দে নারায়ণগঞ্জের সার্দ্ধ তিন ক্রোশ দূরবর্ত্তী দেওয়ানবাগ্ বা মনোহর খাঁর বাগে আবিষ্কৃত হইয়াছিল। এই কয়টি তোপের উপরে শের শাহের নাম, সৈয়দ্ আহ্মদ্ রুমীর নাম, ও ৯৪৯ হিজরা (১৫৪২ খৃষ্টাব্দ) তারিখ আছে। ৯৪৫ হিজরায় (১৫৩৮ খৃষ্টাব্দে), স্বাধীনতা ঘোষণার অব্যবহিত পরে, শের শাহ্, সাসারামে বিস্তৃত জলাশয় মধ্যে, তাঁহার পিতা হসন্ খাঁ সূরের সমাধিমন্দির নির্ম্মাণ করাইয়াছিলেন[১৭]। পাটনা জেলায়, হিল্সা গ্রামে শেখ জুমন্ মাদারীর দরগাহে একখানি শিলালিপি আছে, তাহাতে শের শাহের নাম আছে। এই শিলালিপি অনুসারে, দরিয়া খাঁ জঙ্গী কর্তৃক, ৯৫০ হিজরার শফর মাসের ঊনত্রিংশ দিবসে (৩রা জুন ১৫৪৩ খৃষ্টাব্দে) শাহ্ জুমন্ মাদারীর সমাধি নির্ম্মিত হইয়াছিল[১৮]। রোহ্তাস দুর্গে, জামী মস্জিদে একখানি অস্পষ্ট শিলালিপি আছে, তাহাতে শের শাহের নাম ও ৯৫০ হিজরা তারিখ পড়িতে পাওয়া যায়[১৯]। শের-শাহ্ নিজনামে বহুবিধ সুবর্ণ, রজত ও তাম্রমুদ্রা মুদ্রাঙ্কন করাইয়াছিলেন।

---

(১৩) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. VII, p. 44.

(১৪) রঙ্গপুর সাহিত্য-পরিষদ্ পত্রিকা—সপ্তম ভাগ, পৃঃ ৪৫-৪৬।

(১৫) Journal and Proceedings of the Asiatic Society of Bengal, New Series, Vol. VII, p. 48.

(১৬) Ibid, Vol. V, p. 368.

(১৭) List of Ancient Monuments in Bengal, Calcutta, 1895, p. 364-65.

(১৮) অপ্রকাশিত।

(১৯) অপ্রকাশিত।

রজতমুদ্রাগুলি আগ্রা [২০], ফতেহাবাদ [২১], গোয়ালিয়র [২২], কাল্পী [২৩], দিল্লী [২৪], সপ্তগ্রাম [২৫], শরীফাবাদ [২৬], শেরগড় [২৭], বকর [২৮], ও উজ্জয়িনী [২৯] হইতে মুদ্রিত হইয়াছিল। তাম্রমুদ্রাগুলি আবু [৩০], আগ্রা [৩১], আলোয়ার [৩২], বয়ানা [৩৩], চুণার [৩৪], গোয়ালিয়র [৩৫], হিসার [৩৬], কাল্পী [৩৭], লখ্‌নৌ [৩৮], মালোট [৩৯], নার্ণোল [৪০], সম্ভল [৪১] ও দিল্লী [৪২] হইতে মুদ্রিত হইয়াছিল।

হুমায়ূন যে নূতন দিল্লী নির্ম্মাণ করিয়াছিলেন, শের শাহের আদেশে

(২০) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. I, p. 84, Nos. 615-18.

(২১) Ibid, p. 85, Nos. 620.

(২২) Ibid, pp. 85-86, Nos. 621-25.

(২৩) Ibid, p. 87, Nos. 635-36.

(২৪) Ibid, pp. 86-87, 90-91, Nos. 627-34, 651-52.

(২৫) Ibid, p. 88, Nos. 638.

(২৬) Ibid, pp. 88-89, Nos. 640-41.

(২৭) Ibid, pp. 89-90, Nos. 642-47.

(২৮) Ibid, p. 90, Nos. 648 50.

(২৯) Ibid, p. 91, Nos. 653.

(৩০) Ibid, p. 96, Nos. 628.

(৩১) Ibid, Nos. 679-81.

(৩২) Ibid, p. 97, Nos 682-83.

(৩৩) Ibid, Nos. 684-86.

(৩৪) Ibid, pp. 97 98, Nos. 687-92.

(৩৫) Ibid, pp. 98-99, Nos. 693-97*a*.

(৩৬) Ibid, pp. 99-100, Nos. 698-704.

(৩৭) Ibid, pp. 100 101, Nos. 705-12.

(৩৮) Ibid, p 101, Nos. 713.

(৩৯) Ibid, pp. 101-2, Nos. 714-18.

(৪০) Ibid, p. 102, Nos. 719-22.

(৪১) Ibid, pp. 102-3, Nos. 723-26.

(৪২) Ibid, pp. 103-4, Nos. 728-32.

তাহার চতুষ্পার্শ্বে প্রস্তরনির্ম্মিত প্রাচীর নির্ম্মিত হইয়াছিল[৪৩]। ৯৪৭ হিজরায় (১৫৪০ খৃষ্টাব্দে), শের শাহ্, সুলতান্ আলা-উদ্দীন্ খল্‌জী নির্ম্মিত সীরী-দুর্গ ধ্বংস করিয়া, ফিরোজাবাদ ও কিলুখারীর মধ্যে একটি নূতন নগর নির্ম্মাণ করাইয়াছিলেন এবং এই স্থানে শেরগড় নামক একটি দুর্গ ও শের মণ্ডল নামক একটি প্রাসাদ নির্ম্মাণ করাইয়াছিলেন। শের শাহ্ নগর নির্ম্মাণ শেষ করিয়া যাইতে পারেন নাই, এই নগরের অবশিষ্টাংশ ইস্‌লাম্ শাহ্ ও হুমায়ূন কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল[৪৪]। ৯৪৮ হিজরায় (১৫৪১ খৃষ্টাব্দে), শের শাহ্ মগধের প্রাচীন রাজধানী পাটলিপুত্র নগরের ধ্বংসাবশেষ মধ্যে একটি দুর্গ নির্ম্মাণ করাইয়াছিলেন, এই দুর্গ ক্রমশঃ বর্ত্তমান পাটনা নগরে পরিণত হইয়াছিল এবং এই সময় হইতে মগধ বা বিহার প্রদেশের রাজধানী, বিহার নগর হইতে স্থানান্তরিত হইয়া পুনরায় পাটলিপুত্রে বা পাটনায় আনীত হইয়াছিল[৪৫]।

শের শাহের মৃত্যুর পরে, তাঁহার জ্যেষ্ঠ পুত্র আদিল্ খাঁর পরিবর্ত্তে, অন্যতম পুত্র জলাল্ খাঁ সিংহাসন লাভ করিয়া, ইস্‌লাম্ শাহ্ উপাধি গ্রহণ করিয়াছিলেন। কালঞ্জর দুর্গ অবরোধকালে, আদিল্ খাঁ অথবা জলাল্ খাঁ, কেহই উপস্থিত ছিলেন না। তারিখ্-ই-খাঁ-জহান্-লোদী অনুসারে, শের শাহের মৃত্যুকালে, আদিল্ খাঁ বহুদূরে অবস্থান করিতেছিলেন, কিন্তু তাঁহার পুত্র মহ্‌মুদ্ শিবিরেই ছিলেন। জলাল্ খাঁ কালঞ্জরের নিকটেই ছিলেন[৪৬]। ফেরেশ্‌তা অনুসারে শের শাহের মৃত্যুকালে আদিল্ খাঁ রণস্তম্ভপুরে ও জলাল্ খাঁ পান্নায় অবস্থান

---

(৪৩) মত্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৪৭০।

(৪৪) Elliot's History of India, Vol. IV, p. 477.

(৪৫) Ibid, pp. 477-78.

(৪৬) Dorn's History of the Afghans, pt. I, pp. 142-44.

করিতেছিলেন [৪৭]। শের শাহের মৃত্যুর পরে, আমীরগণ সংবাদ প্রেরণের ছলে, মহমুদ খাঁকে কালঞ্জর হইতে স্থানান্তরে প্রেরণ করিয়াছিলেন [৪৮]। পিতার মৃত্যুর তিন দিন অথবা পাঁচ দিন পরে, জলাল্ খাঁ কালঞ্জর দুর্গে উপস্থিত হইলে, আমীরগণ তাঁহাকে সিংহাসনে স্থাপন করিয়াছিলেন [৪৯]। ৯৫২ হিজরার রবী-উল্ আউয়ল্ মাসের পঞ্চদশ দিবসে, বৃহস্পতিবারে (২৫ শে মে, ১৫৪৫ খৃষ্টাব্দে), ইস্লাম্ শাহ সিংহাসনে আরোহণ করিয়াছিলেন [৫০]। শের শাহের জ্যেষ্ঠ পুত্র আদিল্ খাঁ, পিতার মৃত্যুসংবাদ পাইয়া, কালঞ্জর দুর্গের দিকে অগ্রসর হন নাই। ইস্লাম্ শাহের সিংহাসনপ্রাপ্তি শ্রবণ করিয়া, তাঁহার পুত্র মহমুদ্ খাঁকে আগ্রা অধিকার করিতে প্রেরণ করিয়াছিলেন। আগ্রার শাসনকর্ত্তা তাঁহাকে নগরে প্রবেশ করিতে দেন নাই এবং মাড়োয়ারের শাসনকর্ত্তাও তাঁহাকে সাহায্য করিতে অসম্মত হইয়াছিলেন [৫১]। এই সংবাদ পাইয়া, আদিল্ খাঁ কালঞ্জর হইতে আগ্রাভিমুখে অগ্রসর হইয়াছিলেন। আদম্ খাঁ বট্নী, দূতস্বরূপ আদিল্ খাঁর নিকট প্রেরিত হইয়াছিলেন [৫২]। শের শাহের আমীরগণ কেহই তাঁহাকে সাহায্য করিতে প্রস্তুত না হওয়ায়, আদিল্ খাঁ বাধ্য হইয়া ইস্লাম্ শাহের অধীনতা স্বীকার করিয়াছিলেন। এই সময়ে ইস্লাম্ শাহ্ আদিল্ খাঁকে আগ্রায় আসিতে অনুরোধ করিয়াছিলেন। খাওয়াস্ খাঁ, জলাল্ খাঁ জালু, ইসা খাঁ নিয়াজী প্রমুখ প্রধানগণ তাঁহার প্রাণরক্ষা করিতে স্বীকৃত

(৪৭) তারিখ্-ই-ফেরেশ্তা, পারস্ত মূল, নওল কিশোর প্রেস্, লক্ষ্ণৌ, পৃঃ ২২৯।
(৪৮) Dorn's History of the Afghans, pt. I, p. 144.
(৪৯) Ibid; মস্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, পৃঃ ৪৮৫।
(৫০) Dorn's History of the Afghans, pt. I, p. 146.
(৫১) Ibid. pp. 146-47.
(৫২) Ibid. p. 148.

হওয়ায়, আদিল্ খাঁ আগ্রা ও ফতেপুর শিক্রীর মধ্যবর্ত্তী শীকারপুর গ্রামে ইস্‌লাম্ শাহের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন ৫৩। ইস্‌লাম্ শাহের ইচ্ছা ছিল যে, তিনি এই সময়ে জ্যেষ্ঠকে বন্দী করিবেন এবং এইজন্য তিনি, আদিল্ খাঁকে মাত্র দুই তিনজন অনুচরের সহিত, আসিতে অনুরোধ করিয়াছিলেন। আদিল্ খাঁ, ইস্‌লাম্ শাহের অনুরোধ উপেক্ষা করিয়া, বহু সৈন্য সামন্ত লইয়া, রাজদর্শনে আসিয়াছিলেন, সেইজন্যই তিনি রক্ষা পাইয়াছিলেন। আদিল্ খাঁ, দরবারে যথারীতি ইস্‌লাম্ শাহ্‌কে রাজ্যেশ্বর বলিয়া স্বীকার করিলে, বয়ানা দুর্গ ও দুই তিনখানি গ্রামের অধিকার পাইয়াছিলেন ৫৪।

এই সময়ে মহম্মদ্ খাঁ সূর, কাজী ফজীলতের পরিবর্ত্তে, গৌড়ের ও তীরভুক্তির শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিলেন এবং মিয়াঁ সোলেমান্ কররাণী মগধের শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিলেন ৫৫। আদিল্ খাঁ অধীনতা স্বীকার করিলেও, ইস্‌লাম্ শাহ্ সন্তুষ্ট হন নাই। তিনি, গাজী খাঁ মহল্লীকে বয়ানায় প্রেরণ করিয়া, তাঁহাকে বন্দী করিতে আদেশ করিয়াছিলেন ৫৬। শের শাহের জ্যেষ্ঠপুত্রের প্রতি অত্যাচার দেখিয়া, খাওয়াস্ খাঁ প্রমুখ প্রাচীন আমীরগণ তাঁহার পক্ষাবলম্বন করিয়াছিলেন। ফতেপুর শিক্রীর নিকটে, আদিল্ খাঁ ও খাওয়াস্ খাঁ, ইস্‌লাম্ শাহ্ কর্ত্তৃক পরাজিত হইয়াছিলেন ৫৭। আদিল্ খাঁ পাটনায় পলায়ন করিয়াছিলেন এবং ইসা খাঁ

---

(৫৩) Ibid. pp. 149-50.

(৫৪) Ibid. p. 152.

(৫৫) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIV, 1875 pt. I, p. 295.

(৫৬) Dorn's History of the Afghans, pt. I, p. 152.

(৫৭) Ibid, p. 158.

হজব্ ও খাওয়াস্ খাঁ, মেওয়াট্ প্রদেশে গমন করিয়াছিলেন[৫৮]। ইহার পরে কোনও ইতিহাসে, শের শাহের জ্যেষ্ঠপুত্র আদিল্ খাঁর উল্লেখ দেখিতে পাওয়া যায় না।

ইস্লাম্ শাহ্ মেওয়াট্ প্রদেশ আক্রমণ করিয়া, ফিরোজ্পুরের যুদ্ধে পরাজিত হইয়াছিলেন[৫৯]। খাওয়াস্ খাঁ, ইহার পরে, কুমায়ূনের পার্ব্বত্য-প্রদেশে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। ইস্লাম্ শাহের রাজ্যের অবশিষ্টাংশ মালবে ও পঞ্জাবে বিদ্রোহদমনে অতিবাহিত হইয়াছিল। ৯৫৩ হিজরায়, মালবের শাসনকর্ত্তা শুজাৎ খাঁ বিদ্রোহী হইয়াছিলেন[৬০]। শুজাৎ খাঁ পরে অধীনতা স্বীকার করিলে, পঞ্জাবের শাসনকর্ত্তা আজম্ হুমায়ূন সর্ওয়ানী বিদ্রোহী হইয়াছিলেন এবং খাওয়াস্ খাঁ তাঁহার সহিত যোগদান করিয়াছিলেন। অম্বালার যুদ্ধে বিদ্রোহিগণ পরাজিত হইয়াছিলেন[৬১]। আজম্ হুমায়ূন ও তাঁহার ভ্রাতা সৈয়দ্ খাঁ, খাওয়াস্ খাঁ যুদ্ধ করিতে অসম্মত হওয়ায়, পরাজিত হইয়াছিলেন। ইহার পরে, কুমায়ূনের রাজা, খাওয়াস্ খাঁকে, ইস্লাম্ শাহের হস্তে সমর্পণ করিয়াছিলেন[৬২]। ইস্লাম্ শাহের আদেশে খাওয়াস্ খাঁ দিল্লীর চকে নিহত হইয়াছিলেন[৬৩]। ধনকোটের যুদ্ধে, আজম্ হুমায়ূন, ইস্লাম্ শাহের সেনাপতি খাজা ওয়ৈস্‌কে পরাজিত করিয়া, লাহোর পর্য্যন্ত তাহার পশ্চাদ্ধাবন করিয়াছিলেন[৬৪]। এই সংবাদ শ্রবণ করিয়া, ইস্লাম্ শাহ্ পঞ্জাবে গমন করিয়াছিলেন এবং ধনকোটের

(৫৮) Ibid, pp. 158-59.
(৫৯) Elliot's History of India, Vol. IV, p. 484.
(৬০) Chronology of Modern India, p. 31.
(৬১) Elliot's History of India, Vol. IV, pp. 486-88.
(৬২) Dorn's History of the Afghans, pt. I, p. 166.
(৬৩) Ibid.
(৬৪) Ibid, p. 167.

নিকটবর্ত্তী সম্ভলে, আজম্ হুমায়ূন ও সৈয়দ্ খাঁ নিয়াজীকে পরাজিত করিয়াছিলেন[৬৫]। দুই বৎসরকাল পর্ব্বতবাসী গক্কর জাতি, বিদ্রোহিগণকে আশ্রয় প্রদান করিয়াছিল, কিন্তু বার বার পরাজিত হইয়া, তাহারা, অবশেষে নিয়াজীগণকে স্থানান্তরে গমন করিতে অনুরোধ করিয়াছিল। নিয়াজীগণ, কাশ্মীরে আশ্রয় গ্রহণ করিয়া, নিহত হইয়াছিলেন[৬৬]। ইস্লাম্ শাহ্ মানকোট্, মানগঢ়, ফিরোজ্গঢ়, রশীদ্গঢ় ও শেরগঢ় নামক কতকগুলি দুর্গ নির্ম্মাণ করিয়া, কুমায়ূন ও শিবালিকের হিন্দুরাজগণকে অধীনতা স্বীকার করাইয়া, আগ্রায় প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন[৬৭]।

এই সময়ে, হুমায়ূনের ভ্রাতা মীর্জা কামরান্, হুমায়ূনের আশ্রয় পরিত্যাগ করিয়া, দিল্লীতে ইস্লাম্ শাহের আশ্রয় গ্রহণ করিয়াছিলেন, কিন্তু ইসলাম্ শাহ্ তাঁহার সহিত সদ্ব্যবহার না করায়, তিনি দিল্লী ত্যাগ করিয়া পুনরায় কাবুলে পলায়ন করিয়াছিলেন[৬৮]। ৯৬১ হিজরায়[৬৯] জিল্হিজ্জা মাসে ষড়বিংশ দিবসে (মতান্তরে ৯৬০ হিজরায়,[৭০] ১৫৫২-৫৩ খৃষ্টাব্দে) ইস্লাম্ শাহের মৃত্যু হইয়াছিল। ইস্লাম্ শাহ্ সাসারামে বিস্তৃত জলাশয় মধ্যে তাঁহার পিতার সমাধি নির্ম্মাণ করাইয়াছিলেন[৭১]। শের শাহ্ গৌড় দেশ হইতে পঞ্জাব পর্য্যন্ত যে রাজপথ নির্ম্মাণ করাইয়াছিলেন, তাহাতে এক ক্রোশ অন্তর এক একটি সরাই নির্ম্মিত হইয়াছিল। ইস্লাম্ শাহের আদেশে,

(৬৫) Elliot's History of India, Vol. IV, p. 493.

(৬৬) Dorn's History of Afghans, pt. I, p. 168.

(৬৭) Elliot's History of India, Vol. IV, p. 494.

(৬৮) Ibid, p. 498.

(৬৯) Ibid, p. 505, note I

(৭০) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIV, 1875 pt. I, pp. 297-98.

(৭১) List of Ancient Monuments in Bengal, Calcutta, 1895, p. 366 70.

প্রতি সরাইএ, সংবাদ বহনের জন্য, দুইজন অশ্বারোহী ও কতকগুলি পদাতিক নিযুক্ত হইয়াছিল। প্রতি সরাইএ, দরিদ্র পথিকদিগকে ভিক্ষা প্রদানের ব্যবস্থা হইয়াছিল। ইস্‌লাম্ শাহের আদেশে, সেনাদলে, এক একজন আফ্‌গান্ ও একজন হিন্দু মুন্সফ্ নিযুক্ত হইয়াছিলেন[৭২]। ইস্‌লাম্ শাহের রাজ্যকালে, বিহার নগরে, হাজী ইস্‌হাকের পুত্র নারান শহীদ্, ৯৬০ হিজরার রজব মাসের একাদশ দিবসে (২৩শে জানুয়ারী, ১৫৫৩ খৃষ্টাব্দে), একটি গৃহ নির্ম্মাণ করাইয়াছিলেন[৭৩]। তাঁহার আদেশে ৯৫৬ হিজরায় (১৫৪৯ খৃষ্টাব্দে), শেখ্ আলাই নামক একজন মুসলমান সাধু আগ্রায় কশাঘাতে নিহত হইয়াছিলেন[৭৪]। ইস্‌লাম্ শাহের মৃত্যুর পরে তাঁহার দ্বাদশবর্ষীয় পুত্র ফিরোজ্ শাহ্ সিংহাসনে স্থাপিত হইয়াছিলেন[৭৫]। ইস্‌লাম্ শাহের বহু রজত ও তাম্রমুদ্রা আবিষ্কৃত হইয়াছে। রজতমুদ্রাগুলি আগ্রা[৭৬], বয়ানা[৭৭], চুণার[৭৮], গোয়ালিয়র[৭৯], কাল্পী[৮০], নার্ণোল[৮১], সপ্তগ্রাম[৮২], বকর[৮৩], ও দিল্লী[৮৪] হইতে মুদ্রিত হইয়াছিল এবং

---

(৭২) Elliot's History of India, Vol. IV, pp. 479-80.

(৭৩) Epigraphia Indica, Vol. II, p. 292.

(৭৪) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৫০৯; Elliot's History of India, Vol. IV, pp. 501-3.

(৭৫) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৫৩৫।

(৭৬) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. I, p 110, Nos. 780-82.

(৭৭) Ibid, Nos. 782-83.

(৭৮) Ibid, p. 111, Nos. 784-85.

(৭৯) Ibid, pp. 111-12, Nos. 786-92.

(৮০) Ibid, p. 112, Nos. 794-94*a*.

(৮১) Ibid, Nos. 795.

(৮২) Ibid, pp. 112-13, Nos. 796-97.

(৮৩) Ibid, p. 113, Nos. 796-99*a*.

(৮৪) Ibid, Nos. 800.

তাম্রমুদ্রাগুলি আলোর[৮৫], কাল্পী[৮৬], মালোট,[৮৭], নার্ণোল[৮৮], ও কনৌজ[৮৯] হইতে মুদ্রিত হইয়াছিল। ইস্‌লাম্ শাহ্ আট বৎসর নয় মাস[৯০] ও মতান্তরে নয় বৎসর[৯০] কাল রাজ্য ভোগ করিয়াছিলেন।

ইস্‌লাম্ শাহের পুত্র, ফিরোজ্ শাহের সিংহাসনপ্রাপ্তির তিন দিন পরে, শের শাহের কনিষ্ঠ ভ্রাতা নিজাম্ খাঁর পুত্র, মবারেজ্ খাঁ, ফিরোজ্ শাহ্‌কে হত্যা করিয়া, দিল্লীর সিংহাসন অধিকার করিয়াছিলেন এবং মহম্মদ্ শাহ্ আদিল্ উপাধি গ্রহণ করিয়াছিলেন[৯১]। এই সংবাদ শ্রবণ করিয়া, বাঙ্গালার শাসনকর্ত্তা মহম্মদ্ খাঁ স্থর স্বাধীনতা অবলম্বন করিয়াছিলেন[৯৩]। এই সময় হইতে ৯৮৪ হিজরায়, জলাল্-উদ্দীন্ মহম্মদ্ আক্‌বর বাদ্‌শাহ্ কর্ত্তৃক বাঙ্গালা দেশ বিজয় পর্য্যন্ত, গৌড় বা মগধ দিল্লীর বাদ্‌শাহ্ গণের অধিকারভুক্ত হয় নাই।

---

(৮৫) Ibid, p. 116, Nos. 815.
(৮৬) Ibid, Nos. 816.
(৮৭) Ibid, Nos. 817-19.
(৮৮) Ibid, Nos. 820.
(৮৯) Ibid, pp. 117-18, Nos. 825-30.
(৯০) Elliot's History of India, Vol. IV, p. 505, Note 3.
(৯১) মস্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৫৩১।
(৯২) Dorn's History of Afghans, pt. I, p. 171.
(৯৩) Ibid, p. 175.

পরিশিষ্ট "ড"।

ইব্রাহিম্ খাঁ সূর
হসন্ খাঁ সূর
?
ফরীদ-উদ্দীন্ শের শাহ্ (১)
নিজাম্ খাঁ
আলী খাঁ
ইউসফ্ খাঁ
খুর্রম্ খাঁ
শাদী খাঁ
সোলেমান্ খাঁ
সিকন্দর শাহ্ (৬)
মহম্মদ্ শাহ্ আদিল্ (৪)
ইব্রাহিম্ শাহ্ (৫)
হোসেন্ খাঁ
দ্বিতীয় শের শাহ্
আদিল্ খাঁ
ইস্লাম্ শাহ্ (২)
কুতব্ খাঁ
ফিরোজ্ শাহ্ (৩)
আওয়াজ্ খাঁ (৭)

দ্বাদশ পরিচ্ছেদ।

সূর ও কররাণী বংশ।

হিজরা ৯৬০—৮৪, খৃষ্টাব্দ ১৫৫২—৭৬।

মহম্মদ্ খাঁ সূরের বিদ্রোহ—সোলেমান্ কররাণী—মহম্মদ্ শাহ্ আদিল্—আফ্গান্ রাজ্যের অবস্থা—তাজ্ খাঁ কররাণীর-পলায়ন—ছাপরঘাটার যুদ্ধ—শমস্-উদ্দীন্ মহম্মদ্ শাহের মৃত্যু—ইব্রাহিম্ খাঁ সূর—সিকন্দর শাহ্—গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহ্—মহম্মদ্ শাহ্ আদিলের-মৃত্যু—দ্বিতীয় শের শাহ্—শিলালিপি—মুদ্রা—গিয়াস্-উদ্দীন্ জলাল্ শাহ্—শিলালিপি—মুদ্রা—জলাল্ শাহের পুত্র—গিয়াস্-উদ্দীন্—তাজ্ খাঁ কররাণী কর্ত্তৃক গৌড় অধিকার—বিশ্বসিংহ—নরনারায়ণ—শুক্লধ্বজ—কোচ্‌রাজ্য—সোলেমান্ খাঁ কররাণী—উড়িষ্যায় দূত প্রেরণ—রোহ্‌তাসে দূত প্রেরণ—খাঁ জমানের সহিত যুদ্ধ—আক্‌বরের অধীনতা স্বীকার—উড়িষ্যা বিজয়—নরনারায়ণের গৌড় আক্রমণ—শিলালিপি—বায়াজিদ্ শাহ্—দাউদ্ শাহ্—জৌনপুর আক্রমণ—মোঙ্গোলদিগের সহিত যুদ্ধ—লোদী খাঁর হত্যা—আক্‌বরের গৌড়াভিযান—পাটনা অবরোধ—দাউদ্ শাহের পলায়ন—তাঁড়া অধিকার—ঘোড়াঘাটের যুদ্ধ—নরনারায়ণের গৌড় আক্রমণ—সপ্তগ্রাম অধিকার—তকারোইয়ের যুদ্ধ—সন্ধি—মুনিম্ খাঁর মৃত্যু—দাউদ্ শাহের যুদ্ধ ঘোষণা—রাজমহলের যুদ্ধ—মুদ্রা।

বাঙ্গালার সুলতান্‌গণ—		হিজরা	খৃষ্টাব্দ
শমস্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্	...	৯৬০—৬২	১৫৫২—৫৪
গিয়াস্-উদ্দীন্ বহাদর্ শাহ্	...	৯৬২—৬৮	১৫৫৪—৬০
গিয়াস্-উদ্দীন্ জলাল্ শাহ্	...	৯৬৮—৭১	১৫৬০—৬৩
জলাল্ শাহের্ পুত্র	...	৯৭১	১৫৬৩

গিয়াস্-উদ্দীন্ ...	...	৯৭১	১৫৬৩
সোলেমান্ কররাণী	...	৯৭২—৮১	১৫৬৪—৭১
বায়াজিদ্ শাহ্ ...	...	৯৮১	১৫৭২
দাউদ্ শাহ্ ...	...	৯৮১—৮৪	১৫৭২—৭৬

দিল্লীর বাদ্‌শাহ্‌গণ—

নাসির্-উদ্দীন্ হুমায়ুন	..	৯৬২—৬৩	১৫৫৪—৫৬
জলাল্-উদ্দীন্ আক্‌বর	...	৯৬৩—১০১৪	১৫৫৬—১৬০৫

কোচ্‌বিহার রাজগণ—

বিশ্বসিংহ ...	...	...	১৫১৫—৪০
নরনারায়ণ ...	...	...	১৫৪০—৮৪

আহম্ রাজগণ—

সুক্লেন্ মুঙ্গ ...	...	...	১৫৩৯—৫৫
সুখাম্ ফা ...	..	...	১৫৫২—১৬০৩

উড়িষ্যা রাজগণ—

শকাপ্রতাপদেব ...	...	...	১৫৪৯—৫৭
নরসিংহরায় জেনা	...	...	১৫৫৭
রঘুরাম জেনা ...	...	...	১৫৫৭—৬০
মুকুন্দদেব ...	...	...	১৫৬০—৬৮

অন্যান্য আফগান্ রাজগণ—

মহম্মদ্ শাহ্ আদিল্	...	৯৬০—৬৪	১৫৫২—৫৬
সিকন্দর শাহ্	...	৯৬২	১৫৫৫—৫৬
ইব্রাহিম্ শাহ্	...	৯৬২	১৫৫৫
দ্বিতীয় শের শাহ্		৯৬৪—৬৫	১৫৫৬—৫৭

ইলিয়াস্ শাহের বংশের ও দনুজমর্দ্দনের মুদ্রা।

ফরীদ্-উদ্দীন্ শের শাহ্ অমানুষিক প্রতিভাবলে দুর্দ্ধর্ষ আফ্গান্ প্রধানগণকে বশীভূত রাখিয়াছিলেন, যতদিন তিনি জীবিত ছিলেন, ততদিন তাঁহার কঠোর শাসনের ভয়ে, তাঁহার কৃপাদৃষ্টিপাতে ঐশ্বর্য্য-লাভের আকর্ষণে অথবা গৃহবিবাদে দ্বিতীয়বার মোঙ্গোল বিজয়ের আশঙ্কায়, আফ্গান্ প্রধানগণ আত্মদ্রোহে লিপ্ত হন নাই। শের শাহের মৃত্যুর পরে রাজ্যাধিকার লইয়া, আদিল্ খাঁর সহিত ইস্লাম্ শাহের বিবাদ আরম্ভ হইলে, কলহপ্রিয় আফ্গান্ প্রধানগণ বিদ্রোহা-চরণ আরম্ভ করিয়াছিলেন। খাওয়াস্ খাঁ প্রমুখ শের শাহের পুরাতন ভৃত্যগণ, আদিল্ খাঁর পক্ষাবলম্বন করিলে, যে বিদ্রোহবহ্নি প্রজ্বলিত হইয়াছিল, ইস্লাম্ শাহের জীবদ্দশায় তাহা নির্ব্বাপিত হয় নাই। পূর্ব্বে কথিত হইয়াছে, ইস্লাম্ শাহের অনতিদীর্ঘ রাজ্যকাল, আফ্গান্ প্রধানগণের বিদ্রোহ দমনে অতিবাহিত হইয়াছিল। তিনি যতদিন জীবিত ছিলেন, ততদিন আফ্গান্ প্রধানগণ, দুর্জ্জেয় শের শাহের দক্ষিণহস্ত, শতশতাহববিজয়ী, ইস্লাম্ শাহ্ উপাধিধারী, জলাল্ খাঁর ভয়ে, বিদ্রোহাচরণ হইতে বিরত ছিলেন, কিন্তু তাঁহার দেহান্ত হইলে, আফ্গান্ প্রধানগণ স্বজাতিসুলভ ব্যবহার বিস্মৃত হন নাই। যে কারণে বহ্লোল্ লোদীর সাম্রাজ্য ধ্বংস হইয়াছিল, সেই কারণে শের শাহের সাম্রাজ্যও বিনষ্ট হইয়াছিল। মহম্মদ্ শাহ্ আদিল্ উপাধিধারী মবারেজ্ খাঁ, কলহপ্রিয় দুরন্ত আফ্গান্ আমীরগণকে বশীভূত রাখিতে পারেন নাই। অবসর বুঝিয়া, প্রবাসী হুমায়ূন, ভারতবর্ষে ফিরিয়া আসিয়াছিলেন এবং একে একে সিকন্দর শাহ্ মহম্মদ্ শাহ্ আদিল্ প্রভৃতি হসন্ খাঁ সূরের বংশধরগণকে পরাজিত করিয়া, দুই বৎসরের মধ্যে হৃতরাজ্য পুনরুদ্ধার করিয়াছিলেন।

যে বৎসর শের শাহের মৃত্যু হইয়াছিল, সেই বৎসর মহম্মদ্ খাঁ

স্থর গৌড়ের ও তীরভুক্তি বা উত্তর বিহারের এবং সোলেমান্ খাঁ করয়াণী মগধ বা দক্ষিণ বিহারের শাসনকর্ত্তা নিযুক্ত হইয়াছিলেন[১]। ইস্‌লাম্ শাহের শিশুপুত্র, ফিরোজ্ শাহ্, মবারেজ্ খাঁ কর্ত্তৃক নিহত হইলে, শের শাহের রাজ্যকালের প্রধানগণ ক্ষুব্ধ হইয়াছিলেন, নীচ-জাতীয় হিন্দু, হিমু মহ্‌ম্মদ্ শাহের অনুগ্রহে উচ্চপদ লাভ করিলে, ভারতবর্ষের মুসলমান সম্প্রদায় অত্যন্ত রুষ্ট হইয়াছিল, এই সময় হইতেই আফ্‌গান্ সাম্রাজ্যের অধঃপতন আরম্ভ হইয়াছিল।

ইস্‌লাম্ শাহের মৃত্যুর পরে, তাঁহার মৃতদেহ সাসারামে প্রেরিত হইয়াছিল,[২] তথায় তাঁহার অসমাপ্ত সমাধিমন্দিরের ধ্বংসাবশেষ অদ্যাবধি বিদ্যমান আছে[৩]। ফিরোজ্ শাহের সিংহাসন প্রাপ্তির তিনদিন পরে, ইস্‌লাম্ শাহের খুল্লতাত পুত্র ও শ্যালক মবারেজ্ খাঁ তাঁহাকে হত্যা করিয়াছিলেন। মবারেজ্ খাঁর সহোদরা, ফিরোজ্ শাহের মাতা, বিবি বাঈ, মবারেজ্ খাঁকে বহুবার ইস্‌লাম্ শাহের কোপদৃষ্টি হইতে রক্ষা করিয়াছিলেন, কিন্তু তিনি বহু অনুনয় বিনয় করিয়াও, রাজ্যলোলুপ ভ্রাতার হস্ত হইতে, পুত্রকে রক্ষা করিতে পারেন নাই[৪]। মবারেজ্ খাঁ, ভাগিনেয়কে হত্যা করিয়া, মহ্‌ম্মদ্ শাহ্ উপাধি ধারণ করিয়াছিলেন এবং আমীরগণের প্রীতিবিধানের জন্য, শের শাহের ও ইস্‌লাম্ শাহের রাজ্যকালে, কোষাগারে সঞ্চিত অর্থ

(১) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. LXIV, 1875 pt. I, p. 295.

(২) Elliot's History of India Vol. IV, p. 505 Note. 1.

(৩) List of Ancient Monuments in Bengal, Calcutta, 1896, p. 370 Nos, 138-39.

(৪) Elliot's History of India, Vol. IV. p. 505, মস্তুখব্-উৎ-তওয়ারিখ ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৫৩৫।

তাঁহাদিগকে প্রদান করিয়াছিলেন[৫]। ইহাতেও আফ্গান্ আমীরগণ সন্তুষ্ট হন নাই। একদিন সাম্রাজ্যের মন্ত্রগৃহে, মহম্মদ্ শাহ্ কনৌজ প্রদেশের জায়গীরসমূহ পুনঃ প্রদান করিতেছিলেন, সেইদিন শাহ্ মহম্মদ্ ফর্ম্মূলীর জায়গীর, সরমস্ত খাঁ সর্ওয়ানীকে প্রদত্ত হইয়াছিল। অন্যায় আচরণে ক্রুদ্ধ হইয়া, শাহ্ মহম্মদ্ ফর্ম্মূলীর পুত্র সিকন্দর খাঁ, প্রকাশ্য দরবারে, সরমস্ত খাঁ সর্ওয়ানীকে হত্যা করিয়াছিলেন, তাহা দেখিয়া মহম্মদ্ শাহ্ আদিল্ অন্তঃপুরে পলায়ন করিয়া আত্মরক্ষা করিয়াছিলেন। মন্ত্রগৃহ যুদ্ধক্ষেত্রে পরিণত হইয়াছিল, ইব্রাহিম্ খাঁ স্থর সিকন্দর খাঁ ফর্ম্মূলীকে ও দৌলৎ খাঁ লোহানী শাহ্ মহম্মদ্ ফর্ম্মূলীকে হত্যা করিয়াছিলেন। মন্ত্রগৃহের এই অবস্থা দেখিয়া, সোলেমান্ কররাণীর জ্যেষ্ঠ ভ্রাতা, তাজ্ খাঁ কররাণী, গোয়ালিয়র হইতে মগধে পলায়ন করিয়াছিলেন। মহম্মদ্ শাহের আদেশে, হিমু, পলায়নপর তাজ্ খাঁর অনুসরণ করিয়া, ছাপ্রা-মৌ নামক স্থানে তাঁহাকে পরাজিত করিয়াছিলেন[৬]। ইহার পরে, তাজ্ খাঁ অথবা সোলেমান্ খাঁ কররাণী, আর কখনও মহম্মদ্ শাহ্ আদিলের অধীনতা স্বীকার করেন নাই। ৯৬০ হিজরায় (১৫৫২ খৃষ্টাব্দে), বাঙ্গালার শাসনকর্ত্তা মহম্মদ্ খাঁ স্থর স্বাধীনতা ঘোষণা করিয়া, শমস্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্ উপাধি গ্রহণ করিয়াছিলেন। বদাওনী ভ্রমক্রমে লিপিবদ্ধ করিয়াছেন যে, মহম্মদ্ খাঁ স্থর স্থলতান্ জলাল্-উদ্দীন্ উপাধি গ্রহণ করিয়াছিলেন[৭]। ৯৬১ হিজরায়, বাঙ্গালার স্থলতান্ শমস্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্, জৌনপুর প্রদেশ অধিকার করিয়া, কাল্পী ও আগ্রা অভিমুখে অগ্রসর হইয়াছিলেন। তখন, হিমু বয়ানা দুর্গে ইব্রাহিম্ খাঁ স্থরকে

(৫) Dorn's History of the Afghans, pt. I, p. 171.

(৬) Elliot's History of India, Vol. IV, p. 506.

(৭) মস্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ পৃঃ ৫৫২।

অবরোধ করিয়াছিলেন[৮]। মহম্মদ্ শাহের আদেশে, তিনি বয়ানা অবরোধ পরিত্যাগ করিয়া, গৌড়রাজের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়াছিলেন[৯]। ৯৬২ হিজরায় (১৫৫৫ খৃষ্টাব্দে) কাল্পী হইতে একাদশ ক্রোশ দূরে অবস্থিত যমুনাতীরে, ছাপ্‌রা-মৌ গ্রামে, শমস্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্, হিমু কর্তৃক পরাজিত ও নিহত হইয়াছিলেন[১০]। শমস্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্, ৯৬২ হিজরায়, আরাকাণ বিজয় করিয়াছেলেন এবং বিজয়-কাহিনী স্মরণার্থ, উক্ত বর্ষে, আরাকাণে নিজনামে রজতমুদ্রা মুদ্রাঙ্কন করাইয়াছিলেন[১১]। এতদ্ব্যতীত তাঁহার রাজ্যকালের কোনও শিলালিপি বা মুদ্রা অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই।

৯৬২ হিজরার জমাদী-উল্-আউয়ল্ মাসের ষষ্ঠ দিবসে (২৯শে মার্চ্চ ১৫৫৫ খৃষ্টাব্দে), মহম্মদ্ শাহ্ আদিল্, তাঁহার খুল্লতাত পুত্র ও শ্যালক ইব্রাহিম্ খাঁ সূর কর্তৃক পরাজিত হইয়া, দিল্লী ও আগ্রা পরিত্যাগ করিতে বাধ্য হইয়াছিলেন[১২]। ইব্রাহিম্ খাঁ সূর, ইব্রাহিম্ শাহ্ উপাধি ধারণ করিয়া, স্বাধীনতা ঘোষণা করিয়াছিলেন। উক্তবর্ষে জমাদী-উস্ সানি মাসে (মে মাসে), শের শাহের কনিষ্ঠ ভ্রাতা আহ্মদ্ খাঁ, ইব্রাহিম্ শাহ্‌কে পরাজিত করিয়া, দিল্লী অধিকার করিয়াছিলেন এবং সিকন্দর শাহ্ উপাধি গ্রহণ করিয়া, সিংহাসনে আরোহণ করিয়াছিলেন[১৩]। উক্ত বর্ষে শাবান মাসের দ্বিতীয় দিবসে (২২শে জুন

(৮) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৪৬-৪৭।

(৯) Dorn's History of the Afghans, pt. I, p. 175.

(১০) Elliot's History of India, Vol. IV, p. 507.

(১১) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 180, Nos. 229.

(১২) Chronology of Modern India, p. 34.

(১৩) Ibid ; মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ ৫৪৭।

১৫৫৫ খৃষ্টাব্দে), হুমায়ূনের সেনাপতি বৈরাম্ খাঁ, সর্হিন্দের যুদ্ধে সিকন্দর শাহ্‌কে পরাজিত করিয়াছিলেন। সিকন্দর শাহ্ মাসদ্বয় মাত্র রাজ্যভোগ করিয়া, পঞ্জাবের পার্ব্বত্যপ্রদেশে পলায়ন করিয়াছিলেন এবং হুমায়ূন পুনর্ব্বার দিল্লী ও আগ্রা অধিকার করিয়াছিলেন[১৪]।

ছাপ্‌রা-মৌয়ের যুদ্ধে শমস্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্ পরাজিত ও নিহত হইলে, বাঙ্গালার আমীরগণ, প্রয়াগের পরপারে অবস্থিত, ঝুসীতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন। এই স্থানে, শমস-উদ্দীন্ মহম্মদ্ শাহের পুত্র, খিজর্ খাঁ, গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহ্ উপাধি গ্রহণ করিয়া, স্বাধীনতা ঘোষণা করিয়াছিলেন[১৫]। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে, শাহ্‌বাজ্ খাঁ, মহম্মদ্ শাহ্ আদিলের অধীনে, গৌড়ের শাসনকর্ত্তা ছিলেন[১৬]। গোলাম হোসেনের এই উক্তি যে কতদূর বিশ্বাসযোগ্য, তাহা বলিতে পারা যায় না, কারণ ইস্‌লাম্ শাহের রাজ্যকালে, মহম্মদ্ খাঁ স্থর গৌড়ের শাসনকর্ত্তা ছিলেন; তিনি, ইস্‌লাম্ শাহের মৃত্যুর পরে, স্বাধীনতা অবলম্বন করিয়াছিলেন এবং জৌনপুর অধিকার করিয়া, আগ্রা ও কাল্পী অধিকার করিতে অগ্রসর হইতেছিলেন, এই সময়ে ছাপরা-মৌয়ের যুদ্ধে তিনি পরাজিত ও নিহত হইয়াছিলেন। তাঁহার মৃত্যুর পরে, বাঙ্গালার আমীরগণ, ঝুসী পর্য্যন্ত প্রত্যাবর্ত্তন করিয়া, শমস্-উদ্দীন্ মহম্মদ্ শাহের পুত্র, খিজর্ খাঁকে বাঙ্গালার স্থলতান্ বলিয়া স্বীকার করিয়াছিলেন। মহম্মদ্ শাহ্ আদিলের রাজ্যকালে বাঙ্গালা দেশ কখনও তাঁহার অধীন ছিল না, স্থতরাং এই সময়ে তাঁহার অধীন শাহ্‌বাজ্ খাঁ নামক গৌড়ের শাসনকর্ত্তার অস্তিত্ব স্বীকার করা তুষ্কর। শমস্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্ যখন মহম্মদ্ শাহ্ আদিলের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়াছিলেন, তখন সম্ভবতঃ

(১৪) Elliot's History of India, Vol. IV, p. 508.

(১৫) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৪৭-৪৮।

তিনি, শাহ্‌বাজ্ খাঁকে গৌড়রক্ষার্থ নিযুক্ত করিয়াছিলেন। ছাপরা-মৌয়ের যুদ্ধে, শমস্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্ পরাজিত ও নিহত হইলে, শাহ্‌বাজ্ খাঁ, বোধ হয়, মহম্মদ্ শাহ্ আদিলের অধীনতা স্বীকার করিয়াছিলেন। খিজর্ খাঁ বা গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহ্, ঝুসী হইতে গৌড়ে গমন করিয়া, শাহ্‌বাজ্ খাঁকে আক্রমণ করিয়াছিলেন। শাহ্‌বাজ্ খাঁ পরাজিত ও নিহত হইয়াছিলেন[১৬] এবং গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহ্ গৌড়-সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। গৌড়ে সিংহাসনের ভিত্তি সুদৃঢ় করিয়া, তিনি পিতার মৃত্যুর প্রতিশোধগ্রহণ মানসে, মহম্মদ্ শাহ্ আদিলের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়াছিলেন[১৭]। এই সময়ে মহম্মদ্ শাহের অবস্থা অত্যন্ত শোচনীয় হইয়াছিল। হিমু ছাপরা-মৌয়ের যুদ্ধে জয়লাভ করিয়া, বিহারে তাজ্ খাঁ কররাণীর বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়াছিলেন[১৮]। এই সময়ে (১৫ই, রবী-উল্-আউয়ল্, ৯৬৩ হিজরা, (২৮শে জানুয়ারি ১৫৫৬ খৃষ্টাব্দে) দিল্লীতে নাসির-উদ্দীন্ হুমায়ুন বাদ্‌শাহের মৃত্যু হওয়ায়[১৯], রবী-উস্-সানী মাসের দ্বিতীয় দিবসে (১৪ই ফেব্রুয়ারি), জলাল্-উদ্দীন্ মহম্মদ্ আক্‌বর বাদ্‌শাহ্ সিংহাসন লাভ করিয়াছিলেন[২০]। আক্‌বরের সিংহাসন লাভের কথা শুনিয়া, মহম্মদ্ শাহ্ আদিল্, হিমুকে দিল্লীতে প্রেরণ করিয়াছিলেন। হিমু গোয়ালিয়রে আলীকুলী খাঁকে, আগ্রাতে সিকন্দর খাঁ উজ্‌বেক্ ও কোবাদ্ খাঁ গক্ককে পরাজিত করিয়াছিলেন। পুরাতন দিল্লীর নিকটে, আব্দ্-উল্-মালী ও তর্দী মহম্মদ্ খাঁকে পরাজিত করিয়া, পাণিপথ

---

(১৬) রিয়াজ্-উস্ সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৪৮ ৪৯।
(১৭) Elliot's History of India Vol. IV, p. 508.
(১৮) Dorn's History of the Afghans, pt. I. p. 175.
(১৯) Chronology of Modern India, p. 35.
(২০) Ibid.

পর্য্যন্ত অগ্রসর হইয়াছিলেন[২১]। পাণিপথের যুদ্ধে বৈরাম্ খাঁ ও আক্‌বর, হিমুকে পরাজিত করিয়া, হত্যা করিয়াছিলেন। গৌড়েশ্বর গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহ্, যখন পিতৃহত্যার প্রতিশোধ গ্রহণ মানসে, মহম্মদ্ শাহ্ আদিলের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়াছিলেন, তখন দিল্লী ও আগ্রা আক্‌বর বাদ্‌শাহের হস্তগত, হিমু নিহত, জৌনপুর মোঙ্গোল সেনাপতি খাঁ জমান্ কর্ত্তৃক অধিকৃত-গৌড়-তীরভুক্তি-মগধ, গিয়াস্-উদ্দীন বহাদর শাহ্ ও সোলেমান্ কররাণীর হস্তগত। ৯৬৪ হিজরায় (১৫৫৭ খৃষ্টাব্দে), গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহ্ ও সোলেমান্ কররাণী, মুঙ্গেরের নিকটে কিউল নদীতীরে, সুরজ্‌গড়ে, মহম্মদ্ শাহ্ আদিল্‌কে আক্রমণ করিয়াছিলেন এবং এই যুদ্ধে মহম্মদ্ শাহ্ পরাজিত ও নিহত হইয়াছিলেন[২৩]। ইহার পরে গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহ্ গৌড়ে ও তীরভুক্তিতে এবং সোলেমান্ কররাণী মগধে স্বাধীনতা অবলম্বন করিয়াছিলেন। মহম্মদ্ শাহের আমীরগণ, পরাজিত হইয়া, চুণারে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন এবং তথায়, মহম্মদ্ শাহের পুত্র, দ্বিতীয় শের শাহ্ উপাধিগ্রহণ করিয়া, সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। দ্বিতীয় শের শাহ্ ও আফ্‌গান্ প্রধানগণ, জৌনপুরে, খাঁ-জমান্‌কে আক্রমণ করিয়া, পরাজিত হইয়াছিলেন; ইহার পরে, দ্বিতীয় শের শাহ্, ফকিরীগ্রহণ করিয়া, সংসার ত্যাগ করিয়াছিলেন[২৪]।

পরাজিত ও পদচ্যুত আফ্‌গান্ আমীরগণ, মগধে সোলেমান্ কররাণীর আশ্রয় গ্রহণ করিয়াছিলেন[২৫]। সোলেমান্ কররাণী, এই সময়ে, গৌড়-

(২১) Elliot's History of India, Vol. V, p. 59-62.

(২২) Ibid, pp. 252-52.

(২৩) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৪৮-৪৯।

(২৪) Elliot's History of India, Vol. IV, p. 509

(২৫) Ibid.

রাজ্যের কিয়দংশ অধিকার করিয়া, হজরৎ আলী উপাধি গ্রহণ করিয়াছিলেন ২৬। ৯৬৮ হিজরায় (১৫৬০ খৃষ্টাব্দে), গৌড়েশ্বর গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহের মৃত্যু হইয়াছিল ২৭। রিয়াজ-উস্-সালাতীন্ অনুসারে তিনি ছয় বৎসর কাল রাজ্যভোগ করিয়াছিলেন। ৯৬৪ হিজরায় (১৫৫৭ খৃষ্টাব্দে) গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহের রাজ্যকালে, রাজমহলের জামী মস্জিদ্ নির্ম্মিত হইয়াছিল, এই মস্জিদের শিলালিপি অনুসারে, আমিন্-উল্লাহের পুত্র, ইব্রাহিম্ খাঁ গাজী, ৯৬৪ হিজরায় শ্রাবণ মাসের অষ্টম দিবসে শুক্রবারে, বিধর্ম্মিগণ কর্ত্তৃক নিহত হইয়াছিলেন ২৮। ৯৬৬ হিজরায় (১৫৫৮ খৃষ্টাব্দে), রাজশাহী জেলার কুশুম্বা গ্রামে, সোলেমান্ নামক এক ব্যক্তি একটি মস্জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন ২৯। কালনায় আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, ৯৬৭ হিজরায় (১৫৫৯ খৃষ্টাব্দে), গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহের রাজ্যকালে, সর্ওয়ার খাঁ একটি মস্জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন ৩০। কলিকাতার চিত্রশালায়-রক্ষিত একখানি শিলালিপি অনুসারে, গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহের রাজ্যকালে ৯৬৭ হিজরায় জমাল খাঁ কররাণীর পুত্র, মস্নদ্ আলী তাজ খাঁ একটী মস্জিদ্ নির্ম্মাণ করাইয়াছিলেন ৩১। গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহের অনেকগুলি রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে,

(২৬) Ibid.

(২৭) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIV, 1875, p. 301.

(২৮) Ibid, pp. 301-2.

(২৯) Ibid, Vol. LXXIII, 1904, pt. I, p. 117.

(৩০) Annual Report of the Archaeological Survey, Bengal Circle, 1903-4, p. 4.

(৩১) অপ্রকাশিত।

এইগুলি ৯৬৪, ৯৬৬-৬৮ হিজরায় মুদ্রিত হইয়াছিল, ইহাতে টাঁকশালের নাম পাওয়া যায় না [৩২]।

গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহের মৃত্যুর পরে, তাঁহার কনিষ্ঠ ভ্রাতা গিয়াস্-উদ্দীন্ জলাল্ শাহ্ সিংহাসন লাভ করিয়াছিলেন। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে, পাঁচ বৎসর কাল রাজ্যভোগের পরে, জলাল্ শাহের মৃত্যু হইয়াছিল [৩৩]। ব্লখ্ম্যানের মতানুসারে তিন বৎসর রাজ্যভোগের পরে ৯৭১ হিজরায় (১৫৬৩ খৃষ্টাব্দে), গৌড়ে জলাল্ শাহের মৃত্যু হইয়াছিল [৩৪]। গৌড়ে শাহ্ নিয়ামৎ উল্লাহের আস্তানায় একখানি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে, তদনুসারে ৯৭০ হিজরার জিলহিজ্জা মাসের প্রথমে (২২ শে জুলাই ১৫৬৩ খৃষ্টাব্দে), খাঁ জহান্ একটি তোরণ নির্ম্মাণ করাইয়াছিলেন [৩৫]। বগুড়ায়, শেরপুর মুর্চ্চায় আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, মহম্মদ্ শাহ্ গাজীর পুত্র গিয়াস্-উদ্দীন্ জলাল্ শাহের রাজ্যকালে ৯৭০ হিজরায় (?), একটি জামী মস্জিদ্ নির্ম্মিত হইয়াছিল [৩৬]। গিয়াস্-উদ্দীন্ জলাল শাহের বহু রজতমুদ্রা আবিষ্কৃত হইয়াছে, কিন্তু এইগুলিতে টাঁকশালের নাম নাই [৩৭]। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে, গিয়াস্-উদ্দীন্ জলাল্ শাহের মৃত্যুর পরে, তাঁহার পুত্র গৌড় সিংহাসন

---

(৩২) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 181, Nos. 230-33.

(৩৩) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজ অনুবাদ, পৃঃ ১৪৯।

(৩৪) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIV, 1875, pt. I, p. 302.

(৩৫) Epigraphia Indica, Vol. II, p. 286.

(৩৬) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIV, 1875, pt. I, p. 299.

(৩৭) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 181, Nos. 234-35.

লাভ করিয়াছিলেন। গোলাম্ হোসেন্, জলাল্ শাহের পুত্রের নাম লিপিবদ্ধ করেন নাই। তাঁহার মতানুসারে, জলাল্ শাহের মৃত্যুর সাত মাস নয় দিন পরে, গিয়াস্-উদ্দীন্ নামক এক ব্যক্তি জলাল্ শাহের পুত্রকে হত্যা করিয়া গৌড়রাজ্য অধিকার করিয়াছিল। এই গিয়াস্-উদ্দীন্ এক বৎসর একাদশ দিবস গৌড়রাজ্য ভোগ করিয়াছিলেন [৩৮]। ইহার পরে, সোলেমান্ কররাণীর ভ্রাতা, তাজ্ খাঁ কররাণী গিয়াস্-উদ্দীন্‌কে হত্যা করিয়া গৌড়রাজ্য অধিকার করিয়াছিলেন।

কেহ কেহ বলেন যে, গোয়ালিয়রে মহম্মদ্ শাহ্ আদিলের সভা হইতে পলায়ন করিয়া, তাজ্ খাঁ কররাণী খাওয়াস্‌পুর তন্দায় আসিয়াছিলেন, এই স্থানে, ইমাদ্, সোলেমান্ ও ইলিয়াস্ কররাণী নামক তাজ্ খাঁর ভ্রাতৃত্রয়, ইক্তাদার ছিলেন। মহম্মদ্ শাহ্ আদিল্ কররাণীগণকে পুনর্ব্বার গঙ্গাতীরে পরাজিত করিয়াছিলেন। কররাণীগণ গৌড়দেশে পলায়ন করিয়াছিলেন। গৌড়ের শাসনকর্ত্তা সলীম্ খাঁ, কাকর্ ও ফতে খাঁ বট্‌নী, কররাণীগণকে সাদরে অভ্যর্থনা করিলে, তাহারা সলীম খাঁ ও ফতে খাঁকে হত্যা করিয়াছিলেন। এই কথা বিশ্বাসযোগ্য নহে, কারণ মহম্মদ্ শাহ্ আদিল্ কখনও গৌড়দেশ অধিকার করিতে পারেন নাই এবং তৎকর্ত্তৃক গৌড়ে শাসনকর্ত্তা নিয়োগ সম্ভবপর ছিল না [৩৯]।

তাজ্ খাঁ কররাণী কর্ত্তৃক গৌড় অধিকৃত হইলে, তিনি, তাঁহার ভ্রাতা সোলেমান্ কররাণীর প্রতিনিধি স্বরূপ, কিয়ৎকাল গৌড়রাজ্য শাসন করিয়াছিলেন [৪০]। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে, তাজ্ খাঁ প্রায় নয়

---

(৩৮) রিয়াজ্-উস্-সালাতীন, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৫০।

(৩৯) Dorn's History of the Afghans, pt. I, pp. 179-80.

(৪০) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIV, 1875, pt. I, p. 295.

বৎসর[৪১] ও ব্লথ্ম্যানের মতানুসারে দুই বৎসর কাল[৪২] গৌড় শাসন করিয়া, তাজ্ খাঁ পরলোক গমন করিয়াছিলেন।

আলা-উদ্দীন্ হোসেন্ শাহের রাজ্যকালে, কামতাপুরের হিন্দুরাজ্যের অধঃপতনের অল্পকাল পরে, উত্তরবঙ্গে একটি নূতন হিন্দুরাজ্য স্থাপিত হইয়াছিল। কামতাপুর ধ্বংসের পঞ্চবিংশ বর্ষ মধ্যে, কোচ্জাতীয় বিশ্বসিংহ এই নূতন রাজ্যপ্রতিষ্ঠা করিয়াছিলেন। সার এড্ওয়ার্ড গেট্ অনুমান করেন যে, ১৫১৫ খৃষ্টাব্দে, বিশ্বসিংহ স্বাধীনতা অবলম্বন করিয়াছিলেন[৪৩]। ১৫৪০ খৃষ্টাব্দে বিশ্বসিংহের মৃত্যু হইয়াছিল এবং তাঁহার জ্যেষ্ঠপুত্র মল্লদেব বা নরনারায়ণ সিংহাসন লাভ করিয়াছিলেন[৪৪]। নরনারায়ণের কনিষ্ঠ ভ্রাতা ও সেনাপতি শুক্লধ্বজ বা চিলরায় কোচ্রাজ্য বহুদূর বিস্তৃত করিয়াছিলেন। সর্ব্বপ্রথমে কোচ্রাজের সহিত আহম্রাজ স্লুক্লেন্ মুঙ্গের বিবাদ আরম্ভ হইয়াছিল। ১৫৪৭ খৃষ্টাব্দে, রাজপুত্র গোসাই কমল, কমলা আলি নামক বিস্তৃত উচ্চ রাজপথ নির্ম্মাণ করিয়াছিলেন এবং কোচ্সেনা আহম্রাজ্য আক্রমণ করিয়াছিল। নারায়ণপুরের যুদ্ধে, কোচ্সেনা পরাজিত হইয়া, প্রত্যাবর্ত্তন করিতে বাধ্য হইয়াছিল[৪৫]। ১৫৬২ খৃষ্টাব্দে, শুক্লধ্বজ স্বয়ং আহম্রাজ্য আক্রমণ করিয়া, ডিখুনদীর সঙ্গমস্থলে, স্লুক্লেন্ মুঙ্গকে পরাজিত করিয়া, আহম্ রাজধানী গড়গাঁওয়ে প্রবেশ করিয়াছিলেন। আহম্রাজ ষষ্টিসংখ্যক হস্তী ও বহু ধনরত্ন প্রদান করিয়া নরনারায়ণের অধীনতা স্বীকার করিয়াছিলেন। আহম্

(৪১) রিয়াজ-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৫১।

(৪২) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIV, 1875, pt. I, p. 295.

(৪৩) Gait's History of Assam, p. 47.

(৪৪) Ibid, p. 48.

(৪৫) Ibid, pp. 49- 50.

প্রধানগণের পুত্রগণ, প্রতিভূস্বরূপ কোচ্‌রাজ্যে প্রেরিত হইয়াছিল[৪৬]। ইহার পরে কাছাড় ও মণিপুর বিজিত হইয়াছিল এবং কাছাড়রাজ সপ্ততি সহস্র ও মণিপুররাজ বিংশতি সহস্র রজতমুদ্রা, প্রতিবর্ষে রাজস্ব প্রেরণ করিতে অঙ্গীকার করিয়াছিলেন। শুক্লধ্বজ, ত্রিপুরা ও শ্রীহট্ট রাজগণকে পরাজিত করিয়া, জয়ন্তীপুর (জৈন্তিয়া) অধিকার করিয়াছিলেন। জয়ন্তীপুররাজ, নিজনামে মুদ্রাঙ্কন করিবেন না অঙ্গীকার করিয়া, রাজস্ব প্রেরণ করিতে স্বীকার করিয়াছিলেন। এইজন্য, ১৭৩১ খৃষ্টাব্দ পর্য্যন্ত, জয়ন্তীপুরের মুদ্রায়, কোন রাজার নাম দেখিতে পাওয়া যায় না[৪৭]।

সোলেমান্ খাঁ কররাণী, বাদ্‌শাহ্ ফরীদ্-উদ্দীন্ শের শাহের রাজ্যকালে, প্রতিষ্ঠালাভ করিয়াছিলেন। ইস্‌লাম্ শাহের রাজ্যকালে, তিনি মগধের বা দক্ষিণ বিহারের শাসনভার লাভ করিয়াছিলেন। বিশ্বাসঘাতক জলাল্-উদ্দীনের মৃত্যুর পরে, সোলেমান্ গৌড় মগধ ও তীরভুক্তির অধিকার লাভ করিয়াছিলেন[৪৮]। ৯৭১ ও ৯৭২ হিজরায় তাজ্ খাঁ কররাণী গৌড়ের শাসনকর্ত্তা ছিলেন, তাঁহার মৃত্যুর পরে, সোলেমান্ অস্বাস্থ্যকর গৌড়নগর পরিত্যাগ করিয়া তান্দা বা তাঁড়ায় রাজধানী স্থাপন করিয়াছিলেন[৪৯]। ৯৭১ হিজরায় (?) ফতে খাঁ ও হসন্ খাঁ, রোহ্‌তাস্ দুর্গ হইতে অবতরণ করিয়া, মগধ অধিকার করিয়াছিলেন এবং সলীম খাঁর পুত্র, আওয়াজ্ খাঁকে রাজ্য প্রদান করিয়াছিলেন[৫০]। এই সময়ে সোলেমান্ খাঁ, আক্‌বর বাদ্‌শাহের নামে গৌড়রাজ্যে খোৎবা পাঠ

(৪৬) Ibid, pp. 50-51.

(৪৭) Ibid, p. 51.

(৪৮) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৫২।

(৪৯) ঐ।

(৫০) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, (Bibliotheca-Juca) দ্বিতীয় ভাগ, পৃঃ ৩৩৮।

করাইয়াছিলেন। খাঁ জমান্ বিদ্রোহী হইলে, আক্‌বরের আদেশে, হাজী মহম্মদ্ খাঁ সীস্তানী, দূতস্বরূপ সোলেমানের নিকট প্রেরিত হইয়াছিলেন। তিনি রোহ্‌তাস্ দুর্গে উপস্থিত হইলে, আফ্‌গান্‌গণ তাঁহাকে বন্দী করিয়া, আলীকুলী খাঁর নিকট প্রেরণ করিয়াছিল। হাজী মহম্মদ্ খাঁর সাহায্যে, আলীকুলী খাঁ, আক্‌বরের সহিত সন্ধিস্থাপন করিয়াছিলেন[৫১]। এই সময়ে হসন্ খাঁ খজাঞ্চি ও মহাপাত্র দূতস্বরূপ উড়িষ্যায় প্রেরিত হইয়াছিলেন। আফ্‌গান্‌গণ বহুদিন যাবৎ উড়িষ্যা অধিকার করিবার চেষ্টা করিতেছিল, কারণ বাঙ্গালাদেশ হইতে কেহ উড়িষ্যায় পলায়ন করিলে, তাঁহাকে আর ধরিতে পারা যাইত না। ইব্রাহিম্ খাঁ সূর, দিল্লী হইতে পরাজিত হইয়া, বাঙ্গালাদেশে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। তিনি সোলেমান্ খাঁর ভয়ে উড়িষ্যায় পলায়ন করিলে, উড়িষ্যার রাজা তাঁহাকে আশ্রয় প্রদান করিয়া, তাঁহার ভরণপোষণের নিমিত্ত ভূসম্পত্তি প্রদান করিয়াছিলেন। সোলেমান্, বহু চেষ্টা করিয়াও ইব্রাহিম্ খাঁ সূরকে, হস্তগত করিতে পারেন নাই[৫২]। আক্‌বর উড়িষ্যারাজকে অনুরোধ করিয়া পাঠাইয়াছিলেন যে, সোলেমান্ যেন আলীকুলী খাঁ খাঁ জমান্‌কে সাহায্য করিতে না পারেন। আক্‌বর বাদ্‌শাহের বোধ হয় অভিসন্ধি ছিল যে, সোলেমান্ খাঁ কররাণী, খাঁ জমানের সহিত যোগদান করিলে, তাঁহার অনুরোধে, উড়িষ্যারাজ গৌড়রাজ্য আক্রমণ করিবেন। এই সময়ে হরিচন্দন মুকুন্দদেব উড়িষ্যার অধিপতি ছিলেন। মুকুন্দদেব হসন্ খাঁ খজাঞ্চিকে চারিমাস কাল উড়িষ্যায় রাখিয়া, কতকগুলি হস্তী ও মহার্ঘ্য উপঢৌকনের সহিত, রায় পরমানন্দকে আক্‌বরের দরবারে প্রেরণ করিয়াছিলেন। জৌনপুরের নিকট, নগরচীনে, রায় পরমানন্দ আক্‌বরের

---

(৫১) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, দ্বিতীয় ভাগ, পৃঃ ৩৮০-৮১।

(৫২) ঐ, পৃঃ ৩৮১।

সাক্ষাৎ লাভ করিয়াছিলেন[৫৩]। ফতে খাঁ বট্‌নী, রোহ্‌তাস্ দুর্গ অধিকার করিয়া, সোলেমান্ খাঁ কররাণীর অধীনতা স্বীকার করেন নাই। এই জন্য ৯৭২ হিজরায় (১৫৬৪ খৃষ্টাব্দে), সোলেমান্ খাঁ রোহতাস্ দুর্গ আক্রমণ করিয়াছিলেন। ফতে খাঁ, এই সময়ে, সাহায্য প্রার্থনা করিয়া, তাঁহার ভ্রাতা হসন্ খাঁকে আক্‌বরের নিকট প্রেরণ করিয়াছিলেন। আক্‌বরের আদেশে কুলীজ্ খাঁ রোহ্‌তাসে গমন করিয়াছিলেন এবং তাঁহার আগমন-সংবাদ শ্রবণ করিয়া সোলেমান্ খাঁ কররাণী রোহ্‌তাস্ হইতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন। ফতে খাঁ, আক্‌বর জৌনপুরে আসিলে, রোহ্‌তাস্ দুর্গ সমর্পণ করিতে স্বীকার করিয়াছিলেন, কিন্তু তিনি অঙ্গীকার রক্ষা না করায়, কুলীজ্ খাঁ প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন[৫৪]।

৯৭৫ হিজরায় (১৫৬৭ খৃষ্টাব্দে) আক্‌বর চিতোর অবরোধ করিয়াছিলেন[৫৫], এই সময়ে সোলেমান্ খাঁ কররাণী, খান্-খানান্ মুনিম্ খাঁর সহিত সাক্ষাৎ করিয়া বাদ্‌শাহের অধীনতা স্বীকার করিয়াছিলেন[৫৬]। আলীকুলী খাঁ খাঁ জমান্ পরাজিত হইলে, তাঁহার সেনাপতি আসদ্-উল্লাহ্ খাঁ, সোলেমান্ খাঁ কররাণীর আশ্রয় ভিক্ষা করিয়াছিলেন এবং জমানীয়া নগর তাঁহার হস্তে সমর্পণ করিতে চাহিয়াছিলেন। এই সংবাদ শ্রবণ করিয়া, খান্-খানান্ দূত প্রেরণ করিয়া, আসদ্-উল্লাহ্ খাঁকে বশীভূত করিয়াছিলেন এবং সোলেমান্ কর্ত্তৃক প্রেরিত আফ্‌গান্ সেনা, ব্যর্থমনোরথ হইয়া, প্রত্যাবর্ত্তন করিয়াছিল[৫৭]। সোলেমানের সেনাপতি, লোদী খাঁ, খান্-খানানের সহিত সন্ধিস্থাপন করিয়াছিলেন। ইহার পরে পাটনার

(৫৩) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, দ্বিতীয় ভাগ, পৃঃ ৩৮২।
(৫৪) ঐ, পৃঃ ৩৮৩-৮৫।
(৫৫) Elliot's History of India, Vol. V, pp. 324-28.
(৫৬) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, দ্বিতীয় ভাগ, পৃঃ ৪৭৭।
(৫৭) ঐ, পৃঃ ৪৭৮।

নিকটে, সোলেমান্ খাঁ কররাণী, খান্-খানান্ মুনিম্ খাঁর সহিত সাক্ষাৎ করিয়া, আক্‌বর বাদ্‌শাহের নামে খোৎবা পাঠ করাইতে ও মুদ্রা মুদ্রাঙ্কন করাইতে অঙ্গীকার করিয়াছিলেন। সোলেমানের প্রধানগণ, মুনিম্ খাঁকে বন্দী করিতে পরামর্শ দিয়াছিলেন, কিন্তু লোদী খাঁর পরামর্শে, মুনিম্ খাঁর অঙ্গে হস্তক্ষেপ করা হয় নাই। মুনিম্ খাঁ, অতি অল্পসংখ্যক অনুচর লইয়া, আফ্‌গান্ শিবির পরিত্যাগ করিয়াছিলেন। ইহার পরে, সোলেমানের পুত্র বায়াজিদ্ ও লোদী খাঁ, খান্-খানান্ মুনিম্ খাঁর সহিত সাক্ষাৎ করিয়াছিলেন এবং মুনিম্ খাঁ জৌনপুরে ও সোলেমান্ গৌড়ে ফিরিয়া গিয়াছিলেন[৫৮]।

মোঙ্গোল আক্রমণের ভয় দূরীভূত হইলে, সোলেমান্ খাঁ কররাণী, নিশ্চিন্ত মনে, উড়িষ্যা আক্রমণ করিয়াছিলেন। শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্ত্তী মহাশয়ের মতানুসারে, ১৫৬৮ খৃষ্টাব্দে উড়িষ্যা বিজিত হইয়াছিল[৫৯]। রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে সোলেমান্ ৯৭৫ হিজরায় (১৫৬৭ খৃষ্টাব্দে) উড়িষ্যা বিজয় করিয়া, মুসলমান শাসনকর্ত্তা নিযুক্ত করিয়াছিলেন[৬০]। ১৫৬০ খৃষ্টাব্দে গিয়াস্-উদ্দীন্ জলাল্ শাহ্, রঘুভঞ্জ ছোট-রায়কে উড়িষ্যা আক্রমণ করিতে সাহায্য করিয়াছিলেন, কিন্তু রঘুভঞ্জ পরাজিত হইয়া বন্দী হইয়াছিলেন। ১৫৬৪-৬৫ খৃষ্টাব্দে আক্‌বর বাদ্‌শাহের সহিত সন্ধিস্থাপন করিয়া, হরিচন্দন মুকুন্দদেব গৌড়রাজ্য আক্রমণ করিয়াছিলেন এবং গঙ্গাতীরে অবস্থিত সপ্তগ্রাম বন্দর অধিকার করিয়াছিলেন। আক্‌বর যখন মেওয়ারে শিশোদীয় রাজগণের

---

(৫৮) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, দ্বিতীয় ভাগ, পৃঃ ৪৭৯।

(৫৯) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. LXIX, 1900, pp. I, p. 189.

(৬০) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৫২।

সহিত দীর্ঘকাল যুদ্ধে ব্যাপৃত ছিলেন, তখন সোলেমান্ খাঁ কররাণী, অবসর বুঝিয়া, উড়িষ্যা আক্রমণ করিয়াছিলেন। মুকুন্দদেব কোটসামা দুর্গে আশ্রয় গ্রহণ করিলে, সোলেমান্, কালাপাহাড়ের অধীনে, ময়ূরভঞ্জের অরণ্য-সঙ্কুলপথে, উড়িষ্যা আক্রমণ করিতে সৈন্য প্রেরণ করিয়াছিলেন। এই সময়ে, উড়িষ্যারাজের একজন সামন্ত বিদ্রোহী হইয়াছিলেন এবং তাঁহার সহিত যুদ্ধে, মুকুন্দদেব নিহত হইয়াছিলেন। এই বিদ্রোহী সামন্ত রাজা ও রঘুভঞ্জ ছোট-রায়, উড়িষ্যার সিংহাসন অধিকার করিবার চেষ্টা করিয়াছিলেন, কিন্তু উভয়েই কালাপাহাড় কর্ত্তৃক পরাজিত ও নিহত হইয়াছিলেন[৬১]। ইহার পরে হতভাগ্য ইব্রাহিম্ খাঁ সূর বন্দী হইয়া নিহত হইয়াছিলেন [৬২]। এইরূপে, গৌড়রাজ্য মুসলমানের হস্তগত হইবার পঞ্চশত বর্ষ পরে, প্রাচীন ওড্র ও কোশলরাজ্যের স্বাধীনতা বিনষ্ট হইয়াছিল।

নরনারায়ণ, সোলেমান্ খাঁ কররাণীর রাজ্যকালে, গৌড়রাজ্য আক্রমণ করিয়াছিলেন, কিন্তু কালাপাহাড়, শুক্লধ্বজকে পরাজিত করিয়া, তেজপুর পর্য্যন্ত অধিকার করিয়াছিলেন। এই সময়ে কামাখ্যা ও হাজোর প্রাচীন মন্দিরসমূহ বিনষ্ট হইয়াছিল[৬৩]। ১৫৬৮ খৃষ্টাব্দে, সোলেমান্ খাঁ, কোচ্-রাজধানী আক্রমণ করিয়াছিলেন, কিন্তু সহসা উড়িষ্যায় বিদ্রোহের সংবাদ শ্রবণ করিয়া, রাজধানী তাঁড়ায় প্রত্যাগমন করিয়াছিলেন[৬৪]। ৯৮০ [৬৫]

(৬১) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. LXIX, 1900, pp. I, p. 189.

(৬২) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, দ্বিতীয় ভাগ, পৃঃ ৪৮০।

(৬৩) Gait's History of Assam, pp. 52-53.

(৬৪) Ibid, p. 53, রিয়াজ-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৫২।

(৬৫) মন্তখব্-উৎ-তওয়ারিখ, ইংরাজি অনুবাদ, দ্বিতীয় ভাগ, পৃঃ ১৬৬।

হাব্‌শী সুলতানগণ ও আলা-উদ্দীন্ হোসেন্ শাহের বংশের মুদ্রা

শের শাহ্ এবং স্থর ও কররাণী বংশের মুদ্রা।

৯৮১ ৬৬ হিজরায় (১৫৭২-৭৩ খৃষ্টাব্দে), সোলেমান্ খাঁ কররাণীর মৃত্যু হইয়াছিল। ৯৭৪ হিজরায়, পুরাতন মালদহে, সোলেমান্ কররাণীর রাজ্য-কালে, সোণা মস্‌জিদ্ নিৰ্ম্মিত হইয়াছিল৬৭। সুবর্ণগ্রামে আবিষ্কৃত একখানি শিলালিপি অনুসারে, ৯৭৬ হিজরায়, জিলকাদা মাসে (এপ্রেল ১৫৬৯ খৃষ্টাব্দে), হজরৎ আলা মিয়াঁ সোলেমানের রাজ্যকালে, আমীর খাঁ ফকীর মিয়াঁর পুত্র, মালিক্ আব্দ্-উল্লাহ্ মিয়াঁ, একটি মস্‌জিদ্ নিৰ্ম্মাণ করাইয়া-ছিলেন। এই শিলালিপিখানি সুবর্ণগ্রামে, রিকাবী বাজারে, একটি পুরাতন মস্‌জিদে আবিষ্কৃত হইয়াছিল৬৮। বিহার নগরে, শরফ্-উদ্দীনের দর্‌গাহে, একখানি শিলালিপি রক্ষিত আছে; তদনুসারে ৯৭৭ হিজরায়, সোলেমান্ কর্ত্তৃক উক্ত তোরণ নিৰ্ম্মিত হইয়াছিল৬৯। সোলেমান্ খাঁ কররাণীর নামাঙ্কিত কোনও মুদ্রা অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই।

সোলেমানের মৃত্যুর পরে, তাঁহার জ্যেষ্ঠ পুত্র বায়াজিদ্ গৌড়-সিংহাসন লাভ করিয়াছিলেন৭০। তারিখ্-ই-দাউদী অনুসারে, সোলেমান্ যেরূপ ব্যবহারে আফ্‌গান্ প্রধানগণকে সন্তুষ্ট রাখিতেন, বায়াজিদ্ তাঁহাদিগের সহিত সেরূপ ব্যবহার করিতেন না এবং তিনি সোলেমানের রাজ্যকালের প্রধানগণকে পদচ্যুত করিবার চেষ্টা করিয়াছিলেন৭১। এইজন্য, কলহপ্রিয় আফ্‌গান্ প্রধানগণ, তাঁহার বিরুদ্ধে ষড়যন্ত্র আরম্ভ করিয়াছিলেন। ফলে বায়াজিদ্, হাঁসু নামক একজন আফ্‌গান্ আমীর

---

(৬৬) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৫৩।

(৬৭) Ravenshaw's Gaur, its Ruins and Inscriptions, p. 44.

(৬৮) Journal of the Asiatic Society of Bengal, Old Series, Vol. XLIV, 1875, pt. I, p. 303.

(৬৯) Ibid, p. 304.

(৭০) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৫৩।

(৭১) Elliot's History of India, Vol. IV, pp. 509-10.

কর্ত্তৃক নিহত হইয়াছিলেন[৭২]। তারিখ্-ই-দাউদী[৭৩], মন্তখব্-উৎ-তওয়ারিখ্[৭৪], মখ্জন্-ই-আফ্গানী[৭৫] ও রিয়াজ্-উস্-সালাতীন্[৭৬] অনুসারে, হাঁসু, বায়াজিদের খুল্লতাত পুত্র ও ভগিনীপতি। মখ্জন্-ই-আফ্গানী অনুসারে, হাঁসু, সোলেমান্ কররাণীর ভ্রাতা, ইমাদ্ খাঁ কররাণীর পুত্র[৭৭]। আক্বর-নামা অনুসারে, ইমাদ্ খাঁ কররাণীর অপর পুত্র, জুনৈদ্ খাঁ কররাণী, ১৫৬৬ খৃষ্টাব্দে, সোলেমান্ খাঁ কররাণীর জীবদ্দশায়, আক্বরের আশ্রয় গ্রহণ করিয়াছিলেন[৭৮]। মন্তখব্-উৎ-তওয়ারিখ্ অনুসারে, পাঁচ বা ছয় মাস[৭৯], মখ্জন্-ই-আফ্গানী অনুসারে অষ্টাদশ দিবস[৮০] ও রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে এক বৎসর বা দেড় বৎসর[৮১] রাজ্য-ভোগ করিয়া, বায়াজিদ্ শাহ্ নিহত হইয়াছিলেন। তাঁহার নামাঙ্কিত কোন মুদ্রা, অথবা তাঁহার রাজ্যকালের কোন শিলালিপি বা ইমারৎ অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই।

রিয়াজ্-উস্-সালাতীন্ অনুসারে, বায়াজিদের হত্যার সার্দ্ধ দুই দিবস পরে, হাঁসুকে হত্যা করিয়া, সোলেমানের অপর পুত্র দাউদ্ গৌড় সিংহাসন লাভ করিয়াছিলেন[৮২]। তারিখ্-ই-দাউদী অনুসারে, সোলেমানের সেনাপতি,

---

(৭২) Ibid, p. 510.
(৭৩) Ibid.
(৭৪) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, দ্বিতীয় ভাগ, পৃঃ ১৭৭।
(৭৫) Dorn's History of the Afghans pt. I, p. 182.
(৭৬) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৫৩।
(৭৭) Dorn's History of the Afghans, pt. I, p. 182.
(৭৮) আক্বর-নামা, ইংরাজি অনুবাদ, দ্বিতীয় ভাগ, পৃঃ ৩৯৯।
(৭৯) মন্তখব্ উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, দ্বিতীয় ভাগ, পৃঃ ১৬৭।
(৮০) Dorn's History of the Afghans, pt. I, p. 182.
(৮১) রিয়াজ্-উস্-সালাতীন্, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৫৩।
(৮২) ঐ, পৃঃ ১৫৪।

মিয়াঁ লোদী খাঁ, দাউদ্‌কে সিংহাসনে স্থাপন করিয়াছিলেন[৮৩]। সিংহাসন লাভ করিয়া দাউদ্‌, জলাল্‌-উদ্দীন্‌ মহম্মদ্‌ আক্‌বর বাদ্‌শাহের প্রতি যথোচিত সম্মান প্রদর্শন করেন নাই এবং নিজনামে মুদ্রাঙ্কন আরম্ভ করিয়াছিলেন। দাউদ্‌ শাহ্‌, চত্বারিংশৎ সহস্র অশ্বারোহী, প্রায় সার্দ্ধ ত্রিসহস্র রণহস্তী, একলক্ষ চত্বারিংশৎ সহস্র পদাতিক ও বিংশতি সহস্র কামান সংগ্রহ করিয়া আক্‌বরের রাজ্য আক্রমণ করিয়াছিলেন[৮৪]। তারিখ্‌-ই-দাউদী অনুসারে, দাউদ্‌ শাহ্‌ মিয়াঁ লোদী খাঁকে জৌনপুর আক্রমণ করিতে প্রেরণ করিয়াছিলেন। লোদী খাঁ, আলীকুলী খাঁ খাঁ-জমান্‌ নির্ম্মিত, জমানীয়া নগর ও দুর্গ অধিকার ও ধ্বংস করিলে, খান্‌-খানান্‌ মুনিম্‌ খাঁ জৌনপুর পরিত্যাগ করিয়াছিলেন[৮৫]। দাউদ্‌ শাহ্‌ মুঙ্গের পর্য্যন্ত অগ্রসর হইয়া, কুমন্ত্রিগণের পরামর্শে, মিয়াঁ লোদী খাঁর প্রতি সন্দিহান হইয়াছিলেন এবং তাজ্‌ খাঁ কররাণীর পুত্র, লোদী খাঁর জামাতা, ইউসফ্‌ খাঁকে হত্যা করিয়াছিলেন[৮৬]। আক্‌বর, সুরট্‌-দুর্গ অবরোধকালে (৯৮১ হিজরায়), সোলেমান্‌ খাঁ কররাণীর মৃত্যুসংবাদ শ্রবণ করিয়াছিলেন[৮৭] এবং রাজধানীতে আসিয়া, রাজা তোড়রমল্লের আত্মীয়, পরমানন্দ ও মীর বখ্‌শী লস্কর খাঁকে গৌড়দেশে প্রেরণ করিয়াছিলেন[৮৮]। দাউদ্‌ শাহ্‌ এই সময়ে তাঁহার হিতাকাঙ্ক্ষী, মিয়াঁ লোদী খাঁকে হত্যা করিবার চেষ্টা করিয়াছিলেন। লোদী খাঁ ভীত হইয়া, রোহ্‌তাস্‌ দুর্গে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। দাউদ্‌ শাহ্‌, কৎলু খাঁ লোহানী, গুজর্‌ খাঁ, শমস্‌ খাঁ মুসাজাই ও ইস্‌মাইল্‌

---

(৮৩) Elliot's History of India, Vol. IV, p. 510.
(৮৪) রিয়াজ্‌-উস্‌-সালাতীন্‌, ইংরাজি অনুবাদ, পৃঃ ১৫৪-৫৫।
(৮৫) Elliot's History of India, Vol. IV, p. 510.
(৮৬) Ibid, p. 511.
(৮৭) Ibid, Vol. V, p. 372.
(৮৮) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ৯৭।

সিলাহ্‌দারের সাহায্যে, শিক্রীগলি বা গঢী সুরক্ষিত করিয়া, রোহ্‌তাস্‌ আক্রমণ করিতে সৈন্য প্রেরণ করিয়াছিলেন। মিয়াঁ লোদী খাঁ, খান্‌-খানান্‌ মুনিম্‌ খাঁর শরণাপন্ন হইলে, মুনিম্‌ খাঁ, হাশেম্‌ খাঁ, তেঙ্গরী কুলী খাঁ, বারী তাওয়াচী বাশী ও মৌলানা মহ্‌মূদ্‌ আখূন্দকে, লোদী খাঁর সাহায্যার্থ প্রেরণ করিয়াছিলেন[৮৯]। এই সময়ে, আক্‌বর বাঙ্গালা বিজয়ার্থ রাজা তোড়রমল্লকে প্রেরণ করিয়াছিলেন। গঙ্গা ও সরযূর সঙ্গমস্থলে, খান্‌-খানান্‌ মুনিম্‌ খাঁর সহিত রাজা তোড়রমল্লের সাক্ষাৎ হইয়াছিল। এই স্থানে দাউদের সেনাপতি, নিজাম্‌ খাঁ পরাজিত হইয়া, পলায়ন করিয়াছিলেন[৯০]। এই সময়ে কৎলু খাঁ লোহানী এবং গুজর্‌ খাঁর পরামর্শে, দাউদ্‌ শাহ্‌, লোদী খাঁকে মিথ্যাবাক্যে মুগ্ধ করিয়া, তাঁহার সহিত সন্ধিস্থাপন করিয়াছিলেন[৯১]। তারিখ্‌-ই-ফেরেশ্‌তা[৯২] ও তারিখ্‌-ই-দাউদী[৯৩] অনুসারে, লোদী খাঁ, দাউদ্‌ শাহের দুরভিসন্ধির বিষয় অবগত হইয়া, তাঁহার সহিত সন্ধিস্থাপন করিয়াছিলেন এবং খান্‌-খানান্‌ মুনিম্‌ খাঁর বিরুদ্ধে যুদ্ধ আরম্ভ করিয়াছিলেন[৯৪]। তারিখ্‌-ই-ফেরেশ্‌তা অনুসারে, শোণ ও গঙ্গার সঙ্গমস্থলে, তাঁহার সহিত মোঙ্গোল সেনার যুদ্ধ হইয়াছিল[৯৫]। আক্‌বর-নামা অনুসারে, মোঙ্গোল সেনাপতি লাল খাঁ জরান্দাকোট্‌ আক্রমণ করিয়াছিলেন এবং আফ্‌গান্‌গণের চতুর্দ্দশখানি

---

(৮৯) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ৯৮।
(৯০) ঐ, পৃঃ ৯৯।
(৯১) Elliot's History of India, Vol. IV, p. 511.
(৯২) তবকাৎ-ই-আক্‌বরী, পারস্য মূল, নওল কিশোর প্রেস্‌, লক্ষ্ণৌ পৃঃ ৩১৪।
(৯৩) Elliot's History of India, Vol. IV, p. 511.
(৯৪) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ১০০।
(৯৫) তারিখ-ই-ফেরেশ্‌তা, পারস্য মূল নওল কিশোর প্রেস্‌, পৃঃ ২৬২।

নৌকা অধিকার করিয়াছিলেন। এই যুদ্ধে লাল খাঁর পুত্র নিহত হইয়াছিলেন[৯৬]।

এই সময়ে হতভাগ্য দাউদ্ শাহ্, মিয়াঁ লোদী খাঁকে নিমন্ত্রণ করিয়া, তাঁহাকে বন্দী করিয়াছিলেন এবং পরে তাঁহাকে হত্যা করিয়াছিলেন। লোদী খাঁর হত্যার সংবাদ শ্রবণ করিয়া, আফ্গান্ প্রধানগণ অত্যন্ত ভীত হইয়াছিলেন। লোদী খাঁর শিশুপুত্র ইস্মাইল্, খান্-খানান্ মুনিম্ খাঁর আশ্রয় গ্রহণ করিয়াছিলেন এবং তিনি শোণ পার হইয়া পাটনা অভিমুখে অগ্রসর হইয়াছিলেন[৯৭]। দাউদ্ শাহ্ কর্তৃক প্রেরিত সেনাদল পাটনায় আশ্রয় গ্রহণ করিলে, মুনিম্ খাঁ তাঁহাকে পাটনাদুর্গে অবরোধ করিয়াছিলেন। তবকাৎ-ই-আক্বরী[৯৮] ও প্রতাপাদিত্য-চরিত্র[৯৯] অনুসারে, শ্রীধর বা শ্রীহরি নামক একজন বঙ্গবাসীর পরামর্শে, দাউদ্ শাহ্ মিয়াঁ লোদী খাঁকে বন্দী ও হত্যা করিয়াছিলেন। ইহাঁর প্রকৃত নাম শ্রীহরি, ইনি বঙ্গজ কায়স্থবংশ-জাত এবং পরে দাউদ্ শাহ্ ইহাঁকে বিক্রমাদিত্য উপাধি প্রদান করিয়াছিলেন। শ্রীহরি বা বিক্রমাদিত্যের পুত্র, প্রতাপাদিত্যরায় পরে দক্ষিণবঙ্গে স্বাধীনতা অবলম্বন করিয়াছিলেন। রামরাম বসু-রচিত প্রতাপাদিত্য-চরিতানুসারে, শ্রীহরির পিতার নাম ভবানন্দ এবং তাঁহার পিতামহের নাম রামচন্দ্র[১০০]।

আক্বর ঊনবিংশ রাজ্যাঙ্কে (৯৮১ হিজরায়, ১৫৭৪ খৃষ্টাব্দে),

---

(৯৬) আক্বর-নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ১০০।

(৯৭) ঐ।

(৯৮) তবকাৎ-ই-আক্বরী, পারস্য মূল, নওল কিশোর প্রেস্, লক্ষ্ণৌ পৃঃ ৩১৪।

(৯৯) নিখিলনাথ রায় সম্পাদিত প্রতাপাদিত্য-চরিত্র, পৃঃ, ৪, ৭৩।

(১০০) ঐ, পৃঃ ২-৪।

রায় ভগবানদাসকে মুস্তৌফী ও রায় পুরুষোত্তমকে বখ্‌শী নিযুক্ত করিয়া, আগ্রা পরিত্যাগ করিয়াছিলেন[১]। তবকাৎ-ই-আক্‌বরী অনুসারে, ৯৮২ হিজরার সফর মাসের শেষ দিবসে, আক্‌বর নৌকা-যোগে আগ্রা পরিত্যাগ করিয়াছিলেন[২]। আক্‌বর-নামা অনুসারে তাঁহার সহিত রাজা ভগবন্তদাস, রাজা মানসিংহ, জৈন্ খাঁ কোকা, শাহ্‌বাজ্ খাঁ, সাদেক্ খাঁ, মীর বহর্ কাসেম্ খাঁ, রাজা বীরবল, জলাল্ খাঁ, মীরজাদা আলী খাঁ, সৈয়দ্ আব্দ্-উল্লাহ্ খাঁ, মাধব সিংহ, নকীব্ খাঁ, কমর্ খাঁ, মীর শরীফ্, নেয়াবৎ খাঁ, সৈয়দ্ মহম্মদ্ খাঁ মৌজী, হাকিম্ আইন্-উল্-মুল্‌ক্, মালিক্-উস্-শোয়ারা শেখ্ ফৈজী ও পেশ্‌রও খাঁ প্রমুখ প্রধানগণ যাত্রা করিয়াছিলেন[৩]। পথে শেরপুরে, রাজা তোড়রমল্ল, আক্‌বরের সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছিলেন[৪] এবং উক্ত বর্ষে রবী-উস্-সানী মাসের পঞ্চদশ দিবসে, বুধবারে, ৩রা আগষ্ট ১৫৭৪ খৃষ্টাব্দে, খান্-খানান্ মুনিম্ খাঁ বাদ্‌শাহের দর্শন লাভ করিয়াছিলেন[৫]। আক্‌বর পাটনায় উপস্থিত হইয়া, গঙ্গার পরপারে অবস্থিত হাজীপুর দুর্গ অধিকার করিবার চেষ্টা করিয়াছিলেন। এই সময়ে, দাউদ্ শাহ্ আক্‌বরের নিকট দূত প্রেরণ করিয়া, সন্ধির প্রস্তাব করিয়াছিলেন, কিন্তু পরে সন্ধিস্থাপন করেন নাই[৬]। ইহার পরে হাজীপুর দুর্গ অধিকৃত হইয়াছিল এবং দাউদ্ শাহ্ ভীত হইয়া, রবী-উস্-সানী মাসের একবিংশ দিবসে, শ্রীহরির সহিত নৌকাযোগে

---

(১) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ১২২।

(২) Elliot's History of India, Vol. V, p. 374.

(৩) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ১২৩।

(৪) ঐ, পৃঃ ১৩৩।

(৫) ঐ, পৃঃ ১৩৫।

(৬) ঐ, পৃঃ ১৩৬-৩৭।

পলায়ন করিয়াছিলেন[৭]। গুজর্ খাঁ, হস্তিদল ও সেনাদল লইয়া, স্থলপথে পলায়ন করিতেছিলেন। পথে, পুনঃপুন নদীতীরে, সেতু বিনষ্ট হওয়ায়, বহু আফ্গান্সেনা নিহত হইয়াছিল। আক্বর স্বয়ং গুজর্ খাঁর অনুসরণ করিয়াছিলেন এবং দরিয়াপুরের সপ্তক্রোশ দূরে, দাউদের চারি শত হস্তী ধৃত হইয়াছিল। দাউদ্ পলায়ন করিলে, পাটনা নগর অধিকৃত হইয়াছিল[৮]। আক্বর ফর্হৎ খাঁকে রোহ্তাস্ দুর্গ অবরোধ করিতে প্রেরণ করিয়া, আগ্রায় প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন[৯]। এই সময়ে, মহ্ম্মদ্ শাহ্ আদিলের অপর পুত্র, হোসেন্ বন্দী হইয়াছিলেন[১০]। খান্-খানান্ মুনিম্ খাঁ ও বহু মোঙ্গোল সেনাপতি গৌড়রাজ্য বিজয়ার্থ প্রেরিত হইয়াছিলেন।

মোঙ্গোল সেনা সুরজ্গড় ও মুঙ্গের অধিকার করিলে, খড়্গপুরের রাজা সংগ্রাম সিংহ ও গিধোরের রাজা পূরণমল অধীনতা স্বীকার করিয়াছিলেন[১১]। ভাগলপুর ও কহল্গাঁও অধিকার করিয়া, মোঙ্গোল সেনা গঢ়ী বা শিক্রীগলিতে উপস্থিত হইলে, খান্-খানান্ ইস্মাইল্ খাঁ সিলাহ্দার তাহাদিগের গতিরোধ করিয়াছিলেন। এইস্থানে, মজ্নূন্ খাঁ কাক্শাল, দুরারোহ পার্ব্বত্যপথে সৈন্যচালনা করিয়া, ইস্মাইল্ খাঁর পশ্চাতে উপস্থিত হইলে, আফ্গান্ সেনাপতি পলায়ন করিয়াছিলেন[১২]।

গঢ়ী অধিকৃত হইলে, দাউদ্ শাহ্ গৌড় পরিত্যাগ করিয়া সপ্ত-

(৭) Elliot's History of India, Vol. V, p. 378.
(৮) আক্বর-নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ১৪২।
(৯) ঐ, পৃঃ ১৪৬।
(১০) ঐ, পৃঃ ১৪৩।
(১১) ঐ, পৃঃ ১৫০।
(১২) ঐ, পৃঃ ১৫১-৫২।

গ্রামাভিমুখে পলায়ন করিয়াছিলেন[১৩] এবং খান্-খানান্ মুনিম্ খাঁ রাজধানী তাঁড়া অধিকার করিয়াছিলেন। রাজু বা কালাপাহাড়, সোলেমান্ খাঁ মনক্কী ও বাবুই মনক্কী, ঘোড়াঘাটে (রঙ্গপুরে) গমন করিয়াছিলেন। খান্-খানান্ মুনিম্ খাঁ, মহম্মদ্ কুলী খাঁ বরলাস্ ও রাজা তোড়রমল্লকে, দাউদের অনুসরণে, সপ্তগ্রামাভিমুখে প্রেরণ করিয়া, মজ্নূন্ খাঁ কাক্‌শালকে ঘোড়াঘাটে প্রেরণ করিয়াছিলেন। ঘোড়াঘাটে, সোলেমান্ খাঁ মনক্কী ও অন্যান্য আফ্‌গান্ প্রধানগণ পরাজিত ও নিহত হইয়াছিলেন, এবং সুলতান্ জলাল্-উদ্দীন্ সূরের (গিয়াস্-উদ্দীন্ জলাল্ শাহের ?) পুত্রগণ পরাজিত হইয়াছিলেন[১৪]। এই সময়ে, ইমাদ্ খাঁ কররাণীর পুত্র, জুনৈদ্ কররাণী, মোঙ্গোল শিবির পরিত্যাগ করিয়া, বিদ্রোহী হইয়াছিলেন। আক্‌বর-নামা অনুসারে, পরাজিত আফ্‌গান্‌গণ কোচ্‌বিহার রাজ্যে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন[১৫]। কোচ্‌বিহার-রাজ নরনারায়ণ, "গৌড়পাশার" বিরুদ্ধে, আক্‌বরের অভিযানের সময়ে, মোঙ্গোল সম্রাট্‌কে সাহায্য করিয়াছিলেন। কথিত আছে যে "গৌড়পাশা" বা দাউদ্ শাহ্ পরাজিত হইলে, আক্‌বর বাদ্‌শাহ্ ও নরনারায়ণ তাঁহার রাজ্য ভাগ করিয়া লইয়াছিলেন। দাউদ্ শাহের বিরুদ্ধে যুদ্ধযাত্রাকালে, নরনারায়ণের ভ্রাতা, শুক্লধ্বজ বা চিলরায়, গঙ্গাতীরে বসন্তরোগে আক্রান্ত হইয়া, প্রাণত্যাগ করিয়াছিলেন। ইহার পরে, তাঁহার পুত্র রঘুদেব, গৌড়াভিযানে কোচ্‌সেনার নায়ক হইয়াছিলেন[১৬]। জুনৈদ্ খাঁ কররাণী, ঝাড়খণ্ডের জঙ্গলময় প্রদেশ হইতে নির্গত হইয়া, মহম্মদ্ খাঁ গখর্ ও রায় বিহারমল্লকে পরাজিত ও নিহত

(১৩) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ১৬৯।
(১৪) মন্তখব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ দ্বিতীয় ভাগ, পৃঃ ১৯৫।
(১৫) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ১৭০।
(১৬) Gait's History of Assam, pp. 53-54.

করিয়াছিলেন এবং সরকার মহ্‌মূদাবাদে, মহ্‌মূদ্ খাঁ ও মহ্‌ম্মদ্ খাঁ, সেলিমপুর নগর অধিকার করিয়াছিলেন। রাজা তোড়রমল্ল সৈন্য প্রেরণ করিয়া সেলিমপুর অধিকার করিয়াছিলেন। মহ্‌ম্মদ্ খাঁ নিহত হইয়াছিলেন, মহ্‌মূদ্ খাঁ পরাজিত হইয়াছিলেন এবং জুনৈদ্ বরলাস্ পুনরায় ঝাড়খণ্ডের জঙ্গলে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন[১৭]।

মহ্‌ম্মদ্-কুলী খাঁ বরলাস্ সপ্তগ্রামের বিংশতি ক্রোশ দূরে উপস্থিত হইলে, আফ্‌গান্‌গণ সপ্তগ্রাম বন্দর পরিত্যাগ করিয়া পলায়ন করিয়াছিল[১৮]। মোঙ্গোল সেনা সপ্তগ্রাম অধিকার করিলে, সংবাদ আসিল যে, দাউদের বন্ধু ও প্রধান কর্ম্মচারী, শ্রীহরি চতর দেশাভিমুখে (জশোর দেশাভিমুখে) পলায়ন করিতেছেন। মহ্‌ম্মদ্-কুলী খাঁ বরলাস্ শ্রীহরির পশ্চাদ্ধাবন করিয়াছিলেন, কিন্তু তাঁহাকে বন্দী করিতে পারেন নাই[১৯]। রাজা তোড়রমল্ল মদারণে উপস্থিত হইলে, দাউদ্ দীনকসারী গ্রামে শিবির স্থাপন করিয়াছিলেন,—মোঙ্গোল সেনা দশক্রোশ দূরে উপস্থিত হইলেও পলায়ন করেন নাই। হুগলী জেলার ধরপুর গ্রামে, তিনি, মোঙ্গোল সেনার গতিরোধ করিবার জন্য, মৃণ্ময়দুর্গ নির্ম্মাণ করিয়াছিলেন[২০]। এই সময়ে মোঙ্গোল সেনাপতিগণ আত্মদ্রোহে লিপ্ত হওয়ায়, রাজা তোড়রমল্ল দ্রুতবেগে দাউদের অনুসরণ করিতে পারেন নাই। ইলিয়াস্ খাঁ লঙ্গা ও অন্যান্য ব্যক্তিগণ অন্যপথে মোঙ্গোল সেনা চালনা করায়, দাউদের উদ্যম ব্যর্থ হইয়াছিল। সুবর্ণরেখা নদীর নিকটে তক্‌রোই বা মোগলমারী গ্রামে, দাউদের সহিত খান্-খানান্ মুনিম্ খাঁর ও তোড়রমল্লের যুদ্ধ

---

(১৭) আকবর-নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ১৭০।
(১৮) ঐ, পৃঃ ১৭১।
(১৯) ঐ, পৃঃ ১৭২।
(২০) Elliot's History of India, Vol. V, p. 385.

হইয়াছিল[২১] এবং ৯৮২ হিজরার জিল্‌কাদা মাসের বিংশতি দিবসে (৩রা মার্চ্চ, ১৫৭৫ খৃষ্টাব্দে)[২২] দাউদ্ শাহ্ পরাজিত হইয়াছিলেন। এই যুদ্ধে গুজর্ খাঁ নিহত হইয়াছিলেন। শাহম্ খাঁ জলাএর্ ও রাজা তোড়রমল্ল দাউদের অনুসরণ করিয়াছিলেন এবং মোঙ্গোল সেনা ভদ্রকে উপস্থিত হইলে, দাউদ্ কটক দুর্গে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। রাজা তোড়রমল্ল কটক অবরোধের উদ্যোগ করিতেছিলেন। এই সময়ে দাউদ্ শাহ্ উপায়ান্তর না দেখিয়া, ফতে খাঁ ও শেখ্ নিজাম্ খাঁকে প্রেরণ করিয়া সন্ধির প্রস্তাব করিয়াছিলেন। ৯৮৩ হিজরার মহরম মাসের প্রথম দিবসে (১২ই এপ্রিল ১৫৭৫ খৃষ্টাব্দে) কটকে দাউদ্ শাহ্ আত্মসমর্পণ করিয়া সন্ধিস্থাপন করিয়াছিলেন[২৪]। উড়িষ্যায় দাউদ্ শাহ্‌কে জায়গীর প্রদান করিয়া, উক্তবর্ষের সফর মাসের দশম দিবসে, খান্-খানান্ মুনিম্ খাঁ তাঁড়ায় প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন[২৫]।

মুনিম্ খাঁ যখন উড়িষ্যায় ছিলেন, তখন রাজু বা কালাপাহাড় ও বাবুই মন্‌ক্লী ঘোড়াঘাট আক্রমণ করিয়া কাক্‌শাল্‌দিগকে পরাজিত করিয়াছিলেন। মুনিম্ খাঁর আদেশে, মজনূন্ খাঁ কাক্‌শাল্, দ্বিতীয়বার ঘোড়াঘাট অধিকার করিয়া, আফ্‌গান্‌দিগকে পলায়ন করিতে বাধ্য করিয়াছিলেন[২৬]। মজঃফর্ খাঁ, ফরহৎ খাঁর সহিত রোহ্‌তাস্ দুর্গ অধিকার করিতে প্রেরিত হইয়াছিলেন। তিনি, চাওন্দ ও সাসারাম অধিকার

---

(২১) আইন্-ই-আক্‌বরী, ইংরাজি অনুবাদ, (Bibliotheca Indica) তৃতীয় ভাগ, পৃঃ ৩৭৬।

(২২) ঐ পৃঃ ৩৭৫।

(২৩) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ১৮৩।

(২৪) ঐ, পৃঃ ১৮৪-৮৫।

(২৫) মন্তখব্-উৎ-তওয়ারিখ্ ইংরাজি অনুবাদ, দ্বিতীয় ভাগ, পৃঃ ২৮০।

(২৬) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ১৮৬।

করিয়া বহু সেনা সংগ্রহ করিয়াছিলেন। মজঃফর খাঁ, ফতে খাঁ বট্নীর পুত্র আদম্ খাঁ বট্নী ও অন্যান্য আফ্গান্ প্রধানগণকে বহুবার ঝাড়খণ্ডে পরাজিত করিয়াছিলেন। ঈর্ষাপরবশ হইয়া, মগধের মোঙ্গোল সেনাপতিগণ মজঃফর্ খাঁকে সাহায্য করেন নাই। তিনি, অল্পসংখ্যক সেনা লইয়া, হাজীপুরে ও গণ্ডকীতীরে আফ্গান্দিগকে পরাজিত করিয়াছিলেন। মজঃফর্ খাঁ যখন তীরভুক্তিতে আফ্গান্ দমনে নিযুক্ত ছিলেন, তখন খান্-খানান্ মুনিম্ খাঁ তাঁহাকে আগ্রা গমন করিতে আদেশ করিয়াছিলেন। মজঃফর্ খাঁ আগ্রায় উপস্থিত হইলে, আক্বর তাঁহাকে চৌসা হইতে গঢ়ী পর্য্যন্ত বিস্তৃত, বিহার বা মগধ প্রদেশের শাসনভার প্রদান করিয়াছিলেন[২৭]।

ঘোড়াঘাটে আফ্গান্গণ পরাজিত হইলে, খান্-খানান্ মুনিম্ খাঁ, গৌড়ে গমন করিয়াছিলেন। এই সময়ে প্রাচীন গৌড়নগর অত্যন্ত অস্বাস্থ্যকর হইয়া উঠিয়াছিল এবং নগরে মড়ক আরম্ভ হইয়াছিল। আক্বর-নামা অনুসারে, গৌড়ে আশ্রফ্ খাঁ, হয়দর্ খাঁ, মুঈন্-উদ্দীন্ আহ্মদ্ খাঁ, লাল খাঁ, হাজী খাঁ সিস্তানী, হাসেম্ খাঁ, মোহ্সিন্ খাঁ, হাজী ইউসফ্ খাঁ, কন্দুজ্ খাঁ, মীর্জা কুলী খাঁ, আবুল্-হসন্, শাহ্ খলীল্, শাহ্ তাহের্ প্রভৃতি বহু মোঙ্গোল কর্ম্মচারী মৃত্যুমুখে পতিত হইয়াছিলেন[২৮]। তবকাৎ-ই-আক্বরী অনুসারে, প্রতিদিন দলে দলে সেনাগণ নানাবিধ পীড়ায় মরিতেছিল এবং গৌড়নগর শ্মশানে পরিণত হইয়াছিল[২৯]। এই সময়ে জুনৈদ্ খাঁ কররাণী বিহার আক্রমণ করিয়াছে শুনিয়া, খান্-খানান্ মুনিম্ খাঁ, গৌড়

---

(২৭) আক্বর-নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ১৮৭-২০০।
(২৮) ঐ, পৃঃ ২২৭।
(২৯) তবকাৎ-ই-আক্বরী, পারস্য মূল, নওল কিশোর প্রেস্, লক্ষ্ণৌ পৃঃ ৩৩১।

হইতে যাত্রা করিয়া, ২৪শে অক্টোবর ১৫৭৫ খৃষ্টাব্দে, তাঁড়ায় দেহত্যাগ করিয়াছিলেন[৩০]।

গৌড়রাজ্যের শাসনকর্ত্তার মৃত্যুসংবাদ শ্রবণ করিয়া, দাউদ্ শাহ্ দ্বিতীয়বার গৌড়-রাজ্য অধিকারের উদ্যম করিয়াছিলেন। দাউদ্, কটক্ হইতে অগ্রসর হইয়া, ভদ্রকে নজর বহাদর্‌কে অবরোধ করিয়াছিলেন, তাঁহার আগমন সংবাদ শুনিয়া, মোরাদ্ খাঁ জলেশ্বর পরিত্যাগ করিয়া তাঁড়ায় পলায়ন করিয়াছিলেন এবং আফ্‌গান্ সেনা গঙ্গাপার হইয়া গৌড়াভিমুখে অগ্রসর হইয়াছিল[৩১]। এই সংবাদ শ্রবণ করিয়া, আক্‌বর, খাঁ জহান্ ও রাজা তোড়রমল্লকে গৌড়ে প্রেরণ করিয়াছিলেন[৩২]। ভাগলপুরে, গৌড়দেশের পরাজিত মোঙ্গোল সেনাপতিগণের সহিত খাঁ জহানের সাক্ষাৎ হইয়াছিল[৩৩]। আয়াজ্ খাঁ খাসাখেল্, শিক্রীগলি বা গঢীতে পরাজিত হইয়াছিলেন এবং খাঁ জহান্ রাজমহলে শিবির স্থাপন করিয়াছিলেন[৩৫]। এই সময়ে মজঃফর্ খাঁ, খাঁ জহানের সহিত মিলিত হইয়াছিলেন। এই অবসরে রাজা গজপতি, ফর্‌হৎ খাঁকে আক্রমণ করিয়া, তাঁহাকে পরাজিত ও নিহত করিয়াছিলেন[৩৫]। এই সংবাদ শ্রবণ করিয়া, আক্‌বর ফতেপুর শিক্রী হইতে গৌড়াভিমুখে যাত্রা করিয়াছিলেন, কিন্তু পথে আব্দ্-উল্লাহ্ খাঁ দাউদ্ শাহের ছিন্নশীর্ষ আনিয়া উপস্থিত করিলে, তিনি রাজধানীতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন[৩৬]। ৯৮৪ হিজরার রবী-উস্-সানী মাসের

(৩০) আক্‌বর-নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ২২৭।
(৩১) ঐ পৃঃ ২২৮।
(৩২) ঐ, পৃঃ ২২৯।
(৩৩) ঐ, পৃঃ ২৩০।
(৩৪) ঐ. পৃঃ ২৩০-৩১।
(৩৫) Elliot's History of India, Vol. V, p. 399.
(৩৬) আকবর-নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ২৪৮-৪৯।

পঞ্চদশ দিবসে (১২ই জুলাই, ১৫৭৬ খৃষ্টাব্দে), রাজমহলের নিকট, খাঁ জহান্ উপাধিধারী হোসেন্ কুলী খাঁ তুর্কমান ও রাজা তোড়রমল্ল, দাউদ্ শাহ্‌কে পরাজিত ও বন্দী করিয়াছিলেন[৩৭]। এই যুদ্ধের পূর্ব্বে, জুনৈদ্ খাঁ কররাণী কামানের গোলায় আহত হইয়াছিলেন এবং তিনদিন পরে ইহলোক ত্যাগ করিয়াছিলেন[৩৮]। যুদ্ধের পরে, দাউদ্ শাহ্ নিহত হইয়াছিলেন এবং তাঁহার মস্তক আক্‌বরের নিকট প্রেরিত হইয়াছিল। খাঁ জহান্ তাঁহার প্রাণরক্ষা করিতে চেষ্টা করিয়াছিলেন কিন্তু অবশেষে যুদ্ধ বিগ্রহও রক্তপাতের মূলাধার বিবেচনা করিয়া, আমীরগণের অনুরোধে, দাউদের প্রাণদণ্ডাজ্ঞা প্রচার করিয়াছিলেন[৩৯]।

সোলেমান্ খাঁ কররাণীর পুত্র, দাউদ্ শাহ্, গৌড়রাষ্ট্রের শেষ স্বাধীন নরপতি। সোলেমান্ বা বায়াজিদ্ নিজনামে মুদ্রাঙ্কন করিতে ভরসা করেন নাই, কিন্তু দাউদ্ শাহ্, শের শাহ্ ও ইস্‌লাম্ শাহের মুদ্রার অনুকরণে, আর্‌বী ও হিন্দীভাষায়—রজতমুদ্রা মুদ্রাঙ্কন করাইয়াছিলেন[৪০]। দাউদ্ শাহের বর্ষচতুষ্টয়ব্যাপী রাজ্যকালে, কোনও সৌধ নির্ম্মিত হইয়াছিল বলিয়া বোধ হয় না এবং তাঁহার রাজ্যকালের কোনও শিলালিপি অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই। দাউদ্ শাহের মৃত্যুর পরে, খাঁ জহান্ সপ্তগ্রামে যাত্রা করিয়াছিলেন। এই স্থানে জম্‌শেদ্ ও মিত্তী নামক আফ্‌গান্ সেনাপতিদ্বয়কে পরাজিত করিয়া, তিনি দাউদের পরিবারবর্গকে বন্দী করিয়াছিলেন। দাউদের মাতা নিরুপায় হইয়া খাঁ জহানের শরণাপন্ন হইয়াছিলেন। দাউদ্ শাহের

---

(৩৭) আক্‌বর নামা, ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ২৫৩।

(৩৮) মস্ত্‌খব্-উৎ-তওয়ারিখ্, ইংরাজি অনুবাদ, দ্বিতীয় ভাগ, পৃঃ ২৪৫।

(৩৯) ঐ।

(৪০) Catalogue of Coins in the Indian Museum, Calcutta, Vol. II, pt. II, p. 182, Nos. 236-38.

(৪১) আইন-ই-আক্‌বরী ইংরাজি অনুবাদ, তৃতীয় ভাগ, পৃঃ ৩৩১।

মৃত্যু হইলেও, মগধে ও গৌড়ে আফ্‌গান্‌ প্রধানগণ মোঙ্গল সম্রাট্‌ জলাল্‌-উদ্দীন্‌ মহম্মদ্‌ আক্‌বর বাদ্‌শাহের অধীনতা স্বীকার করেন নাই, গৌড়-বঙ্গ-মগধ দীর্ঘকাল মোঙ্গোল ও আফ্‌গানের রক্তে রঞ্জিত হইয়াছিল। পূর্ব্ববঙ্গে করিম্‌ দাদ্‌ খাঁ, ইব্রাহিম্‌ খাঁ, মস্‌নদ্‌-ই-আলা ইসা খাঁ, কৎলু খাঁ লোহানী ও ইসা খাঁ লোহানী দীর্ঘকাল স্বাধীনতা অক্ষুণ্ণ রাখিয়াছিলেন। গৌড়রাজ্যে, মোঙ্গোল বাদ্‌শাহ্‌গণের অধিকার সুপ্রতিষ্ঠিত হইতে, দাউদ্‌ শাহের মৃত্যুর পরে, অর্দ্ধ শতাব্দী অতিবাহিত হইয়াছিল, তাহার বিবরণ মোঙ্গোলের ইতিহাস, তাহা বর্ত্তমান গ্রন্থের বিষয়ীভূত নহে।

সমাপ্ত।

পরিশিষ্ট "ঢ"।

১। সূর বংশ।

মহম্মদ্ খাঁ সূর
বা শমস্-উদ্দীন্ মহম্মদ্ শাহ্
- গিয়াস্-উদ্দীন্ বহাদর শাহ্
- গিয়াস্-উদ্দীন্ জলাল্ শাহ্
  - অজ্ঞাতনামা পুত্র।

২। কররাণী বংশ।

জমাল্ খাঁ
- তাজ্ খাঁ
  - ইউসফ্ খাঁ
- সোলেমান্ খাঁ
  - বায়াজিদ্ শাহ্
  - দাউদ্ শাহ্
    - জুনৈদ্ খাঁ।
- ইমাদ্ খাঁ
  - জুনৈদ্ খাঁ
- ইলিয়াস্ খাঁ।

বর্ণানুক্রমিক নাম সূচী।

অ

আ

ই

ঈ

উ

ঋ

এ

ও

ক

খ

গ

ঘ

চ

ছ

জ

ঝ

ট

ড

ঢ

ত

থ

দ

ধ

ন

প

ফ

ভ

ম

য

র

ল

শ

স

হ

শুদ্ধিপত্র।

পৃষ্ঠা	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৫	৭	হইলেই	হইতেই
১৭	১১	১১১৯	১১৯৯
২৩	৭	গঙ্গবংশীয় রাজাগণ	গঙ্গবংশীয় রাজগণ
ঐ	১০	নেপালের রাজাগণ	নেপালের রাজগণ
২৪	৬, ৮, ৯	হসামুদ্দীন্	হসাম্-উদ্দীন্
ঐ	১২	নিজামুদ্দীন্	নিজাম্-উদ্দীন্
ঐ	১৫	রিয়াজ্-উস্ সালাতীনে	রিয়াজ্-উস্-সালাতীনে
ঐ	২৪, ২৫	মুল, পৃঃ	মুল, প্রথম ভাগ, পৃঃ
২৫	৭	মনের বিহার	মনের ও বিহার
ঐ	২৪	অনুবাদ, পৃঃ	অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ
২৭	৪	নিজামুদ্দীন্	নিজাম্-উদ্দীন্
ঐ	২৩	অনুবাদ, পৃঃ	অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ
২৮	২৫	ঐ	ঐ
২৯	১২	তুরকী	তুর্কী
ঐ	২৩	অনুবাদ, পৃঃ	অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ
৩০	১৪	তুরস্ক	তুরুষ্ক
৩৫	২০, ২৪	অনুবাদ, পৃঃ	অনুবাদ, প্রথম ভাগ, পৃঃ
৩৬	১৯	মনস্থ	মনঃস্থ
৪৮	১১	জমস্-উদ্দীন	শমস্-উদ্দীন্
৫০	২৫	1915-16, pp	1911-12, pp. 5-7.

পৃষ্ঠা	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৫৩	১১	লাব্রীকে	লাগ্রীকে
৫৪	১৮	যমুনাধুনাভূৎ	যমুনাধুনাভূৎ
ঐ	২১	তটেস্তোনিধে	তটেঽস্তোনিধে
৫৫	১৮	বার্সনিনাং	ব্যসনিনাং
ঐ	১৯	মহান্নুৎসবঃ	মহান্নুৎসবঃ
৫৮	২৫	edition, 377.	edition, p. 377.
৫৯	২৪	(৫৭)	(৫৭) Journal of the Buddhist Text Society, Vol. I. pt. II. 1893, pp. 21-43.
৬৫	৪	জামাল্-উদ্দীন্	জলাল্-উদ্দীন্
৭৪	৪	তত্রস্থোরিক্ষয়ং	তত্রস্থোঽরিক্ষয়ং
ঐ	৯	দেবোভবৎ	দেবোঽভবৎ
৭৬	১৭	সাহের	শাহের
৮৮	৭	পরবর্ত্তীকালে	পরবর্ত্তিকালে
৯০	২৪	মুল	মূল
৯৩	২৩	Vol. XLIII, p.	Vol. XLIII, 1874, p.
৯৬	১২	আক্রমণ	আক্রমণ :—
১০২	২	তাহার	তাহা
১০৫	৮	পর্য্যটক	পর্য্যটক
ঐ	২০	নাসির-উদ্দীন্	গিয়াস্-উদ্দীন্
১০৬	২৪	Ibn Batoutah	Ibn Batuta
১১৩	৩	হিজরায়	হিজরার
ঐ	১০	করিরাছিলেন	করিয়াছিলেন
ঐ	১৭	জিন্মিগণের	জিম্মিগণের
ঐ	২২	খারাসা	খরোসা

পৃষ্ঠা	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
ঐ	২৫	জিম্মি	জিম্মি
১১৪	৪	তাবিখ্-ই-ফেরেশ্‌তো	তারিখ্-ই-ফেরেশ্‌তো
১১৬	৯	"একডালা	"একডালা"
১১৭	৩	কোন	কেন
ঐ	২২	Gour	Gaur
১১৮	৭, ৮	দ্বাবিংশ	দ্বাবিংশতি
১১৯	৮	মনস্থ	মনঃস্থ
ঐ	১৫	হাসামন্‌বা	হসাম্ নবা
ঐ	১৯	নুবাব	নবার
ঐ	২৪	সিরাজ রচিত	সিরাজ আফীফ্ রচিত
১২৩	১৬	একডালায়	একডালা
১২৪	২৫	Vol. p	Vol. III, p.
১২৭	৬	নিকোলা ডি কনটি	নিকোলা দি কন্তি
১২৮	৪, ৬	কর্ণাটক	কার্ণাটক
১৩১	৩	পরবর্ত্তীযুগে	পরবর্ত্তিযুগে
ঐ	১৫	মৈথিল-ইতিহাস	মৈথিল ইতিহাস
১৩৩	১৩	কর্ণাটু চূড়ামণি	কর্ণাট্ চূড়ামণি
ঐ	১৯	কর্ণাটকুলসম্ভবো	কার্ণাটকুলসম্ভবো
ঐ	২৫	Lal	Lala
১৩৪	১২	হইয়াছিল ?	হইয়াছিল।
ঐ	ঐ	গিয়াস্-উদ্দীন	গিয়াস্-উদ্দীন্
ঐ	২০	XLIII, p	XLIII, 1874, p.
১৩৫	৫	পশ্চাদ্‌পদ	পশ্চাৎপদ
ঐ	২১	কর্ণাটান্বয়ভূষণঃ	কার্ণাটান্বয়ভূষণঃ

পৃষ্ঠা	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
ঐ	ঐ	কল্পদ্রম	কল্পদ্রুম
ঐ	২২	স্মত্রী	মংত্রী
১৩৮	২	মৈথিলি	মৈথিলী
ঐ	১৩	নাম কামেশ্বর ও রায়	নাম ও তাঁহার রায়
ঐ	২৩	Lal	Lala
১৪১	৩	মুলতানে	মূলতানে
ঐ	১৫	লক্ষ্মণাবাদে	লক্ষ্মণাবতীতে
১৪২	৫	হিসাম্-উদ্দীন্	হসাম্-উদ্দীন্
১৪৩	১২	তুরষ্কদেশীয়	তুরুষ্কদেশীয়
১৪৪	২	জমাদি-উল্-আউয়ল্	জমাদী-উল্-আউয়ল্
১৪৫	১৭	তুক্কের	বুক্কের
ঐ	২০	চাগাটাইবংশীয়	চাগ্‌তাইবংশীয়
১৪৮	৪	বাঙ্গালা	বাঙ্গালার
১৪৯	২৬	p. 152, 38.	p. 152, No. 38.
১৫৩	১৩	সান্ত্বনা	শান্ত
১৫৫	২৪	Vol. XV.	Vol. XV, pl. XX.
ঐ	২৫	Epigraphia Indo-Moslemica	অপ্রকাশিত
১৫৬	২০	পৃঃ	পৃঃ ৫২৪
ঐ	২৫	p. 131	Vol. II, pt. II, p. 131
১৫৯	১৫	ঊনবিংশ	ঊনবিংশতি
১৬৫	১৭	বিশদ্	বিশদ
১৭৩	২	পঞ্চচত্বারিংশ	পঞ্চচত্বারিংশ
১৭৪	৭	বারেন্দ্রভূমিতে	বরেন্দ্রভূমিতে

পৃষ্ঠা	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১৭৫	১৩	ওম্‌রাহ্‌গণকে	আমীরগণকে
১৭৭	২১	ক্রেইটনের	ক্রেটনের
১৭৮	২	ঐ	ঐ
ঐ	২১	Gaur	Gour
১৭৯	২০	প্রথম স্বাধীনতা	প্রথম বর্ষে স্বাধীনতা
১৮০	৫	N. E. Stapleton	H. E. Stapleton
ঐ	১২	১৩১০	১৩৪০
১৮১	৪	১৩৪০-৪৫	১৩৪০-৪৯
ঐ	ঐ	১৪১৮—১৭	১৪১৮—২৭
ঐ	২৪	p.	pp. 32-37.
১৮৪	২১	pt.	pl.
১৮৫	১	"চ"	"ছ"
১৮৬	১	"ছ"	"জ"
১৮৮	১	"জ"	"ঝ"
ঐ	৬	লেথ্ সমূহ	লেখ সমূহ
ঐ	ঐ	ক্ষত্রিয় বিশ্বাসযোগ্য।	ক্ষত্রিয়। বিশ্বাসযোগ্য
১৯০	১১	সাদী	শাদী
১৯১	৯	মহ্‌ম্মদ্-বিন-ফরিদ্	মহ্‌ম্মদ্-বিন্-ফরীদ্
ঐ	১১	৬৫৫	৮৫৫
১৯৪	১৪	হস্তী	অশ্ব
১৯৭	১৬	পূঁথি	পুঁথি
১৯৯	১৩	আপিসে	আফিসে
২০৫	১৭, ১৮	শাদি	শাদী
ঐ	২০	ওম্‌রাহ্‌গণ	আমীরগণ

পৃষ্ঠা	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
২০৭	১৪	শফর	সফর
২০৮	১০	বিংশতি	বিংশ
২০৯	৩	জমাদি	জমাদী
২১৩	৬	ঐ	ঐ
ঐ	১৫	মহিসন্তোষ	মহীসন্তোষ
২১৮	২৪	XLIII, p.	XLIII, 1874, p.
২১৯	১৩	ওম্‌রাহ্‌	আমীর
২২১	২৬	অনুবাদ, পৃঃ	অনুবাদ, দ্বিতীয় ভাগ, পৃঃ
২২২	৬	মহম্মদ্‌	মহ্‌মূদ্‌
২২৩	৪	আখুন্দ্‌	আখূন্দ্‌
২২৫	১	"ঝ"	"ঞ"
২২৯	১৬	ওম্‌রাহ্‌দিগের	আমীরদিগের
২৩১	২	সেনানিগণ	সেনানীগণ
ঐ	২৩	বার্‌বগ	বার্‌বগ্‌
ঐ	২৪	বাব্‌বগ্‌	বার্‌বগ্‌
২৩২	১৮	প্রজ্বলিত	প্রজ্বালিত
২৩৫	৪	শফর্‌	সফর্‌
২৩৬	৯	গম্বুজ	গুম্বজ
ঐ	২৩	Gaur	Gour
ঐ	২৫	P. 23.	Pl. 23.
২৩৭	৭	কান্দাহারী	কন্দাহারী
২৩৯	২৫	Gour	Gaur
২৪০	১৩	কান্দাহারী	কন্দাহারী
২৪২	৬, ১৭	জোআও	জোআঁ

পৃষ্ঠা	পঙ্ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
ঐ	ঐ	এসিয়া	আসিয়া
ঐ	১৯	করিয়াছিল	করিয়াছিলেন
২৪৭	১৪	মন্ত্রি পুত্রের	মন্ত্রী পুত্রের
২৪৮	১২	গম্বুজ	গুম্বজ
২৫৩	৫	উনত্রিংশ বর্ষ	উনত্রিংশদ্বর্ষ
২৫৪	৯	১৪৯৫ খৃষ্টাব্দে	১৪৯৫ বা ১৫০৪ খৃষ্টাব্দে
২৫৬	১০	খৃষ্টাব্দে	খৃষ্টাব্দে
ঐ	২৫	It.	Its
২৫৯	১২	রবি-উস্-সানি	রবী-উস্-সানী
ঐ	১৭	রবি-উল্-আউয়ল্	রবী-উল্-আউয়ল্
২৬১	২২	সংখ্যা।	সংখ্যা, পৃঃ ২৫৮।
২৬৫	১৯	পানিপথের	পাণিপথের
২৭০	১১,১৭	তর্ব্বক	তর্‌বক্
২৭১	৫	অষ্টবিংশতিটি	অষ্টাবিংশতিটি
২৭৩	৪	চারিটি	চারিটি
ঐ	২৪	Pt. XXI	Pl. XXI
২৭৪	২০	1873	1874
২৭৭	১১	মজ্‌জিদে	মস্‌জিদে
২৮০	১১	পৃষ্ট	পৃষ্ঠ
২৮১	১১	ডা কুন্‌হা	দা কুন্‌হা
২৮২	৭,৮	ঐ	ঐ
ঐ	৯	ডা সিল্‌ভা	দা সিল্‌ভা
২৮৩	৯	গাজী খাঁ সুর	গাজী খাঁ সূর
২৮৪	১৮	শের শাহের	হুমায়ুনের

পৃষ্ঠা	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
২৮৬	৬	ডু বারোস	দ্যু বারোস
ঐ	৬	ডা এসিয়া	দা আসিয়া
ঐ	৭	ডা কুন্‌হা	দা কুন্‌হা
২৮৮	১	“এ”	“ট”
ঐ	৭	“ট”	“ঠ”
২৯৪	২৫	গোস্বামী	গোস্বামি
২৯৬	২২	ঐ	ঐ
৩০৮	১৩	অষ্টচত্বারিংশ বর্ষ	অষ্টচত্বারিংশদ্বর্ষ
৩২৩	৬	শাহ্লুখেলের	সাহ্লুখেলের
৩৪০	৭	ষড়বর্ষব্যাপী	ষড়্‌বর্ষব্যাপী
৩৪৪	২৩	অনুবাদ, পৃঃ	অনুবাদ, প্রথমভাগ, পৃঃ
৩৫০	৬	দ্বিতীয় শের শাহ্‌	দ্বিতীয় শের শাহ্‌ (৭)
ঐ	৮	আওয়াজ্‌ খাঁ (৭)	আওয়াজ্‌ খাঁ (৮)
৩৫৬	২৪	Nos. 229.	No. 229
৩৫৯	৭	অধিকৃত-গৌড়-তীরভুক্তি-মগধ	অধিকৃত, গৌড়-তীরভুক্তি ও মগধ
৩৬৩	৬	পঞ্চবিংশ	পঞ্চবিংশতি
৩৬৪	২৫	Bibliotheca Juca	Bibliotheca Indica
৩৬৮	২১	pp. 1,	Pt. I
৩৬৯	১১	উক্ত তোরণ	উক্ত দর্‌গাহের তোরণ
৩৬৮	২	বিংশতি	বিংশ
গ্রন্থের সর্ব্বত্র		মহ্‌মুদ্	মহ্‌মুদ্